ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-প্রণীতম্।

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকয়া টীকয়া,

শ্রীমুক্তবিশ্বনাথ-চক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিন্যা টীকয়া চ সমেতম্।

শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ানুবাদাভাসো-

দ্ধৃত-টিপ্পনী সমেতঞ্চ।

চতুর্থ স্কন্ধ।

শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিণা প্রকাশিতম্।

ভবানীপুর, ৩৭নং বলরাম বসুর ঘাট রোড।

কলিকাতা।

ভবানীপুর,

নিউ টাউন যন্ত্রে মুদ্রিতম্।

সন ১৩১১ সাল, ফাল্গুন মাস।

চতুর্থ স্কন্ধের সূচীপত্র।

পৃষ্ঠা

শ্রীমদ্ভাগবতম্।

চতুর্থ-স্কন্ধঃ।

প্র থ মা ধ্যা য়ঃ।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণায় নমঃ।

অথৈকত্রিংশতাধ্যায়ৈ বিসর্গস্তুর্য্য ঈর্য্যতে।
বিসর্গ স্ত্বীশ্বরাধীনৈ ব্র্হ্মমন্বাদিভিঃ কৃতঃ।
তত্র তু প্রথমাধ্যায়ে মনুকন্যান্বয়াঃ পৃথক্।
বর্ণ্যন্তে যত্র যজ্ঞাদিমূর্ত্তিভিঃ প্রভবো হরেঃ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং।
লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে॥
গোপরামাজনপ্রাণপ্রেয়সেতি প্রভুষ্ণবে।
তদীয় প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে॥
চতুর্থে কথ্যতে সৈকত্রিংশাধ্যায়বতি স্ফুটং।
বিসর্গো যঃ কৃতো ব্রহ্মমন্বাদ্যৈরীশ্বরাজ্ঞয়া॥
একেন মনুকন্যানামন্বয়াঃ কথিতা ইহ।
ততঃ ষড়্ভির্দক্ষযজ্ঞধ্বংস ভূয়ঃ প্রবর্ত্ততে॥
ততো ধ্রুবস্য চরিতং পঞ্চভিঃ শ্রীপৃথোস্ততঃ।
একাদশভিরধ্যায়ৈরষ্টভিস্তু প্রচেতসাং॥
তত্র তু প্রথমেঽধ্যায় আকুত্যাদিত্রিকান্বয়ে।
বর্ণ্যন্তে যজ্ঞদত্তশ্রীনারায়ণজসৎকথাঃ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

মনোস্তু শতরূপায়াং তিস্রঃ কন্যাশ্চ জজ্ঞিরে।

আকূতি র্দেবহূতিশ্চ প্রসূতিরিতি বিশ্রুতাঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়। মৈত্রেয়ঃ উবাচ। মনোঃ সকাশাৎ শতরূপায়াং তৎপত্ন্যাং আকূতিঃ দেবহূতিঃ প্রসূতিঃ ইতি বিশ্রুতাঃ তিস্রঃ কন্যাঃ জজ্ঞিরে প্রাদুর্ভূতাঃ (চকারেণ দ্বৌ পুত্রৌ জাতৌ ইতি জ্ঞেয়ং) ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

মনুকন্যান্বয়ং বিস্তরেণ বক্তুমাহ মনোস্তিতি। চকারাৎ দ্বৌ পুত্রৌচ। তু শব্দাদন্ত-তোঽপি পুত্রলাভঃ সূচিতঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বস্কন্ধেকর্দ্দমকথাপ্রসঙ্গেন মনোর্দ্বিতীয়ায়াঃ কন্যায়া দেবহূতে র্বংশানুক্ত্বা পুনস্তস্যা-ন্বয়ং ক্রমেণ বক্তুং প্রথমায়াঃ কন্যায়া আকূতে র্বংশমাহ মনোস্তিতি। ব্রহ্মণঃ পুত্রাণাং মধ্যে মনোস্তিতি তু শব্দেন মরীচ্যাদিভ্য স্তস্য ভক্ত্যুৎকর্ষঃ সূচিতঃ। চকারাদ্দ্বৌ পুত্রৌচ ॥ ১ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, বৎস বিদুর ! স্বায়ম্ভুব মনুর শতরূপা নাম্নী ভার্য্যার গর্ব্ভে আকূতি, দেবহূতি ও প্রসূতি নামে তিনটী কন্যা এবং প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুইটী পুত্র জন্মগ্রহণ করেন ॥ ১ ॥

আভাস।

একত্রিংশাধ্যায়-বিশিষ্ট চতুর্থ স্কন্ধে ভগবদাদেশে ব্রহ্মা ও মন্বাদি কর্তৃক নির্ম্মিত বিচিত্র সৃষ্টির বিষয় বর্ণিত হইয়াছে। তন্মধ্যে প্রথম অধ্যায়ে মনুকন্যাগণের বংশকীর্ত্তন এবং ঐ বংশে যজ্ঞমূর্ত্তি ভগবান্ শ্রীহরির আবির্ভাবের কথা বর্ণিত হইয়াছে। পরবর্ত্তী ছয়টী অধ্যায়ের দ্বারা দক্ষযজ্ঞের ধ্বংসবিষয়ক কথা এবং তৎপরবর্ত্তী পাঁচ অধ্যায়ে ধ্রুবচরিত্র বর্ণন এবং একাদশ অধ্যায়ে পৃথুর স্তব ও অষ্ট অধ্যায়ে প্রচেতাগণের স্তব বর্ণিত হইয়াছে ॥

পূর্ব্ব স্কন্ধে কর্দ্দমকথা প্রসঙ্গে সায়ম্ভুব মনুর দ্বিতীয়া কন্যা দেবহূতির বংশ বিস্তার যদিও কথঞ্চিৎ বর্ণিত হইয়াছিল, তথাপি এই অধ্যায়ে মনুর প্রথমা কন্যা দেবহূতির বংশকথা বিশেষরূপে কীর্ত্তিত হইয়াছে। ব্রহ্মার অন্যান্য পুত্রের মধ্যে কেবল বিশেষভাবে মনুর নামটী উল্লেখ করায়, অন্যান্য মরীচ্যাদি পুত্রাপেক্ষা মনুর হৃদয়ে ভক্তির যে আধিক্য ছিল, ইহারই পরিচয়ে তাঁহার শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করা হইয়াছে। কন্যাশব্দের সহিত চকারের সম্বন্ধ থাকায়, কন্যা ব্যতীত তাঁহার যেপ্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুইটী পুত্র ছিল, তাহারও ইঙ্গিত করা হইয়াছে ॥ ১ ॥

মনু যখন আকূতিকে রুচির হস্তে সমর্পণ করেন, তখন তাঁহার উক্ত কন্যার গর্ব্ভজাত

আকূতিং রুচয়ে প্রাদাদপি ভ্রাতৃমতীং নৃপঃ।
পুত্রিকাধর্ম্মমাশ্রিত্য শতরূপানুমোদিতঃ ॥ ২ ॥
প্রজাপতিঃ স ভগবান্ রুচিস্তস্যামজীজনৎ।
মিথুনং ব্রহ্মবর্চ্চস্বী পরমেণ সমাধিনা ॥ ৩ ॥

অন্বয়ঃ।

নৃপঃ স্বায়ম্ভুবঃ মনুঃ, শতরূপানুমোদিতঃ (শতরূপয়া অনুমোদিতঃ সন্) পুত্রিকাধর্ম্মং আশ্রিত্য (অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভাবেদিতি ভাষাবন্ধেন কন্যাদানং পুত্রিকাধর্ম্মতঃ) ভ্রাতৃমতীং অপি আকূতিং রুচয়ে প্রাদাৎ ॥ ২ ॥

সঃ প্রজাপতিঃ ভগবান্ ব্রহ্মবর্চ্চস্বী রুচিঃ পরমেণ ভগবদ্বিষয়কেণ সমাধিনা ধ্যানেন, তস্যাং আকূত্যাং মিথুনং (স্ত্রীপুরুষয়োর্যুগলরূপং) অজীজনৎ জনয়ামাস ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্দর্শয়িতুমাহ পুত্রিকাধর্ম্মমাশ্রিত্যেতি। অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যামলঙ্কৃতাং। অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদিতি। ইতি ভাষাবন্ধেন কন্যাদানং পুত্রিকাধর্ম্মঃ। স চাভ্রাতৃকায়াং কন্যায়াং পুত্রার্থিন এব প্রসিদ্ধঃ। তথাপি পুত্রবাহুল্যকাম স্তথা কৃতবানিত্যাহ ভ্রাতৃমতীমপীতি ॥ ২ ॥

মিথুনং পুরুষং স্ত্রিয়ঞ্চ। সমাধিনা ঈশ্বরধ্যানেন ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্রাতৃমতীমপি কন্যাং পুত্রিকাধর্ম্মমাশ্রিত্য প্রাদাৎ। ন কেবলং পুত্রবাহুল্যকাম এব কিন্তু আকূতিপুত্রস্য ভগবদবতারত্বং সর্ব্বজ্ঞতয়া জ্ঞাত্বা ভগবান্মম দৌহিত্রোঽপি পুত্রোঽপি ভূয়াদিতি কাম ইতি ভাবঃ। অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যামলঙ্কৃতাং অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদিতি ভাষাবন্ধেন কন্যাদানং পুত্রিকাধর্ম্মঃ। অত্রাভ্রাতৃকামিত্যল্পার্থে নঞ ॥ ২ ॥ ৩ ॥

মনু স্বীয় পত্নী শতরূপার অভিপ্রায় মতে স্বকীয় ভ্রাতৃমতী কন্যা আকূতিকে পুত্রিকাধর্ম্মানুসারে অর্থাৎ আমার এই কন্যার গর্ব্ভে যে পুত্র জন্মিবে, সে আমারই পুত্র বলিয়া গণ্য হইবে, এইরূপ প্রতিজ্ঞা করাইয়া রুচির হস্তে সম্প্রদান করেন ॥ ২ ॥

ব্রহ্মবীর্য্যসম্পন্ন প্রজাপতি ভগবান্ রুচি পরমার্থ চিন্তাতে সমাহিত হইয়া

আভাস।

সন্তানে নিজের পুত্রত্ব সম্বন্ধ হইবে, এইরূপ মন্ত্র পাঠ পূর্ব্বক তিনি দান করিয়াছিলেন। এরূপ ব্যবহার প্রায় ভ্রাতৃহীনা কন্যাস্থলেই ঘটিবার সম্ভাবনা। অর্থাৎ পিতা কন্যার গর্ব্ভজাত সন্তান নিজ দৌহিত্রকে আপন পুত্ররূপে গ্রহণ করিতে পারেন, যদি সেরূপ প্রতিজ্ঞায়

যস্তয়োঃ পুরুষঃ সাক্ষাদ্বিষ্ণুর্যজ্ঞস্বরূপধৃক্।
যা স্ত্রী সা দক্ষিণা ভূতেরংশভূতাঽনপায়িনী॥
আনিন্যে স্বগৃহং পুত্র্যাঃ পুত্রং বিততরোচিষং।
স্বায়ম্ভুবো মুদা যুক্তো রুচির্জগ্রাহ দক্ষিণাং॥ ৪॥

অন্বয়ঃ।

তয়োঃ দ্বয়োঃ মধ্যে যঃ পুরুষঃ সঃ যজ্ঞস্বরূপধৃক্ সাক্ষাৎ বিষ্ণুঃ এব। যা স্ত্রী সা ভূতেঃ লক্ষ্ম্যাঃ, অংশভূতা অনপায়িনী দক্ষিণা ইতি নাম্না প্রসিদ্ধা॥

মুদাযুক্তঃ স্বায়ম্ভুবঃ মনুঃ পুত্র্যাঃ আকূত্যাঃ, বিততরোচিষং (বিততা সর্ব্বতঃ প্রসৃতা রোচিঃ দীপ্তিঃ যস্য তং) পুত্রং স্বনপ্তারং গৃহং আনিন্যে; দক্ষিণাং কন্যাং রুচিঃ প্রজাপতিঃ জগ্রাহ॥ ৪॥

শ্রীধরস্বামী।

ভূতের্লক্ষ্ম্যা অংশভূতাঽতস্তয়োর্বিবাহো ন বিরুদ্ধ ইতি ভাবঃ॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতের্লক্ষ্ম্যা অংশভূতা অতস্তয়োর্বিবাহো ন বিরুদ্ধ ইতি ভাবঃ॥ ৪॥

স্বীয় পত্নী আকূতির গর্ব্ভে একত্রে একটী কন্যা ও একটী পুত্র এই মিথুন সন্তান উৎপাদন করিলেন॥ ৩॥

এতদুভয়ের মধ্যে যিনি পুরুষ, তিনি সাক্ষাৎ যজ্ঞরূপী বিষ্ণু এবং যিনি কন্যা তিনি লক্ষ্মীর অংশসম্ভূতা ক্ষয়োদরহিতা দক্ষিণা নামে অভিহিতা হইলেন॥

মনু যখন শুনিলেন যে, তাঁহার তনয়া আকূতি একটী অলৌকিক রূপ-লাবণ্যসম্পন্ন অতুলতেজস্বী পুত্র প্রসব করিয়াছেন, তখন তিনি নিতান্ত প্রীত হইয়া আপনার সেই দৌহিত্রকে পূর্ব্ব প্রতিশ্রুতি অনুসারে পুত্ররূপে নিজ গৃহে আনয়ন করিলেন; এবং দক্ষিণা নাম্নী কন্যাকে প্রজাপতি রুচি

আভাস।

দান করা হয়। এরূপ দানকে পুত্রিকাধর্ম্মে দান বলিয়া শাস্ত্রে নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু কন্যার ভ্রাতা থাকিলে, আর পিতাকে বহু পুত্র প্রার্থনায় দান করা কর্ত্তব্য নহে। অতএব মনু যে, এই বিধিনিষেধ অবগত থাকিয়াও নিজের দুইটী পুত্র সত্ত্বেও পুনরায় পুত্রিকা-ধর্ম্ম অনুসারে আকূতিকে সম্প্রদান করিলেন, সে কেবল স্বীয় পুত্রসংখ্যার বৃদ্ধির জন্য মাত্র নহে। তিনি জানিতেন, আকূতির গর্ব্ভে ভগবান্ স্বয়ং আবির্ভূত হইবেন। অতএব তিনি দৌহিত্র হইলেও মনু তাঁহাকে পুত্রভাবে নিরীক্ষণ করিবার বাসনা করিয়াই কন্যাকে উক্ত প্রতিজ্ঞায় দান করিয়াছিলেন॥ ২॥ ৩॥

তাং কাময়ানাং ভগবানুবাহ যজুষাং পতিঃ।
তুষ্টায়াং তোষমাপন্নো জনয়দ্দ্বাদশাত্মজান্॥ ৫॥
তোষঃ প্রতোষঃ সন্তোষো ভদ্রঃ শান্তিরিড়স্পতিঃ।
ইধ্মঃ কবির্বিভুঃ স্বহ্নঃ সুদেবো রোচনো দ্বিষট্॥ ৬॥
তুষিতা নাম তে দেবা আসন্ সায়ম্ভুবান্তরে।
মরীচিমিশ্রা ঋষয়ো যজ্ঞঃ সুরগণেশ্বরঃ॥

অন্বয়ঃ।

যজুষাং যজ্ঞানাং মন্ত্রাণাং বা পতিঃ বিষ্ণুঃ ভগবান্ কাময়ানাং তাং দক্ষিণাং উবাহ (তথা স্বসম্বন্ধং প্রাপ্য) তুষ্টায়াং দক্ষিণায়াং তোষং আপন্নঃ সন্ দ্বাদশাত্মজান্ অজনয়ং উৎপাদিতবান্॥৫॥

তে চ যথা, তোষঃ, প্রতোষঃ, সন্তোষঃ, ভদ্রঃ, শান্তিঃ, ইড়স্পতিঃ, ইধ্মঃ, কবিঃ, বিভুঃ, স্বহ্নঃ, সুদেবঃ, রোচনঃ ইতি দ্বিষট্ দ্বাদশ এব॥ ৬॥

তত্র স্বায়ম্ভুবান্তরে স্বায়ম্ভুবঃ মনুঃ (তোষাদয়ঃ) তে তুষিতানাম দেবাঃ, মরীচিমিশ্রাঃ সপ্তর্ষয়ঃ, আসন্; (হরেরবতারঃ) যজ্ঞঃ, সুরগণেশ্বরঃ ইন্দ্রঃ আসীৎ॥

শ্রীধরস্বামী।

যজুষাং যজ্ঞানাং মন্ত্রাণাং বা পতির্বিষ্ণুঃ॥ ৫॥
দ্বিষট্ দ্বাদশ॥ ৬॥
প্রসঙ্গাৎ স্বায়ম্ভুবমন্বন্তরগতং ষট্কমাহ তুষিতা ইতি দ্বাভ্যাং। মন্বন্তরং মনুর্দেবা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যজুষাং পতির্যজ্ঞরূপী বিষ্ণুঃ॥ ৫॥
দ্বিষট্ দ্বাদশ॥ ৬॥
প্রসঙ্গান্মন্বন্তরগতং ষট্কমাহ। তুষিতা ইতি দ্বাভ্যাং মন্বন্তরং মনুর্দেবা মনুপুত্রাঃ

গ্রহণ করিলেন॥ ৪॥

অনন্তর দক্ষিণা বয়োলাভে সহজাত যজ্ঞপতি বিষ্ণুকেই পতিরূপে প্রার্থনা করায়, ভগবান্ যজ্ঞপতি তাঁহাকেই পত্নীরূপে গ্রহণ করিলেন; এবং পরিতুষ্টা ভার্য্যার গর্ভে ক্রমান্বয়ে দ্বাদশটী সন্তান উৎপাদন করিলেন॥ ৫॥

তাঁহাদের নাম যথাক্রমে বলিতেছি, শ্রবণ কর! যথা তোষ, প্রতোষ, সন্তোষ, ভদ্র, শান্তি, ইড়স্পতি, ইধ্ম, কবি, বিভু, স্বহ্ন, সুদেব ও রোচন এই দ্বাদশটী পুত্র উৎপন্ন হয়॥ ৬॥

প্রতি মন্বন্তরে ভগবান্ শ্রীহরি মনু, দেবতা, মনুপুত্র, ইন্দ্র, ঋষি এবং ভগবান্ বিষ্ণুর অংশাবতার এই ছয়ভাবে আবির্ভূত হইয়া থাকেন। সুতরাং

প্রিয়ব্রতোত্তানপাদৌ মনুপুত্রৌ মহৌজসৌ।
তৎপুত্রপৌত্রনপ্তৄণামনুবৃত্তং তদন্তরং ॥ ৭ ॥
দেবহূতিমদাত্তাত কর্দ্দমায়াত্মজাং মনুঃ।
তৎসম্বন্ধি শ্রুতপ্রায়ং ভবতা গদতো মম ॥

অন্বয়ঃ।

মহৌজসৌ প্রিয়ব্রতোত্তানপাদৌ মনুপুত্রৌ পৃথিবীপালকৌ আস্তাং; তৎপুত্রপৌত্রনপ্তৄণাং (তয়োঃ পুত্রপৌত্রনপ্তৄণাং বংশৈঃ) তদন্তরং তৎ মন্বন্তরং অনুবৃত্তং ব্যাপ্তং পালিতং ॥ ৭ ॥

হে তাত বিদুর! মনুঃ আত্মজাং কন্যাং দেবহূতিং কর্দ্দমায় অদাৎ; তৎসম্বন্ধি (তয়োঃ দেবহূতিকর্দ্দময়োঃ সম্বন্ধি বিমানাদিরচনকপিলাবতারকন্যোৎপত্তিতদুদ্বাহাদিরূপং চরিত্রং) মম গদতঃ কথয়তঃ, সকাশাৎ ভবতা শ্রুতপ্রায়ং (দেবহূতিকন্যান্বয়স্তূনুক্ত এব) ॥

শ্রীধরস্বামী।

মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ। ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্‌বিধমুচ্যতে ইতি বক্ষ্যতি। তত্র স্বায়ম্ভুবো মনুঃ তুষিতা দেবাঃ মরীচিপ্রমুখাঃ সপ্তর্ষয়ঃ যজ্ঞো হরেরবতারঃ। সএব সুরগণেশ্বর ইন্দ্রঃ। প্রিয়ব্রতোত্তানপাদৌ মনুপুত্রৌ পৃথ্বীপালকৌ তদেবং যজ্ঞস্য দ্বৈরূপ্যেণ ষড়্‌বিধত্বং। তয়োঃ পুত্রপৌত্রনপ্তৄণাং বংশৈরনুবৃত্তং ব্যাপ্তং পালিতং তন্মন্বন্তরং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরেশ্বরাঃ। ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্‌বিধমুচ্যত ইতি বক্ষ্যতি। তত্র স্বায়ম্ভুবস্য মনুত্বাৎ যজ্ঞস্যাস্যাবতারত্বেনেন্দ্রত্বেনচ দ্বৈরূপ্যাৎ ষট্‌কমুক্তং জ্ঞেয়ং ॥

অনুবৃত্তমনুচরিতং তন্ময়মেব তদনন্তরং স্বায়ম্ভুবমন্বন্তরমিত্যর্থঃ ॥ ৭ ॥

এই স্বায়ম্ভুব মন্বন্তরে স্বায়ম্ভুব মনু, তোষাদি দ্বাদশ জন দেবতা, মরীচি প্রভৃতি সাতজন ঋষি, হরির অবতার যজ্ঞ এবং ইন্দ্রই দেবতাগণের পালক হইলেন ॥

এবং প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে মনুর পুত্রদ্বয় পৃথিবীকে পালন করিতে লাগিলেন। হে বিদুর! এই মনুপুত্রদ্বয়ের পুত্রপৌত্রাদি বংশসম্ভূতগণের দ্বারাই পৃথিবী ব্যাপ্ত ও পালিত হইয়াছিল ॥ ৭ ॥

হে বৎস! অনন্তর মনু তাঁহার অপরা কন্যা দেবহূতিকে কর্দ্দমের হস্তে

আভাস।

প্রসঙ্গক্রমে মন্বন্তরনিষ্ঠ ছয়টী বিষয়ের উল্লেখ এখানে করা হইয়াছে। অর্থাৎ মন্বন্তর বলিলেই মনু, দেবতা, মনুপুত্র, দেবেন্দ্র, ঋষি ও বিষ্ণুর অংশাবতার এই ছয়টী বিষয় থাকা প্রয়োজন; সুতরাং সায়ম্ভুব মনু, তুষিতাদি দেবতা, মরীচ্যাদি সপ্ত ঋষি, সুরেশ্বর ইন্দ্র, মনুপুত্র প্রিয়ব্রতও উত্তানপাদ এবং শ্রীহরির অবতার যজ্ঞ এই সায়ম্ভুব মন্বন্তরে হইয়াছিলেন ॥ ৭ ॥

দক্ষায় ব্রহ্মপুত্রায় প্রসূতিং ভগবান্ মনুঃ।
প্রাযচ্ছদ্‌যৎকৃতঃ সর্গস্ত্রিলোক্যাং বিততো মহান্॥ ৮॥
যাঃ কর্দ্দমসুতাঃ প্রোক্তা নব ব্রহ্মর্ষিপত্নয়ঃ।
তাসাং প্রসূতিপ্রসবং প্রোচ্যমানং নিবোধ মে॥ ৯॥
পত্নী মরীচেস্তু কলা সুষুবে কর্দ্দমাত্মজা।

অন্বয়ঃ।

ভগবান্ মনুঃ প্রসূতিং (কন্যাং) ব্রহ্মপুত্রায় দক্ষায়, প্রাযচ্ছৎ যৎকৃতঃ (যয়া প্রসূত্যা কৃতঃ) মহান্ সর্গঃ ত্রিলোক্যাং বিততঃ বিস্তৃতঃ॥ ৮॥

যাঃ (ইতি পূর্ব্বস্কন্ধে চতুর্ব্বিংশেঽধ্যায়ে) ব্রহ্মর্ষি মরীচ্যাদীনং ব্রহ্মর্ষীণাং পত্ন্যঃ কলাদয়ঃ কর্দ্দমসুতাঃ প্রোক্তাঃ তাসাং প্রসূতিপ্রসবং পুত্রপৌত্রাদিবিস্তারং, মে ময়া, প্রোচ্যমানং নিবোধ শৃণু॥ ৯॥

মরীচেঃ পত্নী কর্দ্দমাত্মজা কলাতু কশ্যপং পূর্ণিমানং চ সুষুবে যয়োঃ (বংশবিস্তারেণ)

শ্রীধরস্বামী।

শ্রুতপ্রায়ং বাহুল্যেন শ্রুতং তৎ কন্যাবংশানামশ্রুতত্বাৎ প্রায়গ্রহণং॥ ৮॥
প্রসূতিপ্রসবং পুত্রপৌত্রাদিবিস্তারং॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎসম্বন্ধি তস্যাঃ পুত্রকন্যাদিকং তৎকন্যাবংশানামশ্রুতত্বাৎ প্রায়গ্রহণং॥ ৮॥
নবব্রহ্মর্ষি ক্বত্ত ব্রহ্মর্ষীতি পাঠদ্বয়ং। প্রসূতিপ্রসবং পুত্রপৌত্রাদিবিস্তারং॥ ৯॥

সমর্পণ করিলেন। এতদুভয়ের সম্বন্ধীয় বিমানাদির রচনা, তাঁহাদের গর্ভে কপিলদেবের অবতার এবং কন্যার জন্মাদি বিবরণ আমি পূর্ব্বেই তোমার নিকট বর্ণন করিয়াছি; কেবল দেবহূতির কন্যার সন্তানসন্ততির বিষয় বর্ণন করা হয় নাই মাত্র॥

ভগবান্ মনু প্রসূতি নাম্নী কন্যাকে ব্রহ্মপুত্র দক্ষপ্রজাপতির হস্তে সম্প্রদান করেন; এবং এই কন্যার গর্ভজাত সন্তান সন্ততি দ্বারা এই ত্রিভুবন পরিব্যাপ্ত হইয়াছে॥ ৮॥

মরীচ্যাদি নয় জন ব্রহ্মর্ষির পত্নী কর্দ্দমসুতা কলাদি নয়টী কন্যার কথা আমি পূর্ব্বে তোমার নিকট কীর্ত্তন করিয়াছি; সেই কলাদি নয়টী কন্যার পুত্রপৌত্রাদি বংশ বিস্তারের কথা বিশেষরূপে বর্ণন করিতেছি, তুমি শ্রবণ কর॥ ৯॥

কর্দ্দমদুহিতা 'কলা' যিনি মরীচিকে পতিত্বে বরণ করেন, তিনি কশ্যপ

কশ্যপং পূর্ণিমানঞ্চ যয়োরাপূরিতং জগৎ ॥ ১০ ॥
পূর্ণিমাসূত বিরজং বিশ্বগঞ্চ পরন্তপ।
দেবকুল্যাং হরেঃ পাদশৌচাদ্‌যাভূৎসরিদ্দিবঃ ॥ ১১ ॥
অত্রেঃ পত্ন্যনসূয়া ত্রীন্‌জজ্ঞে সুযশসঃ সুতান্‌।
দত্তং দুর্ব্বাসসং সোমমাত্মেশব্রহ্মসম্ভবান্‌ ।। ১২ ।।

অন্বয়ঃ।

(সর্গৈঃ) জগৎ আপূরিতং ॥ ১০ ॥

হে পরন্তপ! পূর্ণিমা বিরজং বিশ্বগং নাম পুত্রৌ দেবকুল্যাং নাম কন্যাং অসূত যা দেবকুল্যা (জন্মান্তরে) হরেঃ পাদশৌচাৎ দিবঃ সরিৎ গঙ্গা অভূৎ ॥ ১১ ॥

অত্রেঃ পত্নী অনসূয়া দত্তং, দুর্ব্বাসসং, সোমং ইতি আত্মেশব্রহ্মসম্ভবান্‌ (আত্মা বিষ্ণুঃ, ঈশঃ শংকরঃ, ব্রহ্মা চ ইতি বিষ্ণুরুদ্রব্রহ্মণামংশৈঃ সম্ভবঃ প্রাদুর্ভাবো যেষাং তান্‌) সুযশসঃ (সুষ্ঠু যশো যেষাং তান্‌) ত্রীন্‌ সুতান্‌ জজ্ঞে জনয়ামাস ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

যয়োর্বংশেনাপূরিতং ॥ ১০ ॥

কশ্যপবংশং ষষ্ঠে বক্ষ্যতি; দ্বিতীয়স্য বংশমাহ পূর্ণিমেতি। দেবকুল্যাং নাম কন্যাঞ্চ। হরেঃ পাদক্ষালনাৎ জন্মান্তরে যা দিবঃ সরিৎ গঙ্গাভূৎ তাং ॥ ১১ ॥

আত্মেশব্রহ্মসম্ভবান্‌ বিষ্ণুরুদ্রব্রহ্মণামংশৈঃসম্ভবান্‌ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যয়োর্বংশেন ॥ ১০ ॥

কশ্যপস্য বংশং ষষ্ঠে বক্ষ্যতি। দেবকুল্যাং নাম কন্যাঞ্চ। হরেঃ পাদক্ষালনাৎ সুকৃতাদ্‌যা দিবঃ সরিদ্গঙ্গা জন্মান্তরেঽভূৎ ॥ ১১ ॥

আত্মা বিষ্ণুস্তদাদ্যংশভূতান্‌ ॥ ১২ ॥

ও পূর্ণিমা নামে দুইটী পুত্র প্রসব করেন; এই পুত্রদ্বয়ের বংশ জগতে বিলক্ষণ বিস্তৃত হয় ।। ১০ ।।

হে শত্রুনিসূদন! এই পূর্ণিমার ঔরসে বিরজ ও বিশ্বগ নামে দুই পুত্র এবং দেবকুল্যা নামে এক কন্যা জন্ম গ্রহণ করে। এই দেবকুল্যা জন্মান্তরে বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গারূপে পরিণতা হন ।। ১১ ।।

অত্রির পত্নী অনসূয়া বিষ্ণু, শঙ্কর ও ব্রহ্মার অংশসম্ভূত দত্ত, দুর্ব্বাসা ও সোমনামক মহাযশস্বী ও বিপুলতেজা তিনটী পুত্র প্রসব করেন ।। ১২ ।।

আভাস।

কশ্যপের বংশ ষষ্ঠ স্কন্ধে বর্ণিত হইবে বলিয়া, এখানে কেবল পূর্ণিমার বংশ কীর্ত্তিত হইয়াছে ॥ ১১ ॥

বিদুর উবাচ ॥
অত্রে গৃহে সুরশ্রেষ্ঠাঃ স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ।
কিঞ্চিচ্চিকীর্ষবো জাতা এতদাখ্যাহি মে গুরো ॥ ১৩ ॥
মৈত্রেয় উবাচ ॥
ব্রহ্মণা চোদিতঃ সৃষ্টাবত্রির্ব্রহ্মবিদাম্বরঃ।
সহ পত্ন্যা যযাবৃক্ষং কুলাদ্রিং তপসি স্থিতঃ ॥ ১৪ ॥
তস্মিন্ প্রসূনস্তবকপলাশাশোককাননে।

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। হে গুরো! স্থিত্যুপত্ত্যন্তহেতবঃ একৈকশঃ স্থিত্যাদ্যেকৈককার্য্য-কর্ত্তারঃ, সুরশ্রেষ্ঠাঃ (সুরেষু দেবেষু শ্রেষ্ঠাঃ নিয়ন্তারঃ) কিঞ্চিৎ কিং চিকীর্ষবঃ কার্য্যংকর্ত্তুং ইচ্ছবঃ সন্তঃ অত্রেঃ গৃহে জাতাঃ এতৎ মে মহ্যং, ত্বং আখ্যাহি ॥ ১৩ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ব্রহ্মণা সৃষ্টৌ চোদিতঃ অনুজ্ঞাতঃ ব্রহ্মবিদাং বরঃ বেদার্থজ্ঞানিনাং মধ্যে শ্রেষ্ঠঃ, অত্রিঃ পত্ন্যা সহ ঋক্ষং নাম কুলাদ্রিং যযৌ; তত্র গত্বা চ তপসি স্থিতঃ ॥ ১৪ ॥

তস্মিন্ প্রসূনস্তবকপলাশাশোককাননে (প্রসূনানাং স্তবকাঃ যেষু পলাশাশোকেষু তেষাং

শ্রীধরস্বামী।

কিঞ্চিৎ কিং স্বিৎ কিং কর্ত্তুমিচ্ছব ইতি ॥ ১৩ ॥
ঋক্ষং নাম কুলাদ্রিং তপসি স্থিতঃ সন্ ॥ ১৪ ॥
তস্মিন্ কুলাদ্রৌ প্রসূনানাং স্তবকা যেষু পলাশাশোকেষু তেষাং কাননে। নির্ব্বিন্ধ্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিৎ কিং স্বিৎ ॥ ১৩ ॥ ঋক্ষং ঋক্ষনামানং ॥ ১৪ ॥

বিদুর তখন নারায়ণ ঋষিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে গুরো! ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর নামক দেবতাত্রয় এক এক জনে সৃষ্টি, পালন ও সংহার-রূপ জগতের এক একটী কার্য্য সাধিত করিয়া থাকেন; অতএব তাঁহাদের ন্যায় মহানুভবের পক্ষে অত্রির গৃহে জন্ম পরিগ্রহ করা যে, কি অভিপ্রায়ে? তাহা আপনি অনুগ্রহ পূর্ব্বক আমার নিকট বর্ণন করুন ॥ ১৩ ॥

মৈত্রেয় বলিলেন, বেদার্থজ্ঞানসম্পন্ন ব্রহ্মবিদাগ্রগণ্য প্রজাপতি অত্রি সৃষ্টির জন্য ব্রহ্মাকর্ত্তৃক অনুমোদিত হইয়া, পত্নী অনসূয়া সহ ঋক্ষনামক কুলাচলে গমন করত তপস্যা আরম্ভ করিলেন ॥ ১৪ ॥

তথায় প্রসূন-স্তবক-শোভিত পলাশ ও অশোক-পাদপে বিরাজিত একটী মনোহর কানন ছিল; এবং অদূরবর্ত্তী নির্ব্বিন্ধ্যা নাম্নী স্রোতস্বতীর জল-

বার্ভিঃ স্রবদ্ভিরুদ্ঘুষ্টে নির্বিন্ধ্যায়াঃ সমন্ততঃ ॥
প্রাণায়ামেন সংযম্য মনো বর্ষশতং মুনিঃ।
অতিষ্ঠদেকপাদেন নির্দ্বন্দ্বোঽনিলভোজনঃ ॥
শরণং তং প্রপদ্যেঽহং য এব জগদীশ্বরঃ।
প্রজামাত্মসমাং মহ্যং প্রযচ্ছত্বিতি চিন্তয়ন্ ॥ ১৫ ॥
তপ্যমানং ত্রিভুবনং প্রাণায়ামৈধসাগ্নিনা।
নির্গতেন মুনের্মূর্দ্ধ্নঃ সমীক্ষ্য প্রভবস্ত্রয়ঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

কাননে) নির্বিন্ধ্যায়াঃ যস্যাঃ নদ্যাঃ স্রবদ্ভিঃ বার্ভিঃ জলৈঃ, উদ্ঘুষ্টে সমন্ততঃ নাদিতে, কুলাদ্রৌ ॥

প্রাণায়ামেন মনঃ সংযম্য, যঃ একঃ জগদীশ্বরঃ তং অহং শরণং প্রপদ্যে সঃ আত্মসমাং প্রজাং মহ্যং প্রযচ্ছতু ইতি চিন্তয়ন্ নির্দ্বন্দ্বঃ জিতশীতোষ্ণাদিদ্বন্দ্বঃ অনিলভোজনঃ মুনিঃ একপাদেন বর্ষশতং অতিষ্ঠৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৫ ॥

মুনেঃ মূর্দ্ধ্নঃ নির্গতেন প্রাণায়ামৈধসাগ্নিনা (প্রাণায়ামঃ এব এধঃ সন্দীপকঃ যস্য তাদৃশেন অগ্নিনা) ত্রিভুবনং তপ্যমানং বীক্ষ্য ত্রয়ঃ প্রভবঃ ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ, অপ্সরোমুনিগন্ধর্ব-

শ্রীধরস্বামী।

নাম নদী তস্যাঃ স্রবদ্ভির্বার্ভিরুদ্ঘুষ্টে নাদিতে ॥ ১৫ ॥

প্রাণায়াম এধঃ সন্দীপকো যস্য তেন মুনে মূর্দ্ধ্নো নির্গতেনাগ্নিনা তপ্যমানং সমীক্ষ্য তদাশ্রমপদং যযুরিত্যন্বয়ঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রসূনানাং স্তবকা যেষু তেষাং পলাশাশোকানাং কাননে উদ্ঘুষ্টে নাদিতে ॥ ১৫ ॥

মুনে মূর্দ্ধ্নঃ সকাশান্নির্গতেনাগ্নিনা তপোময়েন তপ্যমানং বীক্ষ্য প্রণায়াম এধঃ কাষ্ঠং যস্য তেন। অত্র তিষ্ঠন্নেব প্রাণায়ামাংশ্চকারেতি জ্ঞেয়ং। প্রাণায়ামেন সংযম্য মনো-

স্রোতের ধ্বনিতে কাননটী নিরন্তর প্রতিধ্বনিত হইত ॥

মহামুনি অত্রি কুলাচলস্থ সেই কাননে অবস্থিতি পূর্ব্বক প্রাণায়ামের দ্বারা চিত্তকে সংযত করিলেন এবং শীতোষ্ণাদি দ্বন্দ্বকে পরাজয় করিয়া কেবল বায়ু মাত্র ভোজনে ও একপাদে দণ্ডায়মান থাকিয়া ভূতভাবন জনার্দ্দনে চিত্ত সমর্পণ পূর্ব্বক শতবৎসর কাল তপস্যা করিলেন। তিনি একান্ত চিত্তে ভগবানের নিকট এই প্রার্থনা করিতেন যে, "হে ভগবন্! আপনার অনুরূপ পুত্র আমাকে প্রদান করুন" ॥ ১৫ ॥

এই প্রকারে বহুকাল তপস্যা করিলে, উৎকট প্রাণায়ামের তীব্র তেজ

অপ্সরোমুনিগন্ধর্ব্বসিদ্ধবিদ্যাধরোরগৈঃ।
বিতায়মানযশস স্তদাশ্রমপদং যযুঃ ॥ ১৭ ॥
তৎপ্রাদুর্ভাবসংযোগবিদ্যোতিতমনা মুনিঃ।
উত্তিষ্ঠন্নেকপাদেন দদৃশে বিবুধর্ষভান্ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

সিদ্ধবিদ্যাধরোরগৈঃ বিতায়মানযশসঃ (বিতায়মানং যশো যেষাং তে) এব তদাশ্রমপদং (তস্য আশ্রমপদং) যযুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৬ ॥ ১৭ ॥

তৎপ্রাদুর্ভাবসংযোগবিদ্যোতিতমনাঃ (তেষাং ব্রহ্মাদীনাং প্রাদুর্ভাবঃ প্রাকট্যং তস্য সংযোগঃ সন্নিধিঃ তেন বিদ্যোতিতং প্রকাশিতং মনঃ যস্য তাদৃশঃ) মুনিঃ অত্রিঃ এক-পাদেন উত্তিষ্ঠন্ এব তান্ বিবুধর্ষভান্ দদৃশে দদর্শ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অপ্সরঃ প্রমুখৈ র্বিতায়মানং বিস্তার্য্যমানং যশো যেষাং তে ॥ ১৭ ॥

তেষাং প্রাদুর্ভাবঃ প্রাকট্যং তস্য সংযোগঃ সন্নিধিস্তেন বিদ্যোতিতং মনো যস্য। উৎকর্ষেণ তিষ্ঠন্ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ছতিষ্ঠদিতি ক্ত্বা প্রত্যয়ো ঝনংকৃত্য পততি সংনিমীল্য হসতীত্যাদিবত্তুল্যকাল এব জ্ঞেয়ঃ ॥ ১৬ ॥ ১৭ ॥

তেষাং প্রাদুর্ভাবেন হেতুনা যঃ সংযোগো মিলনং তেন বিদ্যোতিতমনা স্তান্ প্রত্যভ্যু-ত্থানার্থং তিষ্ঠন্নেব উৎকর্ষেণ তিষ্ঠন্ ॥ ১৮ ॥

মুনির মূর্দ্ধদেশ হইতে বিনির্গত হইয়া ত্রিভুবনকে পরিতাপিত করিয়া তুলিল। এতদ্দর্শনে ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেব তিন জনেই সেই মুনির আশ্রমে প্রবেশ করিলেন। হে বিদুর! তৎকালে অপ্সরাগণ, মুনিগণ, গন্ধর্ব্বগণ এবং সিদ্ধ, বিদ্যাধর ও উরগগণ পরিবেষ্টন পূর্ব্বক উক্ত দেবতাত্রয়কে স্তব করিতেছিলেন ॥ ১৬ ॥ ১৭ ॥

মুনি অত্রি তখন তাদৃশ ত্রিভুবন-প্রকাশক রূপে আবির্ভূত দেবতাত্রয়কে আপনার-সমীপে উপস্থিত নিরীক্ষণ করিয়া, বিস্মিত হইলেন; এবং একপাদে দণ্ডায়মান থাকিয়াই তাঁহাদের দিকে অবলোকন করিয়া রহিলেন ॥ ১৮ ॥

ধর্ম্মরূপ বৃষের পৃষ্ঠে ত্রিলোচন, জ্ঞানরূপ হংসের পৃষ্ঠে কমলাসন এবং ভক্তিরূপ সুপর্ণপৃষ্ঠে জনার্দ্দন বিষ্ণু সকলেই স্ব স্ব চিহ্ন ত্রিশূলাদি, স্রুগাদি ও শংখচক্রাদি ধারণে ও কৃপা বিতরণার্থ সহাস্যবদনে সমুপস্থিত অবলোকন করিয়া, মুনির আর আনন্দের সীমা রহিল না; তিনি দণ্ডবৎ ভূমিতে পতিত

প্রণম্য দণ্ডবদ্ভুমাবুপতস্থেঽর্হণাঞ্জলিঃ ।। ১৯ ।।
বৃষহংসসুপর্ণস্থান্ স্বৈঃ স্বৈশ্চিহ্নৈশ্চ চিহ্নিতান্ ।
কৃপাবলোকেন হসদ্বদনেনোপলম্ভিতান্ ।। ২০ ।।
তচ্ছোচিষা প্রতিহতে নিমীল্য মুনিরক্ষিণী ।
চেতস্তৎপ্রবণং যুঞ্জন্নস্তাবীৎ সংহতাঞ্জলিঃ ।।
শ্লক্ষ্ণয়া সূক্তয়া বাচা সর্ব্বলোকগরীয়সঃ ।। ২১ ।।

অন্বয়ঃ।

তত্র বৃষহংসসুপর্ণস্থান্ (বৃষঃ ধর্ম্মরূপঃ শিবস্য বাহনং, হংসো জ্ঞানাত্মা ব্রহ্মণো বাহনং সুপর্ণো গরুড়ঃ ভক্তিরূপো বিষ্ণোর্বাহনং এবং স্ব স্ববাহনবৃষহংস সুপর্ণস্থান্) স্বৈঃ স্বৈঃ চিহ্নৈঃ চ চিহ্নিতান্ তথা কৃপাবলোকেন হসদ্বদনেন চ উপলম্ভিতান্ জ্ঞাপিতান্ বিবুধর্ষভান্ দণ্ডবৎ ভূমৌ প্রণম্য অর্হণাঞ্জলিঃ (অর্হণং পূজাদ্রব্যং অঞ্জলৌ যস্য সঃ) মুনিঃ অত্রিঃ উপতস্থে উপস্থানং পূজাং কৃতবান্ ॥ ১৯ ॥ ২০ ॥

এবং তচ্ছোচিষা (তেষাং শোচিষা দীপ্ত্যা) প্রতিহতে দ্রষ্টুমক্ষমে অক্ষিণী নেত্রে নিমীল্য মুনিঃ মননশীলঃ, অত্রিঃ চেতঃ তৎপ্রবণং তদেকনিষ্ঠং, যুঞ্জন্ কুর্ব্বন্, সংহতাঞ্জলিঃ (সংহতো রচিতোঽঞ্জলিঃ যেন সঃ) সন্ শ্লক্ষ্ণয়া মধুরয়া, সূক্তয়া গম্ভীরার্থয়া, বাচা সর্ব্বলোকগরীয়সঃ সর্ব্বলোকনমস্কৃতান্, বিবুধর্ষভান্ অস্তাবীৎ অস্তোষীৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অর্হণং পুষ্পাদিকমঞ্জলৌ যস্য। উপতস্থে পূজয়ামাস ॥ ১৯ ॥

বৃষাদ্যারূঢ়ান্ স্বৈঃ স্বৈশ্চিহ্নৈস্ত্রিশূলকমণ্ডলুচক্রাদিভিঃ। কৃপয়া অবলোকো যস্মিন্ হসচ্চ তদ্বদনঞ্চ তেন উপলম্ভিতান্ প্রসন্নত্বেন জ্ঞাপিতান্ ॥ ২০ ॥

তেষাং শোচিষা দীপ্ত্যা শ্লক্ষ্ণয়া মধুরয়া সূক্তয়া গম্ভীরার্থয়া ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্হণং পুষ্পাদিকমঞ্জলৌ যস্য সঃ ॥ ১৯ ॥

স্বৈঃ স্বৈশ্চিহ্নৈস্ত্রিশূলকমণ্ডলুচক্রাদিভিস্তদপি কৃপাবলোকেনৈব উপলম্ভিতান্। এতে ঈশ্বরা এবৈতাদৃশকৃপাবলোকান্যথানুপপত্তেরিতি জ্ঞাপিতবান্। কীদৃশেন হসৎ প্রসীদদ্বদনং যত্তত্তেন ॥ ২০ ॥

শ্লক্ষ্ণয়া মধুরয়া ॥ ২১ ॥

হইয়া তাঁহাদিগকে প্রণাম করিলেন এবং কৃতাঞ্জলিপুটে পূজা সামগ্রী আনয়ন পূর্ব্বক তাঁহাদিগের পূজা করিলেন ।। ১৯ ।। ২০ ।।

সে যাহা হউক দেবতাত্রয়ের অলোকসামান্য তেজে অত্রি মুনি আর নেত্র উন্মীলন করিতে পারিলেন না ; তিনি নেত্রদ্বয় নিমীলিত করিয়া, সেই

অত্রিরুবাচ ॥

বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু বিভজ্যমানৈ র্মায়াগুণৈরনুযুগং বিগৃহীতদেহাঃ।
তে ব্রহ্মবিষ্ণুগিরিশাঃ প্রণতোঽস্ম্যহং বস্তেভ্যঃ ক এব ভবতাং ম ইহোপহূতঃ ॥ ২২

অন্বয়ঃ।

অত্রিঃ উবাচ। বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু (বিশ্বস্য প্রপঞ্চস্য উদ্ভবঃ, স্থিতিঃ পালনং, লয়ঃ পুনঃ স্বকারণে সূক্ষ্মরূপেণ অবস্থাপনং তেষু কার্য্যেষু) বিভজ্যমানৈঃ বিভাগেন স্থাপিতৈঃ মায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ, অনুযুগং বিগৃহীতদেহাঃ তে ব্রহ্মবিষ্ণুগিরিশাঃ তান্ বঃ যুষ্মান্ অহং প্রণতঃ অস্মি। তেভ্যঃ সকাশাৎ ভবতাং মধ্যে সঃ কঃ এব যঃ মে ময়া ইহ উপহূতঃ আকারিতঃ (ইতি যুষ্মাভিঃ কথ্যতাং) ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অনুযুগং কল্পে কল্পে বিভজ্য গৃহীতো দেহো যৈঃ তে প্রসিদ্ধা ব্রহ্মবিষ্ণুগিরিশা যূয়ং বো যুষ্মান্ প্রণতোঽস্মি। তেভ্যঃ সকাশাদেক এব মে ময়া উপহূতঃ। শরণং তং প্রপদ্যে ইত্যেকস্যৈব নির্দ্দিষ্টত্বাৎ সচ যুষ্মাসু ক ইতি যুষ্মাভিরেব কথ্যতামিত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুযুগং প্রতিকল্পং বিভজ্যমানৈ র্মায়াগুণৈ র্যে বিশ্বস্য উদ্ভবাদয়স্তেষু প্রবৃত্তাস্তে প্রসিদ্ধা এব ব্রহ্মাদয়ো যূয়ং বিগৃহীতদেহা ভবথেতি জানামীতি ভাবঃ। যদ্বা মায়াগুণৈরেব বিগৃহীতদেহা ইতি বিষ্ণোরপি প্রাকৃতসত্ত্বময়দেহত্বং ঈশ্বরত্বস্যৈব নির্দ্ধারাসামর্থ্যেন ভগবত্তত্ত্বজ্ঞানাভাবাদেব তেনোক্তমিতি জ্ঞেয়ং। তেভ্যো বো যুষ্মভ্যং প্রণতোঽস্মি প্রণতিং দদদস্মীতি কৃপয়া মৎসন্দেহ উচ্ছিদ্যতামিতি ভাবঃ। ভবতাং মধ্যে ময়া ইহ মদভীষ্ট-সাধনে ক উপহূতঃ শরণং তং প্রপদ্য ইত্যেকস্যৈব নির্দ্দিষ্টত্বাৎ সচ জগদীশ্বরো ভবতাং মধ্যে ক ইতি ভবদ্ভিরেব কৃপয়া কথ্যতামিতি ভাবঃ ॥ ২২ ॥

দেবত্রয়েই চিত্ত সমর্পণ করিলেন এবং গভীর অর্থাবদ্যোতক শব্দে ও মধুর বচনে সর্ব্বলোকনমস্কৃত দেবশ্রেষ্ঠগণকে স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২১ ॥

অত্রি বলিলেন, হে সুরোত্তমগণ! আপনারা এই প্রপঞ্চ ব্রহ্মাণ্ডের সৃষ্টি, পালন ও সূক্ষ্মরূপে স্বকারণে অবস্থাপনরূপ সংহার কার্য্য সমাধানার্থ গুণত্রয়ী মায়ার সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণের বিভাগে প্রতিকল্পে দেহ ধারণ করত ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর নামে অভিহিত হইয়া থাকেন; আমি আপনাদিগকে প্রণাম করি! কিন্তু আপনাদের তিন জনের মধ্যে যে এক জনকে আমি সতত আহ্বান করিয়া থাকি, তিনি আপনাদের মধ্যে কে? তাহা আপনারাই অবধারণ পূর্ব্বক আমাকে নির্দ্দেশ করুন ॥ ২২ ॥

ক্র প্রার্থনায় বিবিধ উপহার প্রদানে যে পরমপুরুষ ভগবানে আমি

একো ময়েহ ভগবান্ বিবিধপ্রধানৈশ্চিত্তীকৃতঃ প্রজননায় কথং নু যূয়ং।
অত্রাগতা স্তনুভৃতাং মনসোঽপি দূরা ব্রূত প্রসীদত মহানিহ বিস্ময়ো মে॥

মৈত্রেয় উবাচ॥

ইতি তস্য বচঃ শ্রুত্বা ত্রয়স্তে বিবুধর্ষভাঃ।
প্রত্যাহুঃ শ্লক্ষ্ণয়া বাচা প্রহস্য তমৃষিং প্রভো॥ ২৩॥

অন্বয়ঃ।

প্রজননায় পুত্রলভায় বিবিধপ্রধানৈঃ (বিবিধৈঃ প্রধানৈঃ পূজাসাধনৈঃ) একঃ এব ভগবান্ ময়া ইহ চিত্তীকৃতঃ চিত্তেন ঐক্যং নীতঃ; কথং নু যূয়ং ত্রয়ঃ অত্র আগতাঃ; তনুভৃতাং দেহধারিণাং, মনসোঽপি দূরাঃ অগোচরাঃ, অত ইহ (একস্য চিন্তয়া ত্রয়াণাং আগমনে মম) মহান্ বিস্ময়ঃ জাতঃ, অত্র কারণং ব্রূত প্রসীদত॥

হে প্রভো বিদুর! ইতি এবং তস্য অত্রেঃ বচঃ শ্রুত্বা তে ত্রয়ঃ, বিবুধর্ষভাঃ দেবশ্রেষ্ঠাঃ, ব্রহ্মবিষ্ণুগিরিশাঃ প্রহস্য শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা তং ঋষিং প্রতি আহুঃ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

অস্য প্রপঞ্চ এক ইতি বিবিধৈঃ প্রধানৈরুপচারৈঃ বিবুধপ্রধান ইতি বা পাঠঃ। প্রজননায় পুত্রোৎপত্ত্যৈ চিত্তীকৃতঃ চিত্তেনৈক্যং নীতঃ মনসোঽপি দূরা অগোচরাঃ সন্তঃ কথং নু ত্রয়োঽপ্যত্রাগতাঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তূষ্ণীং স্থিতাং স্তান্ পুনস্পষ্টীকৃত্যাহ। এক এব ময়া বিবিধৈঃ প্রধানৈরুপচারৈ বিবুধপ্রধান ইতি বা পাঠঃ। প্রজননায় পুত্রোৎপত্ত্যৈ চিত্তীকৃতঃ চিত্তস্থীকৃতঃ যূয়ং ত্রয়ঃ কথমত্রাগতাঃ॥ ২৩॥

এত কাল চিত্ত সমর্পণ করিয়া আসিয়াছি, তিনি কেবল একাকী এখানে আগমন না করিয়া, আপনারা তিন জনে কেন আগমন করিয়াছেন? এক জনকে চিন্তা করাই যখন এত দুরূহ, তখন তিন জনের এখানে একত্র উপস্থিতিতে আমার বিষম বিস্ময় উপস্থিত হইতেছে। আপনারা ইহার কারণ প্রকাশ করুন!॥

মৈত্রেয় বলিলেন, অত্রির বাক্য শ্রবণ করিয়া সেই অমরশ্রেষ্ঠ তিন জনেই ঈষৎ হাস্য করিলেন এবং অতি মধুরবচনে সেই ঋষি অত্রিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন॥ ২৩॥

হে ব্রহ্মন্! তুমি মনে মনে যেরূপ সংকল্প করিয়াছিলে, তাহাই স্বরূপত ঘটিয়াছে; সত্য সংকল্পের ফল কখন মিথ্যা হয় না; তুমি যে এক জনকে মনে মনে ধ্যান করিয়াছিলে, তিনি এই ত্রিগুণাত্মক বিশ্ব সংসারের নিয়ন্তা;

দেবা উচুঃ ॥
যথা কৃতস্তে সংকল্পো ভাব্যং তেনৈব নান্যথা।
সৎসঙ্কল্পস্য তে ব্রহ্মন্ যদ্বৈ ধ্যায়তি তে বয়ং ॥ ২৪ ॥
অথাস্মদংশভূতাস্তে আত্মজা লোকবিশ্রুতাঃ।
ভবিতারোঽঙ্গ ভদ্রন্তে বিস্রপ্স্যন্তিচ তে যশঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

দেবাঃ উচুঃ। হে ব্রহ্মন্! তে ত্বয়া যথা সংকল্পঃ কৃতঃ তেন সংকল্পেন যতঃ সৎ-সংকল্পস্য তে তব তথৈব ভাব্যং, অন্যথাতু ন এব। যং (একং জগদীশ্বরাখ্যং ত্রিগুণাত্মকস্য জগতো নিয়ন্তৃরূপং তত্ত্বং ভবান্) ধ্যায়তি তে বয়ং (ত্রয়ঃ অপি একমেব তত্ত্বং তত্তদ্গুণং পুরস্কৃত্য ব্রহ্মাদিত্রিতয়রূপেণ প্রাদুর্ভূতাঃ এব) ॥ ২৪ ॥

অথ অস্মদংশভূতাঃ লোকবিশ্রুতাঃ (লোকে তত্তদ্গুণৈঃ বিশ্রুতাঃ প্রসিদ্ধাঃ) তে আত্মজাঃ ভবিতারঃ ভবিষ্যন্তি; তে চ তে তব যশঃ লোকে বিস্রপ্স্যন্তি বিস্তারয়িষ্যন্তি। হে অঙ্গ! তেন তব ভদ্রং ভবিষ্যতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তে ত্বয়া যথাকৃতঃ সংকল্পঃ তেন তথৈব ভাব্যং নান্যথা। যতঃ সৎসঙ্কল্পস্য তে সংকল্পঃ। তর্হি কথমেকস্মিন্ ধ্যায়মানে ত্রয়ঃ প্রতীতাঃ স্থ তত্রাহুঃ যদেকং জগদীশ্বরাখ্যং তত্ত্বং ভবান্ ধ্যায়তি ত এতে বয়ং ত্রয়োঽপি তদেব একং তত্ত্বং নাস্মাকং ভেদোঽস্তীত্যর্থঃ ॥ ২৪ ॥

বিস্রপ্স্যন্তি বিস্তারয়িষ্যন্তি অন্তর্ভূতণিজর্থস্য সৃপ৯গতাবিত্যস্য রূপং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যং যং জগদীশ্বরং ভবান্ ধ্যায়তি তে জগদীশ্বরা বয়ং সৎসঙ্কল্পস্য তবাভীষ্টপ্রদাতারো ভবামেত্যর্থঃ। অয়ং ভাবঃ জগদীশ্বরতুল্য একঃ পুত্রো মে ভূয়াদিতি সংকল্পে কতমো জগদীশ্বরঃ স্যাদিতি সন্দেহেন ত্রয়এব বয়ং ধ্যাতাঃ। পুনশ্চ ধ্যাতেষু ত্রিষু মধ্যে জগদীশ্বর এক আয়াত্বিতি পুনরেকস্য চিত্তস্থীকৃতত্বেঽপি ত্রয়াণামেবাস্মাকং জগত্যস্মিন্নৈশ্বর্য্যাত্রয় এবাগতাঃ অস্মাকং ত্রিত্বেঽপ্যৈক্যাদ্বয়মেক এব নাপি ত্বয়া য এব পরমেশ্বর ইতি পরমেশ্বর-শব্দঃ প্রযুক্তোঽত ইন্দ্রশত্রো বিবর্দ্ধস্বেত্যাদৌ সঙ্কল্পাদপি সাধনস্য প্রাবল্যদর্শনাৎ সাধনানুরূপং সঙ্কল্পানুরূপঞ্চ তব ফলং ভবিষ্যতীতি ॥ ২৪ ॥

অর্থোক্তি বিষ্ণোঃ পরমেশ্বরত্বখ্যাপনার্থং বিষ্ণ্বংশো দত্ত এবাবতারোঽভূন্নেতরৌ বিস্রপ্স্যন্তি বিস্তারয়িষ্যন্তি অন্তর্ভূত ণিজর্থস্য সৃপ৯গতাবিতস্য রূপং ॥ ২৫ ॥

এবং আমাদের যে তিন জনকে তুমি অবলোকন করিতেছ, আমরা তিন নহি, সেই একই; কেবল তাঁহার এক এক গুণকে অবলম্বন করিয়াই ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই ত্রিবিধভাবে আবির্ভূত হইয়াছি মাত্র ॥ ২৪ ॥

এবং কামবরং দত্ত্বা প্রতিজগ্মুঃ সুরেশ্বরাঃ।
সভাজিতা স্তয়োঃ সম্যগ্দম্পত্যো র্মিষতোস্ততঃ ॥ ২৬ ॥
সোমোঽভূদ্ব্রহ্মণোঽংশেন দত্তো বিষ্ণোস্তু যোগবিৎ।
দুর্ব্বাসাঃ শঙ্করস্যাংশো নিবোধাঙ্গিরসঃ প্রজাঃ ॥ ২৭ ॥
শ্রদ্ধাত্বঙ্গিরসঃ পত্নী চতস্রোঽসূত কন্যকাঃ।

অন্বয়ঃ।

এবং অনেন পূর্ব্বোক্তপ্রকারেণ তাভ্যাং সভাজিতাঃ সম্যক্‌পূজিতাঃ তে সুরেশ্বরাঃ তাভ্যাং কামবরং অভিলষিতং স্বসমানগুণশীলবৎপুত্রোৎপত্তিরূপং বরং, দত্ত্বা দম্পত্যোঃ অত্র্যনসূয়য়োঃ, মিষতোঃ পশ্যতোঃ, ততঃ স্থানাৎ (স্ব স্ব ধাম) প্রতি জগ্মুঃ ॥ ২৬ ॥

ব্রহ্মণঃ অংশেন (সৌম্যস্বভাবঃ) সোমঃ চন্দ্রঃ অভূৎ; বিষ্ণোঃ অংশেন তু যোগবিৎ (যোগেন ভগবদ্ধ্যানেন সর্ব্বং বেত্তি ইতি) সর্ব্বযোগবান্ শ্রেষ্ঠঃ দত্তঃ অভূৎ। (ক্রূরত্বেন প্রসিদ্ধঃ) দুর্ব্বাসাঃ শঙ্করস্যাংশঃ অবতারঃ অভূৎ ইতি। এবং ব্রহ্মণঃ তৃতীয়পুত্রস্য অঙ্গিরসঃ প্রজাঃ নিবোধ জানীহি ॥ ২৭ ॥

অঙ্গিরসঃ পত্নী, শ্রদ্ধা তু চতস্রঃ কন্যকাঃ অসূত; তাঃ চ (কৃষ্ণপক্ষচতুর্দ্দশ্যভিমানিনী)

শ্রীধরস্বামী।

তাভ্যাং সম্যক্ সভাজিতাঃ সন্তঃ ততঃ স্থানাৎ প্রতিজগ্মুঃ ॥ ২৬ ॥
নিবোধ বুধ্যস্ব ॥ ২৭ ॥

অতএব আমাদের অংশসম্ভূত এবং আমাদের ন্যায় অনুরূপ গুণেই অলঙ্কৃত জগদ্বিখ্যাত পুত্রসমূহ তোমার উৎপন্ন হইবে; এবং তাঁহারা জগৎ সংসারে তোমার যশোরাশি বিস্তৃত করিবে। হে প্রিয়! ইহাতে তোমার মঙ্গলই হইবে, সন্দেহ নাই ॥ ২৫ ॥

সভার্য্য অত্রির অভিবাদনাদিতে সম্যক্ পূজিত দেবতাত্রয় সেই দম্পতিকে অভিলষিত বর প্রদানপূর্ব্বক তাঁহাদের সমক্ষেই স্ব স্ব ধামে গমন করিলেন ॥ ২৬ ॥

অনন্তর সেই ঋষির ঔরসে ব্রহ্মার অংশে সৌম্যভাবাপন্ন চন্দ্র জন্ম পরিগ্রহ করিলেন; বিষ্ণুর অংশে ভগবদ্ধ্যাননিষ্ঠ সকল যোগিজনের অগ্রগণ্য দত্ত আবির্ভূত হইলেন এবং ক্রূরতানিবন্ধন শঙ্করের অংশে দুর্ব্বাসা জন্ম পরিগ্রহ করিলেন। এক্ষণে হে বিদুর! ব্রহ্মার তৃতীয় পুত্র অঙ্গিরার অপত্য সংবাদ বলিতেছি, শ্রবণ কর ॥ ২৭ ॥

অঙ্গিরার পত্নীর নাম শ্রদ্ধা; তিনি চারিটী কন্যা মাত্র প্রসব করেন।

সিনীবালী কুহূ রাকা চতুর্থ্যনুমতিস্তথা ॥
তৎপুত্রাবপরাবাস্তাং খ্যাতৌ স্বারোচিষেঽন্তরে।
উতথ্যো ভগবান্ সাক্ষাদ্ব্রহ্মিষ্ঠশ্চ বৃহস্পতিঃ ॥ ২৮ ॥
পুলস্ত্যোঽজনয়ৎ পত্ন্যামগস্ত্যঞ্চ হবির্ভুবি।
সোঽন্যজন্মনি দহ্রাগ্নি বিশ্রবাশ্চ মহাতপাঃ ॥ ২৯ ॥
তস্য যক্ষপতির্দ্দেবঃ কুবেরস্ত্বিলবিলাসুতঃ।

অন্বয়ঃ।

সিনীবালী; অমাবস্যাভিমানিনী) কুহূঃ, (শুক্লপক্ষচতুর্দ্দশ্যভিমানিনী) অনুমতিঃ তথা (পূর্ণমাস্যভিমানিনী) চতুর্থী রাকা তথা ॥

তৎপুত্রৌ (তস্য অঙ্গিরসঃ পুত্রৌ স্বারোচিষে অন্তরে দ্বিতীয়মন্বন্তরে, ভগবান্ উতথ্যঃ সাক্ষাৎ ব্রহ্মিষ্ঠঃ বৃহস্পতিঃ চ ইতি খ্যাতৌ অপরৌ আস্তাং ॥ ২৮ ॥

পুলস্ত্যঃ হবির্ভুবি স্বপত্ন্যাং, অগস্ত্যং পুত্রং অজনয়ৎ। সঃ অগস্ত্যঃ অন্যজন্মনি দহ্রাগ্নিঃ জাঠরাগ্নিঃ অভূৎ। মহাতপাঃ বিশ্রবাশ্চ ইতি পুলস্তস্য দ্বিতীয়পুত্রঃ জাতঃ ॥ ২৯ ॥

তস্য বিশ্রবসঃ ইলাবিলাসুতঃ (ইলবিলায়াং জাতঃ) যক্ষপতিঃ দেবঃ কুবেরঃ জাতঃ তথা

শ্রীধরস্বামী।

তাঃ কন্যা নির্দ্দিশতি সিনীবালীতি ॥ ২৮ ॥

পুলস্ত্যশ্চ হবির্ভুবি পত্ন্যামিত্যন্বয়ঃ। সোঽগস্ত্যঃ দহ্রাগ্নি র্জঠরাগ্নিঃ বিশ্রবাশ্চ পুলস্তস্য সুত ইতি শেষঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সভাজিতাঃ পুজিতাঃ মিষতোঃ পশ্যতোঃ ॥ ২৬—২৮ ॥

হবির্ভুবি পত্ন্যাং সোঽগস্ত্যঃ দহ্রাগ্নির্জাঠরঃ হৃদয়াগ্নিঃ বিশ্রবাশ্চ পুলস্ত্যস্য পুত্র ইতি শেষঃ ॥ ২৯ ॥

তাঁহাদের নাম যথা সিনীবালী, কুহূ, অনুমতি ও রাকা ॥

এতদ্ব্যতীত উক্ত ঋষির আর দুইটী পুত্রও জন্মিয়াছিল; তাঁহারা স্বারোচিষ নামক দ্বিতীয় মন্বন্তরকালে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ উতথ্য ও ব্রহ্মনিষ্ঠ বৃহস্পতিনামে বিখ্যাত হইয়াছিলেন ॥ ২৮ ॥

ঋষিবর পুলস্ত্য স্বীয় পত্নী হবির্ভুর গর্ভে অগস্ত্যকে উৎপাদন করেন। এই অগস্ত্য জন্মান্তরে জঠরাগ্নিরূপে আবির্ভূত হইয়াছিলেন। মহাতপা বিশ্রবানামে পুলস্ত্যের অপর একটী পুত্রও ছিল ॥ ২৯ ॥

এই বিশ্রবার ইলবিলা নাম্নী ভার্য্যার গর্ভে যক্ষপতি কুবের জন্ম পরিগ্রহ করেন; এই কুবের দেবতাপর্য্যায়েই পরিগণিত হইয়াছিলেন।

রাবণঃ কুম্ভকর্ণশ্চ তথান্যস্যাং বিভীষণঃ ॥
পুলহস্য গতির্ভার্য্যা ত্রীনসূত সতী সুতান্‌।
কর্ম্মশ্রেষ্ঠং বরীয়াংসং সহিষ্ণুঞ্চ মহামতে ॥ ৩০ ॥
ক্রতোরপি ক্রিয়া ভার্য্যা বালিখিল্যানসূয়ত।
ঋষীন্‌ ষষ্টিসহস্রাণি জ্বলতো ব্রহ্মতেজসা ॥ ৩১ ॥
ঊর্জ্জায়াং জজ্ঞিরে পুত্রা বশিষ্ঠস্য পরন্তপ।
চিত্রকেতুপ্রধানাস্তে সপ্ত সপ্তর্ষয়োঽমলাঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

অন্যস্যাং (কেশিন্যাং ভার্য্যায়াং) তস্য রাবণঃ কুম্ভকর্ণঃ বিভীষণঃ চ ত্রয়ঃ পুত্রাঃ জাতাঃ ॥

হে মহামতে বিদুর! পুলহস্য সতী ভার্য্যা গতিঃ কর্ম্মশ্রেষ্ঠং, বরীয়াংসং, সহিষ্ণুং চ ইতি ত্রীন্‌ সুতান্‌ অসূত ॥ ৩০ ॥

ক্রতোঃ ভার্য্যা ক্রিয়া অপি ব্রহ্মতেজসা জ্বলতঃ ষষ্টিসহস্রাণি বালিখিল্যান্‌ ঋষীন্‌ অসূয়ত ॥ ৩১ ॥

হে পরন্তপ বিদুর! বশিষ্ঠস্য ঊর্জ্জায়াং ভার্য্যায়াং চিত্রকেতুপ্রধানাঃ (চিত্রকেতুঃ প্রধানঃ জ্যেষ্ঠঃ যেষাং তে) তে অমলাঃ শুদ্ধান্তঃকরণাঃ সপ্তপুত্রাঃ সপ্তর্ষয়ঃ জাতাঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

তস্য বিশ্রবসঃ ইলবিলায়াং জাতঃ কুবেরঃ সুতঃ অন্যস্যাং ভার্য্যায়াং কেশিন্যাং রাবণাদয়স্ত্রয়ঃ সুতাঃ ॥ ৩০ ॥

জ্বলতঃ প্রকাশমানান্‌ ॥ ৩১ ॥

চিত্রকেতুপ্রমুখা জজ্ঞিরে তেচ সপ্তর্ষয়ো জাতাঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য বিশ্রবসঃ ইড়বিড়ায়াং জাত সুতঃ কুবেরঃ। অন্যস্যাং কেশিন্যাং ॥ ৩০—৩২ ॥

বিশ্রবার অপরা স্ত্রী কেশিনীর গর্ব্ভে রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণ নামে আরও তিনটী পুত্রের জন্ম হয় ॥

হে ধীমন্‌! পুলহের পতিব্রতা ভার্য্যা গতি কর্ম্মশ্রেষ্ঠ, বরীয়ান্‌ ও সহিষ্ণুনামে তিনটী পুত্র প্রসব করেন ॥ ৩০ ॥

ক্রতুর ভার্য্যা ক্রিয়াও জাজ্বল্যমান ব্রহ্মতেজে প্রকাশমান ষষ্টিসহস্র-বালি-খিল্য ঋষিসমূহ উৎপাদন করিয়াছেন ॥ ৩১ ॥

হে শত্রুনিসূদন! বশিষ্ঠ স্বকীয় ভার্য্যা ঊর্জ্জার গর্ব্ভে চিত্রকেতু প্রভৃতি বিমলহৃদয় সাতটী পুত্র উৎপাদন করেন; ইহাঁরাই সপ্তর্ষি নামে অভিহিত হইয়াছেন ॥ ৩২ ॥

চিত্রকেতুঃ সুরোচিশ্চ বিরজা মিত্র এবচ।
উল্বনো বসুভৃদ্‌যানো দ্যুমান্ শক্ত্যাদয়োঽপরে॥ ৩৩॥
চিত্তিস্ত্বথর্ব্বণঃ পত্নী লেভে পুত্রং ধৃতব্রতং।
দধ্যঞ্চমশ্বশিরসং ভৃগোর্ব্বংশং নিবোধ মে॥ ৩৪॥
ভৃগুঃ খ্যাত্যাং মহাভাগঃ পত্ন্যাং পুত্রানজীজনৎ।
ধাতারঞ্চ বিধাতারং শ্রিয়ঞ্চ ভগবৎপরাং॥ ৩৫॥
আয়তিং নিয়তিঞ্চৈব সুতে মেরুস্তয়োরদাৎ।

অন্বয়ঃ।

তে চ চিত্রকেতুঃ সুরোচিঃ বিরজাঃ মিত্রঃ এব চ উল্বনঃ বসুভৃদ্‌যানঃ দ্যুমান্ ইতি সপ্ত শক্ত্যাদয়ঃ অপরে অন্যস্যা ভার্য্যায়াং জাতাঃ ইতি কেচিৎ বদন্তি॥ ৩৩॥

অথর্ব্বণঃ পত্নী চিত্তিস্তু ধৃতব্রতং অশ্বশিরসং দধ্যঞ্চং দধীচিং, পুত্রং লেভে। তথা মে ময়া, নিরূপ্যমাণং ভৃগোঃ বংশং নিবোধ বুদ্ধ্যস্ব॥ ৩৪॥

মহাভাগঃ ভৃগুঃ খ্যাত্যাং, স্বপত্ন্যাং ধাতারং বিধাতারং ইতি পুত্রৌ তথা ভগবৎপরাং শ্রিয়ং কন্যাং ইতি পুত্রান্ অজীজনৎ॥ ৩৫॥

তয়োঃ ধাতৃবিধাত্রোঃ, মেরুঃ সুমেরুপর্ব্বতাভিমানিদেবঃ আয়তিং নিয়তিং চ এব দ্বে

শ্রীধরস্বামী।

তানেবাহ চিত্রকেতুরিতি বসুভৃদ্‌যানো নামৈকঃ শক্ত্যাদয়োঽপরেঽন্যস্যাঃ পুত্রাঃ॥৩৩॥
অথর্ব্বণো বংশমাহ চিত্তিস্ত্বিতি। ধৃতব্রতং তপোনিষ্ঠং দধ্যঞ্চং দধীচিং॥ ৩৪॥
খ্যাত্যাং পত্ন্যাং পুত্রান্ পুত্রৌ পুত্রীঞ্চ তানেবাহ ধাতারমিত্যাদি॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্ত্যাদয়োঽপরেঽন্যস্যাঃ পুত্রাঃ॥ ৩৩॥ ৩৪॥
পুত্রৌচ পুত্রীচ পুত্রাস্তান্ পুত্রান্॥ ৩৫॥

এই সাত জনের নাম বলিতেছি, শ্রবণ কর! চিত্রকেতু, সুরোচি, বিরজা, মিত্র, উল্বন, বসুভৃদ্‌যান এবং দ্যুমান্। এতদ্ব্যতীত বশিষ্ঠের শক্ত্যাদি অন্য কয়েকটী পুত্র অন্য বনিতার গর্ব্ভে উৎপন্ন হইয়াছিল॥ ৩৩॥

অথর্ব্বার পত্নী চিত্তি বৃহদ্‌ব্রত ও অশ্বশিরা দধীচিকে পুত্ররূপে প্রাপ্ত হইয়াছিলেন। এক্ষণে আমি ভৃগুর বংশ নিরূপণ করিতেছি, শ্রবণ কর!॥ ৩৪॥

মহাভাগ ভৃগু খ্যাতিনাম্নী ভার্য্যার গর্ব্ভে ধাতা ও বিধাতা নামে দুই পুত্র এবং ভগবৎপরা শ্রীনামে এক কন্যা সর্ব্বসমেত তিনটী সন্তান উৎপাদন করেন॥ ৩৫॥

এই ধাতা ও বিধাতা-নামক ভ্রাতৃদ্বয়কে সুমেরু আয়তি ও নিয়তিনাম্নী

তাভ্যাং তয়োরভবতাং মৃকণ্ডঃ প্রাণ এবচ ॥ ৩৬ ॥
মার্কণ্ডেয়ো মৃকণ্ডস্য প্রাণাদ্বেদশিরা মুনিঃ।
কবিশ্চ ভার্গবো যস্য ভগবানুশনা সুতঃ ॥
সর্ব্বে তে মুনয়ঃ ক্ষত্ত লোকান্ সর্গৈরভাবয়ন্।
এষ কর্দ্দমদৌহিত্রসন্তানঃ কথিতস্তব ॥
শৃণ্বতঃ শ্রদ্দধানস্য সদ্যঃ পাপহরঃ পরঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

সুতে যথাক্রমং অদাৎ; তাভ্যাং ধাতৃবিধাতৃভ্যাং, তয়োঃ আয়তিনিয়ত্যোঃ মৃকণ্ডঃ প্রাণঃ এব চ দ্বৌ পুত্রৌ অভবতাং জাতৌ ॥ ৩৬ ॥

মৃকণ্ডস্য মার্কণ্ডেয়ঃ প্রাণাৎ চ বেদশিরাঃ মুনিঃ জাতঃ। কবিশ্চাপি ভার্গবঃ ভৃগুপুত্রঃ যস্য কবেঃ ভগবান্ ঐশ্বর্য্যাদিমান্ উশনাঃ শুক্রঃ সুতঃ অভবৎ ॥

হে ক্ষত্তঃ বিদুর! তে পূর্ব্বোক্তাঃ সর্ব্বে মুনয়ঃ সর্গৈঃ পুত্রপৌত্রাদিসন্ততিভিঃ, লোকান্ ত্রীন্ অভাবয়ন্ পুরিতবন্তঃ। এষঃ শ্রদ্ধধানস্য শৃণ্বতঃ সদ্যঃ পাপহরঃ পরঃ শ্রেষ্ঠঃ, কর্দ্দম-দৌহিত্রসন্তানঃ তব কথিতঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

তয়োর্ধাতৃবিধাত্রোঃ ॥ ৩৬ ॥

কবিশ্চ ভার্গবঃ ভৃগোঃ পুত্রঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তয়ো স্তাভ্যাং ধাতৃবিধাতৃভ্যাং ॥ ৩৬ ॥

কবিশ্চ ভার্গবো ভৃগোঃ পুত্রঃ ॥

দুইটী কন্যা জ্যেষ্ঠানুক্রমে সম্প্রদান করেন। তাঁহাদের ঔরসে ও আয়তি এবং নিয়তির গর্ভে যথাক্রমে মৃকণ্ড ও প্রাণনামে দুইটী পুত্র জন্ম গ্রহণ করেন ॥ ৩৬ ॥

মৃকণ্ড হইতে মার্কণ্ডেয় এবং প্রাণের ঔরসে বেদশিরা নামক পুত্র উৎপন্ন হয়; কবিও ভৃগুরই পুত্র; এবং কবির ঔরসে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন শুক্রাচার্য্য জন্ম পরিগ্রহ করিয়াছেন ॥

হে বিদুর! যে সকল মুনির কথা আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম, তাঁহারা সকলেই পুত্রপৌত্রাদি সন্তানসন্ততির উৎপাদনে এই ভুবনত্রয়কে প্রপূরিত করিয়াছেন। দেখ! শ্রদ্ধা ও ভক্তিসহকারে যাহা শ্রবণ করিলে, সকল পাপ হইতে বিমুক্তি লাভে পবিত্র হওয়া যায়, আমি সেই কর্দ্দমঋষির দৌহিত্রসন্তানের কথা তোমার নিকট সম্যক্ কীর্ত্তন করিলাম ॥ ৩৭ ॥

প্রসূতিং মানবীং দক্ষ উপযেমে হ্যজাত্মজঃ।
তস্যাং সসর্জ্জ দুহিতৄঃ ষোড়শামললোচনাঃ॥ ৩৮॥
ত্রয়োদশাদাদ্ধর্ম্মায় তথৈকামগ্নয়ে বিভুঃ।
পিতৃভ্য একাং যুক্তেভ্যো ভবায়ৈকাং ভবচ্ছিদে॥
শ্রদ্ধা মৈত্রী দয়া শান্তি স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্রিয়োন্নতিঃ।

অন্বয়ঃ।

অজাত্মজঃ (ব্রহ্মণঃ দেহাজ্জাতঃ দক্ষঃ) মানবীং (মনোঃ তৃতীয়াং পুত্রীং) প্রসূতিং উপযেমে তস্যাং প্রসূত্যাং দক্ষঃ অমললোচনাঃ কামক্রোধাদিজনিতবিকাররহিতনেত্রাঃ ষোড়শদুহিতৄঃ সসর্জ॥ ৩৮॥

বিভুঃ দক্ষঃ, তাসু কন্যাসু মধ্যে ত্রয়োদশ ধর্ম্মায় অদাৎ দত্তবান্। অগ্নয়ে একাং অদাৎ তথা যুক্তেভ্যঃ মিলিতেভ্যঃ, বা ভগবদ্ধ্যানপরেভ্যঃ, পিতৃভ্যঃ একাং তথা ভবচ্ছিদে সংসার-নিবর্ত্তকায়, ভবায় রুদ্রায়, একাং কন্যাং অদাৎ॥

শ্রদ্ধা (শাস্ত্রার্থেষু আস্তিকীবুদ্ধিঃ শ্রদ্ধা) মৈত্রী (হিতাচারণং) দয়া (পরদুঃখপ্রহাণেচ্ছা)

শ্রীধরস্বামী।

অজাত্মজঃ ব্রহ্মপুত্রঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকান্ নানাবিধ জনান্ উদপাদয়ন্তঃ॥ ৩৭॥ ৩৮॥

যুক্তেভ্যঃসংযতেভ্যঃ সংমিলিতেভ্যঃ বা॥

ব্রহ্মার আত্মজ প্রজাপতি দক্ষ মনুকন্যা প্রসূতিকে ভার্য্যাত্বে গ্রহণ করেন এবং তাঁহার গর্ভে* অমললোচনা ষোড়শ কন্যার উৎপাদন করেন॥ ৩৮॥

সর্ব্বজ্ঞানবান্ প্রজাপতি দক্ষ সেই ষোলটী কন্যার মধ্যে ধর্ম্মকে ত্রয়োদশ কন্যা সম্প্রদান করেন; অগ্নিকে একটী এবং সংযতচেতা সমবেত পিতৃগণকে একটীও ভবপাশহারী ভূতভাবন ভবকে একটী কন্যা সম্প্রদান করেন।।

তন্মধ্যে ধর্ম্মপত্নীগণের নাম উল্লেখ করিতেছি, শ্রবণ কর! শ্রদ্ধা, মৈত্রী, দয়া, শান্তি, তুষ্টি, পুষ্টি, ক্রিয়া, উন্নতি, বুদ্ধি, মেধা, তিতিক্ষা, হ্রী ও মূর্ত্তি

* অত্র ইদং বোধ্যং ধর্ম্মসিদ্ধিতঃ পূর্ব্বং দক্ষস্যাভিমানপ্রাধান্যাৎ অভিমানস্য চ মনোমূলকত্বাৎ, তস্য চ স্বাধিষ্ঠাতৃচন্দ্রাধীনত্বাৎ চন্দ্রস্য চ প্রজাপতিসম্বৎসরাত্মকস্য "স এষ সম্বৎসরঃ প্রজাপতিঃ ষোড়শকলঃ তস্য চ রাত্রয় এব পঞ্চদশকলাঃ ধ্রুবৈবাস্য ষোড়শীকলা" ইতি বৃহদারণ্যকশ্রুতৌ পঞ্চদশরাত্রিশব্দবাচ্যাস্তিথিরূপা একাদ্যরূপাভূতা ধ্রুবা নিত্যা কলা। এবং ষোড়শকলত্বেন প্রসিদ্ধত্বাৎ তদভেদবিবক্ষায়াং উপচারাৎ মনসোঽপি ষোড়শকলত্বমতঃ দক্ষস্য ষোড়শকন্যা জাতা ইতি॥ ৩৮॥

বুদ্ধির্মেধা তিতিক্ষা হ্রী মূর্ত্তি ধর্ম্মস্য পত্নয়ঃ ॥
শ্রদ্ধাঽসূত শুভং মৈত্রী প্রসাদমভয়ং দয়া।
শান্তিঃ সুখং মুদং তুষ্টিঃ স্ময়ং পুষ্টিরসূয়ত ॥
যোগং ক্রিয়োন্নতির্দর্পমর্থং বুদ্ধিরসূয়ত।
মেধা স্মৃতিং তিতিক্ষা তু ক্ষেমং হ্রীঃ প্রশ্রয়ং সুতং ॥ ৩৯ ॥
মূর্ত্তিঃ সর্ব্বগুণোৎপত্তি নরনারায়ণাবৃষী।
যয়োর্জন্মন্যদো বিশ্বমভ্যনন্দৎ সুনির্বৃতং ॥

অন্বয়ঃ।

শান্তিঃ (তৃষ্ণারাহিত্যং), (যদৃচ্ছালাভে অলং প্রত্যয়ঃ) তুষ্টিঃ, পুষ্টিঃ (দেহপোষণং), ক্রিয়া (শাস্ত্রবোধিতং কর্ম্ম) উন্নতিঃ (ধনধান্যাদিবৃদ্ধিঃ) বুদ্ধিঃ (বিচারপূর্ব্বিকা নিশ্চয়াত্মিকা চ) মেধা (অনুভূতপদার্থস্যান্তঃকরণে ধারণাসামর্থ্যং) তিতিক্ষা (পরাপরাধসহনং) হ্রীঃ (নিন্দিতে জুগুপ্সা) মূর্ত্তিঃ (সর্ব্বগুণস্য ভগবতঃ উৎপত্তিঃ প্রকাশো যস্যাঃ সা) এতৎ ধর্ম্মস্য পত্নয়ঃ পত্ন্যঃ ॥

শ্রদ্ধা শুভং পুণ্যং অসূত, মৈত্রী প্রসাদং, দয়া অভয়ং, শান্তিঃ সুখং স্বরূপানন্দং অসূয়ত তুষ্টিঃ মুদং হর্ষং, পুষ্টিঃ স্ময়ং আত্মগৌরবং, ক্রিয়া যোগং অসূয়ত, উন্নতিঃ দর্পং, বুদ্ধিঃ অর্থং, মেধা স্মৃতিং, তিতিক্ষাতু ক্ষেমং, হ্রীঃ প্রশ্রয়ং সুতং অসূয়ত ॥ ৩৯ ॥

সর্ব্বগুণোৎপত্তিঃ মূর্ত্তিঃ নরনারায়ণৌ ঋষী অসূয়ত যয়োঃ নরনারায়ণয়োঃ, জন্মনি

শ্রীধরস্বামী।

যুক্তেভ্যঃ সংযতেভ্যঃ সংমিলিতেভ্যো বা ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রদ্ধাদ্যাঃ স্বস্বনামনিরুক্ত্যা সাত্ত্বিকশক্তীনামধিষ্ঠাত্র্যঃ। তদ্বংশাশ্চ তদনুরূপাঃ ॥

স্ময়ং ধর্ম্মেষূৎসাহং ॥

দর্পং তয়োর্যোগাদিষু সামর্থ্যপ্রখ্যাপনং। অন্যো স্ময়দর্পাবিধর্ম্মবংশৌ জ্ঞেয়ৌ ॥ ৩৯ ॥

এই ত্রয়োদশটী ধর্ম্মের হস্তে প্রদত্ত হইয়াছিলেন ॥

শ্রদ্ধা শুভরূপ পুণ্যের উৎপাদন করেন, মৈত্রী প্রসাদকে, দয়া অভয়-নামক, শান্তি সুখস্বরূপ, তুষ্টি আনন্দ, পুষ্টি আত্মগৌরবরূপ স্ময় ও ক্রিয়া যোগনামক পুত্রকে প্রসব করেন। উন্নতি দর্পকে, বুদ্ধি ধনকে, মেধা স্মৃতি-নামা, তিতিক্ষা ক্ষেমনামা এবং হ্রী প্রশ্রয়নামক পুত্রের জন্ম প্রদান করিয়াছেন ॥ ৩৯ ॥

সর্ব্বগুণের উৎপত্তিস্থল মূর্ত্তি নরনারায়ণ ঋষিদ্বয়কে প্রসব করেন। এই নরনারায়ণ ঋষিদ্বয়ের জন্মকালে বিশ্বসংসার আনন্দসাগরে আপ্লুত

মনাংসি ককুভো বাতাঃ প্রসেদুঃ সরিতোঽদ্রয়ঃ।
দিব্যবাদ্যন্ত তূর্য্যাণি পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ ॥
মুনয় স্তুষ্টুবু স্তুষ্টা জগু র্গন্ধর্ব্বকিন্নরাঃ।
নৃত্যন্তিস্ম স্ত্রিয়ো দেব্য আসীৎ পরমমঙ্গলং ॥ ৪০ ॥
দেবা ব্রহ্মাদয়ঃ সর্ব্ব উপতস্থুরভিষ্টবৈঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

প্রদুর্ভাবকালে, এব অদঃ বিশ্বং সুনির্বৃতং আনন্দেন ব্যাপ্তং, সৎ অভ্যনন্দৎ ভগবদবতারং সম্ভাজিতবান্। (তদা সাধূনাং) মনাংসি (প্রসন্নানি জাতানি) ককুভঃ দিশঃ, বাতাঃ, সরিতঃ, অদ্রয়ঃ প্রসেদুঃ ; দিবি তূর্য্যাণি অবাদ্যন্ত, কুসুমবৃষ্টয়ঃ পেতুঃ ॥

মুনয়ঃ তুষ্টুবুঃ, তুষ্টাঃ গন্ধর্ব্বকিন্নরাঃ জগুঃ, দেব্যাঃ স্ত্রিয়ঃ নৃত্যন্তিস্ম সর্ব্বত্র পরমমঙ্গলং আসীৎ ॥ ৪০ ॥

ব্রহ্মাদয়ঃ (ব্রহ্মা আদি মুখ্যো যেষাং তে রুদ্রবরুণাগ্নিপ্রভৃতয়ঃ) দেবাঃ (ধর্ম্মসদনে আগত্য) অভিষ্টবৈঃ স্তোত্রৈঃ, ভগবন্তং উপতস্থুঃ তস্যোপাসনাং চক্রুঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং গুণানাং উৎপত্তির্যস্যাং সা ॥ ৪০ ॥

উপতস্থুর্ভেজুঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বগুণস্য নিখিলকল্যাণগুণার্ণবস্য ভগবত উৎপত্তির্যতঃ সেতি শুদ্ধসত্ত্বস্বরূপা ভগবৎ-প্রকাশিতা শক্তিরিয়ং জ্ঞেয়া ॥ ৪০ ॥ ৪১ ॥

হইয়াছিল ; এবং ভগবদবতারের সম্মান প্রদান করিয়াছিল। তৎকালে সাধুগণের চিত্ত প্রসন্ন হইয়াছিল। দিক্‌সমূহ, মন্দ সমীরণ, স্রোতস্বতী ও অচলকুল সুপ্রসন্ন মূর্ত্তিধারণে জগতে আনন্দের পরিচয় দিয়াছিল। নভোভাগে তূর্য্যাদির ধ্বনি হইয়াছিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইয়াছিল ॥

তৎকালে মুনিগণ স্তব করিতে লাগিলেন ; গন্ধর্ব্বগণ ও কিন্নরগণ আনন্দে গান করিতে লাগিলেন ; স্বর্গবনিতাগণ নৃত্য করিয়াছিলেন এবং সর্ব্বত্রই আনন্দের প্রতিমূর্ত্তি পরিদৃষ্ট হইয়াছিল ॥ ৪০ ॥

হে বৎস ! অধিক কি বলিব ! ব্রহ্মাদি দেবতাগণও বিবিধ স্তব দ্বারা উক্ত নরনারায়ণনামক বালকদ্বয়ের স্তব স্তুতি করিয়াছিলেন ॥ ৪১ ॥

নভোমণ্ডলে গন্ধর্ব্বাদি নগরের ন্যায় যাঁহারা আত্মস্বরূপে স্বকীয় মায়ার দ্বারাই এই বিশ্ব সংসার রচনা করিয়াছেন এবং আত্মস্বরূপের প্রকাশার্থ ঋষির মূর্ত্তি ধারণে এই ধর্ম্মসদনে অবতীর্ণ হইয়াছেন, সেই পরাৎ-

যো মায়য়া বিরচিতং নিজয়াত্মনীদং খে রূপভেদমিব তৎপ্রতিচক্ষণায়।
এতেন ধর্ম্মসদনে ঋষিমূর্ত্তিনাদ্য প্রাদুশ্চকার পুরুষায় নমঃ পরস্মৈ॥ ৪২॥
সোঽয়ং স্থিতিব্যতিকরোপশমায় সৃষ্টান্ সত্ত্বেন নঃ সুরগণাননুমেয়তত্ত্বঃ।

অন্বয়ঃ।

খে গগনে রূপভেদং গন্ধর্ব্বনগরং ইব আত্মনি স্বস্বরূপে নিজয়া মায়য়া বিরচিতং যৎ ইদং বিশ্বং, তৎপ্রতিচক্ষণায় (তৎ আত্মনঃ স্বস্য প্রতিচক্ষণায় প্রকাশনায় এতেন ঋষিমূর্ত্তিনা যঃ অদ্য ধর্ম্মসদনে আত্মানং প্রাদুশ্চকার তস্মৈ পরস্মৈ পুরুষায় নমঃ॥ ৪২॥

(যো ভগবান্) অনুমেয়তত্ত্বঃ (সৃষ্ট্যাদিকার্য্যলিঙ্গেন অনুমেয়ং তত্ত্বং অচিন্ত্যসামর্থ্যং যস্য ইতি) সঃ অয়ং ভগবান্ স্থিতিব্যতিকরোপশমায় (স্থিতেঃ জগন্মর্য্যাদায়াঃ তত্তন্নিয়মস্য ব্যতিকরঃ বিঘ্নৈরন্যথাভাবঃ তস্য উপশমায় নিবৃত্তয়ে) সত্ত্বেন গুণেন ভবতা উৎপাদিতান্ নঃ অস্মান্, সুরগণান্ যচ্ছ্রীনিকেতং (শ্রিয়ঃ নিকেতং স্থানং অমলং অরবিন্দং কমলং ক্ষিপতা

শ্রীধরস্বামী।

নিজমায়য়া যস্মিন্নাত্মনি খে গগনে রূপভেদং গন্ধর্ব্বনগরমিবেদং বিশ্বং বিরচিতং তস্যাত্মনঃ প্রতিচক্ষণায় প্রকাশনায় আত্মানং যোঽদ্য প্রাদুশ্চকার প্রকটিতবান্ তস্মৈ পুরুষায় নমঃ। কেন রূপেণ প্রাদুশ্চকার ঋষে মূর্ত্তি রাকারো যস্মিন্ তেনৈতেন রূপেণ॥ ৪২॥

সোঽয়ং নোঽস্মান্ সুরগণান্ অনল্পকরুণাযুক্তেন বিলোকনেন বিশিষ্টনেত্রেণ দৃশ্যাৎ পশ্যতু। কথম্ভূতেন যচ্ছ্রীনিকেতমমলমরবিন্দং তৎক্ষিপতা তিরস্কুর্ব্বতা। কথম্ভূতঃ অনুমেয়ং শাস্ত্রতো বিচার্য্যং নত্বস্মাকমপরোক্ষং তত্ত্বং যস্য কথম্ভূতানস্মান্ স্থিতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মিন্নাত্মন্যধিষ্ঠানে নিজয়া মায়য়া কর্ত্র্যা ইদং বিরাড়্রূপং খে নভসি রূপভেদং মেঘবৃন্দমিব বিরচিতং তস্যাত্মনঃ স্বস্য প্রতিচক্ষণায় প্রকাশনায় প্রাদুঃ প্রাদুর্ভাবঞ্চকার ঋষিমূর্ত্তিনেতি প্রকৃত্যাদিত্বাত্তৃতীয়া তস্মৈ পুরুষায় নমঃ অত্র রূপভেদমিতি এতেনেতি ঋষিমূর্ত্তিনেতি পদত্রয়স্য ক্লীবত্বমার্ষং॥ ৪২॥

স্থিতে র্জগন্মর্য্যাদায়া ব্যতিকরোঽন্যথাত্বং তস্যোপশমায় বিলোকেন নেত্রেণ কীদৃশেন

পর পরমেশ্বরকে আমরা প্রণাম করি॥ ৪২॥

সৃষ্ট্যাদি কার্য্য দর্শনেই যাঁহার অচিন্ত্য সামর্থ্যের পরিচয় আমরা প্রাপ্ত হইয়া থাকি, বিঘ্ননিরসন পূর্ব্বক জগতের মর্য্যাদা রক্ষা করিবার নিমিত্তই তিনি সত্ত্বগুণে আমাদিগকে সৃজন করিয়াছেন। এক্ষণে সেই করুণাময় দীননাথের নিকট আমাদের কাতর প্রার্থনা এই যে, কমলার নিত্য নিকেতন সুকোমল কমলের অপেক্ষা সুচারু নয়নকমলের করুণাদৃষ্টিতে তিনি যেন একবার আমাদের প্রতি নিরীক্ষণ করেন॥ ৪৩॥

দৃশ্যাদদভ্রকরুণেন বিলোকনেন যচ্ছ্রীনিকেতমমলং ক্ষিপতারবিন্দং ॥ ৪৩ ॥
এবং সুরগণৈস্তাত ভগবন্তাবভিষ্টুতৌ।
লব্ধাবলোকৈর্যযতুরর্চ্চিতৌ গন্ধমাদনং ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

অদভ্রকরুণেন (অদভ্রা অনল্পা করুণা যত্র তাদৃশেন) বিলোকনেন নেত্রেণ দৃশ্যাৎ পশ্যতু ॥ ৪৩ ॥

হে তাত বিদুর! সুরগণৈঃ ব্রহ্মাদিভিঃ এবং অভিষ্টুতৌ তথা চ লব্ধাবলোকৈঃ (লব্ধঃ অবলোকঃ যৈঃ তৈঃ) অর্চ্চিতৌ পূজিতৌ ভগবন্তৌ নরনারায়ণৌ গন্ধমাদনং যযতুঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

জগন্মর্য্যাদায়া ব্যতিকরোঽন্যথাত্বং তস্যোপশমায় সত্ত্বেন গুণেন স্বষ্টান্ ॥ ৪৩ ॥

লব্ধোঽবলোকো যৈঃ তৈরভিষ্টুতৌ সন্তৌ যযতুঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ শ্রীনিকেতমমলমরবিন্দং তৎ ক্ষিপতা তিরস্কুর্ব্বতা ॥ ৪৩ ॥

লব্ধোঽবলোকঃ কৃপা মায়া যৈ স্তৈরর্চ্চিতৌ ॥ ৪৪ ॥

হে বৎস বিদুর! ব্রহ্মাদি দেববৃন্দ ভগবানকে এইরূপে স্তব করিলে, তাঁহাদের দর্শনযোগ্যতা জন্মিল; তখন তাঁহারা নানাপ্রকার পূজাদ্রব্যে ভগবানের অর্চ্চনা করিলে নরনারায়ণ ঋষিদ্বয় গন্ধমাদন পর্ব্বতের অভিমুখে যাত্রা করিলেন ॥ ৪৪ ॥

আভাস।

দক্ষ প্রজাপতির ষোলটী কন্যা জন্মিয়াছিল; তিনি তন্মধ্যে তেরটী কন্যা ধর্ম্মকে, একটী অগ্নিকে, একটী পিতৃগণকে ও একটী ত্রিপুরহন্তা ত্রিলোচনকে সম্প্রদান করিয়াছিলেন। এতদ্দ্বারা স্পষ্ট প্রকাশ পায় যে, জীবস্বরূপের এই ষোড়শ বৃত্তিকে উক্ত চারিভাগে ন্যস্ত করিতে না পারিলে অভিমানের নিবৃত্তি বা মুক্তিলাভের উপায়ান্তর নাই। প্রজাপতি দক্ষ সাক্ষাৎ অভিমানের বিগ্রহ। অভিমান হইতে যে যে বৃত্তির উদয় হইতে পারে, তাহাই দক্ষপ্রজাপতির কন্যাগণনায় নির্দ্দেশ করা হইয়াছে। শ্রুতির অনেক স্থলে অহঙ্কারতত্ত্বকেই মননামে উল্লেখ করা হইয়াছে; এবং নবীন ভাবুকের পক্ষে অহঙ্কার তত্ত্বের নাম না করিয়া পাশ্চাত্য বিজ্ঞান অনুসারে তাহাকে মন বলিলেও শ্রুতিবিরুদ্ধ হয় না। তবে মন বলিলেও প্রাচীন ভাবুকগণ যেন তাহার কর্ম্ম অভিমানের উপরই লক্ষ্য করেন। এক্ষণে আমাদের বিচার করিতে হইবে যে, যাবতীয় অভিমানের বৃত্তি আমাদের এক মন হইতেই উদয় হইয়া থাকে। কারণ অভিমানের আধারই মন। মনের অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র; সুতরাং চন্দ্রের অধীনই মন। মনও আবার প্রজাপতি সম্বন্ধীয় সম্বৎসরের অধীন; সুতরাং ষোড়শকল চন্দ্রের কারণরূপী প্রজাপতিও ষোড়শকল

তাবিমৌ বৈ ভগবতো হরেরংশাবিহাগতৌ।
ভারব্যয়ায়চ ভুবঃ কৃষ্ণৌ যদুকুরূদ্বহৌ ॥ ৪৫ ॥
স্বাহাভিমানিনশ্চাগ্নেরাত্মজাং স্ত্রীনজীজনৎ।
পাবকং পবমানঞ্চশুচিঞ্চ হুতভোজনং ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

তৌ হি প্রসিদ্ধৌ ইমৌ বর্ণিতগুণৌ নরনারায়ণৌ ভগবতঃ হরেঃ ভক্তদুঃখহরণস্বভাবস্য, অংশৌ অবতাররূপৌ, যদুকুরূদ্বহৌ (যদূদ্বহঃ কৃষ্ণঃ, কুরূদ্বহঃ অর্জ্জুনঃ তৌ) কৃষ্ণৌ এব ভুবঃ ভারব্যয়ায় (ভারস্য ব্যয়ায় নাশায়) ইহ আগতৌ এব ॥ ৪৫ ॥

অভিমানিনঃ অগ্নেঃ সকাশাৎ স্বাহা (দক্ষস্য চতুর্দ্দশী কন্যা) হুতভোজনং (হুতং ভোজনং যস্য তাদৃশং) পাবকং পবমানং শুচিং চ ইতি ত্রীন্ পুত্রান্ অজীজনৎ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

ভুবো ভারস্য ব্যয়ায় নাশায়। চকার একবাক্যত্বার্থঃ তৌচ সাম্প্রতমিহাগতাবিত্যর্থঃ। তদুক্তং তন্ত্রে। অর্জ্জুনেতু নরাবেশঃ কৃষ্ণো নারায়ণঃ স্বয়মিতি। যদূদ্বহঃ শ্রীকৃষ্ণঃ কুরূদ্বহোঽর্জ্জুনঃ উভাবপি কৃষ্ণনামানৌ ॥ ৪৫ ॥

অগ্ন্যভিমানিনো দেবাৎ স্বাহা নাম তস্য ভার্য্যা হুতভোজনমিতি ত্রয়াণাং বিশেষণং ॥৪৬

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাবিমৌ নরনারায়ণৌ হরেঃ কৃষ্ণস্যাংশৌ কর্ত্তারৌ ইহ দ্বাপরান্তে যদূদ্বহকুরূদ্বহৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ কর্ম্মভূতৌ আগতৌ প্রাপ্তৌ কৃষ্ণার্জ্জুনয়োঃ স্বাংশিনোস্তাবংশৌ প্রবিষ্টাবিত্যর্থঃ। তথৈব ভাগবতামৃতোক্তা কারিকা যথা কর্ত্তারৌ তৌ হরেরংশৌ নরনারায়ণাবৃষী। দ্বাপরান্ত কর্ম্মভূতাবায়াতৌ কৃষ্ণফাল্গুনাবিতি ॥ ৪৫ ॥

অগ্নের্ভার্য্যা স্বাহা অগ্ন্যভিমানিন স্ত্রীনাত্মজান্ হুতভোজনমিতি ত্রয়াণাং বিশেষণং ॥ ৪৬

সেই সুপ্রসিদ্ধ নরনারায়ণ ঋষিদ্বয় ভক্তদুঃখহারী ভগবান্ শ্রীহরির অংশেই অবতীর্ণ হইয়াছিলেন; ইহাঁরা পরে যদুকুলতিলক শ্রীকৃষ্ণ ও কুরুশ্রেষ্ঠ অর্জ্জুনরূপে ভূভারহরণার্থ অবতীর্ণ হইয়াছিলেন ॥ ৪৫ ॥

অভিমানস্বরূপ বহ্নির ঔরসে দক্ষকন্যা স্বাহা পাবক, পবমান ও শুচি নামক হুতভোজী তিনটী পুত্রের উৎপাদন করিয়াছিলেন ॥ ৪৬ ॥

আভাস।

বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। যেমন পঞ্চদশ রাত্রির আশ্রয়রূপে ষোড়শীকলা ধ্রুবনামে অভিহিত, সেইরূপ পঞ্চদশ রাত্রিশব্দবাচ্য তিথিরূপা রাত্রিসমূহ ও ধ্রুব এবং নিত্যরূপে অবস্থিত মহাকলাকেই লক্ষ্য করাইয়া দেয়! এইরূপ বৃহদারণ্যক শ্রুতিতে উল্লেখ আছে। এই ষোড়শ কলার অভেদ বচনে মনেরও ষোড়শকলত্বে এখানে উপচার করা

তেভ্যোঽগ্নয়ঃ সমভবংশ্চত্বারিংশচ্চ পঞ্চ চ।
ত এবৈকোনপঞ্চাশৎ সাকং পিতৃপিতামহৈঃ ॥ ৪৭ ॥
বৈতানিকে কর্ম্মণি যন্নামভির্ব্রহ্মবাদিভিঃ।
আগ্নেয্য ইষ্টয়ো যজ্ঞে নিরূপ্যন্তেঽগ্নয়স্তু তে ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

তেভ্যঃ পাবক-পবমান-শুচিনামভ্যঃ পঞ্চচত্বারিংশৎ অগ্নয়ঃ সমভবন্ জাতাঃ, তে এব পিতৃপিতামহৈঃ (পিতৃভিঃ পাবকপবমানশুচিভিঃ পিতামহেন অগ্নিনা সহ একোনপঞ্চাশৎ জাতাঃ ॥ ৪৭ ॥

বৈতানিকে বেদপ্রতিপাদিতে, যজ্ঞে কর্ম্মণি যন্নামভিঃ (যেষাং অগ্নীনাং নামভিঃ) ব্রহ্মবাদিভিঃ আগ্নেয্যঃ অগ্নিদেবতাকাঃ, ইষ্টয়ঃ নিরূপ্যন্তে ক্রিয়ন্তে, তে এব এতে অগ্নয়ঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

পিতরস্ত্রয়ঃ পিতামহ একঃ তৈঃ সাকং সহ ॥ ৪৭ ॥

বৈতানিকে বৈদিকে কর্ম্মণি যজ্ঞে যেষাং নামভিরগ্নিদেবতাকা ইষ্টয়ো নিরূপ্যন্তে তএতে অগ্নয়ো ন লৌকিকাঃ অতো বহূনাং ন বৈয়র্থ্যমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিতরস্ত্রয়ঃ পিতামহ একঃ তৈঃ সাকং সহ ॥ ৪৭ ॥

বৈতানিকে বৈদিকে কর্ম্মণি যজ্ঞে যেষাং নামভিরগ্নিদেবতাকা ইষ্টয়ো নিরূপ্যন্তে ক্রিয়ন্তে ত এবৈতেঽগ্নয়ো ন লৌকিকা অতো ন বহূনাং বৈয়র্থ্যমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

এই পাবকাদি অগ্নিপুত্রত্রয় হইতে পঞ্চচত্বারিংশ অগ্নির উৎপত্তি হইয়াছে; সকলেই বহ্নির স্বরূপ এবং পিতামহ বহ্নি, পিতা পাবকাদি তিন জনকে লইয়া একোনপঞ্চাশৎ অগ্নি সর্ব্বসমেত উৎপন্ন হইল ॥ ৪৭ ॥

বেদপ্রতিপাদিত যজ্ঞকর্ম্মে যে সকল অগ্নির নাম উচ্চারণ পূর্ব্বক কর্ম্মিষ্ঠ ব্রহ্মবাদি ব্রাহ্মণগণ অগ্নিসম্বন্ধীয় আহুতি সকল প্রদান করিয়া থাকেন, ইহাঁরাই সেই সকল অগ্নি ॥ ৪৮ ॥

আভাস।

হইয়াছে মাত্র। কিন্তু কৃষ্ণশুক্ল পক্ষভেদে উক্ত পঞ্চদশকলা বা তিথি ত্রিংশৎ রূপের অবতারণা করে, সেইরূপ তিথিতুল্য মনের বৃত্তি সমুদায়কে প্রজাপতি দক্ষের ন্যায় ধর্ম্ম, অগ্নি, পিতৃগণ ও শঙ্করকে প্রদান করিতে পারিলে, জীব অনায়াসে মুক্তি লাভ করিতে পারে, সন্দেহ নাই। জীবের যখন উৎপত্তি হইয়াছে, তখন মনোনিষ্ঠ বৃত্তিরও অবশ্য উদয় হইয়াছে; সন্দেহ নাই। কিন্তু যদি সেই সকল বৃত্তিকে কেবল ভোগের উদ্দেশে বিষয়ের পত্নী করা যায়, তাহা হইলে কৃষ্ণপক্ষের উদয়ে ক্রমান্বয়ে অমাবস্যা রূপ সম্পূর্ণ

অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সৌম্যাঃ পিতর আজ্যপাঃ।
সাগ্নয়োঽনগ্নয়স্তেষাং পত্নী দাক্ষায়ণী স্বধা ॥ ৪৯ ॥
তেভ্যো দধার কন্যে দ্বে বয়ুনাং ধারিণীং স্বধা।
উভে তে ব্রহ্মবাদিন্যৌ জ্ঞানবিজ্ঞানপারগে ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সৌম্যাঃ আজ্যপাঃ চ পিতরঃ তে চ সাগ্নয়ঃ (যেষাং অগ্নৌ করণং অস্তি তে সাগ্নয়ঃ তদ্রহিতাঃ অনগ্নয়শ্চ) দাক্ষায়ণী (দক্ষস্য পঞ্চদশী কন্যা) স্বধা এব তেষাং পত্নী ॥ ৪৯ ॥

তেভ্যঃ পিতৃভ্যঃ সকাশাৎ স্বধা বয়ুনাং ধারিণীং চ ইতি দ্বে কন্যে দধার; তে উভে কন্যে ব্রহ্মবাদিন্যৌ (ব্রহ্মবদনং শীলং যয়োঃ তে) জ্ঞানবিজ্ঞানপারগে (জ্ঞানং শাস্ত্রীয়ং বিজ্ঞানং স্বরূপানুভবঃ তৎপ্রাপ্তবত্যৌ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

সৌম্যাঃ সোমপাঃ যেষামগ্নৌকরণমস্তি তে সাগ্নয়ঃ তদ্রহিতা স্ত্বনগ্নয়ঃ ॥ ৪৯ ॥
তয়োস্তু সন্ততির্নাভবৎ জীবন্মুক্তত্বাদিত্যাহ উভে তে ইতি ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সৌম্যাঃ সোমপা যেষামগ্নৌ করণমস্তি তে সাগ্নয়ঃ তদ্রহিতাস্ত্বনগ্নয়ঃ ॥ ৪৯ ॥

হে বৎস! অগ্নিষ্বাত্তা, বর্হিষদ, সৌম্য ও আজ্যপা নামক পিতৃগণ সাগ্নিক ও নিরগ্নিক ভেদে দ্বিবিধ; দক্ষ প্রজাপতির কন্যা স্বধাকে ইহাঁরা পত্নীত্বে পরিগ্রহ করিয়াছিলেন ॥ ৪৯ ॥

স্বধা এই পিতৃগণের ঔরসে বয়ুনা ও ধারিণী নামে দুইটী কন্যা প্রসব করেন; তাঁহারা উভয়েই বেদশাস্ত্রে পারদর্শিনী ও জ্ঞানবিজ্ঞানসম্পন্না হইয়াছিলেন ॥ ৫০ ॥

আভাস।

অজ্ঞানাত্মক অভিমানে জড়িত হইয়া যে নরকস্থ হইতে হইবে, তাহাতে আর সন্দেহ নাই; কিন্তু ধর্ম্মে, বৈদিক হোম কর্ম্মে, পিতৃলোকের তৃপ্তি সাধক শ্রাদ্ধকর্ম্মে ও জ্ঞান-বিচারে বৃত্তিসহ অভিমানকে নিয়োজিত করিতে পারিলে, পূর্ণিমার নিত্য উদয়ের ন্যায় জীব জীবন্মুক্ত হইতে পারে। যে সকল বৃত্তিকে ধর্ম্মের অনুগামিনী করা উচিত, তাহাদিগের ত্রয়োদশকে দক্ষের প্রথম ত্রয়োদশ কন্যা নামে অভিহিত করা হইয়াছে। ধর্ম্মানুগামিনী এই দ্বাদশ বৃত্তির নিয়োগে অন্ত্যা বৃত্তি মূর্ত্তি বিষয়ভাবে ভাবিত না হইয়া, পরমার্থভাবে পরিণতা হয়; এবং প্রেমপূর্ণ ভগবৎস্বরূপের সত্ত্ববিগ্রহ ভক্তহৃদয়ে ধারণায় উপযোগিতা জন্মায়। পূর্ব্বোক্ত দ্বাদশ বৃত্তির আর বিশেষ উল্লেখ করা হইল না; তাহাদের গর্ব্ভোৎপন্ন

ভবস্য পত্নীতু সতী ভবং দেবমনুব্রতা।
আত্মনঃ সদৃশং পুত্রং ন লেভে গুণশীলতঃ॥ ৫১ ॥
পিতর্য্যপ্রতিরূপে স্বে ভবায়ানাগসে রুষা।

অন্বয়ঃ।

দেবং ভবং শিবং অনুব্রতা ভবস্য পত্নী দক্ষদুহিতা সতী গুণশীলতঃ আত্মনঃ সদৃশং পুত্রং ন লেভে প্রাপ্তবতী॥ ৫১ ॥

স্বে পিতরি দক্ষে, অনাগসে নিরপরাধায়, অপি ভবায় অপ্রতিরূপে (তৎলক্ষীকৃত্য প্রতিকূলাচারপরে সতি) অপ্রৌঢ়েব যুবতী এব, সতী রুষা ক্রোধেন যোগসংযুতা আত্মনা ভবং

শ্রীধরস্বামী।

গুণশীলতঃ আত্মনঃ সদৃশং দেবমনুব্রতাপি সতী পুত্রং ন লেভে॥ ৫১ ॥

তত্র হেতুঃ স্বে পিতরি দক্ষেঽপ্রতিরূপে অসদৃশে প্রতিকূলে সতীত্যর্থঃ আত্মনা স্বয়মেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেভ্যঃ পিতৃভ্যঃ সকাশাৎ স্বধা দ্বে কন্যে দধার গর্ব্ভে ইতি শেষঃ॥ ৫০ ॥ ৫১ ॥

পুত্রং ন লেভে ইত্যত্র হেতুঃ। অনাগসে ভবায় রুষা কোপেন হেতুনা স্বে পিতরি

দক্ষের সর্ব্বকনিষ্ঠা কন্যা সতী মহাদেবকে পতিত্বে বরণ করেন; কিন্তু তিনি উপযুক্ত গুণ ও শীলসম্পন্ন পুত্র মহাদেবের নিকট হইতে লাভ করিতে পারেন নাই॥ ৫১ ॥

তাহার বিশেষ কারণ স্বকীয় পিতা প্রজাপতি দক্ষ জামাতার কোন

আভাস।

পুত্রের নাম অনুসারে সাধকগণ স্বহৃদয়েই বিচার করিয়া লইবেন; গ্রন্থবাহুল্য-ভয়ে এস্থানে আর বিশেষ বিবৃত করা হইল না॥

ধর্ম্মানুষ্ঠান দ্বারা উপযোগিতা লাভ হইলে, বৈরাগ্য, সামর্থ্যলাভ ও মুক্তি পর পর তিনটী বৃত্তির দ্বারা ঘটিয়া থাকে; এবং তিন বৃত্তিকে দক্ষের স্বাহা, স্বধা ও সতী নামক কন্যার সহিত তুলনা করা হইয়াছে। স্বাহার দ্বারা যজ্ঞ, স্বধার দ্বারা পিতৃলোকের তৃপ্তি এবং সতীতে নির্ম্মুক্তি হইয়া থাকে। স্বাহার গর্ব্ভে প্রথম তিন পুত্র হয়; অর্থাৎ দৈহিক, ঐন্দ্রিয়িক ও মানসিক দ্রব্যের সম্প্রদানে পাবক, পবমান ও শুচিরূপ ভাবের উদ্বোধন হয়। এতদ্দ্বারা স্থূল সূক্ষ্ম ক্রমে দশবিধ দৈহিক বিষয়ের নিবৃত্তি দেখান হইল। জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও কর্ম্মেন্দ্রিয় পঞ্চ এবং শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ বিষয়ও স্থূল সূক্ষ্ম ক্রমে দ্বিবিধ হওয়ায়, উভয় জ্ঞানও কর্ম্মেন্দ্রিয়ের বিষয় গণনা করিলে, বিংশতি প্রকার এবং মানসিক বিষয়ও ঐ প্রকার স্থূল সূক্ষ্ম ক্রমে দশবিধ; সর্ব্বসমেত দৈহিক, ঐন্দ্রিয়িক ও মানসিক বিষয় চত্বারিংশৎ প্রকার। প্রকৃতির পঞ্চ অবস্থা অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও

অপ্রৌঢ়েবাত্মনাত্মানমজহাদ্‌ যোগসংযুতা ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দাক্ষায়ণং নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

বিদুর উবাচ ॥

ভবে শীলবতাং শ্রেষ্ঠে দক্ষো দুহিতৃবৎসলঃ।

অন্বয়ঃ।

ভাবয়ন্তী সতী আত্মানং দেহং অজহাৎ ত্যক্তবতী ॥ ৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে প্রথমাধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

আত্মানং দেহং অজহাৎ ত্যক্তবতী যোগসংযুতা যোগমাশ্রিত্যেত্যর্থঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে প্রথাধ্যায়োপক্ষিপ্তে ভবদক্ষয়োঃ।
বিদ্বেষে বর্ণ্যতে হেতু র্বিশ্বস্‌ক্‌ যজ্ঞসম্ভবঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রতিরূপে অসদৃশে অপ্রতিকূলে সতীত্যর্থঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অপরাধ না থাকিলেও তাঁহার বিরুদ্ধাচরণ করিয়াছিলেন বলিয়া সতী ক্রোধে অপরিণত বয়সেই দেহত্যাগ করিয়াছিলেন ॥ ৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের প্রথম অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

অভিনিবেশ ভেদে পঞ্চ বিষয় হইতে প্রতিনিবৃত্তিরূপ ভাব পাঁচ প্রকার। এই সর্ব্বসমেত পঞ্চচত্তারিংশৎ ভাব বা বিষয়রস স্বধা সহকারে হুতাশনে আহুতি প্রদান করিতে হয়। এই এক একটীকে এক একটী স্বাহার পুত্র পৌত্র ও স্বামীর স্বরূপে নিরূপণ করিতে হইবে। এই পঞ্চচত্তারিংশ প্রকারের বৈরাগ্যে পবিত্র হইলে, স্বধানাম্নী বৃত্তিকে পিতৃগণে প্রদান পূর্ব্বক জীবকে সামর্থ্য লাভ করিতে হইবে। এই স্বধার গর্ব্ভে বয়ুনা অর্থাৎ প্রবৃত্তিবেগ এবং ধারণী অর্থাৎ গ্রহণ সামর্থ্য জন্মে। সতীর আর পুত্র নাই; কারণ মুক্তিতে কোন ফলপ্রাপ্তি ঘটে না। পূর্ব্বোক্ত পঞ্চদশ প্রকারেই ক্রমান্বয়ে এক একটী ফলের আগমে জীবের উন্নতি পথ প্রশস্ত হয় এবং সমাধিতে অহঙ্কার তত্ত্বের বিলয়ে কেবল মুক্তিকে আনয়ন করে ॥ ৩৮—৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত প্রথম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

বিদ্বেষমকোরৎ কস্মাদনাদৃত্যাত্মজাং সতীং ॥ ১ ॥
কস্তং চরাচরগুরুং নির্ব্বৈরং শান্তবিগ্রহং।
আত্মারামং কথং দ্বেষ্টি জগতো দৈবতং মহৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। দুহিতৃবৎসলঃ দক্ষঃ আত্মজাং সতীং অনাদৃত্য শীলবতাং শ্রেষ্ঠে ভবে কস্মাৎ বিদ্বেষং অকরোৎ ॥ ১ ॥

চরাচরগুরুং নির্ব্বৈরং শান্তবিগ্রহং (শান্তং শান্তিরেব বিগ্রহো যস্য তং) জগতঃ মহৎ দৈবতং আত্মারামং (আত্মনি এব আরামো রতি র্যস্য তং) তং শিবং কঃ কথং দ্বেষ্টি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সতীং সতীনাম্নীং ॥ ১ ॥

নচাসৌ কস্যচিদ্বিদ্বেষার্হ ইত্যাহ ক ইতি। চরাচরগুরুং জগতো দৈবতঞ্চ তং কো দ্বেষ্টি কথঞ্চ নির্ব্বৈরং দ্বেষ্টি নির্ব্বৈরত্বে হেতু ভাবে ক্তঃ। শান্তং শান্তিরেব বিগ্রহো যস্য কুতঃ আত্মন্যেবারামো রতি র্যস্য তং। যথা কঃ প্রজাপতি র্দক্ষঃ কথং দ্বেষ্টি এবংভূতে তস্মিন্ দ্বেষোহযুক্তোহশক্যশ্চেত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়ে বহুনিন্দিত্বা শিবং দক্ষে গতে রুষা।
যুযুধাতে শাপশস্ত্রৈর্নন্দীশ্বরভৃগুং মুহুঃ ॥ * ॥

শীলেতি ভবস্য সৌশীল্যাৎ দক্ষস্য তদ্ভক্ত্যভাবেহপি দুহিতৃবাৎসল্যাৎ ভবদ্বেষো ন ইতি ভাবঃ ॥ ১ ॥

ভবস্য সর্ব্বৈরেবাদ্বেষ্যত্বে হেতুমাহ ক ইতি যদ্বা কঃ প্রজাপতিঃ চরাচরগুরুং নির্বৈরমিত্যাদিভি গু'রুর্হি বৈরবানপ্যশান্তদেহোহপি বহির্দর্শ্যপি ন দ্বেষার্হ ইতি ধ্বনিঃ। অন্যে গুণা মা বিচার্য্যন্তাং নাম ভবস্য জগদ্গুরুত্বে জগদিষ্টদৈবত্বেচ দক্ষস্যতু জগন্মধ্যবর্ত্তিত্বে দ্বেষসংভাবনাপি কথং স্যাদিত্যনুধ্বনিঃ ॥ ২ ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! প্রজাপতি দক্ষ দুহিতাগণের প্রতি বিশেষ স্নেহ করিতেন; তথাপি কনিষ্ঠা কন্যা সতীকে উপেক্ষা করত গুণবানগণের অগ্রগণনীয় দেবদেব ত্র্যম্বকের প্রতি কেন বিদ্বেষাচরণ করিয়াছিলেন! ॥ ১ ॥

বিশেষত মহাদেব স্থাবর, জঙ্গম প্রাণী মাত্রেরই গুরু এবং শান্তির স্বরূপ; কাহারও প্রতি তিনি বিদ্বেষাচরণ করেন না; জগতে পরম দেবতাই আশুতোষ; অতএব তাদৃশ আত্মারামের বিরুদ্ধাচরণ কি কারণে কে করিতে

আভাস।

দ্বিতীয়াধ্যায়ে ভব ও দক্ষপ্রজাপতির বিদ্বেষের কারণ ও বিশ্বস্রষ্টাদিগের যজ্ঞবৃত্তান্ত বর্ণিত হইয়াছে ॥

এতদাখ্যাহি মে ব্রহ্মন্ জামাতুঃ শ্বশুরস্যচ।
বিদ্বেষস্তু যতঃ প্রাণাং স্তত্যাজ দুস্ত্যজান্ সতী ॥ ৩ ॥
মৈত্রেয় উবাচ ॥
পুরা বিশ্বসৃজাং সত্রে সমেতাঃ পরমর্ষয়ঃ।
তথামরগণাঃ সর্ব্বে সানুগা মুনয়োঽগ্নয়ঃ ॥ ৪ ॥
তত্র প্রবিষ্টমৃষয়ো দৃষ্ট্বার্কমিব রোচিষা।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! এতৎকারণং আখ্যাহি যতঃ জামাতুঃ শ্বশুরস্য চ বিদ্বেষঃ অভূৎ যতঃ বিদ্বেষাচরণাৎ সতী দুস্ত্যজান্ অপি প্রাণান্ তত্যাজ ॥ ৩ ॥

মৈত্রেয়ঃ উবাচ। পুরা প্রথমকল্পে স্বায়ম্ভুবমন্বন্তরে, বিশ্বসৃজাং মরীচ্যাদীনাং সত্রে পরমর্ষয়ঃ বশিষ্টনারদাদয়ঃ, তথা সানুগাঃ সর্ব্বে অমরগণাঃ ইন্দ্রাদয়ঃ মুনয়ঃ অগ্নয়শ্চ সর্ব্বে সমেতাঃ আসন্ ॥ ৪ ॥

স্বরোচিষা প্রকাশেন, তৎ মহৎসদঃ (মহতাং সদঃ সভাং) বিতিমিরং অন্ধকাররহিতং কুর্ব্বন্তং অর্কং ইব ভ্রাজমানং প্রকাশমানং তত্র প্রবিষ্টং দক্ষং দৃষ্ট্বা তদ্ভাসাক্ষিপ্তচেতসঃ

শ্রীধরস্বামী।

যতো হেতো র্বিদ্বেষো যতো বিদ্বেষাৎ প্রাণাং স্তত্যাজ এতদাখ্যাহি ॥ ৩ ॥
তদেবাখ্যাতুমিতিহাসং প্রস্তৌতি পুরেতি। সমেতা আসন্ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ কারণাদ্বিদ্বেষঃ। এতদাখ্যাহি যতো বিদ্বেষাচ্চ প্রাণাংস্তত্যাজ ॥ ৩ ॥
সমেতা আসন্ ॥ ৪ ॥

পারে? ॥ ২ ॥

হে ব্রহ্মন্! যে বিদ্বেষবশে সতী অপরিত্যজ্য জীবনও অনায়াসে পরিত্যাগ করিয়াছিলেন, সেই শ্বশুর জামাতার বিষম বিদ্বেষের কারণ আপনি আমার নিকট বর্ণন করুন ॥ ৩ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, স্বায়ম্ভুব মন্বন্তরের প্রথম কল্পে মরীচ্যাদি বিশ্ব-স্রষ্টাগণে সত্রযাগে বশিষ্ঠাদি পরমর্ষিগণ ও অন্যান্য ঋষিকুল, অগ্নিগণ এবং অনুচরগণে পরিবেষ্টিত মহেন্দ্রাদি দেববৃন্দ সকলেই উপস্থিত হইয়াছিলেন ॥ ৪

এমন সময়ে স্বীয় প্রভায় দিক্‌দিগন্ত আলোকিত করত সাক্ষাৎ দিবাকরের ন্যায় সমুজ্জ্বল জ্যোতিতে সভামণ্ডল প্রদীপিত পূর্ব্বক প্রজাপতি দক্ষ সেই সভামধ্যে যখন প্রবেশ করিলেন, তখন তাঁহাকে অবলোকন করিয়া সমবেত সভাসদগণের দৃষ্টি যেন বিহ্বল হইয়া গেল। তখন কমলাসন ও ত্রিলোচন

ভ্রাজমানং বিতিমিরং কুর্ব্বন্তং তন্মহৎসদঃ॥
উদতিষ্ঠন্ সদস্যাস্তে স্বধিষ্ণেভ্যঃ সহাগ্নয়ঃ।
ঋতে বিরিঞ্চাচ্ছর্ব্বাচ্চ তদ্ভাসাক্ষিপ্ততেজসঃ॥ ৫॥
সদসস্পতিভির্দক্ষো ভগবান্ সাধু সৎকৃতঃ।
অজং লোকগুরুং নত্বা নিষসাদ তদাজ্ঞয়া॥ ৬॥

অন্বয়ঃ।

(তস্য দক্ষস্য ভাসা প্রভাবেণ, ক্ষিপ্তং তিরস্কৃতং, তেজো যেষাং তে) সহাগ্নয়ঃ ঋষয়ঃ তথা বিরিঞ্চাৎ ব্রহ্মণঃ, শর্ব্বাৎ শিবাৎ, চ ঋতে বিনা, সর্ব্বে সদস্যাঃ স্বধিষ্ণেভ্যঃ স্বাসনেভ্যঃ, উদতিষ্ঠন্ উত্থিতাঃ॥ ৫॥

সদসস্পতিভিঃ সভ্যমুখ্যৈঃ, সাধু সম্যক্, সৎকৃতঃ সম্মানিতঃ, ভগবান্ দক্ষঃ, লোকগুরুং অজং ব্রহ্মাণং, নত্বা তদাজ্ঞয়া তস্য আজ্ঞয়া নিষসাদ উপবিবেশ॥ ৬॥

শ্রীধরস্বামী।

প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ মহৎসদঃ মহতীং সভাং॥ ৫॥

স্বধিষ্ণেভ্যঃ স্বীয়াসনেভ্যঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ॥ ৫॥ ৬॥

ব্যতীত যাবতীয় সভ্য স্ব স্ব আসন হইতে গাত্রোত্থান করিলেন॥ ৫॥

এবং শ্রেষ্ঠ সভ্যগণ অতি আদরের সহিত প্রজাপতিকে অভ্যর্থনা করিলেন। তখন দক্ষ কমলাসনকে প্রণিপাত করিয়া, তাঁহার অনুমতি গ্রহণে স্বীয় আসনে উপবেশন করিলেন॥ ৬॥

আভাস।

চতুর্ব্বিংশতি তত্ত্ববিশিষ্ট মানবদেহের অভ্যন্তরে কর্ত্তৃত্বভাবে অহঙ্কারতত্ত্ব অভিমান না থাকিলে, কোন কর্ম্মেরই সাধন হয় না। অভিমান অর্থাৎ অহংবোধই জীবকে বিচিত্র বিষয়ে আসক্ত করিয়া অনন্ত কর্ম্মের উৎপাদন করে ও বিবিধ ফল ভোগ করায়। অহঙ্কারতত্ত্ব জীবের যেমন সংসারক্ষেত্রের প্রেরক, সেইরূপ বাহ্যাভ্যন্তরভেদে তত্ত্বগ্রামেরও উৎপাদক। সাংখ্যকার তাঁহার তত্ত্বকৌমুদীতে বলিয়াছেন, "প্রকৃতের্ম্মহাংস্ততোঽহঙ্কারস্তস্মাদ্গণশ্চ ষোড়শকঃ। তস্মাদপি ষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চভূতানি"। মূল প্রকৃতি বা ঈশ্বরের ইচ্ছাশক্তিরূপা আদ্যা মহাশক্তি হইতে প্রথম মহত্তত্ত্ব বা বুদ্ধি পরিণতাভাবে উৎপন্ন হয়। এই বুদ্ধিতত্ত্বের পরিণতিতে তদপেক্ষা স্থূল অহঙ্কারতত্ত্ব বা অভিমান জন্মে। এই অভিমানই জীবের মূল সম্পত্তি "আমিবোধ"। যদবধি "আমি" বলিয়া হৃদয়ে ভাবের উদ্রেক না হয়, তদবধি তাহার সংসারের সহিত কোন সম্পর্কই থাকে না।

প্রাঙ্‌নিষণ্ণং মৃড়ং দৃষ্ট্বা নামৃষ্যত্তদনাদৃতঃ।
উবাচ বামং চক্ষুর্ভ্যামভিবীক্ষ্য দহন্নিব॥ ৭॥

অন্বয়ঃ।

প্রাঙ্‌নিষণ্ণং (স্বোপবেশনাৎ প্রাক্ পূর্ব্বমেব নিষণ্ণং আসীনং) ন অমৃষ্যৎ অসহমানো জাতঃ, দক্ষঃ যতঃ তেন অভ্যুত্থাদিনা অনাদৃতঃ অসৎকৃতঃ, অতঃ বামং কুটিলং, যথা স্যাৎ তথা চক্ষুর্ভ্যাং দহন্ ইব মৃড়ং অভিবীক্ষ্য সদস্যান্ প্রতি উবাচ॥ ৭॥

শ্রীধরস্বামী।

প্রাক্ স্বোপবেশনাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টঃ মৃড়ং শিবং। তদনাদৃতং তেনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ নামৃষ্যৎ নাসহত। বামং বক্রং যথা ভবতি তথাভিবীক্ষ্য॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাক্ স্বোপবেশাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টং তদনাদৃতঃ তেন মৃড়েনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ বামং বক্রং যথা স্যাত্তথা॥ ৭॥

কিন্তু স্বয়ং উপবিষ্ট হইবার পূর্ব্বেই মহাদেবকে স্বীয় আসনে উপবিষ্ট অবলোকন করিয়া, প্রজাপতি দক্ষ মনে মনে আপনাকে অপমানিত বোধ করিলেন। তিনি সভায় প্রবিষ্ট হইলে, অন্যান্য সভ্যের ন্যায় মহাদেব গাত্রোত্থানাদির দ্বারা তাঁহার অভ্যর্থনা না করায়, দক্ষ প্রজাপতির ক্রোধের উদয় হইল। তিনি তখন কুটিল দৃষ্টির সঞ্চালনে মহাদেবকে যেন দগ্ধ করত সদস্যগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন॥ ৭॥

আভাস।

সদসৎ যাবতীয় কর্ম্মে প্রবৃত্ত বা নিবৃত্ত এক "আমিবোধকে" দেখিতে পাওয়া যায়। আমিবোধের সঙ্গেই সংসার নিবদ্ধ; আমিবোধের অপলোপেই সংসার ধ্বংস হইয়া যায়; এবং বিজ্ঞানময় কোষে জীবন্মুক্তভাবে জীব বিশ্রাম করে। ব্যষ্টি অর্থাৎ পৃথক্ পৃথক্‌ভাবে অবস্থিত জীবের আমিবোধকে যেমন তাহার সংসারের প্রধান কারণ বলিয়া উপলব্ধ হয়, সমষ্টি সৃষ্টির পক্ষেও সেইরূপ একটী অভিমানব্যঞ্জক তত্ত্ব আছে, যাহাকে এই অধ্যায়ের প্রজাপতি দক্ষের সহিত তুলনা করা বিধেয়। অহঙ্কারতত্ত্ব হইতে পঞ্চ তন্মাত্র ও একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ পদার্থ সমুৎপন্ন হইয়া থাকে। এবং উক্ত ষোড়শ পদার্থের মধ্যে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ তন্মাত্রের পরিণামে ক্ষিতি, অপ্, তেজ- মরুত ও ব্যোম এই পঞ্চ মহাভূতের সৃজন হয়। জীবদেহের সংসারপ্রদ মূল তত্ত্বই যেমন "আমিবোধ" অভিমান, সেইরূপ সৃষ্টিপ্রকরণের সৃষ্টিসংসূচক মূলতত্ত্বই অভিমান- স্থানীয় প্রজাপতি দক্ষ। যিনি প্রপঞ্চ উৎপাদনে সমর্থ হইয়া যাবতীয় প্রজাকে উৎপাদন করিতেছেন, তিনিই "দক্ষ" নামে অভিহিত হইয়াছেন। দক্ষ প্রজাপতি "শিবং শান্তং অদ্বৈতং চতুর্থমিতি মন্যন্তে" বলিয়া শ্রুত্যনুসারে যাঁহাকে তুরীয় চৈতন্য বলা যায়,

শ্রূয়তাং ব্রহ্মর্ষয়ো মে সহ দেবাঃ সহাগ্নয়ঃ।
সাধূনাং ব্রুবতো বৃত্তং নাজ্ঞানান্নচ মৎসরাৎ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

হে সহদেবাঃ সহাগ্নয়ঃ দেবাদিভিঃ সহবর্ত্তমানাঃ ব্রহ্মর্ষয়ঃ! ন অজ্ঞানাৎ অবিবেকাৎ, ন চ মৎসরাৎ সাধূনাং বৃত্তং আচারং ব্রুবতঃ মে মম বচনং ভবদ্ভিঃ শ্রূয়তাং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

মে বচনং শ্রূয়তাং অজ্ঞানাৎ মৎসরাচ্চ ন ব্রুবতঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মে বচনমিতি শেষঃ সাধূনাং চরিত্রং ব্রুবতঃ বক্তুং প্রবৃত্তস্য মমাসাধূনাং নিন্দা স্যাদেব তত্র ভবদ্ভিরপরামর্শেন দুঃখং ন প্রাপ্যতামিতি ধ্বনিঃ শালিক্ষেত্রাণাং যবসাদ্যপসারণাভাব ইব সাধূনামপ্যসাধূদ্বেষাভাবে দুঃখং স্যাৎ অন্বেষ্টুর্জনস্য তেষু সাধুষপরাধোঽপি স্যাদিত্যনুধ্বনিঃ। নম্নু শিবস্যাসাধুত্বমজ্ঞানাদেব ত্বয়োচ্যতে ইতি চেত্তত্র মমাজ্ঞানমণ্বপি নাস্তি। মৎসরস্তু ময়া জন্মারভ্য ন পরিচীয়ত ইত্যাহ নাজ্ঞানাদিতি ॥ ৮ ॥

ওহে দেববৃন্দ ও অগ্নিসমূহে সমবেত ব্রহ্মর্ষিগণ! অদ্য আমার মুখে সাধুগণের সদাচার বিষয় শ্রবণ কর! কিন্তু সকলে জানিবেন যে, আমি কখন বিবেচনা না করিয়া, বা মাৎসর্য্য বশত কোন কথাই বলিব না।। ৮ ॥

আভাস।

সেই ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিকালদর্শী ত্রিলোচনকে অবজ্ঞা না করিলে, তাঁহার দ্বারা সৃষ্টির প্রচয় নিতান্তই অসম্ভব। মহত্তত্ত্ব বা বিজ্ঞানবলে ত্রিলোচনের প্রতি দৃষ্টি নিপতিত হইবামাত্র, অহম্ভাবের খণ্ডন হয় এবং সংসারক্ষয়ে চৈতন্যস্বরূপ জীবের পরমচৈতন্যে বিশ্রান্তি লাভে বিমুক্তি ঘটে। অতএব পরমাত্মস্বরূপ ভগবানকে কিরূপ বিস্মৃত হইয়া ও কিরূপ তাঁহার বিপক্ষতাচরণ করিয়া যে, আমরা সংসারে গমন করি, তাহাই এই শিবদক্ষ বিরোধের দ্বারা গ্রন্থকার প্রকাশ করিয়াছেন ॥

মরীচ্যাদি বিশ্বস্রষ্টৃগণের যজ্ঞ যে, কেবল একবার হইয়া গিয়াছে, এমত নহে; যাবৎ সৃষ্টির অস্তিত্ব রহিয়াছে, তাবৎ সেই সত্রযাগও প্রবর্ত্তিত জানিতে হইবে; এবং নিজ হৃদয় মন্দিরেও মূল জন্ম হইতে শেষ মৃত্যু পর্য্যন্ত, উক্ত যজ্ঞ ব্যষ্টিভাবে যে চিরপ্রচলিত রহিয়াছে, তাহা অবশ্যই অনুমন্তব্য। সৃষ্টির ইচ্ছা, পালনের ইচ্ছা ও পুনঃ আত্মস্বরূপে উপসংহারের ইচ্ছারূপ শক্তিত্রয়ের প্রকটনে যিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহাদেব নামে সমষ্টি ব্রহ্মাণ্ডে বিরাজ করত মূল সত্রযাগের পূজিত দেবতা, তিনি জীবমাত্রেরই অন্তঃকরণে পূর্ব্বোক্ত সকল ভাবে বিরাজ করত অধিষ্ঠিত যে আছেন, সে বিষয়ে আর সন্দেহ নাই। যেরূপে দক্ষ ত্রিলোচনকে অবজ্ঞা করিয়াছিলেন, তাহাই এস্থলে বর্ণিত হইয়াছে ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

সত্রযজ্ঞে সমবেত ব্রহ্মর্ষিপ্রভৃতি সভাসদ্‌গণকে সম্বোধন পূর্ব্বক প্রজাপতি বলিলেন যে,

অয়ন্তু লোকপালানাং যশোঘ্নো নিরপত্রপঃ।
সদ্ভিরাচরিতঃ পন্থা যেন স্তব্ধেন দূষিতঃ॥ ৯॥

অন্বয়ঃ।

অয়ং শিবঃ তু লোকপালানাং যশোঘ্নঃ নিরপত্রপঃ নির্লজ্জঃ চ যতঃ স্তব্ধেন উচিত-ক্রিয়াশূন্যেন, যেন শিবেন সদ্ভিঃ আচরিতঃ পন্থা দূষিতঃ॥ ৯॥

শ্রীধরস্বামী।

স্তব্ধেন উচিতক্রিয়াশূন্যেন। ধ্বস্তেনেতি পাঠে ভ্রষ্টেন॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্যাসাধুত্বমেকাগ্রমনসঃ শৃণুতেত্যাহ লোকপালানাং যশোঘ্ন ইতি তুল্যজাতীনাং সতামেকস্যাপ্রতিষ্ঠায়াং সর্ব্বেষামেব দুর্যশো লোকৈরুদ্‌ঘুষ্যত ইতি ভাবঃ। বস্তুতস্তু তদীয় সরস্বতী শিবং স্তৌতি যথা যশোঘ্নঃ স্বযশসা তেষাং যশস্তিরস্কর্ত্তা নির্গতা অপত্রা ত্রাণং যেষাং তান্ অশরণান্ পাতীতি সঃ। কেন প্রকারেণেত্যত আহ যেন অসুরাদিনা সদ্ভিরা-চরিতঃ পন্থা দূষিত স্তস্য ধ্বস্তেন ধ্বংসনেন স্তব্ধেনেতি পাঠে স্তব্ধানাং গর্ব্ববতাং ইনা শ্রেষ্ঠাস্তৈর্দূষিতঃ পন্থা যেন হেতুনৈব সদ্ভিরাচরিতঃ॥ ৯॥

এই যে মহাদেবকে অবলোকন করিতেছ! ইনি নিতান্ত নির্লজ্জ ও স্বকীয় আচরণের দ্বারা লোকপালগণের সদাচারকে কলুষিত করিতেছেন॥ ৯॥

আভাস।

দেখুন! আমি অবশ্য সাধুর আচরণের কথা বলিতে অগ্রসর হইয়াছি বটে, কিন্তু তন্মধ্যে অসাধুর অসদাচরণের উল্লেখ করা প্রয়োজন কি না, তাহা আপনারাই মনোমধ্যে বিচার করিয়া লউন। অসাধুর অসদাচরণের উল্লেখ না করিলে, স্পষ্টত সাধুর সদাচারের পরিচয় দেওয়া হয় না। সুতরাং সদাশিবের সম্পূর্ণ অসদাচরণের কথাই আমি এস্থলে নির্দ্দেশ করিব। কিন্তু তাহাতে আপনারা আমার অজ্ঞানতা বা মাৎসর্য্যদোষ বলিয়া গণ্য করিবেন না; কারণ আমাতে কণামাত্র অজ্ঞানতা ত নাই এবং জন্ম হইতে মৎসরতা দোষ আমাকে কখন স্পর্শ করে নাই। দক্ষ এইরূপ অতি সামান্য জ্ঞানে সদাশিবের প্রতি বৃথা যে সকল দোষের উক্তি করিয়াছেন, তাহাতে প্রকৃত প্রস্তাবে মহাদেবের গুণ-কীর্ত্তনই করা হইয়াছে। কারণ দক্ষ বলিয়াছেন, 'মহাদেব লোকপালগণের যশোঘ্ন'; অর্থাৎ স্বীয় বিপুল যশোরাশির বিস্তার দ্বারা লোকপালগণেরও কীর্ত্তি এবং যশঃ তিরোহিত করিয়াছেন। তিনি "নিরপত্রপঃ" অর্থাৎ অপত্র ত্রাণ যাহাদের নাই, তাদৃশ নিরপত্র অর্থাৎ স্মরণহীন জনগণকেই তিনি পালন করিয়া থাকেন। স্তব্ধেনদূষিতঃ অর্থাৎ গর্ব্বিতগণের ইন অর্থাৎ শ্রেষ্ঠ অসুরজাতীয় ব্যক্তিগণকর্ত্তৃক দূষিত ধর্ম্মপথ ভগবান্ ত্রিলোচনই সাধু আচরণে পুনঃ সংস্কৃত করিয়াছেন॥ ৯॥

এষ মে শিষ্যতাং প্রাপ্তো যন্মে দুহিতুরগ্রহীৎ।
পাণিং বিপ্রাগ্নিমুখতঃ সাবিত্র্যা ইব সাধুবৎ॥ ১০॥
গৃহীত্বা মৃগশাবাক্ষ্যাঃ পাণিং মর্কটলোচনঃ।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ এষঃ বিপ্রাগ্নিমুখতঃ বিপ্রাগ্নিসমক্ষ্যং, এব সাবিত্র্যাঃ ইব সাবিত্রীতুল্যায়াঃ, মে দুহিতুঃ পাণিং সাধুবৎ অগ্রহীৎ অতঃ মে শিষ্যতাং প্রাপ্তঃ॥ ১০॥

মৃগশাবাক্ষ্যাঃ (মৃগশাবঃ হরিণপোতঃ তস্য অক্ষিণীব অক্ষিণী যস্যাঃ তস্যাঃ সত্যাঃ) পাণিং গৃহীত্বা অয়ং মর্কটলোচনঃ (মর্কটস্য লোচনে ইব নেত্রে যস্য সঃ) প্রত্যুত্থানাভিবাদার্হে

শ্রীধরস্বামী।

তদেবাহ এষ ইতি যৎ যস্মাৎ বিপ্রাগ্নিসমক্ষং সাবিত্রীতুল্যায়া মে দুহিতুঃ পাণিমগ্রহীৎ॥ ১০॥

মৃগশাবস্য হরিণবালকস্যাক্ষিণী ইবাক্ষিণী যস্যাঃ। প্রত্যুত্থানাভিবাদার্হে ময়ি উচিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষ ইতি নিন্দা স্পষ্টা স্তুতিস্তু মম অশিষ্যতাং অশিষ্টতাং এতাবদ্দিনপর্য্যন্তং গুপ্তামপি এষ প্রাপ্তঃ সর্ব্বজ্ঞত্বাৎ প্রথমমেবাবগতবান্ অতএবাভ্যুত্থানাদিকং ন কৃতবানিতি ভাবঃ। তদপি যদ্দুহিতুঃ পাণিং অগ্রহীৎ তৎ সাবিত্র্যা ইব মদ্দুহিতর্য্যেব গুণমপেক্ষ্যেতি ভাবঃ। মম কীদৃশস্য সাধুবৎ সাধোরিব বস্তুতস্ত্বসাধোঃ॥ ১০॥

প্রত্যুত্থানাভিবাদার্হে শ্বশুরে ময়ি বাচাপি উচিতং সম্মানং ন অকৃত নাকোরৎ। স্তুতিপক্ষে মর্কটান্ মর্কটতুল্যান্ কামিনোঽপি কৃপয়া লোচতে তৎ কামান্ সংপাদয়তি। তস্মিন্

দেখ! ইনি ব্রাহ্মণ ও অগ্নিকে সমক্ষে রাখিয়া সাক্ষাৎ সাবিত্রীর ন্যায় সর্ব্বগুণালঙ্কৃতা আমার দুহিতা সতীর পাণি গ্রহণ যখন করিয়াছেন, তখন শিষ্যতা স্বীকারে আমাকে গুরুর পদে অবশ্যই প্রতিষ্ঠিত করিয়াছেন॥ ১০॥

কিন্তু মদীয় হরিণনয়না সতীর পাণিগ্রহণ করিয়াও এই মর্কটলোচন উঁহার অভিবাদন-যোগ্য আমি উপস্থিত হইলেও অভ্যর্থনা করা দূরে থাকুক্,

আভাস।

আমার দুহিতার পাণিগ্রহণ মহাদেব করিয়াছেন বলিয়া, আমি মনে মনে কিছু গর্ব্বিত ছিলাম; এতদিন আমার সে গর্ব্ব গোপন ছিল। সম্প্রতি শঙ্কর তাহা অবগত হইয়াছেন; সেই নিমিত্তই অভ্যুত্থানাদির দ্বারা আমার অভিবাদন করেন নাই॥ ১০॥

যিনি মর্কটতুল্য কামীব্যক্তিগণের প্রতিও কৃপাকটাক্ষ বিস্তার করেন, এবং যাঁহার করে আমি কন্যা সম্প্রদান করিয়া আপনাকে কৃতার্থজ্ঞান করিয়াছিলাম, অদ্য দুর্ভাগ্যবশতঃ তিনি সম্মুখে উপস্থিত থাকিতেও আমি তাঁহাকে কেবল বাক্যের দ্বারাও অভিবাদন করিতে

প্রত্যুত্থানাভিবাদার্হে বাচাপ্যকৃত নোচিতং ॥ ১১ ॥
লুপ্তক্রিয়ায়াশুচয়ে মানিনে ভিন্নসেতবে।
অনিচ্ছন্নপ্যদাং বালং শূদ্রায়েবোশতীং গিরং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ময়ি বাচাপি বাঙ্মাত্রেণাপি উচিতং ন অকৃত ॥ ১১ ॥

যথা শূদ্রায় উশতীং কমনীয়াং বেদলক্ষণাং গিরং (কশ্চিৎ অনিচ্ছন্ অপি পরবশ্যঃ সন্ এব দদাতি তথা ব্রহ্মণা চোদিতঃ অহং অপি) লুপ্তক্রিয়ায় (লুপ্তা বেদোক্তা ক্রিয়া যস্মাৎ তস্মৈ) অশুচয়ে মানিনে, (অতএব) ভিন্নসেতবে (ভিন্নঃ বিদীর্ণঃ সেতুঃ বেদমর্য্যাদা যেন তস্মৈ) অনিচ্ছন্ অপি বালাং কন্যাং অদাং দত্তবান্। স্তুতিপক্ষেতু শূদ্রায় (শুচং শোকং কৃপয়া জ্ঞানভক্ত্যাদ্যুপদেশেন দ্রাবয়তি ইতি শূদ্রায় পৃষোদিত্বাচ্চকারলোপ উকারস্য চ দীর্ঘতাচ জ্ঞানদাত্রে স্বয়ং তু) লুপ্তক্রিয়ায় (ধর্ম্মাধর্ম্মাদ্যসংস্পৃষ্টায়,) অশুচয়ে (নাস্তি শুচিঃ যস্মাৎ তস্মৈ নিরঞ্জনায়), মানিনে সর্ব্বেষাং মাননীয়ায়, ভিন্নসেতবে (ভিন্নঃ জীবমর্য্যাদা-বিলক্ষণঃ সেতুঃ মর্য্যাদা যস্য তস্মৈ মায়োপাধিবর্জ্জিতায়, আত্মনঃ কন্যাসম্প্রদানস্য অযোগ্যত্বং মত্বা পূর্ব্বং মম দাতুমিচ্ছা নাসীৎ পশ্চাৎব্রহ্মোপদেশেনৈব সংকোচং ত্যক্ত্বা দত্তবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সম্মানং বাচাপি নাকরোৎ ॥ ১১ ॥

অনর্হায় কন্যাদত্তেত্যনুতপ্যমান আহ লুপ্তক্রিয়েতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ উশতীং বেদলক্ষণাং গিরং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যুত্থানাভিবাদার্হে মল্লক্ষণো জনঃ। বাচাপ্যুচিতং ন অকৃতেতি ধিগ্মামিতি ভাবঃ ॥ ১১ ॥

উশতীং বেদলক্ষণাং গিরং। স্তুতিপক্ষেতু লুপ্তাঃ ক্রিয়া যস্মিন্ পরব্রহ্মরূপত্বাৎ নাস্তি শুচি র্যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি ছেদঃ স্বাযোগ্যতাদৃষ্ট্যা দাতুমনিচ্ছন্নপি অদাং যথা শূদ্রা এব উশতীং বেদলক্ষণাং গিরং দদতি অধ্যাপয়ন্তি যলোপস্যাভাবো বৈকল্পিকত্বাৎ ॥ ১২ ॥

একবার বাঙ্নিষ্পত্তি দ্বারাও আমার সম্মান করে নাই ॥ ১১ ॥

দেখ! এ ব্যক্তি বেদোক্ত কোন কর্ম্মই করে না; সর্ব্বদা অনাচারেই অবস্থিতি করে; অথচ দারুণ অভিমানী। ইহার আচরণে সনাতন বেদের

আভাস।

বিরত রহিয়াছি ॥ ১১ ॥

ত্রিলোচন সর্ব্বজ্ঞানসম্পন্ন; সুতরাং আত্মশুদ্ধির জন্য তাঁহার আর নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মানুষ্ঠানের কোন প্রয়োজন করে না। তিনি কর্ম্মকাণ্ডের অতীত। তদপেক্ষা শুচি বা মানী বলিয়া আর কাহাকেও নয়নগোচর হয় না। তিনি জীবত্বের মর্য্যাদা অতিক্রম

প্রেতাবাসেষু যো ঘোরৈঃ প্রেতৈর্ভূতগণৈর্বৃতঃ।
অটত্যুন্মত্তবন্নগ্নো ব্যুপ্তকেশো হসন্ রুদন্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যঃ প্রেতাবাসেষু শ্মশানদিষু, ঘোরৈঃ ভয়ঙ্করৈঃ, ভূতগণৈঃ প্রেতৈঃ বৃতঃ ব্যুপ্তকেশঃ (ব্যুপ্তাঃ বিকীর্ণাঃ কেশাঃ যস্য সঃ) নগ্নঃ দিগম্বরঃ, উন্মত্তবৎ হসন্ রুদন্ অটতি ভ্রমতি ॥১৩॥

শ্রীধরস্বামী।

প্রেতাবাসেষু শ্মশানেষু। ব্যুপ্তা বিকীর্ণাঃ কেশা যস্য ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রেতাবাসেম্বিত্যাদিকং সর্ব্বং ভগবৎপ্রেমোন্মাদময়ং লীলামাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ ॥ ১৩ ॥

মর্য্যাদাই বিলুপ্ত হইতেছে। ইহাকে কন্যাদানের প্রবৃত্তি আমার কোনও মতেই ছিল না; কিন্তু কি করি! অনুরোধ বশতঃ শূদ্রকে যেমন বেদোপদেশ করা হয়, আমারও সেইরূপ কেবল ব্রহ্মার নিতান্ত অনুরোধেই এতাদৃশ ব্যক্তিকে অনিচ্ছা সত্ত্বেও কন্যা সম্প্রদান করা হইয়াছে ॥ ১২ ॥

ভীষণমূর্ত্তি ভূত ও প্রেতগণে নিরন্তর পরিবৃত হইয়া আলুলায়িত-কেশে ও দিগম্বর-বেশে কখন হাস্য ও কখন ক্রন্দন করত প্রেতের আবাস স্থান শ্মশান ও মশানাদিতেই উন্মত্তের ন্যায় সতত পরিভ্রমণ করিয়া বেড়ায় ॥১৩॥

আভাস।

পূর্ব্বকই ঈশ্বরত্বে বিরাজ করিতেছেন। পাশবদ্ধ জীব এবং পাশমুক্ত শিব। সুতরাং "ভিন্নসেতবে" এই বিশেষণ পদটী সঙ্গত হইয়াছে। তাদৃশ লোকনাথকে কন্যা সম্প্রদানের প্রবৃত্তি আমার পক্ষে আকাশকুসুম অপেক্ষা কোন অংশে ন্যূন নহে। তবে কেবল কমলাসনের কৃপাপূর্ণ পরামর্শ বাক্যেই আমি সাহসী হইয়া সতীকে তাঁহার করকমলে ন্যস্ত করিয়াছি। কিন্তু এ কার্য্যও আমার পক্ষে সঙ্গত হয় নাই; তবে শূদ্র যেমন স্বয়ং অনধিকারী হইলেও মাহাত্ম্যপূর্ণ বেদরাশি জগতে উপদেশ দিবার আকাঙ্ক্ষা করে, আমিও সেইরূপ হরগেহিনীকে তাঁহার হস্তে সমর্পণ করিয়া অভিমানী হইয়াছি ॥ ১২ ॥

প্রকৃষ্টরূপে ইত গত অর্থাৎ মরণধর্ম্মে পতিত প্রেতসদৃশ পিশাচাচারী মর্ত্ত্য মানবের সহিত অবস্থিতিপূর্ব্বক তাহাদেরই ভোগ্য অনিত্য সংসারেরই সদাশিব পর্য্যটন করিতেছেন; কিন্তু কোন ভোগেই তিনি স্বয়ং আসক্ত নহেন। ভগবৎপ্রেমানন্দে নিমগ্ন থাকিয়া, উন্মত্তের ন্যায় সকল বিষয়েই উপেক্ষা প্রদর্শন করিতেছেন। জগতের কারণে জগজ্জনের ন্যায় তাঁহার হাস্য বা ক্রন্দনের উদয় হয় না; জগজ্জীবনের সহিতই তাঁহার হাস্য বা ক্রন্দনের সম্পর্ক; সে হাস্য ও ক্রন্দনের কারণ জগতের লোক নিরূপণ করিতে পারে না ॥ ১৩ ॥

চিতাভস্মকৃতস্নানঃ প্রেতস্রঙ্‌ন্রস্থিভূষণঃ।
শিবাপদেশো হ্যশিবো মত্তো মত্তজনপ্রিয়ঃ ॥ ১৪ ॥
পতিঃ প্রমথনাথানাং তমোমাত্রাত্মকাত্মনাং।

অন্বয়ঃ।

চিতাভস্মকৃতস্নানঃ (চিতাভস্মনা কৃতং স্নানং যেন সঃ) প্রেতস্রক্ (প্রেতানাং স্রজঃ মল্যানি যস্য সঃ) ন্রস্থিভূষণঃ (নৃণাং অস্থীনি ভূষণানি যস্য সঃ) শিবাপদেশ (শিবঃ ইতি অপদেশঃ নামমাত্রং যস্য সঃ) অশিবঃ অমঙ্গলরূপঃ হি এব। যতঃ মত্তঃ মত্তজনপ্রিয়ঃ ইতি ॥ ১৪ ॥

তমোমাত্রাত্মকাত্মনাং (তমোমাত্রাত্মকঃ কেবলং তমোরূপঃ আত্মা স্বভাবঃ যেষাং তেষাং) প্রমথনাথানাং পতিঃ। উন্মাদনাথায় (উন্মাদাঃ ভূতবিশেষাঃ তামসাঃ তেষাং নাথায়

শ্রীধরস্বামী।

চিতাভস্মনা কৃতং স্নানং যেন প্রেতানাং স্রজো মাল্যানি যস্য স প্রেতস্রক্। নৃণামস্থীনি ভূষণানি যস্য। শিব ইত্যপদেশো নামমাত্রং যস্য ॥ ১৪ ॥

তমো মাত্রাত্মকঃ কেবলতমোরূপঃ আত্মা স্বভাবো যেষাং উন্মাদা ভূতবিশেষাঃ তেষাং নাথায়। দুর্হৃদে দুষ্টচিত্তায়। বতেতি খেদে বাস্তবস্তুয়মর্থঃ লুপ্তা ক্রিয়া যস্মিন্ পরব্রহ্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তুতিপক্ষে চিতেত্যাদিকং প্রাপ্তসিদ্ধিবৈষ্ণবানামেবেতি পুরাণান্তরপ্রসিদ্ধং অপদেশা অপকৃষ্টা দেশা অপি শিবা মঙ্গলা যতঃ সঃ। ন বিদ্যতে শিবং মঙ্গলং যতঃ সঃ তমোমাত্রাত্মকাঃ তমোমাত্রস্বরূপা আত্মানো যেষাং স্তুতিপক্ষে স্বেচ্ছয়া লীয়েবেয়ং শম্ভোর্যত্তামসানপি কৃপয়া স্বীকরোতীতি ॥ ১৪ ॥

পরমেষ্ঠিনা ব্রহ্মণা চোদিতে সতীতি। স্বমেচ্ছা নাসীৎ ব্রহ্মাজ্ঞাপালনমেব মদ্দুঃখদমভূদিতি ব্রহ্মাপ্যনভিজ্ঞ ইতি ধ্বনিঃ। তৎপিত্রেত্যনুক্তেঃ পরমেষ্ঠিনেতি নামোচ্চারণেনচ

চিতাভস্মই ইহার দেহশুদ্ধির প্রধান সামগ্রী; চিতাভস্মেই সতত অঙ্গ প্রলিপ্ত রাখে; গলদেশে প্রেতের মালা এবং নরের অস্থিই ইহার মনোহর আভরণ। এ নামে শিব; কিন্তু কার্য্যত অমঙ্গলের একটী প্রকৃত প্রতিমূর্ত্তি। নিজে পাগল এবং পাগলেরাই ইহাকে ভালবাসে ॥ ১৪ ॥

বিষম তামসিক ভাবাপন্ন প্রমথশ্রেষ্ঠগণের পালক ও উন্মাদ নামক ভূতদলেরই পতি; ঈদৃশ ম্লেচ্ছাচারী কঠিনহৃদয় ব্যক্তির হস্তে কন্যাসম্প্রদান

আভাস।

যে সকল পদার্থকে নিকৃষ্ট ও পাপবহ জ্ঞানে মুমুক্ষুগণ পরিত্যাগ করিয়াছেন, শোকাবহবোধে যে স্থানে সংসারী জীব পদার্পণেও ভীত হয়, যাহাকে স্পর্শ করিবামাত্র ভোগী

তস্মা উন্মাদনাথায় নষ্টশৌচায় দুর্হৃদে ॥
দত্তা বত ময়া সাধ্বী চোদিতে পরমেষ্ঠিনা ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

স্বামিনে) নষ্টশৌচায় (নষ্টং শৌচং পাবিত্র্যং যস্মাৎ তস্মৈ) দুর্হৃদে (দুষ্টং হৃৎ চিত্তং যস্য তস্মৈ) পরমেষ্ঠিনা ব্রহ্মণা, চোদিতে অনুজ্ঞাতে, সতি (তদাগ্রহাদেব) ময়া বত খেদে সাধ্বী কন্যা দত্তা ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

রূপত্বাৎ অতএব নাস্তি শুচি যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি চ পদচ্ছেদঃ তস্য পরমেশ্বরস্য মদীয়া মানুষী কন্যা কথং যোগ্যা স্যাদিতি লজ্জাদিনা দাতুমনিচ্ছন্নপি তৎ-সম্বন্ধলোভেন দত্তবান্। শূদ্রায়েত্যনর্হত্বমাত্রে দৃষ্টান্তঃ ন হীনত্বে [পূর্ব্বাপরস্ববচনবিরোধা-পত্তেঃ। এতদুক্তং ভবতি যথা কশ্চিৎ শূদ্রায় বেদমর্থলোভেন দদাতি তদ্বদিতি। প্রেতা-বাসেম্বিত্যাদি সর্ব্বং বিড়ম্বনমাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ অশিবঃ নাস্তি শিবো যস্মাৎ। অমত্তোঽমত্তজনপ্রিয় ইতি চ চ্ছেদঃ। পতিঃ প্রমথনাথা-নামিতি ভক্তবাৎসল্যমাহ তামসানপি দোষমপনীয় পাতীতি নষ্টানামপি শৌচং শুদ্ধি যস্মাৎ দুষ্টেম্বপি এতে ময়া অনুকম্প্যা ইতি হৃৎমনো যস্য স দুর্হৃত্তস্মৈ। বতেতি হর্ষে ব্রহ্মণো বাক্যাল্লজ্জাভয়াদিকং পরিত্যজ্য দত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোঽপি মৎপিতৃত্বাযোগ্য এবেত্যনুধ্বনিঃ। স্তুতিপক্ষে কৃপয়া উন্মাদানাং গণানামপি নাথায় নষ্টানামপি শৌচং যতঃ। দুষ্টেম্বপি হৃৎ কৃপাময়ং মনো যস্য তস্মৈ ব্রহ্মণো বাক্যাদ-যোগ্যেনাপি ময়াদত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

করা আমার পক্ষে নিতান্ত দুঃখের বিষয়, সন্দেহ নাই। কিন্তু কি করিব! কমলযোনির অনুরোধই আমার এই সকল অনর্থের মূল। তাঁহার আদেশেই আমি এই অন্যায় কর্ম্মে হস্তক্ষেপ করিয়াছিলাম ॥ ১৫ ॥

আভাস।

জীবের আত্মগ্লানি জন্মে, মহেশ্বর বৈরাগ্যের চরমসীমা প্রদর্শনার্থ সেই সকল চিতাভস্ম ও নরকঙ্কালকেই মনোজ্ঞ ভূষণরূপে গ্রহণ করিয়াছেন। যাঁহার চরণস্পর্শে অপদেশ অর্থাৎ দূষিতস্থান সকলও শিবময় অর্থাৎ পবিত্রভাবে পরিণত হয়। সাংসারিক ভোগে উন্মত্ত ব্যক্তিও ত্রিলোচনের নিকট পরিত্যাপিত হয় না; তিনি অতি সামান্য উপাসনায় তুষ্ট হইয়া তাহাদিগকেও অভিলষিত বর প্রদানে তৃপ্ত করিয়া থাকেন। তামসপ্রকৃতি নিতান্ত হেয় ব্যক্তিগণকেও শরণদানে কৃতার্থ করেন। ব্রহ্মার উপদেশে লজ্জা ও ভয়ে জলাঞ্জলি দিয়াই আমি তাঁহার করে কন্যা সম্প্রদান করত কি কৃতার্থতাই লাভ করিয়াছি! ॥১৪॥১৫॥

প্রজাপতি দক্ষের হৃদয়ে সুখ্যাতি করিবার ইচ্ছা না থাকিলেও সুখ্যাতির পাত্র কখন

মৈত্রেয় উবাচ ॥
বিনিন্দ্যৈবং স গিরিশমপ্রতীপমবস্থিতং।
দক্ষোঽথাপ উপস্পৃশ্য ক্রুদ্ধঃ শপ্তুং প্রচক্রমে ॥ ১৬ ॥
অয়স্তু দেবযজন ইন্দ্রোপেন্দ্রাদিভির্ভবঃ।
সহভাগং ন লভতাং দেবৈর্দেবগণাধমঃ।। ১৭ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। (নিন্দায়ামপি) অপ্রতীপং অপ্রতিকূলং, যথা স্যাৎ তথা অবস্থিতং গিরিশং শিবং, এবং পূর্ব্বোক্তপ্রকারেণ বিনিন্দ্য সঃ দক্ষঃ অথ অনন্তরং ক্রুদ্ধঃ সন্ আপঃ উপস্পৃশ্য আচম্য, শপ্তুং শাপং দাতুং, প্রচক্রমে আরব্ধবান্ ॥ ১৬ ॥

দেবযজনে দেবানাং যজনসময়ে, দেবগণাধমঃ (দেবগণেষু অধমঃ) অয়ং ভবঃ শিবঃ তু ইন্দ্রোপেন্দ্রাদিভিঃ দেবৈঃ সহ ভাগং ন লভতাং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অপ্রতীপং অপ্রতিকূলং যথা ভবত্যেবমস্থিতমপি বিনিন্দ্য ॥ ১৬ ॥

দেবানাং যজনসময়ে দেবৈঃ সহ ভাগং ন লভতাং কিন্তু তেভ্যঃ পূর্ব্বমেব লভতাং অগ্রভোজিত্বাৎ যদ্বা তেষু ভুক্তবৎসু লভতাং সর্ব্বপোষকত্বাৎ। অত্র হেতুঃ দেবগণো হধমো যস্মাৎ সঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রতীপমজাতশক্রং ॥ ১৬ ॥

অয়ন্ত্বিতি স্তুতিপক্ষে দেবযজনে যজ্ঞে দেবৈঃ সহ ভাগং ন লভতাং তত্র হেতুঃ দেবগণা অধমা যস্মাৎ সঃ। অধমৈঃ সহ ভোজনমুচিতং অতঃ সর্ব্বপোষকত্বাৎ তান্ ভোজয়িত্বা ভাগং লভতামিতি ভাবঃ ॥ ১৭ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, দক্ষ প্রজাপতি এই প্রকারে ভূতভাবন ভবানীপতির বিশেষ নিন্দাবাদ করিলেও মহেশ্বর তাহাতে কোন বিরক্তির ভাব প্রকাশ করিলেন না; তিনি উপেক্ষা বুদ্ধিতে নিশ্চলভাবে অবস্থান করিতেছেন দেখিয়া, প্রজাপতি পূর্ব্বাপেক্ষা অধিকতর বিরক্ত হইলেন এবং আচমন পূর্ব্বক মহাদেবকে অভিসম্পাত করত বলিলেন— ॥ ১৬ ॥

দেখ! এই মহাদেবকে যখন দেবতাগণের মধ্যে অতি নিকৃষ্ট বলিয়া আমার বোধ হইতেছে, তখন দেবযজন সময়ে সে পূর্ব্বের ন্যায়, ইন্দ্র ও

আভাস।

অখ্যাতির ভাজন হন না, বলিয়াই দক্ষের সকল গূঢ় অভিপ্রায় ভবানীপতির গুণবর্ণনাতেই নিয়োজিত হইয়াছিল। কিন্তু অভিমানের সাক্ষাৎ প্রতিমূর্ত্তিস্বরূপ দক্ষের

নিষিধ্যমানঃ স সদস্যমুখ্যৈ র্দক্ষো গিরিত্রায় বিসৃজ্য শাপং।
তস্মাদ্বিনিষ্ক্রম্য বিবৃদ্ধমন্যু র্জগাম কৌরব্য নিজং নিকেতনং॥ ১৮॥

অন্বয়ঃ।

হে কৌরব্য! গিরিত্রায় শিবায়, শাপং বিসৃজ্য দত্ত্বা, বিবৃদ্ধমন্যুঃ কোপপ্রজ্বলিতঃ, সঃ দক্ষঃ সদস্যমুখ্যৈঃ নিষিধ্যমানঃ নিবারিতঃ, অপি তস্মাৎ স্থানাৎ বিনিক্রম্য নিজং নিকেতনং ভবনং জগাম॥ ১৮॥

শ্রীধরস্বামী।

স দক্ষঃ তস্মাৎ স্থানাৎ বিনিষ্ক্রম্য জগাম। হে কৌরব্য॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র মদন্যে যুক্তবাদিনঃ কেঽপি ন দৃশ্যন্তে। তদস্যামধার্ম্মিকসঙ্কুলায়াং সভায়াং ন স্থাতুমুচিতমিতি কোপেন ততো নির্যযাবিত্যাহ নিষিধ্যমানঃ মাক্রুধ্য মাগচ্ছেত্যাদ্যুচ্যমানঃ॥ ১৮॥

উপেন্দ্রাদি দেবগণের সহিত সমান ভাগ গ্রহণে অদ্য হইতে নিবারিত হউক্॥ ১৭॥

হে কুরুবংশাবতংস বিদুর! শঙ্করকে অভিশাপ দিয়া কোপ-জ্বলিত-হৃদয় প্রজাপতি দক্ষ আসন হইতে গাত্রোত্থান করিলেন এবং প্রবীণ সভাসদ্‌গণ তাঁহাকে বারংবার প্রতিনিবৃত্ত করিলেও তিনি সকলকে উপেক্ষা করত তথা হইতে নিক্রান্ত হইয়া স্বীয় ভবনে প্রস্থান করিলেন॥ ১৮॥

ত্রিলোচনের অনুচরশ্রেষ্ঠ নন্দীশ্বর তখন তথায় উপস্থিত ছিলেন; তিনি

আভাস।

তাহা মনোমত হইল না। বিবিধ নিন্দাবাদেও যখন মহাদেব উত্তেজিত হইলেন না; বরং গাম্ভীর্য্যের প্রকাশে নিস্তব্ধেই অবস্থান করিতেছিলেন, তদ্দর্শনে জনসমাজে বরং শিবের শান্তপ্রকৃতির পরিচয়ে সুখ্যাতিরই সম্ভাবনা দেখিয়া, দক্ষ আরও ক্রুদ্ধ হইয়া উঠিলেন; এবং মৌখিক নিন্দার অপেক্ষা কার্য্যত মহাদেবের অনিষ্ট করিবার অভিপ্রায়ে অভিসম্পাতপূর্ব্বক মহাদেবকে যজ্ঞভাগ গ্রহণে বঞ্চিত করিলেন। কিন্তু শাপে ফল বিপরীত হইল! তাঁহার মনোগত ভাব মহাদেবকে দেবতাগণ মধ্যে অধম বলা; কিন্তু শব্দত তাহারি বিপরীত অর্থই প্রতিপাদিত হইয়াছিল। অর্থাৎ দেবগণাধমঃ বলায়, যাঁহা হইতে দেবগণ অধম, তাদৃশ অধমগণের সহিত একত্রে ভাগগ্রহণ করা মহাদেবের পক্ষে কখনই সঙ্গত নহে। তিনি সর্ব্বশ্রেষ্ঠ; সুতরাং সকলকে ভোজন করাইয়া, সর্ব্বান্তে তাঁহার আপন ভাগ গ্রহণ করাই কর্ত্তব্য; নতুবা সর্ব্বাগ্রে গ্রহণ করা কর্ত্তব্য। সুতরাং ফলে সেই অবধি মহাদেবের পুজা সর্ব্বাগ্রেই হইয়া থাকে; বঞ্চিত করা কেবল দক্ষের কল্পনা মাত্র হইয়াছিল॥ ১৬—১৮॥

বিজ্ঞায় শাপং গিরিশানুগাগ্রণী র্নন্দীশ্বরো রোষকষায়দূষিতঃ।
দক্ষায় শাপং বিসসর্জ দারুণং যে চান্বমোদং স্তদবাচ্যতাং দ্বিজাঃ ॥ ১৯ ॥

য এতন্মর্ত্ত্যমুদ্দিশ্য ভগবত্যপ্রতিদ্রুহি।
দ্রুহ্যত্যজ্ঞঃ পৃথগ্দৃষ্টি স্তত্ত্বতো বিমুখো ভবেৎ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

গিরিশানুগাগ্রণী (গিরিশস্য অনুগানাং পার্ষদানাং অগ্রণীঃ মুখ্যঃ) নন্দীশ্বরঃ শাপং বিজ্ঞায় রোষকষায়দূষিতঃ (রোষঃ এব কষায়ঃ তেন দূষিতঃ নেত্ররক্তাদিবিকারং প্রাপ্তঃ সন্) দক্ষায় তথা চ যে দ্বিজাঃ তদবাচ্যতাং (তস্য শিবস্য অবাচ্যতাং নিন্দাং) অন্বমোদন্ তেভ্যঃ দারুণং শাপং বিসসর্জ দত্তবান্ ॥ ১৯ ॥

যঃ (অভিমানিত্বেন প্রসিদ্ধঃ দক্ষঃ) এতৎ মর্ত্ত্যং মরণধর্ম্মকং স্বশরীরং উদ্দিশ্য উৎকৃষ্টং মত্বা, অপ্রতিদ্রুহি প্রতিদ্রোহং অকুর্ব্বতি, ভগবতি জ্ঞানৈশ্বর্য্যাদিযুক্তে সর্ব্বাত্মনি দ্রুহ্যতি পৃথক্‌দৃষ্টিঃ ভেদদর্শীঃ, অজ্ঞঃ সঃ তত্ত্বতঃ পরমার্থাৎ, বিমুখঃ প্রচ্যুতঃ, ভবেৎ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গিরিশস্যানুগানামগ্রণী র্মুখ্যঃ। রোষ এব কষায় স্তেন দূষিত আরক্তনেত্র ইত্যর্থঃ। তস্য গিরিশস্যাবাচ্যতাং বচনানর্হতাং নিন্দ্যতামিত্যর্থঃ। তেভ্যোঽপি শাপং বিসসর্জ ॥ ১৯ ॥

দক্ষং শপতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। এতন্মর্ত্ত্যং দক্ষশরীরং উদ্দিশ্য শ্রেষ্ঠং মত্বা অপ্রতিদ্রুহি প্রতিদ্রোহমকুর্ব্বতি পৃথগ্দৃষ্টিঃ ভেদদর্শী, তত্ত্বতঃ পরমার্থাৎ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোষ এব কষায় স্তেন দূষিতঃ অতিরক্তনেত্র ইত্যর্থঃ। যেচ তস্য গিরিশস্য অবাচ্যতাং নিন্দাং অন্বমোদং স্তেভ্যোঽপি ॥ ১৯ ॥

দক্ষং শপতি সার্দ্ধৈস্ত্রিভিঃ য ইতি এতদ্দক্ষশরীরং মর্ত্ত্যং মরণধর্ম্মকং উদ্দিশ্য এতদেবাহমিত্যভিমানাস্পদীকৃত্য দ্রুহ্যতি অতোঽজ্ঞো ভবেৎ। অজ্ঞত্বমেব প্রপঞ্চয়তি পৃথগ্দৃষ্টিঃ স্বতঃ পৃথগ্ভূতেষু দেহাপত্যকলত্রাদিষ্বেব দৃষ্টি র্যস্য সঃ। তস্মাত্তত্ত্বতো ভগবতঃ সকাশাৎ বিমুখো ভবেৎ ইতি প্রথমঃ শাপঃ ॥ ২০ ॥

দক্ষের প্রদত্ত অভিসম্পাত ব্যাপার স্বকর্ণে শ্রবণ করত, ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন; লোচনদ্বয় তাম্রবর্ণ হইয়া উঠিল; তিনি দক্ষ প্রজাপতিকে ও যে সকল ব্রাহ্মণ শিবনিন্দায় তাঁহাকে তাহার অনুমোদন করিয়াছিলেন, সেই সকল দ্বিজগণকে দারুণ অভিসম্পাত প্রদানে বলিলেন— ॥ ১৯ ॥

সর্ব্ব বিষয়ে আপনাকে দক্ষ বিবেচনায়, প্রজাপতি দক্ষ নিতান্তই অভিমানী হইয়াছিলেন; তিনি এই মর্ত্ত্য কলেবরকেই উৎকৃষ্ট জ্ঞানে জ্ঞানৈশ্বর্য্যাদিবিশিষ্ট দেবদেব ত্রিলোচনেরও বিদ্রোহাচরণে অগ্রসর হইয়াছিলেন। এ কার্য্যটী

গৃহেষু কূটধর্ম্মেষু সক্তো গ্রাম্যসুখেচ্ছয়া।
কর্ম্মতন্ত্রং বিতনুতাদ্বেদবাদবিপন্নধীঃ ॥ ২১ ॥
বুদ্ধ্যা পরাভিধ্যায়িন্যা বিস্মৃতাত্মগতিঃ পশুঃ।

অন্বয়ঃ।

গ্রাম্যসুখেচ্ছয়া কূটধর্ম্মেষু (কূটাঃ কাপট্যবহুলাঃ স্বভাবসিদ্ধাঃ বহবঃ ধর্ম্মাঃ সন্তি যত্র তাদৃশেষু) গৃহেষু সক্তঃ অতএব বেদবাদবিপন্নধীঃ (বেদানাং কর্ম্মকাণ্ডপ্রধানানাং বাদেষু বিচিত্রার্থপ্রকাশকেষু বিপন্না বিমূঢ়া বিনষ্টা ধীঃ যস্য সঃ দক্ষঃ) কর্ম্মতন্ত্রং কর্ম্মপরিকরং বিতনুতাৎ বিস্তারয়তু ॥ ২১ ॥

তথা পরাভিধ্যায়িন্যা (পরান্ দেহাদীন্ এব আত্মত্বেন অভিধ্যাতু শীলং যস্যাঃ তয়া) বুদ্ধ্যা বিস্মৃতাত্মগতিঃ (বিস্মৃতা আত্মনঃ গতিঃ পরমপুরুষার্থোপযোগি জ্ঞানং যেন সঃ) অতএব পশুঃ নিতরাং স্ত্রীকামঃ সঃ দক্ষঃ অচিরাৎ অল্পকালেনৈব বস্তমুখঃ (বস্তস্য ছাগস্য

শ্রীধরস্বামী।

অজ্ঞত্বমেবাহ গৃহেষ্বিতি। কর্ম্মতন্ত্রং কর্ম্মপরিকরং। বেদে যে বাদাঃ অর্থবাদাঃ অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদয়ঃ তৈর্বিপন্না বিনষ্টা ধীর্যস্যেতি ॥ ২১ ॥

পরো দেহাদি স্তমেবাত্মত্বেনাভিধ্যাতুং শীলং যস্যা স্তয়া বুদ্ধ্যা বিস্মৃতা আত্মনো গতিস্তত্ত্বং যেন অতঃ পশুতুল্যঃ। অতিতরাং স্ত্রীকামোঽস্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ বস্তস্য মুখমিব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদেষু যে বাদা অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদয় স্তৈ র্বিপন্না ধীর্যস্য সঃ ॥ ২১ ॥

পরো দেহাদি স্তমেবাত্মত্বেনাভিতো ধ্যাতুং শীলং যস্যাস্তয়া বুদ্ধ্যা পশুঃ পশুতুল্যঃ

যখন তাঁহার নিতান্ত ভেদজ্ঞান বশতই ঘটিয়াছে, তখন তিনি সাতিশয় অনভিজ্ঞ; সন্দেহ নাই। অতএব, এই পাপহেতু তাঁহাকে পরমার্থদর্শনে বঞ্চিত থাকাই আমার অভিপ্রায় ॥ ২০ ॥

গ্রাম্যভোগের উদ্দেশ্যে সংসারধর্ম্মে অনেক কপটাচরণ করিতে হয়, সন্দেহ নাই; অতএব এই দক্ষ যখন গার্হস্থ ভোগে এত আসক্ত, তখন বেদোক্ত ফলপ্রদ কর্ম্মকাণ্ডেরই বিশেষ পক্ষপাতী; সুতরাং জ্ঞানমার্গে তাহার বুদ্ধি আর অগ্রসর না হইয়া, কেবল জন্মমরণরূপ সংসারপ্রদ কর্ম্মকাণ্ডের প্রতিই তাহার বুদ্ধি নিরন্তর প্রধাবিত হউক্ ॥ ২১ ॥

এবং দেহাদিকে আত্মজ্ঞান করত স্বর্গাদি ভোগে আসক্ত হইয়া পরম-পুরুষার্থজ্ঞানে বঞ্চিত হউক এবং সামান্য পশুর ন্যায়, যখন স্ত্রীসম্ভোগেই

স্ত্রীকামঃ সোঽস্তু নিতরাং দক্ষো বস্তমুখোঽচিরাৎ ॥ ২২ ॥
বিদ্যাবুদ্ধিরবিদ্যায়াং কর্ম্মময্যামসাবজঃ ॥ ২৩ ॥

।

মুখমিব মুখং অস্য ইতি ছাগমুণ্ডঃ) অস্তু ॥ ২২ ॥

যতঃ কর্ম্মময্যাং কর্ম্মপ্রচুরায়াং (দেহাত্মভাবপোষকত্বেন) অবিদ্যায়াং এব বিদ্যাবুদ্ধিঃ (বিদ্যা বুদ্ধিঃ যস্য সঃ) অতঃ অসৌ জড়ঃ অজঃ বা ইতি পাঠঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

মুখমস্যেতি তৃতীয়ঃ শাপঃ ॥ ২২ ॥

অয়ন্তু শাপোঽস্যানুরূপ এবেত্যাহ। বিদ্যাবুদ্ধিঃ। ইয়মেব তত্ত্ববিদ্যেতি বুদ্ধির্যস্য। অতোঽসৌ অজএব ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রীকামোঽস্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ। বস্তস্য ছাগস্য মুখমিব মুখং যস্যেতি তৃতীয়ঃ শাপঃ ॥২২॥

শাপত্রয়মিদমস্মৈ সমুচিতমেব যতো বিদ্যাবুদ্ধিরিত্যাদি। অতো জড়ঃ অজ ইতি পাঠে ছাগতুল্যঃ ॥ ২৩ ॥

এত আসক্ত হইয়াছে, তখন ঐ মুণ্ডও পশুমুণ্ড হওয়াই প্রয়োজন ॥ ২২ ॥

কারণ কর্ম্মপ্রচুর অবিদ্যামার্গকেই বিদ্যাজ্ঞানে তাঁহার বুদ্ধি যখন ধাবিত হইতেছে, তখন সে বুদ্ধি জড় বা পশুপ্রায় বলাতে অত্যুক্তি হয় না ॥ ২৩ ॥

আভাস।

দক্ষের শাপ শ্রবণে নন্দী ক্রুদ্ধ হইয়া, প্রতিশাপ প্রদান করিয়াছিলেন। নন্দয়তীতি নন্দী। শান্তস্বরূপ শিবানুচরই আনন্দমূর্ত্তি; এই আনন্দ ভোগানন্দ ও যোগানন্দ ভেদে দ্বিবিধ। যে আনন্দের ব্যাঘাতে দক্ষ মহাদেবের তিরস্কার করিয়াছিলেন, তাহা ভোগানন্দ; এবং সেই তিরস্কারে যে আনন্দের ক্ষুণ্নভাব হইয়াছিল, তাহাই যোগানন্দ। অতএব যোগানন্দের প্রতিমূর্ত্তিই নন্দিশ্বর। তিনি দেখিলেন, যাঁহার সম্পর্কে দক্ষ প্রজাপতিগণের শ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন, অদ্য দুর্ভাগ্যবশত তাঁহারই বিরুদ্ধাচরণ করিবার জন্য দক্ষ প্রজাপতি উত্তেজিত হইয়াছেন। অর্থাৎ অভিমান বা অহঙ্কারতত্ত্ব হইতে ভোগ ও মুক্তি উভয় বিষয়েরই বাসনা হইয়া থাকে। মুক্তির অভিমানে বিদ্যার উদয় এবং ভোগের অভিমানে অবিদ্যার উদয়। বিদ্যা অহংতত্ত্বকে পরমাত্মায় মিলাইয়া মুক্তি দেয় এবং অবিদ্যা অজ্ঞানবহুল সংসারকে আনয়ন করে। দক্ষ যখন বিদ্যারূপা সতীকে মহাদেবের হস্তে সমর্পণ করিয়াও তাঁহার নিন্দা ও তিরস্কারে উদ্যত, তখন অজ্ঞানস্বরূপ সংসারভোগে যে, দক্ষ আপনা হইতেই অগ্রসর হইতেছেন, সে বিষয়ে আর সন্দেহ নাই; এবং যে সকল সভাসদ্ দক্ষের বাক্যকে অনুমোদন করিয়াছিলেন, তাঁহারাও দক্ষের সহিত সমান প্রকৃতি ও সমতুল্য ফল লাভ করিবেন, তাহাতেও সন্দেহ নাই। অতএব ঈদৃশ অভিমান-

সংসরন্ত্বিহ যে চামুমনু শর্ব্বাবমানিনং ॥ ২৪ ॥
গিরঃ শ্রুতায়াঃ পুষ্পিণ্যা মধুগন্ধেন ভূরিণা।

অন্বয়ঃ।

শর্ব্বাবমানিনং (শর্ব্বং শম্ভুং অবমন্যতে যঃ তং) অমুং দক্ষং, যে চ অনু বৃত্তাঃ তে সর্ব্বে ইহ সংসারে সংসরন্তু জন্মমরণাদিক্লেশান্ অনুভবন্তু ॥ ২৪ ॥

শ্রুতায়াঃ বেদরূপায়াঃ, পুষ্পিণ্যাঃ গিরঃ ভূরিণা মধুগন্ধেন মথ্না মনক্ষোভকেন, উন্মথিতা-

শ্রীধরস্বামী।

বিপ্রান্ শপতি সংসরন্ত্বিতি সার্দ্ধাভ্যাং সর্ব্বমবমন্যত ইতি তথা তমমুং দক্ষং যে চানু-বর্ত্তন্তে তে সংসরন্তু জন্মমরণাদ্যনুভবন্ত্বিতি একঃ শাপঃ ॥ ২৪ ॥

শ্রুতায়াঃ বেদরূপায়াঃ পুষ্পিণ্যাঃ পুষ্পাণীবার্থবাদা মনঃক্ষোভকত্বাৎ তানি সন্তি যস্যাং অর্থবাদবহুলায়া ইত্যর্থঃ। মধুগন্ধতুল্যেন প্ররোচনেন মথ্না মনঃক্ষোভকেন উন্মথিত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিজানপি শপতি সার্দ্ধদ্বাভ্যাং। অমুং দক্ষং যে চানু বর্ত্তন্তে তে সংসরন্ত্বিত্যেক-শাপঃ ॥ ২৪ ॥

শ্রুতায়া বেদরূপায়াঃ পুষ্পিণ্যাঃ পুষ্পতুল্যার্থবাদবহুলায়া মধুগন্ধেন মধুগন্ধতুল্যেন প্ররোচনেন মথ্না মনঃক্ষোভকেন চ উন্মথিতঃ আত্মা মনো যেষাং তে সংমুহ্যন্তু কর্ম্মস্বাসক্তা

বিশেষত মহেশ্বরকে যে অবমানিত করে, কিম্বা যে সকল ব্যক্তি তাদৃশ অবমানকারীর অনুমোদন করে, তাহারা এই জন্মমরণরূপ সংসার-প্রবাহে নিরন্তর বিবিধ যাতনাই অনুভব করুক! ॥ ২৪ ॥

সুপুষ্প সদৃশ বেদের মনোহর মধুর ফলসম্বন্ধি প্রলোভন-বাক্যে যাহাদের চিত্ত বিমথিত হয়, তাদৃশ শিবদ্বেষী ব্যক্তিগণ পরমার্থতত্ত্বে বঞ্চিত হইয়া

আভাস।

বান্ ব্যক্তিগণ ভোগে আসক্ত হইয়া যে ঘোর সংসারে নিপতিত হইবে, এ কথায় নন্দীশ্বরের আর বিশেষ শাপ প্রদান করা হয় নাই; প্রকৃত বিষয়েরই উল্লেখ করা হইয়াছে মাত্র। আহার, নিদ্রা, ভয় এবং মৈথুন এই চারিটী কার্য্যে মানব পশুর সহিত সমান। কেবল ধর্ম্মই তাহাকে পশুত্ব হইতে নিস্তার করে মাত্র। যাহার ধর্ম্ম নাই, সে মানব হইলেও পশুমুখ এবং যাহার ধর্ম্ম আছে, সেই উন্নতির মার্গে আরোহণপূর্ব্বক দেবস্বরূপে পরিদৃষ্ট হয়। দক্ষ যখন ধর্ম্মমূর্ত্তি মহাদেবকে উপেক্ষা করিয়াছেন, তখন তাহার বিপরীত অধর্ম্মপথে ভোগের অভিমুখেই নিশ্চয় গমন করিবেন; ভোগে চরিতার্থ হওয়াই পশুর কার্য্য। সুতরাং প্রজাপতি হইলেও ভোগাভিমানীর বদন পশুতুল্য সন্দেহ নাই। ভোগের অনুরোধে ভোক্তা আপনাকে বিস্মৃত হয়; সুতরাং সে অধঃপতিত হইবে, সন্দেহ নাই ॥ ১৯—২৪ ॥

মথ্যা চোন্মথিতাত্মানঃ সংমুহ্যন্তু হরদ্বিষঃ ॥ ২৫ ॥
সর্ব্বভক্ষা দ্বিজা বৃত্ত্যৈ ধৃতবিদ্যাতপোব্রতাঃ।
বিত্তদেহেন্দ্রিয়ারামা যাচকা বিচরন্ত্বিহ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ত্মানঃ (উন্মথিতঃ বিক্ষিপ্তঃ আত্মা চিত্তং যেষাং তে) হরদ্বিষঃ ভবদ্বেষিণঃ সংমুহ্যন্ত কর্ম্মসু আসক্তাঃ ভবন্তু ॥ ২৫ ॥

(হরদ্বিষঃ) দ্বিজাঃ সর্ব্বভক্ষাঃ বিত্তদেহেন্দ্রিয়ারামাঃ (বিত্তেষু দেহেন্দ্রিয়েষু চ অহংতয়া মমতয়া চ আরমন্তি যে তে) তথা বৃত্ত্যৈ জীবিকার্থমেব ধৃতবিদ্যাতপোব্রতাঃ (ধৃতানি বিদ্যাতপোব্রতানি যৈঃ তে) যাচকাঃ যাচনস্বভাবাঃ সন্ত ইহ বিচরন্ত ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মা মনো যেষাং তে মুহ্যন্ত কর্ম্মস্বাসক্তা ভবন্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ ॥ ২৫ ॥

সর্ব্বভক্ষাঃ ভক্ষবিচারশূন্যাঃ। বিত্ত্যৈ দেহাদিপোষণায় ধৃতানি বিদ্যাতপোব্রতানি যৈঃ বিত্তাদিষারামো রতি র্যেষাং তে যাচকাঃ সন্তো বিচরন্ত্বিতি শাপচতুষ্টয়ং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবন্ত্বিতি দ্বিতীয়ঃ ॥ ২৫ ॥

সংসারে পরিভ্রমণ করুক্ ॥ ২৫ ॥

শিবদ্বেষী দ্বিজাতিগণও দেহ, ইন্দ্রিয় ও ধনাদিতে আত্মবোধ ও আপনার-বোধ করিয়া সর্ব্বভুক্ হইবে এবং কেবল জীবিকার জন্যই বেদাদি শাস্ত্রের অনুশীলন, তপস্যা ও ব্রতাবলম্বনে সর্ব্বত্র যাচ্ঞা করতই পরিভ্রমণ করুক্ ॥২৬

আভাস।

আগ্রহাতিশয়ে চিত্ত যাহাকেই চিন্তা করে, কালক্রমে তাহার তজ্জাতিত্বপ্রাপ্তিই ঘটে। ধনজনাদির পরিহারে এবং একান্তশরণে যাঁহারা নিত্যনিরঞ্জন ভগবানে প্রাণ সমর্পণ করিতে পারেন, তাঁহারা চিন্তনীয় ভগবৎস্বরূপেই সাযুজ্যাদি নির্ব্বাণপদই পাইয়া থাকেন; আর যাহারা ঈশ্বরকে পরিত্যাগ করিয়া আবেগবশত ভোগেই লিপ্ত হয়, তাহাদের চিত্ত কালক্রমে ভোগ-স্বরূপেই পরিণত হইয়া থাকে। ভোগ জড়; সুতরাং ভোগাসক্ত জীব চৈতন্যস্বরূপ স্বীয় পরম তত্ত্ব বিস্মৃত হইয়া, জড়ভাবে পরিণত হইয়া থাকে। তাহারা পরমতত্ত্বের অন্বেষণ না করিয়া, আপাতত মনোরম ও আনন্দপ্রদ বেদোক্ত কর্ম্মকাণ্ডে আসক্ত হয়। জাতিত্ ব্রাহ্মণ হইলে, কি হইবে? জীবিকাই তাঁহাদের তখন প্রধান অর্জনের সামগ্রী হইয়া উঠে। শাস্ত্র যে বলিয়াছেন, "ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ন কামার্থায় জায়তে। ইহ ক্লেশায় তপসে প্রেত্য চানুত্তমং সুখং" ॥ ব্রাহ্মণের দেহ কামভোগার্থ উৎপন্ন হয় নাই। ব্রাহ্মণযোনি কেবল তপোনুষ্ঠানের ক্লেশেই অতিবাহিত করিলে, জীবনান্তে অনুত্তম ফল লাভ হইয়া থাকে, সন্দেহ নাই। ভোগাসক্ত বিপ্র প্রকৃত শাস্ত্র বিস্মৃত হইয়া, পাশব ভাবের আলোচনায়

তস্যৈবং বদতঃ শাপং শ্রুত্বা দ্বিজকুলায় বৈ।
ভৃগুঃ প্রত্যসৃজচ্ছাপং ব্রহ্মদণ্ডং দুরত্যয়ং ॥ ২৭ ॥
ভবব্রতধরা যেচ যেচ তান্ সমনুব্রতাঃ।
পাষণ্ডিনস্তে ভবন্তু সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

এবং বদতঃ তস্য নন্দিনঃ, দ্বিজকুলায় শাপং শ্রুত্বা ভৃগুঃ দুরত্যয়ং দুরতিক্রমণীয়ং অপরিহার্য্যং, ব্রহ্মদণ্ডং শাপং, প্রত্যসৃজৎ প্রতিকূলতয়া দত্তবান্ ॥ ২৭ ॥

যে ভবব্রতধরাঃ যে চ তান্ ব্রতধারিণঃ সমনুব্রতাঃ অনুসরন্তি, সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ (সচ্ছাস্ত্রস্য বেদস্য পরিপন্থি॰ঃ বিরোধিনঃ) তে পাষণ্ডিনঃ ভবন্তু ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যসৃজৎ প্রত্যদাৎ। শাপরূপং ব্রহ্মদণ্ডং ॥ ২৭ ॥
সচ্ছাস্ত্রস্য পরিপন্থিনঃ প্রতিকূলাঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বভক্ষাঃ ভক্ষ্যাভক্ষ্যবিচারশূন্যা ইতি তৃতীয়ঃ। বৃত্ত্যৈ জীবিকার্থমেব নতু ধর্ম্মার্থমিতি চতুর্থঃ। বিত্তেতি পঞ্চমঃ। যাচকা ইতি ষষ্ঠঃ॥ ২৬—২৮ ॥

হে বিদুর! মহর্ষি ভৃগু রুদ্রানুচর নন্দীশ্বরের দ্বিজকুলের প্রতি তাদৃশ অভিসম্পাত বাণী শ্রবণে উত্তেজিত হইলেন এবং তৎপ্রতিকারার্থ অপরিহার্য্য ব্রহ্মশাপ প্রদানে বলিলেন— ॥ ২৭ ॥

যাহারা মহাদেবের ব্রতধারণ করিবে, কিম্বা যাহারা শৈব মতে উপাসনা করিবে, তাদৃশ বেদমার্গের বিরুদ্ধাচারী ব্যক্তিগণ জগতে পাষণ্ডরূপে পরিণত হউক্ ॥ ২৮ ॥

শৌচাচারবর্জ্জিত মূঢ়মতি সেই সকল মানব মস্তকে জটাভার, অঙ্গে ভস্ম এবং গলদেশে অস্থিমালা ধারণ করত শিবের উপাসনায় প্রবৃত্ত হউক্।

আভাস।

সকল কর্ম্মই পশুর ন্যায় করিয়া থাকেন। তখন তাঁহার ব্রতাবলম্বন, বেদাধ্যয়ন, বা তপোঽনুষ্ঠান কেবল জীবিকালাভের জন্যই হইয়া থাকে; কিন্তু অধিকারী হইয়াও পরমার্থ চিন্তনে বিরত হইলে, তাঁহার উভয় পথই তুল্যরূপে বিনষ্ট হয়। পরমার্থ চিন্তনে শক্তি আছে, কিন্তু প্রবৃত্তি না থাকায় তাহাতে বঞ্চিত হন; আবার ভোগে অনভ্যস্ত সুতরাং অনধিকারী হওয়ায়, কেবল আকাঙ্ক্ষামাত্রেই ভোগের আশা পূরণ করিতে পারেন না; লাভের মধ্যে চিরজীবন যাচক হইয়া জীবন অতিবাহিত করিতে হয়। এই প্রকৃত কথার উল্লেখ করত নন্দীশ্বর শাপপ্রদানের ছলনা করিয়াছেন মাত্র ॥ ২৫ ॥ ২৬ ॥

নষ্টশৌচা মূঢ়ধিয়ো জটাভস্মাস্থিধারিণঃ।
বিশন্তু শিবদীক্ষায়াং যত্র দৈবং সুরাসবং ॥ ২৯ ॥
ব্রহ্মচ ব্রাহ্মণাংশ্চৈব যদ্‌যূয়ং পরিনিন্দথ।
সেতুং বিধরণং পুংসামতঃ পাষণ্ডমাশ্রিতাঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

নষ্টশৌচাঃ (নষ্টং শৌচং শুদ্ধত্বং যেষাং তে) মূঢ়ধিয়ঃ (মূঢ়া বিবেকরহিতা ধীঃ যেষাং তে) জটাভস্মাস্থিধারিণঃ সন্তঃ তে শিবদীক্ষায়াং বিশন্তু; যত্র দীক্ষায়াং সুরাসবং (সুরাঃ গৌড়ী পৈষ্টী মাধ্বী, আসবঃ তালাদিসম্ভবঃ মদ্যবিশেষঃ) এব দৈবং পরমদেবত্বেন আদরণীয়ং ॥ ২৯ ॥

যৎ যস্মাৎ যূয়ং পুংসাং বর্ণাশ্রমাচারনিষ্ঠানাং সেতুং মর্য্যাদারূপং ব্রহ্ম বেদং, ব্রাহ্মণান্ চ পরিনিন্দথ অতঃ পাষণ্ডং বেদবিরুদ্ধমার্গং এব আশ্রিতাঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সুরা গৌড়ী পৈষ্টী মাধ্বীচ আসব স্তালাদিসম্ভবং মদ্যং। দ্বন্দ্বৈকত্বাৎ ষণ্ডত্বং তৎ যত্র দৈবং পূজ্যং দেবতাবদাদরণীয়মিতি বা ॥ ২৯ ॥

ব্রহ্ম বেদং। কথম্ভূতং সেতুং মর্য্যাদারূপং তদেবাহ বর্ণাশ্রমাচারবতাং পুংসাং বিধরণং ধারকং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরা গৌড়ী পৈষ্টী মাধ্বীচ। আসব স্তালাদিসম্ভবং মদ্যং তয়োর্দ্বন্দ্বৈক্যাৎ ষণ্ডত্বং। তদেব যত্র দৈবং দেবতাবদাদরণীয়ং ॥ ২৯ ॥

ব্রহ্ম বেদং বেদপ্রবর্ত্তকান্ ব্রাহ্মণাংশ্চ। কীদৃশং সম্মার্গে চলতাং পুংসাং বিধরণং ধারকং সেতুং ॥ ৩০ ॥

অহো! যে পাশুপত দীক্ষায় গৌড়ী, পৈষ্টী ও মাধ্বী প্রভৃতি সুরা এবং তালাদি সম্ভূত আসবই পরম দেবরূপে আদরণীয় হইবে ॥ ২৯ ॥

তোমরা যখন মানবের অবশ্যকর্ত্তব্য বর্ণ, আশ্রম ও আচারের মর্য্যাদাপ্রদ বেদশাস্ত্র এবং তদুপদেষ্টা ব্রাহ্মণগণকেই নিন্দা করিতেছ, তখন বেদবিরুদ্ধ পাষণ্ড ধর্ম্মকেই আশ্রয় করিয়াছ, সন্দেহ নাই ॥ ৩০ ॥

আভাস।

ব্রাহ্মণের নিগ্রহ শ্রবণে মহর্ষি ভৃগু প্রতিশাপ প্রদানে অগ্রসর হইলেন। তিনি কর্ম্ম, উপাসনা ও জ্ঞানকাণ্ডভেদে বেদের বিভাগ ও কাণ্ডত্রয়ের পরস্পরে অধিকারিভেদে উপাদেয় ও হেয়ভাবের প্রতি লক্ষ্য না করিয়া, সমগ্র বেদের বাক্য অনুসারে অগ্রসর হওয়াই জীবের প্রয়োজন, ইহাই প্রতিপাদনার্থ যত্নবান্ হইলেন। ঋষি হইলেও ভৃগু ভোগী;

এষ এবহি লোকানাং শিবঃ পন্থাঃ সনাতনঃ ।
যং পূর্ব্বে চানুসংতস্থু র্যৎপ্রমাণং জনার্দ্দনঃ ॥ ৩১ ॥
তদ্ব্রহ্ম পরমং শুদ্ধং সতাং বর্ত্ম সনাতনং ।
বিগর্হ্য যাত পাষণ্ডং দৈবং বো যত্র ভূতরাট্ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

(যং বেদমার্গং যূয়ং নিন্দথ) এষঃ এব হি লোকানাং শিবঃ শুদ্ধঃ, সনাতনঃ পন্থা মার্গঃ, যং বেদমার্গং পূর্ব্বে ব্রহ্মাদয়ঃ অনুসংতস্থুঃ অনুষ্ঠিতবন্তঃ, যৎপ্রমাণং (যস্য মার্গস্য প্রমাণং বক্তা) জনার্দ্দনঃ (জনাং মায়াং অর্দ্দয়তি ইতি) নারায়ণঃ এব ॥ ৩১ ॥

পরমং (পরমাত্মভগবৎপ্রবর্ত্তিতত্বেন সর্ব্বপ্রমাণোৎকৃষ্টং অতএব) শুদ্ধং সতাং বিবেকিনাং সনাতনং বর্ত্ম মার্গং তৎ ব্রহ্ম বেদং বিগর্হ্য বিনিন্দ্য, পাষণ্ডং বেদবিরুদ্ধমার্গং, যাত গচ্ছত। যত্র মার্গে বঃ যুষ্মাকং ভূতরাট্ (ভূতানাং তামসানাং রাজা রুদ্রঃ) এব দৈবং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সেতুত্বং প্রপঞ্চয়তি দ্বাভ্যাং এষ বেদলক্ষণ এব শিবঃ পন্থাঃ যং পূর্ব্বে ঋষয়ঃ অনুসংতস্থুঃ আশ্রিতবন্তঃ যং যস্মিন্ জনার্দ্দনঃ প্রমাণং মূলং ॥ ৩১ ॥

ভূতরাট্ ভূতানাং তামসানাং পতিঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদনিন্দকা যূয়ং কুপথগামিন এবেত্যাহ। এষ বেদলক্ষণঃ। যৎ যত্র প্রমাণমিতি সএবাত্র সাক্ষী দ্রষ্টব্য ইতি ভাবঃ ॥ ৩১ ॥

বিগর্হ্যেতি বেদনিন্দায়াঃ ফলমিদং ভবদ্ভিঃ প্রাপ্তব্যমেব মদভিশাপস্তু পিষ্টপেশ ইবেতি ভাবঃ। ভূতরাট্ ভূতানাং রাজা ভূত এবেতি নিন্দা। ভূতেষু সর্ব্বপ্রাণিষু রাজত ইতি স্তুতিঃ ॥ ৩২ ॥

কিন্তু কি আশ্চর্য্য ! যে বেদমার্গকে তোমরা নিন্দা করিতেছ, তাহাই সর্ব্ববাদিসম্মত শুভপ্রদ বিশুদ্ধ সনাতন পথ। এই বেদমার্গকে অবলম্বন করিয়া পূর্ব্ববর্ত্তী ব্রহ্মাদি দেববৃন্দও সদাচারের অনুষ্ঠান করিয়াছেন; এবং সাক্ষাৎ জনার্দ্দনই এই বেদমার্গের বক্তা ॥ ৩১ ॥

পরাৎপর পরমাত্মা বিষ্ণুর মুখারবিন্দ বিনির্গত সর্ব্বপ্রকার প্রমাণের মধ্যে শ্রেষ্ঠ প্রমাণস্থানীয় সাধুসম্মত এই সনাতন বেদপথকে যখন তোমরা নিন্দা

আভাস।

সুতরাং ভোগানুকূল বেদের প্রতিপত্তি রক্ষা করিবার জন্য বেদযোনি নারায়ণের নাম উল্লেখপূর্ব্বক অভিসম্পাত করিয়াছেন ॥ ২৭—৩১ ॥

মৈত্রেয় উবাচ ॥
তস্যৈবং বদতঃ শাপং ভৃগোঃ স ভগবান্ ভবঃ।
নিশ্চক্রাম ততঃ কিঞ্চিদ্বিমনা ইব সানুগঃ ॥ ৩৩ ॥
তেঽপি বিশ্বসৃজঃ সত্রং সহস্রং পরিবৎসরান্।
সংবিধায় মহেষ্বাস যত্রেজ্য ঋষভো হরিঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। তস্য ভৃগোঃ এবং শাপং বদতঃ এব ভগবান্ সঃ ভবঃ কিঞ্চিৎ বিমনাঃ ইব সানুগঃ ততঃ স্থানাৎ নিশ্চক্রাম ॥ ৩৩ ॥

হে মহেষ্বাস বিদুর! যত্র সত্রে, ঋষভঃ সর্ব্বদেবাধিদেবঃ হরিঃ ইজ্যঃ পূজ্যঃ, তৎ সহস্রং পরিবৎসরান্ সহস্রপরিবৎসরসাধ্যং, সত্রং সংবিধায় সমাপ্য তে বিশ্বসৃজঃ মরীচ্যাদয়ঃ ॥৩৪॥

শ্রীধরস্বামী।

অন্যোন্যশাপেন উভয়ো বিনাশাৎ বিমনাঃ ইবেতি তথাপি ভগবদনুগৃহীতানাং নাশো ন স্যাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

ঋষভঃ সর্ব্বশ্রেষ্ঠো হরিঃ যত্র ইজ্যঃ পূজ্যঃ। তৎ সত্রং সম্যগ্বিধায়। হে মহেষ্বাস হে বিদুর ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ প্রমাণং জনার্দ্দন ইতি শ্রুত্বা কদাচিজ্জনার্দ্দনং তদ্ভক্তাংশ্চ প্রতি কিমপ্যবদ্যং ক্রোধাদেব নন্দীশ্বরো বদেদিতি শঙ্কমানো ভবস্ততো নিষ্ক্রান্ত ইত্যাহ তস্যৈবমিতি বিমনা ইবেতি বস্তুতস্ত্বাত্মারামত্বান্ন বিমনাঃ তেন দ্বয়োঃ শাপগ্রস্তান্ কর্ম্মমার্গান্ শৈবাংশ্চ পরিহৃত্য বৈষ্ণবা এব সুধীভিরাশ্রয়ণীয়া ইতি প্রকরণব্যঙ্গং বস্তু জ্ঞেয়ং ॥ ৩৩ ॥

তেঽপি রুদ্রদক্ষৌ সগণৌ বিনৈব সত্রং সম্বিধায় যযুঃ। নচ তদ্বিরোধজন্যঃ কোঽপি বিঘ্নো বভূবেত্যাহ যত্র হরিরেব ইজ্যানাং ঋষভ ইতি রুদ্রাদিযজনং বিনাপি যজ্ঞপূর্ত্ত্যভাবো নাভূদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

করিয়াছ, তখন বেদবিরুদ্ধ পাষণ্ডের পথেই তোমরা গমন কর! ॥ ৩২ ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, ত্রিলোচন মহর্ষি ভৃগুর এই প্রকার শাপবাক্য শ্রবণে কিঞ্চিৎ বিমনা হইলেন এবং অনুচরবর্গকে সঙ্গে লইয়া, তথা হইতে অন্যত্র গমন করিলেন ॥ ৩৩ ॥

হে ধনুর্দ্ধরাগ্রগণ্য বিদুর! সেই সত্রযাগে সর্ব্বদেবাদিদেব ভূতভাবন নারায়ণই পূজ্য; মরীচ্যাদি বিশ্বস্রষ্টৃগণ সহস্র সম্বৎসর সাধ্য সেই সত্রযাগ সমাপন করিয়া— ॥ ৩৪ ॥

যে স্থলে যমুনার সহিত ভাগীরথী মিলিতা হইয়াছেন, সেই প্রয়াগতীর্থে

আপ্লুত্যাবভৃথং যত্র গঙ্গা যমুনয়ান্বিতা।
বিরজেনাত্মনা সর্ব্বে স্বং স্বং ধাম যযুস্ততঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দক্ষশাপো দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

সদা বিদ্বিষতোরেবং কালো বৈ ধ্রিয়মাণয়োঃ।

অন্বয়ঃ।

যমুনয়া অন্বিতা গঙ্গা যত্র প্রয়াগে, অস্তি তত্র অবভৃথং স্নানং আপ্লুত্য ততঃ স্থানাৎ বিরজেন নির্ম্মলেন, আত্মনা অন্তঃকরণেন, সর্ব্বে স্বং স্বং ধাম যযুঃ ॥ ৩৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং পূর্ব্বোক্তপ্রকারেণ, সদা বিদ্বিষতোঃ দ্বেষং কুর্ব্বতোঃ এবং

শ্রীধরস্বামী।

যত্র প্রয়াগে গঙ্গা যমুনয়া অন্বিতা তত্রাবভৃথস্নানং কৃত্বা ততঃ স্থানাৎ যযুঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বিতীয়ঃ ॥ * ॥

তৃতীয়েতু সতী তাতযজ্ঞোৎসবদিদৃক্ষয়া।
গমিষ্যন্তী মহেশেন বারিতা নীতিহেতুভিঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থেঽস্মিন্ দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
তৃতীয়ে স্বপিতু র্যজ্ঞং দিদৃক্ষু র্যাস্যতী সতী।
নিবারিতা নীতিবাক্যৈরদক্ষাজ্ঞা হরেণ সা ॥ * ॥

অবগাহন পূর্ব্বক অবভৃত স্নান করিয়া সকলে বিশুদ্ধচিত্তে স্ব স্ব স্থানে গমন করিলেন ॥ ৩৫ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয়াধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

এই সকলের অভিসম্পাতে বস্তুত বেদাচারী বা শৈব কাহারও নিন্দা হয় নাই; তবে ভোগবাসনায় বেদাধ্যয়ন বা শিবের উপাসনা করা এই উভয়ই যে মন্দ, তাহাই এই বিরোধের প্রধান উদ্দেশ্য। জীব ভোগবাসনা পরিত্যাগ পূর্ব্বক যে কোন পন্থাই অবলম্বন করে, তাহাই শুভপ্রদ এবং ভোগাভিপ্রায়ে বেদপাঠ এবং উপাসনাও যে দূষিত, ইহাই এই অধ্যায়ের প্রধান প্রতিপাদ্য বিষয় ॥ ৩২—৩৫ ॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয়াধ্যায়ের আভাস সমাপ্ত ॥

জামাতুঃ শ্বশুরস্যাপি সুমহানতিচক্রমে ॥ ১ ॥
যদাভিষিক্তো দক্ষস্তু ব্রহ্মণা পরমেষ্ঠিনা।
প্রজাপতীনাং সর্ব্বেষামাধিপত্যে স্ময়োঽভবৎ ॥ ২ ॥
ইষ্ট্বা স বাজপেয়েন ব্রহ্মিষ্ঠানভিভূয়চ।

অন্বয়ঃ।

ধ্রিয়মানয়োঃ অবতিষ্ঠমানয়োঃ জামাতুঃ শ্বশুরস্য চ ভবদক্ষয়োঃ বৈ সুমহান্ কালঃ অতি-চক্রমে অগমৎ ॥ ১ ॥

যদা তু দক্ষঃ সর্ব্বেষাং প্রজাপতীনাং মরীচ্যাদীনাং আধিপত্যে মুখ্যত্বেন পরমেষ্ঠিনা ব্রহ্মণা অভিষিক্তঃ তদা তস্য স্ময়ঃ গর্ব্বঃ, অভবৎ ॥ ২ ॥

সঃ অতি গর্ব্বিতঃ দক্ষঃ ব্রহ্মিষ্ঠান্ (এবং তৎপক্ষীয়ান্ চ) অভিভূয় তিরস্কৃত্যঃ, বাজ-

শ্রীধরস্বামী।

ধ্রিয়মাণয়োঃ অবতিষ্ঠমানয়োঃ। ধৃঙ্ অবস্থান ইত্যস্মাৎ ॥ ১ ॥

যদ্যপি রুদ্রবিহীনো যজ্ঞো নাস্ত্যেব তথাপি দক্ষস্য রুদ্রপরিত্যাগো দ্বেষাদ্গর্ব্বাচ্চ তত্র দ্বেষে হেতুরুক্তঃ। গর্ব্বহেতুমাহ যদাতু প্রজাপতীনামাধিপত্যে অভিষিক্তঃ তদা তস্য স্ময়ো গর্ব্বোঽভবৎ ॥ ২ ॥

গর্ব্বাদেব ব্রহ্মিষ্ঠান্ সেশ্বরানভিভূয় তিরস্কৃত্য বাজপেয়েনেষ্ট্বা বৃহস্পতিসবেন যজ্ঞেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধ্রিয়মাণয়োঃ অনবতিষ্ঠমানয়োঃ ক্ষমাং ক্ষমাপণকাপ্রাপ্তবতোরিত্যর্থঃ। ধৃঙ্ অনবস্থান ইত্যস্মাৎ ॥ ১ ॥

যদাভিষিক্ত ইতি শিবদ্বেষিণো দক্ষস্য সংপত্তিরিয়ং রাজ্যস্যাপরাধফলমেব পুনরপ্য-পরাধবৃদ্ধ্যর্থমেব অতএবাহ স্ময়ো গর্ব্বঃ ॥ ২ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! এই প্রকারে পরস্পরে দ্বেষ করিতে করিতেই শ্বশুর দক্ষ প্রজাপতি ও জামাতা ত্রিলোচনের বহুকাল অতীত হইয়া গেল ॥ ১ ॥

কিন্তু যখন কমলাসন ব্রহ্মা দক্ষ প্রজাপতিকে মরীচ্যাদি সমস্ত প্রজাপতি-গণের শ্রেষ্ঠ অধিপতিরূপে অভিষিক্ত করিলেন, তখন দক্ষের মনে মনে একটী গর্ব্বের উদয় হইল ॥ ২ ॥

তিনি তখন শিবপক্ষীয় ব্রহ্মিষ্ঠ সুরেশ্বরগণের অবমাননার অভিপ্রায়ে

আভাস।

তৃতীয়াধ্যায়ে পিতার যজ্ঞমহোৎসব দর্শনার্থ সতীর দক্ষালয়ে গমন প্রার্থনা এবং শঙ্কর কর্ত্তৃক নানাবিধ হেতু প্রদর্শন পূর্ব্বক নিবারণ বর্ণিত হইয়াছে ॥

বৃহস্পতিসবং নাম সমারেভে ক্রতূত্তমং ॥ ৩ ॥
তস্মিন্ ব্রহ্মর্ষয়ঃ সর্ব্বে দেবর্ষিপিতৃদেবতাঃ।
আসন্ কৃতস্বস্ত্যয়না স্তৎপত্ন্যশ্চ সভর্তৃকাঃ ॥ ৪ ॥
তদুপশ্রুত্য নভসি খেচরাণাং প্রজল্পতাং।
সতী দাক্ষায়ণী দেবী পিতৃযজ্ঞমহোৎসবং ॥

অন্বয়ঃ।

পেয়েন বাজপেয়সঙ্গকেন যাগেন ইষ্ট্বা ক্রতূত্তমং (ক্রতুষু উত্তমং) বৃহস্পতিসবং তন্নামোক্তং যাগবিশেষং কর্ত্তুং সমারেভে। (ব্রাহ্মণস্য বৃহস্পতি সবো মুখ্য স্তৎপূর্ব্বাঙ্গত্বেন বাজপেয়ানুষ্ঠানং) ॥ ৩ ॥

তস্মিন্ দক্ষপ্রারব্ধবৃহস্পতিসত্রে, সর্ব্বে ব্রহ্মর্ষয়ঃ দেবর্ষিপিতৃদেবতাঃ সভর্তৃকাঃ তৎ পত্ন্যঃ চ কৃতস্বস্ত্যয়নাঃ (কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং পূজনং যাসাং তাঃ) আসন্ ॥ ৪ ॥

নভসি আকাশপথে, প্রজল্পতাং কথয়তাং খেচরাণাং গন্ধর্ব্বাদীনাং (মুখে) তৎ পিতৃযজ্ঞমহোৎসবং (পিতুঃ দক্ষস্য যজ্ঞমহোৎসবং) উপশ্রুত্য দাক্ষায়ণী সতী দেবী ॥

শ্রীধরস্বামী।

ইতি শ্রুতেঃ। বাজপেয়েনেষ্ট্বা সমারেভে ॥ ৩ ॥

কৃতস্বস্ত্যয়নাঃ কৃতমঙ্গলাঃ সভর্তৃকা ইতি দক্ষিণাদিভিঃ প্রথমমর্হিতানামপি পত্ন্যর্হণে পুনরর্হণমুক্তং ॥ ৪ ॥

তত্তদা খেচরাণাং প্রজল্পতাং সতাং পিতৃযজ্ঞমহোৎসবং শ্রুত্বা তত্র ব্রজন্তীঃ উপদেবানাং গন্ধর্ব্বাণাং বরাঃ স্ত্রিয়শ্চ স্বস্য নিলয়স্যাভ্যাসে সমীপে দৃষ্ট্বা ঔৎসুক্যাৎ পতিমভাষতেতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গর্ব্বাদেব ব্রহ্মিষ্ঠানভিভূয় বৃহস্পতিসবমিতি বাজপেয়েনেষ্ট্বা বৃহস্পতিসবেন যজেতেতি শ্রুতেঃ ॥ ৩ ॥

কৃতস্বস্ত্যয়নাঃ কৃতার্হণাঃ সভর্তৃকা ইতি তেষাং পত্ন্যর্হণৈঃ পুনরপ্যর্হণমুক্তং ॥ ৪ ॥

বাজপেয় যজ্ঞের সমাপন করিয়া সর্ব্বশ্রেষ্ঠ বৃহস্পতিযাগের আরম্ভ করিলেন। ব্রাহ্মণের পক্ষে সর্ব্বশ্রেষ্ঠ বৃহস্পতি যাগ করিতে হইলে, তৎপূর্ব্বে বাজপেয় যজ্ঞের অনুষ্ঠান করা বিধেয় ॥ ৩ ॥

দক্ষানুষ্ঠিত বৃহৎ বৃহস্পতিযাগে যাবতীয় ব্রহ্মর্ষিগণ, দেবর্ষিগণ, পিতৃলোকগণ ও অমরবৃন্দ সকলেই সমবেত হইয়াছিলেন; এবং তাঁহারা সকলে ও তাঁহাদের পত্নীগণও পতিসহ তথায় আগমন পূর্ব্বক যথাযোগ্য পূজা ও অভ্যর্থনাদি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৪ ॥

আকাশচারী গন্ধর্ব্বগণও দক্ষরাজের যজ্ঞমহোৎসবের কথা সর্ব্বদা

ব্রজন্তীঃ সর্ব্বতোদিগ্‌ভ্য উপদেববরস্ত্রিয়ঃ।
বিমানযানাঃ সপ্রেষ্ঠা নিষ্ককণ্ঠীঃ সুবাসসঃ॥
দৃষ্ট্বা স্বনিলয়াভ্যাসে লোলাক্ষীর্মৃষ্টকুণ্ডলাঃ।
পতিং ভূতপতিং দেবমৌৎসুক্যাদভ্যভাষত॥ ৫॥

অন্বয়ঃ।

সর্ব্বতো দিগভ্যঃ ব্রজন্তীঃ বিমানযানাঃ (বিমানানি যানানি গমনসাধনানি যাসাং তাঃ) সপ্রেষ্ঠাঃ (প্রেষ্ঠৈঃ ভর্তৃভিঃ সহিতাঃ) নিষ্ককণ্ঠীঃ (নিষ্কাণি পদকানি কণ্ঠে যাসাং তাঃ) মৃষ্টকুণ্ডলাঃ (মৃষ্টানি শুদ্ধানি কুণ্ডলানি যাসাং তাঃ) উপদেববরস্ত্রিয়ঃ (উপদেবানাং যক্ষ-গন্ধর্ব্বাদীনাং বরাঃ শ্রেষ্ঠাঃ স্ত্রিয়ঃ) স্বনিলয়ভ্যাসে (স্বনিলয়স্য গৃহস্য অভ্যাসে সমীপে) দৃষ্ট্বা ভূতপতিং পতিং শিবং ঔৎসুক্যাৎ অভ্যভাষত উক্তবতী ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

ত্রয়াণামন্বয়ঃ। কথম্ভূতাঃ স্ত্রিয়ো দৃষ্ট্বা বিমানানি যানানি যাসাং তাঃ। প্রেষ্ঠৈঃ সহিতাশ্চ নিষ্কাণি পদকানি কণ্ঠেষু যাসাং শোভনানি বাসাংসি যাসাং লোলানি চঞ্চলানি অক্ষীণি যাসাং। মৃষ্টানি উজ্জ্বলানি কুণ্ডলানি যাসাং॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তদা খেচরাণাং প্রজল্পতাং মুখাৎ পিতুর্যজ্ঞমহোৎসবমুপশ্রুত্য ব্রজন্তীরুপদেববর-স্ত্রিয়ো দৃষ্ট্বা পতিমভ্যভাষত॥ ৫॥

আলোচনা করিতে লাগিলেন। দক্ষতনয়া সতী প্রথম তাঁহাদের মুখেই তাদৃশ যজ্ঞবৃত্তান্ত অবগত হইলেন।।

এবং দিগ্‌দিগন্ত হইতে গন্ধর্ব্ব-বনিতাগণ মনোহর বসন পরিধানে, এবং গলদেশে স্বর্ণপদক ও কর্ণদ্বয়ে মণিময় কুণ্ডল ধারণে স্বামীসহ বিমানে আরো-হণ পূর্ব্বক সতীগৃহের নিকট দিয়াই গমন করিতে লাগিলেন। মহেশ্বরী সেই চপলদৃষ্টী বনিতাগণের চঞ্চলগতি নিরীক্ষণ করিয়া, স্বয়ং তথায় গমনের

আভাস।

নাশ্চর্য্যমেতদ্যদসৎসু সর্ব্বদা মহদ্বিনিন্দা কুণপাত্মবাদিষু।

অন্বয়ঃ।

কুণপাত্মবাদিষু (কুণপং শববৎ কুৎসিতং জড়ং শরীরং তদেব আত্মা ইতি বদনে শীলং শ্রীধরস্বামী।

এতচ্চ দুর্জ্জনেষু যুক্তমেবত্যাহ নেতি কুণপং জড়ং শরীরং তদেবাত্মেতি বদন্তি যে তেষু ঈর্ষ্যা অক্ষান্তিঃ সের্ষ্যং যথা ভবত্যেবং মহতাং বিনিন্দেতি যৎ এতদাশ্চর্য্যং ন ভবতি। সের্ষ্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তি সর্ব্ব এব সাধব ইত্যেবং তে মহত্তমা স্তথৈব দোষাভাবেঽপি পরেষাং দোষানেব পশ্যন্তি যথা জগত্যস্মিন্ কেঽপি শিষ্টা ন সন্তি সর্ব্ব এব দুষ্টা ইতি তে অত্যসাধুতমা ইত্যেব সত্ত্বতারতম্যেন সাধব ইতি সাধূনাং দ্বৈবিধ্যেঽপ্যুক্তেন ভমপ্রত্যয়েন যুক্তিসম্ভবেন চ মহতাকাঙ্ক্ষুর্বিধ্যমায়াতং। তথৈব তমস্তারতম্যেন ন ভবাদৃশা ইতি অবিদ্বস্তবানবমিত্যাভ্যাং অসাধূনামপি দ্বৈবিধ্যেঽপি যুক্ত্যা চাতুর্বিধ্যং। শুদ্ধসত্ত্বস্বরূপকল্যাণগুণময়ভক্তিযোগতারতম্যেন পুনরপ্যেবং সাধূনামপরাধতারতম্যেনাসাধূনাঞ্চাতুর্বিধ্যং [illegible] এবঞ্চ দেহভৃতাং প্রিয়াত্মন স্তস্মিন্ সমস্তাত্মনি মুক্তবৈরক ইত্যাদিনা শ্রীরুদ্রস্য সর্ব্বত্রাপি প্রীতিমত্ত্বেন সর্ব্বত্রাদোষদৃষ্ট্যাচ অতিমহত্তমত্বং। তেম্ববিদ্বস্তবানথমিত্যনেন তস্মিন্ শ্রীরুদ্রে দোষমাত্রদর্শনাং তস্য চ সর্ব্বাত্মত্বাৎ সর্ব্বজগত্যেব দোষদৃষ্টিপ্রাপ্ত্যা চোদিতে পরমেষ্টিনেত্যনেন ব্রহ্মণ্যপি দোষদৃষ্ট্যা ব্রহ্মিষ্ঠানভিদ্রুহ্য চেতি মহৎস্বপ্যপরাধেনচ দক্ষস্যাত্যসত্তমত্বং ধ্বনিতং ॥ ১২ ॥

এতচ্চ ত্বাদৃশেষু দুর্জ্জনেষু উচিতমেবেত্যাহ নেতি কুণপং জড়ং শরীরং তদেবাত্মেতি বদন্তি যে তেসু অসৎসু যা সর্ব্বদাপি মহদ্বিনিন্দা এতদাশ্চর্য্যং ন কীদৃশেষু পাংশুভিঃ কর্ত্তৃভিঃ সের্ষ্যং

কিন্তু অতি তুচ্ছ জড় দেহাদিতে আত্মাভিমানী আপনার ন্যায়, ব্যক্তির পক্ষে সর্ব্বদা মহৎব্যক্তির নিন্দাবাদ কিছু অযথা ও আশ্চর্য্যের বিষয় নহে;

আভাস।

চতুর্থ, যাঁহারা লোকের দোষের উল্লেখ একেবারে না করিয়া, অতি সামান্য গুণভাগকে অবলম্বন পূর্ব্বক তাহারই প্রচুর পরিমাণে প্রচারে যত্ন করেন। এই শেষোক্ত ব্যক্তিগণই জগতে শ্রেষ্ঠ সাধুনামে কীর্ত্তিত হইয়া থাকেন। কিন্তু কি আশ্চর্য্য! আপনি এই কোন সম্প্রদায়ের মধ্যেই গণনীয় নহেন। আপনি সম্পূর্ণ নিষ্কলঙ্ক শঙ্করে দোষের কল্পনা করিয়া, জগতে তাঁহাকে অপ্রতিষ্ঠিত করিবার জন্য যত্ন করিতেছেন। এতদ্দ্বারা ব্রহ্মিষ্ঠগণেরও অসন্তোষভাজন আপনি হইতেছেন, সন্দেহ নাই ॥ ১২ ॥

অহো! আপনাতে ইহা কোনমতে অসঙ্গত নহে বটে; কারণ যাহারা স্পষ্টত প্রতীয়মান এই জড় দেহকে নিজের স্বরূপ বলিয়া অবধারণ করে এবং তদ্রূপেই প্রেম করে; ঈর্ষাপরতন্ত্র হইয়া মহতের অবমাননায় নিরন্তর অগ্রসর হয়; তাহাদের পক্ষে শঙ্করদ্বেষী হওয়া কিছু বিচিত্র নহে। কারণ মহতের অবমাননায়, মহতের কোন অনিষ্ট ঘটে না বটে, কিন্তু অবমাননা-

সের্ষ্যাং মহাপুরুষপাদপাংশুভি র্নিরস্ততেজঃসু তদেব শোভনং ॥ ১৩ ॥
যদ্দ্ব্যক্ষরং নাম গিরেরিতং নৃণাং সকৃৎ প্রসঙ্গাদঘমাশু হন্তি তৎ।

অন্বয়ঃ।

যেষাং তেষু) অসৎসু এতৎ যৎ সর্ব্বদা মহদ্বিনিন্দা ন আশ্চর্য্যং এব সের্ষ্যং নিরন্তরং, মহা-পুরুষপাদপাংশুভিঃ নিরস্ততেজঃসু তেষু তৎ নিন্দনং শোভনং এব ॥ ১৩ ॥

যৎ যস্য তৎ "শিবঃ" ইতি দ্ব্যক্ষরং নাম গিরা সকৃৎ একবারং অপি প্রসঙ্গাৎ সঙ্কেতাদ্যনু-ষঙ্গাদপি ঈরিতং উচ্চারিতং, সৎ নৃণাং প্রাণিনাং, সর্ব্বেষাং অঘং আশু হন্তি অহো! শিবেতরঃ

শ্রীধরস্বামী।

নিরস্তং তেজঃ প্রভাবো যেষামিতি বা। যদ্যপি মহাপুরুষাঃ স্বনিন্দাং সহন্তে তথাপি তৎপাদ-রেণবঃ তদসহমানা স্তেষাং তেজো নিরস্যন্তি অতোঽসৎসু মহন্নিন্দনমুচিতমেবেতি ভাবঃ ॥ ১৩

তদেবং মহত্তমদ্রোহমুক্ত্বা তস্মিন্নেব কৃতং দ্রোহমাহ যদিতি দ্বাভ্যাং যদ্যস্য দ্ব্যক্ষরমাত্রং শিব ইতি তৎ প্রসিদ্ধং নাম নৃণাং সর্ব্বেষাং আশু অঘং সর্ব্বং হন্তি কেবলং গিরৈবেরিতমুচ্চা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাস্যাত্তথা নিরস্তং তেজঃ প্রভাবো যেষাং তেষু যদ্যপি মহান্তঃ স্বনিন্দাং সহন্তে তথাপি তৎ-পাদরেণবস্তদসহমানা স্তেষাং তেজো নিরস্যন্তীত্যর্থঃ। অতোঽসৎসু মহদ্বিনিন্দনমেব সমুচিত-ফলদায়কত্বাৎ শোভনং ॥ ১৩ ॥

নচ মহৎস্বপি মধ্যে শ্রীশিবতুল্যঃ কোঽপ্যন্যোঽস্তীত্যাহ। যস্য দ্ব্যক্ষরং শিব ইতি তৎ

কারণ মহাপুরুষদের চরণরেণু নিরন্তর নিন্দাকারীর ঐশ্বর্য্য ধ্বংস করিয়াই থাকেন; অতএব আপনার পক্ষে ঐরূপ কার্য্য যথার্থ শোভা পাইতেছে, সন্দেহ নাই ॥ ১৩ ॥

যাঁহার এই অক্ষরদ্বয়-বিশিষ্ট পবিত্র শিব নামটী কেবল শব্দমাত্রে এক বার উচ্চারিত হইলে, জীবের যাবতীয় কল্মষ ধ্বংস হয়, জগতে যাঁহার আজ্ঞা কেহই উল্লঙ্ঘনে সমর্থ হয় না, সেই পবিত্রকীর্ত্তি ভগবান্ ত্রিলোচনের বিপক্ষে

আভাস।

কারীরই বিষম অনিষ্ট হয়। মহৎব্যক্তিগণ যদিও অপমানকারীর নিগ্রহে অগ্রসর হন না বটে, কিন্তু নিরন্তর পরের দোষ উদ্ঘাটনের বৃত্তির অনুরোধে অভ্যস্ত হইয়া নিগ্রহকারীর সদ্বিষয়ের অনুসন্ধান করিবার সামর্থ্য হ্রাস হইয়া যায়। সুতরাং তেজোক্ষয়ে নিগ্রহ-কারীর পরিণামে বিপুল অনিষ্টেরই সংঘটন হয়, সন্দেহ নাই। মহাপুরুষগণের চরণরেণুই নিগ্রহকারীর প্রভাব বিনষ্ট করিয়া দেয় ॥ ১৩ ॥

হে পিতঃ! মহাদেবের ন্যায় শ্রেষ্ঠ ব্যক্তি আর কেহই নাই। তাঁহাকে আরাধনা করি-বার কথা দূরে থাকুক, তাঁহার অক্ষরদ্বয়বিশিষ্ট পবিত্র "শিব" নামটী কেবল বচনপ্রয়োগে

পবিত্রকীর্ত্তিং তমলঙ্ঘ্যশাসনং ভবানহো দ্বেষ্টি শিবং শিবেতরঃ ॥ ১৪।
যৎপাদপদ্মং মহতাং মনোঽলিভির্নিষেবিতং ব্রহ্মরসাসবার্থিভিঃ।
লোকস্য যদ্বর্ষতি চাশিষোঽর্থিনস্তস্মৈ ভবান্ দ্রুহ্যতি বিশ্ববন্ধবে ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

অমঙ্গলরূপঃ ভবান্ অলঙ্ঘ্যশাসনং (ন লঙ্ঘ্যং শাসনং আজ্ঞা যস্য তৎ) পবিত্রকীর্ত্তিং তং শিবং এব দ্বেষ্টি ॥ ১৪ ॥

যৎপাদপদ্মং (যস্য শিবস্য পাদপদ্মং) ব্রহ্মরসাসবার্থিভিঃ (ব্রহ্মৈব রসঃ পরমানন্দঃ স এব আসবঃ সর্ব্ববিস্মৃতিপূর্ব্বকতৃপ্তিকরং মধু তদর্থিভিঃ) মহতাং পূজ্যানাং, মনোঽলিভিঃ (মনাংসি এব অলয়ঃ তৈঃ) নিষেবিতং; যচ্চ অর্থিনঃ লোকস্য, আশিষঃ বর্ষতি অলং দদাতি, তস্মৈ বিশ্ববন্ধবে জগতোহিতকারিণে, ভবান্ দ্রুহ্যতি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

রিতং নতু মনঃপূর্ব্বকং তচ্চ সকৃদপি প্রসঙ্গাদপি তং শিবং দ্বেষ্টি। ন লঙ্ঘ্যং শাসনং আজ্ঞা যস্য অহো শিবেতরঃ অমঙ্গলরূপঃ ॥ ১৫ ॥

পাপহরত্বমুক্ত্বা ভুক্তিমুক্তিপ্রদত্বেন শ্রীশিবং বর্ণয়ন্তীত্যাহ। যস্য পাদপদ্মং মনাংসি এবালয়স্তৈঃ ব্রহ্মরসো ব্রহ্মানন্দঃ স এবাসবো মকরন্দঃ তদর্থিভি র্যচ্চার্থিনঃ সকামস্য লোকস্য আশিষো বর্ষতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রসিদ্ধং নাম কেবলং গিরৈব ঈরিতং নতু মনসা ধ্যাতং। তচ্চ সকৃদপি প্রসঙ্গাদপি পবিত্রকীর্ত্তিমিতি মাধুর্য্যং অলঙ্ঘ্যশাসনমিত্যৈশ্বর্য্যং। শিবেতরোঽমঙ্গলঃ ॥ ১৪ ॥

পাপহরত্বমুক্তং মুক্তিপ্রদত্বমাহ যদিতি ব্রহ্মরসো ব্রহ্মানন্দএবাসবো মকরন্দ তদর্থিভিঃ ভোগপ্রদত্বমাহ লোকস্যেতি ॥ ১৫ ॥

আপনার ন্যায় নষ্টমঙ্গল ব্যক্তি ব্যতীত অন্য কে বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হইতে পারে? ॥ ১৪ ॥

ব্রহ্মানন্দে নিমগ্ন হইবার প্রার্থনায় জ্ঞানিগণ যাঁহার চরণপদ্ম নিরন্তর চিন্তা করিয়া থাকেন, বিষয়বাসনা পরিহার পূর্ব্বক যোগিগণ যাঁহার চরণপদ্মের আনন্দমকরন্দ পানেই মনোভৃঙ্গকে নিত্য নিয়মিত রাখেন, অহো! সেই

আভাস।

উচ্চারণ করিলেই যাবতীয় অমঙ্গল বিদূরিত হইয়া থাকে; শ্রদ্ধা বা ভক্তিরও তত প্রয়োজন নাই এবং বারংবার বলিবারও অপেক্ষা করে না; একবার উচ্চারণ করিলেই প্রচুর ফল লাভ হইয়া থাকে। শঙ্কর কেবল পাপ বিনাশ করিয়াই ক্ষান্ত হন না; পরন্ত মঙ্গলময় তারকব্রহ্ম নাম প্রদানে জীবকে সংসারের অতীত মোক্ষপদ প্রদান করিয়া থাকেন। সে জীবকে আর সংসারপ্রবাহে প্রত্যাবর্ত্তন করিতে হয় না ॥ ১৪ ॥ ১৫ ॥

কিংবা শিবাখ্যমশিবং ন বিদুস্ত্বদন্যে ব্রহ্মাদয়স্তমবকীর্য্য জটাঃ শ্মশানে।
তন্মাল্যভস্মনৃকপাল্যবসৎ পিশাচৈ র্যে মূর্দ্ধভি দধতি তচ্চরণাবসৃষ্টং ॥১৬॥

অন্বয়ঃ।

তন্মাল্যভস্মনৃকপালী (তস্য শ্মশানস্য মাল্যানি ভস্মানি নৃকপালানি যস্য সন্তি ইতি যঃ)জটাঃ অবকীর্য্য প্রসার্য্য, শ্মশানে পিশাচৈঃ সহ অবসৎ তং শিবাখ্যং হরং ত্বদন্যে ব্রহ্মাদয়ঃ অশিবং ইতি ন বিদুঃ যতঃ তে তচ্চরণাবসৃষ্টং (তচ্চরণাৎ অবসৃষ্টং গলিতং জলাদিনির্ম্মাল্যং মূর্দ্ধভিঃ দধতি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং শিবাপদেশোহশিব ইতি যচ্চোক্তং প্রেতাবাসেষিত্যাদি তদাক্ষিপন্ত্যাহ কিম্বেতি। যো জটা অবকীর্য্য শ্মশানে অবসৎ বসতিস্ম। তস্য শ্মশানস্য মাল্যানি ভস্মানি নৃকপালানিচ ভূষণত্বেন সন্তি যস্য তং ত্বত্তোহন্যে ন বিদুঃ কিং বিদন্ত্যেবেতি চেৎ ন তথা সতি তেষাং তৎদাস্যানুপপত্তেরিত্যাহ তচ্চরণাদবসৃষ্টং গলিতং নির্ম্মাল্যং যে মূর্দ্ধভি র্ধারয়ন্তি তে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং শিবাপদেশোহশিব ইতি যচ্চোক্তং প্রেতাবাসেষিত্যাদি তদাক্ষিপন্ত্যাহ। যো জটা অবকীর্য্য শ্মশানেহবসৎ তস্য শ্মশানস্য মাল্যানি ভস্মানি নৃকপালানিচ ভূষণত্বেনসন্তি যস্য তং শিবাখ্যং অশিবং ত্বত্তোহন্যে ব্রহ্মাদয়ো ন বিদুঃ কিং বিদন্ত্যেবেতি চেৎ ন। তথা সতি তেষাং তদ্দাস্যানুপপত্তেরিত্যাহ তচ্চরণাদবসৃষ্টং গলিতং নির্ম্মাল্যং যে মূর্দ্ধভি র্ধারয়ন্তি ॥ ১৬ ॥

সর্ব্বকামবর্ষী জগৎবন্ধু ভোলানাথের বিদ্রোহাচরণে আপনি প্রবৃত্ত হইয়াছেন! ॥ ১৫ ॥

যিনি শ্মশানাদি নির্জ্জন স্থলে জটাকলাপ বিকীর্ণ করত অস্থিমালা ভস্ম ও নরকপলাদি গ্রহণে পিশাচগণের সহ পরিভ্রমণ করেন বলিয়া, অশিববোধে আপনি নিন্দা করেন ব্রহ্মাদি দেবতাগণ কিন্তু পরম মঙ্গলময়জ্ঞানে তাঁহারই চরণনির্ম্মাল্য মস্তকে ধারণ করিয়া থাকেন ॥ ১৬ ॥

আভাস।

শূলপাণি গলদেশে অস্থিমালা ধারণপূর্ব্বক মস্তকে জটাভার বহনে শ্মশানে ও মশানে ভ্রমণ করেন; সুগন্ধি চন্দনাদি উপেক্ষা করিয়া অঙ্গে ভস্ম লেপন করেন এবং সর্ব্বৈশ্বর্য্যে পূর্ণ হইয়া ও সর্ব্বাধিপত্যে অবস্থিত থাকিয়াও স্বর্ণপাত্রের পরিবর্ত্তে নরকপালকে জলপাত্ররূপে গ্রহণ করেন বলিয়া, কি প্রকৃতই তোমার নিকট তিনি নিন্দার পাত্র? সেই মহাযোগী বৈরাগ্যের চরম সীমা প্রদর্শনে এতাদৃশ সকলের ত্যাজ্য বিষয় আদরপূর্ব্বক গ্রহণ ও বৃষারোহণে কি অভিপ্রায়ে এবং কি উপদেশ জগৎকে প্রদানার্থ যে, পরিত্যক্ত শ্মশানাদিতে পরিভ্রমণ করেন, তাহার মর্ম্ম উদ্ঘাটন করা আপনার ন্যায়, ভোগী পুরুষের কথা দূরে থাকুক, ব্রহ্মাদি অমরগণও তাহা নিরূপণে সমর্থ হন না। তাঁহারা মর্ম্ম উদ্ঘাটনে সম্পূর্ণ

কর্ণৌ পিধায় নিরিয়াৎ যদকল্প ঈশে ধর্ম্মাবিতর্য্যশৃণিভি র্নৃভিরস্যমানে।

অন্বয়ঃ।

ধর্ম্মাবিতরি ধর্ম্মরক্ষকে, মহত্তমে ঈশে, স্বামিনি অশৃণিভিঃ নিরঙ্কুশৈঃ, নৃভিঃ অস্যমানে অধিক্ষিপ্যমানে, সতি (তৎপ্রতিবিধানে স্বয়ং অকল্পঃ অসমর্থশ্চেৎ তদা) কর্ণৌ পিধায় আচ্ছিদ্য,

শ্রীধরস্বামী।

ইদানীং দেহং ত্যক্তুকামা ধর্ম্মতত্ত্বমাহ। কর্ণাবাচ্ছাদ্য নির্গচ্ছেৎ যদ্যদি মর্ত্তুং মারয়িতুং বা কল্পো ন ভবতি। কদা ধর্ম্মাবিতরি ধর্ম্মরক্ষকে ঈশে স্বামিনি অশৃণিভি নিরঙ্কুশৈ র্নৃভিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ত্বং সাধূন্ লক্ষয়ন্তি পরেষু দোষদর্শনং নিষিদ্ধসি অথচ মাং বিপ্রং প্রজাপতিপত্নিত্বেন জগৎপূজ্যং পিতরমপি নিন্দসীতি ত্বমপ্যসাধুতরৈবেতি তত্র সম্প্রতি নিন্দায়াঃ কা বার্ত্তা শিবদ্বিষং ত্বাং যদহং ন হন্মি এষ মে মহাপরাধ ইত্যত্র ধর্ম্মতত্ত্বং শৃণ্বিত্যাহ কর্ণাবিতি ধর্ম্মাবিতরি ধর্ম্মরক্ষকে মহত্তমে ঈশে স্বামিনি অশৃণিভি নিরঙ্কুশৈর্নৃভিরস্যমানে অধিক্ষিপ্যমাণে সতি কর্ণৌ পিধায় নিরিয়ান্নির্গচ্ছেৎ। যৎ যদি অকল্পঃ হন্তুং মর্ত্তুং বা যদি ন সমর্থঃ স্যাৎ। প্রভুশ্চেদ্ যদিচ সমর্থ স্তদা

অতএব যে স্থলে তাদৃশ ধর্ম্মপ্রতিপালক সর্ব্বপ্রভু ঈশানের নিন্দাবাদ নিকৃষ্ট জনের মুখে উচ্চারিত হয়, যদি সামর্থ্য না থাকে, তাহা হইলে তৎক্ষণাৎ কর্ণদ্বয় সমাচ্ছাদিত করিয়া, তথা হইতে অন্যত্র গমন করা কর্ত্তব্য ; আর যদি

আভাস।

সমর্থ না হইলেও, কথঞ্চিৎ তত্ত্ব অবধারণ করিয়াই শিষ্যত্ব স্বীকারে চরণনির্ম্মাল্যের প্রার্থনায় নিরন্তর ত্র্যম্বকের অনুসরণ করিতেছেন ॥ ১৬ ॥

যদি বলেন যে, "আমি পরদোষদর্শীকে জঘন্য বলিয়া, এস্থলে সাধুর সুখ্যাতি স্বয়ং করিয়াছি ; অথচ প্রজাপতি ও বিপ্র বলিয়া তুমি জগতের পূজ্য এবং আমার পিতা হইলেও তোমাকে নিন্দা করত কলুষিত হইতেছি," তাহা নহে ; আমি প্রকৃত কথাই প্রতিপাদন করিয়াছি। তোমাকে কেবল নিন্দা করা কেন? তোমার ন্যায় শিবদ্বেষীকে যে, আমি প্রাণে বধ করি নাই, তাহাতেই আমার মহাপাপ ঘটিতেছে। ধর্ম্মের প্রকৃত তত্ত্ব আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর! প্রকৃত ধর্ম্মের রক্ষক জগৎস্বামী প্রভু ঈশানের নিন্দাবার্ত্তা নির্ভীক পুরুষের মুখে শ্রবণ করিলেই, তৎক্ষণাৎ শ্রবণকে বধির করিয়া তথা হইতে অন্যত্র প্রস্থান করা কর্ত্তব্য। কিন্তু যদি নিন্দাকারীকে নিহত করিবার বা স্বয়ং জীবনত্যাগ করিবার সামর্থ্য না থাকে, তবেই সঙ্গত। কিন্তু যদি সামর্থ্য থাকে, তাহা হইলে বিনা আপত্তিতে উক্ত নিন্দাকারীর তাদৃশী অসতী জিহ্বাকে বলপূর্ব্বক ছেদন করিয়া, প্রায়শ্চিত্তার্থ নিজের জীবন উৎসর্গ করিবে। যদি জীহ্বাচ্ছেদনে নিন্দক প্রাণ পরিত্যাগ করে, তবেই তাহার মঙ্গল ; কারণ তাহা হইলে নিন্দককে আর অনন্ত নরক ভোগ করিতে হয় না। সাধারণত ধর্ম্মশাস্ত্রে এইরূপ ব্যবস্থা আছে যে, পরদণ্ডকরণে

ছিন্দ্যাৎ প্রসহ্য রুষতীমসতাং প্রভুশ্চেজ্জিহ্বামসূনপি ততো বিসৃজেৎ স ধর্ম্মঃ ॥১৭

অতস্তবোৎপন্নমিদং কলেবরং ন ধারয়িষ্যে শিতিকণ্ঠগর্হিণঃ।

অন্বয়ঃ।

ততঃ নিরিয়াৎ, নির্গচ্ছেৎ প্রভুঃ সমর্থশ্চেৎ তদা অসতাং নিন্দকানাং, রুষতীং অকল্যাণবাদিনীং, জিহ্বাং প্রসহ্য বলাৎ, ছিন্দ্যাৎ ততঃ স্বয়ং অসূন্ প্রাণান্, বিসৃজেৎ। ততঃ স ধর্ম্মঃ ভবতি ॥১৭॥

মোহাৎ প্রমাদাৎ, জগ্ধস্য ভক্ষিতস্য, জুগুপ্সিতস্য নিষিদ্ধস্য, অন্ধসঃ অন্নস্য, উদ্ধরণং

শ্রীধরস্বামী।

অস্যমানে অধিক্ষিপ্যমাণে প্রভুঃ শক্তশ্চেৎ রুষতীঃ অকল্যাণবাদিনীং প্রসহ্য বলাৎ ছিন্দ্যাৎ ততোঽপি স্বয়ং প্রাণান্ বিসৃজেদিতি যৎ স ধর্ম্মঃ ॥ ১৭ ॥

তব ত্বৎ উৎপন্নং। শিতিকণ্ঠো নীলকণ্ঠ স্তন্নিন্দকাৎ প্রমাদাপন্নস্যাপবিত্রস্য ত্যাগং বিনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অসতাং নিন্দকানাং রুষতীমকল্যাণবাদিনীং জিহ্বাং প্রসহ্য বলাদেব ছিন্দ্যাত্ততোঽপি নিন্দাশ্রবণ-প্রায়শ্চিত্তং কুর্ব্বন্ স্বয়ং প্রাণান্ বিসৃজেৎ। যদ্বা জিহ্বাচ্ছেদনাদ্‌যদি স নিন্দকঃ প্রাণান্ বিসৃজেৎ তদা ধর্ম্মঃ তস্যানন্তনরকভোগপ্রশমনাত্তদ্বধলক্ষণোঽধর্ম্মো ন ভবতীত্যর্থঃ। তত্রেয়ং ব্যবস্থা ক্ষত্রিয়স্য দণ্ডেঽধিকারাৎ সএব নিন্দকজিহ্বাং ছিন্দ্যাৎ অপরেষামন্যদণ্ডেঽনধিকৃতাৎ ত্রয়াণাং মধ্যে বৈশ্যশূদ্রৌ তনুত্যাগরূপং স্বদণ্ডমেব কুর্য্যাতাং। ব্রাহ্মণস্য শরীরদণ্ডানৌচিত্যাৎ সতু কর্ণৌ পিধায় বিষ্ণুং স্মরন্নির্গচ্ছেদিতি ॥ ১৭ ॥

অহন্ত সর্ব্বৈশ্বর্য্যাৎ সর্ব্বসামর্থ্যাচ্চ ত্বাং স্বক ব্রহ্মাণ্ডকোটীরপি হন্তুং শক্নুবত্যপি স্বভার্য্যা দ্বারা শিবএব দক্ষং জঘানেতি শিবস্যাশোভানিভীত্যা ত্বাং ন হন্মি স্বপ্রায়শ্চিত্তন্ত করিষ্যা-

সামর্থ্য থাকে, তবে বলপূর্ব্বক উক্ত নিন্দাকারীর অপবিত্র রসনা নিকৃন্তন করত নিজের জীবন উৎসর্গ করাই প্রকৃত ধর্ম্ম ॥ ১৭ ॥

হে পিতঃ? যদি প্রমাদবশত কুৎসিত অন্ন ভোজন করা হয়, তাহা হইলে সেই অন্নকে বমন দ্বারা নিক্ষেপ করাই যখন শুদ্ধিলাভের প্রধান

আভাস।

ক্ষত্রিয়েরই অধিকার; সুতরাং ক্ষত্রিয় নিন্দকের জিহ্বা চ্ছেদন করিবেন। অপর বর্ণত্রয়ের পরদণ্ডে অধিকার নাই; সুতরাং তন্মধ্যে বৈশ্য ও শূদ্র নিজ তনুত্যাগেই শ্রবণজনিত পাপ হইতে মুক্তিলাভ করিবেন এবং পরিহিতার্থ লব্ধ ব্রাহ্মণদেহের পরিত্যাগ যখন শাস্ত্রানুমোদিত নহে, তখন ব্রাহ্মণের পক্ষে স্বীয় কর্ণদ্বয় আচ্ছাদনপূর্ব্বক বিষ্ণুস্মরণ করিয়া নিন্দকের নিকট হইতে অপসৃত হওয়াই উত্তম প্রায়শ্চিত্ত ॥ ১৭ ॥

আমি কিন্তু সকল বিষয়েই সমর্থ। কেবল তোমাকে কেন? তোমার প্রাণ, নিজের জীবন, অধিক কি! এই অনন্তকোটি ব্রহ্মাণ্ডও বিনষ্ট করিতে সম্পূর্ণ সমর্থ। কিন্তু

অন্ধস্য মোহাদ্ধি বিশুদ্ধিমন্ধসো জুগুপ্সিতস্যোদ্ধরণং প্রচক্ষতে ॥ ১৮ ॥
ন বেদবাদাননুবর্ত্ততে মতিঃ স্ব এব লোকে রমতো মহামুনেঃ।

অন্বয়ঃ।

বমনং, হি যতঃ শুদ্ধিং শুদ্ধিকারণং, প্রচক্ষতে অতঃ তব শিতিকণ্ঠগর্হিণঃ (শিতিকণ্ঠঃ নীলকণ্ঠঃ তস্য গর্হিণঃ নিন্দকাৎ) তব ত্বত্তঃ উৎপন্নঃ ইদং কলেবরং ন ধারয়িষ্যে ॥ ১৮ ॥

স্বে লোকে (আত্মভূতে পরমানন্দে ব্রহ্মণি) রমতঃ (ধ্যানেন প্রত্যক্ষীকৃত্য তত্র বিলসতঃ) মহামুনেঃ (মহতো মুনেঃ) বিরক্তস্য মতিঃ বেদবাদান্ বিধিনিষেধরূপান্ ন অনুবর্ত্ততে অনু-

শ্রীধরস্বামী।

ন শুদ্ধিরিতি দৃষ্টান্তেনাহ। জগ্ধস্য ভক্ষিতস্য অন্নস্য উদ্ধরণং বমনমেব পুংসঃ শুদ্ধিং প্রচক্ষতে ॥ ১৮ ॥

যদুক্তং লুপ্তক্রিয়ায়াশুচয় ইতি তৎ প্রত্যাহ নেতি। বেদবাদান্ বিধিনিষেধরূপান্ স্বএব লোকে আত্মন্যেব রমমাণস্য মহতো মুনেঃ সম্যগ্বিরক্তস্য মতির্নানুবর্ত্ততে নিবৃত্ত্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ম্যেবেত্যরে পাপিন্! স্বচক্ষুভ্যাং পশ্যেত্যাহ। অত ইতি তব ত্বত্তঃ প্রমাদাদ্‌গৃহীতস্যাপবিত্রবস্তুনস্ত্যাগং বিনা ন শুদ্ধিরিত্যর্থান্তরন্যাসেনাহ। জগ্ধস্য ভুক্তস্যান্ধসোঽন্নস্য উদ্ধরণং বমনং ॥ ১৮ ॥

দেহং ত্যজাম্যেব কিন্তু ত্বয়া শাস্ত্রার্থমবিদুষা ভগবতি শ্রীরুদ্রে নির্দোষেঽপ্যারোপিতং লুপ্তক্রিয়ায়াশুচয় ইত্যাদি দোষকণ্টকমুদ্ধর্ত্তুমেবেত্যাহ নেতি স্বএব লোকে স্বাত্মন্যেব রমমাণস্য মহামুনের্মতি র্বেদবাদান্ বিধিনিষেধরূপান্ অনু লক্ষীকৃত্য ন বর্ত্ততে তত্রান-

উপায়, তখন তোমার ন্যায়, নীলকণ্ঠের নিন্দাকারী হইতে সমুৎপন্ন এই এই কলেবরকে পরিত্যাগ করাই আমার পক্ষে সর্ব্বতোভাবে শ্রেয়স্কর, সন্দেহ নাই; অতএব এ দেহ আর আমি ধারণ করিব না ॥ ১৮ ॥

দেখুন্! যে সকল মহামতি বিবেকিগণের চিত্ত পরমানন্দ স্বরূপ পূর্ণব্রহ্ম পরমাত্মাতে সতত রমণ করেন, তাঁহাদের সমীপে বিধিনিষেধ-ব্যঞ্জক বেদবাক্য

আভাস।

ভার্য্যা দ্বারা দক্ষকে বিনাশ করিয়াছেন, বলিয়া পাছে লোকে শঙ্করের কলঙ্ক রটনা হয়, এই ভয়েই আমি তোমার জীবন হনন করিলাম না। নিজের প্রায়শ্চিত্ত মাত্র যে করিব, তাহাই এই পাপিষ্ঠগণ স্বয়ং প্রত্যক্ষ করুক্। অকস্মাৎ কুৎসিতান্ন উদরস্থ হইলে, তৎক্ষণাৎ তাহার বমন করাই যেমন মঙ্গল, সেইরূপ প্রমাদ বশত যখন ত্বৎসম্বন্ধী দেহে আশ্রয় করিয়াছি, তখন তাহার পরিত্যাগই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ ॥ ১৮ ॥

হে প্রজাপতে! আমি জীবন উৎসর্গ করিব, তাহাতে কোন্ ক্ষতি নাই; কিন্তু তুমি শাস্ত্রের তাৎপর্য্য অবগত না হইয়া মহাদেবের উপর কর্ম্মকাণ্ড-বর্জ্জিত ও অশুচী বলিয়া

যথা গতির্দ্দেব মনুষ্যয়োঃ পৃথক্ স্ব এব ধর্ম্মে ন পরং ক্ষিপেৎ স্থিতঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

সরতি যথা দেবমনুষ্যয়োঃ গতিঃ (দেবানাং আকাশে মনুষ্যাণাং পৃথিব্যাং) পৃথক্ ভিন্না, তথা স্বে স্বাধিকারপ্রাপ্তে ধর্ম্মে, (তদাচরণে এব স্থিতঃ জনঃ) পরং ভিন্নাধিকারিণং জনং ধর্ম্মং বা ন ক্ষিপেৎ নিন্দেৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

ধিকারিত্বাৎ অধিকারিভেদে দৃষ্টান্তঃ যথা দেবানাং গতিঃ আকাশ এব মনুষ্যাণাং পৃথিব্যামেব। অতঃ স্বধর্ম্ম এব প্রবৃত্তিলক্ষণে নিবৃত্তিলক্ষণে বা স্থিতঃ সন্ পরমন্যং ধর্ম্মং পুরুষং বা ন ক্ষিপেৎ ন নিন্দেৎ। ব্যবস্থিতাধিকারত্বেন উভয়োঃ সত্যত্বান্ন ক্ষিপেদেবেতি বান্বয়ঃ ॥ ১৯

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধিকারাদেবেতি ভাবঃ। যদুক্তং কুশলাচরিতেনৈষামিহচার্থো ন বিদ্যতে। বিপর্য্যয়েণ চানর্থ ইতি। স্বৈরং চরন্তি মুনয়োঽপি ন নহ্যমানা ইতি। অতো মুক্তানাং বদ্ধানাঞ্চ মিথঃ পৃথগেব গতিরিত্যত্র দৃষ্টান্তঃ। যথেতি। অতএব স্বে স্বীয়ে ধর্ম্মে স্থিতঃ পরং ন ক্ষিপেদিতি বিধিঃ ॥ ১৯ ॥

আর স্থান পান না। বিশেষত দেবলোকস্থ অমরগণ ও মর্ত্ত্যধামস্থ মানবগণের মধ্যে পরস্পর ভেদ যেমন সম্পূর্ণ প্রমাণসিদ্ধ, সেইরূপ স্বস্ব অধিকারানুরূপ ধর্ম্মে প্রতিষ্ঠিত থাকিয়া পরধর্ম্মের প্রতি কটাক্ষপাত করাও সম্পূর্ণ অবিধেয় ॥ ১৯ ॥

আভাস।

বৃথা যে সকল কলঙ্কের রটনা করিয়াছ, তাদৃশ কণ্টকস্বরূপ দোষের অপনয়ন করা আমার অবশ্য কর্ত্তব্য। শঙ্কর কোন অংশে নিন্দার পাত্র নহেন ; বেদোক্ত বৈধ ও নিষিদ্ধ কর্ম্মের অধিকারকে তিনি অতিক্রম করিয়াছেন। নিত্যনৈমিত্তিকাদি বৈদিক কর্ম্মের অনুষ্ঠানে অন্তঃকরণ বিশুদ্ধ হইয়া জীব যে পরমাত্ম চিন্তনে অধিকারী হন, মহাদেব স্বতএব সেই অধিকারে নিত্য প্রতিষ্ঠিত আছেন। সুতরাং তাঁহার পক্ষে কর্ম্মের অনুষ্ঠান নিষ্প্রয়োজন। গীতাতেও উক্ত আছে, "যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্মন্যেব চ সন্তুষ্ট স্তস্য কার্য্যং ন বিদ্যতে॥" যে ব্যক্তির বিষয়-সম্বন্ধীয় রতি, তৃপ্তি ও সন্তোষ এক আত্মসাক্ষাৎকারেই ঘটিয়া থাকে, তাঁহার আর কোন কর্ম্ম কর্ত্তব্য বলিয়া থাকে না। শ্রীমদ্ভাগবতেও উক্ত আছে, "তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে। চিত্ত যদবধি নির্ব্বিণ্ন না হয় এবং ভগবৎবার্ত্তা শ্রবণাদিতে যে পর্য্যন্ত শ্রদ্ধা না জন্মে, সে পর্য্যন্তই জীব কর্ম্ম করিবার অধিকারী। এ সমস্ত ঘটিলে, সে জীবের পক্ষে আর কর্ম্ম করিবার প্রয়োজন নাই। অতএব ভগবান্ ত্রিলোচন জ্ঞানৈশ্বর্য্যে নিত্য পরিপূর্ণ থাকায়, তিনি কর্ম্মকাণ্ডের অতীত ; ইহাই সতীদেবীর বলিবার তাৎপর্য্য। সুতরাং বস্তুও

কর্ম্মপ্রবৃত্তঞ্চ নিবৃত্তমপ্যৃতং বেদে বিবিচ্যোভয়লিঙ্গমাশ্রিতং।

অন্বয়ঃ।

প্রবৃত্তং অগ্নিহোত্রাদি, নিবৃত্তং শমদমাদি কর্ম্ম অপি ঋতং সত্যং, এব যতঃ বেদে তৎ উভয়লিঙ্গং রাগবৈরাগ্যলক্ষণং, কর্ম্ম বিবিচ্য ব্যবস্থয়া আশ্রিতং বিহিতং, যতঃ তৎ দ্বয়ং উভয়ং যৌগপদ্য (যুগপদো ভাবং যৌগপদ্যং তেন এককালাবচ্ছেদেন এককর্ত্তরি (একেন

শ্রীধরস্বামী।

এতদেবোপপাদয়ন্নাহ প্রবৃত্তমগ্নিহোত্রাদি নিবৃত্তং শমদমাদি ঋতং সত্যমেব। যতঃ বেদে আশ্রিতং বিহিতং তচ্চ বিবিচ্য ব্যবস্থয়াশ্রিতং নত্ববিশেষেণ। ব্যবস্থামেবাহ উভয়ং রাগবৈরাগ্যলক্ষণং লিঙ্গং চিহ্নং অধিকারিবিশেষণং যস্মিন্ তৎ। নন্বু যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতি-শান্তো দান্ত ইত্যাদি শ্রুতিষু নৈবং ব্যবস্থা প্রতীয়তে সত্যং তথাপি উভয়ো রেকাধিকারবিরোধাৎ তথা পর্য্যবস্যতীত্যাহ যুগপদ্ভাবো যৌগপদ্যং যৌগপদ্যেনৈকস্মিন্ কর্ত্তরি তৎকর্ম্ম দ্বয়ং বিরোধি। নন্বু তর্হি নিবৃত্তং কর্ম্ম শিবেনাপি কর্ত্তব্যমেব নেত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু প্রবৃত্তং কর্ম্ম শিবো মাকরোতু নিবৃত্তং কথং ন করোতীত্যত আহ। কর্ম্ম প্রবৃত্তমগ্নিহোত্রাদি। নিবৃত্তং শমদমাদি। ঋতং সত্যমেব। যতঃ বেদে আশ্রিতং বিহিতং তচ্চ বিবিচ্য অধিকারব্যবস্থয়ৈব নত্ববিশেষেণ ব্যবস্থামেবাহ উভয়ং রাগো বৈরাগ্যঞ্চ চিহ্নং যত্র তৎ। রাগে সত্যগ্নিহোত্রাদি বৈরাগ্যে সতি শমদমাদীনি বিবিচ্যাধিকারিদ্বয়ে ব্যবস্থিতমিত্যর্থঃ। তৎ কর্ম্মদ্বয়ং যৌগপদ্যেন যৌগপদ্যেনৈকস্মিন্ কর্ত্তরি বিরোধি রাগবতি নিবৃত্তং বিরোধি, বৈরাগ্যবতি প্রবৃত্তং বিরোধি, অবিহিতমিত্যর্থঃ তথৈব ব্রহ্মণি তৎদ্বয়ং প্রবৃত্তং

প্রবৃত্তিমূলক অগ্নিহোত্রাদি যজ্ঞ এবং নিবৃত্তিমূলক শমদমাদি সাধনরূপ কর্ম্ম উভয়ই শ্রেয়ঃ ও সত্য বটে; এবং শ্রুতিতেও এই উভয়বিধ রাগ ও বৈরাগ্যব্যঞ্জক কর্ম্মের যথাস্থানে, যথাপাত্রে ও যথাকালে নিয়োগ করিবার কথা উল্লেখ আছে

আভাস।

মুক্ত জীবের মধ্যে পরস্পরে যথেষ্ট পার্থক্য আছে। সেই পার্থক্যের প্রতি লক্ষ্য না করিয়া স্বীয় অধিকার অনুসারে অন্যের বৃত্তি নিরূপণ করিতে অগ্রসর হওয়াই ভ্রম ॥ ১৯ ॥

বিশেষত প্রবৃত্তি ও নিবৃত্তিভেদে কর্ম্ম দ্বিবিধ। মুক্তিকামী ব্যক্তি শমদমাদি নিবৃত্তিপ্রদ কর্ম্মের অনুশীলন পূর্ব্বক, ভোগেচ্ছু ব্যক্তির প্রবৃত্তিসূচক অগ্নিহোত্রাদি কর্ম্মে অগ্রসর হন না এবং সংসারকামী ভোগী ব্যক্তিও অগ্নিহোত্রাদি ভোগপ্রদ কর্ম্মকে নিজের শ্রেয়স্কর জ্ঞানে, শমদমাদি কর্ম্ম হইতে বিরত থাকেন। অতএব আসক্ত জীবের যে ব্যবস্থা, তদ্দ্বারা কখন অনাসক্ত বৈরাগীর কর্ম্মব্যবস্থা নিরূপিত হইতে পারে না; এবং এক প্রকার অধিকারীতে উভয় প্রকার কর্ম্মেরও ব্যবস্থা অসম্ভব। সুতরাং বৈরাগীর পক্ষে আসক্ত জীবের নির্দ্দিষ্ট কর্ম্ম না করিলে, বা ভোগাসক্ত জীবের পক্ষে বৈরাগীর কর্ম্ম না করিলে,

বিরোধি তদ্‌যৌগপদৈককর্ত্তরি স্বয়ং তথা ব্রহ্মণি কর্ম্ম নর্চ্ছতি ॥ ২০ ॥
মা বঃ পদব্যঃ পিতরস্মদাস্থিতা যা যজ্ঞশালাসু ন ধূমবর্ত্মভিঃ।

অন্বয়ঃ।

পুরুষেণ একস্মিন্ কালে ন কর্ত্তব্যং ইতি পরস্পরং) বিরোধি তথা ব্রহ্মণি সদাশিবে কর্ম্ম (কিঞ্চিদপি) ন ঋচ্ছতি প্রাপ্নোতি ॥ ২০ ॥

হে পিতঃ! অস্মদাস্থিতাঃ (অস্মাভিঃ আশ্রিতাঃ) পদব্যঃ অণিমাদিসমৃদ্ধয়ঃ বঃ যুষ্মাকং কর্ম্মঠানাং মা ন সন্তি যতঃ যাঃ বঃ পদব্যঃ তাঃ যজ্ঞশালাসু তদন্নতৃপ্তেঃ (তস্য যজ্ঞস্য সম্বন্ধিনা অন্নেন তৃপ্তেঃ) অসুভৃদ্ভিঃ কেবলং প্রাণপোষকৈঃ, এব ধূমবর্ত্মভিঃ (ধূমঃ বর্ত্ম মার্গঃ

শ্রীধরস্বামী।

ব্রহ্মণি সদাশিবে কিঞ্চিদপি কর্ম্ম ন ঋচ্ছতি ন প্রাপ্নোতি। অতো যথা প্রবৃত্তনিবৃত্তয়োঃ পরস্পরধর্ম্মাকরণেন দোষস্তথেশ্বরে তদুভয়ধর্ম্মাকরণেঽপীতি ভাবঃ ॥ ২০ ॥

চিতাভস্মকৃতস্নান তথা নগ্ন ইত্যাদিনা যো ভোগাদ্যভাব উক্তঃ তত্রাহ হে পিতঃ। অস্মাভিরাস্থিতা আশ্রিতাঃ পদব্যঃ অণিমাদিসমৃদ্ধয়ঃ বো যুষ্মাকং মা ন সন্তীত্যর্থঃ। যতো বঃ পদব্যো যজ্ঞশালাস্বেব ভবন্তি তাশ্চ তদন্নেন যজ্ঞগতেনান্নেন তৃপ্তেঃ কেবলমীড়িতাঃ ধূম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবৃত্তকেত্যুভয়মপি ন ঋচ্ছতি নাপ্নোতি। যথা প্রবৃত্তনিবৃত্তয়োঃ পরস্পরধর্ম্মাকরণে ন প্রত্যবায়স্তথৈবেশ্বরস্য তদুভয়কর্ম্মাকরণেঽপীতি ভাবঃ ॥ ২০ ॥

হন্ত পুত্রিকে? মমৈবৈতদভাগ্যং যৎ পরমাঢ্যতমস্য সদাচারস্য মম কন্যা ত্বং ভিক্ষুককদাচারগৃহে পতিতাসি। তদপি সর্ব্বগুণশীলনির্বিস্তং স্বভর্ত্তুরপকর্ষং যন্ন সহসে তত্তব পতিব্রতাচূড়ামণেরুচিতমেবেতি তত্র সন্তৎসনমাহ মেতি। হে পিতঃ অস্মাভিরাস্থিতা আশ্রিতাঃ পদব্যঃ অণিমাদিসিদ্ধৈশ্বর্য্যবৈরাগ্যজ্ঞানপ্রেমাদিসুখবত্যঃ বো যুষ্মাকং মা জন্ম-

বটে, কিন্তু কোথায়ও এক সময়ে ও এক অধিকারীকে অনুষ্ঠানার্থ উপদেশ করা নাই; কারণ ইহারা উভয়ে পরস্পর বিরোধি। অতএব এইরূপ থাকিলেও সদাশিবে কোন কর্ম্মেরই সম্বন্ধ সঙ্গত হয় না ॥ ২০ ॥

হে পিতঃ! অণিমাদি বা ব্রহ্মানুভূতি প্রভৃতি যে সমস্ত সম্পদ্ আমাদের আছে, আপনাদের ন্যায় কর্ম্মঠ ব্যক্তিতে তাহা থাকা নিতান্তই অসম্ভব; আপনাদের যে সকল ঐশ্বর্য্য, তাহা যজ্ঞশালাস্থ অন্নের দ্বারা যাঁহারা তৃপ্তিলাভ

আভাস।

যেমন কোন প্রত্যবায়ের সম্ভাবনা হয় না, সেইরূপ দেবদেব মহেশ্বরের পক্ষে কি প্রবৃত্তিমূলক, কি নিবৃত্তিমূলক! উভয়ের মধ্যে কোন কর্ম্ম না করিলেও তাঁহাতে কোনরূপ প্রত্যবায়ের সম্ভাবনা নাই। তিনি সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ ॥ ২০ ॥

তদন্নতৃপ্তৈরসুভৃদ্ভিরীড়িতা অব্যক্তলিঙ্গা অবধূতসেবিতাঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

যেষাং তৈঃ) ঈড়িতাঃ স্তুতাঃ; (অস্মদাশ্রিতাঃ পদব্যস্তু) ন তথা; কিন্তু অবধূতসেবিতাঃ (অবধূতাঃ শুদ্ধাঃ পরমহংসাঃ তৈঃ সেবিতাঃ) অব্যক্তলিঙ্গাঃ (অব্যক্তং অগম্যং লিঙ্গং সাধনং যাসাং তাঃ) ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বর্হির্ভিশ্চ ভুজ্যন্তে যা অস্মৎপদব্যঃ তাস্তু নৈবস্তুতাঃ কিন্ত অব্যক্তলিঙ্গাঃ ন ব্যক্তং লিঙ্গং হেতুর্যাসাং ইচ্ছামাত্রপ্রভাবত্বাৎ। অবধূতৈ ব্রহ্মবিদ্ভিঃ সেবিতাঃ। অতোঽহমাঢ্যঃ রুদ্রো দরিদ্র ইতি গর্ব্বং মাকৃথেতি ভাবঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কোটিভিরপি ন ভবিষ্যন্তীত্যর্থঃ। ননু কুতঃ এবং ব্রূষে তাঃ সিদ্ধয়োঽপ্যস্মাকং সন্ত্যেব নেত্যাহ। যাঃ পদব্যো যজ্ঞশালাসু ন সম্ভবন্তি তদন্নতৃপ্তৈ রুদরম্ভরৈঃ কাকতুল্যৈ ধূর্মবর্ত্মভিঃ কর্ম্মিভি র্ন স্তুতাঃ কিন্তুব্যক্তলিঙ্গাস্ত্বাদৃশৈরলক্ষ্যপ্রভাবা অবধূতৈঃ সনকাদিনারদাদ্যৈঃ সেব্যন্ত। বর্ত্তমানে ক্তঃ ॥ ২১ ॥

করেন এবং যাঁহারা নিজ দেহকেই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে করেন, তাদৃশ কর্ম্মকাণ্ড-পথাবলম্বী মানবগণ তাহার বিশেষ প্রশংসা করিয়া থাকেন, সত্য; কিন্তু আমাদের ঐশ্বর্য্য সেরূপ নহে এবং সে জাতীয় লোকও ইহার প্রশংসা করে না; সম্পূর্ণ বীতরাগ বিশুদ্ধচেতা পরমহংসগণই ইহার গুণকীর্ত্তন করেন; কারণ, ইহার গতি ও সাধন নিতান্তই দুরূহ ॥ ২১ ॥

আভাস।

হে পিতঃ! আপনি যদি মনে করেন যে, আপনার ন্যায় ধনাঢ্য ও সদাচারসম্পন্ন যশস্বী ব্যক্তির কন্যা হইয়াও আমি অতি দুঃখী কদাচারী ও সম্পূর্ণ নিঃস্ব একজন ভিক্ষুকের হস্তে পতিত হইয়া আপনার সম্ভ্রমের ত্রুটি করিতেছি, তাহা আপনার ভ্রম। কারণ পতিও পত্নীরূপ আমাদের উভয়ে যে অনুপম অণিমাদি ঐশ্বর্য্য নিত্য প্রতিষ্ঠিত রহিয়াছে, তাহার ভাব আপনি বা আপনার ন্যায় বিষয়াসক্ত ভোগী জীবে কোটি জন্মেও কখন-স্বপ্নেও উপলব্ধি করিতে পারিবেন না। ইহা সংসারের ঐশ্বর্য্যের সহিত কখনই তুলনীয় নহে। আপনাদের ঐশ্বর্য্য সামান্য যজ্ঞশালাদি গৃহক্ষেত্রেই নিবদ্ধ; উচ্ছিষ্টভোজী কাকের ন্যায়, উদরপূর্ণ হইলে এবং ব্যবায়াদির সাধন হইলেই যথেষ্ট তৃপ্ত মনে করেন; সুতরাং নিরন্তর জন্ম-জন্মাদিপ্রদ সংসারপ্রবাহের মূলীভূত কাম্য কর্ম্মেরই অনুশীলনে আপনাদিগকে চরিতার্থ জ্ঞান করেন। সামান্য উদরান্নলাভেই পরিতৃপ্ত পেটুক ব্যক্তিগণই আপনাদের ঐশ্বর্য্যের প্রশংসা করিয়া থাকেন ॥ ২১ ॥

নৈতেন দেহেন হরে কৃতাগসো দেহোদ্ভবেনালমলং কুজন্মনা ।
ব্রীড়া মমাভূৎ কুজনপ্রসঙ্গত স্তজ্জন্ম ধিগ্‌যো মহতামবদ্যকৃৎ ॥ ২২ ॥

অন্বয়ঃ ।

হরে শিবে, কৃতাগসঃ কৃতাপরাধস্য তব, দেহোদ্ভবেন (দেহাৎ উদ্ভবঃ প্রাদুর্ভাবঃ যস্য তেন) অলং অত্যন্তং, কুজন্মনা (কুৎসিতং জন্ম প্রাদুর্ভাবঃ যস্য তেন) এতেন দেহেন ন মম অলং (কিঞ্চিৎ প্রয়োজনং অস্তি) কুজনপ্রসঙ্গতঃ (কুজনস্য তব প্রসঙ্গতঃ সম্বন্ধাৎ) মম ব্রীড়া লজ্জা, অভূৎ। যঃ মহতাং অবদ্যকৃৎ অপরাধকর্ত্তা, তজ্জন্ম (তস্মাৎ মম জন্ম) ধিক্ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী ।

কিং বহুনোক্তেন। ইদং তু দেহং ত্যক্ষ্যাম্যেবেত্যাহ দ্বাভ্যাং। এতেনাঙ্গং ন পুর্য্যতে ন কিং অপিত্বলমেব। কথংভূতেন কুজন্মনা। তদেবাহ হরে কৃতাপরাধস্য তব দেহাদ্ভূতেন। ননু শ্লাঘ্যোহয়ং দেহঃ কথং ত্যাজ্যঃ তত্রাহ কুজনস্য তব প্রসঙ্গতঃ সম্বন্ধাৎ মম লজ্জাভূৎ। অতো যো মহতামপ্রিয়কর্ত্তা তস্মাৎ যজ্জন্ম তদ্ধিক্ তৎসম্বন্ধাৎ অশ্লাঘ্যমিত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

এবং দক্ষং বিনিন্দ্য তৎসম্বন্ধাৎ স্বদেহং নিন্দতি নৈতেনেতি এতেন মম দেহেন ন অলং অপিত্বলমলমেব কৃতঃ হরে শিবে কৃতাগসস্তব দেহাদ্ভূতেন যো মহতামবদ্যকৃৎ ভক্তাপরাধী এতৎ জন্ম ধিক্ ॥ ২২ ॥

আপনি যখন ত্রিলোচনের অপমান করিয়াছেন, তখন আপনার জন্ম নিতান্তই কুৎসিত এবং আপনার দেহ হইতে সমুদ্ভূত মদীয় দেহও নিরর্থক এবং নিষ্প্রয়োজন বলিয়া আমার নিকট উপলব্ধ হইতেছে। এই অসৎ সংসর্গে জাত এই দেহ লাভে আমার সাতিশয় লজ্জাবোধ হয়; যিনি মহতের অপমান করেন, তাঁহার বা তাঁহা হইতে অন্যের জন্ম কেবল ধিক্কারের পাত্র ব্যতীত অন্য কিছুই নহে ॥ ২২ ॥

আভাস ।

প্রজাপতি দক্ষকে এইরূপ নিন্দা করিয়া ভবানী দক্ষসম্বন্ধীয় স্বকীয় দেহকেও পরিত্যাগ করা যে কতদূর প্রয়োজন, তাহাই এই শ্লোকে বর্ণন করিয়াছেন ॥ ২২ ॥

অহো! পাপীর সংসর্গকেই লোকে ভয় পায়; আমি সেই মহাপাপীর কলেবর-সম্বন্ধ নিত্য বহন করিতেছি! আমার জন্মকে ধিক্! অধিক কি! আমি দাক্ষায়ণী নামে অভিহিত হইতেও লজ্জিতা হই। ত্রিলোচন যদি পরিহাস পূর্ব্বক আমাকে কখন দাক্ষায়ণী বলিয়া সম্বোধন করেন, তখন তোমার কথা স্মরণ করিয়া আমার হৃদয়ের আনন্দ অন্তর্হিত হইয়া যায়; তৎকালে শোক, মোহ ও ঘৃণা একত্র আমার হৃদয়ে জাগরূক হইয়া, আর জীবন

গোত্রং ত্বদীয়ংভগবান্ বৃষধ্বজো দাক্ষায়ণীত্যাহ যদা সুদুর্ম্মনাঃ।
ব্যপেতনর্ম্মস্মিতমাশু তদ্ধ্যহং ব্যুৎস্রক্ষ্য এতৎ কুণপং ত্বদঙ্গজং ॥২৩॥
মৈত্রেয় উবাচ ॥
ইত্যধ্বরে দক্ষমনূদ্য শত্রুহন্ ক্ষিতাবুদীচীং নিষসাদ শান্তবাক্।

অন্বয়ঃ।

যদা কদাচিৎ (পরিহাসাদিষু) ভগবান্ বৃষধ্বজঃ শঙ্করঃ, মাং দাক্ষায়ণীতি (সম্বোধয়ন্) ত্বদীয়ং গোত্রং (ত্বৎসম্বন্ধবাচকং নাম) আহ গৃহ্লাতি, তদাহং ব্যপেতনর্ম্মস্মিতং যথা ভবতি তথা সুদুর্ম্মনাঃ সুদুঃখিতা, ভবামি। তৎ তস্মাৎ ত্বদঙ্গজং তব দেহাদুৎপন্নং কুণপং জাবদপি-মৃততুল্যং এতৎ শরীরং অহং আশু শীঘ্রং, এব ব্যুৎস্রক্ষ্যে ত্যক্ষ্যামি ॥ ২৩ ॥
মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবম্প্রকারেণ অধ্বরে যজ্ঞশালায়াং, দক্ষং প্রতি অনূদ্য অনুবাদং

শ্রীধরস্বামী।

কিঞ্চ পরিহাসাদিষু বিনোদেনাপি দাক্ষায়ণীতি সম্বোধয়ন্ ত্বদীয়ং ত্বৎসম্বন্ধবাচকং গোত্রং নাম যদা বৃষধ্বজ আহ গৃহ্লাতি তদাহং ব্যপেতনর্ম্মস্মিতং যথা ভবতি এবং সুদুর্ম্মনাঃ অতি দুঃখিতাচত্তা ভবামি। তত্তস্মাদ্ধি নিশ্চিতং এতৎকুণপপ্রায়ং ব্যুৎস্রক্ষ্যে ত্যক্ষ্যামি ॥২৩॥
দক্ষং প্রত্যনূদ্যানুবাদং কৃত্বা হে শত্রুহন্ ক্রোধাদ্যরিঘাতিন্ উদীচীং উদীচ্যাং দিশি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ পরিহাসাদিষু ত্বদীয়ং ত্বৎসম্বন্ধজ্ঞাপকং গোত্রং নাম ত্বং দাক্ষায়ণী ভবসি তব মৎসরদ্বেষানিন্দাযজ্ঞাদিকং স্বধর্ম্ম এবেতি যদা বৃষধ্বজ আহ তদাহং বিগতনর্ম্মস্মিতং যথা-স্যাদেবং সুদুর্ম্মনা ভবামি তত্তস্মাৎ হি নিশ্চিতং এতৎ কুণপপ্রায়ং ব্যুৎস্রক্ষ্যে-ত্যক্ষ্যামি ॥ ২৩ ॥
অনূদ্য দক্ষং লক্ষীকৃত্য উক্ত্বা হে শত্রুহন্! স্বদেহত্যাগমিষেণ দক্ষং স্বশত্রুং সা জঘানৈবেতি

অধিক আর কি বলিব! ভগবান্ বৃষধ্বজ যদি কখন পরিহাসচ্ছলেও আমাকে দাক্ষায়ণী বলিয়া সম্বোধন করেন, তখন ভবদীয় সম্বন্ধবাচক নামের স্মরণে, আমার হাস্য ও কৌতুকাদির ভাব অন্তর্হিত হইয়া হৃদয়ে খেদের উদ্রেক হয়; আমাকে তখন মর্ম্মাহত হইতে হয়। অতএব এই মদীয় দেহ যখন আপনার নিকট হইতে উৎপন্ন, তখন ইহা জীবিত সত্ত্বেও 'মৃতের ন্যায় পরিগণিত। এতাদৃশ কলেবর আমি সত্বরই পরিত্যাগ করিব ॥ ২৩ ॥
মৈত্রেয় ঋষি বলিলেন, শঙ্করী যজ্ঞক্ষেত্রে প্রজাপতি দক্ষকে এইরূপ কটু-

আভাস।

ধারণের ইচ্ছা থাকে না। অতএব চিরসঞ্চিত জীবন বিসর্জ্জনের ইচ্ছা অদ্যই সাধিত করিব ॥ ২৩ ॥

স্পৃষ্ট্বা জলং পীতদুকূলসংবৃতা নিমীল্য দৃগ্‌যোগ পথং সমাবিশৎ ॥ ২৪ ॥
কৃত্বা সমানাবনিলৌ জিতাসনা সোদানমুত্থাপ্যচ নাভিচক্রতঃ।
শনৈ হৃদি স্থাপ্য ধিয়োরসিস্থিতং কণ্ঠাদ্ ভ্রুবোর্মধ্যমনিন্দিতানয়ৎ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

কৃত্বা, জলং স্পৃষ্ট্বা পীতদুকূলসংবৃতা (পীতেন দুকূলেন বস্ত্রেণ সংবৃতা আচ্ছন্না) শান্তবাক্ গৃহীত-মৌনব্রতা সতী উদীচীং উদীচ্যাং দিশি ক্ষিতৌ নিষসাদ উপবিবেশ; ততশ্চ দৃক্ দৃশং নিমীল্য যোগপথং সমাবিশৎ ॥ ২৪ ॥

জিতাসনা (জিতং আসনং যয়া সা) সা অনিন্দিতা সতী, অনিলৌ প্রাণাপানৌ উর্দ্ধাধো-বৃত্তিকৌ, সমানৌ একরূপৌ (নাভ্যাং মণিপূরকচক্রে) কৃত্বা ততশ্চ নাভিচক্রতঃ উদানং উর্দ্ধং উত্থাপ্য হৃদি (অনাহতচক্রে) স্থাপ্য সংস্থাপ্য, ততঃ উরসি (কণ্ঠাদধোদেশে বিশুদ্ধচক্রে) স্থিতং (কৃত্বা ততঃ কণ্ঠে তস্যৈব চক্রস্য অগ্রদেশে সংস্থাপ্য) শনৈঃ ধিয়া (বিচার্য্য) ভ্রুবোঃ মধ্যং আজ্ঞাচক্রং, আনয়ৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

উদীচীতি পাঠান্তরে উদঙ্মুখী শান্তবাক্ গৃহীতমৌনা। জলং স্পৃষ্ট্বা আচম্য দৃক্ দৃশং ॥ ২৪ ॥

যোগমার্গমেবাহ কৃত্বেতি। অনিলৌ প্রাণাপানৌ উর্দ্ধাধোবৃত্তিকরৌ নিরোধেন সমানৌ একরূপৌ নাভিচক্রে কৃত্বা। তত উদানং উত্থাপ্য ধিয়া সহ হৃদি স্থাপয়িত্বা কণ্ঠমার্গেণ ভ্রুবোর্মধ্যমনয়ৎ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবঃ। উদীচী উদঙ্মুখী উদীচীমিতি পাঠে উদীচ্যাং দিশি। দৃগ্দৃশং। পীতদুকূলেতি মর্ত্ত্য-কামানাং কুসুম্ভরঞ্জিতবসনধারণৌচিত্যাৎ ॥ ২৪ ॥

যোগমার্গমেবাহ। অনিলৌ প্রাণাপানৌ উর্দ্ধাধোবর্ত্তিনৌ নিরোধেন সমানৌ একরূপৌ নাভিচক্রে কৃত্বা তত উদানং প্রতি উত্থাপ্য ধিয়া সহ হৃদি স্থাপয়িত্বা ॥ ২৫ ॥

কথনে নিন্দা করিয়া আচমন করিলেন এবং পবিত্র পীতবসনে স্বকীয় দেহকে আবৃত করিয়া, মৌনাবলম্বনে যজ্ঞশালার উত্তরভাগে ভূমিতে উপবেশন পূর্ব্বক নেত্র নিমীলনে যোগাবলম্বন করিলেন ॥ ২৪ ॥

প্রথমত যমাদি অবলম্বনে সুখাসনে উপবেশন পূর্ব্বক প্রাণ ও অপান বায়ুকে এক গতিতে আনয়ন করত নাভিদেশস্থ মণিপূরচক্রে নিরুদ্ধ করিলেন; পরে নাভিদেশ হইতে উত্তোলন পূর্ব্বক উর্দ্ধে হৃদয়স্থ অনাহতচক্রে সংস্থাপন করিলেন। পরে কণ্ঠের অধোভাগে বিশুদ্ধচক্রে ধারণ করিলেন; পরে তদূর্দ্ধে কণ্ঠে এবং ক্রমশ বিচার দ্বারা ভ্রূযুগলের মধ্যস্থিত আজ্ঞাচক্রে উক্ত বায়ুকে প্রণোদিত করিলেন ॥ ২৫ ॥

এবং স্বদেহং মহতাং মহীয়সা মুহুঃ সমারোপিতমঙ্কমাদরাৎ।
জিহাসতী দক্ষরুষা মনস্বিনী দধার গাত্রেষনিলাগ্নিধারণাং॥ ২৬॥
ততঃ স্বভর্ত্তুশ্চরণাম্বুজাসবং জগদ্গুরোশ্চিন্তয়তী ন চাপরং।

অন্বয়ঃ।

এবং দক্ষরুষা মহতাং সনকাদীনাং অপি মহীয়সা পূজ্যতমেন শিবেন, আদরাৎ মুহুঃ অঙ্কং সমারোপিতাং অপি স্বদেহং জিহাসতী ত্যক্তুমিচ্ছতী মনস্বিনী সতী গাত্রেষু করচরণাদিসর্ব্বাবয়বেষু অনিলাগ্নিধারণাং (অনিলাগ্ন্যোঃ ধারণাং চিন্তনং) দধার কৃতবতী॥ ২৬॥

ততঃ অগ্ন্যাদিধারণানন্তরং, জগদ্গুরোঃ শিবস্য, স্বভর্ত্তুঃ পালকস্য চরণাম্বুজাসবং (চরণয়োঃ ধ্যানেন উৎপন্নং আনন্দলক্ষণং আসবং সর্ব্ববিস্মারকত্বাৎ মধু) চিন্তয়ন্তী আস্বাদয়ন্তী, সতী

শ্রীধরস্বামী।

মহতাং পূজ্যতমেন॥ ২৬॥

চরণাম্বুজে আসবং ভজনানন্দং। ভর্ত্তুরপরং ন দদর্শ। দেহশ্চ সদ্যঃ প্রজ্বলিতোঽভূৎ সমাধিনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহতাং মহীয়সা শ্রীরুদ্রেণ॥ ২৬॥

চরণাম্বুজস্যাসবং মকরন্দং মাধুর্য্যমিত্যর্থঃ চিন্তয়ন্তী সতী ন অপরং কিমপি দদর্শ। ততশ্চ সমাধিজেনাগ্নিনা হতং দক্ষকন্যাত্বাভিমানলক্ষণং কল্মষং যতঃ তথাভূতো দেহঃ প্রজজ্বাল দিদীপে। জলদীপ্তৌ। সদ্যস্তৎক্ষণএব ন তদুত্তরক্ষণ ইতি বিদ্যুদিব প্রদীপ্যান্তরধাদিত্যর্থঃ।

অহো! সনকাদি শ্রেষ্ঠ ব্যক্তিগণও যাঁহার পূজা করিয়া থাকেন, সেই সদাশিব আদরাতিশয়ে যে অঙ্গকে নিরন্তর নিজ অঙ্কে রক্ষা করেন, অদ্য কেবল দক্ষের প্রতি কোপ করিয়াই সতী তাদৃশ কলেবর পরিত্যাগের বাসনায় সর্ব্বাঙ্গে অনল ও অনিলকে ধারণা করিয়াছিলেন॥ ২৬॥

এই প্রকারে অনল ও অগ্নির সংযম পূর্ব্বক সতীদেবী স্বীয় পতি জগদ্গুরু মহাদেবের চরণকমলের অপূর্ব্ব মকরন্দ অনন্যমনে চিন্তনে মনোনিবেশ করিলেন এবং তৎপ্রভাবেই পিতৃনিন্দাদি দুরিতের অপসারণে তদীয় দেহ

আভাস।

অনন্তর দাক্ষায়ণী যোগাবলম্বন পূর্ব্বক দেহত্যাগের উপলক্ষে দক্ষ ও তদনুরঙ্গ শঙ্করদ্বেষিগণের পরাভব ও নিধনসাধন করিলেন। তাঁহার যোগাবলম্বনের প্রণালী তিনটী শ্লোকে বর্ণিত হইয়াছে। তিনি যমনিয়মাদি অষ্টাঙ্গযোগের ক্রম অনুসারে প্রাণ ও অপান বায়ুকে স্বধিষ্ঠান চক্র হইতে আজ্ঞাচক্রে নিরুদ্ধ করিয়া, জীবাত্মাকে সহস্রার মধ্যে পরমাত্মা পরম শিবে যখন সম্মিলিত করিলেন, তখন তাঁহার চরণপদ্মের আনন্দ মকরন্দ চিন্তন ব্যতীত আর কোন বিষয়ের ভাব রহিল না। তৎকালে সমাধিজনিত অগ্নির উদ্দীপনে সতীর অঙ্গে বিদ্যুতের ন্যায় একটী জ্যোতির প্রকাশ হইল এবং তিনি দেহ ত্যাগ করিলেন। সতী স্বয়ং যোগমায়ার

দদর্শ দেহো হতকল্মষঃ সতী সদ্যঃ প্রজজ্বাল সমাধিজাগ্নিনা ॥ ২৭ ॥
তৎ পশ্যতাং খে ভুবি চাদ্ভুতং মহদ্ধাহেতি বাদঃ সুমহানজায়ত।
হন্ত প্রিয়া দৈবতমস্য দেবী জহাবসূন্ কেন সতী প্রকোপিতা ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

অপরং অস্মাৎ অন্যৎ এব চ ন দদর্শ; ততঃ তস্যাঃ দেহঃ হতকল্মষঃ নিরস্তপিতৃনিন্দাদিনিমিত্ত-সর্ব্বদোষঃ সন্ সমাধিজাগ্নিনা সদ্যঃ প্রজজ্বাল ॥ ২৭ ॥

তৎ সতীদেহত্যাগরূপং মহৎ অদ্ভুতং অত্যাশ্চর্য্যং, পশ্যতাং খে আকাশে, ভুবি চ স্থিতানাং হাহা ইতি সুমহান্ বাদঃ শব্দঃ, অজায়ত। হন্ত দৈবতং! অস্য সর্ব্বদেবশ্রেষ্ঠস্য শিবস্য প্রিয়া সতী দেবী, কেন দক্ষেণ; প্রকোপিতা সতী অসূন্ প্রাণান্ জহৌ ইতি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

জাতোঽগ্নিস্তেন ॥ ২৭ ॥

খে ভুবিচ। হাহেত্যাদিবাদঃ। তমেবাহ হন্তেতি বিষাদে দৈবতমস্য পূজ্যতমস্য প্রিয়া কেন দক্ষেণ প্রকোপিতা সতী ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যা মায়াশক্তিত্বাৎ মায়ায়াশ্চ সাকারায়া অপি নিত্যত্বাৎ মায়িকবস্তুনামেবানিত্যত্বব্যবস্থাপনা-ত্তদ্দেহনাশো ন ব্যাখ্যেয়ঃ ॥ ২৭ ॥

দৈবতমস্য পূজ্যতমস্য প্রিয়া কেন দক্ষেণ প্রকোপিতা সতী অসূন্ জহাবিতি লোক-প্রতীতিঃ ॥ ২৮ ॥

নিষ্পাপ হইয়া সমাধির তেজে অনল-দগ্ধের ন্যায় প্রজ্বলিত হইয়া উঠিল; সতী দেহ ত্যাগ করিলেন ॥ ২৭ ॥

দাক্ষায়ণীর অদ্ভুত দেহত্যাগ অবলোকন করিয়া, আকাশ ও ভূতলস্থ প্রাণীর মধ্যে একটী গুরুতর হাহাকার ধ্বনি উত্থিত হইল। তাঁহারা বলিতে লাগিলেন, "অহো! দৈবের কি অনুপমা গতি! দেবদেব ত্র্যম্বকের প্রণয়িনী সতী দাক্ষায়ণী অদ্য দক্ষ প্রজাপতি কর্ত্তৃক প্রকোপিতা হইয়া জীবন পরিত্যাগ করিলেন ॥ ২৮ ॥

অহো! কি দুঃখের বিষয়! যিনি এই চরাচর সংসারের আধিপত্য লাভে চরাচর সকল প্রজাকে প্রতিপালন করিয়া আসিতেছেন, সুতরাং সর্ব্বোচ্চ-

আভাস।

স্বরূপা; সুতরাং দেহেও উপাদানভাবে তাঁহার নিত্য সম্বন্ধ থাকায়, দেহ ভস্মীভূত হয় নাই; কেবল তাদৃশ পাপ কলেবরে তাঁহার স্বরূপপ্রকাশের ভাবটী মাত্র বিলুপ্ত হইল। দেহ শব-রূপেই তথায় পতিত রহিল ॥ ২৪—২৭ ॥

অহো অনাত্ম্যং মহদসস্য পশ্যত প্রজাপতের্যস্য চরাচরং প্রজাঃ।
জহাবসূন্ যদ্বিমতাত্মজা সতী মনস্বিনী মানমভীক্ষ্ণমর্হতি ॥ ২৯ ॥
সোঽয়ং দুর্ম্মর্ষহৃদয়ো ব্রহ্মধ্রুগ্ লোকে চ কীর্ত্তিমসতীমবাপ্স্যতি।
যদঙ্গজাং স্বাং পুরুষদ্বিডুদ্যতাং ন প্রত্যষেধন্মৃতয়েঽপরাধতঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অহো! যস্য চরাচরং প্রজাঃ, যঃ অভীক্ষ্ণং মানং অর্হতি, তাদৃশস্য অস্য প্রজাপতেঃ দক্ষস্য, মহৎ অনাত্ম্যং দেহাদ্যভিমানেন অতি অনার্য্যং পশ্যত; যতঃ আত্মজা সাক্ষাৎ দেহাদুৎপন্না, মনস্বিনী সুস্বভাবাদিগুণযুক্তা, কন্যা যদ্বিমতা (যেন বিমতা অবজ্ঞাতা) সতী অসূন্ দুস্ত্যজান্ অপি প্রাণান্, জহৌ ॥ ২৯ ॥

সঃ অয়ং পুরুষদ্বিট্ (পুরুষং শিবং দ্বেষ্টীতি) দুর্ম্মর্ষহৃদয়ঃ (দুর্ম্মর্ষং শিবোৎকর্ষাসহমানং বিচাররহিতং হৃদয়ং যস্য সঃ) অতএব ব্রহ্মধ্রুক্ দক্ষঃ লোকে মহাজনমধ্যে, অসতীং কীর্ত্তিং দুর্যশঃ চ অবাপ্স্যতি; যৎ যস্মাৎ স্বস্য অপরাধতঃ স্বকৃতাপমানাৎ, মৃতয়ে মরণায়, উদ্যতাং প্রযতমানাং, স্বাং অঙ্গজাং ন প্রত্যষেধৎ নিবারিতবান্ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

মহদনাত্ম্যং দৌর্জন্যং অস্য সর্ব্বত্র স্নেহ এব ন্যায্য ইত্যাহঃ যস্যেতি। যেন বিমতা অবজ্ঞাতা ॥ ২৯ ॥

দুর্ম্মর্ষং অত্যসহনং হৃদয়ং যস্য। লোকে জনমধ্যে। চশব্দাদ্দুষ্কর্ম্ম। যদ্‌যতঃ স্বীয়ামঙ্গজাং সুতামপরাধতঃ স্বাবজ্ঞাতঃ মৃতয়ে মরণায় উদ্যতাং ন নিবারিতবান্ পুরুষদ্বিট্ শিবদ্বেষী ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনাত্ম্যং জীবন্মৃতত্বং অস্য দক্ষস্য ন বিদ্যতে আত্মা যস্য স মৃতকস্তস্য ভাবঃ অনাত্ম্যং সংজ্ঞাপূর্ব্বকবিধিত্বেনানিত্যত্বাদ্বৃদ্ধ্যভাবঃ। যস্যেতি সর্ব্বত্রৈব স্নেহ উচিতঃ অথ চ স্বকন্যায়ামপি স্নেহাভাব ইতি জীবন্মৃতত্বমেবেতি ভাবঃ। আত্মজা তত্রাপি সতী তত্রাপি মনস্বিনীতি ধিক্ দক্ষমিতি ভাবঃ ॥ ২৯ ॥

দুর্ম্মর্ষহৃদয়ঃ অত্যসহিষ্ণুমনাঃ পুরুষদ্বিট্ শিবদ্বেষী অপরাধতঃ স্বাবজ্ঞয়া মৃতয়ে মরণায়

মানে নিত্য প্রতিষ্ঠিত সেই প্রজাপতিরও এতাদৃশ অন্যায় কর্ম্ম! সাক্ষাৎ নিজের দেহ হইতে সমুৎপন্না মনস্বিনী দুহিতাকে এতই অপমানিতা করিয়াছেন যে, সতী অপরিত্যজ্য জীবনকেও অবলীলাক্রমে পরিত্যাগ করিয়াছেন ॥ ২৯ ॥

প্রজাপতি এক ত্রিলোচনের নিন্দা করিয়া, ত্রিভুবনস্থ ব্রহ্মবাদিগণেরই বিদ্রোহাচরণ করিয়াছেন এবং নিজের অজ্ঞানতা ও দৌঃশীল্যেরই পরিচয় দিয়াছেন মাত্র। এতদ্দ্বারা জগতে যে তাঁহার কীর্ত্তি বিলুপ্ত হইবে, তাহাতে

বদত্যেবং জনে সত্যা দৃষ্ট্বাস্বুত্যাগমদ্ভুতং।
দক্ষং তৎপার্ষদা হন্তুমুদতিষ্ঠন্নুদায়ুধাঃ॥ ৩১॥
তেষামাপততাং বেগং নিশাম্য ভগবান্ ভৃগুঃ।
যজ্ঞঘ্নঘ্নেন যজুষা দক্ষিণাগ্নৌ জুহাব হ॥ ৩২॥
অধ্বর্য্যুণা হূয়মানে দেবা উৎপেতুরোজসা।
ঋভবো নাম তপসা সোমং প্রাপ্তাঃ সহস্রশঃ॥ ৩৩॥

অন্বয়ঃ।

সত্যাঃ অদ্ভুতং অসুত্যাগং প্রাণত্যাগং দৃষ্ট্বা জনে এবং বদতি সতি তৎপার্ষদাঃ (তস্য রুদ্রস্য পার্ষদাঃ) উদায়ুধাঃ উদ্ধৃতায়ুধাঃ, সন্তঃ দক্ষং হন্তুং উদতিষ্ঠন্ উদ্যুক্তাঃ জাতাঃ॥ ৩১॥

তেষাং রুদ্রপার্ষদানাং, আপততাং বেগং নিশাম্য দৃষ্ট্বা ভগবান্ ভৃগুঃ যজ্ঞঘ্নঘ্নেন (যজ্ঞঘ্নাঃ যজ্ঞবিধ্বংসকাঃ তান্ হন্তি ইতি যজ্ঞঘ্নঘ্নং তেন) যজুষা মন্ত্রেণ, দক্ষিণাগ্নৌ জুহাব আভিচারিকেণ বিধিনা আহুতিং দত্তবান্॥ ৩২॥

অধ্বর্য্যুণা ভৃগুণা, হূয়মানে সতি যে পূর্ব্বং তপসা সোমং চন্দ্রং (যজ্ঞে সোমভাগং বা) প্রাপ্তাঃ তে ঋভবঃ নাম দেবাঃ সহস্রশঃ ওজসা মহতা বেগেন, উৎপেতুঃ আহুতিদ্বারা-বির্ভূতাঃ॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

অদ্ভুতং দৃষ্ট্বা চ॥ ৩১॥

যজ্ঞঘ্নান্ হন্তীতি যজ্ঞঘ্নঘ্নং তেন। অপহতং রক্ষ ইত্যাদিনা॥ ৩২॥

অধ্বর্য্যুণা ভৃগুণা যে তপসা সোমং প্রাপ্তাঃ ঋভবো নাম দেবা উত্থিতাঃ॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদ্যতাং ন নিবারিতবান্॥ ৩০॥ ৩১॥

যজ্ঞঘ্নান্ হন্তীতি তেনাপহতং রক্ষেত্যাদিনা॥ ৩২॥ ৩৩॥

আর সন্দেহ নাই। তিনি মরণোদ্যতা স্বীয় দুহিতাকে যখন মৃত্যুর হস্ত হইতে নিবারণ করেন নাই, তখন এই নিজকৃত ভীষণ অপরাধে নিজের অকাল-মৃত্যুকেই সত্বর আহ্বান করিয়াছেন, সন্দেহ নাই॥ ৩০॥

লোকমুখে দাক্ষায়ণীর এই অদ্ভুত দেহত্যাগের বার্ত্তা শ্রবণ করিয়া রুদ্রানুচরগণ উদ্যতাস্ত্র হইয়া দক্ষনিধনে উদ্‌যোগী হইলেন॥ ৩১॥

রুদ্রপার্ষদগণকে দক্ষবিনাশার্থ বেগে যজ্ঞস্থলের অভিমুখে আগমন করিতে অবলোকন করিয়া, মন্ত্রতন্ত্রার্থদর্শী ভগবান্ ভৃগু তাহাদের বিনাশার্থ আভিচারিক উপায় অনুসারে যজুঃমন্ত্রের উচ্চারণে দক্ষিণাগ্নিতে আহুতি প্রদান করিলেন॥ ৩২॥

তৈরলাতায়ুধৈঃ সর্ব্বে প্রমথা সহ গুহ্যকাঃ।
হন্যমানা দিশো ভেজুরুশদ্ভি র্ব্রহ্মতেজসা ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে সতীদেহোৎসর্গশ্চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

ভবো ভবান্যা নিধনং প্রজাপতেরসংকৃতায়া অবগম্য নারদাৎ।

অন্বয়ঃ।

অলাতায়ুধৈঃ (অলাতাঃ জ্বলন্তি কাষ্ঠানি আয়ুধানি যেষাং তৈঃ) তৈঃ ব্রহ্মতেজসা (ব্রহ্মণঃ ভৃগূক্তবেদমন্ত্রস্য তেজসা প্রভাবেণ উশদ্ভিঃ দেদীপ্যমানৈঃ ঋভুভিঃ হন্যমানাঃ সগুহ্যকাঃ প্রমথাঃ সর্ব্বে দিশঃ ভেজুঃ পলায়নপরাঃ জাতাঃ ॥ ৩৪ ॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ভবঃ মহাদেবঃ প্রজাপতেঃ (নিমিত্তাৎ তেন) অসংকৃতায়াঃ ভবান্যাঃ

শ্রীধরস্বামী।

ব্রহ্মতেজসা উশদ্ভির্দীপ্যমানৈঃ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমেতু সতী দেহত্যাগমাকর্ণ্য শঙ্করঃ।
বীরভদ্রং রুষোৎপাদ্য তেন দক্ষমঘাতয়ৎ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মতেজসা উশদ্ভির্দীপ্যমানৈঃ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
পঞ্চমে শ্রুতবৃত্তান্তঃ কুপ্যন্ দক্ষমঘাতয়ৎ।
উৎকৃত্য স্বজটোত্থেন বীরভদ্রেণ ধূর্জ্জটিঃ ॥ * ॥

মহর্ষি ভৃগু হোমাগ্নিতে যথাবিধি যেমন আহুতি প্রদান করিলেন, অমনি যজ্ঞের সোমভাগী শত সহস্র ঋভু নামক পরমতেজস্বী দেবতাগণ সেই যজ্ঞ-কুণ্ড হইতে সমুৎপন্ন হইলেন ॥ ৩৩ ॥

বেদমন্ত্রের উগ্রবীর্য্যে দেদীপ্যমান ঋভু দেবতাগণ জ্বলদগ্নিহস্তে সংগ্রামে অগ্রসর হইয়া, শিবপার্ষদ গুহ্যক ও প্রমথগণকে এতই মর্দ্দিত করিলেন যে, তাঁহারা ভয়ে ভীত হইয়া ইতস্তত পলায়ন করিতে আরম্ভ করিলেন ॥ ৩৪ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! এদিকে ত্রিলোচন প্রজাপতি দক্ষের

সপার্ষদসৈন্যঞ্চ তদধ্বরভুর্ভি বিদ্রাবিতং ক্রোধমপারমাদধে ॥ ১ ॥

ক্রুদ্ধঃ সুদষ্টৌষ্ঠপুটঃ সধূর্জ্জটি র্জটাং তড়িদ্বহ্নিসটোগ্ররোচিষং ।

উৎকৃত্য রুদ্রঃ সহসোত্থিতো হসন্ গম্ভীরনাদো বিসসর্জ তাং ভুবি ॥ ২ ॥

ততোঽতিকায়স্তনুবা স্পৃশন্দিবং সহস্রবাহুর্ঘনরুক্ ত্রিসূর্য্যদৃক্ ।

অন্বয়ঃ।

নিধনং তথা তদধ্বরভুর্ভিঃ (তস্য অধ্বরে জাতাঃ যে ঋভবঃ নাম দেবাঃ তৈঃ) সপার্ষদসৈন্যং বিদ্রাবিতং চ নারদাৎ অবগম্য অপারং ক্রোধং আদধে ॥ ১ ॥

সঃ প্রসিদ্ধঃ, ধূর্জ্জটিঃ রুদ্রঃ, ভয়ঙ্করঃ শিবঃ সুদষ্টৌষ্ঠপুটঃ হসন্ তড়িদ্বহ্নিসটোগ্ররোচিষং (তড়িতাং বাহ্নীনাং চ সটা জ্বালা তদ্বদুগ্রং রোচি র্যস্যাঃ তাং) জটাং উৎকৃত্য উৎপাট্য, সহসা উত্থিতঃ সন্ গম্ভীরনাদঃ এব তাং ভুবি বিসসর্জ ॥ ২ ॥

ততঃ জটায়াঃ সকাশাৎ সহস্রবাহুঃ ঘনরুক্ (ঘনবৎ রুক্ কান্তিঃ যস্য সঃ) শ্যামবর্ণঃ, ত্রিসূর্য্যদৃক্ (ত্রয়ঃ সূর্য্যাঃ দৃশঃ নেত্রাণি যস্য সঃ) করালদংষ্ট্রোজ্জ্বলদগ্নিমূর্দ্ধজঃ (করালাঃ দংষ্ট্রাঃ

শ্রীধরস্বামী।

প্রজাপতে র্হেতোর্নিধনং কুতস্তেনাসংকৃতায়াঃ তস্যাধ্বরে যে ঋভবো দেবাস্তৈঃ ॥ ১ ॥

সধূর্জটিঃ রুদ্রঃ ঘোরঃ সন্ জটাং উৎকৃত্য উৎপাট্য উত্থিতঃ সন্ তাং ভুবি বিসসর্জ। সুদষ্ট ওষ্ঠপুটো যেন। তড়িতাং বহ্নীনাঞ্চ সটা জ্বালাস্তদ্বদুগ্রং রোচির্যস্যাস্তাং ॥ ২ ॥

ততো জটায়াঃ সকাশাৎ অতিকায়ো বীরভদ্রো জাত ইতি শেষঃ। তনুবা তন্বা দেহেন দিবং স্পৃশন্ অত্যুচ্চ ইত্যর্থঃ। ঘনরুক্ কৃষ্ণবর্ণঃ ত্রয়ঃ সূর্য্যা ইব দৃশো যস্য। করালা উগ্রা দংষ্ট্রা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাপতের্হেতো নির্ধনং কুতঃ। তেনাসংকৃতায়াঃ তস্যাধ্বরে যে ঋভবো দেবাস্তৈঃ ॥ ১

সটা জ্বালাঃ রুদ্রো ঘোরঃ সন্ ॥ ২ ॥

অবমাননায় ভবানীর দেহত্যাগ এবং ঋভুদেবগণের হস্তে স্বীয় পার্ষদগণের অভিভব-বার্ত্তা নারদমুখে শ্রবণ করিয়া, সাতিশয় ক্রুদ্ধ হইলেন । ১ ॥

সেই ধূর্জ্জটী প্রচণ্ড ক্রোধের প্রকাশে অস্থির হইয়া উঠিলেন; তিনি ওষ্ঠপুট দন্তভাগ দ্বারা দৃঢ় পেষণ পূর্ব্বক ভীষণ হাস্যের পরিচয় দিয়া সৌদামনির উচ্ছ্বাসের ন্যায়, জ্বলদগ্নি সদৃশ উজ্জ্বল একগাছি জটা স্বীয় মস্তক হইতে উৎপাটন পূর্ব্বক ভীষণ রবে তাহা ভূমিতে নিক্ষেপ করিলেন ।। ২ ॥

সেই নিক্ষিপ্ত জটা হইতে নিবিড় জলদসদৃশ বর্ণবিশিষ্ট এক সহস্রবাহু

আভাস।

পঞ্চমাধ্যায়ে সতীর দেহ ত্যাগ বৃত্তান্ত শ্রবণ করিয়া কোপান্বিত ধূর্জ্জটির জটা উৎপাটনে বীরভদ্রের সৃষ্টি এবং তাঁহার দ্বারা দক্ষের বধ বর্ণিত হইয়াছে॥

করালদংষ্ট্রোজ্জ্বলদগ্নিমূর্দ্ধজঃ কপালমালী বিবিধোদ্যতায়ুধঃ ॥ ৩ ॥
তং কিং করোমীতি গৃণন্তমাহ বদ্ধাঞ্জলিং ভগবান্ ভূতনাথঃ।
দক্ষং সযজ্ঞং জহি মদ্ভটানাং ত্বমগ্রণী রুদ্রভটাংশকো মে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তথা জ্বলদগ্নিরিব মূর্দ্ধজাঃ কেশাশ্চ যস্য সঃ) কপালমালী (কপালানাং মনুষ্যশিরসাং মালয়া, যুক্তঃ) বিবিধাদ্যতায়ুধঃ (বিবিধানি উদ্যতানি আয়ুধানি যস্য সঃ) অতিকায়ঃ বৃহচ্ছরীরঃ, বীরভদ্রঃ, তনবা তন্বা শরীরেণ, দিবং আকাশং, স্পৃশন্ ইব জাতঃ ॥ ৩ ॥

কিং করোমি ইতি গৃণন্তং বদন্তং, বদ্ধাঞ্জলিং তং বীরভদ্রং ভগবান্ ভূতনাথঃ হে রুদ্র ভট যুদ্ধকুশল! মে মম অংশকঃ ত্বং মদ্ভটানাং সৈন্যানাং, অগ্রণীঃ নায়কঃ, সন্ সযজ্ঞং দক্ষং জহি ইতি আহ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যস্য জ্বলদগ্নিরিব মূর্দ্ধজা যস্য কপালমালাযুক্তঃ বিবিধান্যুদ্যতানি আয়ুধানি যস্য ॥ ৩ ॥

হে রুদ্রভট যুদ্ধকুশল মদ্ভটানাং ত্বমগ্রণীঃ সন্ সযজ্ঞং দক্ষং জহি ব্রহ্মতেজো দুর্জয়মিতি মা-মংস্থা যতস্ত্বং মেহংশঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততো জটায়াঃ। তন্বা দিবং স্পৃশন্। ত্রয়ঃ সূর্য্যা ইব দৃশো যস্য স অভবৎ ॥ ৩ ॥

হে রুদ্র হে ভট যুদ্ধকুশল! ত্বং মে অংশ ইতি ব্রহ্মতেজো দুর্জয়মিতি মা মংস্থা ইতি ভাবঃ ॥ ৪ ॥

বিরাট্ পুরুষ সমুৎপন্ন হইলেন। তাঁহার লোচনত্রয়ে যেন সূর্য্যত্রয় যুগপৎ সমুদিত ছিল; করাল-দংষ্ট্র, অগ্নিসদৃশ সুলোহিত-কেশজাল, নরকপালের মালা গলে দোদুল্যমান এবং বিবিধ অস্ত্রশস্ত্র হস্তে এক বিপুলকায় বীরভদ্র আবির্ভূত হইলেন। অহো! তাঁহার কলেবর যেন নভোমণ্ডল স্পর্শ করিয়াই প্রকাশ হইল ॥ ৩ ॥

উক্ত বিরাট্মূর্ত্তি বীরভদ্র ভবসন্নিধানে অগ্রসর হইয়া কৃতাঞ্জলিপুটে "আমাকে কি করিতে হইবে," এই কথা জিজ্ঞাসা করিলে, ভূতনাথ তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ক্রোধস্বরূপ যুদ্ধকুশল রুদ্র! তুমি মদীয় অংশে সমুৎপন্ন হইয়াছ! এক্ষণে তুমি আমার সেনাগণের নেতা হইয়া, এই যজ্ঞসহ দক্ষ প্রজাপতিকে নিহত কর! ॥ ৪ ॥

ক্রোধমূর্ত্তি শঙ্কর কর্ত্তৃক আদিষ্ট হইয়া বীরভদ্র মহাদেবকে প্রদক্ষিণ পূর্ব্বক প্রণাম করিলেন; এবং তদীয় অসামান্য বিক্রমে আপনাকে অপ্রতিরোধ-শূন্য এবং মহাবল-পরাক্রান্তগণেরও দুর্দ্ধর্ষ অতুল সামর্থ্যবান্ বলিয়া বোধ

আজ্ঞপ্ত এবং কুপিতেন মন্যুনা স দেবদেবং পরিচক্রমে বিভুং।
মেনে তদাত্মানমসঙ্গরংহসা মহীয়সাং তাত সহঃসহিষ্ণুং ॥ ৫ ॥
অন্বীয়মানঃ সতু রুদ্রপার্ষদৈ র্ভৃশং নদদ্ভি ব্যনদৎ সুভৈরবং।
উদ্যম্য শূলং জগদন্তকান্তকং সংপ্রাদ্রবদ্‌ঘোষণভূষণাঙ্ঘ্রিঃ ॥ ৬ ॥
অথর্ত্বিজো যজমানঃ সদস্যাঃ ককুভ্যুদীচ্যাং প্রসমীক্ষ্য রেণুং।

অন্বয়ঃ।

কুপিতেন মন্যুনা রুদ্রেণ, এবং আজ্ঞপ্তঃ সঃ দেবদেবং বিভুং, পরিচক্রমে। হে তাত বিদুর! (তেন পরিক্রমণেন) তদা অসঙ্গরংহসা অপ্রতিরোধশূন্যস্ববেগেন, মহীয়সাং মহাবলপরাক্রমাণাং অপি সহঃসহিষ্ণুং (বেগং সোঢ়ুং ক্ষমং ইতি সঃ আত্মানং) মেনে ॥ ৫ ॥

ভৃশং নদদ্ভিঃ রুদ্রপার্ষদৈঃ অন্বীয়মানঃ অনুগম্যমানঃ, ঘোষণভূষণাঙ্ঘ্রিঃ (ঘোষণং শব্দনশীলং ভূষণং নূপুরলক্ষণং অঙ্ঘ্র্যোঃ যস্য সঃ) সঃ বীরভদ্রঃ স্বয়ং সুভৈরবং ব্যনদৎ নাদং কৃতবান্, তথা জগদন্তকান্তং (জগদন্তকো মৃত্যুঃ তস্যাপি অন্তকং মারকং) শূলং উদ্যম্য উত্থাপ্য সংপ্রাদ্রবৎ অতিবেগেন দক্ষস্য যজ্ঞবাটং জগাম ॥ ৬ ॥

অথ ঋত্বিজঃ যজ্ঞপ্রবর্ত্তকাঃ, যজমানঃ যজ্ঞে দীক্ষিতঃ, সদস্যাঃ (সভাস্থানে স্থিত্বা যুক্তাযুক্তবিবেচনপরাঃ) দ্বিজাঃ অন্যে ব্রাহ্মণাঃ দ্বিজপত্ন্যঃ চ উদীচ্যাং ককুভি দিশি,

শ্রীধরস্বামী।

মন্যুনা শ্রীরুদ্রেণ। পরিচক্রমে প্রদক্ষিণী চকার। অসঙ্গমপ্রতীঘাতং যদ্রংহো বেগ স্তেন। ভোস্তাত! মহীয়সাং বলীয়সামপি সহঃ সহিষ্ণুং বলং সোঢ়ুং ক্ষমং মেনে ॥ ৫ ॥

জগদন্তকো মৃত্যু স্তস্যাপ্যন্তকং শূলং ঘোষয়ন্তি শব্দং কুর্ব্বন্তীতি ঘোষণানি নূপুরাদীনি ভূষণানি যয়োঃ তাবঙ্ঘ্রী যস্য সঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্যুনা রুদ্রেণ। পরিচক্রমে প্রদক্ষিণী চকার। অসঙ্গং কেনাপি সহ গন্তুমশক্যং যদ্রংহোবেগস্তেন। যদ্বা। অসঙ্গস্যাত্মারামস্য রুদ্রস্য রংহসা মহীয়সাং বলীয়সামপি সহঃসহিষ্ণুং বলং সোঢ়ুং ক্ষমং মেনে ॥ ৫

জগদন্তকস্যাপ্যন্তকতুল্যং। ঘোষণানি শব্দায়মানানি ভূষণানি যয়ো স্তাবঙ্ঘ্রী যস্য সঃ ॥ ৬ ॥

করিলেন ॥ ৫ ॥

শব্দায়মান নূপুরের ন্যায় বীরভদ্রের পদবিক্ষেপে প্রচণ্ড ধ্বনি শ্রুত হইতে লাগিল; তিনি রবকারী প্রমথ ও রুদ্রপার্ষদে পরিবৃত হইয়া এবং জগদন্তক যমেরও অন্তকারী শূল হস্তে লইয়া, স্বয়ং ভৈরবনাদে ও অতি বেগে যজ্ঞভূমের অভিমুখে অগ্রসর হইতে লাগিলেন ॥ ৬ ॥

তমঃ কিমেতৎ কুত এতদ্রজোঽভূদিতি দ্বিজা দ্বিজপত্ন্যশ্চ দধ্যুঃ ।। ৭ ।।
বাতা ন বান্তি ন হি সন্তি দস্যবঃ প্রাচীনবর্হির্জীবতি হোগ্রদণ্ডঃ।
গাবো ন কাল্যন্ত ইদং কুতো রজো লোকোঽধুনা কিং প্রলয়ায় কল্পতে ॥৮

অন্বয়ঃ।

রুদ্রভটানাং আগচ্ছতাং উত্থিতং) রেণুং প্রসমীক্ষ্য (প্রথমতঃ ভীত্যা) তমঃ কিং এতৎ (ইতি বদন্তঃ পশ্চাৎ) এতৎ রজঃ কুতঃ অভূৎ ইতি দধ্যুঃ চিন্তয়ামাসুঃ ॥ ৭ ॥

বাতাঃ ন বান্তি ন হি দস্যবঃ সন্তি ; যতঃ প্রাচীনবর্হিঃ তৎকালীনঃ রাজা, হ স্ফুটং, উগ্রদণ্ডঃ (উগ্রেষু দণ্ডঃ যস্য সঃ) জীবতি এব ; গাবঃ ন কাল্যন্তে, শীঘ্রং নীয়ন্তে, অতঃ ইদং রজঃ কুতঃ অভূৎ ? অধুনা কিং লোকঃ প্রলয়ায় কল্পতে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ককুভি দিশি তমো ন ভবতি কিন্তু রজ ইতি জ্ঞাত্বাহুঃ। রজ এতৎ কুতোঽভূৎ দধ্যুঃ চিন্তয়ামাসুঃ ॥ ৭ ॥

হেত্বন্তরাসম্ভবেন ঔৎপাতিকত্বং কল্পয়ন্তি বাতা ইতি দস্যুনামসত্ত্বে হেতুঃ প্রাচীনবর্হিস্তদানীন্তনো রাজা জীবতীতি। ন কাল্যন্তে ন শীঘ্রং নীয়ন্তে ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রথমং তম ইতি ততস্তম এতন্ন ভবতি কিন্তু রজ ইতি জ্ঞাত্বাহুঃ রজ এতৎ কুতোঽভূদিতি ॥ ৭ ॥

পুনরপি বিবিধং সংশেরতে বাতা ইতি। প্রাচীনবর্হিস্তদানীন্তনো রাজা ইতি স্পষ্টং ॥ ৮ ॥

অনন্তর ঋত্বিক্, যজমান, সদস্য এবং সমবেত অন্যান্য ব্রাহ্মণ ও তৎপত্নীগণ আগতপ্রায় রুদ্রপার্ষদগণের আগমনোত্থ ধূষর ধূলিপটল উত্তর দিকে নভোভাগ আচ্ছাদন পূর্ব্বক সমুত্থিত নিরীক্ষণ করিয়া, প্রথমত তত্ত্ব অবধারণে সমর্থ হইলেন না ; সুতরাং "একি তম আমাদিগকে আবরণ করিতে অগ্রসর হইতেছে," বলিয়া চিৎকার করিয়া উঠিলেন। পরে কিঞ্চিৎ চিন্তা করিয়া বলিলেন "এই ভীষণ ধূলি পটল কোথা হইতে আগমন করিতেছে" ? ॥ ৭ ॥

কি আশ্চর্য্য ! বায়ুর কোনরূপ তীব্র সঞ্চালন নাই এবং যমদণ্ডের অপেক্ষা তীব্র শাসনদণ্ড হস্তে লইয়া প্রাচীনবর্হি এক্ষণে জীবিত থাকিতে, দস্যুগণের প্রাদুর্ভাবই বা কোথায় ? এদিকে গাভীগণকেও ত অন্যত্র প্রণোদিত করা হইতেছে না যে, খুরোত্থিত ধূলিতে আকাশ আচ্ছন্ন হইবে ? অতএব এরূপ ধূলিপটল কোথা হইতে আগমন করিল ? বোধ হয়, ইহলোকের প্রলয়কাল সম্পূর্ণ নিকটবর্ত্তী ॥ ৮ ॥

প্রসূতিমিশ্রাঃ স্ত্রিয় উদ্বিগ্নচিত্তা উচুর্বিপাকো বৃজিনস্যৈব তস্য।
যৎ পশ্যন্তীনাং দুহিতৄণাং প্রজেশঃ সুতাং সতীমবদধ্যাবনাগাং ॥ ৯ ॥
যত্ত্বন্তকালে ব্যুপ্তজটাকলাপঃ স্বশূলসূচ্যর্পিতদিগ্‌গজেন্দ্রঃ।

অন্বয়ঃ।

প্রসূতিমিশ্রাঃ (প্রসূতিঃ দক্ষপত্নী মিশ্রা মুখ্যা যাসাং তাঃ) স্ত্রিয়ঃ উদ্বিগ্নচিত্তাঃ উদ্বিগ্নং চিত্তং যাসাং তাঃ তথাবিধাঃ সত্যঃ) প্রজেশঃ দক্ষঃ, সুতাং সতীনাম্নীং অনাগাং অনাগসং যৎ দুহিতৄণাং পশ্যন্তীনাং অবদধ্যৌ অবজ্ঞাতবান্, তস্যৈব বৃজিনস্য পাপস্য এব বিপাকঃ ফলং ইতি উচুঃ ॥ ৯ ॥

অন্তকালে মহাপ্রলয়াব্যবহিতপূর্ব্বকালে, ব্যুপ্তজটাকলাপঃ (ব্যুপ্তঃ বিকীর্ণঃ জটাকলাপঃ যস্য সঃ) স্বশূলসূচ্যর্পিতদিগ্‌গজেন্দ্রঃ (স্বশূলস্য সূচী অগ্রভাগঃ তত্রার্পিতাঃ স্বস্থানাদুদ্ধৃত্য প্রোতাঃ দিগ্‌গজেন্দ্রাঃ যেন সঃ) উচ্চাট্টহাসঃ স্তনয়িত্নুভিন্নদিক্ (উচ্চঃ সর্ব্বশব্দোপমর্দ্দকঃ অট্টঃ কঠোরঃ যঃ হাসঃ সঃ এব স্তনয়িত্নুঃ বজ্রনির্ঘোষঃ তেন ভিন্নাঃ বিদীর্ণাঃ বিশীর্ণাঃ দিশঃ যেন সঃ) উদিতাস্ত্র-দোর্ধ্বজান্ (উদিতানি উর্দ্ধং ধৃতানি অস্ত্রানি যেষু তাদৃশাঃ দোষঃ ভুজাঃ তে এব ধ্বজাঃ তান্)

শ্রীধরস্বামী।

প্রসূতি দক্ষস্য পত্নী সা মিশ্রা মুখ্যা যাসাং। বিপাকঃ ফলং। পশ্যন্তীনামিতি তস্যা দুঃখাধিক্যে হেতুঃ। অবদধ্যৌ অবজ্ঞাতবান্ অনাগাং অনাগসং ॥ ৯ ॥

নচেদং সুতাবজ্ঞামাত্রং কিন্তু শ্রীরুদ্রাবজ্ঞানঞ্চ। অতো নাস্য ভদ্রং ভবিষ্যতীত্যাহুঃ যস্তিতি দ্বাভ্যাং ব্যুপ্তো বিকীর্ণো জটাকলাপো যস্য। স্বশূলস্য সূচ্যামগ্রে অর্পিতাঃ প্রোতা দিগ্‌গজেন্দ্রা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রসূতি দক্ষপত্নী সা মিশ্রা মুখ্যা যাসাং তা স্তস্য বৃজিনস্যাপরাধস্য এব বিপাকঃ ফলং। পশ্যন্তীনামিতি তস্যা দুঃখাধিক্যে হেতুঃ। অবদধ্যৌ অবজ্ঞাতবান্ অনাগাং নিরপরাধাং ॥ ৯

নচাস্য প্রজাপতে স্তেজস্বিত্বং শ্রীরুদ্রে প্রভবতীত্যাহুঃ যস্তিতি দ্বাভ্যাং ব্যুপ্তজটাকলাপঃ বিকীর্ণজটাপুঞ্জঃ উদিতান্যুন্নমিতান্যস্ত্রাণি যেষু তে দোষো বাহব এব ধ্বজা স্তান্ বিতত্য

দক্ষপত্নী প্রসূতি প্রভৃতি নারীগণ নিতান্ত উদ্বিগ্নচিত্তে বলিয়া উঠিলেন যে, এ সমস্ত দক্ষপ্রজাপতির নিজের কর্ম্মফলই সন্দেহ নাই। কারণ স্বয়ং চরাচর প্রজার অধীশ্বর হইয়াও প্রজাপতি নিজ দুহিতা নিষ্কলঙ্ক সাক্ষাৎ সতীকে সকলের সমক্ষে অপমান করিয়াছেন; সেই মহাপাপেরই ফল এই প্রত্যক্ষে সমাগত হইতেছে ॥ ৯ ॥

যিনি মহাপ্রলয়ের অব্যবহিত পূর্ব্বকালে স্বকীয় ত্রিশূলের অগ্রভাগে দিগ্‌গজেন্দ্র সমূহকে বিদ্ধ রাখিয়া উর্দ্ধে উত্তোলনপূর্ব্বক ধ্বজাসদৃশ সশস্ত্র সহস্র ভুজের উত্তোলনে তাণ্ডব নৃত্য করিয়া থাকেন, যাঁহার উচ্চ হাস্যের

বিতত্য নৃত্যত্যুদিতাস্ত্রদোর্ধ্বজানুচ্চাট্টহাসস্তনয়িত্নুভিন্নদিক্ ॥ ১০ ॥
অমর্ষয়িত্বা তমসহ্যতেজসং মন্যুপ্লুতং দুর্নিরীক্ষ্যং ভ্রূকুট্যা।
করালদংষ্ট্রাভিরুদস্তভাগণং স্যাৎ স্বস্তি কিং কোপয়তো বিধাতুঃ ॥ ১১ ॥
বহ্বেবমুদ্বিগ্নদৃশোচ্যমানে জনেন দক্ষস্য মুহুর্মহাত্মনঃ।

অন্বয়ঃ।

বিতত্য বিস্তৃতান্ কৃত্বা, নৃত্যতি যঃ এবম্ভূতঃ তং অমর্ষয়িত্বা ইতি পরেণান্বয়ঃ॥ ১০ ॥

অসহ্যবিক্রমং (অসহ্যং তেজো যস্য তং) মন্যুপ্লুতং ক্রোধযুতং, ভ্রূকুট্যা দুর্নিরীক্ষ্যং করাল-দংষ্ট্রাভিরুদস্তভাগণং (করালাভিঃ দংষ্ট্রাভিঃ উদস্তঃ নিরস্তঃ ভাগণঃ জ্যোতিঃসমূহঃ যেন তং) তং অমর্ষয়িত্বা রোষযুক্তং কৃত্বা, রোষয়তঃ রোষং উৎপাদয়তঃ, বিধাতুঃ প্রজাপতেঃ, দক্ষস্য বা তৎপিতুঃ ব্রহ্মণঃ, অপি কিং স্বস্তি স্যাৎ অপিতু ন স্যাদেব॥ ১১ ॥

এবং উদ্বিগ্নদৃশা (উদ্বিগ্না প্রচলিতা দৃক্ যস্য তেন) জনেন এবং পূর্ব্বোক্তপ্রকারেণ বহু

শ্রীধরস্বামী।

যেন উদিতানি উন্নমিতানি অস্ত্রাণি যৈঃ তে দোষো বাহব এব ধ্বজা স্তান্ বিতত্য হর্ষেণ নৃত্যতি উচ্চঃ অট্টহাসঃ কঠোরহাসঃ সএব স্তনয়িত্নু গর্জ্জিতং তেন ভিন্না বিদীর্ণা দিশো যেন সঃ॥ ১০ ॥

অমর্ষয়িত্বা অসহনযুক্তং কৃত্বা মন্যুপ্লুতং ক্রোধব্যাপ্তং উদস্ত উৎক্ষিপ্তো ভাগণো নক্ষত্র-সমূহো যেন। পুনশ্চ তং কোপয়তো বিধাতুরপি কিং স্বস্তি স্যাৎ ন স্যাদেব কাপ্যস্য কথা॥১১॥

উদ্বিগ্না প্রচলিতা দৃক্ যস্য তেন জনেন বহু যথা ভবত্যেবমুচ্যমানে সতি উৎপাততমাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৃত্যতি। স্তনয়িত্নু গর্জ্জিতং তেন ভিন্না বিদীর্ণা দিশো যেন তং॥ ১০ ॥

অমর্ষয়িত্বা কোপয়িত্বা উদস্ত উৎক্ষিপ্তো ভাগণো বহ্নিসূর্য্যাদীনামপি জ্যোতির্গণো যেন তং। পুনরপি প্রেয়স্যবমানেন কোপয়তো বিধাতুঃ প্রজাপতেঃ পিতুর্ব্রহ্মণোঽপি কিং স্বস্তি স্যাৎ। কান্যস্য কথেতি দক্ষস্য দৌরাত্ম্যেন সর্ব্বএব মহাবিপদি নিমজ্জ্যাম ইতি ভাবঃ॥ ১১ ॥

হে মাতরঃ সত্যমেব ব্রূথেত্যেবং জনেন তত্রত্যলোকসমূহেনাপি বহু উচ্যমানে মহাত্ম-

---

কঠোর ধ্বনিতে বজ্রনির্ভিন্নের ন্যায় দিক্‌দিগন্ত যেন বিদারিত হইতে থাকে॥ ১০ ॥

যাঁহার করাল দংষ্ট্রাবিশিষ্ট মুখবিবরের জ্যোতিতে গ্রহনক্ষত্রাদি জ্যোতিষ্ক-গণেরও জ্যোতিঃ ম্লান হইয়া যায়, ভ্রূযুগলের কৌটিল্যবিশিষ্ট যাঁহার বদনের প্রতি কাহারও অবলোকনে যোগ্যতা হয় না, সেই ক্রোধমূর্ত্তি ত্রিলোচনের ক্রোধ উৎপাদন করিলে, যখন ব্রহ্মারও নিস্তার নাই, তখন দক্ষের যে দুরদৃষ্ট ঘটিবে, সে বিষয়ে আর সন্দেহ কি!॥ ১১ ॥

তত্রস্থ জনসমূহ উদ্বেগ বশত চকিতলোচনে ইতস্তত দৃষ্টি নিক্ষেপ করত

উৎপেতুরুৎপাততমাঃ সহস্রশো ভয়াবহা দিবি ভূমৌচ পর্য্যক্ ॥ ১২ ॥
তাবৎ সরুদ্রানুচরৈর্ম্মহামখো নানায়ুধৈর্ব্বামনকৈরুদায়ুধৈঃ।
পিঙ্গৈঃ পিশঙ্গৈর্ম্মকরোদরাননৈঃ পর্য্যাদ্রবদ্ভির্বিদুরান্বরুধ্যত ॥ ১৩ ॥
কেচিদ্বভঞ্জুঃ প্রাগ্বংশং পত্নীশালাং তথাপরে।

অন্বয়ঃ।

যথা স্যাৎ তথা উচ্যমানে সতি মহাত্মনঃ অতিধীরস্যাপি দক্ষস্য, ভয়াবহাঃ সহস্রশঃ উৎপাততমাঃ দিবি ভূমৌ চ পর্য্যক্ সর্ব্বতঃ, মুহুঃ বারংবারং, উৎপেতুঃ জাতাঃ ॥ ১২ ॥

শান্তং অদ্বৈতং চতুর্থমিতি মন্যন্তে স আত্মা ইতি" ॥ প্রাকৃত প্রপঞ্চ জগতের যোনিই শক্তি এবং বীজপ্রদ পিতাই পরমাত্মা শিব। শক্তি মহাদেবের ছায়ারূপা ও তাঁহাতেই আশ্রিত। সুতরাং এতদুভয়রূপের একত্র সমাবেশরূপ পরমাত্মাই শিবনামে কথিত ॥ ৩৬ ॥ ৩৭ ॥

যাঁহার প্রসাদে জীব ধর্ম্ম ও অর্থকে লাভ করিবে, সেই বেদের সংরক্ষণার্থ যখন যজ্ঞের সৃষ্টি ভগবান্ করিয়াছেন এবং সেই যজ্ঞই প্রজাপতি দক্ষ যখন সংসারে সূচিত করিতেছেন, তখন দক্ষের নাশে সকলেরই বিনাশ সাধন করা হয়। দক্ষ নিহত হইলে, ধর্ম্ম প্রবর্ত্তকের অভাবে ধর্ম্ম বিলুপ্ত হইবে এবং লোকেরও দুর্গতির খণ্ডন হইবে না; ইহাই ব্রহ্মার বক্তব্য ॥ ৩৮ ॥

ত্বং কর্ম্মণাং মঙ্গল মঙ্গলানাং কর্ত্তুঃ স্বলোকং তনুষে স্ব পরং বা।
অমঙ্গলানাঞ্চ তমিস্রমুল্বণং বিপর্য্যয়ঃ কেন তদেব কস্যচিৎ॥ ৩৯॥

অন্বয়ঃ।

হে মঙ্গল! মঙ্গলানাং কর্ম্মণাং কর্ত্তুঃ স্বঃলোকং স্বর্গাদিলোকং পরং মোক্ষং বা ত্বমেব তনুষে বিস্তারয়সি; তথা অমঙ্গলানাং পাপকর্ম্মণাং, কর্ত্তুঃ চ উল্বনং ঘোরং, তমিস্রং নরকং তনুষে; কেনচিৎ প্রবলেন নিমিত্তেন তৎ এব তস্মিন্ এব কর্ম্মণি কস্যচিৎ ফলবিপর্য্যয়োঽপি ভবতি স্ম ইতি নিশ্চয়ার্থে॥ ৩৯॥

শ্রীধরস্বামী।

সর্ব্বকর্ম্মফলদাতাপি ত্বমেবেত্যাহ। হে মঙ্গল মঙ্গলানাং শুভানাং কর্ম্মণাং কর্ত্তুঃ স্বর্গং পরং মোক্ষং বা তনুষে। অমঙ্গলানাং অশুভানাং কর্ম্মণাং কর্ত্তুশ্চ তমিস্রং নরকং তনুষে। তত্র কেন হেতুনা তদেব তস্মিন্নেব কর্ম্মণি কস্যচিৎ বিপর্য্যয়ো ভবতি॥ ৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মফলদাতাপি ত্বমেবেত্যাহ ত্বমিতি হে মঙ্গল মঙ্গলানাং পুণ্যানাং কর্ত্তুঃ স্বঃ স্বর্গলোকং তনুষে পরং মোক্ষং বা। অমঙ্গলানাং পাপানাং কর্ত্তু স্তমিস্রং নরকং তদেব তত্রৈব কেন হেতুনা কস্যচিদ্বিপর্য্যয়ো ভবেৎ পুণ্যকর্ত্তুরপি দক্ষাদে স্তমিস্রং। পাপকর্ত্তুরপ্যজামিলাদেরপবর্গ ইতি ত্বং পৃচ্ছ্যসে ইতি ভাবঃ॥ ৩৯॥

হে মঙ্গলময়! সৎকর্ম্মের অনুষ্ঠানকারী ব্যক্তিগণের ফলস্বরূপ স্বর্গ বা মোক্ষকে আপনিই প্রণোদিত করিতেছেন এবং অমঙ্গলপূর্ণ পাপকর্ম্মকারীর জন্য বিষম তামিস্র নরক আপনিই প্রস্তুত করিয়াছেন। আবার সেই সেই কর্ম্মে কোন প্রবল নিমিত্তের দ্বারা ফলেরও সম্পূর্ণ বৈপরীত্যও ঘটিতেছে॥ ৩৯

আভাস।

ব্রহ্মা বলিলেন, শিবনামে মঙ্গলময়েরই পরিচয় পাওয়া যায়। বিশেষত সকল কর্ম্মফল একা তিনিই প্রদান করিয়া থাকেন। যাহারা পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করে, তাহাদিগকে স্বর্গাদি সুখ বা মুক্তি শিবই প্রদান করেন; আবার যাহারা পাপের অনুষ্ঠান করে, তাহাদিগকে তামিস্রাদি নরক ও তৎপ্রাপ্তির সংসূচক কুমতি তিনিই প্রদান করেন। কিন্তু পাপকারী অজামিল প্রভৃতির অপবর্গ ও তৎপ্রাপক সদ্বুদ্ধির প্রাপ্তিরূপ বিপরীত ফল যে কেন উৎপন্ন হয়, তাহার কারণ অন্যে কখন অবধারণ করিতে পারে না। অতএব ইহার উত্তরও মহাদেবেরই দেওয়া কর্ত্তব্য বলিয়া ব্রহ্মা প্রার্থনা করিয়াছিলেন॥ ৩৯॥

মহাদেব যদি স্বীয় রোষ ও প্রসাদকেই ইহার কারণ বলিয়া নির্দ্দেশ করেন, তাহা অসম্ভবজ্ঞানে কমলাসন বলিলেন যে, আত্মারামের কখন সুখদুঃখের কারণ ঘটিতে পারে না। কারণ যাঁহাতে কোন ভেদবুদ্ধি নাই, তিনি সর্ব্বত্র অপৃথক্ দৃষ্টিতে অবলোকন করিয়া থাকেন। যাহারা পশুর ন্যায় অজ্ঞানান্ধ, তাহারাই অজ্ঞানীর উপর দ্বেষ বা স্নেহ

ন বৈ সতাং ত্বচ্চরণার্পিতাত্মনাং ভূতেষু সর্ব্বেষ্বভিপশ্যতাং তব।
ভূতানি চাত্মন্যপৃথগ্ দিদৃক্ষতাং প্রায়েণ রোষোঽভিভবেদ্যথা পশুং॥ ৪০॥

অন্বয়ঃ।

অতঃ ত্বচ্চরণার্পিতাত্মনাং (ত্বচ্চরণে অর্পিতঃ আত্মা মনো যৈঃ তেষাং) সর্ব্বেষু ভূতেষু তব (আত্মানং স্বরূপং) অভিপশ্যতাং তথা ভূতানি আত্মনি ত্বয়ি এব অপৃথগ্দিদৃক্ষতাং ভেদদর্শনরহিতানাং বৈ সতাং সদাচারাণাং, রোষঃ দক্ষং পশুং যথা তথা ন প্রায়েণ অভিভবেৎ (স্ববশীকৃত্য অনুচিতং নৈব কারয়েৎ)॥ ৪০॥

শ্রীধরস্বামী।

ত্বৎকোপোঽত্র হেতুরিত্যসম্ভাবিতমিতি কৈমুত্যন্যায়েনাহ ন বৈ সতাং সতঃ রোষো-ঽভিভবেৎ তব ত্বাং দ্বিতীয়ার্থে ষষ্ঠ্যৌ। পশুং দক্ষং যথা অভিভবতি ন তদ্বদৈধর্ম্মো দৃষ্টান্তঃ॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মম রোষপ্রসাদাবেব তত্র হেতুরিতি চেন্মৈবং তব প্রসাদ এব সম্ভবেন্নতু রোষ ইতি কৈমুত্যন্যায়েনাহ নবা ইতি তব ত্বাং আত্মনি পরমাত্মনি ত্বয়ি অপৃথক্ অনন্যত্বেন যদ্বা আত্মনি স্বস্মিন্নপৃথগ্ অভেদেন স্বস্মিন্ সুখদুঃখে ইব ভূতান্যপি সুখদুঃখবন্তি দিদৃক্ষতাং দ্রষ্টুমিচ্ছতামেব কিমুত পশ্যতাং সতাং সতঃ রোষোঽভিভবেৎ। যথা পশুং অভিভবেদিতি পশবএব রোষবন্তো ভবন্তি নতু সন্তঃ। প্রায়েণেতি জয়বিজয়বিষয়করোষবতাং সনকা-দীনামিব দক্ষবিষয়স্তব রোষ আত্মারামস্যাপ্যভূদিতি সূচয়তি॥ ৪০॥

যাঁহারা আপনার চরণকমলে চিত্ত সমর্পণ পূর্ব্বক সকল ভূতে ভবদীয় ভাব নিরীক্ষণ করেন; এবং ভেদভাব পরিহারে সকল ভূতকেই পরমাত্ম-স্বরূপ আপনাতে অবস্থিত অবলোকন করেন, তাদৃশ সদাচারসম্পন্ন সাধু ব্যক্তিগণকে পশুপ্রায় দক্ষের ন্যায়, ক্রোধ কখন অভিভূত করিয়া, ঈদৃশ গর্হিতাচরণে নিয়োজিত করিতে পারে না॥ ৪০॥

আভাস।

করিয়া থাকে। দক্ষের প্রতি মহাদেবের যে ক্রোধ, তাহা কখন মহাদেবের স্বার্থের নিমিত্ত নহে; পিতা যেমন অবাধ্য সন্তানকে সৎপথে আনয়নার্থ শাসন করেন, মহা-দেবেরও দক্ষের প্রতি বিরুদ্ধাচরণ তাহারই মঙ্গলের নিমিত্ত সন্দেহ নাই। অতএব দক্ষ যতই অপরাধী হউক্ না, তাহাকে দণ্ড প্রদানে সৎপথে আনয়ন করাই শিবের প্রয়োজন; একেবারে বিনষ্ট করা কখনই যুক্তিযুক্ত নহে। কারণ যাহারা দুষ্কর্ম্ম করিবে, তাহারা আপনা হইতেই তাহার ফল ভোগ করিবে। তাহারা নিজের দোষেই নিজেরা অবসন্ন; তাহাতে আবার যদি ত্রিলোচনের কোপে পতিত হইতে হয়, তাহা হইলে তাহার

পৃথগ্ধিয়ঃ কর্ম্মদৃশো দুরাশয়াঃ পরোদয়েনার্পিতহৃদ্রুজোঽনিশং।
পরান্ দুরুক্তৈর্বিতুদন্ত্যরুন্তুদা স্তান্মাবধীদ্দৈববধান্ ভবদ্বিধঃ॥ ৪১॥

অন্বয়ঃ।

অতঃ পৃথগ্ধিয়ঃ (জীবেশ্বরয়োঃ পরস্পরং, জীবেষু চ ভেদদর্শিনঃ) কর্ম্মদৃশঃ (কর্ম্মণি এব দৃষ্টিঃ পুরুষার্থবুদ্ধিঃ যেষাং তে) দুরাশয়াঃ (দুষ্টঃ মলিনঃ আশয়ঃ যেষাং তে) পরোদয়েন (পরেষাং উদয়েন সমৃদ্ধ্যা) অর্পিতহৃদ্রুজঃ (অর্পিতা হৃদি রুক্ পীড়া যেষাং তে) অনিশং সদৈব, দুরুক্তৈঃ পরান্ বিতুদন্তি ব্যথয়ন্তি, অরুন্তুদাঃ মর্ম্মভেত্তারঃ, যে অতঃ দৈববধান্ (দৈবেন স্বপ্রারব্ধকর্ম্মণা এব বধঃ যেষাং তান্) তান্ ভবদ্বিধঃ মা অবধীৎ হন্যাৎ॥ ৪১॥

শ্রীধরস্বামী।

অতো যে পৃথগ্ধিয়ঃ ভেদদৃশঃ অতঃ কর্ম্মণ্যেব দৃষ্টি র্যেষাং দুষ্ট আশয়ো যেষাং পরেষামুদয়েন সম্পদা অর্পিতা হৃদি রুগ্ যেষাং। অরুন্তুদা মর্ম্মভেত্তারঃ দৈবেনৈব বধো যেষাং তান্ ভবদ্বিধঃ নিরুপমঃ সাধুর্ম্মাবধীৎ ন হন্যাৎ॥ ৪১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বসংস্তু রোষহেতুকসমুচিতশাস্তিপ্রদানেন বিনা কৃতানামাগসাং ফলাপ্রাপ্ত্যা সর্ব্ব এবাসন্তো ভবেয়ুস্তত্রাহ পৃথগ্ধিয় ইতি পরোদয়েন পরসম্পদ্দৃষ্ট্যা অরুন্তুদা মর্ম্মভেত্তারঃ দৈবেনৈব বধো যেষামিতি স্বাপরাধেনৈব তে দক্ষাদয়ো মরিষ্যন্তি তস্মাবধীরিতি যুষ্মৎকোপবিষয়ীভূতত্বে তেষাং কদাপ্যুদ্ধারো ন ভাবীতি ভাবঃ॥ ৪১॥

যাহারা প্রকৃতই ভেদদর্শী; পরমাত্মস্বরূপ হইতে জীবজগৎকে সম্পূর্ণ পৃথক্ বলিয়া অবধারণ করে; সুতরাং কর্ম্মানুশীলনকেই প্রধান পুরুষার্থ বলিয়া মনে করে, তাহারা কখন পরের উন্নতিতে আনন্দিত হয় না। তাদৃশ পরসম্পদদ্বেষী অসূয়াপরতন্ত্র দুরাশয় ব্যক্তিগণ দুরুক্তির প্রয়োগে অন্যের মর্ম্মভেদ করিয়া থাকে; সুতরাং নিজের দুষ্কর্ম্মহেতু নিজেরাই যে বিনষ্ট হয়, তাহাতে আর সন্দেহ নাই। তখন আপনার ন্যায় মঙ্গলময়ের আর তাহাদের বিরুদ্ধাচরণ করা কখনই সঙ্গত হয় না॥ ৪১॥

আভাস।

উপকার বা উদ্ধার আর কবে হইবে? যাঁহার নাম মঙ্গলময়, কার্য্যে তাঁহার দ্বারা প্রকৃত অমঙ্গলের সাধন কি প্রকারে হইবার সম্ভব?॥ ৪০॥ ৪১॥

দেবতার কথা দূরে থাকুক, সাধু ব্যক্তিগণও পরের দুঃখ কখন সহ্য করিতে পারেন না। এমন কি! যাহারা প্রকৃত অসাধু; অজ্ঞানের বশবর্ত্তী হইয়া সেই সাধুরই অনিষ্টাচরণ করিয়া ফেলে, তত্রাপি সাধু কখন সেই অত্যাচারীর উপর ক্রোধ প্রকাশে, কোন প্রকার অনিষ্টোৎপাদনার্থ যত্ন করেন না; বরং কোন্ উপায়ে তাহাদের সে পাপের

যস্মিন্ যদা পুষ্করনাভমায়য়া দুরন্তয়াস্পৃষ্টধিয়ঃ পৃথগ্দৃশঃ।
কুর্ব্বন্তি তত্র হ্যনুকম্পয়া কৃপাং ন সাধবো দৈববলাৎ কৃতে ক্রমম্ ॥ ৪২ ॥
ভবাংস্তু পুংসঃ পরমস্য মায়য়া দুরন্তয়া স্পৃষ্টমতিঃ সমস্তদৃক্।

অন্বয়ঃ।

দুরন্তয়া অতিক্রমিতুমশক্যয়া, পুষ্করনাভমায়য়া (পুষ্করং কমলং ব্রহ্মাণ্ডাত্মকং নাভৌ যস্য তস্য নারায়ণস্য মায়য়া মোহনশক্ত্যা) স্পৃষ্টধিয়ঃ (স্পৃষ্টা ব্যাপ্তা মোহিতা ধীঃ যেষাং তে) যস্মিন্ দেশে যদা কালে, পৃথগ্দৃশঃ ভেদদর্শিনঃ সন্তঃ (অপরাধং) কুর্ব্বন্তি তত্র তদা কালে তস্মিন দেশে তেষু দুর্জ্জনেষু সাধবঃ অনুকম্পয়া কৃপাং ক্ষমাং, এব কুর্ব্বন্তি দৈববলাৎ প্রারব্ধবশাৎ এব কৃতে নিমিত্তে, ন ক্রমং (তন্নাশার্থং পরাক্রমং তু ন কুর্ব্বন্তি) ॥ ৪২ ॥

ভবান্ তু পরমস্য পুংসঃ পুরুষোত্তমস্য, দুরন্তয়া অচিন্ত্য-প্রভাবয়া মায়য়া, অস্পৃষ্টমতিঃ

শ্রীধরস্বামী।

প্রত্যুত সাধূনাং দুর্জ্জনলোক্যানুগ্রহমেব কর্ত্তুমর্হসীত্যাহ দ্বাভ্যাং। যস্মিন্ দেশে যদা কালে স্পৃষ্টধিয়ো মোহিতচিত্তাঃ পৃথগ্দৃশো ভবন্তি তত্রাপরাধে সাধবোহি অনুকম্পয়া অনন্তরমেব পরদুঃখাসহিষ্ণুতয়া চিত্তপ্রকম্পনেন কৃপাং কুর্ব্বন্তি নতু ক্রমং পরাক্রমং। কুতঃ দৈববলাৎ কৃতেঽর্থে দৈবেব [illegible] কোঽত্রাপরাধস্তেষামিতি মত্বা হননং ন কুর্ব্বত ইত্যর্থঃ ॥ ৪২ ॥

ভবাংস্তু অস্পৃষ্টমতিঃ। অতঃ সমস্তদৃক্ সর্ব্বজ্ঞঃ। তয়া মায়য়া হৃত আত্মা যেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বসহনশীলা অপি সাধবঃ পরদুঃখাসহিষ্ণবঃ স্থূরতস্তে স্বাপরাধিনোঽপি দয়ন্ত এবেত্যাহ যস্মিন্ দেশে যদা বা কালে স্পৃষ্টধিয়ঃ অভিভূতবুদ্ধয়ঃ কুর্ব্বন্তি দুষ্কৃতমিতি শেষঃ। তত্র তেষু অনুকম্পয়া কৃপালুত্বস্বভাবেন কৃপামেব কুর্ব্বন্তি নতু তেষু দৈবেনৈব বলাৎকারে কৃতে সতি ক্রমং পরাক্রমং ॥ ৪২ ॥

তবত্তু সাধুচূড়ামণেঃ কোপো ন সম্ভবেদিত্যাহ ভবাংস্ত্বিতি অস্পৃষ্টমতিঃ অতঃ সমস্ত-

দেখুন! পদ্মনাভ নারায়ণের দুরন্ত মায়ায় মোহিতচিত্ত জনগণ ভেদ-দর্শন বশত যদি কখন কোন অবস্থায় কোনরূপ অপরাধ করে, তথাপি সাধুগণ তাদৃশ দুর্ব্বিনীত ব্যক্তির প্রতিও ক্ষমাই প্রদর্শন করিয়া থাকেন; প্রারব্ধের বশবর্ত্তী হইয়া অন্যায় কর্ম্ম করিয়া ফেলিয়াছে, মনে করত কখন তাহাদের বিনাশার্থ উদ্যোগ করেন না ॥ ৪২ ॥

আভাস।

মোচন হয় এবং দুর্ম্মতি দূরে যায়, সর্ব্বতোভাবে তাহারই চেষ্টা করিয়া থাকেন ॥ ৪২ ॥

মহাদেব কিন্তু সাধুর চূড়ামণি; মায়ার দ্বারা তাঁহার চিত্ত কখন অভিভূত হয় না;

ত্বয়া হতাত্মস্বনুকর্ম্মচেতঃস্বনুগ্রহং কর্ত্তুমিহার্হসি প্রভো ॥ ৪৩ ॥
কুর্ব্বধ্বরস্যোদ্ধরণং হতস্য ভোস্ত্বয়া সমাপ্তস্য মনো প্রজাপতেঃ।
ন যত্র ভাগং তব ভাগিনো দদুঃ কুযাজিনো যেন মখো নিনীয়তে ॥

অন্বয়ঃ।

অমোহিতচিত্তঃ অতএব সমস্তদৃক্ (সমস্তং জগজ্জাতং পশ্যতি জানাতি যতঃ) হে প্রভো। ত্বয়া মায়য়া, হতাত্মসু মোহিতচিত্তেষু, অতঃ অনুকর্ম্মচেতঃসু (অনুগতং আসক্তং কর্ম্মসু চেতঃ যেষাং তেষু দক্ষাদিষু) ইহ অপরাধে, অনুগ্রহং কর্ত্তুং ত্বং অর্হসি ॥ ৪৩ ॥

ভোঃ মন্যো! ত্বয়া হতস্য বিনাশিতস্য, অতএব অসমাপ্তস্য প্রজাপতেঃ দক্ষস্য, অধ্বরস্য উদ্ধরণং সর্ব্বাঙ্গসম্পত্ত্যা সমাপ্তিং, ত্বং কুরু; যত্র যস্মিন্ যজ্ঞে, কুযাজিনঃ অসূয়াদি-দোষযুক্তাঃ যাজ্ঞিকাঃ, ভাগিনঃ ভাগার্হস্য, তব ভাগং ন দদুঃ; যেন ত্বয়া মখঃ নিনীয়তে ফলেন সংযোজ্যতে ॥

শ্রীধরস্বামী।

তেষু। অতএব কর্ম্মানুগতচিত্তেষু ইহাপরাধে অনুগ্রহং কর্ত্তুমর্হসি ॥ ৪৩ ॥

এবং সামান্যেনোক্ত্বা প্রস্তুতমাহ কুর্ব্বিতি ত্রিভিঃ। ত্বয়া হতস্য অতএবাসমাপ্তস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃক্ তেষামপরাধফলংমহাদুঃখং পশ্যসেৈবেতি [illegible] তেষ্বনুগ্রহপ্রকারমাহ ত্বয়া হতাত্ম-স্বিতি অনুকর্ম্মচেতঃস্বিতি তস্মিন্নিতি এতে খলু মায়য়া হতবুদ্ধয়ঃ। কথং বিবেকং লভন্তাং নানাকর্ম্মগ্রস্তমনসঃ কথং বা সাধূন্ পশ্যন্ত্বিত্যত এতেষু মম দয়ৈবোচিতেতি ॥ ৪৩ ॥

তর্হি সম্প্রতি কিং কর্ত্তব্যং তত্রাহ কুর্ব্বিতি ত্বয়া হতস্য অতএবাসমাপ্তস্য

আপনি কিন্তু সর্ব্বজ্ঞ! সেই পরম পুরুষের অচিন্ত্য মায়ায় কখন আকৃষ্ট-চিত্ত হন না। অতএব হে প্রভো! সেই বিষম মায়ায় বিপরীতবুদ্ধি ভোগা-সক্ত প্রজাপতি দক্ষ প্রভৃতি জনগণের অপরাধে ক্ষমা প্রদর্শন করাই আপনার ন্যায় সর্ব্বদর্শীর বিশেষ কর্ত্তব্য ॥ ৪৩ ॥

হে শঙ্কর! আপনার বীরভদ্রাদির দ্বারা বিনষ্ট সুতরাং অসমাপ্ত এই প্রজাপতি দক্ষরাজের যজ্ঞ কর্ম্মটীকে সর্ব্বাঙ্গসাধনে প্রতিষ্ঠিত করা আপনার বিধেয়। অবশ্য! আপনি প্রকৃত প্রস্তাবে যজ্ঞভাগ পাইবার উপযুক্ত পাত্র হইলেও অসূয়াপরতন্ত্র যাজ্ঞিকগণ আপনার প্রাপ্য ভাগ আপনাকে যেমন দেন নাই, আপনিও সেইরূপ তাহার ফল প্রদান করিয়াছেন ॥

আভাস।

সুতরাং তিনি সমস্তই অবগত আছেন। মায়ামোহিত দক্ষাদিগণ প্রকৃত প্রস্তাবে জ্ঞান-হীন; সুতরাং তাঁহাদের দ্বারা কোন কর্ম্মই সুষ্ঠু নির্ব্বাহ হইবার সম্ভাবনাই নাই। অতএব

জীবতাদ্‌যজমানোঽয়ং প্রপদ্যেতাক্ষিণী ভগঃ।
ভৃগোঃ শ্মশ্রূণি রোহন্তু পূষ্ণো দন্তাশ্চ পূর্ব্ববৎ॥ ৪৪॥
দেবানাং ভগ্নগাত্রাণামৃত্বিজাঞ্চায়ুধাশ্মভিঃ।
ভবতানুগৃহীতানামাশু মন্যোঽস্ত্বনাতুরং॥ ৪৫॥
এষ তে রুদ্র ভাগোঽস্তু যদুচ্ছিষ্টোঽধ্বরস্য বৈ।

অন্বয়ঃ।

অয়ং যজমানঃ দক্ষঃ, জীবতাং জীবতু, ভগঃ অক্ষিণী নেত্রে, প্রপদ্যেত প্রাপ্নোতু, ভৃগোঃ শ্মশ্রূণি, পূষ্ণোঃ দন্তাশ্চ পূর্ব্ববৎ রোহন্তু॥ ৪৪॥

হে মন্যো! আয়ুধাশ্মভিঃ (আয়ুধৈঃ খড়্গাদিভিঃ পাষাণৈঃ চ) ভগ্নগাত্রাণাং (ভগ্নানি গাত্রাণি যেষাং তেষাং) ভবতা অনুগৃহীতানাং দেবানাং ঋত্বিজাং চ আশু শীঘ্রং, এব অনাতুরং পূর্ব্ববৎ স্বাস্থ্যং অস্তু॥ ৪৫॥

হে রুদ্র! অধ্বরস্য যং উচ্ছিষ্টঃ (যজ্ঞে সমাপ্তে যাবান্ অবশিষ্টঃ পদার্থঃ) তাবান্,

শ্রীধরস্বামী।

প্রজাপতে রধ্বরস্য হে মন্যো যত্রাধ্বরে কুষাজ্ঞিকা ভাগিনোঽপি তব ভাগং ন দদুঃ তাগার্হত্ত্ব-মাহ যেন ত্বয়া মখো নিনীয়তে ফলং প্রাপ্যতে॥ ৪৪॥

হে মন্যো অনাতুরমারোগ্যমস্তু॥ ৪৫॥

ভাগস্তবাস্ত্বিত্যাহ এষ ইতি। হে রুদ্র যাবদিত্যর্থে যদিত্যব্যয়ং যজ্ঞে কৃতে যাবানু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাপতে রধ্বরস্য হে মন্যো যত্রাধ্বরে ভাগিনোঽপি তব ভাগং ন দদুঃ। যেন ফলদাত্রা ত্বয়া মখো নিনীয়তে ফলং প্রাপ্যতে॥ ৪৪॥ হে মন্যো অনাতুরমারোগ্যমস্তু॥ ৪৫॥

এক্ষণে আমি অনুরোধ করি যে, যজমান দক্ষ জীবিত হউন! ভগ তাঁহার চক্ষুঃ পুনঃ প্রাপ্ত হউন! শুক্রাচার্য্যের শ্মশ্রু পুনরায় উদ্গত হউক! এবং পূষার দন্তপংক্তি পুনঃ প্ররোহিত হউক। ৪৪॥

অস্ত্রাদির আঘাতে ও পাষাণাদির প্রহারে ভগ্নগাত্র অমরবৃন্দ ও ঋত্বিকগণ আপনার অনুগ্রহে পূর্ব্ববৎ অবিকল কলেবর এবং সুস্থতা আশু লাভ করুন্॥ ৪৫॥

হে রুদ্র! এই যজ্ঞে পূর্ব্বে আপনাকে কোন ভাগ প্রদত্ত না হইলেও

আভাস।

তাঁহারা যখন স্বরূপজ্ঞানে বঞ্চিত, তখন কি আর তাঁহাদের প্রতি বিরূপ হওয়া কর্ত্তব্য? ইহাদের প্রতি মহাদেবের সদয় হওয়াই উচিত; ইহাই ব্রহ্মার বলিবার তাৎপর্য্য॥ ৪৩॥

সম্প্রতি মহাদেবের যে কি কি কর্ত্তব্য, তাহাই পরবর্ত্তী শ্লোকত্রয়ে বর্ণিত হইয়াছে॥ ৪৪॥

যজ্ঞস্তে রুদ্র ভাগেন কল্পতামদ্য যজ্ঞহন্। ৪৬॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে রুদ্রশান্তনং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

ইত্যজেনানুনীতেন ভবেন পরিতুষ্যতা।

অন্বয়ঃ।

সর্ব্বোঽপি) এষঃ বৈ তে তব ভাগঃ অস্তু। হে রুদ্র যজ্ঞহন্! তে তব তেন ভাগেন অদ্য যজ্ঞঃ কল্পতাং সম্পদ্যতাং ॥ ৪৬ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং অজেন ব্রহ্মণা, অনুনীতেন এব পরিতুষ্যতা ভবেন প্রহস্য

শ্রীধরস্বামী।

চ্ছিষ্টঃ অবশিষ্টোঽর্থঃ। তাবানেষ তে তব ভাগোঽস্তু হে রুদ্র! তেন ভাগেনাদ্য যজ্ঞঃ কল্পতাং সম্পদ্যতাং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে বিষ্ণুরুদ্ভূতঃ স্তুতো দক্ষভবাদিভিঃ।
যজ্ঞং প্রবর্ত্তয়ামাস দক্ষেণেতি নিরূপ্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষ তে ভাগোঽস্তু যৎ উচ্ছিষ্টঃ উকৃষ্টঃ শিষ্টোঽবশিষ্টোঽর্থঃ তেন তে ভাগেন যজ্ঞঃ কল্পতাং সংপদ্যতাং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽধ্যায়শ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
শম্ভুং স্তুতবতা বিষ্ণুরাবির্ভূতঃ স তুষ্টুবে।
দক্ষেণ ঋত্বিগাদ্যৈশ্চ যজ্ঞপূর্ত্তিশ্চ সপ্তমে ॥ * ॥

এক্ষণে আমি নির্দ্দেশ করিতেছি যে, এই যজ্ঞের সমাপনে যে কিছু অবশিষ্ট থাকিবে, সে সমস্তই আপনার ভাগ বলিয়া পরিগণিত হইল। হে যজ্ঞ-বিনাশকারিন্! এই ভাগ প্রাপ্তেই অদ্য যজ্ঞকে সুসম্পন্ন করুন্ ॥ ৪৬ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ষষ্ঠাধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় মুনি বলিলেন, হে মহাবাহো বিদুর! লোকপিতামহ কমল-যোনি কর্ত্তৃক এই প্রকারে প্রসাদিত হইয়া শঙ্কর সন্তুষ্ট হইলেন এবং সহাস্য-

আভাস।

সপ্তমাধ্যায়ে দক্ষভবাদির স্তবে ভগবান্ জনার্দ্দনের আবির্ভাব ও তৎকর্ত্তৃক দক্ষযজ্ঞের পুনঃ প্রবর্ত্তন বর্ণিত হইয়াছে ॥

অভ্যধায়ি মহাবাহো প্রহস্য শ্রূয়তামিতি ॥ ১ ॥
শ্রীমহাদেব উবাচ ॥
নাঘং প্রজেশ বালানাং বর্ণয়ে নানুচিন্তয়ে।
দেবমায়াভিভূতানাং দণ্ডস্তত্র ধৃতো ময়া ॥ ২ ॥
প্রজাপতে র্দগ্ধশীর্ষ্ণো ভবত্বজমুখং শিরঃ।
মিত্রস্য চক্ষুষেক্ষেত ভাগং স্বং বর্হিষো ভগঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

(এবং চেৎ) হে মহাবাহো! শ্রূয়তাং ইতি তং অভ্যধায়ি কথিতবান্ ॥ ১ ॥

শ্রীমহাদেবঃ উবাচ। হে প্রজেশ সর্ব্বস্বামিন্! অহং এষাং দেবমায়াভিভূতানাং (দেবস্য ভগবতো মায়য়া অভিভূতানাং মোহিতানাং অতএব) বালানাং মূর্খাণাং অঘং অপরাধং, ন বর্ণয়ে নাপি অনুচিন্তয়ে। তত্র (অপরাধে সতি ধর্ম্মমর্য্যাদাসংরক্ষণায়) ময়া দণ্ডঃ ধৃতঃ এব ॥ ২ ॥

দগ্ধশীর্ষ্ণঃ প্রজাপতেঃ অজমুখং (অজস্য ছাগস্য মুখং যস্মিন্ তথাভূতং) শিরঃ ভবতু। মিত্রস্য মিত্রনাম্নো দেবস্য, চক্ষুষা বর্হিষঃ যজ্ঞস্য, স্বং ভাগং (উদ্ধৃতনেত্রঃ) ভগঃ ঈক্ষেত ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

অজেন যোঽনুনীতঃ প্রার্থিতো ভব স্তেনাভিহিতং হে মহাবাহো বিদুর ॥ ১ ॥

অঘমপরাধং ॥ ২ ॥

স্বাপরাধং পরিহৃত্যানুগৃহ্ণাতি দগ্ধং শীর্ষং যস্য প্রজাপতেঃ অজস্য মুখং যস্মিন্ তথাভূতং শিরোঽস্তু। বর্হিষঃ সম্বন্ধিনং ভাগং মিত্রনাম্নো দেবস্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজেনানুনীতো যো ভবস্তেন ॥ ১ ॥

হে প্রজেশ পরেশেতিচ পাঠঃ। বালানামজ্ঞানাং দণ্ডস্তেষাং হিতার্থং শিক্ষারূপঃ ॥ ২ ॥

অজমুখমিতি তস্য তত্তুল্যবাগ্বুদ্ধিত্বাদিতি ভাবঃ। মিত্রস্য চক্ষুষেতি স্বনেত্রস্যূচকত্বলক্ষণ-দোষদুষ্টত্বাদিতি ভাবঃ; ভাগং স্বমিতি তদ্বিধজনচক্ষুষঃ স্বভোজ্যবস্তুমাত্রদর্শনতাৎপর্য্যকত্বেন পারমার্থিকত্বাভাবাদ্বৈয়র্থ্যাদিতি ভাবঃ ॥ ৩ ॥

বদনে বলিলেন, "আপনারা আমার কথা শ্রবণ করুন্" ॥ ১ ॥

মহাদেব বলিলেন, হে প্রজাপতে ব্রহ্মন্! বিষ্ণুর মহামায়ায় মোহিতচিত্ত দক্ষ প্রজাপতির ন্যায় বালকবুদ্ধি মূর্খগণের অপরাধ আমি অপরাধের মধ্যে গণ্য করি না; বা তজ্জন্য অণুমাত্রও চিন্তিত নহি। তবে যে দক্ষের প্রতি দণ্ড বিধান করিয়াছি, সে কেবল তাঁহাকে শিক্ষা প্রদানার্থ মাত্র; পাছে তাঁহার ন্যায় অন্যেও ঐরূপ দুরাচারী হয় ॥ ২ ॥

দক্ষের মুণ্ড অগ্নিকুণ্ডে ভস্মসাৎ হইয়াছে; সুতরাং ছাগমুণ্ড-লাভে তিনি

পূষা তু যজমানস্য দদ্ভির্যক্ষতু পিষ্টভুক্।
দেবাঃ প্রকৃতসর্ব্বাঙ্গা যে ম উচ্ছেষণং দদুঃ॥ ৪॥
বাহুভ্যামশ্বিনোঃ পূষ্ণো হস্তাভ্যাং কৃতবাহবঃ।
ভবন্ত্বধ্বর্য্যবশ্চান্যে বস্তশ্মশ্রুর্ভৃগুর্ভবেৎ॥ ৫॥

অন্বয়ঃ।

পূষা যজমানস্য দদ্ভিঃ যক্ষতু বা পিষ্টভুক্ ভবতু; যে দেবাঃ মে মহ্যং উচ্ছেষণং (যজ্ঞাবশিষ্টং ভাগত্বেন) দদুঃ তে প্রকৃতসর্ব্বাঙ্গাঃ (প্রকর্ষেণ কৃতানি সর্ব্বাণি অঙ্গানি যেষাং তে তথা ভবন্তু)॥ ৪

তথা অন্যে যে কেবল অধ্বর্য্যবঃ ঋত্বিজঃ (ভগ্নবাহবঃ) অশ্বিনোঃ বাহুভ্যাং (কূর্পরয়োঃ-পরিদেশো বাহু স্তধোদেশো হস্তঃ) কৃতবাহবঃ (তথা ছিন্নহস্তাঃ) পূষ্ণো হস্তাভ্যাং কৃতহস্ত-প্রয়োজনাঃ ভবন্তু বস্তশ্মশ্রুঃ (বস্তস্য শ্মশ্রূণি এব শ্মশ্রূণি যস্য তথাভূতঃ) ভৃগুঃ ভবেৎ॥ ৫॥

শ্রীধরস্বামী।

প্রকর্ষেণ কৃতানি সর্ব্বাণি ভগ্নান্যঙ্গানি যেষাং তে ভবন্তু। উচ্ছেষণং যজ্ঞাবশিষ্টং॥ ৪॥

যেষাস্ত্বঙ্গানি নষ্টানি তেতু অশ্বিনো র্বাহুভ্যাং কৃতবাহবঃ। পূষ্ণো হস্তাভ্যা কৃতহস্তা ভবন্তু। অধ্বর্য্যবঃ অন্যেচ ঋত্বিজঃ বস্তস্য শ্মশ্রূণ্যেব শ্মশ্রূণি যস্য॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূষা কেবলশ্চেৎ পিষ্টভুগ্ ভবতু। অন্যসহিতশ্চেৎ যজমানস্য দদ্ভিরিতি তস্য দন্তান্ প্রকাশ্য সাধূন্ হসতঃ সর্ব্বথৈব দণ্ডধারণানৌচিত্যাদিতি ভাবঃ। উচ্ছেষণং উৎকৃষ্টং শেষং শিবভাগং যেন দদুস্তে দেবাঃ অস্মদ্দ্বেষিণঃ দক্ষস্য যজ্ঞে ভুক্তভাগত্বাৎ ছিন্নাঙ্গা অভুবন্ সংপ্রতি প্রকৃতসর্ব্বাঙ্গা ভবন্তু মন্নিন্দনসময়ে দক্ষপক্ষস্য গ্রহণাদিতি ভাবঃ॥ ৪॥

তন্মধ্যে যে কেচিদধ্বর্য্যবো দক্ষপক্ষপাতিন স্তৎসময়ে বাহুহস্তচালনং চক্রু স্তে ভগ্নবাহুহস্তা অশ্বিনোর্বাহুভ্যাং কৃতবাহবঃ পূষ্ণো হস্তাভ্যাং কৃতহস্তা ভবন্তু। কিঞ্চ ভৃগোঃ শ্মশ্রূণ্যুল্লুচিতানি। সচ দক্ষস্য মুখ্য এবামাত্যোঽতো বস্তমুখস্য তস্য অশ্রূণি প্রাপ্নোত্বিত্যভিপ্রেত্যাহ বস্তশ্মশ্রু-রিতি॥ ৫॥

জীবিত হইবেন; মিত্রদেবের চক্ষুর দ্বারা ভগ নিজ যজ্ঞভাগ পরিদর্শন করিবেন॥ ৩॥

পূষা যজমানের দন্তযোগে ভোজন করিবেন বা ভোজন-সামগ্রী পেষণ করিয়া খাইবেন। যে সকল দেবতার কার্য্যে অদ্য আমাকে যজ্ঞাবশিষ্ট সামগ্রীকেই স্বীয় যজ্ঞভাগ বলিয়া স্বীকার করিতে হইল, তাঁহারাও পূর্ব্ববৎ সুস্থ ও অবিকলাঙ্গ হইবেন॥ ৪॥

দক্ষপক্ষপাতী যে সকল ঋত্বিক্ ও দেবতাগণের বাহুদ্বয় ভগ্ন হইয়াছে, তাঁহারা অশ্বিনীকুমারদ্বয়ের বাহুর আনুকূল্যে বাহুর কার্য্য সমাধা করিবেন

মৈত্রেয় উবাচ ।

তদা সর্ব্বাণি ভূতানি শ্রুত্বা মীঢ়ুষ্টমোদিতং ।

পরিতুষ্টাত্মভিস্তাত সাধু সাধ্বিত্যথাব্রুবন্ ।। ৬ ।।

ততো মীঢ়াংসমামন্ত্র্য সুনাসীরাঃ সহর্ষিভিঃ ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। মীঢ়ুষ্টমোদিতং (মিহ সেবনে, প্রণতানাং অভীষ্টং মেহন্তে সিঞ্চন্তি বর্ষন্তি যে তে মীঢ়াংসঃ তেষাং মধ্যে অতিশয়েন মীঢ়ান্ মীঢ়ুষ্টমঃ শিবঃ তেন উদিতং কথিতং) তদা সর্ব্বাণি ভূতানি শ্রুত্বা অথ অনন্তরং এব পরিতুষ্টাত্মভিঃ সন্তুষ্টমনোভিঃ যুক্তানি সাধু সাধু ইতি অব্রুবন ॥ ৬ ॥

ততঃ মীঢ়াংসং মহাদেবং, আমন্ত্র্য সংপ্রার্থ্য, সমীঢ়ুদ্বেধসঃ (মীঢ়ুষা বেধসা ব্রহ্মণাচ

শ্রীধরস্বামী।

মীঢ়ুষ্টমঃ শিবঃ। তেনোক্তং পরিতুষ্টৈশ্চিত্তৈঃ ॥ ৬ ॥

মীঢ়াংসং শিবং ত্বয়া আগত্য সর্ব্বং কার্য্যমিত্যামন্ত্র্য সংপ্রার্থ্য সুনাসীরা দেবা সহ মীঢ়ুষা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতিশয়েন মীঢ়ান্ কামবর্ষী মীঢ়ুষ্টমঃ শিবস্তস্যোদিতং বচনং ॥ ৬ ॥

মীঢ়াংসং শিবমামন্ত্র্য ত্বয়া তত্রাগত্য যজ্ঞঃ সম্পাদনীয় ইতি সংপ্রার্থ্য সুনাসীরা দেবাঃ

এবং যাহাদের হস্তদ্বয় ভগ্ন হইয়াছে, তাঁহারা পূষার হস্তের দ্বারা হস্তক্রিয়ার চরিতার্থ করিবেন ; এবং ছাগশ্মশ্রুর দ্বারা ভৃগু শ্মশ্রুমান্ হইবেন ।। ৫ ।।

মৈত্রেয় বলিলেন, হে বিদুর ! সর্ব্বকামবর্ষী ভগবান্ ত্রিলোচনের তাদৃশ অনুমোদন বাক্য শ্রবণ করিয়া, উপস্থিত সকলেই বিশেষ সন্তুষ্ট হইলেন এবং সাধুবাদ দ্বারা শঙ্করের সম্বর্দ্ধনা করিলেন ।। ৬ ।।

আভাস।

ভগবৎপ্রদত্ত ঐশ্বর্য্য বা ইন্দ্রিয়াদি উপকরণ লাভে যাহারা তাহার অপব্যবহার করে, তাহাদের পক্ষে পূর্ব্বলব্ধ উপকরণাদির পুনঃ প্রাপ্তিই অসঙ্গত। দক্ষপ্রজাপতি বদনলাভে যখন নিন্দা বার্ত্তারই প্রয়োগ করিয়াছেন, তখন সেরূপ মুখ আর প্রাপ্ত হওয়াই তাঁহার পক্ষে কর্ত্তব্য নহে ; কারণ পুনরায় তাহার অপব্যবহার তিনি করিতে পারেন। এদিকে ব্রহ্মা দক্ষের জীবন মাত্র প্রার্থনা করিয়াছিলেন ; মুণ্ডের নিমিত্ত তাঁহার অনুরোধ ছিল না ; সুতরাং যাদৃশ ব্যবহার, তাদৃশ মুণ্ডই তিনি প্রাপ্ত হইলেন। এই প্রকারে দক্ষযজ্ঞ উপলক্ষে যাঁহারা যেরূপ পাপবৃত্তির পরিচয় দিয়াছিলেন, ভগবান্ শঙ্কর স্বীকার করিলেও কেবল কার্য্য সম্পাদনের জন্য তত্তদুপায়ের অবধারণ করিয়াছিলেন মাত্র ; পুনরায় প্রশ্রয়ের পথ বন্ধ করিয়া দিয়াছিলেন ॥ ১—৬ ॥

ভূয়স্তদ্দেবযজনং সমীঢ়্বদ্বেধসো যযুঃ ॥ ৭ ॥
বিধায় কাৎস্নে্যন চ তদ্‌যদাহ ভগবান্ ভবঃ।
সন্দধুঃ কস্য কায়েন সবনীয়পশোঃ শিরঃ ॥
সন্ধীয়মানে শিরসি দক্ষো রুদ্রাভিবীক্ষিতঃ।
সদ্যঃ সুপ্ত ইবোত্তস্থৌ দদৃশে চাগ্রতো মৃড়ং ॥ ৮ ॥
তদা বৃষধ্বজদ্বেষকলিলাত্মা প্রজাপতিঃ।
শিবাবলোকাদভবচ্ছরদ্ধ্রদ ইবামলঃ ॥

অন্বয়ঃ।

সহিতাঃ) ঋষিভিঃ চ সহিতাঃ সুনাসীরাঃ দেবাঃ, ভূয়ঃ পুনঃ, তদ্দেবযজনং (তস্য দক্ষস্য দেবযজনং যজ্ঞবাটং) যযুঃ ॥ ৭ ॥

ভগবান্ ভবঃ যৎ আহ তৎ সর্ব্বং যজ্ঞাঙ্গাদিকং কাৎস্ন্যেন বিধায় সম্পাদ্য সবনীয়পশোঃ ছাগস্য, শিরঃ কস্য দক্ষস্য, কায়েন দেহেন, সংদধু যোজিতবন্তঃ ॥

এবং শিরসি সন্ধীয়মানে সতি রুদ্রাভিবীক্ষিতঃ (রুদ্রেণ অমৃতাভিবর্ষিণ্যা কৃপাদৃষ্ট্যা অভিবীক্ষিতঃ দৃষ্টঃ সদ্যঃ তৎক্ষণমেব, সুপ্তঃ নিদ্রিতঃ, উত্থিতঃ ইব তথা অগ্রতঃ অগ্রে, স্থিতং মৃড়ং শিবং, দদৃশে ॥ ৮ ॥

বৃষধ্বজদ্বেষকলিলাত্মা (বৃষধ্বজদ্বেষেণ কলিলঃ মলিনঃ আত্মা অন্তঃকরণং যস্য তথাবিধঃ অপি) প্রজাপতিঃ দক্ষঃ তদা শিবাবলোকাৎ (শিবস্য কৃপাবলোকাৎ) এব শরদ্ধ্রদঃ শরৎকালীন-

শ্রীধরস্বামী।

বেধসা চ বর্ত্তমানাঃ সমীঢ়্বদ্বেধসঃ ॥ ৭ ॥

কাৎস্ন্যেন হস্তবাহ্বাদি সাধারণ্যং বিধায় ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মীঢ়ুষা বেধসাচ সহ বর্ত্তমানাঃ ॥ ৭ ॥

যদাহ তদ্বিধায়েতি মিত্রাদয়ো ভগাদিভ্যশ্চক্ষুরাদীনি দত্ত্বেত্যর্থঃ। কস্য দক্ষস্য ॥ ৮ ॥

পরে তাঁহারা ত্রিলোচনকে একত্র গমনার্থ অনুরোধ করিয়া মহাদেব, বিরিঞ্চি ও নারদাদি ঋষিগণ সহ দেববৃন্দ সমবেত হইয়া দক্ষ প্রজাপতির যজ্ঞ স্থলে পুনরায় গমন করিলেন ॥ ৭ ।

এবং মহাদেব যেরূপ বলিয়াছিলেন, তদনুরূপ সকল কার্য্য সমাধা করিয়া হোমীয় পশু ছাগের মুণ্ড লইয়া দক্ষের স্কন্ধদেশে সংযোজিত করিলেন ॥

প্রজাপতির মুণ্ড সংযোজিত হইলে, ভগবান্ রুদ্রের কৃপাকটাক্ষে দক্ষ তৎক্ষণাৎ জীবিত হইলেন এবং নিদ্রোত্থিতের ন্যায় সংজ্ঞালাভে গাত্রোত্থান করিয়া সম্মুখেই মহাদেবকে অবলোকন করিলেন ॥ ৮ ॥

ভবস্তবায় কৃতধীর্নাশক্লোদনুরাগতঃ।
ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া সংপরেতাং সুতাং স্মরন্॥
কৃচ্ছ্রাৎ সংস্তভ্য চ মনঃ প্রেমবিহ্বলিতঃ সুধীঃ।
শশংস নির্ব্ব্যলীকেন ভাবেনেশং প্রজাপতিঃ॥ ৯॥

দক্ষ উবাচ॥

ভূয়াননুগ্রহ অহো ভবতা কৃতোমে দণ্ডস্ত্বয়া ময়ি ভৃতো যদপি প্রলব্ধঃ।

অন্বয়ঃ।

হ্রদঃ ইব অমলঃ নির্ম্মলান্তঃকরণঃ অভবৎ॥

ভবস্তবায় (ভবস্য স্তবায়) কৃতধীঃ (কৃতা উদ্যুক্তা ধীঃ যস্য সঃ) তথাবিধোঽপি অনুরাগতঃ (তস্মিন কৃতাপরাধোঽপি তস্য কৃপাতিরেকং প্রভাবং) চ দৃষ্ট্বা জাতো যোঽনুরাগঃ তেন তথা সংপরেতাং মৃতাং, সুতাং স্মরন্ ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া (ঔৎকণ্ঠ্যাৎ জাতা যা বাষ্পকলা তয়া) ন অশক্নোৎ॥

এবং প্রেমবিহ্বলিতঃ (প্রেম্না বিহ্বলিতঃ ব্যাকুলঃ অপি) সুধীঃ শুদ্ধবুদ্ধিঃ, প্রজাপতিঃ কৃচ্ছ্রাৎ কষ্টাৎ, মনঃ সংস্তভ্য স্বস্থং কৃত্বা, নির্ব্যলীকেন নিষ্কপটেন, ভাবেন অভিপ্রায়েণ, ঈশং মহাদেবং, শশংস ক্ষমাপিতবান্॥ ৯॥

দক্ষঃ উবাচ। যদপি যদ্যপি (ভবান ময়া) (প্রলব্ধঃ বিশ্বসৃক্‌সভায়াং তিরস্কৃতঃ) অহো! তথাপি ভবতা মমোপরি ভূয়ান্ মহান্, অনুগ্রহঃ কৃতঃ যতোহি ময়ি ত্বয়া দণ্ডঃ ভৃতঃ কৃতঃ।

শ্রীধরস্বামী।

পূর্ব্বং বৃষধ্বজদ্বেষেণ কলিলঃ কলুষীকৃত আত্মা যস্য। তদা শরৎকালিনো হ্রদ ইব-অমলোঽভবৎ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কলিলাত্মাকলুষী কৃতাত্মাপি॥ ৯॥

বৃষধ্বজের বিরুদ্ধাচরণে নিতান্ত কলঙ্কিত হইলেও মঙ্গলময় মহাদেবের কৃপাদৃষ্টির প্রভাবে শরৎকালীন নির্ম্মল সরোবরের ন্যায়, প্রজাপতি দক্ষের চিত্ত বিমল হইল॥

তিনি তখন মহাদেবের স্তব করিতে সমুৎসুক হইয়াও অনুরাগের ভরে কিছুতেই সমর্থ হইলেন না। স্বকীয়া দুহিতা সতীর মৃত্যুর কথা যখন তাঁহার চিত্তে জাগরুক হইল, অমনি উৎকণ্ঠার আবেগে বাষ্পবারি বিগলিত হইল এবং কণ্ঠরুদ্ধ হওয়ায় আর বাঙ্‌নিষ্পত্তি করিতে পারিলেন না॥

পরমেশ-প্রেমে বিহ্বলচিত্ত ধীমান্ দক্ষ অনেক ক্লেশে মনোবেগ সম্বরণ করিলেন এবং অকপটচিত্তে ত্র্যম্বকের স্তব আরম্ভ করিলেন॥ ৯॥

ন ব্রহ্মবন্ধুষুচ বাং ভগবন্নবজ্ঞা তুভ্যং হরেশ্চ কুতএব ধৃতব্রতেষু ॥ ১০ ॥

বিদ্যাতপোব্রতধরান্ মুখতঃ স্ম বিপ্রান্ ব্রহ্মাত্মতত্ত্বমবিতুং প্রথমং ত্বমস্রাক্।

অন্বয়ঃ।

হে ভগবন্! ব্রহ্মবন্ধুষু (নামমাত্রেণ ব্রাহ্মণেষু বস্তুতো ব্রাহ্মণত্বপ্রযোজকগুণক্রিয়াদিরহিতেষু অপি) তুভ্যং তব, হরেশ্চ ইতি বাং যুবয়োঃ, অবজ্ঞা উপেক্ষা, যতঃ ন অস্তি, কুতঃ এব ধৃতব্রতেষু দীক্ষিতেষু মাদৃশেষু অবজ্ঞা স্যাৎ ॥ ১০ ॥

ব্রহ্ম বেদং আত্মতত্ত্বং (আত্মনো ভগবতো যাথার্থ্যং বা ব্রহ্মৈব আত্মনাং স্থাবরজঙ্গমানাং

শ্রীধরস্বামী।

যদপি যদ্যপি প্রলব্ধঃ পরাভূতো ময়া ভবান্ তথাপি ত্বয়া দণ্ডো ভৃতঃ শিক্ষাকৃতা নতুপেক্ষিতোঽস্মি যুক্তমেবৈতদিত্যাহ ব্রহ্মবন্ধুষুচ ব্রাহ্মণাভাসেষ্বপি তুভ্যঃ তব হরেশ্চেতি বাং যুবয়োরবজ্ঞা উপেক্ষা নাস্তি ॥ ১০ ॥

অত্র হেতুমাহ বিদ্যেতি ত্বমেব ব্রহ্মা ভূত্বা অস্রাক্ অস্রাক্ষীঃ কিমর্থং আত্মতত্ত্বং অবিতুং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্যপি বিপ্রলব্ধস্তিরস্কৃতঃ তদপি ময়ি দণ্ডো ভৃতঃ ধৃত আত্মীয়ত্ববুদ্ধ্যা শিক্ষা কৃতা নতুপেক্ষিতোঽস্মি যুক্তমেবৈতমিত্যাহ ব্রহ্মবন্ধুষুচ ব্রাহ্মণাভাসেষ্বপি তুভ্যং তব হরেশ্চেতি বাং অবজ্ঞা নাস্তি ॥ ১০ ॥

তত্র হেতুঃ বিদ্যেতি ত্বমেব ব্রহ্মা ভূত্বা অস্রাক্ অস্রাক্ষীঃ। যদ্বা ব্রহ্ম বেদমাত্মতত্ত্বঞ্চ রক্ষিতুং

দক্ষ বলিলেন, হে শঙ্কর! যদিও আমি বিশ্বস্রষ্টৃগণের সভায় আপনাকে তিরস্কারাদির দ্বারা যথেষ্ট অবমানিত করিয়াছি, তথাপি এইরূপ দণ্ডবিধানের দ্বারা আপনি আমার প্রতি প্রচুর দয়াই প্রকাশ করিয়াছেন। হে ভগবন্! কেবল নামে ব্রাহ্মণ কিন্তু কার্য্যে পতিত দ্বিজবন্ধুগণও যখন আপনার ও বিষ্ণুর নিকট কখন উপেক্ষিত হয় না, তখন বস্তুত যজ্ঞে দীক্ষিত আমি কেন আপনার নিকট উপেক্ষিত ও পরিত্যক্ত হইব? ॥ ১০ ॥

ভগবানের স্বরূপতত্ত্ব এবং তদুৎপন্ন স্থাবর জঙ্গমাত্মক পদার্থের স্বরূপকে

আভাস।

প্রজাপতি দক্ষ বলিলেন, হে মহেশ্বর! বিশ্বসৃক্ সভাতে আপনার নিন্দাবাদ করিয়া যদিও আমি নিতান্ত অপরাধী হইয়াছি, সত্য! কিন্তু আপনি নিজগুণেই তাহার মার্জ্জনা করিয়াছেন। কারণ আপনি যদি আমাকে উপেক্ষা করিয়া আমার দুষ্কর্ম্মের প্রতীকার না করিতেন, তাহা হইলে আমি যে কোন্ নরকে কত কালের জন্য পতিত থাকিতাম, কে তাহার গণনা করে? কিন্তু আপনি কৃপাময়! এই পতিত জনের দুষ্কৃতি নিবারণার্থই স্বয়ং দণ্ডবিধানে সেই ঘোর নরক হইতে আপনিই আমাকে রক্ষা করিয়াছেন ॥ ১০ ॥

হে দেবাদিদেব! আপনিই সকল মূর্ত্তিতে অবির্ভূত হইয়াছেন। আপনি ব্রহ্মারূপে জন্ম

তদ্ব্রাহ্মণান্ পরম সর্ব্ববিপৎসু পাসি পালঃ পশূনিব প্রভো প্রগৃহীতদণ্ডঃ ॥ ১১
যোঽসৌ ময়া বিদিততত্ত্বদৃশা সভায়াং ক্ষিপ্তো দুরুক্তিবিশিখৈ র্বিগণয্য তন্মাং।

অন্বয়ঃ।

তত্ত্বং) অবিতুং (স্বাবধারণপূর্ব্বকান্যোপদেশেন রক্ষিতুং বিদ্যাতপোব্রতধরান্ (বিদ্যা ঈশ্বরোপাসনা, তপঃ চিত্তৈকাগ্র্যং ব্রতানি তত্তদাশ্রমপ্রযুক্তনিয়মাঃ তান্ ধারয়ন্তি যে তান্) বিপ্রান্ প্রথমং (ক্ষত্রিয়াদেঃ স্বষ্টেঃ পূর্ব্বং) মুখতঃ ত্বং অস্রাক্ অস্রাক্ষীঃ। হে প্রভো পরম পরমেশ্বর! পালঃ যথা পশূন্ (দণ্ডেন তাড়নং কৃত্বা গর্ত্তাদিভ্যঃ রক্ষতি) তথা প্রগৃহীতদণ্ডঃ ত্বং তৎ তস্মাৎ ব্রাহ্মণান্ সর্ব্ববিপৎসু পাসি ॥ ১১ ॥

অবিদিততত্ত্বদৃশা (ন বিদিতং তত্ত্বং যয়া সা দৃক্ জ্ঞানং যস্য তেন) ময়া যঃ অসৌ সভায়াং দুরুক্তিবিশিখৈঃ (দুরুক্তয়ঃ দুর্ব্বচাংসি এব বিশিখাঃ বাণাঃ তৈঃ) ক্ষিপ্তঃ তিরস্কৃতঃ, এবং

শ্রীধরস্বামী।

যদ্বা ব্রহ্ম বেদং আত্মতত্ত্বং চ অবিতুং সংপ্রদায়প্রবর্ত্তনেন জ্ঞাপয়িতুমিত্যর্থঃ। তস্মাৎ হে পরম উৎকৃষ্ট ॥ ১১ ॥

অত্রচ প্রত্যুপকারো নাস্তীত্যাহ যোঽসাবিতি। অবিদিততত্ত্বদৃশা অপ্রাপ্ততত্ত্বজ্ঞানেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তস্মাৎ হে পরম। পশূনিত্যস্মাকং পশুত্বং তব পশুপতিত্বং ॥ ১১ ॥

এতৎ প্রত্যুপকর্ত্তুং ন শক্নোমীত্যাহ যোঽসৌ ভবান্ অবিদিততত্ত্বজ্ঞানেন তত্তিরস্করণং

নিজে অবধারণ পূর্ব্বক অন্যকে উপদেশাদির দ্বারা জগতে তাহা রক্ষা করিবার নিমিত্ত বিদ্যা, তপস্যা ও আশ্রমোক্ত নিয়মাদিবিশিষ্ট ব্রাহ্মণগণকে আপনি সর্ব্বাগ্রে মুখ হইতে উৎপাদন করিয়াছেন। হে প্রভো পরমেশ্বর! পশুপালক যেমন দণ্ডাদির তাড়নায় নির্ব্বোধ পশু সমূহকে কুপথ হইতে রক্ষা করে, আপনি সেইরূপ দণ্ড ধারণ করিয়া পূর্ব্বোক্ত ব্রাহ্মণগণকে সকল বিপদ্ হইতে রক্ষা করিয়া থাকেন ॥ ১১ ॥

হে শম্ভো! আপনার স্বরূপ তত্ত্ব অবধারণের সামর্থ্য আমাতে না থাকাতেই তাদৃশ দুর্ব্বাক্যবাণে আমি সভাস্থলে আপনাকে তিরস্কৃত করিয়াছি,

আভাস।

পরিগ্রহপূর্ব্বক স্বকীয় মুখ হইতে ব্রাহ্মণগণকে উৎপাদন করত, সনাতন বেদকে রক্ষা করিতেছেন। পশুপালক যেমন দণ্ডধারণে পশুকুলকে প্রতিপালন করে, হে পশুপতে! আমরা অজ্ঞানান্ধ পশু; আমাদিগকে সৎপথে আনয়ন পূর্ব্বক রক্ষা করুন্ ॥ ১১ ॥

হে আশুতোষ! আমাকে আপনি যে, বিষম নরকার্ণব হইতে রক্ষা করিলেন, তজ্জন্য আপনার প্রত্যুপকার করা আমার পক্ষে দূরে থাকুক্, স্তবাদির দ্বারা যে আপনার সন্তোষোৎ-

অর্ব্বাক্ পতন্তমর্হত্তমনিন্দয়াপাদ্দৃষ্ট্যার্দ্রয়া স ভগবান্ স্বকৃতেন তুষ্যেৎ ॥ ১২ ॥

মৈত্রেয় উবাচ ॥

ক্ষমাপ্যৈবং সমীঢ়্ৰাংসং ব্রহ্মণা চানুমন্ত্রিতঃ।

কর্ম্ম সন্তানয়ামাস সোপাধ্যায়র্ত্বিগাদিভিঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

অর্হত্তমনিন্দয়া (অর্হত্তমস্য পূজ্যতমস্য নিন্দয়া) অর্ব্বাক্ নরকে, পতন্তং মাং তৎ মমাপরাধং বিগণয্য পৃষ্ঠতঃ কৃত্বা, আর্দ্রয়া কৃপামৃতপূর্ণয়া, দৃষ্ট্যা অপাৎ অরক্ষৎ, সঃ ভগবান্ স্বকৃতেনৈব অনুগ্রহেণ তুষ্যেৎ ॥ ১২ ॥

মৈত্রেয়ঃ উবাচ। সঃ দক্ষঃ, এবং মীঢ়্ৰাংসং ভবং ক্ষমাপ্য ব্রহ্মণা চ অনুমন্ত্রিতঃ অনুজ্ঞাতঃ, সোপাধ্যায়র্ত্বিগাদিভিঃ সহিতৈঃ কর্ম্ম যজ্ঞং, সন্তানয়ামাস প্রবর্ত্তয়ামাস ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্বিগণয্য বিস্মৃত্য অর্হত্তমস্য নিন্দয়া অর্ব্বাগধঃ পতন্তং মামপাৎ রক্ষিতবান্ স্বকৃতেনৈব পরানুগ্রহেণৈব তুষ্যেৎ। ন ময়া তৎপ্রতিকর্ত্তুং শক্যমিত্যর্থঃ ॥ ১২ ॥

অনুমন্ত্রিতোহনুজ্ঞাতঃ উপাধ্যায়সহিতৈঃ ঋত্বিগাদিভিরনুবর্ত্তয়ামাস ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিগণয্য বস্তুবুদ্ধ্যা ন গণয়িত্বা অর্ব্বাগধঃ পতন্তং কৃপামৃতেনার্দ্রয়া দৃষ্ট্যা অপাৎ। অন্যথা মম নরকাদুদ্ধারো নাভবিষ্যদিতি ভাবঃ। স্বকৃতেন পরানুগ্রহেণৈব তুষ্যেৎ নতু তত্তোষকারণং কিমপি ময্যস্তীতি ভাবঃ ॥ ১২ ॥

সোপাধ্যায়ৈ ঋত্বিগাদিভিরনুবর্ত্তয়ামাস ॥ ১৩ ॥

এবং আপনার ন্যায় জগৎপূজ্যের তিরস্কারে আমার যে নরকে পতিত হইবার কথা, তাহাতে আর সন্দেহ নাই। কিন্তু কি আশ্চর্য্য! আমার তাদৃশ গর্হিতাচরণে আপনি কিছুমাত্র লক্ষ্য না করিয়া, কৃপাপূর্ণ দৃষ্টিতে সেই আমাকে আবার নরক-পতন হইতে উদ্ধার করিলেন! অহো! আপনাকে তুষ্ট করা কখন আমার যোগ্যতায় নাই; আপনি নিজকৃত অনুগ্রহেই নিজে সন্তুষ্ট হউন্! ॥ ১২ ॥

মৈত্রেয় বলিলেন, প্রজাপতি দক্ষ এই প্রকারে আশুতোষের নিকট ক্ষমা প্রার্থনা করিয়া ব্রহ্মার উপদেশ অনুসারে উপাধ্যায় ও ঋত্বিক্‌গণসহ তিনি যজ্ঞে পুনরায় প্রবৃত্ত হইলেন ॥ ১৩ ॥

আভাস।

পাদন করিব, এরূপ সামর্থ্যও আমাতে নাই। তবে আমার ন্যায় পাষণ্ডকে উদ্ধার করিবার গুণ যে আপনাতে আছে এবং আমাতেই তাহার পরিচয় পাইলেন, এই চিন্তাতেই আপনার সন্তুষ্ট হওয়া উচিত ॥ ১২ ॥

বৈষ্ণবং যজ্ঞসন্তত্যৈ ত্রিকপালং দ্বিজোত্তমাঃ।
পুরোডাশং নিরবপন্ বীরসংসর্গশুদ্ধয়ে। ১৪॥
অধ্বর্য্যুণাত্তহবিষা যজমানো বিশাংপতে।
ধিয়া বিশুদ্ধয়া দধ্যৌ তথা প্রাদুরভূদ্ধরিঃ॥ ১৫॥

অন্বয়ঃ।

যজ্ঞসন্তত্যৈ (যজ্ঞস্য নষ্টস্য সন্তত্যৈ) সাঙ্গতাসিদ্ধ্যা প্রবৃত্ত্যর্থং বীরসংসর্গশুদ্ধয়ে (বীরাণাং প্রমথানাং সংসর্গেণ জাতস্য দোষস্য শুদ্ধয়ে নিবৃত্ত্যর্থং) দ্বিজোত্তমাঃ ব্রাহ্মণশ্রেষ্ঠাঃ বৈষ্ণবং বিষ্ণুদেবতাকং পুরোডাশং (তৎসঙ্গকং হবির্বিশেষং) ত্রিকপালং (ত্রিষু কপালেষু মন্ত্রপুর্ব্বকং) নিরবপন্ যাচিতবন্তঃ॥ ১৪॥

আত্তহবিষা (আত্তং গৃহীতং হবিঃ পুরোডাশং যেন তেন) অধ্বর্য্যুণা সহ যজমানঃ দক্ষঃ, বিশুদ্ধয়া ধিয়া যথা ভগবন্তং দধ্যৌ হে বিশাম্পতে বিদুর! তথা তেনৈব স্বরূপেণ হরিঃ ভক্তক্লেশহর্ত্তা বিষ্ণুঃ, প্রাদুরভূৎ প্রকটঃ জাতঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

বীরাণাং প্রমথাদীনাং সংসর্গকৃতদোষস্য শুদ্ধয়ে নিবৃত্ত্যর্থং॥ ১৪॥
আত্তহবিষা অধ্বর্য্যুণা সহ বিশুদ্ধয়া বুদ্ধ্যা দধ্যৌ। হে বিশাংপতে হে বিদুর॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈষ্ণবং বিষ্ণুদেবতাকং নিরবপন্ জুহুবুঃ। বীরাণাং প্রমথাদীনাং সংসর্গকৃতদোষশুদ্ধ্যর্থং॥ ১৪॥
আত্তহবিষা অধ্বর্য্যুণা সহ। হে বিশাংপতে বিদুর। তথা দধ্যৌ যথা প্রাদুরভূদিতি॥১৫॥

বিনষ্ট যজ্ঞকে সুসমাপ্ত করিবার উদ্দেশে প্রথমত প্রমথগণের সংস্রবজনিত দোষের নিবারণার্থ দ্বিজশ্রেষ্ঠগণ বিষ্ণুসম্বন্ধীয় হোমের আয়োজন করিলেন এবং পাত্রত্রয়ে পুরোডাশ হবিঃ স্থাপন পূর্ব্বক মন্ত্র উচ্চারণে বিষ্ণুর উদ্দেশে আহুতি প্রদান করিতে লাগিলেন॥ ১৪॥

ঋত্বিক্ যখন পুরোডাশ হবিঃ হস্তে লইয়া যজমান সহ নির্ম্মল হৃদয়ে ভগবান্‌কে ধ্যান করত হুতাশনে সমর্পণ করিলেন, ভক্ত ক্লেশহারী ভগবান্ বিষ্ণু তৎক্ষণাৎই আবির্ভূত হইলেন॥ ১৫॥

আভাস।

অজ্ঞানাৎ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাৎ ইতি শ্রুতি বাক্য স্মরণ করিয়া গ্রন্থকার বিনষ্ট দক্ষযজ্ঞের পুনঃস্থাপনের উপায় এখানে উল্লেখ করিয়াছেন। যেমন কৃষিকার্য্যের কোন অংশে যদি ত্রুটি পড়ে, তাহা হইলে তাহার সকল অংশই নিরর্থক হয়; অর্থাৎ ভূমি খনন, বীজবপন, জলসিঞ্চন, কণ্টকনিরাকরণ প্রভৃতি সকল কার্য্য সমাপনের পর অঙ্কুরিত বীজ যদি অকালবর্ষণ বা সূর্য্যকিরণাদির কারণে একবার

তদা স্বপ্রভয়া তেষাং দ্যোতয়ন্ত্যা দিশো দশ।
মুষ্ণংস্তেজ উপানীত স্তার্ক্ষ্যেণ স্তোত্রবাজিনা॥ ১৬॥

অন্বয়ঃ।

তদা দশ দিশঃ দ্যোতয়ন্ত্যা প্রকাশয়ন্ত্যা, স্বপ্রভয়া দীপ্ত্যা তেষাং ব্রহ্মাদীনাং সর্ব্বেষাং তেজঃ মুষ্ণন্ তিরস্কুর্ব্বন্, স্তোত্রবাজিনা (স্তোত্রে বৃহদ্রথন্তরে বাজৌ পক্ষৌ যস্য তেন) তার্ক্ষ্যেণ গরুড়েন, উপানীতঃ সমীপং প্রাপিতঃ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

স্বয়া প্রভয়া তেষাং তেজো মুষ্ণন্ তিরস্কুর্ব্বন্ উপানীতঃ সমীপং প্রাপিতঃ। স্তোত্রে বৃহদ্রথান্তরে বাজৌ পক্ষৌ তস্বতা। বৃহদ্রথন্তরে পক্ষাবিতি শ্রুতেঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং ব্রহ্মাদীনাং তেজো মুষ্ণন্ হরিঃ উপানীতঃ সমীপং প্রাপিতং। স্তোত্রে বৃহদ্রথন্তরে বাজৌ পক্ষৌ তদ্বতা। বৃহদ্রথন্তরে পক্ষাবিতি শ্রুতেঃ॥ ১৬॥

তাঁহার অলোকসামান্য দিগন্তব্যাপী প্রভায় ব্রহ্মাদি অমরেন্দ্রগণেরও দীপ্তি মলিন হইয়া গেল। রথযুগলের ন্যায় পক্ষদ্বয়বিশিষ্ট গরুড়ের পৃষ্ঠে আরোহণ করিয়া বিষ্ণু উপস্থিত হইলেন।। ১৬।।

আভাস।

বিনষ্ট হয়, তবে তাহার পুনঃ প্ররোহ অসম্ভব। কৃষির প্রারম্ভ হইতেই সকল পরিশ্রম বিফল হয়; সেইরূপ যজ্ঞাদি কর্ম্মে যদি কোনরূপের ত্রুটি ঘটিয়া একবার তাহা পণ্ড হয়, তাহা হইলে তাহার সংশোধন অসম্ভব। এখানে বীরভদ্রের বীরত্বে দক্ষযজ্ঞ একবার পণ্ড হইয়াছে, এক্ষণে তাহার স শোধন অশেষ প্রকারের প্রযত্ন করিলেও যে নিরর্থক হইবে, তাহা ব্রহ্মাদি দৈবতাগণ ও ব্রাহ্মণসমূহ বিলক্ষণ অবগত ছিলেন।. কিন্তু যজ্ঞ সম্পূর্ণ না হইলেও দক্ষের সংকল্প ভ্রষ্ট হয়। তখন তাঁহারা যজ্ঞের অঙ্গ পূরণের প্রতি দৃষ্টি বা যত্ন না করিয়া, যজ্ঞপতি বিষ্ণুর অর্চ্চনায় প্রবৃত্ত হইলেন; এবং কায়মনোবাক্যে সেই জনার্দ্দনের শরণাগত হইবা মাত্র ভগবান্ বিষ্ণু যে মূর্ত্তিতে আবির্ভূত হইয়া তত্রস্থ জনগণকে কৃতার্থ করিয়াছিলেন ও যজ্ঞ সম্পূর্ণ করেন, তাহাই নিম্নলিখিত শ্লোকদ্বয়ে বর্ণিত হইয়াছে॥ ১৬॥

শ্যামসুন্দর মদনমোহন মূর্ত্তিবিশিষ্ট ভগবানকে বিবিধ সাজ সজ্জায় সাজাইয়া গ্রন্থকার যে ভগবানে নরোচিত বিশাল বিলাসিতার পরিচয় দিয়াছেন, তাহা নহে। তিনি শরীরির ন্যায় দেহ ধারণ করিলেও যে তিনি দেহী নন; সমগ্র রূপের, অধিক কি! সমগ্র সৃষ্টির সার এবং এক তাহাকে অবলম্বন করিতে পারিলে, সমগ্র সংসারকে করতলস্থিত আমলকের ন্যায় অধিকার করা যায়, তাহাই তাঁহার রূপাদির বর্ণনাতে প্রকাশ করিয়াছেন মাত্র। অর্থাৎ জীবের উপাধি (দেহ) মূল অবিদ্যা; ভগবানের দেহ শ্যাম স্বচ্ছ শুদ্ধ সত্ত্ব মাত্র। এই সত্ত্ব কেবল গুণ নহে; সত্যও বটে। যথা ভারতে "সত্যে প্রতিষ্ঠিতঃ কৃষ্ণঃ সত্যমত্র প্রতিষ্ঠিতঃ। সত্যাং

শ্যামো হিরণ্যরসনোর্ককিরীটজুষ্টো নীলালকভ্রমরমণ্ডিতকুণ্ডলাস্যঃ।
শঙ্খাব্জ-চক্র-শরচাপ-গদাসি-চর্ম্মব্যগ্রৈ হি রণ্ময়ভুজৈরিব কর্ণিকারঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

শ্যামঃ মেঘবৎশ্যামবর্ণঃ, হিরণ্যরসনঃ (হিরণ্যময়ী রসনা কাঞ্চী বা পীতং বস্ত্রং যস্য সঃ) অর্ককিরীটজুষ্টঃ (অর্কবৎ প্রকাশমানেন কিরীটেন জুষ্টঃ যুক্তঃ) নীলালকভ্রমরমণ্ডিত কুণ্ডলাস্যঃ (নীলাশ্চ তে অলকাঃ তে এব কুঞ্চিতত্বেন ভ্রমরসদৃশত্বাৎ ভ্রমরাঃ তৈঃ মণ্ডিতং কুণ্ডলযুক্তং আস্যং যস্য সঃ) শঙ্খাব্জচক্রশরচাপগদাসিচর্ম্মব্যগ্রৈঃ (তৈ স্তৈ রায়ুধাদিভিঃ ব্যগ্রৈঃ যুক্তৈঃ) হিরণ্ময়ভুজৈঃ (ভূষণবিভূষিতত্বাৎ হিরণ্ময়ৈঃ অষ্টভিঃ ভুজৈঃ শোভমানঃ কর্ণিকারঃ ইব ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তমেবানুবর্ণয়তি শ্যাম ইতি দ্বাভ্যাং। হিরণ্যবদ্রসনা যস্যেতি বস্ত্রং লক্ষ্যতে। অর্কতুল্যেন কিরীটেন জুষ্টঃ নীলালকা এব ভ্রমরাঃ তৈর্ম ণ্ডিতং কুণ্ডলযুক্তমাস্যং যস্য শঙ্খাদিভিরায়ুধৈঃ ভৃত্যরক্ষার্থং ব্যগ্রৈঃ হিরণ্ময়ৈঃ ভুজৈঃ পুষ্পিতকর্ণিকার ইব শোভমানঃ ভুজানাং হিরণ্ময়ত্বং কেয়ূরকঙ্কণমুদ্রিকাদ্যলঙ্কারৈঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমেবানুবর্ণয়তি শ্যাম ইতি দ্বাভ্যাং। হিরণ্যরসনঃ কনককিঙ্কিনীকঃ। পীতাম্বরস্যার্থতঃ প্রাপ্তত্বাদনুক্তিঃ রসনাশব্দেন বস্ত্রং বা লক্ষয়িতব্যং অর্কতুল্যোজ্জ্বলকিরীটযুক্তঃ নীলালকা এব ভ্রমরাস্তৈর্ম ণ্ডিতং কুণ্ডলযুক্তমাস্যং যস্যেতি ভ্রমরপদেনাস্য পদ্মত্বং ততশ্চকুণ্ডলয়ো স্তৎ-প্রফুল্লীকরণার্থমাগতয়োঃ সূর্য্যত্বং কম্বাদিভিরায়ুধৈর্ভৃ ত্যরক্ষার্থং ব্যগ্রৈর্হির ণ্ময়ৈঃ কনককেয়ূর-কঙ্কণমুদ্রিকাদিমত্ত্বেন কনকময়ৈর্ভু জৈঃ পুষ্পিতঃ কর্ণিকার ইব শোভমানঃ। যদ্বা কম্বাদীনি হস্তাগ্রস্থিতত্বাদ্বিশিষ্টান্যগ্রাণি যেষু তথাভূতা হিরণ্ময়া ভুজা এব প্রথমাতিশয়োক্ত্যা অষ্টৈব দলানি তৈঃ শোভমানঃ কর্ণিকারঃ কমলরাজ ইব মত্বর্থীয়ার্শাদিনাচ বা কর্ণিকাং রাতি দদাতীতি ব্যুৎপত্ত্যা বা কর্ণিকারশব্দেনাত্র পদ্মাভিধানং ॥ ১৭ ॥

তাঁহার কলেবর মেঘের ন্যায় শ্যামবর্ণ, কটিদেশে হিরন্ময় কাঞ্চী, পরিধানে পীত বসন; মস্তকে সূর্য্যসন্নিভ উজ্জ্বল কিরীট; নীলবর্ণ কুঞ্চিত অলকাজালে মুখকমল মণ্ডিত থাকায়, ভ্রমরগুঞ্জিত পদ্মের ন্যায় শোভা লক্ষিত হইতেছিল; উজ্জ্বল কুণ্ডলশোভায় গণ্ডস্থলের কি বিশদ জ্যোতির উদয় অনুভূত হইতে লাগিল! স্বর্ণভূষণবিশিষ্ট অষ্টভুজে শঙ্খ, পদ্ম, চক্র, শর, চাপ, গদা, অসি ও চর্ম্ম ধারণে প্রফুল্ল পদ্মবিশিষ্ট পদ্মকাননের ন্যায় তিনি শোভা ধারণ করিয়াছিলেন ॥ ১৭ ॥

আভাস।

সত্যোহি গোবিন্দ স্তেন নাম্নাহি সত্যতঃ॥ ভগবান্‌ সত্যেতে প্রতিষ্ঠিত সত্যই তাহার কলেবর। এখানে শ্যাম অর্থে এই সত্যকেই লক্ষ্য করিতে হইবে। তাঁহার পরিধেয় বসন

বক্ষস্যধিশ্রিতবধূর্বনমাল্যুদারহাসাবলোককলয়া রময়ংশ্চ বিশ্বং।
পার্শ্বভ্রমদ্ব্যজনচামররাজহংসঃ শ্বেতাত-পত্র-শশিনোপরিরজ্যমানঃ ॥ ১৮

অন্বয়ঃ।

বক্ষসি (অধিশ্রিতা বধূঃ লক্ষ্মীঃ যস্য সঃ) বনমালী উদার হাসাবলোককলয়া (উদারঃ মনোরথপূরকঃ যো হাসঃ অবলোকশ্চ তয়োঃ কলয়া লেশেন) বিশ্বং রময়ন্ পার্শ্বভ্রমদ্ব্যজনচামর-রাজহংসঃ (পার্শ্বে উভয়তো ভ্রমন্তৌ ব্যজনচামরে এব রাজহংসৌ যস্য সঃ) শ্বেতাতপত্র-শশিনোপরিরজ্যমানঃ (শ্বেতং আতপত্রং এব শশী তেন পরিরজ্যমানঃ) শোভাবিশিষ্টঃ (হরিঃ আনীতঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

বক্ষসি অধিশ্রিতা বধূর্লক্ষ্মীর্যস্য সঃ উদারো হাসোঽবলোকশ্চ তয়োঃ কলয়া লেশেন পার্শ্বে উভয়তো ভ্রমন্তৌ ব্যজনচামরে তে এব রাজহংসৌ যস্মিন্ সঃ। রজ্যমানঃ শোভাতিশয়ং নীয়মানঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বধূর্লক্ষ্মীঃ। উদারয়োর্মহামাধুর্য্যরত্নবর্ষিণো র্হাসাবলোকয়োঃ কলয়া বৈদগ্ধ্যা বিশ্বমেব রময়ন্ কিং পুনর্ভক্তান্ পার্শ্বয়োর্ভ্রমন্তৌ ব্যজনচামরে এব রাজহংসৌ যস্মিন্ সঃ। শ্বেতাত-পত্রমেব শশী তেন উপরিস্থিতেনেতি। সর্ব্বোপরি শশী তত্তলে কিরীটরূপোঽর্কঃ তত্তলে আস্যরূপং কমলং তৎপার্শ্বদ্বয়ে নৃত্যং কুণ্ডলরূপং পুনরর্কদ্বয়ং। তৎপার্শ্বদ্বয়ে চামররূপে হংসদ্বয়ং। মুখকমলতলে লক্ষ্মীরূপা বিদ্যুৎ সর্ব্বসমুদিতং পুনরষ্টদলমেকং কমলমেব চন্দ্রার্ক-বিদ্যুদ্ভ্রমরহংসশঙ্খচক্রগদাপদ্মচাপশরচর্ম্মাসিযুক্তমত্যদ্ভুতং স বিষ্ণুরদৃশ্যত ইত্যর্থঃ ॥ ১৮॥

বক্ষস্থলে শ্রীচিহ্ন স্বর্ণরেখা, গলদেশে বনমালা, সহাস্য বদন ও করুণ-দৃষ্টিতে যেন বিশ্ব সংসারকে আনন্দরসে উদ্ভাসিত করিতেছিলেন। উভয় পার্শ্বে শ্বেতচামরের ব্যজনে রাজহংসের কেলি বলিয়া ভ্রম হইতে লাগিল। পূর্ণচন্দ্রোপম শ্বেতছত্র ভগবানের মস্তকোপরি শোভিত ছিল।। ১৮ ।।

আভাস।

হিরন্ময় এবং হিরন্ময়ী কাঞ্চী দ্বারা বদ্ধ। বিদ্যাই এখানে হিরন্যনামে অভিহিত হইয়াছে। সর্ব্বলোকের নয়নই দিবাকর। ভগবানের মস্তকে অর্কতুল্য কিরীটের উল্লেখ করায়, প্রকাশ করা হইয়াছে যে, তিনি পরিচ্ছিন্নের ন্যায় দেহ লইয়া প্রতীত হইলেও, কার্য্যত পরিচ্ছিন্ন নহেন; সর্ব্বভাব পরিজ্ঞাত হইবার সামর্থ্য তাঁহারই মস্তিষ্কে আছে। দেহের মধ্যে মুখই প্রধানত আভ্যন্তরিক ভাবের পরিচয় দিয়া থাকে। সুতরাং কৃপাপূর্ণ ভাবের পরিচয়ার্থই বিকসিত কমলোপম বদনমণ্ডলের উল্লেখ এখানে করা হইয়াছে। অলকাজালে যে কেবল ভ্রমরগুঞ্জনেরই উপমা দেওয়া হইয়াছে, তাহা নহে; সংসারী মানবকে স্থির অলির ন্যায়, তাঁহার ভাবে পরিনিষ্ঠিত হইবার উপদেশই প্রদান করা হইয়াছে। সুবর্ণময় কুণ্ডলদ্বয় সূর্য্যের

তমুপাগতমালক্ষ্য সর্ব্বে সুরগণাদয়ঃ ।
প্রণেমুঃ সহসোত্থায় ব্রহ্মেন্দ্রত্র্যক্ষনায়কাঃ ॥ ১৯ ॥
তত্তেজসা হতরুচঃ সন্নজিহ্বাঃ সসাধ্বসাঃ ।
মূর্দ্ধ্না কৃতাঞ্জলিপুটা উপতস্থুরধোক্ষজং ॥ ২০ ॥

অন্বয়ঃ ।

তং ভগবন্তং, উপ সমীপং, আগতং আলক্ষ্য দৃষ্ট্বা, ব্রহ্মেন্দ্রত্র্যক্ষনায়কাঃ (ব্রহ্মা ইন্দ্রঃ ত্র্যক্ষঃ রুদ্রঃ, এতে ত্রয়ো নায়কাঃ যেষাং তে) সর্ব্বে সুরগণাঃ সহসা ঝটিতি, উত্থায় প্রণেমুঃ ॥ ১৯ ॥

তত্তেজসা (তস্য হরেঃ তেজসা) হতরুচঃ (হতা তিরস্কৃতা রুক্ প্রভা যেষাং তে) সসাধ্বসাঃ সসম্ভ্রমাঃ, অতএব সন্নজিহ্বাঃ (সন্নাঃ অবসন্নাঃ বক্তুমসমর্থা জিহ্বা যেষা তে) মূর্দ্ধ্না কৃতাঞ্জলিপুটাঃ অধোক্ষজং (অধঃ অক্ষজং ইন্দ্রিয়জং জ্ঞান যস্মাৎ তং ভগবন্তং উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

ব্রহ্মেন্দ্রত্র্যক্ষা নায়কা মুখ্যা যেষাং তে ॥ ১৯ ॥

হতরুচঃ তিরস্কৃতপ্রভাঃ। সন্নজিহ্বাঃ গদ্গদবাচঃ। সসাধ্বসাঃ তন্মহিম্না ক্ষুভিতচিত্তাঃ। উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ব্রহ্মেন্দ্রত্র্যক্ষা নায়কা যেষাং তে ॥ ১৯ ॥

সন্নজিহ্বাঃ সগদ্গদবাচঃ। সসাধ্বসাঃ সাধ্বসমা ক্ষুভিতচিত্তাঃ মূর্দ্ধ্না মূর্দ্ধ্নি ॥ ২০ ॥

তাদৃশ অপূর্ব্ব বেশভূষাবিশিষ্ট ভগবানকে সমীপে আগত অবলোকন করিয়া ব্রহ্মা, ইন্দ্র ও রুদ্র প্রমুখ দেবতাগণ তৎক্ষণাৎ স্ব স্ব আসন হইতে উত্থিত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন ॥ ১৯ ॥

ভগবানের কান্তিতে তাঁহাদের প্রভা ম্লান হইয়া গেল; মনোগত অভিপ্রায় প্রকাশার্থ অগ্রসর হইলেও, সম্ভ্রমবশত তাঁহাদের বাঙ্‌নিষ্পত্তি হইল না; তখন সকলে অবনত মস্তকে কৃতাঞ্জলি হইয়া, তাঁহাকে স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২০ ॥

আভাস ।

ন্যায় নিকটবর্ত্তী হইয়াই যেন মুখকমলকে বিকসিত করিয়াছে বটে, এবং আভরণের শোভায় ভগবানকে অপূর্ব্বরূপে পরিচিত করিয়াছে বটে, কিন্তু এ সমস্ত কেবল ভগবানের সৌন্দর্য্যের পরিচয়ার্থ নহে; জীবের চিত্ত তাঁহার প্রতি সম্পূর্ণরূপে আকৃষ্ট হইবার নিমিত্ত মাত্র। সংসারে যত প্রকার ভোগসুখ পাইবার সম্ভাবনা আছে, তাহার মূল বীজ ভগবানের অঙ্গে শোভা পাইতেছে; তাহারই পরিচয়ার্থে তাঁহার অঙ্গে আভরণের কল্পনা। নতুবা যিনি ভূষণেরও ভূষণস্বরূপ তাঁহার আবার ভূষণের প্রয়োজন কি? হস্তসমূহে আয়ুধাদির যোগে প্রকাশ করিয়াছেন যে, সংসারী জীব! যদি তাঁহার শরণাগত হও। তাহা হইলে তোমার শত্রুকুল ঐ

অপ্যর্ব্বাগ্‌বৃত্তয়ো যস্য মহিত্বাত্মভুবাদয়ঃ।
যথামতি গৃণন্তিস্ম কৃতানুগ্রহবিগ্রহং ॥ ২১ ॥
দক্ষো গৃহীতার্হণসাদনোত্তমং যজ্ঞেশ্বরং বিশ্বসৃজাং পরং গুরুং।

অন্বয়ঃ।

আত্মভুবাদয়ঃ অপি যদ্যপি যস্য মহিত্বে মহিমাবিষয়ে অর্ব্বাগ্‌বৃত্তয়ঃ (অর্ব্বাক্ অধঃ বৃত্তিঃ চিত্তবৃত্তিঃ যেষাং তে তথাপি কৃতানুগ্রহবিগ্রহং (কৃতঃ প্রকটীকৃতঃ অনুগ্রহেণ বিগ্রহঃ যেন তং) যথামতি গৃণন্তি স্ম তুষ্টুবুঃ ॥ ২১ ॥

দক্ষঃ প্রযতঃ একাগ্রচিত্তঃ, কৃতাঞ্জলিঃ সন্ মুদা হর্ষেণ, (বচসা) গৃণন্ গৃহীতার্হণসাদনোত্তমং (গৃহীতানি পূজ্যতমত্বাং অনেকত্র স্বীকৃতানি অর্হণানি সাদনোত্তমানি পাত্রশ্রেষ্ঠানি যেন ত)

শ্রীধরস্বামী।

যস্য মহিমানং প্রতি তু অর্ব্বাগেব বৃত্তির্যেষাং তেঽপি যথামতি গৃণন্তিস্ম অস্তুবন্ কৃতঃ প্রকটীকৃতঃ অনুগ্রহার্থং বিগ্রহো যেন তং যদ্বা তেষাং অর্ব্বাগ্‌বৃত্তিত্বে হেতুঃ। তেতু যস্য মহিমানো বিভূতিমাত্ররূপা ইত্যর্থঃ ॥ ২১ ॥

তত্র তাবদক্ষঃস্তিপ্রকারমাহ দক্ষ ইতি। গৃহীতমর্হণসাদনোত্তমং যেন তং। উত্তমে পাত্রে আসনাদ্যর্হণেষু সমর্পিতেষু প্রীত্যা সার্হণং পাত্রমেব যেন গৃহীতমিত্যর্থঃ। যদ্বা কথং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহিত্বং মহিমানং প্রতি তু অর্ব্বাগেব বৃত্তির্যেষাং তেঽপি ॥ ২১ ॥

ব্রহ্মাদি লোকপালগণেরও চিত্ত যাঁহার মহিমা অবধারণে সক্ষম হয় না, সেই বিশ্ব-বিমোহনকারী ভগবান্ কেবল অনুগ্রহ প্রকাশ-পূর্ব্বক বিগ্রহ ধারণে আবির্ভূত হইলে, যজ্ঞস্থলে সমবেত ব্রহ্মাদি সকলেই স্ব স্ব ভাবানুরূপ উক্তিতে তাঁহার স্তব করিয়াছিলেন ॥ ২১ ॥

প্রজাপতি দক্ষ কৃতাঞ্জলি হইয়া, একাগ্রতা সহকারে ও আনন্দপূর্ণহৃদয়ে

আভাস।

অস্ত্রে নিহত হইবে এবং যদি তাঁহাকে বিস্মৃত হইয়া বিষয়ে বিমুগ্ধ হও, ঐ সকল অস্ত্রযোগ প্রতিনিয়ত খণ্ডিত বিখণ্ডিত হইতে থাকিবে; সন্দেহ নাই। লক্ষ্মী মেধা কান্তি পুষ্টি তুষ্টি প্রভৃতি যাবতীয় প্রার্থনীয় ভাব এবং চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র প্রভৃতি যাবতীয় দৃশ্য পদার্থ সেই ভগবদঙ্গেই শোভা পাইতেছে এবং তাঁহারই অব্যর্থ আজ্ঞা প্রতিপালনে এই চরাচর বিশ্ব সংসার চালিত হইতেছে; নৈসর্গিক কোন ভাবই যখন তাঁহার আজ্ঞা উল্লঙ্ঘনে সমর্থ নহে, তখন অতি সামান্য দিনের জন্য ভজনোপযোগী দেহ লাভ করিয়া, বৃথায় কালক্ষেপ করা জীবের পক্ষে কখনই কর্ত্তব্য নহে ॥ ১৭—২০ ॥

শ্রীহরির তাদৃশ রূপ দর্শনে সকলেই চমৎকৃত হইলেন এবং দক্ষযজ্ঞ বিনষ্ট হওয়ায় তত্রস্থ সকলেই যেন অপ্রতিভ হইয়া স্ব স্ব অপরাধ ক্ষালনার্থ পৃথক্‌ভাবে ভগবানের স্তব করিয়া-

সুনন্দ নন্দাদ্যনুগৈর্বৃতং মুদা গৃণন্ প্রপেদে প্রযতঃ কৃতাঞ্জলিঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

যজ্ঞেশ্বরং বিশ্বসৃজাং ব্রহ্মাদীনাং অপি পরং গুরুং হিতোপদেষ্টারং, সুনন্দনন্দাদ্যনুগৈঃ বৃতং বিষ্ণুং প্রপেদে শরণং জগাম ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

প্রপেদে গৃহীতমর্হণসাদনোত্তমং যথা ভবতি তথা তদ্গৃহীত্বা প্রপেদ ইত্যর্থঃ। গৃহীত্বেতি পাঠস্তু সুগমঃ। গৃণন্ স্তবন্ প্রপেদে শরণং জগাম। দক্ষ ঋত্বিক্ সদস্যেশভৃগুব্রহ্মেন্দ্রযোষিতঃ। ঋষয়শ্চ তথা সিদ্ধা যজমানীচ লোকপাঃ। যোগি ব্রহ্মাগ্নিদেবাশ্চ স্তুবন্তি জগদীশ্বরং। তথা গন্ধর্ববিদ্যাধ্রব্রাহ্মণাশ্চ পৃথক্ মতৈঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহীতমর্হণসাদনোত্তমং যত্র তদ্যথাস্যাত্তথা সাদনং পাত্রং গৃহীত্বেতি চ পাঠঃ ॥ ২২ ॥

বিবিধ পূজাদ্রব্য ও পাত্রাদি লইয়া সেই সুনন্দনাদি-পরিবেষ্টিত ব্রহ্মাদির পরমগুরু বিষ্ণুর শরণাগত হইয়া, স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২২ ॥

আভাস।

ছিলেন। ভগবানকে দর্শন করিয়া দক্ষরাজের আর আনন্দের সীমা রহিল না; যাঁহার কণামাত্র কৃপাকটাক্ষ লাভের জন্য তাঁহার এত আয়োজন, সেই পূর্ণব্রহ্ম সনাতন হৃষীকেশ সাক্ষাতে পরিদৃষ্ট হইয়াছেন, জানিয়া বিস্মিত হইলেন। তিনি দেখিলেন যে, তাঁহার যজ্ঞ পণ্ড হইয়াছে বলিয়া যে লোকপ্রতীতি ঘটিয়াছে, সে কেবল কল্পনা মাত্র। কারণ যজ্ঞে প্রদত্ত সমস্ত সামগ্রীই ভগবান্ যে গ্রহণ করিয়াছেন, তাহা তিনি স্পষ্টত দেখিতে পাইলেন। অতএব ব্রহ্মরুদ্রাদিরও পরম দেবতাজ্ঞানে দক্ষ প্রজাপতি হৃষীকেশকে স্তব করিতে লাগিলেন ॥ ২১ ॥ ২২ ॥

দক্ষ জানিতেন যে, রুদ্রই সাক্ষাৎ পরম ব্রহ্ম; ব্রহ্মার পুত্র বলিয়া তিনি যে পরিচয় দেন, সে কেবল জীবত্বের অনুকরণে মাত্র; অতএব ভেদদৃষ্টি বশত সদাশিবকে অবজ্ঞা করায় তাঁহার নিতান্ত গর্হিতাচরণেরই পরিচয় দেওয়া হইয়াছে। এক্ষণে ভগবৎস্বরূপের সন্দর্শনে তাঁহার সে আশঙ্কা অপনীত হইল। তিনি বলিলেন, হে পরমকারুণিক! জীববেশে নাট্য করা, এক তোমারই উত্তমরূপ সাজিয়াছে! এরূপ সুশৃঙ্খলা আর কাহাতেও অনুভূত হয় না। প্রকৃত প্রস্তাবে একাকী আপনি মাত্র যথেচ্ছাক্রমে মায়াবস্ত্র পরিধান পূর্ব্বক, স্থাবর জঙ্গমাত্মক বিবিধরূপে পরিলক্ষিত হইতেছেন। নট যেমন বেশমাত্র গ্রহণে বৎসরাজ, যুধিষ্ঠির ও রামচন্দ্র-রূপে রঙ্গমঞ্চে বিবিধ নাট্যক্রিয়া প্রদর্শন করে, অথচ স্বরূপত তাহার ভেদ হয় না। বেশের অন্তরে বা বেশ পরিত্যাগেও তাহার স্বরূপের কোন হানিও হয় না, তদ্রূপ হে জগজ্জীবন! আপনি শঙ্কর ও বিরিঞ্চি প্রভৃতি বিবিধ মূর্ত্তিতে আবির্ভূত হইলেও স্বরূপত চিৎস্বরূপেই নিত্য বিরাজিত থাকেন। জীবত্ব-লাভে জ্ঞানের যে সকল বৃত্তি হয়, আপনাতে তাহার লেশমাত্র

দক্ষ উবাচ ॥

শুদ্ধং স্বধাম্ন্যুপরতাখিলবুদ্ধ্যবস্থং চিন্মাত্রমেকমভয়ং প্রতিষিধ্য মায়াং।

অন্বয়ঃ।

দক্ষঃ উবাচ। ভবান্ মায়াং (কার্য্যকারণাত্মকপ্রপঞ্চরূপেণ ক্রীড়নেচ্ছাং) প্রতিষিধ্য উপসংহৃত্য, স্বধাম্নি স্বরূপে, নিজলোকে বা তিষ্ঠন্ শুদ্ধং অপাপবিদ্ধং, উপরতাখিলবুদ্ধ্যবস্থং (উপরতা নিত্যনিবৃত্তা অখিলা বুদ্ধ্যবস্থা যস্মাৎ) অতঃ একং অদ্বিতীয়ং, অভয়ং শোকাদিহীনং,

শ্রীধরস্বামী।

ননু সাক্ষাৎ পরমেশ্বর এব রুদ্র স্তস্য তু ব্রহ্মপুত্রত্বেন জীবত্বমনুকরণমাত্রং হন্ত কিমিতি তয়া ভেদদৃষ্ট্যাহসাববজ্ঞাত ইতি মাং ভগবানাক্ষেপ্স্যতীতি আশঙ্ক্য অপ্রচ্যুতস্বরূপস্য জীবধর্ম্মনাট্যং তবৈব সংগচ্ছতে নান্যস্যেত্যাহ শুদ্ধমিতি। স্বধাম্নি স্বস্বরূপে তিষ্ঠন্ ভবান্ শুদ্ধং চিন্মাত্রং চৈতন্যঘনঃ শুদ্ধত্বে হেতুঃ উপরতা নিত্যনিবৃত্তা অখিলা বুদ্ধ্যবস্থা যস্মাৎ। অত একং ভেদশূন্যং অতএবাভয়ং দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতীতি শ্রুতেঃ। জীবস্যাপি বস্তুত এবম্ভূতত্বাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুদ্ধং চিন্মাত্রমেব ভবান্মায়াং প্রতিষিধ্য স্বধাম্নি স্বরূপে তিষ্ঠন্নেব ভবান্ তয়ৈব মায়য়া পুরুষত্বং মনুষ্যনাট্যমুপেত্য তস্যাং মায়ায়াং রামকৃষ্ণাদ্যবতারেষু অপরিশুদ্ধ ইব রাগাদিমানিবাস্তে অতস্তমেবেশ্বরোবিদ্যোপাধিরন্যে ত্ববিদ্যোপাধয়ো রুদ্রাদ্যা স্তদ্দৃষ্ট্যা মনুষ্যনাট্যং কুর্ব্বন্তোহপ্যভিনেতুং ন জানন্তি। শ্বশুরে ময়ি সভায়ামাত্মারামত্বং প্রকাশিতবন্তঃ ত্বন্তু শ্বশুরং সত্রাজিতং মৃতং শ্রুত্বা অহো নঃ পরমং কষ্টমিত্যশ্রাক্ষৌ বিলেপতুরিতি সত্যভামাসন্নিধৌ সরামএবারোদীরিতি তেন কিং তবাত্মারামত্বং প্রচ্যুতমিতি। ভবানেবাখিলকলাবিচক্ষণ ইতি পুনরপি

দক্ষ কহিলেন, কার্য্যকারণভাবে প্রতীত এই জগতেররূপে ক্রীড়নের ইচ্ছারূপা মায়াকে উপসংহার করত শোকাদিশূন্য আনন্দচিদেকবিগ্রহ, জ্ঞানপরিণামহীন অভয় ব্রহ্মস্বরূপেই কার্য্যান্তে যিনি অবস্থিত থাকেন, সেই আপনিই

আভাস।

অনুভূত না হইলেও কোন বৃত্তি আপনার অজ্ঞাতসারে ঘটিতে পারে না; আপনি সর্ব্বজ্ঞেরও সর্ব্বজ্ঞ। কামনাই চিত্তে বৃত্তির উদ্রেক করে; নিষ্কামচিত্তে দর্পণ-সন্নিহিত প্রতিবিম্বের ন্যায় অবভাসমান বস্তুরূপ কখন বৃত্তিরূপে পরিণত হয় না। বৃত্তি চিত্তকে তন্নিষ্ঠ করিয়া ভাবান্তর হইতে পরিহৃত করে; বিশুদ্ধ জ্ঞান কখন বস্তুর যাথার্থ্য অবধারণ করিয়াও চিত্তকে তদ্ভাবে ভাবিত করায় না। আপনার জ্ঞান নির্হেতুক ও ভাবান্তরশূন্য। সুতরাং প্রকৃত মঙ্গলময় এক আপনি মাত্র। কারণ আপনি অদ্বিতীয়। হে ভগবন্! আপনি ব্যতীত যে কিছু মায়াময় প্রপঞ্চ পরিদৃষ্ট হয়, সকলই ক্ষণভঙ্গুর ও গুণময়। কথিত আছে, "সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং। এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ"। দ্বৈত পদার্থ বিষয়াদিতে বশীভূত হওয়াই দুঃখ এবং তৎপরিত্যাগে আত্মার বশীভূততায় অবস্থান

তিষ্ঠংস্তয়ৈব পুরুষত্বমুপেত্য তস্যামাস্তে ভবানপরিশুদ্ধ ইবাত্মতন্ত্রঃ ॥ ২৩ ॥

ঋত্বিজ উচুঃ ॥

তত্ত্বং ন তে বয়মনঞ্জন রুদ্রশাপাৎ কর্ম্মণ্যবগ্রহধিয়ো ভগবন্ বিদামঃ।

অন্বয়ঃ।

চিন্মাত্রং (চৈতন ঘনং যদ্ব্রহ্ম তদ্রূপোঽপি) পুনঃ তস্যাং মায়ায়াং, তয়া ইচ্ছয়া এব পুরুষত্বং (প্রকৃত্যধিষ্ঠাতৃত্বং অন্তর্যামিত্বং বিরাট্রূপত্ব) উপেত্য অঙ্গীকৃত্য, আত্মতন্ত্রঃ অপি অপরিশুদ্ধঃ বিকারবান্ পরিচ্ছিন্ন ইব আস্তে ভাসতে ॥ ২৩ ॥

ঋত্বিজঃ উচুঃ। হে অনঞ্জন রাগদ্বেষাদিশূন্য! রুদ্রশাপাৎ নন্দীশ্বরশাপাৎ, কর্ম্মণি এব

শ্রীধরস্বামী।

তয়ৈবসঙ্কল্পার্থমুক্তং মায়াং প্রতিবিম্ব্য অভিভূয় স্বতন্ত্র এব সন্ তয়া মায়য়া পুরুষত্ব মনুষ্যনাট্যং উপেত্য তস্যাং মায়য়া তিষ্ঠন্ অপরিশুদ্ধ ইব রাগাদিমানিবাস্তে। রামকৃষ্ণাদ্যবতারেষু তথা প্রতীয়তে ভবানিত্যর্থঃ অন্যে তু বিদ্যোপাধয়ো মায়াভিভূতাঃ সংসরন্তি অতস্তমেবেশ্বরো ন রুদ্রাদয় ইতি ভাবঃ। অতএব ইমা ভেদদৃষ্টিং ভগবান্ নারয়িষ্যতি। অহং ব্রহ্মা চ সর্ব্বশ্চ জগতঃ কারণং পরমিত্যাদিনা ॥ ২৩ ॥

ঋত্বিজোঽপি স্বস্যাপরাধং পরিহরন্তঃ স্তুবন্তি। ভো অনঞ্জন উপাধিমলশূন্য! যদ্যপি ত্বমেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীরুদ্রে কটাক্ষঃ শ্রীরুদ্রাপরাধশেষেণৈব ভগবদ্বিগ্রহে মায়িকত্ববুদ্ধিরপীতি জ্ঞেয়ং। কিঞ্চ স্বধাম্নি বৈকুণ্ঠে তিষ্ঠন্নেব তয়ৈব মায়য়া সহিতঃ পুরুষত্বং মহৎস্রষ্টৃরূপং উপেত্য তস্যাং মায়ায়াং মায়িকেষু সমষ্টিব্যষ্টিষু চ আস্তে অন্তর্যামিরূপেণ বসতি। যদুক্তং বিষ্ণোস্ত ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ। একন্তু মহতঃ স্রষ্টৃ দ্বিতীয় ত্বণ্ডসংস্থিতং। তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যত ইতি। অপরিশুদ্ধ ইব নত্বপরিশুদ্ধঃ মায়ায়াং স্থিতোঽপি তৎসম্বন্ধাভাবাদিত ভাবঃ। ইতি তু শাস্ত্রবার্থো জ্ঞেয়ঃ ॥ ২৩ ॥

হে অনঞ্জন মায়োপাধিরহিত নন্দীশ্বরশাপাৎ কর্ম্মণি দুরাগ্রহধিয়ো বয়মপি ন বিদ্মো দক্ষঃ

আবার উক্ত ঘটনাপটীয়সী মায়াকে আশ্রয় করত প্রকৃতির অধিষ্ঠানকর্ত্তা, অন্তর্যামী ও বিরাট্রূপ স্বীকার করত নিজে স্বতন্ত্র হইলেও বিকারবান্ ও পরিচ্ছিন্নের ন্যায় প্রতীত হইতেছেন। ২৮।

ঋত্বিকগণ বলিলেন, হে নিত্যনিরঞ্জন! আপনি রাগদ্বেষাদিবর্জ্জিত

আভাস

করাই সুখ। সেই আত্মার সার সর্ব্বস্ব পরমাত্মাই এক আপনি; সুতরাং পরম সুখ এক আপনাতেই নিত্য বিরাজমান। জীব মায়ায় আচ্ছন্ন ও রাগাদিবিশিষ্ট; আপনি মায়ার অতীত। মায়া আপনার অধীন। সুতরাং মায়া অবলম্বনে নটের ন্যায় রামকৃষ্ণাদিরূপে আপনি অবতীর্ণ হইলেও স্বরূপত আপনাতে কোন ভেদ নাই; আপনি নিত্য সত্য বুদ্ধ মুক্ত পরমাত্মা ॥ ২৩ ॥

ধর্ম্মোপলক্ষণমিদং ত্রিবিদধ্বরাখ্যং জ্ঞাতং যদর্থমধিদৈবমদো ব্যবস্থাঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অবগ্রহঃ আগ্রহঃ যস্যাঃ সা তথাভূতা ধীঃ বুদ্ধিঃ যেষাং তে) বয়ং তে তব তত্ত্বং স্বরূপং ন বিদামঃ বিদ্মঃ, কিন্তু ইদং ধর্ম্মোপলক্ষণং (ধর্ম্মস্য উপলক্ষণং জনকং) ত্রিবিৎ বেদত্রয়ী-প্রতিপাদ্যং অধ্বরাখ্যং হে ভগবন্! অস্মাভিঃ জ্ঞাতং; যদর্থং (যস্য অধ্বরস্য সিদ্ধয়ে) অদঃ অধিদৈবং ইদং ইন্দ্রাদ্যধিদৈবরূপং, ব্যবস্থাঃ বিশেষেণ আস্থিতবান্ অসি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

রুদ্রাদিদেবতারূপঃ তথাপি নন্দীশ্বরশাপাৎ কর্ম্মণ্যেব দুরাগ্রহধিয়ঃ সন্তঃ তব তত্ত্বং ন বিদ্মঃ কিন্তু ধর্ম্মস্যাপ্যুপলক্ষণভূতং ত্রিবিৎ ত্রয়ীপ্রতিপাদ্যং অধ্বরাখ্যং তব রূপং অস্মাভির্জ্ঞাতং কীদৃশং যদর্থং যস্য সিদ্ধয়ে অধিদৈবং দেবতাধিকরণে অদো ব্যবস্থাঃ অনুস্যূবস্থাঃ। অত্র ইয়মেব দেবতা নান্যেত্যেবংভূতা নিয়মা ইত্যর্থঃ। যদ্বা ব্যবস্থা ইত্যাখ্যাতং অড়াগমাভাব আর্ষঃ যদর্থং অদঃ ইদং ইন্দ্রাদ্যধিদৈবরূপং বিশেষেণ আস্থিতবানসীত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথং জ্ঞাস ভীতি দক্ষে কটাক্ষঃ। তর্হি কিং জানাথেতি তত্রাহুঃ। ধর্ম্ম উপলক্ষ্যতেঽনেনেতি তৎ ত্রিবৃৎ ত্রয়ীপ্রতিপাদ্যং অধ্বরাখ্যং তব স্বরূপমেব জ্ঞাতমস্মাভিঃ। যদর্থং যস্য নির্দ্ধয়ে অধিদৈবং দেবাধিকরণে অদো ব্যবস্থা ইয়মত্র দেবতেত্যেবমনুব্যবস্থা ভবন্তি ॥ ২৪ ॥

হইলেও নন্দীশ্বরের অভিসম্পাত বশত আমাদের বুদ্ধি নিরন্তর কর্ম্মবশবর্ত্তী হওয়ায়, আপনার স্বরূপতত্ত্ব কোন মতে অবধারণে সক্ষম হইতেছি না। আমরা যদিও এই ধর্ম্মপ্রতিপাদক বেদপ্রতিপাদ্য যজ্ঞাদি কর্ম্মে অভিনিবিষ্ট হইতেছি, কিন্তু হে ভগবন্! এই যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্রাদিরূপে যে আপনিই একাকী বিরাজ করিতেছেন, তাদৃশ আপনার পরম ভাবকে আমাদের চিত্ত অবধারণে সক্ষম হইতেছে না। ২৪।

আভাস।

ঋত্বিক্‌গণ নিজের অপরাধ ক্ষমাপনার্থ স্তব করিয়া বলিলেন, হে সর্ব্বোপাধিশূন্য নিরঞ্জন ভগবন্! রুদ্রাদি দেবতারূপে যদিও আপনি আত্মপরিচয় দিতেছেন, তথাপি নন্দীশ্বরের অভিসম্পাতে আমরা অজ্ঞানান্ধ হইয়া, কেবল যজ্ঞ ও তদধিষ্ঠাত্রী দেবতাগণেরই অনুসরণ করিতেছি, কিন্তু সর্ব্বদেবময়রূপে আপনিই যে যজ্ঞপতি, তাহা অবধারণের যোগ্যতা আমাদের হৃদয় হইতে অন্তর্হিত হইয়াছে ॥ ২৪ ॥

এই ভয়ঙ্কর সংসারপথে পতিত জীবনিচয় কামান্ধ হইয়া যে কতই যাতনা ভোগ করিতেছে, তাহা বর্ণনাতীত। এই সংসার অতীব ভীষণস্থান; ইহা পলকের মধ্যে ধ্বংসের গভীর গহ্বরে নিপাতিত হইয়া, তীব্র প্রলয়ের যোজনা করিতেছে। এপথে গমনকালে জীব

সদস্যা ঊচুঃ ॥

উৎপত্ত্যধ্বন্যশরণ উরুক্লেশদুর্গেঽন্তকোগ্র-
ব্যালান্বিষ্টে বিষয়মৃগতৃষ্ণাত্মগেহোরুভারঃ।

অন্বয়ঃ।

ভগবত্ত্বেনানন্দপূর্ণোঽপি সর্ব্বাত্মত্বেন সর্ব্বভাগভুগপি স্বেন ভাগেন প্রীয়মাণ ইবেতি রুদ্রা-পরাধিত্বান্ন বস্তুতঃ প্রীতঃ। হে অনঘেতি নিরপরাধিন্যেব ভগবান্ প্রীণাতীত্যত্র ত্বমেব প্রমাণ-মিতি ভাবঃ ॥ ৪৬ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর ! ইন্দ্রিয়াধিষ্ঠাতা সর্ব্বান্তর্যামী সর্ব্বদর্শী ও সর্ব্বসমর্থ যজ্ঞেশ্বর বিষ্ণু, দক্ষাদি কর্ত্তৃক এই প্রকারে অভিবন্দিত হইয়া, বীর-ভদ্রকর্ত্তৃক বিনষ্ট যজ্ঞকে পুনঃ প্রতিষ্ঠিত করিলেন ॥ ৪৫ ॥

হে পবিত্রচেতা বিদুর ! ভগবান্ সর্ব্বভূতের অন্তরাত্মা, সুতরাং যাঁহারই উদ্দেশে যে কোন যজ্ঞভাগ প্রদত্ত হয়, সকলই তাঁহাতে সমর্পিত হয়, সন্দেহ নাই। সে যাহা হউক্ ! তিনি নিজ ভাগে পরিতুষ্ট হইয়া, প্রজাপতি দক্ষকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৪৬ ॥

হে প্রজাপতে ! এই জগতের পরম কারণ, উপাদান, নিয়ামকস্বরূপ ঈশ্বর,

আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ংদৃগবিশেষণঃ ॥ ৪৭ ॥
আত্মমায়াং সমাবিশ্য সোঽহং গুণময়ীং দ্বিজ।
সৃজন্ রক্ষন্ হরন্ বিশ্বং দধ্রে সংজ্ঞাং ক্রিয়োচিতাং ॥ ৪৮ ॥
তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি।

অন্বয়ঃ।

(উৎপাদকঃ নিয়ামকঃ চ ইতি নিমিত্তকারণং) উপদ্রষ্টা সাক্ষী স্বয়ংদৃক্, স্বয়ংপ্রকাশকশ্চ, অবিশেষণঃ সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তঃ, চ যঃ অহং সঃ এব ব্রহ্মা, শর্ব্বঃ, রুদ্রঃ চ (ন অস্মাকং ভেদোঽস্তি ॥ ৪৭ ॥

সঃ পরমকারণভূতঃ, অহং গুণময়ীং ত্রিগুণাং, আত্মমায়াং স্বাধীনাং প্রকৃতিং, সমাবিশ্য অধিষ্ঠায়, হে দ্বিজ! বিশ্বং সৃজন্ রক্ষন্ হরন্ তত্তৎক্রিয়োচিতাং সংজ্ঞাং দধ্রে ধারয়ামি ॥ ৪৮ ॥

তস্মিন্ সর্ব্বকারণে, ব্রহ্মণি ব্যাপকে, অদ্বিতীয়ে স্বজাতীয়াদিভেদরহিতে, কেবলে সর্ব্বসঙ্গ-

শ্রীধরস্বামী।

যোঽহং জগতঃ কারণং আত্মা চেশ্বরশ্চ উপদ্রষ্টা সাক্ষীচ স্বপ্রকাশশ্চ নিরুপাধিশ্চ সএব ব্রহ্মাচ শর্ব্বশ্চেত্যন্বয়ঃ ॥ ৪৭ ॥

কুত ইত্যত আহ অহমেবাত্মমায়ামধিষ্ঠায় জগৎসৃষ্ট্যাদি কুর্ব্বন্ সচ সচ সন্ ক্রিয়োচিতাং সংজ্ঞাং ধারয়ামি ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাপুনরপরাধং কার্ষীরিতি হিতমুপদিশতি অহমিতি। স্বয়ংদৃক্ স্বপ্রকাশঃ অবিশেষণঃ ত্রয়াণামস্মাকং নাস্তি বিশেষ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

নমু পরমেশ্বরঃ খল্বেক এব সচ ভবানেব শাস্ত্রেষূচ্যত ইতি তত্রাহ আত্মেতি সমাবিশ্যাধিষ্ঠায় স প্রসিদ্ধো গুণাতীত এক এবাহং ক্রিয়াঃ সৃষ্টিস্থিতিসংহৃতয় স্তাসু সমুচিতাং সংজ্ঞাং স্রষ্টেতি পালক ইতি সংহর্ত্তেত্যাখ্যাং ॥ ৪৮ ॥

সর্ব্বদ্রষ্টা, স্বয়ংপ্রকাশ এবং সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্ত আমি; ব্রহ্মা ও শঙ্কর আমার অপেক্ষা কোন অংশে ন্যূন নহেন। আমরা তিন জনেই এক; আমাদের পরস্পরের মধ্যে কোন ভেদ নাই ॥ ৪৭ ॥

আমি নিজের অধীনে স্থিতা গুণময়ী প্রকৃতিকে আশ্রয় করিয়া, হে দ্বিজ! এই বিশ্ব সংসারের সৃষ্টি, পালন ও সংহারকার্য্য সাধিত করিতেছি। সুতরাং কার্য্য ও গুণ অনুসারে একাকী আমিই রজোগুণের দ্বারা উৎপত্তি-কার্য্যে ব্রহ্মা, সত্ত্বগুণের দ্বারা পালন-কার্য্যে বিষ্ণু এবং তমোগুণের দ্বারা সংহার-কার্য্যে শঙ্কর, এই নামত্রয়ে একাকী আমিই অভিহিত হইয়া থাকি ॥ ৪৮ ॥

সর্ব্বকারণকারণ সর্ব্বব্যাপক, স্বগতও স্বজাতীয়াদি ভেদশূন্য, অদ্বিতীয়

ব্রহ্মরুদ্রৌচ ভূতানি ভেদেনাজ্ঞোঽনুপশ্যতি ॥ ৪৯ ॥
যথা পুমান্ন স্বাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ।
পারক্যবুদ্ধিং কুরুত এবং ভূতেষু মৎপরঃ ॥ ৫০ ॥
ত্রয়াণামেকভাবানাং যো ন পশ্যতি বৈ ভিদাং।

অন্বয়ঃ।

বিনির্মুক্তে, পরমাত্মনি সর্ব্বান্তর্যামিণি ময়ি এব ব্রহ্মরুদ্রৌ ভিন্নৌ, ভূতানি চ ভিন্নানি ইতি অজ্ঞঃ ভেদেন অনুপশ্যতি ॥ ৪৯ ॥

পুমান্ প্রাণিবর্গঃ, যথা শিরঃপাণ্যাদিষু স্বাঙ্গেষু ক্বচিৎ পারক্যবুদ্ধিং স্বভেদবুদ্ধিং, ন কুরুতে এবং মৎপরঃ (অহং এব পরঃ পূজ্যঃ যস্য সঃ) মদ্ভক্তঃ ভূতেষু চরাচরাত্মকেষু, ভেদবুদ্ধিং ন করোতি ॥ ৫০ ॥

সর্ব্বভূতাত্মনাং (সর্ব্বাণি ভূতানি আত্মানঃ স্বরূপাণি যেষাং তেষাং) একভাবানাং ত্রয়াণাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাণাং বৈ ভিদাং ভেদং, যঃ ন পশ্যতি হে ব্রহ্মন্! সঃ শান্তিং অধিগচ্ছতি

শ্রীধরস্বামী।

তস্মিন্ কেবলে অদ্বিতীয়ে সমানাসমানজাতীয়ভেদরহিতে ব্রহ্মণি ময়ি ব্রহ্মরুদ্রৌ ভূতানিচ ভেদেনাজ্ঞঃ পশ্যতীত্যর্থঃ ॥ ৪৯ ॥

বিদ্বাংস্তু ভেদং ন পশ্যতীতি সদৃষ্টান্তমাহ যথেতি ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ব্রহ্মণো হিরণ্যগর্ব্ভত্বেন জীবত্বাৎ রুদ্রস্যেশ্বরত্বেঽপি গুণস্পর্শাৎ কথং তয়োস্ত্বদভেদ স্তত্র কৈমুত্যন্যায়েনাহ ব্রহ্মরুদ্রৌ চেতি ভূতানি জীবানপি অজ্ঞ এব ভেদেন পশ্যতি নতু বিজ্ঞঃ কিমুত ব্রহ্মরুদ্রৌ ভূতানাং মদীয়তটস্থশক্তিত্বাৎ ব্রহ্মরুদ্রয়োর্গুণাবতারত্বান্মদভেদ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

ভূতানিতু মদ্ভক্তোঽপি স্বাভেদেন পশ্যেদিত্যাহ স্বশিরঃপাণ্যাদিষু সুখদুঃখে যথা তথৈব সর্ব্বভূতেষ্বপি সুখদুঃখে পশ্যেদিত্যেব ভক্তানামভেদদর্শনমিত্যর্থঃ ॥ ৫০ ॥

সর্ব্বান্তর্যামী পরমাত্মস্বরূপ আমা হইতে পৃথক্‌ভাবে অবস্থিত বলিয়া ব্রহ্মা, রুদ্র এবং ভূতসমূহকে যাহারা মনে করে, তাহারাই প্রকৃত মূঢ় ও অজ্ঞানান্ধ, সন্দেহ নাই ॥ ৪৯ ॥

প্রাণিসমূহ যেমন শিরোহস্তাদি-বিশিষ্ট অঙ্গসমূহে আপনার পার্থক্য বোধ করে না, সেইরূপ যাঁহারা আমার পরমভক্ত, তাঁহারা কখন চরাচরাত্মক ভূতসমূহের মধ্যে পরমার্থত কোন ভেদদৃষ্টি করেন না ॥ ৫০ ॥

আমিই সর্ব্বভূতভাবে ও সর্ব্বস্বরূপে বিরাজ করিতেছি; ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রমূর্ত্তিতে একা আমিই জগৎকার্য্য সাধিত করিতেছি। এই অনন্তভাব সত্ত্বেও পরমার্থত মৎস্বরূপে যে ব্যক্তি কোন পার্থক্য অবলোকন করে না, সেই প্রকৃত

সর্ব্বভূতাত্মনাং ব্রহ্মন্ স শান্তিমধিগচ্ছতি ॥ ৫১ ॥
মৈত্রেয় উবাচ ॥
এবং ভগবতাদিষ্টঃ প্রজাপতিপতির্হরিং।
অর্চ্চিত্বা ক্রতুনা স্বেন দেবানুভয়তোঽযজৎ ॥ ৫২ ॥
রুদ্রঞ্চ স্বেন ভাগেন হ্যুপাধাবৎ সমাহিতঃ।
কর্ম্মণোদবসানেন সোমপানিতরানপি ॥ ৫৩ ॥
উদবস্য সহর্ত্বিগ্ভিঃ সস্নাববভৃথং ততঃ ॥ ৫৪ ॥

অন্বয়ঃ।

প্রাপ্নোতি ॥ ৫১ ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং উক্তপ্রকারেণ, ভগবতা আদিষ্টঃ উপদিষ্টঃ, প্রজাপতিপতিঃ (প্রজাপতীনাং পতিঃ দক্ষঃ) হরিং অর্চ্চিত্বা স্বেন ক্রতুনা ত্রিকপালেষ্ট্যা, অঙ্গরূপেণ প্রধান-রূপেণ চ দেবান্ অযজৎ অপূজয়ৎ ॥ ৫২ ॥

তথা সমাহিতঃ শিবে ভেদবুদ্ধিরহিতঃ, সন্ স্বেন যজ্ঞাবশিষ্টেন ভাগেন রুদ্রং চ হি নিশ্চিতং, উপাধাবং অপূজয়ৎ। (উদবস্যতে সমাপ্যতে অনেন ইতি উদবসানং তেন) উদ-বসানেন কর্ম্মণা ইতরান্ সোমপান্ অপি উপাধাবৎ ; ততঃ উদবস্য কর্ম্ম সমাপ্য, ঋত্বিগ্ভিঃ সহ অবভৃথং স্নানং সস্নৌ কৃতবান্ ॥ ৫৩ ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

তস্মাদেবমৈক্যং পশ্যন্ কৃতার্থো ভবতীত্যাহ। ত্রয়াণামেকো ভাবঃ স্বরূপং যেষাং ॥ ৫১ ॥

স্বেন ক্রতুনা ত্রিকপালেষ্ট্যা উভয়তোঽঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥

স্বেন ভাগেন যজ্ঞাবশিষ্টেন উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন কর্ম্মণা সোম-পানিতরানপি উপাধাবদিত্যনুষঙ্গঃ ॥ ৫৩ ॥

ততশ্চ উদবস্য কর্ম্ম সমাপ্য অবভৃথরূপং যথা ভবতি তথা স্নাতবান্ ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভেদদর্শনস্য ফলমাহ ত্রয়াণামিতি ॥ ৫১ ॥

প্রজাপতিপতির্দক্ষঃ উভয়তঃ অঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥

উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন ॥ ৫৩ ॥

উদবস্য সমাপ্য অবভৃথস্নানং চকারেত্যর্থঃ ॥ ৫৪ ॥

শান্তি লাভ করিয়া থাকে ॥ ৫১ ॥

মৈত্রেয় বলিলেন, প্রজাপতিগণের শ্রেষ্ঠ দক্ষ ভগবানের উপদেশে অনুষ্ঠিত ত্রিকপাল যজ্ঞের দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করিলেন এবং সামান্যত ও প্রধানত অন্যান্য সকল দেবতারই পূজা সম্পাদন করিলেন ॥ ৫২ ॥

তখন মহাদেবের প্রতি তাঁহার ভেদবুদ্ধি তিরোহিত হইল ; তিনি যজ্ঞা-

তস্মা অপ্যনুভাবেন স্বেনৈবাবাপ্তরাধসে।
ধর্ম্ম এব মতিং দত্ত্বা ত্রিদশাস্তে দিবং যযুঃ ॥
এবং দক্ষায়ণী হিত্বা সতী পূর্ব্বকলেবরং।
জজ্ঞে হিমবতঃ ক্ষেত্রে মেনায়ামিতি শুশ্রুম ॥ ৫৫ ॥
তমেব দয়িতং ভূয় আবৃঙ্‌ক্তে পতিমম্বিকা।
অনন্যভাবৈকগতিং শক্তিঃ সুপ্তেব পূরুষং ॥ ৫৬ ॥

অন্বয়ঃ।

স্বেনৈব অনুভাবেন ভগবদারাধনেন, অবাপ্তরাধসে প্রাপ্তসিদ্ধয়ে, তস্মৈ দক্ষায়, অপি ধর্ম্মে এব মতিং (ধর্ম্মে এব তে মতি র্ভবতু) ইতি বরং দত্ত্বা তে পূজিতাঃ ত্রিদশাঃ দেবাঃ, দিবং যযুঃ ॥

দাক্ষায়ণী দক্ষদুহিতা সতী, এবং পূর্ব্বকলেবরং হিত্বা হিমবতঃ পর্ব্বতাভিমানিদেবস্য, ক্ষেত্রে ভার্য্যায়াং, মেনায়াং জজ্ঞে জাতা, ইতি শুশ্রুম ॥ ৫৫ ॥

অম্বিকা তু ভূয়ঃ পুনশ্চ, সুপ্তা শক্তি পুরুষং ইব অনন্যভাবৈকগতিং তং এব দয়িতং পতিং মহাদেবং, আবৃঙ্‌ক্তে ভজতে স্ম ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী।

স্বেনৈবানুভাবেনাবাপ্তরাধসে প্রাপ্তসিদ্ধয়ে তস্মা অপি ॥ ৫৫ ॥

আবৃঙ্‌ক্তে ভজতেস্ম অনন্যভাবানামেকৈব গতির্যস্তং। প্রলয়কালে সুপ্তা শক্তিরীশ্বরমিব ॥ ৫৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মৈ দক্ষায় অবাপ্তরাধসে প্রাপ্তসিদ্ধয়ে ॥ মেনায়াং মেনকায়াং ॥ ৫৫ ॥

আবৃঙ্‌ক্তে ভজতেস্ম। ন বিদ্যতেঽন্যস্মিন্ ভাবো যস্যাঃ সা। একং গতিরূপং প্রলয়কালে

বশিষ্ট দ্রব্যসামগ্রীর দ্বারা ত্রিলোচনের পূজা করত, সমাপন কর্ম্মের দ্বারা অন্যান্য সোমপায়ী দেববৃন্দের অর্চ্চনা পূর্ব্বক যজ্ঞ সমাপন করিলেন এবং ঋত্বিগ্‌গণের সহিত অবভৃথ স্নান করিলেন ॥ ৫৩ ॥ ৫৪ ॥

ভগবদারাধনের দ্বারাই দক্ষের সিদ্ধিলাভ হইলেও "তোমার ধর্ম্মে মতি হউক্", এই বলিয়া পূজিত অমরগণ দক্ষকে বর প্রদান পূর্ব্বক স্বর্গধামে গমন করিলেন ॥

এদিকে দক্ষদুহিতা সতী পূর্ব্বকলেবর পরিত্যাগ পূর্ব্বক হিমাদ্রি-পর্ব্বতাধিষ্ঠিত দেবতার ঔরসে তৎপত্নী মেনকার গর্ব্ভে জন্মপরিগ্রহ করিয়াছিলেন, এইরূপ আমরা শ্রবণ করিয়াছি ॥ ৫৫ ॥

হে বিদুর! প্রসুপ্তা ও প্রলীনা শক্তি যেমন সৃষ্টিকালে পরমপুরুষকেই

এতদ্ভগবতঃ শম্ভোঃ কর্ম্ম দক্ষাধ্বরদ্রুহঃ।
শ্রুতং ভাগবতাচ্ছিষ্যাদুদ্ধবাম্মে বৃহস্পতেঃ ॥ ৫৭ ॥
ইদং পবিত্রং পরমীশচেষ্টিতং যশস্যমায়ুষ্যমঘৌঘমর্ষণং।
যো নিত্যদাকর্ণ্য নরোঽনুকীর্ত্তয়েদ্ধুনোত্যঘং কৌরব ভক্তিভাবতঃ ॥ ৫৮ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে দক্ষযজ্ঞসন্ধানং সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

অন্বয়ঃ।

দক্ষাধ্বরদ্রুহঃ দক্ষযজ্ঞনাশকস্য, ভগবতঃ শম্ভোঃ এতৎ পূর্ব্ববর্ণিতং কর্ম্ম চরিতং, মে ময়া, বৃহস্পতেঃ শিষ্যাৎ ভাগবতাৎ উদ্ধবাৎ শ্রুতং ॥ ৫৭ ॥

হে কৌরব! ইদং ঈশচেষ্টিতং (ঈশয়োঃ শিবস্য বিষ্ণোঃ চ চেষ্টিতং কর্ম্ম) পরং পবিত্রং অন্তঃকরণশোধকং, অঘৌঘমর্ষণং পাপসমূহনাশকং, যশস্যং যশঃপ্রদং, আয়ুষ্যং আয়ুষো বর্দ্ধনং, যঃ নরঃ নিত্যদা আকর্ণ্য ভক্তিভাবতঃ অনুকীর্ত্তয়েৎ সঃ আত্মনঃ অঘং দুঃখং, ধুনোতি নাশয়তি ॥ ৫৮ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তমোঽধ্যায় ॥

শ্রীধরস্বামী।

বৃহস্পতেঃ শিষ্যান্ময়া শ্রুতং ॥ ৫৭ ॥

পরং পবিত্রং য আকর্ণ্য তথানুকীর্ত্তয়েৎ স আত্মনঃ পরস্যাপি অঘং সংসারব্যসনং সর্ব্বদা ধুনোতি ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুপ্তা শক্তিং পুরুষমীশ্বরমসুপ্তমিব ॥

বৃহস্পতেঃ শিষ্যাদুদ্ধবাৎ সকাশাৎ ॥ ৫৬—৫৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আশ্রয় করেন, সেইরূপ অম্বিকাও অনন্যভক্তের একান্ত আশ্রয়, পরম প্রিয় পতি মহাদেবকেই পুনরায় ভজনা করিয়াছিলেন ॥ ৫৬ ॥

দক্ষযজ্ঞের বিনাশকারী ভগবান্ ত্র্যম্বকের আচরিত এই পূর্ব্ববর্ণিত বৃত্তান্তটী আমি বৃহস্পতির শিষ্য ভাগবতপ্রধান উদ্ধবের সমীপে শ্রবণ করিয়াছি ॥ ৫৭ ॥

হে বিদুর! এই পরম পবিত্র সর্ব্বপাপবিনাশন জগতে যশঃ ও পরমায়ু-বর্দ্ধক ভগবদাচরণের ব্যাপার যিনি শ্রবণ করত ভক্তিভরে নিত্য ইহার কীর্ত্তন

মৈত্রেয় উবাচ ॥

সনকাদ্যা নারদশ্চ ঋভুর্হংসোঽরুণির্যতিঃ।

নৈতে গৃহান্ ব্রহ্মসুতা হ্যাবসন্নূর্দ্ধরেতসঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। সনকাদ্যাঃ (সনকঃ সনন্দঃ সনাতনঃ সনৎকুমারঃ এতে চত্বারঃ) নারদঃ ঋভুঃ হংসঃ অরুণিঃ যতিঃ এতে হি পঞ্চ ব্রহ্মপুত্রাঃ চ ঊর্দ্ধরেতসঃ (জন্মতঃ এব নৈষ্ঠিকব্রহ্মচারিণঃ জাতাঃ) অতঃ গৃহান্ ন আবসন্ (তেষাং সর্গো ন জাতঃ) ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দক্ষকন্যান্বয়ে প্রাপ্তা দক্ষযজ্ঞকথোদিতা।

মনুপুত্রান্বয়ে প্রাপ্তা ধ্রুবচর্য্যাথ পঞ্চভিঃ ॥

অষ্টমে গুরুদারোক্তিরোষমংসরতঃ পুরাৎ।

নির্গতেন ধ্রুবেণাহ তপসা তোষণং হরেঃ ॥ * ॥

এবং তাবন্মনুকন্যান্বয়োক্ত্যেব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণাং বংশা বর্ণিতাঃ। তত্রাবশিষ্টং কিঞ্চিদাহ সনকাদ্যা ইতি। নাবসন্ নাশ্রিতাঃ ঊর্দ্ধরেতসো নৈষ্ঠিকাঃ অতস্তেষাং বংশো-নাস্তি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিমাতু র্বাগ্বিষপ্লুষ্টো মাতুর্বাগমৃতাপ্লুতঃ।

ধ্রুবোঽষ্টমে মধুবনে তপসা তোষয়দ্ধরিং ॥ * ॥

তদেবং মনোঃ কন্যাবংশোক্ত্যৈব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণামপি বংশা বর্ণিতাঃ। ইদানীং তস্য পুত্রবংশে বক্তব্যেঽপি লাঘবাদবশিষ্টানাং ব্রহ্মপুত্রাণাং বংশজিজ্ঞাসায়ামাহ। সনকাদ্যা ইতি ॥ ১ ॥

করেন, তিনি সকল পাপ হইতে নির্ম্মুক্তি লাভে সংসারদুঃখ হইতে অব্যাহতি লাভ করেন, সন্দেহ নাই ॥ ৫৮ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের সপ্তমাধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় মুনি তখন বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বৎস! সনক সনন্দ সনাতন ও সনৎকুমার; নারদ, ঋভু, অরুণি, এবং যতি ইহাঁরা সকলে ব্রহ্মার পুত্র; ইহাঁরা জন্ম হইতেই নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য অবলম্বনে ঊর্দ্ধরেতা ছিলেন; কখন দারপরিগ্রহ করেন নাই; সুতরাং তাঁহাদের আর কোন বংশ ছিল না ॥ ১ ॥

আভাস।

অষ্টমাধ্যায়ে বিমাতার দুর্ব্বাক্যে রোষ বশতঃ মৎসরী হইয়া পুর হইতে নির্গমন পূর্ব্বক ধ্রুবের তপস্যা এবং তদ্দ্বারা ভগবান্ হরির পরিতোষণ ॥

মৃষা ধর্ম্মস্য ভার্য্যাসীদ্দম্ভং মায়াঞ্চ শত্রুহন্।
অসূত মিথুনং তত্তু নির্ঋতি র্জগৃহেঽপ্রজাঃ॥ ২॥
তয়োঃ সমভবল্লোভো নিকৃতিশ্চ মহামতে।
তাভ্যাং ক্রোধশ্চ হিংসাচ যদ্দুরুক্তিঃ স্বসা কলিঃ॥ ৩॥

অন্বয়ঃ।

হে শত্রুহন্ বিদুর! অধর্ম্মস্য ভার্য্যা মৃষা মিথ্যাভাষণরূপা, সা দম্ভং (পরপ্রতারণাত্মকং পুত্রং, কন্যাং চ) মায়াং ইতি মিথুনং যুগ্মং, অসূত। তৎ তু মিথুনং অপ্রজাঃ অপুত্রঃ নির্ঋতিঃ রাক্ষসঃ, জগৃহে॥ ২॥

হে মহামতে! তয়োঃ দম্ভমায়য়োঃ, সোদরয়োঃ (অধর্ম্মাংশত্বাৎ দাম্পত্যাপন্নয়োঃ) লোভঃ পুত্রঃ, নিকৃতিঃ শঠতা, কন্যা চ সমভবৎ। তাভ্যাং লোভনিকৃতিভ্যাং ক্রোধঃ পুত্রঃ, হিংসা চ কন্যা সমভবৎ; যৎ যাভ্যাং, কলিঃ কলহঃ পুত্রঃ, দুরুক্তিঃ তস্য স্বসা সমভবৎ॥ ৩॥

শ্রীধরস্বামী।

অধর্ম্মোঽপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ মৃষেতি চতুর্ভিঃ। দম্ভঃ পরপ্রতারণং। মায়া তদুচিতা চেষ্টা। তয়োঃ সোদরয়োরপি দাম্পত্যমধর্ম্মাংশতয়া। এবমুপর্য্যপি অপ্রজাঃ অপুত্রঃ নির্ঋতি স্তন্মিথুনং॥ ২॥

নিকৃতিঃ শঠতা। যৎ যাভ্যাং কলিঃ তস্য স্বস্য দুরুক্তিশ্চেত্যর্থঃ॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধর্ম্মোঽপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ। মৃষেতি হে শত্রুহন্নিতি অধর্ম্ম এব শত্রু স্তং ভবদ্বিধ এব হন্তীত্যর্থঃ। দম্ভঃ পরপ্রতারণং মায়া তদুচিতা ক্রিয়া তয়োঃ। সোদরয়োরপি দাম্পত্যমধর্ম্মাংশতয়া নির্ঋতির্নৈর্ঋতকোণাধিপতিঃ॥ ২॥

নিকৃতিঃ শঠতা যৎ যাভ্যাং কলিশ্চ তস্য স্বসা দুরুক্তিশ্চ॥ ৩॥

হে শত্রুনিসূদন! অধর্ম্মও ব্রহ্মারই পুত্র; তাঁহার ভার্য্যার নাম মিথ্যা; ঐ মিথ্যা অধর্ম্মের ঔরসে দম্ভনামে এক পুত্র এবং মায়ানাম্নী এক কন্যা একত্র প্রসব করেন। কিন্তু নির্ঋতি নামক রাক্ষস অপুত্রক বিধায়, উক্ত পুত্র-কন্যা দ্বয়কে স্বয়ং পুত্রত্বে গ্রহণ করিলেন॥ ২॥

হে মহামতে! অধর্ম্মাংশে উৎপন্ন হওয়ায় উক্ত দম্ভ ও মায়া এক গর্ভ-জাত হইলেও দাম্পত্যপ্রেমে পরস্পরে মিলিত হইল এবং তাহাদের মিলনে লোভ নামক একটী পুত্র এবং নিকৃতি অর্থাৎ শঠতানামে এক কন্যা জন্ম গ্রহণ করিল; এই লোভের ঔরসে ও শঠতার গর্ভে ক্রোধনামক পুত্র এবং হিংসানাম্নী কন্যা উৎপন্ন হয়। তাহাদের সংস্রবে আবার কলি অর্থাৎ কলহ নামক পুত্র এবং দুরুক্তি-নাম্নী কন্যা জন্ম পরিগ্রহ করে॥ ৩॥

দুরুক্তৌ কলিরাধত্ত ভিয়ং মৃত্যুঞ্চ সত্তম।
তয়োশ্চ মিথুনং যজ্ঞে যাতনা নিরয় স্তথা ॥ ৪ ॥
সংগ্রহেণ ময়াখ্যাতঃ প্রতিসর্গস্তবানঘ।
ত্রিঃ শ্রুত্বৈতৎ পুমান্ পুণ্যং বিধুনোত্যাত্মনো মলং ॥ ৫ ॥
অথাতঃ কীর্ত্তয়ে বংশং পুণ্যকীর্ত্তেঃ কুরূদ্বহ।

অন্বয়ঃ।

কলিঃ দুরুক্তৌ স্বভার্য্যায়াং ভিয়ং কন্যাং, মৃত্যুঞ্চ পুত্রং, আধত্ত উৎপাদিতবান্। হে সত্তম শ্রেষ্ঠ! তয়োঃ মৃত্যুভিয়োঃ অপি যাতনা কন্যা, নিরয়ঃ চ পুত্রঃ এবং মিথুনং যজ্ঞে ॥ ৪ ॥

হে অনঘ নির্দ্দোষ বিদুর! তব ময়া প্রতিসর্গঃ অন্যসর্গহানিকরঃ, সংগ্রহেণ সংক্ষেপেণ, আখ্যাতঃ কথিতঃ। এতং অধর্ম্মবংশাখ্যানং (বর্জ্জনহেতুত্বাৎ) পুণ্যং ত্রিঃ শ্রুত্বা পুমান্ আত্মনঃ মলং মোহং পাপং, বিধুনোতি বিনাশয়তি ॥ ৫ ॥

অথ (ইতি ভিন্নোপক্রমে) অতঃ হে কুরূদ্বহ! হরেঃ অংশাংশজন্মনঃ (হরেঃ অংশঃ ব্রহ্মা তদংশাৎ জন্ম যস্য তস্য) পুণ্যকীর্ত্তেঃ (পুণ্যা পবিত্রা কীর্ত্তিঃ যস্য তস্য) স্বায়ম্ভুবস্য অপি মনোঃ

শ্রীধরস্বামী।

যাতনা তীব্রবেদনা ॥ ৪ ॥

প্রতিসর্গোঽনুসর্গ এব যদ্বা প্রতিসর্গঃ প্রলয়ঃ অধর্ম্মস্য প্রলয়হেতুত্বাৎ প্রতিসর্গত্বং এতৎ এতমধর্ম্মবংশং পুণ্যমিতি বর্জ্জনদ্বারা পুণ্যহেতুত্বাৎ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমত্র শাস্ত্রে ভক্তেরভিধেয়ত্বেন তস্যাশ্চানুকূলবস্তুজিজ্ঞাসায়াং বর্জ্জনীয়ত্বেনাধর্ম্মবংশো নরকান্ত উক্তঃ ॥ ৪ ॥

সংগ্রহেণ সংক্ষেপেণ প্রতিসর্গঃ প্রলয়ঃ। প্রলয়হেতুত্বাৎ প্রলয়ঃ। হে অনঘেতি অধর্ম্ম-বংশোঽয়ং ত্বয়া নানুভূত ইতি ভাবঃ। পুণ্যমিতি বর্জ্জনদ্বারা পুণ্যকরং ॥ ৫ ॥

এই কলি স্বীয় পত্নী দুরুক্তির গর্ভে ভয়নাম্নী এক কন্যা এবং মৃত্যুনামক এক পুত্রকে উৎপাদন করেন। এই মৃত্যুর দ্বারা ভয়ের গর্ভে যাতনা-নাম্নী কন্যা এবং নিরয়-নামক পুত্র জন্মপরিগ্রহ করে ॥ ৪ ॥

হে পবিত্রহৃদয় বিদুর! অন্য সৃষ্টিধ্বংসকারী এই বিষম সৃষ্টির বিবরণ আমি সংক্ষেপে তোমার নিকট কীর্ত্তন করিলাম। দেখ! ইহাকে কেবল বর্জ্জনার্থই আমি যখন বর্ণন করিলাম, তখন ইহার শ্রবণেও পুণ্য সঞ্চয় হয়। অধিক কি! যিনি তিনবার মাত্র ইহার বর্ণন ও শ্রবণ করেন, তিনি যাবতীয় মনোমালিন্য হইতে নিষ্কৃতি পান, সন্দেহ নাই ॥ ৫ ॥

সম্প্রতি কিন্তু হে কুরুশ্রেষ্ঠ! ভগবান্ শ্রীহরির অংশসম্ভূত কমলাসন-তনয়

স্বায়ম্ভুবস্যাপি মনোর্হরেরংশাংশজন্মনঃ ॥ ৬ ॥
প্রিয়ব্রতোত্তানপাদৌ শতরূপাপতেঃ সুতৌ।
বাসুদেবস্য কলয়া রক্ষায়াং জগতঃ স্থিতৌ ॥ ৭ ॥
জায়ে উত্তানপাদস্য সুনীতিঃ সুরুচিস্তয়োঃ।
সুরুচিঃ প্রেয়সী পত্যুর্নেতরা যৎসুতো ধ্রুবঃ ॥ ৮ ॥
একদা সুরুচেঃ পুত্রমঙ্কমারোপ্য লালয়ন্।
উত্তমং নারুরুক্ষন্তং ধ্রুবং রাজাভ্যনন্দত ॥ ৯ ॥

অন্বয়ঃ।

বংশং পুত্রপৌত্রাদিসন্ততিং কীর্ত্তয়ে ॥ ৬ ॥

শতরূপাপতেঃ স্বায়ম্ভুবস্য মনোঃ প্রিয়ব্রতোত্তানপাদৌ সুতৌ বাসুদেবস্য কলয়া অবতীর্ণৌ জগতঃ রক্ষায়াং স্থিতৌ ॥ ৭ ॥

সুনীতিঃ সুরুচিঃ চ উত্তানপাদস্য জায়ে ভবতঃ; তয়োঃ দ্বয়োঃ মধ্যে সুরুচিঃ পত্যুঃ প্রেয়সী ততঃ ইতরা সুনীতিঃ, যৎসুতঃ (যস্যাঃ সুতঃ) ধ্রুবঃ, সা ন পত্যুঃ প্রেয়সী ॥ ৮ ॥

একদা সুরুচেঃ পুত্রং উত্তমং, অঙ্কং আরোপ্য লালয়ন্ রাজা আরুরুক্ষং আরোঢ়ুমিচ্ছন্তং, ধ্রুবং ন অভ্যনন্দত (সুরুচিপ্রেমভঙ্গভিয়া অঙ্কে নারোপিতবান্ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মনোঃ পুত্রবংশং হরেরংশো ব্রহ্মা তস্যাংশাৎ দেহার্দ্ধাৎ জন্ম যস্য ॥ ৬ ॥

জগতো রক্ষায়াং স্থিতৌ ॥ ৭ ॥　　সুনীতিঃ সুরুচিশ্চ জায়ে তয়োর্মধ্যে ॥ ৮ ॥

তয়োঃ প্রিয়াপ্রিয়ত্বে প্রপঞ্চয়ন্ ধ্রুবচরিতমাহ পঞ্চভিরধ্যায়ৈঃ। সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং লালয়ন্ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেরংশাংশানাং কপিলদত্তযজ্ঞপৃথুঋষভাদীনাং জন্ম যতস্তস্য ॥ ৬ ॥

বাসুদেবস্য কলয়া কলারূপেণ বিষ্ণুনা যা জগতো রক্ষা তস্যাং ক্রিয়ায়াং স্থিতৌ ॥ ৭ ॥

তয়োর্জায়য়োর্মধ্যে ॥ ৮ ॥

পবিত্রকীর্ত্তি স্বায়ম্ভুব মনুর বংশ কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ! ॥ ৬ ॥

শতরূপাপতি স্বায়ম্ভুব মনুর প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুই পুত্র জন্মে; ইহাঁরা ভগবান্ শ্রীহরির অংশে অবতীর্ণ; সুতরাং জগতের রক্ষাকার্য্যে উভয়েই নিযুক্ত হইলেন ॥ ৭ ॥

সুনীতি এবং সুরুচি নামে উত্তানপাদের দুইটী বনিতা ছিলেন; তন্মধ্যে সুরুচি রাজার নিতান্ত প্রিয়পাত্রী; সুনীতিতে রাজা তাদৃশ আসক্ত ছিলেন না। এই সুনীতির একটী পুত্র জন্মে; তাহার নাম ধ্রুব ॥ ৮ ॥

তথা চিকীর্ষমাণং তং সপত্ন্যাস্তনয়ং ধ্রুবং।
সুরুচিঃ শৃণ্বতো রাজ্ঞঃ সের্ষ্যমাহাতিগর্ব্বিতা॥ ১০॥
ন বৎস নৃপতে র্ধিষ্ণ্যং ভবানারোঢ়ুমর্হতি।
ন গৃহীতো ময়া যৎত্বং কুক্ষাবপি নৃপাত্মজঃ॥
বালোঽসি বত নাত্মানমন্যস্ত্রীগর্ভসংভৃতং।
নূনং বেদ ভবান্ যস্য দুর্ল্লভেঽর্থে মনোরথঃ॥ ১১॥

অন্বয়ঃ।

অতিগর্ব্বিতা সুরুচিঃ তথা চিকীর্ষমাণং সপত্ন্যাঃ তনয়ং তং ধ্রুবং, রাজ্ঞঃ শৃণ্বতঃ এব সের্ষ্যং আহ॥ ১০॥

হে বৎস! ভবান্ নৃপাত্মজঃ রাজপুত্রঃ, অপি নৃপতেঃ ধিষ্ণ্যং অঙ্কং, আরোঢ়ুং ন অর্হতি যৎ যস্মাৎ, ত্বং ময়া কুক্ষৌ ন গৃহীতঃ ধৃতঃ॥

যস্য ভবতঃ দুর্ল্লভে অর্থে রাজোৎসঙ্গারোহণে, মনোরথঃ অস্তি সঃ ভবান্ বত বালঃ মূর্খঃ, অসি; যতঃ নূনং নিশ্চিতং অন্যস্ত্রীগর্ভসংভৃতং আত্মানং ন বেদ জানাতি॥ ১১॥

শ্রীধরস্বামী।

তথাঙ্কারোহণং চিকীর্ষমাণং॥ ১০॥

গর্ব্বোক্তিমেবাহ নেতি ত্রিভিঃ। নৃপতে র্ধিষ্ণ্যমাসনং। নৃপাত্মজোঽপি ভবান্ নারোঢ়ুমর্হতি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং॥ ৯॥ ১০॥

ধিষ্ণ্যমাসনং যদ্যস্মাৎ নৃপাত্মজোঽপি ত্বং ময়া কুক্ষৌ ন গৃহীতঃ। ত্বং বালোঽস্যতএব নাত্মানমিত্যাদি॥ ১১॥

এক দিন সুরুচির পুত্র উত্তমকে ক্রোড়ে লইয়া রাজা উত্তানপাদ আদর করিতেছিলেন, এমন সময়ে ধ্রুব তথায় উপস্থিত হইয়া পিতার অঙ্কে আরোহণার্থ অভিপ্রায় প্রকাশ করিলেন; কিন্তু সুরুচি পাছে বিরক্ত হন, এই ভয়ে রাজা তাঁহাকে ক্রোড়ে লইতে পারিলেন না॥ ৯॥

কিন্তু ইহাতেও সুরুচির চিত্ত শান্ত হইল না; তিনি স্বামীকৃত সম্মানে এতই গর্ব্বিতা ছিলেন যে, সপত্নীর পুত্র ধ্রুব কেবল রাজক্রোড়ে আরোহণার্থ অভিলাষ করিয়াছেন বলিয়াই, সাতিশয় বিরক্তির সহ রাজার সম্মুখেই বিবিধ ঈর্ষাপূর্ণ বাক্যে ধ্রুবকে তিরস্কার করত বলিলেন—॥ ১০॥

হে বৎস! তুমি রাজার পুত্র হইলেও যখন আমার গর্ভে জন্মগ্রহণ কর নাই, তখন নৃপতির ক্রোড়ে উপবেশনের উপযুক্ত পাত্র নহ॥

তপসারাধ্য পুরুষং তস্যৈবানুগ্রহেণ মে।
গর্ব্ভে ত্বং সাধয়াত্মানং যদীচ্ছসি নৃপাসনং ॥ ১২ ॥
মৈত্রেয় উবাচ ॥
মাতুঃ সপত্ন্যাঃ সুদুরুক্তিবিদ্ধঃ শ্বসন্ রুষা দণ্ডহতো যথাহিঃ।
হিত্বা মিষন্তং পিতরং সন্নবাচং জগাম মাতুঃ স রুদন্ সকাশং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যদি ত্বং নৃপাসনং ইচ্ছসি তদা পুরুষং ভগবন্তং আরাধ্য তস্য অনুগ্রহেণ মে মম গর্ব্ভে ত্বং আত্মানং স্বদেহং, সাধয় ॥ ১২ ॥

মৈত্রেয়ঃ উবাচ। মাতুঃ সপত্ন্যাঃ সুরুচ্যাঃ, সুদুরুক্তিবিদ্ধঃ ধ্রুবঃ রুষা দণ্ডহতঃ (দণ্ডেন হতঃ) অহিঃ যথা তথা রুষা শ্বসন্ ঊর্দ্ধশ্বাসান্ বিমুঞ্চন্, রুদন্ মিষন্তং সুরুচিচরিতং পশ্যন্তং, অপি সন্নবাচং তুষ্ণীংস্থিতং, পিতরং হিত্বা মাতুঃ সুনীতেঃ, সকাশং সমীপং, জগাম ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

পুরুষমীশ্বরং ॥ ১২ ॥ মিষন্তং পশ্যন্তং। সন্নবাচং কুণ্ঠিতবাচং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষমারাধ্যেতি ভক্তস্মৃত্যেয়ং রাজ্ঞঃ সন্নিধৌ নতু বস্তুতো হরিভক্তেয়ং। ত্বমাত্মায়ং মম গর্ব্ভে সাধয়েতি সংপ্রত্যেব ত্রিচতুরৈঃ পঞ্চশৈর্বা ব্রতৈর্ম্মদ্গর্ব্ভপ্রাপ্তিসাধনৈর্হরিং সংতোষ্য ত্বং শীঘ্রং ম্রিয়স্ব। ত্বন্মাতরমহং রুদতীং পশ্যেয়মিত্যেবং তবচ মম চ সুখং ভবত্বিতি ভাবঃ ॥ ১২ ॥

মিষন্তং পশ্যন্তং। সন্নবাচং স্ত্রৈণত্বাৎ কুণ্ঠীতবাচং ॥ ১৩ ॥

তুমি যে অপরা পত্নীর গর্ব্ভে উৎপন্ন হইয়াছ, বোধ হয়, তাহা নিশ্চয়ই অবগত হও নাই; নিতান্তই অবোধ বালক! সেই নিমিত্তই এরূপ দুর্ল্লভ বিষয়ের জন্য আকাঙ্ক্ষা করিতেছ ॥ ১১ ॥

যদি রাজাসনে আরোহণের বাসনা থাকে, তবে অগ্রে ভগবানের আরাধনা কর! তাঁহার প্রসাদে এই কলেবর পরিত্যাগ পূর্ব্বক যদি পুনরায় আমার গর্ব্ভে জন্ম গ্রহণ করিতে পার, তবেই তোমার মনোরথ পূর্ণ হইবে ॥ ১২ ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, বিমাতার বাক্যবাণে বিদীর্ণহৃদয় ধ্রুব দণ্ডাহত ব্যালির ন্যায়, ক্রোধে দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন; কিন্তু পিতা উত্তানপাদ এই সমস্ত বৃত্তান্ত প্রত্যক্ষে অবলোকন করিয়াও সুরুচির ভয়ে কিছু বলিলেন না দেখিয়া, ধ্রুব ক্রন্দন করিতে করিতে পিতার নিকট হইতে স্বীয় গর্ব্ভধারিণী সুনীতির সন্নিধানে গমন করিলেন ॥ ৩

বালক দীর্ঘনিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক ওষ্ঠাধরের কম্পনে ক্রন্দন করত

তং নিশ্বসন্তং স্ফুরিতাধরৌষ্ঠং সুনীতিরুৎসঙ্গমুদুহ্য বালং।
নিশম্য তৎ পৌরমুখান্নিতান্তং সা বিব্যথে যদ্গদিতং সপত্ন্যাঃ॥ ১৪ ॥
সোৎসৃজ্য ধৈর্য্যং বিললাপ শোকদাবাগ্নিনা দাবলতেব বালা।
বাক্যং সপত্ন্যাঃ স্মরতী সরোজশ্রিয়া দৃশা বাষ্পকলামুবাহ॥ ১৫ ॥
দির্ঘং শ্বসন্তী বৃজিনস্য পারমপশ্যতী বালকমাহ বালা।

অন্বয়ঃ।

নিশ্বসন্তং স্ফুরিতাধরৌষ্ঠং তং বালং ধ্রুবং উৎসঙ্গং উদুহ্য আরোপ্য, সপত্ন্যাঃ সুরুচ্যাঃ, যৎ গদিতং বচনং, তৎ এব নিতান্তং ধ্রুবস্য রোদনহেতুং, পৌরমুখাৎ অন্তঃপুরজনমুখাৎ নিশম্য শ্রুত্বা, সা সুনীতিঃ বিব্যথে ব্যথাং প্রাপ॥ ১৪ ॥

শোকদাবাগ্নিনা (শোকঃ এব দাবাগ্নিঃ তেন) দাবলতা অগ্নিমধ্যগতা লতা ইব মূর্চ্ছিতা সা বালা সুনীতিঃ ধৈর্য্যং উৎসৃজ্য ত্যক্ত্বা, বিললাপ রোদনং চকার, তথা সপত্ন্যাঃ বাক্যং স্মরতী সা সরোজশ্রিয়া দৃশা নলিনসুন্দরনেত্রেণ বাষ্পকলাং অশ্রুধারাং উবাহ॥ ১৫ ॥

বৃজিনস্য দুঃখস্য, পারং অন্তং অপশ্যতী দীর্ঘং শ্বসন্তী বালা সুনীতিঃ বালকং ধ্রুবং আহ হে

শ্রীধরস্বামী।

উদুহ্য আরোপ্য। অন্তঃপুরজনমুখাৎ শ্রুত্বা॥ ১৪ ॥

শোক এব দাবাগ্নিস্তেন দাবাগ্নিগতা লতেব স্থিতা সা বালা বিলাপঞ্চকার॥ ১৫ ॥

বৃজিনস্য দুঃখস্য। অমঙ্গলং অপরাধং পরেষু মা মংস্থাঃ যদ্যতঃ পরেভ্যো যোদুঃখং দদাতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদুহ্য আরোপ্য॥ ১৪ ॥ দাবলতা বনলতা॥ ১৫ ॥

অমঙ্গলং দোষং বিমাত্রে মা দেহি! প্রাচীনস্বকৃতদুষ্কৃতফলমেব ত্বমন্বভূরিত্যাহ যদ্যতঃ

আগমন করিতেছেন অবলোকন করিয়া, সুনীতি তাঁহাকে নিজের ক্রোড়ে লইলেন এবং সপত্নীর তাদৃশ দুর্ব্বাক্যই ধ্রুবের রোদনকারণ এইরূপ অন্তঃ-পুরস্থ জনগণের মুখে শ্রবণ করিয়া, নিতান্তই ব্যথিতা হইলেন॥ ১৪॥

অগ্নিকুণ্ডে নিপতিত সুকোমল লতার ন্যায়, দাবাগ্নিসদৃশ শোকসাগরে মূর্চ্ছিতার ন্যায় পতিতা সুনীতি আর ধৈর্য্য ধারণে সমর্থা হইলেন না; তিনি মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন; বিকচ-নলিন-সদৃশ লোচনযুগলে অবিরল অশ্রুধারা নিপতিত হইতে লাগিল॥ ১৫॥

সুনীতি সপত্নীকৃত বিষম দুঃখের সীমা করিতে অসমর্থ হইয়া, দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক বালক ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, রে বৎস! আমাদের এই দুঃখে অন্যকে অপরাধী মনে করিও না! কারণ যে ব্যক্তি

মামঙ্গলং তাত পরেষু মংস্থা ভুঙ্‌ক্তে জনো যৎ পরদুঃখদস্তৎ ॥ ১৬ ॥
সত্যং সুরুচ্যাভিহিতং ভবান্মে যদ্দুর্ভগায়া উদরে গৃহীতঃ।
স্তন্যেন বৃদ্ধশ্চ বিলজ্জতে যাং ভার্য্যেতি বা বোঢ়ুমিড়স্পতি র্মাং ॥ ১৭ ॥
আতিষ্ঠ তত্তাত বিমৎসরস্ত্বমুক্তং সমাত্রাপি যদব্যলীকং।

অন্বয়ঃ।

তাত! পরেষু অমঙ্গলং অপরাধং, মা মংস্থাঃ; যৎ যস্মাৎ, যঃ জনঃ পরদুঃখদঃ সঃ তৎ স্বদত্তং দুঃখং এব স্বয়ং ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥

সুরুচ্যা সত্যং অভিহিতং উক্তং, যতঃ দুর্ভগায়াঃ মে মম উদরে ভবান্ গৃহীতঃ সম্ভূতঃ তস্যাঃ এব স্তন্যেন বৃদ্ধঃ। যাং মাং ইড়স্পতিঃ ভূপতিঃ, ভার্য্যা ইতি বোঢ়ং অঙ্গীকর্ত্তুং, বিলজ্জতে ॥ ১৭ ॥

যথা উত্তমঃ তথা যদি ত্বং অপি অধ্যাসনং রাজাসনং, ইচ্ছসি তদা অধোক্ষজপাদপদ্মং

শ্রীধরস্বামী।

স স্বদত্তমেব দুঃখং ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥

দুর্ভগয়া ময়া উদরে গৃহীতঃ তস্যা এব স্তন্যেন বৃদ্ধঃ। দুর্ভগত্বমেবাহ যাং মাং ইড়স্পতি ভূপতি র্ভার্য্যেতি বোঢ়ুং স্বীকর্ত্তুং বিলজ্জতে বাশব্দাদ্দাসীত্যপি ॥ ১৭ ॥

পিতৃভার্য্যাত্বেন সমাতা মাতুঃ সপত্নী তয়া যদুক্তং তপসারাধ্য পুরুষমিত্যাদি তদাতিষ্ঠ কুরু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরেভ্যো দুঃখং দদাতি যঃ স স্বদত্তমেব ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥

গৃহীতঃ ধৃতঃ দুর্ভগত্বমেবাহ। যাংমামিড়স্পতি ভূপতির্ভার্য্যেতি বোঢ়ুং ইয়ং মে ভার্য্যা ভবতীতি বুদ্ধ্যা যো মদ্রক্ষণপালনভার স্তং বোঢ়ুং লজ্জতে। স্বস্যাননুরূপতা মননেনেতি ভাবঃ। বাশব্দাদ্দাসীতি ভাবমপি ॥ ১৭ ॥

মাত্রা সমা সমাতা তয়া বিমাত্রাপি ত্বদ্বধমভিলষন্ত্যাপি যদুক্তং তৎ আতিষ্ঠ কুরু। অব্যলীকং তদপি প্রিয়ং ন ভবতি। নহি হরিভজনং কস্যাপ্যপ্রিয়মতো বিমৎসর স্তস্যাঃ দ্বেষং পরি-

অন্যকে ক্লেশ দেয়, সে স্বয়ংই কালান্তরে সেই দুঃখ উপভোগ করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ১৬ ॥

সুরুচি, উপযুক্ত কথাই বলিয়াছেন; কারণ আমি এতই হতভাগিনী যে, নরনাথ আমাকে ভার্য্যা বলিতেও কুণ্ঠিত হন; অথচ তুমি সেই দুর্ভাগ্যবতীর গর্ভে জন্ম গ্রহণ করিয়াছ এবং তাহারই স্তন্যে পরিবর্দ্ধিত হইয়াছ! ॥ ১৭ ॥

সুরুচির গর্ভজাত উত্তমের ন্যায়, যদি তুমি রাজোৎসঙ্গের প্রার্থনা কর! তাহা হইলে, ভগবান্ অধোক্ষজের চরণারবিন্দে চিত্ত সমর্পণ কর! বলিয়া আমার সপত্নী যে তোমাকে উপদেশ দিয়াছেন, তাহা সত্যই বলিয়াছেন। হে

আরাধয়াধোক্ষজপাদপদ্মং যদীচ্ছসেঽধ্যাসনমুত্তমো যথা ॥ ১৮ ॥
যস্যাঙ্ঘ্রিপদ্মং পরিচর্য্য বিশ্ববিভাবনায়াত্তগুণাভিপত্তেঃ।
অজোঽধ্যাতিষ্ঠৎ খলু পারমেষ্ঠ্যং পদং জিতাত্মশ্বসনাভিবন্দ্যং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

আরাধয় ইতি যং সমাত্রা মম সপত্ন্যা, উক্তং তৎ অপি অব্যলীকং যথার্থং এব; অতঃ হে তাত! বিমৎসরঃ দোষদৃষ্টিরহিতঃ, সন্ তং ঈশ্বরারাধনং আতিষ্ঠ কুরু ॥ ১৮ ॥

বিশ্ববিভাবনায় পালনায়, আত্তগুণাভিপত্তেঃ (আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ ঐশ্বর্য্যাদিষড়্গুণাধিষ্ঠাতৃত্বং যেন তস্য) অস্য অঙ্ঘ্রিপদ্মং চরণকমলং, পরিচর্য্য নিষেব্য, অজঃ ব্রহ্মা, পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টং, পদং অধ্যতিষ্ঠৎ প্রাপ্তবান্ জিতাত্মশ্বসনাভিবন্দ্যং (জিতঃ স্ববশীকৃতঃ আত্মা মনঃ শ্বসনঃ প্রাণশ্চ যৈঃ তৈঃ অভিবন্দ্যং সংকৃতং) পদং যং তং প্রাপ্তয়ে যোগাভ্যাসং কুরু ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

অধ্যাসনং যদীচ্ছসি ॥ ১৮ ॥

পরিচর্য্য নিষেব্য বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিতঃ আত্মা মনঃ শ্বসনঃ প্রাণশ্চ যৈস্তৈরভিবন্দ্যং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যজ্যেত্যর্থঃ। মম রোদনমাজন্ম বিধাত্রা ললাটে লিখিতমেব তবতু সুখং ভবত্বিতি ভাবঃ ॥ ১৮

ননু কিং হরিমারাধ্য তস্যাঃ পাপীয়স্যাঃ গর্ভং প্রবেক্ষ্যামীতি তত্র সা বরাকী খলু কা তস্যাঃ কিঙ্করস্ত্বংপিতৈব বরাকো দীনবুদ্ধিস্ত্বং ব্রহ্মপদাদপ্যুৎকৃষ্টং পদং প্রাপ্তুং পারয়িষ্যসি তদিতঃ শীঘ্রং ব্রজ! হরিং ভজ মাবিষীদেত্যাহ যস্যেতি চতুর্ভিঃ বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিতাত্মশ্বসনৈ র্বিজিতমনঃপ্রাণৈর্যোগিভিরভিবন্দ্যং ॥ ১৯ ॥

পুত্র! কাহারও প্রতি কোন প্রকার দোষদৃষ্টি না করিয়া, সরল-হৃদয়ে সেই ভগবানের আরাধনায় প্রবৃত্ত হও! ॥ ১৮ ॥

এই বিশ্বসংসারকে পালনের অভিপ্রায়েই যিনি ষড়ৈশ্বর্য্যপূর্ণ বিগ্রহ ধারণে অবতীর্ণ হন; ভগবান্ কমলাসন যাঁহার চরণকমলের আরাধনা করিয়া সর্ব্বশ্রেষ্ঠ পরমেষ্ঠিপদ প্রাপ্ত হইয়াছেন, জিতশ্বাস ও জিতেন্দ্রিয় ব্যক্তিগণ যাঁহার পাদপদ্ম নিরন্তর সেবা করিয়া থাকেন, সেই সর্ব্বৈশ্বর্য্যপ্রদ ভগবানের চরণকমলকে আরাধনা কর! ॥ ১৯ ॥

এদিকে কমলাসনের ন্যায়, তোমাদিগের পিতামহ ভগবান্ মনুও একান্ত ভক্তিসহকারে প্রচুর দক্ষিণাবিশিষ্ট বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে যাঁহার পাদপদ্ম আরাধনা করিয়া যেরূপ ধরাধামের আধিপত্য, ত্রিদিবেশ্বরত্ব এবং অন্তে

তথা মনুর্ব্বো ভগবান্ পিতামহো যমেকমত্যা পুরুদক্ষিণৈর্ম খৈঃ।
ইষ্ট্বাভিপেদে দুরবাপমন্যতো ভৌমং সুখং দিব্যমথাপবর্গ্যং ॥ ২০ ॥
তমেব বৎসাশ্রয় ভৃত্যবৎসলং মুমুক্ষুভির্মৃগ্যপদাব্জপদ্ধতিং।
অনন্যভাবে নিজধর্ম্মভাবিতে মনস্যবস্থাপ্য ভজস্ব পুরুষং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অথ বঃ যুষ্মাকং, পিতামহঃ ভগবান্ মনুঃ যং ভগবন্তং, একমত্যা অনন্যদৃষ্ট্যা, পুরুদক্ষিণৈঃ মখৈঃ যজ্ঞৈঃ, ইষ্ট্বা সংপূজ্য, অন্যতঃ (সাধনতঃ) দুরবাপং প্রাপ্তুমশক্যং ভৌমং মন্বন্তরাধিপত্যং, দিব্যং স্বর্গসম্বন্ধি চ সুখং অথ অপবর্গ্যং মোক্ষসুখং, চ অভিপেদে প্রাপ্তবান্ ॥ ২০ ॥

হে বৎস! ভৃত্যবৎসলং মুমুক্ষুভিঃ মৃগ্যপদাব্জপদ্ধতিং (মৃগ্যা অন্বেষণীয়া পদাব্জয়োঃ পদ্ধতিঃ মার্গঃ যস্য তং) পুরুষং অনন্যভাবে (ন অন্যস্মিন্ ভাবঃ যস্য তস্মিন্) নিজধর্ম্মভাবিতে (নিজ ধর্ম্মৈঃ যমনিয়মাদিভিঃ ভাবিতে শোধিতে) মনসি অবস্থাপ্য ভজস্ব ধ্যায়স্ব ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

একমত্যা সর্ব্বান্তর্যামিদৃষ্ট্যা ॥ ২০ ॥

মৃগ্যা পদাব্জয়োঃ পদ্ধতির্মার্গো যস্য তমেবাশ্রয় শরণং ব্রজ। ততো ভজস্ব নান্যস্মিন্ ভাবো যস্য তস্মিন্ নিজধর্ম্মৈর্ভাবিতে শোধিতে ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একমত্যা একাগ্রবুদ্ধ্যা ॥ ২০ ॥

ভৃত্যবৎসলমিতি মদ্বিধমাতৃকোটিতোঽপি ত্বয়ি ভৃত্যে তস্য বাৎসল্যমুদেষ্যত্যতো দুঃখগন্ধমপি ন প্রাপ্স্যতীতি ভাবঃ। যং ত্বমাশ্রয়িষ্যসি তস্য পদাব্জয়োঃ পদ্ধতির্মার্গএব মুমুক্ষুভির্মৃগ্যতে নতু সা তৈরপি সুলভা ইতি ভাবঃ। আশ্রিত্যচ ন অন্যস্মিন্ ভাব আসক্তির্যস্য তাদৃশে মনসি পঞ্চবার্ষিকস্য তে কর্ম্মানধিকারাৎ নিজধর্ম্মে ভক্তিধর্ম্মৈর্ভাবিতে শোধিতে মনসি পুরুষং অবস্থাপ্য ভজস্ব ॥ ২১ ॥

মোক্ষসুখ অনুভব করিয়াছেন, তাদৃশ ভোগ অন্য কোন সাধনে বা দেবতান্তরের আরাধনায় কখনই লাভ করা যায় না ॥ ২০ ॥

হে দুঃখিনী-নন্দন! মোক্ষার্থী জনগণও সেই চরণচিহ্নের অনুসরণ করিয়া থাকেন। হে বৎস! তুমি নিজ আশ্রমোক্ত যমনিয়মাদি ধর্ম্মের অনুশীলনে হৃদয়কে নির্ম্মাসন কর! এবং অনন্যশরণে সেই ভৃত্যবৎসল অনাথনাথ মহাপুরুষকেই হৃদয়মন্দিরে চিন্তা কর! ॥ ২১ ॥

হে পুত্র! ব্রহ্মাদি দেবতাগণ ঐশ্বর্য্যপ্রার্থনায় যে কমলার নিরন্তর সেবা করিয়া থাকেন, সেই ত্রিলোকশ্রীঃ স্বয়ং লক্ষ্মী লীলাকমল হস্তে লইয়া যে পরম দেবতার প্রসন্নার্থ অনুসরণ করেন, সেই পদ্মপলাশলোচন শ্রীগোবিন্দ

নান্যং ততঃ পদ্মপলাশলোচনাদ্দুঃখচ্ছিদন্তে মৃগয়ামি কঞ্চন।
যো মৃগ্যতে হস্তগৃহীতপদ্ময়া শ্রিয়েতরৈরঙ্গ বিমৃগ্যমাণয়া ॥ ২২ ॥
এবং সংজল্পিতং মাতুরাকর্ণ্যার্থাগমং বচঃ।
সংনিয়ম্যাত্মনাত্মানং নিশ্চক্রাম পিতুঃ পুরাৎ ॥
নারদস্তদুপাকর্ণ্য জ্ঞাত্বা চাস্য চিকীর্ষিতং।
স্পৃষ্ট্বা মূর্দ্ধন্যঘঘ্নেন পাণিনা প্রাহ বিস্মিতঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! ইতরৈঃ ব্রহ্মাদিভিঃ বিমৃগ্যমাণয়া অন্বিষ্যমাণয়াপি হস্তগৃহীতপদ্ময়া শ্রিয়া (স্বস্মিন্ তৎপ্রসাদার্থং) যঃ মৃগ্যতে অপেক্ষ্যতে, ততঃ তস্মাৎ পদ্মপলাশলোচনাৎ (পদ্মপলাশবৎ ভক্তজনতাপহারকে লোচনে যস্য তস্মাৎ অন্যং কঞ্চন তে তব দুঃখচ্ছিদং ন মৃগয়ামি বিচারেণ ন পশ্যামি ॥ ২২ ॥

এবং উক্তপ্রকারকং মাতুঃ সংজল্পিতং রোদনপূর্ব্বককথিতং, অর্থাগমং উদ্দেশ্যসাধকং, বচঃ আকর্ণ্য শ্রুত্বা, আত্মনা বিবেকবুদ্ধ্যা, আত্মানং চিত্তং, সংযম্য সমাহিতং কৃত্বা, পিতুঃ পুরাৎ নিশ্চক্রাম ॥

নারদঃ তৎ উপাকর্ণ্য শ্রুত্বা, অস্য ধ্রুবস্য, চিকীর্ষিতং অভিপ্রায়ং, চ জ্ঞাত্বা বিস্মিতঃ সন্ (তত্রাগত্য) অঘঘ্নেন পাপনিবর্ত্তকেন, পাণিনা তস্য মূর্দ্ধনি স্পৃষ্ট্বা প্রাহ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

তমেবেত্যনেন সূচিতং সর্ব্বোত্তমত্বং প্রপঞ্চয়তি নান্যমিতি। হস্তেন গৃহীতং দীপবৎ পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥

সংজল্পিতং বিলাপং। অতোঽর্থস্যাগমো যস্মাৎ তথাভূতং বচশ্চাকর্ণ্য ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুখারাধ্যস্যাপি দেবতান্তরস্য নশ্বরফলদায়িত্বাত্বদ্দুঃখং নির্ম্মূলয়িতুমসমর্থস্য ভজনং পরিণামদর্শিন্যহং ত্বাং নোপদিশামীত্যাহ নান্যমিতি পদ্মপলাশেতি তস্য দৃষ্টিপাতেনৈব তপ্তস্ত্বং শীতলীভবিষ্যতীতি ভাবঃ। হস্তে গৃহীতং দীপবং পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥

ব্যতীত তোমার দুঃখ নিবারণের পাত্র অন্য কাহাকেও অনুসন্ধানে নিরূপণ করিতে পারিলাম না ।। ২২ ।।

জননীর যুক্তিযুক্ত সার্থক বিলাপোক্তি শ্রবণ করিয়া, ধ্রুব বিবেকবলে চিত্তকে প্রকৃতিস্থ করিলেন ; এবং সমাহিতচিত্তে পিতৃভবন হইতে প্রস্থান করিলেন ॥

সর্ব্বগামী নারদ অন্তরীক্ষে উপস্থিত থাকিয়া, সুনীতির উপদেশ বাণী শ্রবণ করিলেন এবং জননীর উপদেশ অনুসারে বালকের কর্ত্তব্যাবধারণ

অহো তেজঃ ক্ষত্রিয়াণাং মানভঙ্গমমৃষ্যতাং।
বালোঽপ্যয়ং হৃদা ধত্তে যৎ সমাতুরসদ্বচঃ॥
নারদ উবাচ॥
নাধুনাপ্যবমানং তে সম্মানং চাপি পুত্রক।
লক্ষয়ামঃ কুমারস্য সক্তস্য ক্রীড়ণাদিষু॥ ২৪॥
বিকল্পে বিদ্যমানেঽপি নহ্যসন্তোষহেতবঃ।

অন্বয়ঃ।

মানভঙ্গং অমৃষ্যতাং অসহমানানাং, ক্ষত্রিয়াণাং অহো তেজঃ আশ্চর্য্যজনকঃ প্রভাবঃ! যৎ যস্মাৎ অয়ং বালঃ অপি ধ্রুবঃ, সমাতুঃ মাতুঃ সপত্ন্যাঃ, অসদ্বচঃ তিরস্কারবচনং হৃদা ধত্তে ধারয়তি॥

নারদঃ উবাচ। হে পুত্রক! অধুনা (আয়ুষঃ পঞ্চবর্ষাতীতেঽপি) ক্রীড়ণাদিষু সক্তস্য কুমারস্য তে অবমানং সম্মানং চাপি ন লক্ষয়ামঃ॥ ২৪॥

বিকল্পে মানাপমানানুসন্ধানে বিদ্যমানে অপি পুংসঃ অসন্তোষহেতবঃ মোহং ঋতে ভিন্না

শ্রীধরস্বামী।

বিস্মিত ইত্যুক্তং তদেবাহ অহো তেজঃ প্রভাবঃ॥ ২৪॥

বিকল্পে মানাপমানবিবেকে সত্যপি ভিন্না ন সন্তি কিন্তু মোহকল্পিতা এব ত ইত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাহ স্বগতং॥ ২৩॥ ২৪॥

বিকল্পো ভেদ স্তস্মিন্ বিদ্যমানেঽপীতি জ্ঞানযোগিনাং তাবদ্বিকল্পো নাস্ত্যেবেতি কোবা-ঽসন্তোষঃ কে বা তস্য হেতবঃ। ভক্তিযোগিনাং কর্ম্মযোগিনাং বিকল্পো বিদ্যত এবেতি বিদ্য-

---

অবগত হইয়া পবিত্র করকমলের দ্বারা. ধ্রুবের মস্তক স্পর্শ করিলেন এবং নিতান্ত বিস্মিতের ন্যায়, মনে মনে বলিলেন॥ ২৩॥

অহো! ক্ষত্রিয়গণের কি অনুপম প্রভাব! ইহারা কণামাত্র অপমানও সহ্য করিতে পারে না। দেখ! ধ্রুব অতি ক্ষুদ্র বালক হইলেও, বিমাতার বাক্যে মনে মনে কিরূপ উত্তেজিত হইয়াছে!॥

দেবর্ষি প্রকাশ্যে বলিলেন, বৎস ধ্রুব! তুমিত দেখিতেছি, নিতান্তই শিশু! এক্ষণে পুত্তলিকাদি লইয়াই তোমার ক্রীড়া করিবার সময়; এই বয়সে, তোমার মান বা অবমানের কোন কারণইত সম্প্রতি অনুভব করিতে পারি-তেছি না॥ ২৪॥

অবশ্য মান বা অপমানের কারণ যে নাই, তাহা নহে; তবে তোমার তাহাতে অসন্তোষের উৎপাদন হইতে পারে না। কারণ মান বা অবমান,

পুংসো মোহমৃতে ভিন্না যল্লোকে নিজকর্ম্মভিঃ ॥ ২৫ ॥
পরিতুষ্যেত্ততস্তাত তাবন্মাত্রেণ পুরুষঃ।
দৈবোপসাদিতং যাবদ্বীক্ষ্যেশ্বরগতিং বুধঃ ॥ ২৬ ॥
অথ মাত্রোপদিষ্টেন যোগেনাবরুরুৎসসি।
যৎপ্রসাদং স বৈ পুংসাং দুরারাধ্যো মতো মম ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

বহিঃ, হি নিশ্চয়েন ন সন্তি যৎ যস্মাৎ লোকে সুখদুঃখাদি সর্ব্বং নিজকর্ম্মভিঃ ভবতি ॥ ২৫ ॥

ততঃ তস্মাৎ হে তাত! ঈশ্বরগতিং বীক্ষ্য যাবৎ দৈবোপসাদিতং (দৈবেন স্বপ্রারব্ধেন তদনুসারেণ উপসাদিতং প্রাপিতং) তাবন্মাত্রেণ বুধঃ পুরুষঃ, পরিতুষ্যেৎ ॥ ২৬ ॥

অথ মাত্রা উপদিষ্টেন যোগেন যৎপ্রসাদং (যস্য ভগবতঃ প্রসাদং) অবরুরুৎসসি (অবরোদ্ধুং প্রাপ্তুং ইচ্ছসি) সঃ বৈ পুংসাং দুরারাধ্যঃ মম ময়া মতঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

কুতঃ যৎসুখং দুঃখং বা তন্নিজকর্ম্মভিরেব ভবতি যতঃ ॥ ২৫ ॥

উপশমোপদেশেন নিবর্ত্তয়তি পরিতুষ্যেদিতি ষড্‌ভিঃ। ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরানুকূল্যং বিনা নোদ্যমাঃ ফলহেতব ইতি জ্ঞাত্বা ॥ ২৬ ॥

দুষ্করশ্চ তবায়মুদ্যম ইত্যাহ অথেতি দ্বাভ্যাং। যস্য প্রসাদমেব রোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি ॥২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মানেঽপি বিকল্পে পুংসো মোহং বিনা অসন্তোষস্য হেতবোঽবমানাদয় স্তৎকর্ত্তারশ্চ ভিন্না ন সন্তি কিন্তু মোহ এবেত্যর্থঃ। যদ্‌যস্মাল্লোকে সর্ব্বত্র নিজকর্ম্মভিরেবাশুভৈরসন্তোষহেতবো-ঽবমানাদয়ঃ তৎকর্ত্তারশ্চ ভবন্তীত্যাত্মানং বিনা কস্মৈ দোষো দেয় ইত্যত এব বিবেকিনো ভক্তাঃ কর্ম্মিণশ্চ কেচিন্নির্ম্মৎসরা ভবন্তীতি ভাবঃ ॥ ২৫ ॥

যস্মাদেবং তস্মাদ্দৈবেন প্রাচীননিজকর্ম্মণা উপসাদিতং প্রাপিতং যাবৎ যৎপ্রমাণকং সুখং দুঃখং বা তাবন্মাত্রেণ পরিতুষ্যেৎ। বিবেকেন স্বোপার্জ্জিতবুদ্ধ্যেতি ভাবঃ। তচ্চ ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরপ্রেরিতমেব কর্ম্ম ফলতীতি জ্ঞাত্বেত্যর্থঃ ॥ ২৬ ॥

এবং সুখ বা দুঃখ নিজের কর্ম্ম হইতেই উৎপন্ন হয়; এবং সে কর্ম্মও অভিমান-বৃত্তি হইতে উদয় হয়। তোমার ঈদৃশ বালকাবস্থায় সেরূপ অভিমানের ত কোন সম্ভাবনাই অনুভূত হইতেছে না ॥ ২৫ ॥

হে বৎস! পূর্ব্বার্জ্জিত কর্ম্মের অনুসারে ঈশ্বর জীবকে ফল প্রদান করিয়া থাকেন; অতএব বিবেকী ব্যক্তিগণ যেমন প্রারব্ধভোগেই সন্তুষ্ট থাকেন; তোমারও সেইরূপ দৈবফলের উপর নির্ভর দিয়া সন্তুষ্ট থাকাই কর্ত্তব্য ॥ ২৬ ॥

তুমি জননীর উপদিষ্ট যোগপথকে অবলম্বন পূর্ব্বক যে ভগবানের প্রসন্নতা

মুনয়ঃ পদবীং যস্য নিঃসঙ্গেনোরুজন্মভিঃ।
ন বিদুর্ম্মৃগয়ন্তোঽপি তীব্রযোগসমাধিনা ॥ ২৮ ॥
অতো নিবর্ত্ততামেষ নির্ব্বন্ধস্তব নিষ্ফলঃ।
যতিষ্যতি ভবান্ কালে শ্রেয়সাং সমুপস্থিতে ॥ ২৯ ॥
যস্য যদ্দৈববিহিতং স তেন সুখদুঃখয়োঃ।

অন্বয়ঃ।

নিঃসঙ্গেন সর্ব্বতঃ সঙ্গত্যাগেন, তীব্রযোগসমাধিনা, উরুজন্মভিঃ যস্য পদবীং মৃগয়ন্তঃ অপি মুনয়ঃ ন বিদুঃ বাল ত্বং কামতঃ কথং জ্ঞাস্যসি ॥ ২৮ ॥

অতঃ এষঃ তব নিষ্ফলঃ নির্ব্বন্ধঃ হটঃ, নিবর্ত্ততাং (আগ্রহ স্ত্যক্তব্যঃ) শ্রেয়সাং পুরুষার্থানাং, কালে উপযুক্তাবসরে, সমুপস্থিতে সতি ভবান্ যতিষ্যতি ॥ ২৯ ॥

সুখদুঃখয়োঃ মধ্যে যস্য পুরুষস্য যৎ সুখং দুঃখং বা দৈববিহিতং (দৈবেন ঈশ্বরেণ স্বপ্রারব্ধানুরূপং বিহিতং) সঃ দেহী তেন সুখদুঃখান্যতরেণ আত্মানং তোষয়ন্ তমসঃ পারং

শ্রীধরস্বামী।

নিঃসঙ্গেন তীব্রযোগযুক্তেন সমাধিনা মৃগয়ন্তোঽপি যস্য পদবীং মার্গং ন বিদুঃ স দেবো দুরারাধ্য ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৮ ॥ শ্রেয়সাং কালে বৃদ্ধত্বে ॥ ২৯ ॥

সুখদুঃখয়োর্মধ্যে সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি পাপং ক্ষীয়ত ইত্যাত্মানং তোষয়ন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তব তু প্রারিপ্সিতোঽয়মুদ্যমোঽতিকঠিন ইত্যাহ অথেতি। অবরোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি ॥ ২৭ ॥ ২৮ ॥ শ্রেয়সাং কালে বয়সো বৃদ্ধত্বে ॥ ২৯ ॥

সুখদুঃখয়োর্মধ্যে তেন সুখেন দুঃখেন বা তোষয়ন্ সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি

লাভের জন্য অভিলাষ করিতেছ, তিনি ঈদৃশ জনগণের সম্পূর্ণ দুরারাধ্য; ইহাই আমার স্থির সিদ্ধান্ত ॥ ২৭ ॥

কারণ সর্ব্বতোভাবে বিষয়াসক্তি বিসর্জ্জন পূর্ব্বক তীব্র যোগ ও সমাধি অবলম্বনে মননশীল মুনিগণ অনেক জন্ম যাঁহার পরমতত্ত্বকে অনুসন্ধান করিয়াও অবগত হইতে পারেন না, তুমি সামান্য বালক হইয়া কোন্ সাহসে তাঁহাকে পরিজ্ঞাত হইতে অগ্রসর হইতেছ? ॥ ২৮ ॥

অতএব তোমার মনোরথ পূরণ হওয়া নিতান্তই অসম্ভব; ঈদৃশ আগ্রহ হইতে নিরস্ত হওয়াই তোমার উচিত। পুরুষার্থ-সাধনের উপযুক্ত অবসর উপস্থিত হইলে, তজ্জন্য যত্ন করিও। তখন ফললাভে সমর্থ হইবে ॥ ২৯ ॥

সুখ বা দুঃখের মধ্যে যখন যেটী দৈবকর্ত্তৃক আনীত হয়, তখন তাহার প্রতি হৃষ্ট বা দুঃখিত না হইয়া, যে ব্যক্তি ধৈর্য্য-সহকারে তাহাতেই সন্তুষ্ট

আত্মানং তোষয়ন্ দেহী তমসঃ পারমৃচ্ছতি ॥ ৩০ ॥
গুণাধিকান্মুদং লিপ্সেদনুক্রোশং গুণাধমাৎ।
মৈত্রীং সমানাদন্বিচ্ছেন্নতাপৈরভিভূয়তে ॥
ধ্রুব উবাচ ॥
সোঽয়ং শমো ভগবতা সুখদুঃখহতাত্মনাং।
দর্শিতঃ কৃপয়া পুংসাং দুর্দ্দর্শোঽস্মদ্বিধৈস্তু যঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

নিত্যানিত্যবিবেকং সংসারস্য পারং মুক্তিং, ঋচ্ছতি প্রাপ্নোতি ॥ ৩০ ॥

গুণাধিকাৎ (বিদ্যাদয়ঃ গুণাঃ অধিকাঃ যস্মিন্ তস্মাৎ) মুদং হর্ষং লিপ্সেৎ (তস্মিন্ প্রীতিং কুর্য্যাৎ) তথা গুণাধমাৎ (স্বাপেক্ষয়া গুণাধমং দৃষ্ট্বা) অনুক্রোশং দয়াং, কুর্য্যাৎ সমানাৎ (স্বসমানগুণং জনং দৃষ্ট্বা) মৈত্রীং অন্বিচ্ছেৎ কুর্য্যাৎ; এবং কুর্ব্বন্ তাপৈঃ লোকাপমানাদিভিঃ ন অভিভূয়তে পীড্যতে ॥

ধ্রুবঃ উবাচ। যঃ অস্মদ্বিধৈঃ বিষয়াবিষ্টান্তঃকরণৈঃ, দুর্দ্দর্শঃ দ্রষ্টুং অশক্যঃ, সঃ অয়ং শমঃ, (আত্মসন্তোষলক্ষণঃ) সুখদুঃখহতাত্মনাং (সুখদুঃখাভ্যাং হতঃ তিরস্কৃতঃ আত্মা বিবেকশক্তিঃ যেষাং তেষাং) পুংসাং (কর্ত্তব্যত্বেন) ভগবতা সর্ব্বজ্ঞেন, ত্বয়া কৃপয়া দর্শিতঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

তমসঃ পারং মোক্ষং প্রাপ্নোতি ॥ ৩০ ॥

কিঞ্চ গুণৈরধিকাৎ পুংস ইতি ল্যব্লোপে পঞ্চমী। তং দৃষ্ট্বা প্রীতিং কুর্য্যাৎ নত্বসূয়ামিত্যর্থঃ। অনুক্রোশং কৃপাং লিপ্সেৎ নতু তিরস্কারং সমানাৎ মৈত্রীং নতু স্পর্দ্ধাং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাপং ক্ষীয়তে ইতি বুদ্ধেত্যর্থঃ। তমসঃ সংসারাৎ ॥ ৩০ ॥

কিঞ্চ গুণাধিকাৎ গুণাধিকং প্রাপ্যেতি ল্যব্লোপে পঞ্চমী মুদং লব্ধুমিচ্ছেৎ নত্বসূয়াৎ। অনুক্রোশং কৃপাং নত্ববজ্ঞাং মৈত্রীং নতু স্পর্দ্ধাং লিপ্সেদিতি যদি স্বস্বভাবদোষান্ন লভেৎ তদপি লব্ধুং কাময়েত্যপীত্যভিপ্রায়ঃ ॥ ৩১ ॥

থাকেন, তজ্জন্য উদ্বেজিত না হন, তিনিই নিত্যানিত্য বস্তুবিবেক দ্বারা সংসারমার্গকে অতিক্রম করিতে পারেন, সন্দেহ নাই ॥ ৩০ ॥

আপনার অপেক্ষা গুণবান্ শ্রুতাদি সম্পন্ন ব্যক্তিকে নয়নগোচর করিলে, ঈর্ষাসম্পন্ন না হইয়া, যাঁহারা তাঁহার সুখে আপনিও সুখীবোধ করেন; গুণাধম ব্যক্তির প্রতি করুণা বিতরণ করেন এবং নিজের সমতুল্য গুণবিশিষ্ট ব্যক্তিকে দেখিয়া যাঁহারা তাঁহার সহিত মিত্রতা সংস্থাপনে যত্নবান্ হন, তাঁহারা আর জগতে অপমানাদিজনিত দুঃখে কখন অভিভূত হন না ॥

অথাপি মেঽবিনীতস্য ক্ষাত্রং ঘোরমুপেয়ুষঃ।
সুরুচ্যা দুর্ব্বচোবাণৈ র্ন ভিন্নে শ্রয়তে হৃদি॥ ৩২॥
পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে।
ব্রূহ্যস্মৎপিতৃভির্ব্রহ্মন্নন্যৈরপ্যনধিষ্ঠিতং॥ ৩৩॥

অন্বয়ঃ।

অথ তথা অপি ঘোরং অসহনলক্ষণং, ক্ষাত্রং ক্ষত্রিয়স্বভাবং, উপেয়ুষঃ প্রাপ্তবতঃ, অতএব অবিনীতস্য নম্রতারহিতস্য, মে মম, সুরুচ্যাঃ দুর্ব্বচোবাণৈঃ (দুর্ব্বচাংসি এব বাণাঃ তৈঃ) ভিন্নে বিদীর্ণে, হৃদি ন শ্রয়তে তিষ্ঠতি॥ ৩২॥

অতঃ হে ব্রহ্মন্! অস্মৎপিতৃভিঃ মন্বাদিভিঃ, অন্যৈঃ অপি অনধিষ্ঠিতং অপ্রাপ্তং ত্রিভুবনোৎকৃষ্টং (ত্রিভুবনেষু উৎকৃষ্টং) পদং স্থানং, জিগীষোঃ জেতুং ইচ্ছোঃ, মে মম, তস্য সাধু সুকরং, বর্ত্ম মার্গং, ব্রূহি বর্ণয়॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

ক্ষাত্রং স্বভাবং প্রাপ্তবতঃ। অতএবাবিনীতস্য দুর্ব্বাক্যবাণৈ র্ভিন্নে হৃদি ন শ্রয়তে ন তিষ্ঠতি॥ ৩২॥

অন্যৈরনধিষ্ঠিতং ত্রিভুবনে উৎকৃষ্টং পদং জেতুমিচ্ছোর্মে সাধু বর্ত্মমার্গং ব্রূহি॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়া যদ্যপ্যনধিকারিণেঽপি মহ্যং কৃপয়েদমুপশমামৃতং দত্তং। অথাপি ক্ষাত্রং স্বভাবং প্রাপ্তবতো মম হৃদি ভিন্নে বিদীর্ণমৃদ্ভাজন ইব ন শ্রয়তে ন তিষ্ঠতীতি ব্যাজস্তুত্যা শৌর্য্যহীনান্ দুর্ব্বলান্ ব্রাহ্মণানেবৈতদুপশমামৃতং পায়য়। মমতু মহাঘোরশৌর্য্যবতঃ ক্ষত্রিয়কুমারস্য নাত্র দৃষ্টিরপি পততীতি ব্যঞ্জিতং॥ ৩২॥

তর্হি ত্বং কিমিচ্ছসীত্যত আহ পদমিতি ত্রিভুবনোৎকৃষ্টত্বেঽপি অস্মৎপিতৃভিরিতি যো মামবমন্যতেস্ম তেন সুরুচেঃ পত্যা উত্তানপাদেন তৎপিত্রা মনুনা তৎপিত্রা ব্রহ্মণাপি অন্যৈরপি ব্রহ্মণঃ পুত্রপৌত্রাদিভিঃ অনধিষ্ঠিতমপ্রাপ্তং পদং জিগীষোঃ স্বীচিকীর্ষো র্বর্ত্ম ব্রূহীতি ত্বং তাবদ্বর্ত্মমাত্রমুপদিশন্নচিরেণৈব তদ্বিজয়ে কিঞ্চন শৌর্য্যং মে পশ্যেতি ভাবঃ॥ ৩৩॥

ধ্রুব বলিলেন, হে মহামুনে! বিষয়াবিষ্ট জনগণের দুরারাধ্য হইলেও যাহারা সুখদুঃখে সর্ব্বদাই অভিভূত হয়, তাদৃশ উদ্বিগ্নচিত্ত জনগণের অবশ্য অনুষ্ঠেয় আত্মসন্তোষ-লক্ষণ শমগুণের কথা আপনার ন্যায় সর্ব্বজ্ঞ ঋষির মুখে অদ্য শ্রবণ করিলাম। অদ্য আপনি কৃপা করিয়া, সেই পথটী আমাকে প্রদর্শন করাইলেন বটে—॥ ৩১॥

তথাপি ক্ষত্রিয়ের ঔরসে জন্মগ্রহণ করায়, আমার প্রকৃতি নিতান্তই উগ্র ও অবিনীত। ক্ষত্রিয়ের প্রকৃতিতে অবমাননা কিছুতেই সহ্য হয় না। সুরুচির

নূনং ভবান্ ভগবতো যোঽঙ্গজঃ পরমেষ্ঠিনঃ।
বিতুদন্নটতে বীণাং হিতায় জগতোঽর্কবৎ॥
মৈত্রেয় উবাচ॥
ইত্যুদাহৃতমাকর্ণ্য ভগবান্নারদস্তদা।
প্রীতঃ প্রত্যাহ তং বালং সদ্বাক্যমনুকম্পয়া॥ ৩৪॥

অন্বয়ঃ।

যঃ ভবান্ ভগবতঃ পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ, অঙ্গজঃ পুত্রঃ, সঃ নূনং নিশ্চিতং, ভগবতঃ জগৎ-পালকস্য, বাসুদেবস্য (পরমভক্তঃ এব) যঃ জগতঃ হিতায় বীণাং বিতুদন্ বাদয়ন্, অর্কবৎ অটতে পরিভ্রমতি॥

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং ধ্রুবেণ উদাহৃতং কথিতং, বাক্যং আকর্ণ্য শ্রুত্বা, সঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ নারদঃ তদা তস্মিন্ এব সময়ে প্রীতঃ সন্ বালং প্রতি সদ্বাক্যং মনোরথসাধনপরং অনুকম্পয়া আহ॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

অঙ্কজ ইতি পাঠে উৎসঙ্গাজ্জাতো যো নারদঃ স ভবান্ তত্র লিঙ্গং বিতুদন্ বাদয়ন্ হিতায়াটতি॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মমায়ন্তু মনোরথঃ সেৎস্যত্যেবেত্যত্র গৃহান্নিষ্ক্রম্য তত্রৈব ভবদ্দর্শনমেব লিঙ্গমিত্যাহ নূনমিতি।

দুর্ব্বাক্যবাণে আমার হৃদয় এমনই বিদীর্ণ হইয়াছে যে, আপনার কথিত শম-পথ কিছুতেই আর আমার হৃদয়ে স্থান পাইতেছে না॥ ৩২॥

অতএব হে ব্রহ্মন্! আমার পিতৃপুরুষ মনু প্রভৃতি শ্রেষ্ঠ ব্যক্তিগণ বা সংসারে আর কেহই যে উৎকৃষ্ট পদবী লাভে সমর্থ হন নাই, সেই ত্রিভুবনের উৎকৃষ্ট পদলাভে আমার নিতান্তই বাসনা হইতেছে; অতএব যাহাতে আমি তাদৃশ পদলাভে সমর্থ হই, আপনি তাহারই কোন সুগম উপায় আমার নিকট কীর্ত্তন করুন্!॥ ৩৩॥

আপনি ভগবান্ কমলাসনের দেহ হইতে সমুৎপন্ন হইয়াছেন। সুতরাং ত্রিলোকনাথ জনার্দ্দনের যে এক জন পরম ভক্ত, সে বিষয়ে আর সন্দেহ নাই। আপনি কেবল জগতের মঙ্গল-কামনাতেই বীণাবাদন পূর্ব্বক দিবা-করের ন্যায় জ্ঞানজ্যোতি বিতরণে সংসারে পরিভ্রমণ করিতেছেন॥

মহর্ষি মৈত্রেয় বলিলেন, হে বিদুর! বালক ধ্রুবের মুখে এই প্রকার মধুর বাক্য শ্রবণে ভগবান্ দেবর্ষি সাতিশয় সন্তুষ্ট হইলেন; এবং প্রসন্নচিত্তে ধ্রুবকে তাঁহার অভিপ্রায়ানুরূপ হিতকর উপদেশ প্রদানে বলিলেন—॥ ৩৪॥

নারদ উবাচ ॥
অনন্যাভিহিতঃ পন্থাঃ স বৈ নিঃশ্রেয়সস্য তে।
ভগবান্ বাসুদেবস্তং ভজ তং প্রবণাত্মনা ॥
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং য ইচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ।
একং হ্যেব হরেস্তত্র কারণং পাদসেবনং ॥ ৩৫ ॥
তত্তাত গচ্ছ ভদ্রং তে যমুনায়াস্তটং শুচি।

অন্বয়ঃ।

যতঃ তব জনন্যা অভিহিতঃ কথিতঃ, পন্থাঃ মার্গঃ, সঃ বৈ এব মান্যঃ, তে তব, নিঃশ্রেয়সস্য অভীষ্টার্থস্য, প্রাপকঃ ভগবান্ ঐশ্বর্য্যাদিষড়্‌গুণপূর্ণঃ বাসুদেবঃ (বসতি জগং অস্মিন্ ইতি বাসুঃ স এব দেবঃ প্রকাশকঃ সর্ব্বান্তর্যামীতি) এব অতঃ প্রবণাত্মনা তদেকাগ্রচিত্তেন তং বাসুদেবং ভজ ॥

যঃ আত্মনঃ স্বস্য ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং (সমুদিতং প্রত্যেকং বা) শ্রেয়ঃ ইচ্ছেং তস্য তত্র তংপ্রাপ্তৌ হরেঃ পাদসেবনং হি নিশ্চিতং একং এব কারণং ॥ ৩৫ ॥

তং তস্মাং হে তাত! তে তব ভদ্রং (ভবতু ত্বং ভগবদারাধনার্থং) যমুনায়াঃ তটং মধুবনং তন্নামকং শুচি পবিত্রং, পুণ্যং পাপনিবর্ত্তকং, আশ্রমং গচ্ছ; যত্র নিত্যদা সর্ব্বদা হরেঃ সান্নিধ্যং

শ্রীধরস্বামী।

নিঃশ্রেয়সস্য অভিপ্রেতার্থস্য পন্থাঃ কোসাবিত্যত আহ। ভগবান্ বাসুদেব এব অতস্তং ভজ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্কাদুৎসঙ্গাদাবির্ভূতো লোকহিতায় ভগবদবতার এব ত্বং ন কস্যাপি পুত্র ইতি ভাবঃ। অঙ্গজ ইতি পাঠে ভবান্ পরমেষ্ঠিনোহঙ্গজোঽপি যদ্বীণাং বিনুদন্নটতি তজ্জগতো হিতায়ৈব ॥৩৪॥৩৫॥

তব জনন্যা যদভিহিতং তদেব মদভিহিতং। ইমঞ্চ বিশেষমুপদিশামীত্যাহ তত্তাতেতি।

হে বৎস! তোমার জননী যে পন্থার কথা তোমাকে বলিয়াছেন, তাহাই শ্রেষ্ঠ এবং অবশ্য অবলম্বনীয়; তোমার অভীষ্ট প্রদানের উপযুক্ত পাত্রই ভগবান্ বাসুদেব। তিনি এই সমগ্র সংসারের হেতুভূত কারণ ও অন্তর্যামী। অতএব একাগ্রতা সহকারে সেই বাসুদেবকেই ভজনা কর! ॥

যে ব্যক্তি আপনার ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ যে কোন শ্রেয়োলাভের জন্য প্রার্থনা করেন, তাঁহার পক্ষে শ্রীহরির চরণসেবনই একমাত্র উপায় বলিয়া নির্দ্দিষ্ট আছে ॥ ৩৫ ॥

অতএব, হে বৎস! তোমার মঙ্গল হউক! তুমি ভগবদারাধনার্থ কালিন্দির তটে মধুবন-নামক পবিত্র পাপনাশন আশ্রমে গমন কর! এই পবিত্র মধুবনে

পুণ্যং মধুবনং যত্র সান্নিধ্যং নিত্যদা হরেঃ ॥ ৩৬॥
স্নাত্বানুসবনং তস্মিন্ কালিন্দ্যাঃ সলিলে শিবে।
কৃত্বোচিতানি নিবসন্নাত্মনঃ কল্পিতাসনঃ ॥ ৩৭॥
প্রাণায়ামেন ত্রিবৃতা প্রাণেন্দ্রিয়মনোমলং।
শনৈ র্ব্যুদস্যাভিধ্যায়েন্মনসা গুরুণা গুরুং ॥ ৩৮॥

অন্বয়ঃ।

অস্তি ॥ ৩৬ ॥

অস্মিন্ মধুবনে নিবসন্ অনুসবনং ত্রিকালং, কালিন্দ্যাঃ শিবে পরমপাবনে, সলিলে স্নাত্বা উচিতানি যোগ্যানি জপাদীনি কৃত্বা আত্মনঃ কল্পিতাসনঃ (কল্পিতং আসনং যেন তথাভূতঃ সন্) ॥ ৩৭ ॥

ত্রিবৃতা (পূরককুম্ভকরেচকাত্মকেন ত্রিবিধেন) প্রাণায়ামেন, প্রাণেন্দ্রিয়মনোমলং শনৈঃ ব্যুদস্য নিরস্য, গুরুণা ধীরেণ, মনসা গুরুং সর্ব্বোত্তমং পরমপূজ্যং, ভগবন্তং অভিধ্যায়েৎ ॥৩৮॥

শ্রীধরস্বামী।

মধুবনাখ্যং তটং গচ্ছ যত্র মধুবনে অধ্যয়নাদ্যভাবেঽপি ॥ ৩৬ ॥

আত্মন উচিতানি যোগ্যানি দেবতানমস্কারাদীনি কৃত্বেতি. যমনিয়মা উক্তাঃ। আসনকল্পনঞ্চ কুশাদিভিঃ স্বস্তিকাদিভিশ্চ ॥ ৩৭ ॥

প্রাণেন্দ্রিয়মনসাং মলং চাঞ্চল্যং ব্যুদস্যেতি প্রাণায়ামপ্রত্যাহারৌ ধারণামাহ অভিধ্যায়েদিত্যাদি ষড়্ভিঃ। গুরুণা ধীরেণ মনসা গুরুং শ্রীহরিং ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধুবনমিতি সর্ব্বেষু সিদ্ধক্ষেত্রেষু তস্যৈব মুখ্যত্বাৎ ॥ ৩৬ ॥

অধ্যয়নাদ্যভাবেঽপ্যাত্মন উচিতানি যোগ্যানি দেবতানমস্কারাদীনি ॥ ৩৭ ॥

ত্রিবৃতা রেচকপূরককুম্ভকাত্মকেন। গুরুণা বিশুদ্ধত্বাৎ শ্রেষ্ঠেন ॥ ৩৮ ॥

ভগবানের সান্নিধ্য নিত্য বিদ্যমান ॥ ৩৬ ॥

এই মধুবনে অবস্থান পূর্ব্বক ত্রিসন্ধ্যা যমুনার পবিত্র জলে অবগাহন করিবে এবং পিতৃদেবার্চ্চনাদি নিত্যকর্ম্মের অনুষ্ঠানে পবিত্র হইয়া, চেল, অজিন ও কুশার উপর স্বস্তিকাদি যে কোন সুখময় আসনে উপবেশন করিবে ॥ ৩৭ ॥

পরে পূরক, কুম্ভক ও রেচকক্রমে ত্রিবিধ প্রাণায়ামের অনুষ্ঠানে ক্রমান্বয়ে প্রাণ, ইন্দ্রিয় ও চিত্তের বাসনামল বিদূরিত করিয়া, অচঞ্চল চিত্তের সহায়ে পরমপূজ্য সর্ব্বোত্তম ভগবানকেই নিরন্তর ধ্যান করিবে ॥ ৩৮ ॥

ভগবানের মূর্ত্তি অতি সুন্দর ও সুঠাম। শরণাগত জনগণকে বরপ্রদানার্থ

প্রসাদাভিমুখং শশ্বৎ প্রসন্নবদনেক্ষণং।
সুনসং সুভ্রুবং চারু কপোলং সুরসুন্দরং ॥ ৩৯ ॥
তরুণং রমণীয়াঙ্গমরুণোষ্ঠেক্ষণাধরং।
প্রণতাশ্রয়ণং নৃম্ণং শরণ্যং করুণার্ণবং ॥ ৪০ ॥
শ্রীবৎসাঙ্কং ঘনশ্যামং পুরুষং বনমালিনং।
শঙ্খ-চক্র-গদা-পদ্মৈরভিব্যক্তং চতুর্ভুজং ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

উক্ত প্রসাদাভিমুখং (প্রসাদায় বরদানায় অভিমুখং উদ্যুক্তং) শশ্বং সর্ব্বদা, প্রসন্ন-বদনেক্ষণং (প্রসন্নং বদনং ঈক্ষণে চ যস্য তং) সুনসং (সুষ্ঠু নাসা যস্য তং) সুভ্রুবং (সুষ্ঠু ভ্রুবৌ যস্য তং) চারুকপোলং (চারুণি মনোহরে কপোলে যস্য তং) (সুরেষু সুন্দরং) সুরসুন্দরং ॥ ৩৯ ॥

তরুণং রমণীয়াঙ্গং (রমণীয়ানি অঙ্গানি যস্য তং) অরুণোষ্ঠেক্ষণাধরং অরুণে ওষ্ঠেক্ষণে আধারয়তীতি তথা তং) প্রণতাশ্রয়ণং (প্রণতানাং শরণাগতানাং আশ্রয়ণং আশ্রয়ভূতং) নৃম্ণং নৃণাং সুখকরং, শরণ্যং শরণযোগ্যং, করুণার্ণবং (করুণায়াঃ কৃপায়াঃ অর্ণবং সমুদ্রং) ॥ ৪০ ॥

শ্রীবৎসাঙ্কং (শ্রীবৎসঃ রেখাবর্ত্তবিশেষঃ অঙ্কঃ যস্য তং) ঘনশ্যামং পুরুষং পুরুষাকারং, বনমালিনং, শঙ্খচক্রগদাপদ্মৈঃ অভিব্যক্তং চতুর্ভুজং ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

সুরেষু সুন্দরং ॥ ৩৯ ॥

রমণীয়ান্যঙ্গানি যস্য ওষ্ঠশ্চ ঈক্ষণাচ ঈক্ষণং ওষ্ঠেক্ষণে; অরুণে ওষ্ঠেক্ষণে ধারয়তীতি তথা তং অরুণং ওষ্ঠমীক্ষণঞ্চ ধারয়তীতি বা। নৃম্ণং সুখকরং যদ্বা নৃম্ণং ধনং সর্ব্বপুরুষার্থনিধিমিত্যর্থঃ ॥ ৪০

পুরুষং পুরুষলক্ষণযুক্তং ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরেভ্যোঽপি সুন্দরং ॥ ৩৯ ॥

উপর্য্যধঃ স্থিতৌ দন্তচ্ছদাবোষ্ঠাধরাবুচ্যেতে প্রণতানাং আশ্রয়ণং নৃম্ণং তেষাং ধনরূপং ॥ ৪০ ॥ ৪১ ॥

যেন সততই উদ্যোগী; সুন্দর নাসাযুগল, উন্নত ভ্রূদ্বয় ও মনোহর কপোল-দেশে অনুপম শোভা অনুভূত হয়; অমরমধ্যে তিনিই যেন সর্ব্বশ্রেষ্ঠ সৌন্দর্য্যে বিভূষিত পরিদৃষ্ট হইয়া থাকেন ॥ ৩৯ ॥

সুকুমার অঙ্গপ্রত্যঙ্গে তরুণ বয়সেরই পরিচয় দিয়া থাকে; তাঁহার ওষ্ঠাধর এবং লোচনযুগল অরুণবর্ণ; প্রণতজনের আশ্রয়প্রদ লোক-লোচনানন্দকর শরণযোগ্য এবং করুণার্ণব মূর্ত্তিতে তিনি আত্মপ্রকাশ করিয়া থাকেন ॥ ৪০ ॥

কিরীটিনং কুণ্ডলিনং কেয়ূরবলয়াম্বিতং।
কৌস্তুভাভরণগ্রীবং পীতকৌশেয়বাসসং ॥ ৪২ ॥
কাঞ্চীকলাপপর্য্যস্তং লসৎকাঞ্চননূপুরং।
দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনং ॥ ৪৩ ॥
পদ্ভ্যাং নখমণিশ্রেণ্যা বিলসদ্ভ্যাং সমর্চ্চতাং।

অন্বয়ঃ।

কিরীটিনং, কুণ্ডলিনং কেয়ূরবলয়াভ্যাং অম্বিতং যুক্তং, কৌস্তুভাভরণগ্রীবং (কৌস্তুভাভরণং গ্রীবায়াং যস্য তং) পীতকৌশেয়-বাসসং (পীতকৌশেয়ে কোশজন্যে বাসসী যস্য তং) ॥ ৪২ ॥

কাঞ্চীকলাপপর্য্যস্তং (কাঞ্চীকলাপেন কটিভূষণেন পর্য্যস্তং পরিবেষ্টিতং) লসৎকাঞ্চন-নূপুরং (লসতী শোভমানে কাঞ্চনে নূপুরে যস্য তং) দর্শনীয়তমং মনোনয়নবর্দ্ধনং মনোনয়নয়োরানন্দকরং, শান্তং সৌম্যরূপং ॥ ৪৩ ॥

সমর্চ্চতাং ভক্তিপূর্ব্বকং পূজয়তাং, ভক্তানাং আত্মনি দেহে, হৃৎপদ্মকর্ণিকাধিষ্ণ্যং হৃদয়-পদ্মলক্ষণং স্থানং, নখমণিশ্রেণ্যা (নখানি এব মনয়ঃ তেষাং শ্রেণিঃ পঙ্‌ক্তিঃ তয়া) বিলসদ্ভ্যাং

শ্রীধরস্বামী।

কৌস্তুভস্যাভরণং গ্রীবা যস্য ॥ ৪২ ॥
কাঞ্চীকলাপেন পর্য্যস্তং পরিবেষ্টিতং মনো নয়নয়োর্বর্দ্ধনং হর্ষকরং ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৌস্তুভস্যাভরণং গ্রীবা যস্য ॥ ৪২ ॥
কাঞ্চীকলাপেন ক্ষুদ্রঘণ্টিকাসমূহেন। পর্য্যস্তং পরিবেষ্টিতং ॥ ৪৩ ॥

তাঁহার বক্ষস্থলে শ্রীবৎসচিহ্ন শোভা পাইয়া থাকে, ঘনীভূত শ্যামল দেহ-বর্ণ, গলদেশে বনমালা এবং পুরুষমূর্ত্তি পরিগ্রহে ভুজচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম ধারণ করিয়া থাকেন ॥ ৪১ ॥

তাঁহার মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, বাহুর উপরিদেশে কেয়ূর (তাড় বাজু) মণিবন্ধস্থলে বলয় এবং পরিধান পীতকৌশেয় বস্ত্র ॥ ৪২ ॥

চন্দ্রহারের গুচ্ছ কটিদেশে অপূর্ব্ব শোভা প্রদান করিয়া থাকে; চরণ যুগলে সুবর্ণময় মনোহর নূপুর ধারণ করত দর্শকমাত্রেরই চিত্ত ও লোচনের আনন্দপ্রদ সৌম্যরূপ প্রকাশে ভক্তসমীপে আত্মপ্রকাশ করেন ॥ ৪৩ ॥

তিনি যে কেবল বাহিরেই এই রূপে বিরাজ করেন, এমত নহে; যাঁহারা বিশেষ ভক্তি-সহকারে তাঁহার অর্চ্চনা করেন, ভগবান্ তাঁহাদের হৃদয়পদ্মের কর্ণিকা মধ্যে মণিসন্নিভ নখররাজি-বিরাজিত যুগল চরণকমলের প্রকাশে

হৃৎপদ্মকর্ণিকাধিষ্ণ্যমাক্রম্যাত্মন্যবস্থিতং ॥ ৪৪ ॥
স্ময়মানমভিধ্যায়েৎ সানুরাগাবলোকনং।
নিয়তেনৈকভূতেন মনসা বরদর্ষভং ॥ ৪৫ ॥
এবং ভগবতো রূপং সুভদ্রং ধ্যায়তো মনঃ।
নির্বৃত্যা পরয়া তূর্ণং সম্পন্নং ন নিবর্ত্ততে ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

পদ্মাং আক্রম্য অবস্থিতং ॥ ৪৪ ॥

নিয়তেন সুস্থিরেণ, একভূতেন একাগ্রেণ, মনসা স্ময়মানং হসন্তং, সানুরাগাবলোকনং (অনুরাগেণ সহ বর্ত্তমানং অবলোকনং যস্য তং) বরদর্ষভং (বরদানাং ব্রহ্মাদীনাং অপি ঋষভং শ্রেষ্ঠং) ভগবন্তং অভিধ্যায়েৎ ॥ ৪৫ ॥

এবং সুভদ্রং মঙ্গলময়ং, ভগবতঃ রূপং ধ্যায়তঃ পুরুষস্য মনঃ তূর্ণং শীঘ্রং, পরয়া নির্বৃত্যা (ভগবতা) সম্পন্নং মিলিতং সং (ততঃ) ন নিবর্ত্ততে ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

হৃৎপদ্মকর্ণিকায়া ধিষ্ণ্যং মধ্যস্থানং তদাক্রম্য সমর্চ্চতামাত্মনি মনসি স্থিতং ॥ ৪৪ ॥

ধ্যানমাহ স্ময়মানমিতি। নিয়তেন প্রাগুক্তয়া ধারণয়া সুস্থিরেণ অতএব একভূতেন একাগ্রেণ ধারণোক্তানি বিশেষণানি ধ্যানেঽপি দ্রষ্টব্যানি। যদ্বা যথোক্তমাত্রমেব। তদুক্তমেকাদশস্কন্ধে। নান্যানি চিন্তয়েদ্ভূয়ঃ সুস্মিতং ভাবয়েন্মুখমিতি ॥ ৪৫ ॥

সমাধিমাহ এবমিতি। তূর্ণং শীঘ্রং সম্পন্নং সং ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমর্চ্চতাং ভক্তানাং ধিষ্ণ্যং স্থানং। আত্মনি বুদ্ধৌ জীবেচ ॥ ৪৪ ॥

নিয়তেনাসক্তেন একভূতেন একাগ্রেণ ॥ ৪৫ ॥

ন নিবর্ত্ততে যোগিনো মন ইব ধ্যেয়ং ন ত্যজতি ॥ ৪৬ ॥

দেদীপ্যমান থাকেন ॥ ৪৪ ॥

এই প্রকারে একাগ্রতা সহকারে ও অনন্যচিন্তনে বরদশ্রেষ্ঠ হৃষীকেশের অনুরাগব্যঞ্জক সহাস্য বদনকমলের প্রতি লক্ষ্য করত হৃদয়কমলে তাঁহাকে চিন্তা করিবে ॥ ৪৫ ॥

হে বৎস! চিন্তামণির এই অচিন্ত্য মাধুরীপূর্ণ মঙ্গলময় মূর্ত্তির চিন্তনে চিত্ত অতি অল্পকাল মধ্যে পরম নির্বৃতিকে লাভ করিতে পারে; এবং সেই পরমতত্ত্বে একবার বিলীন হইলে, যেন সর্ব্বসম্পন্নের ন্যায় পুনরায় আর তথা হইতে প্রতিনিবৃত্তের প্রযত্ন করে না ॥ ৪৬ ॥

হে নৃপনন্দন! সম্প্রতি সেই পরম দেবতার অতি গুহ্যতম পবিত্র জপ্য

জপ্যশ্চ পরমো গুহ্যঃ শ্রূয়তাং মে নৃপাত্মজ।
যং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ পশ্যতি খেচরান্॥
ওঁ নমো ভগবতে বাসুদেবায়।
মন্ত্রেণানেন দেবস্য কুর্য্যাদ্দ্রব্যময়ীং বুধঃ।
সপর্য্যাং বিবিধৈ দ্র্ব্যৈর্দ্দেশকালবিভাগবিৎ॥ ৪৭॥
সলিলৈঃ শুচিভির্মাল্যৈ র্বন্যৈ র্মূলফলাদিভিঃ।
শস্তাঙ্কুরাংশুকৈশ্চার্চ্চেত্তুলস্যা প্রিয়য়া প্রভুং॥ ৪৮॥

অন্বয়ঃ।

হে নৃপাত্মজ! পরমঃ উৎকৃষ্টঃ, গুহ্যঃ ন সর্ব্বত্র প্রসিদ্ধঃ, জপ্যঃ মন্ত্রশ্চ, মে মত্তঃ, শ্রূয়তাং, যং মন্ত্রং, সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ খেচরান্ সিদ্ধপুরুষান্, পশ্যতি॥

অথ ওমিতি মন্ত্রেণ দেশকালবিভাগবিৎ বুধঃ পণ্ডিতঃ, বিবিধৈঃ দ্রব্যৈঃ দেবস্য ভগবতঃ, বাসুদেবস্য, দ্রব্যময়ীং দ্রব্যপ্রধানাং, সপর্য্যাং পূজাং, কুর্য্যাং॥ ৪৭॥

শুচিভিঃ শুদ্ধৈঃ, সলিলৈঃ মাল্যৈঃ পুষ্পৈঃ, বন্যৈঃ বনজাতৈঃ, মূলফলাদিভিঃ শস্তাঙ্কুরাংশুকৈঃ (শস্তৈঃ শাস্ত্রবিহিতৈঃ, অঙ্কুরৈঃ দূর্ব্বাদিভিঃ, অংশুকৈঃ ভুর্জ্জত্বগাদিভিঃ ভগবতঃ) প্রিয়য়া তুলস্যা চ প্রভুং অর্চ্চয়েৎ॥ ৪৮॥

শ্রীধরস্বামী।

জপ্যোমন্ত্রঃ॥ ৪৭॥

দ্রব্যাণ্যেবাহ সলিলৈরিতি। শস্তৈদূর্ব্বাঙ্কুরৈঃ। বন্যৈরেবাংশুকৈঃ ভূর্জ্জত্বগাদিভিঃ॥ ৪৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জপ্যোমন্ত্রঃ শ্রূয়তাং দক্ষিণঃ কর্ণ আধীয়তামুপদিশামীত্যর্থঃ। প্রপঠন্ বাচিকমপি জপম্ কিমুতোপাংশুমানসং বা। খেচরান্ পার্ষদান্ ওমিতি অনেনানুপনীতায় সপ্রণবমহামন্ত্রোপদেশেন বৈষ্ণবমন্ত্রাণাং দ্বিজত্বাদ্যবস্থাপেক্ষাপরিহৃতা॥ ৪৭॥

বন্যৈরেবাংশুকৈ ভূর্জ্জত্বগাদিভিঃ॥ ৪৮॥

মন্ত্রের বিষয় বর্ণন করিতেছি, তুমি শ্রবণ কর। দেখ! এই মন্ত্র সপ্ত রাত্রি পাঠ ও নিয়মপূর্ব্বক জপ করিলে, ভক্ত আকাশচারী সিদ্ধপুরুষগণের সন্দর্শন লাভ করেন, সন্দেহ নাই॥

মন্ত্র যথা; "ওঁ নমো ভগবতে বাসুদেবায়"। এই দ্বাদশাক্ষর মন্ত্রের দ্বারা বিবেকী পণ্ডিতগণ পাষাণাদি উপাদানে ভগবানের প্রতিমূর্ত্তি প্রস্তুত করত, দেশ ও কাল অনুসারে বিবিধ উপচার দ্বারা সেই পদ্মপলাশলোচনের পূজা করিয়া থাকেন॥ ৪৭॥

পূজার বিশেষ আয়োজনের কথা আমি নির্দ্দেশ করিতেছি, শ্রবণ কর।

লব্ধ্বা দ্রব্যময়ীমর্চ্চাং ক্ষিত্যম্ব্বাদিষু চার্চ্চয়েৎ ॥ ৪৯ ॥
আভৃতাত্মা মুনিঃ শান্তো যতবাঙ্মিতবন্যভুক্ ॥ ৫০ ॥
স্বেচ্ছাবতারচরিতৈরচিন্ত্যনিজমায়য়া।

অন্বয়ঃ।

দ্রব্যময়ীং শিলাদিময়ীং, অর্চ্চাং প্রতিমাং, লব্ধ্বা সম্পাদ্য, বা ক্ষিত্যম্ব্বাদিষু চ ভগবন্তং অর্চ্চয়েৎ ॥ ৪৯ ॥

আভৃতাত্মা (আভৃতঃ বশীকৃতঃ আত্মা চিত্তং যেন সঃ) শান্তঃ বিক্ষেপরহিতঃ, মুনিঃ মননপরঃ, যতবাক্ গৃহীতমৌনঃ, মিতবন্যভুক্ (মিতং পরিমিতং বন্যং ফলমূলাদিকং ভুঙ্‌ক্তে যঃ সঃ তথাভূতঃ) সন্ অর্চ্চয়েৎ। আহারমানস্ত দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈরেকং তোয়েন পূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবসাদয়েৎ ইতি) ॥ ৫০ ॥

অচিন্ত্যনিজমায়য়া (অচিন্ত্যয়া নিজয়া স্ববশবর্ত্তিন্যা মায়য়া শক্ত্যা) স্বেচ্ছাবতারচরিতৈঃ (স্বেচ্ছয়া অবতারচরিতৈঃ অবতারাঃ এব চরিতানি তৈঃ) উত্তমশ্লোকং (উত্তমাঃ তমসঃ অজ্ঞানস্য

শ্রীধরস্বামী।

অধিষ্ঠানমাহ লব্ধ্বা সংপাদ্য। দ্রব্যময়ীং শিলাদিভি নির্ম্মিতাং ॥ ৪৯ ॥

পূজাসাদ্গুণ্যহেতুনাহ সার্দ্ধাভ্যাং। আভৃতাত্মা ধৃতচিত্তং মিতং বন্যং ভুঙ্‌ক্তে ইতি তথা ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্রব্যময়ীং শিলাদিনির্ম্মিতামর্চ্চাং প্রতিমাং প্রাপ্য তামর্চ্চয়েৎ। পুনঃ ক্ষিত্যম্ব্বাদিষ্বপি ॥ ৪৯ ॥

ভগবদারাধনার জন্য কোন দুষ্প্রাপ্য মহামূল্য সামগ্রীর প্রয়োজন করে না; গঙ্গাদি পবিত্র স্রোতস্বতী প্রভৃতির পবিত্র বারি, বনজাত কুসুম, মালা, ফল, মূল, বৃক্ষের বল্কল ও ভগবৎপ্রিয়া তুলসীর দ্বারাই পরমেশ্বরের যথেষ্ট অর্চ্চনা হইয়া থাকে ॥ ৪৮ ॥

শিলাদি-নির্ম্মিত প্রতিমা প্রাপ্ত হইলে, তদ্দারাই অর্চ্চনা করিবে; তদভাবে মৃত্তিকানির্ম্মিত মূর্ত্তিতে পূজা করিবে। এই দুইয়েরও অপ্রাপ্তি ঘটিলে, কেবল জল দ্বারা ভগবানের অর্চ্চনা হইয়া থাকে ॥ ৪৯ ॥

ভগবৎপূজার আয়োজনের মধ্যে ভাবেরই প্রাধান্য। ইন্দ্রিয়বর্গ ও চিত্তকে বিষয়-সংস্রব হইতে সম্পূর্ণ নিরুদ্ধ করিয়া, শমগুণাবলম্বনে ও বন্য ফলমূলাদির দ্বারা জীবনমাত্র ধারণে, সংযত চিত্তে ঈশ্বরভাবের পরিচিন্তনই পরমেশ্বরের পরমা পূজা ॥ ৫০ ॥

তৎকালে তাঁহার আবির্ভাবাদির কথা কিছু না থাকিলেও ভগবান্ ভবিষ্যতে স্বকীয় অচিন্ত্যমায়া প্রভাবে যে সকল মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া

করিষ্যত্যুত্তমশ্লোকস্তদ্ধ্যায়েদ্ধৃদয়ঙ্গমং ॥ ৫১ ॥
পরিচর্য্যা ভগবতো যাবত্যঃ পূর্ব্বসেবিতাঃ।
তা মন্ত্রহৃদয়েনৈব প্রযুঞ্জ্যান্মন্ত্রমূর্ত্তয়ে ॥ ৫২ ॥
এবং কায়েন মনসা বচসাচ মনোগতং।
পরিচর্য্যমাণো ভগবান্ ভক্তিমৎপরিচর্য্যয়া ॥

অন্বয়ঃ।

নিবর্ত্তকাঃ শ্লোকাঃ যশাংসি যস্য সঃ) ভগবান্ যৎ যৎ হৃদয়ঙ্গমং মনোহরং, পরাক্রমং, করিষ্যতি ইতি ভাবিনির্দ্দেশঃ ॥ ৫১ ॥

ভগবতঃ, যাবত্যঃ পরিচর্য্যাঃ পূর্ব্বসেবিতাঃ (জলাদিভিঃ কর্ত্তব্যত্বেন প্রদর্শিতাঃ) তাঃ মন্ত্র-মূর্ত্তয়ে ভগবতে, মন্ত্রহৃদয়েনৈব দ্বাদশাক্ষরেণ, প্রযুঞ্জ্যাৎ কুর্য্যাৎ ॥ ৫২ ॥

এবং উক্তপ্রকারেণ মনোগতং (দৃঢ়তরং যথা ভবতি তথা) কায়েন সলিলাদিভিঃ, মনসা ধ্যানাদিভিঃ, বচসা জপাদিভিঃ, ভক্তিমৎপরিচর্য্যয়া (ভক্তিমত্যা প্রেমপূর্ব্বকয়া পরিচর্য্যমাণঃ সেব্যমানঃ ॥

শ্রীধরস্বামী।

যৎ করিষ্যতীতি তদানীমবতারপ্রাচুর্য্যাভাবাৎ ॥ ৫১ ॥

পূর্ব্বসেবিতাঃ সেবনং কারিতাঃ কার্য্যত্বেন বিহিতা ইত্যর্থঃ। মন্ত্রহৃদয়েন দ্বাদশাক্ষরেণ ॥ ৫২ এবমুক্তরীত্যা মনোগতং যথা ভবতি তথা কায়াদিভি র্ভক্তিমৎপরিচর্য্যয়া ভক্তিমত্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আভৃতাত্মা সম্যগ্ধৃতচিত্তঃ। যৎ করিষ্যতীতি তদানীমবতারপ্রাচুর্য্যাভাবাৎ ॥ ৫০ ॥ ৫১ ॥

পূর্ব্বসেবিতাঃ পূর্ব্বপূর্ব্বভক্তৈরনুষ্ঠিতাস্তা পরিচর্য্যাঃ গন্ধচন্দনতাম্বুলছত্রচামরাদিবিবিধদ্রব্য-বতী ম ন্ত্রহৃদয়েনৈব মূলমন্ত্রোচ্চারণেনৈব মনসা প্রকল্প্যানীতৈরেবোপচারৈরিত্যর্থঃ। বিরক্তস্য প্রস্তুততত্তদ্বস্তুভাবাদিতি ভাবঃ মন্ত্রমূর্ত্তয়ে মন্ত্রেণৈব ধ্যাতা মূর্ত্তি র্যস্য তস্মৈ তৎ প্রসাদয়িতুং প্রযুঞ্জ্যাৎ বিদধীত ॥ ৫২ ॥

এবমুক্তরীত্যা মনোগতং যথাস্যাত্তথা কায়াদিভি র্ভক্তিমত্যা শ্রবণকীর্ত্তনাদিভক্তিযুক্তয়া

অলোকসামান্য যে সকল লীলাকার্য্য সাধিত করিবেন, সম্প্রতি তুমি সেই সকল উৎকৃষ্ট হৃদয়গ্রাহী চরিত্র মনে মনে চিন্তা করিবে ॥ ৫১ ॥

হে নৃপকুমার! মন্ত্রই ভগবানের প্রতিমূর্ত্তি; অতএব, পূর্ব্বে যে সকল পরিচর্য্যার বিধি বর্ণিত হইয়াছে, তাহার প্রত্যেক বিধিতে পূর্ব্বোক্ত মন্ত্রটী হৃদয়ে রাখিয়া কার্য্য করিবে ॥ ৫২ ॥

এই প্রকারে কায়মনোবাক্যে শ্রদ্ধা ও ভক্তি পূর্ব্বক অর্চ্চনা করিলে, সুপূজিত ভগবান্ সম্যক্ প্রকারে ভজনশীল বিষয়বাসনাশূন্য দেহধারী ভক্তের

পুংসামমায়িনাং সম্যগ্ভজতাং ভাববর্দ্ধনঃ।
শ্রেয়ো দিশত্যভিমতং যদ্ধর্ম্মাদিষু দেহিনাং ॥ ৫৩ ॥
বিরক্তশ্চেন্দ্রিয়রতৌ ভক্তিযোগেন ভূয়সা।
তং নিরন্তরভাবেন ভজেতাদ্ধা বিমুক্তয়ে ॥ ৫৪ ॥
ইত্যুক্তস্তং পরিক্রম্য প্রণম্যচ নৃপার্ভকঃ।
যযৌ মধুবনং পুণ্যং হরেশ্চরণচর্চ্চিতং ॥ ৫৫ ॥

অন্বয়ঃ।

ভাববর্দ্ধনঃ (ভাবান্ ভক্তাভিলষিতান্ বর্দ্ধয়তি যঃ সঃ) ভগবান্ অমায়িনাং দম্ভরহিতানাং সম্যক্ প্রেমপূর্ব্বকং ভজতাং দেহিনাং দেহবতাং, পুংসাং ধর্ম্মাদিষু ধর্ম্মার্থকামেষু ত্রিবিধ-পুরুষার্থেষু যং অভিমতং শ্রেয়ঃ দিশতি প্রদদাতি ॥ ৫৩ ॥

ইন্দ্রিয়রতৌ বিষয়ভোগে, বিরক্তঃ চেৎ ভূয়সা নিরন্তরভাবেন অনবচ্ছিন্নপ্রেমলক্ষণেন ভক্তিযোগেন, তং ভগবন্তং, ভজেত; (তদা তৎ ভজনং তস্য) অদ্ধা সাক্ষাৎ, বিমুক্তয়ে ভবতি ॥ ৫৪ ॥

(নারদেন) ইতি এবং, উক্তঃ নৃপার্ভকঃ ধ্রুবঃ, তং নারদং, পরিক্রম্য প্রণম্য চ হরেঃ চরণ-চর্চ্চিতং (চরণাভ্যাং চর্চ্চিতং মণ্ডিতং) পুণ্যং পাপনিবর্ত্তকং, মধুবনং যযৌ ॥ ৫৫ ॥

শ্রীধরস্বামী।

পরিচর্য্যয়া পরিচর্য্যমাণঃ ধর্ম্মার্থকামেষ্ যুষ্মদভিমতং তৎ শ্রেয়ো দিশতীতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৫৩ ॥

বিরক্তঃ সন্ ভজেত কিমর্থং বিমুক্তয়ে ॥ ৫৪ ॥

হরেশ্চরণাভ্যাং চর্চ্চিতং মণ্ডিতং ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিচর্য্যয়া। ধর্ম্মাদিষু মধ্যে যদভি তং তং দিশতি দদাতি ॥ ৫৩ ॥

যস্ত ইন্দ্রিয়রতৌ ইন্দ্রিয়রমণে ত্রিবর্গে বিরক্তঃ চকারান্মোক্ষেঽপি সচ নিরন্তরো জ্ঞানকর্ম্মাদি-ব্যবধানশূন্যো ভাবো দাস্যাদি র্যত্র তেন। বিশিষ্টমুক্তয়ে প্রেমবৎ পার্ষদত্বায় ॥ ৫৪ ॥

হরেঃ প্রতিবৎসরমাবির্ভাবাৎ শ্রীকৃষ্ণস্য চরণাভ্যাং চর্চ্চিতং ॥ ৫৫ ॥

ভক্তিভাবের পরিবর্দ্ধন পূর্ব্বক ধর্ম্ম, অর্থ ও কামের মধ্যে যে কোনটী তাঁহার অভিপ্রেত থাকে, তাহাই প্রদান করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ৫৩ ॥

পূর্ব্বোক্ত পুরুষার্থত্রয়ের মধ্যে যদি ভক্তের চিত্ত কোনটীতেই আসক্ত না হয়, যাবতীয় ইন্দ্রিয়ভোগ্য পদার্থে তাঁহার বিরতি জন্মে, তবে মুক্তির জন্য একান্তচিত্তে সাক্ষাৎ সম্বন্ধে এক ভগবানেরই ভজনা করিবে মাত্র ॥ ৫৪ ॥

বালক ধ্রুব দেবর্ষির মুখে এই সকল উপদেশ বাক্য শ্রবণ করিয়া, আশ্বস্ত হইলেন এবং নারদকে প্রদক্ষিণ পূর্ব্বক প্রণাম করত শ্রীহরির চরণচর্চ্চিত

তপোবনং গতে তস্মিন্ প্রবিষ্টোঽন্তঃপুরং মুনিঃ।
অর্হিতার্হণকো রাজ্ঞা সুখাসীন উবাচহ ॥ ৫৬ ॥
নারদ উবাচ ॥
রাজন্ কিং ধ্যায়সে দীর্ঘং মুখেন পরিশুষ্যতা।
কিম্বা নরিষ্যতে কামো ধর্ম্মো বার্থেন সংযুতঃ ॥ ৫৭ ॥
রাজোবাচ ॥
সুতো মে বালকো ব্রহ্মন্ স্ত্রৈণেনাকরুণাত্মনা।

অন্বয়ঃ।

তস্মিন্ ধ্রুবে তপোবনং গতে সতি মুনিঃ নারদঃ, রাজ্ঞঃ অন্তঃপুরং প্রবিষ্টঃ তত্র চ রাজ্ঞা অর্হিতার্হণকঃ (অর্হিতং সমর্পিতং অর্হণং অর্ঘ্যাদি যস্মৈ সঃ) সুখাসিনঃ সন্ তং রাজানং উবাচ হ ॥৫৬॥

নারদঃ উবাচ। হে রাজন! পরিশুষ্যতা মুখেন কিং ধ্যায়সে চিন্তয়সি কিং চ অর্থেন সংযুতঃ সহিতঃ, কামঃ ধর্ম্মঃ বা নরিষ্যতে নশ্যতি কিং? ॥ ৫৭ ॥

রাজা উবাচ। হে ব্রহ্মন্! স্ত্রৈণেন নারীবশ্যেন অকরুণাত্মনা ময়া মে মম মহান্ কবিঃ

শ্রীধরস্বামী।

অর্হিতং সংকৃত্য সমর্পিতং অর্হণমর্ঘ্যাদি যস্মৈ ॥ ৫৬ ॥
নরিষ্যতে ন নশ্যতীতি বিতর্কঃ প্রশ্নঃ ॥ ৫৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্হিতং সংকৃত্য সমর্পিতমর্হণমর্ঘ্যাদি যস্মৈ ॥ ৫৬ ॥
নরিষ্যতে ন নশ্যতি কিং বেতি সবিতর্কঃ প্রশ্নঃ ॥ ৫৭ ॥

পবিত্র মধুবনে তপস্যার্থ প্রস্থান করিলেন। ॥ ৫৫ ॥

রাজপুত্র ধ্রুব তপস্যার্থ বনে গমন করিলে, দেবর্ষি নারদ মহারাজ উত্তানপাদের প্রাসাদে প্রবিষ্ট হইলেন; তথায় রাজা কর্ত্তৃক অভ্যর্হিত হইয়া আসনে উপবেশন পূর্ব্বক উত্তানপাদকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৫৬ ॥

দেবর্ষি পূর্ব্বেই সমস্ত বিষয় অবগত হইলেও, কেবল রাজার সন্তোষ বিধানার্থ তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! অদ্য আপনাকে এত চিন্তিত দেখিতেছি কেন? গভীর চিন্তায় মুখ এতই ম্লান হইয়াছে যে, বোধ হয় যেন, কোন বিশেষ অভীষ্ট বিষয়ের বা ধর্ম্মের সম্বন্ধীয় চিন্তাই আপনার মনোমধ্যে উদিত হইয়াছে। এতদুভয়ের মধ্যে কোনটীর ক্ষতি হয় নাই ত! ॥ ৫৭ ॥

রাজা উত্তানপাদ বলিলেন, হে ব্রহ্মন্! আমার ন্যায় নৃশংস স্ত্রৈণ পুরুষ আর কাহাকেও নয়নগোচর করি না; আমি বনিতার নিতান্ত বশবর্ত্তী হইয়া,

নির্ব্বাসিতঃ পঞ্চবর্ষঃ সহ মাত্রা মহান্ কবিঃ ॥ ৫৮ ॥
অপ্যনাথং বনে ব্রহ্মন্ মাস্মাদন্ত্যর্ভকং বৃকাঃ।
শ্রান্তং শয়ানং ক্ষুধিতং পরিম্লানমুখাম্বুজং ॥
অহো মে বত দৌরাত্ম্যং স্ত্রীজিতস্যোপধারয়।
যোঽঙ্কং প্রেম্না রুরুক্ষন্তং নাভ্যনন্দমসত্তমঃ ॥ ৫৯ ॥

অন্বয়ঃ।

বালকঃ পঞ্চবর্ষঃ ধ্রুবঃ সুতঃ মাত্রা সহ নির্ব্বাসিতঃ নিষ্কাসিতঃ ॥ ৫৮ ॥

হে ব্রহ্মন্! অর্ভকং বালকং (অতএব মার্গে চলনাৎ) শ্রান্তং ক্ষুধিতং পরিম্লানমুখাম্বুজং (পরিম্লানং শুষ্কং মুখাম্বুজং যস্য তং) শয়ানং অনাথং রক্ষকহীনং, বনে বৃকাঃ মা স্বাদন্তি কিং ন খাদন্তি কিং ? ॥

অহো! স্ত্রীজিতস্য স্ত্রৈণস্য, মে মম, দৌরাত্ম্যং অনার্য্যং, বত খেদে, উপধারয় পশ্য। যঃ অসত্তমঃ স্ত্রিয়া জড়ীকৃতঃ অহং প্রেম্না অঙ্কং রুরুক্ষন্তং আরোঢ়ুমিচ্ছন্তং, বালং ন অভ্যনন্দম্ আদৃতবান্ ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

মাত্রা সহ নির্ব্বাসিত ইতি তস্যা অপ্যনাদৃতত্বাৎ ৫৮ ॥
মাস্বাদন্তি কিং স্বিন্ন খাদন্তীত্যর্থঃ ॥ ৫৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহ মাত্রেতি তস্যা অপ্যনাদৃতত্বাৎ ॥ ৫৮ ॥ ৫৯ ॥

নিতান্ত সুশীল ও বিচক্ষণ পঞ্চমবর্ষীয় আমার শিশু সন্তান ধ্রুবকে তাহার জননীসহ আমার এই রাজপ্রাসাদ হইতে নির্ব্বাসিত করিয়াছি ॥ ৫৮ ॥

সুতরাং এক্ষণে চিন্তার সাগরে নিপতিত হইয়াছি! হে ব্রহ্মন্! সেই বালক বনে বনে বিচরণ করত পরিশ্রমে ও ক্ষুধায় কাতর হইয়া, যখন ধরণী-পৃষ্ঠে শয়ন করিবে, বিকচ-নলিন তুল্য তাহার বদনকমল ম্লান হইয়া নিদ্রায় অভিভূত হইবে, তখন তাদৃশ রক্ষকহীন নিবিড় অরণ্যমধ্যে পাছে সিংহ ব্যাঘ্রাদি শ্বাপদ জন্তুগণ সেই নবনীতোপম আমার পুত্র কলেবরের দ্বারাই নরশোণিতের আস্বাদ গ্রহণ করে, এই চিন্তাই আমার হৃদয়ে সতত জাগরূক হইতেছে ॥

অহো! আমার ন্যায় স্ত্রীজিত কামকিঙ্কর পুরুষের দৌরাত্ম্যের প্রতি একবার দৃষ্টি করুন্! আমি এতই দুরাচার যে, বালক আনন্দ সহকারে আমার ক্রোড়ে আরোহণের বাসনা করিল! কিন্তু আমি তাহাকে একবারের জন্যও আদর মাত্রও করি নাই ॥ ৫৯ ॥

নারদ উবাচ ॥

মা মা শুচঃ স্বতনয়ং দেবগুপ্তং বিশাম্পতে ।

তৎপ্রভাবমবিজ্ঞায় প্রাবৃঙ্‌ক্তে যদ্‌যশো জগৎ ॥ ৬০ ॥

সুদুষ্করং কর্ম্ম কৃত্বা লোকপালৈরপি প্রভুঃ ।

এষ্যত্যচিরতো রাজন্ যশো বিপুলয়ংস্তব ॥

মৈত্রেয় উবাচ ॥

ইতি দেবর্ষিণা প্রোক্তং বিশ্রুত্য জগতীপতিঃ ।

রাজলক্ষ্মীমনাদৃত্য পুত্রমেবান্বচিন্তয়ৎ ॥ ৬১ ॥

অন্বয়ঃ ।

নারদঃ উবাচ । হে বিশাম্পতে রাজন্ ! যদ্‌যশঃ (যস্য ধ্রুবস্য যশঃ) জগৎ প্রাবৃঙ্‌ক্তে ব্যাপ্নোতি, তৎপ্রভাবং (তস্য পুত্রস্য প্রভাবং সামর্থ্যং) অবিজ্ঞায় বর্ত্তমানঃ ত্বং দেবগুপ্তং (দেবেন গুপ্তং রক্ষিতং) স্বতনয়ং মা মা শুচঃ তমুদ্দিশ্য শোকং মা কুরু ॥ ৬০ ॥

হে রাজন্ ! লোকপালৈঃ অপি সুদুষ্করং অসাধ্যং, কর্ম্ম কৃত্বা প্রভুঃ সমর্থঃ, ধ্রুবঃ তব যশঃ বিপুলয়ন বিস্তারয়ন, অচিরতঃ এব এষ্যতি আগমিষ্যতি ॥

মৈত্রেয়ঃ উবাচ । ইতি এবং দেবর্ষিণা নারদেন, প্রোক্তং বাক্যং শ্রুত্বা বিশ্রুত্য জগতীপতিঃ পৃথিবীপালঃ, উত্তানপাদঃ রাজলক্ষ্মীং অনাদৃত্য পুত্রং এব অন্বচিন্তয়ৎ ॥ ৬১ ॥

শ্রীধরস্বামী ।

যস্য যশো জগৎ প্রাবৃঙ্‌ক্তে ব্যাপ্নোতি ॥ ৬০ ॥

বিপুলয়ন্ বিস্তারয়ন্ ॥ ৬১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মা মা সর্ব্বথৈব শোকং মা কুরু । তৎপ্রভাবমবিজ্ঞায় বর্ত্তমান ইত্যর্থঃ । প্রাবৃঙ্‌ক্তে ব্যাপ্স্যতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানত্বং ॥ ৬০ ॥

বিশ্রুত্য বিশ্রুত্যেতিচ পাঠঃ ॥ ৬১ ॥

নারদ বলিলেন, হে নরনাথ ! আপনার পুত্রের সামর্থ্য আপনি কিছুই অবগত নহেন ! ধ্রুবকে ভগবান্ স্বয়ং রক্ষা করিতেছেন ; তাদৃশ পুত্রের জন্য আপনার চিন্তিত হইবার প্রয়োজন নাই । ধ্রুবের যশঃ এই সমগ্র জগতে পরিব্যাপ্ত হইবে, সন্দেহ নাই ॥ ৬০ ॥

হে রাজন্ ! ইন্দ্রাদি লোকপালগণও যে কর্ম্ম করিতে সমর্থ হন না, সম্প্রতি ভবদীয় তনয় বিপুলবীর্য্য ধ্রুব সেই কার্য্য সমাপন করিয়া সত্বর প্রত্যাগমন করিবেন ; ইহাতে আপনার বিপুল যশঃ জগতে বিস্তৃত হইবে ॥

মৈত্রেয় মুনি বলিলেন, দেবর্ষি নারদ কর্ত্তৃক এই প্রকারে প্রতিবোধিত

তত্রাভিষিক্তঃ প্রযতস্তামুপোষ্য বিভাবরীং।
সমাহিতঃ পর্য্যচরদৃষ্যাদেশেন পুরুষং ॥ ৬২ ॥
ত্রিরাত্রান্তে ত্রিরাত্রান্তে কপিত্থবদরাশনঃ।
আত্মবৃত্ত্যনুসারেণ মাসং নিন্যেঽর্চ্চয়ন্ হরিং ॥
দ্বিতীয়ঞ্চ তথা মাসং ষষ্ঠে ষষ্ঠেঽর্ভকো দিনে।
তৃণপর্ণাদিভিঃ শীর্ণৈঃ কৃতান্নোঽভ্যর্চ্চয়দ্ বিভুং ॥ ৬৩ ॥

অন্বয়ঃ।

তত্র মধুবনে ধ্রুবঃ অভিষিক্তঃ স্নাতঃ, প্রযতঃ প্রযত্নবান্, সমাহিতঃ সাবধানঃ, সন্ তাং বিভাবরীং রাত্রিং, উপোষ্য ঋষ্যাদেশেন নারদোক্তপ্রকারেণ, পুরুষং পুরুষোত্তমং, পর্য্যচরৎ সেবিতবান্ ॥ ৬২ ॥

ত্রিরাত্রান্তে ত্রিরাত্রান্তে কপিত্থবদরাশনঃ (কপিত্থানি বদরাণি চ অশনং যস্য সঃ) -আত্মবৃত্ত্যনুসারেণ (আত্মনঃ শরীরস্য বৃত্তিঃ বর্ত্তনং স্থিতিঃ তদনুসারেণ যাবতাশিতেন শরীরনির্ব্বাহঃ স্যাৎ তাবৎ অশ্নন্) হরিং অর্চ্চয়ন্ মাসং নিন্যে ॥

ষষ্ঠে ষষ্ঠে দিনে শীর্ণৈঃ গলিতৈঃ, শুষ্কৈঃ তৃণপর্ণাদিভিঃ কৃতান্নঃ কৃতাহারঃ, সন্ দ্বিতীয়ং মাসং নয়ন্ অর্ভকঃ ধ্রুবঃ, বিভুং ব্যাপকং, ভগবন্তং অভ্যর্চ্চয়ৎ ॥ ৬৩ ॥

শ্রীধরস্বামী।

ধ্রুবো মধুবনে কিমকরোদিত্যপেক্ষায়ামাহ তত্রেত্যাদিনা। অভিষিক্তঃ স্নাতঃ যস্যাং প্রাপ্তস্তাং ॥ ৬২ ॥

কপিত্থানি বদরাণিচ অশনং যস্য স্বাত্মবৃত্তি র্দেহস্থিতিঃ তদনুসারেণ ॥ ৬৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধুবনে ধ্রুবঃ কিমকরোদিত্যপেক্ষায়ামাহ তত্রেতি অভিষিক্তঃ স্নাতঃ। প্রযতঃ পূতঃ ॥ ৬২ ॥

হইয়া, মহারাজ উত্তানপাদ স্বকীয় রাজলক্ষ্মীর প্রতিও উপেক্ষা করত, দিনযামিনী কেবল ধ্রুবের চিন্তাতেই কালাতিপাত করিতে লাগিলেন ॥ ৬১ ॥

এদিকে ধ্রুব পবিত্র মধুবনে প্রবেশ পূর্ব্বক কালিন্দির জলে অবগাহন করিলেন এবং বিশেষ প্রযত্ন সহকারে ও সমাহিতচিত্তে সেই রাত্রি উপবাসী থাকিয়া দেবর্ষির উপদেশ অনুসারে ভগবান্ পুরুষোত্তমকে হৃদয়ে চিন্তা করিতে লাগিলেন ॥ ৬২ ॥

এই প্রকারে প্রথম মাসে কেবল দেহমাত্র রক্ষিত হইতে পারে, এইরূপ ব্যবহারে, দিবসত্রয় পরে প্রতি চতুর্থ দিনে, কপিত্থ ও বদরি প্রভৃতি বন্য ফল ভোজনে শ্রীহরির অর্চ্চনায় এক মাস অতীত করিলেন ॥

তৃতীয়ঞ্চানয়ন্মাসং নবমে নবমেঽহনি।
অব্ভক্ষ উত্তমশ্লোকমুপাধাবৎ সমাধিনা॥
চতুর্থমপি বৈ মাসং দ্বাদশে দ্বাদশেঽহনি।
বায়ুভক্ষো জিতশ্বাসো ধ্যায়ন্‌ দেবমধারয়ৎ॥
পঞ্চমে মাস্যনুপ্রাপ্তে জিতশ্বাসো নৃপাত্মজঃ।
ধ্যায়ন্‌ ব্রহ্মপদৈকেন তস্থৌ স্থাণুরিবাচলঃ॥ ৭৪॥

অন্বয়ঃ।

তৃতীয়ঞ্চ মাসং আনয়ন্‌ নবমে নবমে অহনি দিবসে, অব্ভক্ষঃ সন্‌ উত্তমশ্লোকং ভগবন্তং সমাধিনা তদেকপ্রবণচিত্তেন, উপাধাবৎ অর্চিতবান্‌॥

চতুর্থং অপি মাসং নয়ন্‌ দ্বাদশে দ্বাদশে অহনি বায়ুভক্ষঃ সন্‌ জিতশ্বাসঃ ধ্রুবঃ দেবং ধ্যায়ন্‌ দেহং অধারয়ৎ॥

পঞ্চমে মাসি অনুপ্রাপ্তে সতি জিতশ্বাসঃ কৃতকুম্ভকঃ, নৃপাত্মজঃ ধ্রুবঃ, ব্রহ্ম ধ্যায়ন্‌ একেন পদা স্থাণুঃ ইব অচলঃ তস্থৌ॥ ৭৪॥

শ্রীধরস্বামী।

তৃতীয়ঞ্চানয়ন্‌ ঈষদিব নয়ন্‌ উপাধাবদিত্যন্বয়ঃ। প্রতিমাসমাহারসঙ্কোচং অপোহতিরেকঞ্চ কৃতবানিত্যর্থঃ॥ ৭৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কপিত্থবদরমাত্রভোজী আত্মনো বৃত্তে জীবিকায়া অনুসারঃ স্বীকারস্তেন॥ ৭৩॥ ৭৪॥

পরে দ্বিতীয় মাসে প্রতি ষষ্ঠ দিবসে গলিত পত্র ও শুষ্ক তৃণাদি মাত্র ভোজন করিয়া সেই বালক বিশ্বব্যাপক ভগবানের আরাধনায় দ্বিতীয় মাস অতীত করিলেন॥ ৭৩।

তৃতীয় মাস উপস্থিত হইলে, বালক ধ্রুব প্রত্যেক নবম দিবসে দেহরক্ষার্থ কেবল জলমাত্র পান করিয়াই, একাগ্রচিত্তে ভগবানের অর্চ্চনা করিয়াছিলেন॥

এবং তপস্যার চতুর্থ মাসে প্রতি দ্বাদশ দিবসে কেবল বায়ুমাত্র ভোজন করত ভগবচ্চিন্তনে দেহ ধারণ করিলেন॥

পঞ্চম মাস উপস্থিত হইলে, রাজকুমার কুম্ভকাদি প্রাণায়ামে বিলক্ষণ পটু হইলেন এবং পরম ব্রহ্মকে হৃদয়ে ধারণ করত, একপাদে স্থাণুর ন্যায় অচল ভাবে অবস্থান করিতে লাগিলেন॥ ৭৪॥

পরে ইন্দ্রিয়াদি ভূতবর্গের আশ্রয়স্থান মনকে যাবতীয় বিষয়াসক্তি হইতে বিনিবৃত্ত করিয়া, হৃদয়মন্দিরে ভগবৎস্বরূপের চিন্তায় নিমগ্ন হইলেন। হে

সর্ব্বতো মন আকৃষ্য হৃদি ভূতেন্দ্রিয়াশয়ং।
ধ্যায়ন্ ভগবতো রূপং নাদ্রাক্ষীৎ কিঞ্চনাপরং ॥ ৬৫ ॥
আধারং মহদাদীনাং প্রধানপুরুষেশ্বরং।
ব্রহ্ম ধারয়মাণস্য ত্রয়ো লোকা শ্চকম্পিরে ॥ ৬৬ ॥
যদৈকপাদেন সপার্থিবাত্মজ স্তস্থৌ তদঙ্গুষ্ঠনিপীড়িতা মহী।
ননাম তত্রার্দ্ধমিভেন্দ্রধিষ্ঠিতা তরীব সব্যেতরতঃ পদে পদে ॥ ৬৭ ॥

অন্বয়ঃ।

ততশ্চ ভূতেন্দ্রিয়াশয়ং (ভূতানি ইন্দ্রিয়াণি চ আশেরতে যস্মিন্ তৎ) মনঃ সর্ব্বতঃ বিষয়তঃ, আকৃষ্য হৃদি ভগবতঃ রূপং ধ্যায়ন্ ততঃ অপরং কিঞ্চন ন অদ্রাক্ষীৎ ॥ ৬৫ ॥

প্রধানপুরুষেশ্বরং (প্রধানপুরুষয়োঃ ঈশ্বরং) মহদাদীনাং আধারং ব্রহ্ম ধারয়মাণস্য সতঃ ধ্রুবস্য, ত্রয়ো লোকাঃ চকম্পিরে কম্পিতাঃ জাতাঃ ॥ ৬৬ ॥

সঃ পার্থিবাত্মজঃ রাজপুত্রঃ, ধ্রুবঃ যদা একপাদেন তস্থৌ তদা তত্র তদঙ্গুষ্ঠনিপীড়িতা (তস্য অঙ্গুষ্ঠেন নিপীড়িতা আক্রান্তা সতী) মহী ইভেন্দ্রধিষ্ঠিতা (ইভেন্দ্রেণ অধিষ্ঠিতা আক্রান্তা) তরী ইব যথা সব্যেতরতঃ (সব্যতঃ দক্ষিণতঃ) পদে পদে নমতি তথা অর্দ্ধং ননাম ॥ ৬৭ ॥

শ্রীধরস্বামী।

ভূতানি শব্দাদীনি ইন্দ্রিয়াণিচ আশেরতে যস্মিন্ তন্মন আকৃষ্য ব্রহ্ম ধ্যায়ন্ ॥ ৬৫ ॥
ধারয়মাণস্য তস্য সতস্তেজঃ সোঢ়ুমশক্তুবন্তঃ কম্পিতাঃ ॥ ৬৬ ॥
তস্যাঙ্গুষ্ঠেন নিপীড়িতা আক্রান্তা সতী মহী তত্র তদা অর্দ্ধং ননাম সমেহংশকেঽর্দ্ধশব্দস্য নপুংসকত্বাৎ। অংশাংশিনোরভেদাচ্চ এবং সামানাধিকরণ্যং। ইভেন্দ্রেণাধিষ্ঠিতা তরী নৌ র্যথা পদে পদে সব্যতো দক্ষিণতশ্চ নমতি তদ্বৎ ॥ ৬৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতানাং প্রাণিনামিন্দ্রিয়েষু ন শেরতে নবিষয়ীভবতীতি তথাভূতং ভগবদ্রূপং। যদ্বা আ সম্যক্ শেতে নতু জাগর্ত্তীতি তেষামগম্যমিত্যর্থঃ ॥ ৬৫ ॥
ধারয়তঃ ধ্যায়তঃ ধ্যায়তি সতীত্যর্থঃ ॥ ৬৬ ॥
তদা তস্যাঙ্গুষ্ঠেন নিপীড়িতা মহী। অর্দ্ধমর্দ্ধপ্রদেশং ব্যাপ্য ননাম। কালভাবেত্যাদিনা কর্ম্মত্বং ইভেন্দ্রেনাধিষ্ঠিতা তরী নৌর্যথা পদেপদে সব্যতো দক্ষিণতশ্চ নমতি তদ্বৎ ॥ ৬৭ ॥

বিদুর! এই সময় ধ্রুবের হৃদয়ে ভগবদ্ভাবাতিরিক্ত অন্য কোন চিন্তাই আর স্থান পায় নাই ॥ ৬৫ ॥

যিনি প্রকৃতি এবং পুরুষেরও নিয়ামক; মহদাদি তত্ত্বগ্রাম যাঁহার আশ্রয়ে বিকাশ পায়, সেই পরম ব্রহ্মের ধারণায় ধ্রুব যখন লব্ধপ্রতিষ্ঠ হইলেন, তখন তাঁহার তপোপ্রভাবে ত্রিভুবন বিকম্পিত হইয়া উঠিল ॥ ৬৬ ॥

তস্মিন্নভিধ্যায়তি বিশ্বমাত্মনো দ্বারং নিরুধ্যাসুমনন্যয়া ধিয়া।
লোকা নিরুচ্ছ্বাসনিপীড়িতা ভৃশং সলোকপালাঃ শরণং যযুর্হরিং ॥ ৬৮ ॥
দেবা উচুঃ ॥
নৈবং বিদামো ভগবন্ প্রাণরোধং চরাচরস্যাখিলসত্ত্বধাম্নঃ।

অন্বয়ঃ।

আত্মনঃ সকাশাৎ অনন্যয়া ধিয়া অভেদদৃষ্ট্যা, অসুং প্রাণং, তদ্দ্বারং চ নিরুধ্য বিশ্বং বিশ্বাত্মকং, ব্রহ্ম তস্মিন্ ধ্রুবে, অভিধ্যায়তি সতি ভৃশং অত্যন্তং, নিরুচ্ছ্বাসনিপীড়িতাঃ (নিরুচ্ছ্বাসেন শ্বাসনিরোধেন নিপীড়িতাঃ সন্তঃ) সলোকপালাঃ লোকপালৈঃ সহিতাঃ লোকাঃ ত্রিলোকস্থাঃ জনাঃ, হরিং এব শরণং যযুঃ ॥ ৬৮ ॥

দেবাঃ উচুঃ। হে ভগবন্! অখিলসত্ত্বধাম্নঃ (অখিলানাং সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং ধাম্নঃ সমূহস্য) চরাচরস্য স্থাবরজঙ্গমস্য, এবং প্রাণনিরোধং তৎকারণং ন বিদামঃ ন বিদ্মঃ, অতঃ বয়ং

শ্রীধরস্বামী।

অন্যদপ্যাশ্চর্য্যমাহ তস্মিন্ ধ্রুবে বিশ্বং বিশ্বাত্মকং বিষ্ণুং আত্মনঃ সকাশাৎ অনন্যয়া ধিয়া আত্মাভেদদৃষ্ট্যা অভিধ্যায়তি সতি কিং কৃত্বা অসুং প্রাণং তদ্দ্বারঞ্চ নিরুধ্য বিশ্বমাত্মনি একীকৃত্য স্বপ্রাণনিরোধে কৃতে বিশ্বস্য প্রাণনিরোধো জাত ইতি ভাবঃ ॥ ৬৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মিন্ ধ্রুবে আত্মনো দেহস্য বিশ্বং সর্ব্বমেব দ্বারং অসুং প্রাণঞ্চ নিরুধ্য হরিং ধ্যায়তি সতি লোকা নিরুচ্ছ্বাসনিপীড়িতা ইতি ব্যষ্টে ধ্রুবসংজ্ঞকশরীরস্য প্রাণেষু নিরোধনীয়েষু বালত্বাং সমষ্টেরেব প্রাণান্ ন্যরুন্ধ। অতএব অনন্যয়া ধিয়েতি ব্যষ্টিসমষ্ট্যোরৈক্যবুদ্ধিরেব তত্র কারণমিত্যর্থঃ ॥ ৬৮ ॥

অহো! কি আশ্চর্য্য! বারণেন্দ্রের পদবিক্ষেপে ভাসমান তরী যেমন অনবরত পদে পদে বিনতা হয়, রাজনন্দন ধ্রুব যখন অঙ্গুষ্ঠের উপর নির্ভর দিয়া এক চরণে দণ্ডায়মান হইলেন, তখন পৃথিবী যেন তাঁহার ভার সহ্য করিতে না পারিয়াই অবশভাবে অর্দ্ধাংশত বিনতা হইয়া পড়িলেন ॥ ৬৭ ॥

প্রাণবায়ু ও তদ্দ্বারভূত ইন্দ্রিয়বর্গকে নিরুদ্ধ করিয়া, আত্মস্বরূপের অভেদদৃষ্টিতে বিশ্বাধার পরম ব্রহ্মকে ধ্রুব যখন হৃদয়মন্দিরে চিন্তা করিতে লাগিলেন, তখন সমগ্র ব্রহ্মাণ্ডের শ্বাস নিরুদ্ধ হইয়া গেল; ইন্দ্রাদি লোকপাল সহ ত্রিলোকস্থ জনগণ শ্বাসবৈকল্য বশত কাতর হইয়া ভগবান্ নারায়ণের শরণাগত হইলেন ॥ ৬৮ ॥

দেবতাগণ ভগবানকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ত্রিলোকনাথ! বিশ্বব্রহ্মাণ্ডস্থ চরাচর প্রাণিমাত্রেরই বিষম শ্বাসক্লেশ উপস্থিত হইয়াছে;

বিধেহি তন্নো বৃজিনাদ্বিমোক্ষং প্রাপ্তা বয়ং ত্বাং শরণং শরণ্যং ॥ ৬৯ ॥

শ্রীভগবানুবাচ ॥

মাভৈষ্ট বালং তপসো দুরত্যয়ান্নিবর্ত্তয়িষ্যে প্রতিযাত স্বধাম।

যতোহি বঃ প্রাণনিরোধ আসীদৌত্তানপাদির্ময়ি সঙ্গতাত্মা ॥ ৭০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে অষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

অন্বয়ঃ।

শরণ্যং ত্বাং শরণং প্রাপ্তাঃ; অতঃ তং তস্মাং বৃজিনাং নঃ অস্মাক, বিমোক্ষং বিধেহি কুরু॥৬৯

শ্রীভগবান উবাচ। যূয়ং মাভৈষ্ট ভয়ং মা কুরুত, স্বধাম স্বগৃহং, প্রতিযাত গচ্ছত! উত্তানপাদিঃ উত্তানপাদস্য পুত্রঃ, ময়ি বিশ্বাত্মকে সঙ্গতঃ আসীং; যতঃ হি তপসঃ, বঃ যুষ্মাকং, প্রাণনিরোধঃ আসীং জাতঃ তস্মাং দুরত্যয়াং তপসঃ অহং বালকং নিবর্ত্তয়িষ্যে ॥ ৭০ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

এবং প্রাণনিরোধং কদাচিদপি নবিদ্মঃ। অখিলসত্ত্বধাম্নঃ সর্ব্বপ্রাণিশরীরস্য তত্তস্মাং বৃজিনাং ক্লেশাং ॥ ৬৯ ॥

যতো বালাং কোঽসৌ বালঃ কথক তস্মাং প্রাণনিরোধ ইত্যত আহ। উত্তানপাদস্য পুত্রো ময়ি বিশ্বরূপে সঙ্গতাত্মা ঐক্যং প্রাপ্তো বর্ত্তত ইতি ॥ ৭০ ॥

॥ * ॥ ইতি চতুর্থে অষ্টমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং প্রাণনিরোধং কদাপি ন বিদ্মঃ। অখিলসত্ত্বধাম্নঃ সর্ব্বপ্রাণিশরীরস্য ॥ ৬৯ ॥

বালমিতি বালত্বাদেব স্বপ্রাণেষু নিরুধ্যমানেষু যুষ্মাকমপি প্রাণান্ ন্যরুন্ধ অতোঽস্মান্ হনিষ্যতীতি বুদ্ধ্যা তস্মান্ন ভেতব্যমিত্যাহ যতো ধ্রুবাং। স ময়ি সঙ্গতচিত্তঃ কমপি নৈব জিঘাংসতীত্যর্থঃ ॥ ৭০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থস্যাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ইহার কারণ যে কি? তাহা আমরা কিছুই নিরূপণ করিতে পারিতেছি না! আপনিই এই সমগ্র জীবনিচয়ের আশ্রয়; আমরা আপনার শরণাগত হইলাম; এক্ষণে আমরা যাহাতে এই বিষম দুঃখসাগর হইতে মুক্তিলাভ করিতে পারি, তাহারই প্রতিবিধান করুন্! ॥ ৬৯ ॥

ভগবান্ বলিলেন, তোমাদের ভয় নাই! স্ব স্ব গৃহে প্রতিগমন কর! উত্তানপাদের পুত্র ধ্রুব বিশ্বাত্মক আমাতে আত্মসমর্পণ পূর্ব্বক তপস্যা

মৈত্রেয় উবাচ ॥

ত এবমুৎসন্নভয়া উরুক্রমে কৃতাবনামাঃ প্রযযুস্ত্রিপিষ্টপং ।

সহস্রশীর্ষাপি ততো গরুত্মতা মধোর্বনং ভৃত্যদিদৃক্ষয়া গতঃ ॥ ১ ॥

অন্বয়ঃ ।

মৈত্রেয়ঃ উবাচ। তে ইন্দ্রাদয়ঃ লোকপালাঃ, এবং ভগবদ্বাক্যশ্রবণেন উৎসন্নভয়াঃ (উৎসন্নং গতং, ভয়ং যেষাং তে) তস্মিন্ উরুক্রমে কৃতাবনামাঃ কৃতপ্রণামাঃ সন্তঃ ত্রিপিষ্টপং স্বর্গং যযুঃ; সহস্রশীর্ষা ভগবান্, অপি ভৃত্যদিদৃক্ষয়া (ভৃত্যস্য ধ্রুবস্য দিদৃক্ষয়া) গরুত্মতা গরুড়েন, মধোঃ বনং গতঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

নবমেতু হরিং স্তুত্বা লব্ধা তস্মাদ্বরান্ ধ্রুবঃ।

প্রত্যাগত্যাকরোদ্রাজ্যং পিত্রা দত্তমিতীর্য্যতে ॥ * ॥

এবং ভগবদ্বাক্যেন গতভয়াঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিস্তুতি র্বরপ্রাপ্তিঃ স্বানুতাপো গৃহাগমঃ।

বন্ধুভির্মিলনং রাজ্যং ধ্রুবস্য নবমেঽভবৎ ॥ * ॥

গর্ব্বোদশায়িনা অভেদাৎ সহস্রশীর্ষা তদানীন্তনোঽবতারঃ পৃশ্নিগর্ব্ভো ভাগবতামৃতাদবগন্তব্যঃ ॥ ১ ॥

করিতেছে; এই প্রাণায়াম পূর্ব্বক তপস্যার প্রভাবে তোমাদেরও প্রাণ নিরুদ্ধ হইয়াছে! অতএব তাদৃশ উৎকট তপস্যা হইতে আমি বালককে সত্বর প্রতিনিবৃত্ত করিতেছি ॥ ৭০ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের অষ্টম অধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় বলিলেন, ইন্দ্রাদি লোকপালগণ ভগবানের বাক্য শ্রবণে আশ্বস্ত হইলেন; তাঁহাদের ভয় দূরে গেল; তাঁহারা নারায়ণচন্দ্রকে প্রণাম করত স্বর্গধামে গমন করিলেন। এদিকে ভগবান্ জনার্দ্দন ধ্রুবকে আত্মস্বরূপ প্রদর্শন করাইবার অভিপ্রায়ে গরুড়োপরি আরোহণ পূর্ব্বক মধুবনে গমন করিলেন ॥ ১ ॥

আভাস।

যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক ভগবানে আশ্রয় গ্রহণ করে, ভগবান্ তাহার যাবতীয় অমঙ্গল নিবারণ পূর্ব্বক উৎকৃষ্ট পদ যে প্রদান করেন, তাহাই ধ্রুব চরিত্রে বর্ণিত হইয়াছে। দেবতাগণ শ্বাসনিরোধজনিত ক্লেশে অভিভূত হইয়াও ধ্রুবের কোন অনিষ্ট সাধনে সক্ষম হন নাই ॥ ৭০ ॥

নবমাধ্যায়ে ভগবানের স্তব করিয়া বর লাভ পূর্ব্বক ধ্রুবের প্রত্যাগমন ও পিতৃদত্ত রাজ্য করণ

স বৈ ধিয়া যোগবিপাকতীব্রয়া হৃৎপদ্মকোষে স্ফুরিতং তড়িৎপ্রভং।
তিরোহিতং সহসৈবোপলক্ষ্য বহিঃ স্থিতং তদবস্থং দদর্শ ॥ ২ ॥

অন্বয়ঃ।

সঃ বৈ ধ্রুবঃ, যোগবিপাকতীব্রয়া (যোগবিপাকেন প্রাণায়ামাদিদার্ঢ্যেন তীব্রয়া নিশ্চলয়া) ধিয়া হৃৎপদ্মকোষে স্ফুরিতং তড়িৎপ্রভং ভগবন্তং সহসৈব তিরোহিতং উপলক্ষ্য ততঃ বহিঃ তদবস্থং গরুড়াধিরূঢ়ং, স্থিতং তং দদর্শ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

স বৈ ধ্রুবঃ যোগস্য বিপাকেন দার্ঢ্যেন নিশ্চলয়া। গরুড়াধিরূঢ়ং পুরঃস্থিতমপি যদান্তর্দৃষ্টিত্বাদসৌ নাপশ্যত্তদা ভগবতৈবান্তঃস্বরূপমাকৃষ্টং। অতস্তিরোহিতমুপলক্ষ্য ব্যুত্থিতঃ সন্ তদবস্থং যাদৃগন্তঃস্ফুরিতং তাদৃশং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সচ গত্বা যোগনিমীলিতাক্ষস্য ধ্রুবস্যান্তঃকরণং প্রবিশ্য দর্শনং দত্ত্বা তত্রৈব পুনরন্তর্দ্ধায় বহিস্তদগ্রে তস্থাবিত্যাহ সবা ইতি ধ্যানযোগস্য পরিপাকেন তীব্রয়া ধিয়া হৃদি সহসৈব স্ফুরিতং তড়িৎপ্রভং যথাস্যাত্তথা তিরোহিতঞ্চ উপলক্ষ্য স্বসমীপ এব দৃষ্ট্বা লব্ধনষ্টধন ইব ব্যাকুলো ভয়সমাধিরুদ্ঘাটিতনেত্র স্তদবস্থং স্থিতং তং বহির্দ্দদর্শ ॥ ২ ॥

ভক্ত ধ্রুব প্রাণায়ামাদি দৃঢ় ধারণার বলে যোগপরিপক্বচিত্তে হৃৎপদ্মকোষের অভ্যন্তর হইতে বিদ্যুতালোকের ন্যায় উজ্জ্বল ভগবন্মূর্ত্তি সহসা তিরোহিত অবলোকন করিয়া, সুপ্তোত্থিতের ন্যায় যেমন চক্ষু উন্মীলন করিলেন, অমনি তাদৃশরূপে বাহিরে অবস্থিত ভগবন্মূর্ত্তিকে নয়নগোচর করিলেন ॥ ২ ॥

আভাস।

দেববৃন্দ নির্ভয় লাভে ভগবানকে প্রণাম পূর্ব্বক ত্রিদশালয়ে গমন করিলে, ভগবান্ চিন্তামণি বালক ধ্রুবের চিন্তাকেই যেন তাৎকালিক বিশেষ চিন্তার বিষয় বলিয়াই গ্রহণ করিলেন। জগতের সকল চিন্তাই তাঁহার হৃদয়ে জাগরূক রহিয়াছে; কিন্তু ধ্রুবের চিন্তা তাঁহার নিকট তখন এতই গুরুতর বলিয়া বোধ হইল যে, সহস্র মস্তকেও তিনি স্বয়ং তাহার মীমাংসা না করিয়া, ধ্রুবের প্রার্থনার উপরই নির্ভর করিলেন; এবং গরুড়ারোহণে ধ্রুবের সন্নিধানে উপস্থিত হইলেন ॥ ১ ॥

কিন্তু ধ্রুবের হৃদয় ত জাগতিক পদার্থ দর্শন করিতে প্রস্তুত নহে। কোমল মৃত্তিকাতে নির্ম্মিত ইষ্টকখণ্ড যদবধি উত্তপ্ত তপনতাপে শুষ্ক ও অগ্নিতে দগ্ধ না হয়, তদবধি একটী সামান্য শৃগাল বা পক্ষীর চরণাঘাতেও অঙ্কিত হয়; কিন্তু একবার উত্তমরূপে শুষ্ক ও দগ্ধ হইলে, হস্তীর পদবিক্ষেপেও কোনরূপ রেখা গ্রহণ করে না। অতএব ধ্রুবের কোমল হৃদয় প্রথমত জননীর উপদেশে প্রস্তুত হইয়া, যোগানলে এমনই তীব্রতা ধারণ করিয়াছিল যে, সংসারের কোন ভাবই তাহাতে স্থান পায় নাই। তাঁহার অন্তর পদ্মপলাশলোচনের চিন্তাতেই

তদ্দর্শনেনাগতসাধ্বসঃ ক্ষিতাববন্দতাঙ্গং বিনময্য দণ্ডবৎ।
দৃগ্ভ্যাং প্রপশ্যন্ প্রপিবন্নিবার্ভকশ্চুম্বন্নিবাস্যেন ভুজৈরিবাশ্লিষন্॥ ৩॥
স তং বিবক্ষন্তমতদ্বিদং হরির্জ্ঞাত্বাস্য সর্ব্বস্যচ হৃদ্যবস্থিতঃ।

অন্বয়ঃ।

তদ্দর্শনেনাগতসাধ্বসঃ (তস্য ভগবতঃ দর্শনেন আগতঃ প্রাপ্তঃ সাধ্বসঃ সম্ভ্রমঃ যস্য সঃ) অর্ভকঃ বালঃ, অঙ্গং শরীরং, ক্ষিতৌ দণ্ডবৎ বিনময্য আনতং কৃত্বা, প্রপশ্যন্ দৃগ্ভ্যাং প্রপিবন্ ইব, আস্যেন মুখেন চুম্বন্ ইব ভুজৈঃ আশ্লিষন্ ইব অবন্দত॥ ৩॥

তং কৃতাঞ্জলিং বিবক্ষন্তং স্বগুণান্ বক্তুমিচ্ছন্তং, অতদ্বিদং (ন তান্ গুণান্ জানন্তং)

শ্রীধরস্বামী।

আগতসাধ্বসঃ জাতসম্ভ্রমঃ। বিনময্য আনতং কৃত্বা। সম্ভ্রমমেবাহ। দৃগ্ভ্যাং প্রপিবন্নিব পশ্যন্ অবন্দত। আস্যেন চুম্বন্নিবাবন্দত। ভুজাভ্যামাশ্লিষন্নিবাবন্দত ইত্যর্থঃ॥ ৩॥

বিবক্ষন্তং তদ্গুণান্ বক্তুমিচ্ছন্তং অতদ্বিদং স্তুত্যাদ্যজানন্তং। অস্য ধ্রুবস্য সর্ব্বস্যচ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আগতসাধ্বসো জাতানন্দসংভ্রমঃ দৃগ্ভ্যাং মুখারবিন্দমাধুর্য্যং প্রপিবন্নিব প্রপশ্যন্ আস্যেন চরণারবিন্দমাধুর্য্যং চুম্বন্নিব অবন্দত ভুজাভ্যামাশ্লিষন্নিব চরণাঙ্গুলিশিখরান্ পস্পর্শ। বহু-বচনেন ভুজয়োর্ব্যাপারবাহুল্যং লক্ষয়িত্বা আনন্দকম্পো ধ্বনিতঃ ৩॥

বিবক্ষন্তং তদ্গুণান্ বক্তুমিচ্ছন্তং। অথচ অতদ্বিদং ব্যাকরণাদ্যজ্ঞানাৎ সংস্কৃতং প্রয়োক্তু

ভগবানের সন্দর্শন-লাভে বালক ধ্রুব অতি সম্ভ্রমের সহিত ভূমিতে সর্ব্বাঙ্গ লুণ্ঠিত করিয়া দণ্ডবৎ প্রণাম করিলেন; অহো! তাঁহার ভাবে কি অপূর্ব্ব মাধুরীরই পরিচয় হইয়াছিল! তিনি যেন চক্ষু দ্বারা দর্শন করিবার ছলে ভগবদঙ্গকে পান করিতেছিলেন, মুখের দ্বারা যেন চুম্বন করিতেছিলেন এবং ভুজদ্বয়ে যেন পূর্ণব্রহ্মকে আলিঙ্গন করিতেছিলেন॥ ৩॥

ধ্রুব কৃতাঞ্জলিপুটে যেন কিছু বলিবার ইচ্ছা করিতেছেন, কিন্তু ভগবদ্-গুণানুকথনে সম্পূর্ণ অনভিজ্ঞ বালক বিবেচনা করিয়া, যে ভগবান্ কেবল

আভাস।

ব্যগ্র; সুতরাং পাছে বাহিরে পদ্মপলাশলোচন উপস্থিত হইলেও সংসারের সামগ্রীজ্ঞানে ধ্রুব তৎপ্রতি অবলোকন না করেন, এই নিমিত্ত ভগবান্ পদ্মপলাশলোচন হইয়া, তাঁহার অন্তরে প্রথম প্রবেশ করিলেন; ধ্রুবের হৃদয় শীতল হইল; প্রেমানন্দে নিমগ্ন হইয়া তাঁহার আকাঙ্ক্ষা যেমন নিবৃত্ত হইল, অমনি ভগবান্ ক্ষণপ্রভার ক্ষণিক আভার ন্যায়, তৎক্ষণাৎ তথা হইতে তিরোহিত হইলেন এবং ধ্রুবের অভীষ্ট প্রদানার্থ সেইরূপেই বাহিরে আত্ম-প্রকাশ করিলেন। ধ্রুব চিরপ্রার্থিত অন্তরের নিধিকে হারাইয়া ব্যাকুলতা সহকারে

কৃতাঞ্জলিং ব্রহ্মময়েন কম্বুনা পস্পর্শ বালং কৃপয়া কপোলে ॥ ৪ ॥
স বৈ তদৈব প্রতিপাদিতাং গিরং দৈবীং পরিজ্ঞাত-পরাত্ম-নির্ণয়ঃ।
তং ভক্তিভাবোঽভ্যগৃণাদসত্বরং পরিশ্রুতোরুশ্রবসং ধ্রুবক্ষিতিঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বালং জ্ঞাত্বা অস্য সর্ব্বস্য তথা ধ্রুবস্য, চ হৃদি অবস্থিতঃ সঃ হরিঃ ব্রহ্মময়েন বেদাত্মকেন, কম্বুনা শঙ্খেন, প্রাণিজাতস্য কৃপয়া ধ্রুবস্য কপোলে পস্পর্শ ॥ ৪ ॥

তদৈব (ভগবতা) প্রতিপাদিতাং দৈবীং গিরং (প্রতিপদ্য) পরিজ্ঞাতপরাত্মনির্ণয়ঃ (পরিজ্ঞাতঃ পরাত্মনোঃ জীবব্রহ্মণোঃ নির্ণয়ঃ যেন সঃ অতএব) ভক্তিভাবঃ (ভক্ত্যা প্রেম্না ভাবঃ যস্য সঃ) ধ্রুবক্ষিতিঃ (ধ্রুবা প্রলয়েঽপি অনশ্বরা ক্ষিতিঃ স্থানং যস্য সঃ) সঃ বৈ ধ্রুবঃ অসত্বরং পরিশ্রুতোরুশ্রবসং (পরিতঃ শ্রুতং ব্যাপ্তং উরু বৃহৎ শ্রবঃ যশঃ যস্য তং) ভগবন্তং অভ্যগৃণাৎ তুষ্টাব ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

হৃদ্যবস্থিতত্বাং জ্ঞাত্বা ব্রহ্মময়েন বেদাত্মকেন শঙ্খেন ॥ ৪ ॥

ভগবতা প্রতিপাদিতাং গিরং প্রতিপদ্যেতি শেষঃ। প্রতিপদ্যতামিতি পাঠে তাং বেদাত্মিকাং পরিজ্ঞাতঃ পরাত্মনো রীশ্বরজীবয়োর্নির্ণয়ো যেন সঃ। অতএব ভক্ত্যা ভাবঃ প্রেমা যস্য অসত্বরং ধৈর্য্যেণ পরিতঃ শ্রুতং বিখ্যাতং উরুশ্রবঃ কীর্ত্তির্যস্য তং ধ্রুবা ক্ষিতিঃ স্থানং যস্যেতি ভাবিনির্দ্দেশঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মশক্রুবন্তং জ্ঞাত্বেত্যত্র হেতুঃ। অস্যেত্যাদি ব্রহ্মময়েন বেদাত্মকেন শঙ্খেন ॥ ৪ ॥

প্রতিপদ্য প্রাপ্য প্রতিপাদিতামিতি পাঠে প্রাপ্যেতি শেষঃ। পরিজ্ঞাতঃ পরাত্মনোরীশ্বরজীবয়ো নির্ণয়ো যেন সঃ। ভক্তাবেব নতু সাংখ্যযোগাদিষু ভাবোঽভিপ্রায়ঃ স্বভাবো বা যস্য সঃ। অসত্বরং স্থৈর্য্যমালম্ব্য পরিশ্রুতোরুশ্রবসং বিখ্যাতবহুযশসং। ধ্রুবা প্রলয়েঽপ্যনশ্বরা ক্ষিতিঃ স্থানং যস্যেতি ভাবিসূচনং ॥ ৫ ॥

ধ্রুব কেন? জীবমাত্রেরই অন্তরে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত আছেন, তিনি বেদাত্মক শঙ্খের নিয়োগে ধ্রুবের গণ্ডস্থলকে স্পর্শ করিলেন ॥ ৪ ॥

শঙ্খের স্পর্শমাত্রে ভগবৎপ্রতিপাদিত দৈবী বেদরূপা বাণীকে প্রাপ্ত হইয়া, ধ্রুব পরামাত্মস্বরূপের অবধারণে সক্ষম হইলেন; এই ধারণার প্রসাদে তিনি প্রলয়েও অপরিণামশীল ধ্রুবলোক লাভ করিয়াছিলেন। তখন ধ্রুব অতি ভক্তিভরে ও বিনম্র মূর্ত্তিতে উত্তমশ্লোক ভগবানের স্তব করিতে লাগিলেন ॥৫॥

আভাস।

যেমন নিদ্রোত্থিতের ন্যায় অকস্মাৎ চক্ষু উন্মীলন করিলেন, অমনি অন্তরের ধনকে বাহিরে দেখিয়া বিশ্বস্ত হৃদয়ে পদ্মপলাশলোচন বলিয়াই তাঁহাকে প্রণাম করিলেন। আনন্দের সম্ভ্রমে তাঁহার অঙ্গ কম্পিত হইয়া উঠিল; তিনি লোচনযোগে ভগবানের আননমাধুর্য্য

ধ্রুব উবাচ ॥

যোঽন্তঃ প্রবিশ্য মম বাচমিমাং প্রসুপ্তাং সংজীবয়ত্যখিলশক্তিধরঃ স্বধাম্না।

অন্বয়ঃ।

ধ্রুবঃ উবাচ। অখিলশক্তিধরঃ যঃ ভগবান্ স্বধাম্না স্বতেজসা, মম অন্তঃ প্রবিশ্য ইমাং

শ্রীধরস্বামী।

ঈশানুগ্রহসংপ্রাপ্তরাগাদ্যদ্ভুতবৃত্তিভিঃ। দ্বাদশাদিত্যসঙ্কাশৈঃ শ্লোকৈরস্তৌদ্ধরিং ধ্রুবঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবদ্দত্তবেদার্থজ্ঞানস্তুষ্টাব যং ধ্রুবঃ। বেদার্থোহি সএবেতি নাত্র সংশেরতে বুধাঃ। অকস্মাদেব স্বীয়বাগাদিসর্ব্বেন্দ্রিয়াণাং ভগবদুন্মুখীভাবমালক্ষ্য এষামীদৃশমপ্রাকৃতত্বং শ্রীভগবৎকৃতমিতি জানন্ স্বস্মিন্ ভগবতো নিরুপমাং নিরুপাধিকাং তাং কৃপামেব সাক্ষাদনুভবন্নিতি বিস্ময়েন নমস্যতি য ইতি স্বেন ধাম্না চিচ্ছক্ত্যা ইমাং মম ত্বদ্দাসস্য বাচং ত্বৎস্বরূপগুণলীলাদিকমেব বর্ণয়িত্রীং প্রসুপ্তাং এতাবৎকালপর্য্যন্তং শয়িত্বেব স্থিতাং মৃতামিব সংজীবয়তি যাতু স্বীয়ান্নপানাদিপ্রকৃতভোগবার্ত্তাং বিষয়ীকুর্ব্বতী জাগ্রত্যেব বাগাসীৎ তামত আরভ্য শায়য়তিস্ম নাশয়তি স্মৈবেতি ভাবঃ। ন কেবলং বাগিন্দ্রিয়মেব অপি ত্বন্যান্

ধ্রুব বলিলেন, যে সর্ব্বশক্তিমান্ অখিলাধার ভগবান্ স্বীয় অচিন্ত্যশক্তির বিকাসে অন্তরে প্রবিষ্ট হইয়া, নিদ্রিতের ন্যায় অবস্থিত আমার বাণী, হস্ত, চরণ,

আভাস।

যেন পান করিতে লাগিলেন এবং অবনত মস্তকে ভগবানের পদাঙ্গুলি স্পর্শে চরিতার্থ হইয়া যেন কিছু বলিবার চেষ্টা করিলেন ; কিন্তু শব্দজ্ঞানহীন বালক ! ইচ্ছা থাকিলেও যখন প্রকাশে সমর্থ হইলেন না, তখন ভগবানই তাহার ব্যবস্থা করিলেন। তিনি স্বীয় করস্থিত শঙ্খ বালক ধ্রুবের গণ্ডদেশে স্পর্শ করাইলেন। এ শঙ্খ সামান্য নহে ; বেদ চতুষ্টয়ই শঙ্খরূপে ভগবানের হস্তে ন্যস্ত রহিয়াছে ; শঙ্খস্পর্শের চ্ছলে সমগ্র বেদবিদ্যা ধ্রুবকে প্রদান করিলেন। ধ্রুব বেদ, বেদাঙ্গ, শিক্ষা, কল্প, নিরুক্ত, চ্ছান্দ্য ও জ্যোতিষ্ শাস্ত্রে পারদর্শী হইয়া আত্মানাত্মা বিচারে ও পরমাত্মনিরূপণে সমর্থ হইলেন। তিনি দিব্যচক্ষে ভগবানের অমল যশোরাশি পরিদর্শনে অপার আনন্দরসে নিমগ্ন হইলেন এবং স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২—৫ ॥

ধ্রুবের এমন কোন সামর্থ্য ছিল না, যদ্দ্বারা তিনি ভগবানের স্তব করেন ; কিন্তু শক্তি লাভে তিনি বিস্মিত হইলেন ; এবং সমস্তই যে ভগবানের দয়া, স্বীয় পুরুষকারের গন্ধমাত্রও নাই, দেখিয়া আপনাতে ভগবানের নিরুপাধিক কৃপাই অনুভব পূর্ব্বক বলিলেন, হে দীনবন্ধো ! আমরা অন্য কোন ভাবে আপনাকে ধারণা করিতে না পারিলেও, আপনি আমার নিদ্রিতপ্রায় এবং বিলীনের ন্যায় অবস্থিত বাগাদি ইন্দ্রিয়বর্গের অন্তরে স্বকীয় চৈতন্যশক্তির উদ্ভাবনে যে তাহাদিগকে কার্য্যক্ষম করিয়াছেন, তাহা আমি স্পষ্ট বুঝিতে

অন্যাংশ্চ হস্তচরণশ্রবণত্বগাদীন্ প্রাণান্নমো ভগবতে পুরুষায় তুভ্যং ॥ ৬ ॥

একস্ত্বমেব ভগবন্নিদমাত্মশক্ত্যা মায়াখ্যয়োরুগুণয়া মহদাদ্যশেষং।

অন্বয়ঃ।

প্রসুপ্তাং লীনাং, বাচং অন্যান্ হস্তচরণশ্রবণত্বগাদীন্ প্রাণান্ চ সংজীবয়তি (পূর্ব্ব-সংস্কারোদ্বোধনেন স্বস্বব্যাপারে প্রবর্ত্তয়তি) তুভ্যং ভগবতে পুরুষায় নমঃ ॥ ৬ ॥

হে ভগবন্! উরুগুণয়া ত্রিগুণয়া, মায়াখ্যয়া আত্মশক্ত্যা ইদং মহদাদ্যশেষং জগৎ সৃষ্ট্বা।

শ্রীধরস্বামী।

যোমে প্রসুপ্তাং লীনাং বাচং অন্যাংশ্চ প্রাণানিন্দ্রিয়াণি স্বধাম্না চিচ্ছক্ত্যা সংজীবয়তি যতঃ অখিলা চক্ষুরাদিজ্ঞানক্রিয়াশক্তী ধারয়তীতি তথা পুরুষায় অন্তর্যামিণে ॥ ৬ ॥

ননু বাগাদীন্দ্রিয়শক্তিধরা বহ্ন্যাদয়ঃ প্রসিদ্ধাঃ নাহমিত্যত আহ এক ইতি। অনুবিশ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হস্তপাদাদীনপি ত্বৎপরিচর্য্যাদিকং বিষয়ীকরিষ্ণূন্ প্রাণাংশ্চ ত্বদুন্মুখানিতি ধ্রুবস্যেন্দ্রিয়াদীনাং চিন্ময়ত্বেনাপ্রাকৃতত্বং সদ্যোজাতমিতি সূচিতং। অত্র মমেতি ইমামিতি বিশেষাভ্যাং বাগাদীন্দ্রিয়াণি বিশিষ্টান্যেব লভ্যন্তে ॥ ৬ ॥

সাধারণানি তানি জড়ানিতু সর্ব্বসাধারণজগতাং ত্বং মায়াশক্ত্যা সহ প্রবিশ্যান্তর্যামী সন্নুদাসীন এব চেতয়সীতি জানাম্যেবেত্যাহ এক ইতি অনুপ্রবিশ্য পুরুষোঽন্তর্যামী তস্যা

শ্রবণেন্দ্রিয় এবং ত্বগাদি প্রাণশক্তিকে প্রতিবোধিত করিতেছেন, সেই সর্ব্বান্তর্যামী পরমপুরুষ ভগবান্ আপনাকে প্রণাম করি ॥ ৬ ॥

হে ভগবন্! আপনি সত্ত্ব, রজঃ ও তমোগুণাত্মিকা স্বীয় যোগমায়ার দ্বারা এই মহত্তত্ত্বাদি তত্ত্বগ্রামসমন্বিত ব্রহ্মাণ্ডকে বিচিত্রভাবে রচনা করিয়া, স্বয়ংই

আভাস।

পারিয়াছি। অতএব যাঁহার অতুল ঐশ্বর্য্যলাভে অদ্য "আমি" বলিয়া আপনাকে উপলব্ধি করিতেছি, সেই সর্ব্বান্তর্যামী আপনাকে প্রণাম করি। ছায়া যেমন বৃক্ষকে অবলম্বন করিয়া প্রতীত হয়, চিত্র যেমন আধার বস্ত্রকে আশ্রয় করিয়া অবলোকিত হয়, আমার এই মূর্ত্তিও আপনার পূর্ণশক্তিকে আশ্রয় করিয়া উদ্ভাসিত হইতেছে মাত্র। রসের স্ফূর্ত্তিই যেমন বৃক্ষস্থ স্কন্দ, শাখা, পল্লব, পত্র, পুষ্প ও ফলরূপে প্রতীত হয়, হে দীনবন্ধো! আপনার করুণাস্রোতের উৎসই আমার কলেবর ও ইন্দ্রিয়গ্রামের পরিচয়ে অদ্য জগতে একটী বস্তু বলিয়া আমি পরিগণিত হইতেছি ॥ ৬ ॥

এক রসই যেমন বিবিধ পাদপশ্রেণীকে প্রতিপালন করে, সেইরূপ একাকী আপনি স্বীয় মায়াশক্তির বিকাসে এই অদ্ভুত সংসারের রচনা করিতেছেন। আপনার শক্তিরূপা মায়ার সামর্থ্য অসীম! উক্ত মায়ার পরিণামে মহত্তত্ত্বাদি ত্রয়োবিংশতি তত্ত্বের উৎপাদন

স্থষ্টানুবিশ্য পুরুষস্তদসদ্গুণেষু নানেব দারুষু বিভাবসুবদ্বিভাসি ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তৎ অনুবিশ্য পুরুষঃ অন্তর্যামী দারুষু বিভাবসুবৎ অগ্নিঃ ইব একঃ এব ত্বং নানেব অসদ্গুণেষু বিভাসি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

পুরুষোঽন্তর্যামী ত্বমেক এব তস্যা মায়য়া অসৎগুণেষু ইন্দ্রিয়াদিষু স্থিতঃ সন্ তত্তদ্দেবতারূপঃ নানেব ভাসি নতু তদ্ব্যতিরেকেণ জ্ঞানক্রিয়াশক্তিধরঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়য়া অসৎসু গুণেষু ইন্দ্রিয়াদিষু চেতয়িতুং স্থিতঃ সন্ নানেব ভাসি তেন ত্বদ্ভক্তানামিন্দ্রিয়াণি ত্বৎপ্রসাদাত্ত্বামেব বিষয়ীকুর্ব্বন্তি ত্বন্ময়ান্যপ্রাকৃতান্যেব ভবন্তি অন্যেষান্তু তানি মায়ামেব বিষয়ী-কুর্ব্বন্তি মায়াময়ান্যেবেতি স্বধায়েতি মায়াখ্যয়েতি পদাভ্যাং সিদ্ধান্তো ধ্বনিতঃ ॥ ৭ ॥

ইহার অন্তরে অন্তর্যামিরূপে প্রবেশ করিয়াছেন ; এবং কাষ্ঠনিহিত হুতাশন নিরবয়ব হইলেও যেমন কাষ্ঠের আকারেই আত্মস্বরূপের প্রকাশ করে, আপনিও সেইরূপ স্বয়ং নিরঞ্জন এবং অদ্বিতীয় হইলেও বিচিত্র উপাধির অনুরোধে বহুরূপে প্রতীত হইতেছেন ॥ ৭ ॥

আভাস।

হয় এবং যাবতীয় উৎপন্ন পদার্থে চেতয়িতারূপে আপনি নিহিত রহিয়াছেন ; অথচ কিছুতেই লিপ্ত নহেন। বস্তুতত্ত্বের নিরন্তর পরিণাম থাকিলেও আপনাতে কোন রূপ পরিণাম নাই। অরণির অন্তরস্থ অগ্নি ঘর্ষণাদিযোগে যেমন অরণির আকারেই আকারিত পরিদৃষ্ট হয় এবং কাষ্ঠ ভস্মীভূত হইলে, বহ্নি আপনাতেই আপনি প্রশমিত হইয়া যায়, সেইরূপ অন্তরস্থ আপনিই দেহেন্দ্রিয়াদির আকারে ও সেই সেই উপাধিতে আত্ম-প্রকাশ করেন এবং দেহেন্দ্রিয়াদির অভাবে আপনাতেই আপনি বিশ্রাম করেন ॥ ৭ ॥

আপনি সর্ব্বশক্তিমান্! আপনার প্রদত্ত জ্ঞানের দ্বারাই জ্ঞানী ও ভোগী বলিয়া যাহারা নিজকে বুঝিতে পারেন, তাঁহারাই প্রকৃত ভক্ত এবং তাঁহাদের কৃতজ্ঞতার পরিচয়ে আপনার ভজনা করাই তাঁহাদের যে অবশ্য কর্ত্তব্য, ইহাই এই শ্লোকে প্রতি-পাদন করিয়াছেন। নিদ্রিত ব্যক্তির দেহাদি সকল ইন্দ্রিয়গ্রাম থাকিতেও কেবল এক জ্ঞানের অভাবে যেমন তিনি জগতের কিছু বুঝিতে সমর্থ হন না এবং কেবল জ্ঞানের প্রভাবে নিদ্রার ভঙ্গ হইলে, সেই ব্যক্তিই পুনরায় সমস্তই অবগত হইতে পারেন, তখন দেহাদি ইন্দ্রিয়বর্গ কেবল দর্শনীয় মাত্র ; কিন্তু ইহাদের দর্শনীয়ভাব ও স্বরূপসামর্থ্য এক আপনা হইতে উৎপন্ন হয়। যাঁহারা ইহা অবগত আছেন, তাঁহারা আপনার চরণকমল কিরূপে বিস্মৃত হইবেন? আপনার চরণপ্রসাদে জীব যেমন বিপদ্সাগর হইতে পরিত্রাণ পায়, সেইরূপ তাহাদের সকল প্রয়োজন আপনার দ্বারাই পূরণ হইয়া থাকে। ভোগ, অপবর্গ,

ত্বদ্দত্তয়া বয়ুনয়েদমচষ্ট বিশ্বং সুপ্তপ্রবুদ্ধ ইব নাথ ভবৎপ্রপন্নঃ।
তস্যাপবর্গ্যশরণং তব পাদমূলং বিস্মর্য্যতে কৃতবিদা কথমার্ত্তবন্ধো ॥ ৮ ॥

অন্বয়ঃ।

হে নাথ! ত্বদ্দত্তয়া বয়ুনয়া জ্ঞানেন, ভবৎপ্রপন্নঃ (ভবন্তং প্রপন্নঃ ব্রহ্মা) সুপ্তপ্রবুদ্ধঃ (নিদ্রিতঃ জনঃ পুনঃ জাগরিতঃ সন্) ইব ইদং বিশ্বং অচষ্ট অপশ্যৎ। হে আর্ত্তবন্ধো! (আর্ত্তানাং জন্মমৃত্যুজরাব্যাধ্যাদিভিঃ পীড়িতানাং বন্ধু হিতকারিন্) তস্য তব আপবর্গ্যশরণং (আপবর্গাণাং মুক্তানাং অপি শরণং আশ্রয়ং) পাদমূলং চরণকমলং, কৃতবিদা (ত্বংকৃতমুপকারং জানতা জনেন) কথং বিস্মর্য্যতে ন কথমপি ইতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অপিচ কিং বক্তব্যং বহ্ন্যাদয়ো জ্ঞানাদিশক্তিধরা ন ভবন্তীতি। যস্মাৎ ব্রহ্মণোঽপি জ্ঞানং তদধীনমেবেত্যাহ ত্বদ্দত্তয়া বয়ুনয়া জ্ঞানেন ভবন্তং শরণং প্রপন্নো ব্রহ্মা ইদং বিশ্বং অচষ্ট অপশ্যৎ। কথং সুপ্তঃ পুরুষঃ প্রবুদ্ধঃ সন্ যথা পশ্যতি তদ্বৎ। অত আপবর্গ্যা মুক্তা স্তেষামপি শরণং কৃতবিদা সর্ব্বেন্দ্রিয়জীবনেন তৎকৃতমুপকারং জানতা কথং বিস্মর্য্যতে এবংভূতং ত্বাং অভজন্তঃ কৃতঘ্না ইত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বমেব সর্ব্বশক্তিধর স্তদ্দত্তজ্ঞানাদিমত্বাৎ ভক্তানামেব কৃতজ্ঞানাং ত্বং ভজনীয়ো ভবসী-ত্যাহ ত্বদ্দত্তয়েতি ভবৎপ্রপন্নো ব্রহ্মাদিঃ সনকাদি র্ব্বা জ্ঞানিভক্তঃ ত্বদ্দত্তয়া বয়ুনয়া জ্ঞানেন ইদং বিশ্বমচষ্ট অপশ্যৎ। কথং। সুপ্তঃ পুরুষঃ প্রবুদ্ধঃ সন্ যথা পশ্যতি তদ্বৎ। অতঃ কৃতবিদা ত্বৎকৃতমেবমুপকারং জানতা তস্য তব পাদমূলং কথং বিস্মর্য্যতে কীদৃশং আপবর্গস্য অপবর্গো মুক্তি স্তদর্হস্য জিজ্ঞাসুভক্তস্য শরণমেবংভূতং ত্বাং ত্বত্তএব লব্ধজ্ঞানা অপি ত্বামভজন্তঃ কৃতঘ্না এবেত্যর্থঃ। হে আর্ত্তভক্তস্য বন্ধো। এবঞ্চ জ্ঞানিভক্তো জিজ্ঞাসুভক্ত আর্ত্তভক্তশ্চেতি শ্রীগীতোপনিষদুক্তা স্ত্রয়ো ভক্তা ব্যাখ্যাতাঃ ॥ ৮ ॥

হে নাথ! আপনার প্রদত্ত জ্ঞানের দ্বারা ব্রহ্মাও আপনার শরণাগত হইতে শিক্ষা করিয়াছেন; এবং নিদ্রোত্থিতের ন্যায় পূর্ব্বসংস্কার লাভে এই বিশ্বসংসারকে অবলোকন করিয়াছেন। হে আর্ত্তজনদুঃখবারণ! ভোগীর কথা দূরে থাকুক্, মুক্ত পুরুষগণেরও আপনি যে এক মাত্র শরণ, ইহা যাঁহারা অবগত আছেন, বলুন দেখি! তাঁহারা কোন্ প্রত্যাশায় আপনাকে বিস্মৃত হইবেন? ॥ ৮ ॥

আভাস।

দুঃখনিবৃত্তি এবং জ্ঞানপ্রাপ্তি সকলই সেই ভগবানের প্রসাদে জীবের হইয়া থাকে। অতএব ইহা অবগত হইয়াও যাহারা আপনার আরাধনা করে না, তাহারা নিশ্চয়ই যে কৃতঘ্ন, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ৮ ॥

নূনং বিমুষ্টমতয়স্তব মায়য়া তে যে ত্বাং ভবাপ্যয়বিমোক্ষণমন্যহেতোঃ।
অর্চ্চন্তি কল্পকতরুং কুণপোপভোগ্যমিচ্ছন্তি যৎ স্পর্শজং নরকেঽপি নৃণাং ॥ ৯॥

অন্বয়ঃ।

ভবাপ্যয়বিমোক্ষণং (ভবাপ্যয়ৌ জন্মমরণে ততো বিমোক্ষণং যস্মাৎ তং) ত্বাং যে অন্য-হেতোঃ অর্থকামাদিপ্রাপ্ত্যর্থং কল্পকতরুং ত্বাং অর্চ্চন্তি ভজন্তি, তে নূনং নিশ্চিতং, তব মায়য়া বিমুষ্টমতয়ঃ মোহিতচিত্তাঃ এব; যতঃ তে কুণপোপভোগ্যং (কুণপেন মৃততুল্যেন দেহেন উপভোগ্যং) সুখং ইচ্ছন্তি যৎ স্পর্শজং সুখং তৎ নৃণাং নরকে অপি ভবতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

যেচ মাদৃশাঃ কামাদ্যর্থং ভজন্তি তেঽপি মূঢ়া ইত্যাহ নূনমিতি। ভবাপ্যয়ৌ জন্মমরণে তদ্বিমোক্ষহেতুং ত্বাং অন্যহেতোঃ কামাদ্যর্থং যে ভজন্তি তে নূনং বিমুষ্টমতয়ঃ বঞ্চিতচিত্তাঃ। যতস্তে কল্পতরুং ত্বামর্চ্চয়ন্তি ততঃ কুণপতুল্যেন দেহেনোপভোগ্যং সুখমিচ্ছন্তি ন চেচ্ছাযোগ্যং তদিত্যাহ। যৎ স্পর্শজং বিষয়সম্বন্ধজন্যং সুখং তন্নরকেঽপি ভবতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যশ্চতুর্থোঽর্থার্থিভক্তো মদ্বিধঃ সন্ততিনিকৃষ্টো মূঢ় ইত্যাহ। নূনং নিশ্চিতমেব বিমুষ্ট-মতয়ো বঞ্চিতবুদ্ধয়স্তে ভবন্তি। কে যে ভবাপ্যয়ৌ জন্মমরণে তয়োর্বিমোক্ষকং ত্বাং অন্য-হেতো স্তুচ্ছফলার্থং অর্চ্চন্তি অতস্তে ত্বাং কল্পতরুমর্চ্চন্তি অথচ কুণপেন মৃততুল্যদেহেন উপভোগ্যং সুখমিচ্ছন্তি। ন চেচ্ছাযোগ্যং তদিত্যাহ যৎ স্পর্শজং বিষয়সম্বন্ধজন্যং সুখং তন্নরকেঽপি শূকরাদিযোনাবপি ভবতি ॥ ৯ ॥

জন্মমরণরূপ এই ঘোর সংসারদুঃখ হইতে নিবৃত্তিলাভের উপায় এক আপনি মাত্র! অতএব কল্পতরু-সদৃশ ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষপ্রদ আপনাকে যাহারা কেবল ভোগলাভের জন্য অর্চ্চনা করে, তাহারা যে আপনার মায়াতেই বিমোহিত ও বিবেকান্ধ, সে বিষয়ে আর সন্দেহ নাই। কারণ তাহারা শবতুল্য কুৎসিত দেহেরই সুখপ্রার্থনা করিল মাত্র; যে বিষয় সুখ মানবের নরকযোনিতেও অনায়াসে উপভুক্ত হইয়া থাকে ॥ ৯ ॥

আভাস।

কিন্তু হে ভগবন্! এই চারি প্রকার ভক্তের মধ্যে, আমার ন্যায় অর্থার্থী ভক্ত যে সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট, তাহাতে আর সন্দেহ নাই। ইহাদের বুদ্ধি নিতান্ত ভ্রান্ত। কারণ যিনি সংসারজ্বালা হইতে অব্যাহতি প্রদানে জীবকে মুক্তি দিয়া থাকেন, তাঁহার নিকট কি কখন তুচ্ছ ফলের আকাঙ্ক্ষা প্রকাশ করিতে আছে? কারণ, দেহ পরিণামের পরিবর্ত্তনে এতই অনিশ্চিত যে, তাহাতে ও মৃতশরীরে কোন পার্থক্য নাই। যে দেহের লালনাদিতে এত ব্যস্ত থাকিতে হয়, একবার নিদ্রার আবেশ আসিলে, সে দেহের সহিত আর কোন সম্বন্ধই উপলব্ধ হয় না। শবের ন্যায় একস্থানে পতিত থাকে;

যা নির্বৃতিস্তনুভৃতাং তব পাদপদ্মধ্যানাদ্ভবজ্জনকথাশ্রবণেন বা স্যাৎ।

অন্বয়ঃ।

হে নাথ সর্ব্বস্বামিন্! তনুভৃতাং দেহিনাং, তব পাদপদ্মধ্যানাৎ ভবজ্জনকথাশ্রবণেন (ভবজ্জনৈঃ ভক্তৈঃ সহ ভবৎকথাশ্রবণেন বা) যা নির্বৃতিঃ আনন্দঃ, স্যাৎ ভবতি, সা নির্বৃতিঃ

শ্রীধরস্বামী।

নমু স্বর্গাদি সুখং সকামৈঃ প্রাপ্যতে নিষ্কামভজনে চ তন্নস্যাদিত্যত আহ যেতি। স্ব-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তনু তর্হি ভবাপায়বিমোক্ষণমিত্যুক্ত্যা ব্রহ্মসাযুজ্যমেবাচর্নস্য ফলং ব্রূষে তস্যৈব কুণপোপভোগ্যত্বাভাবাৎ তদিচ্ছন্তু এব ভবন্মতেঽভিজ্ঞা স্তত্র নহি নহীত্যাহ যেতি। ধ্যানাদিত্যুপলক্ষণং শ্রবণাদেরপি শ্রবণেনেত্যুপলক্ষণং ধ্যানাদেরপি সা নির্বৃতিঃ স্বস্য মহিমরূপে ব্রহ্মণি ব্রহ্মানন্দেঽপি মাভূৎ নভবতি মহতো ভাবো মহিমা ত্বং মহাংস্তত্তু তব মহত্ত্বং সর্ব্বব্যাপকত্বলক্ষণোধর্ম্ম এবেতি ত্বন্নিষ্ঠা যাবতী নির্বৃতিস্তাবতী তত্র কথং বর্ত্ততামিতি ভাবঃ।

হে সর্ব্বস্বামিন্! দেহধারীর পক্ষে আপনার চরণকমলের চিন্তা করা এবং ভবদীয় ভক্তজনের সংসর্গে ভগবৎকথা শ্রবণ করার দ্বারা যে পরমানন্দরূপ শান্তিলাভ করা যায়, ভবদীয় মহিমাব্যঞ্জক অক্ষর ব্রহ্মস্বরূপে

আভাস।

তাহার রক্ষণাবেক্ষণে কোন যত্নই থাকে না। অতএব তাদৃশ দেহের সুখসমৃদ্ধির জন্য কোন্ বিবেকী পুরুষ যত্নশীল হয়? ভগবান্ যখন দেহের রচনা করিয়াছেন, তখন তাহার ভোগেরও ব্যবস্থা করিয়াছেন। বিশেষত জীব যখন যে জাতীয় দেহ প্রাপ্ত হয়, ভগবান্ তাহার সম্ভোগার্থ তদনুরূপ ভোগেরই প্রতিবিধান করিয়া দেন। জীব স্বীয় অভিপ্রায় অনুসারে যে সুখসম্ভোগের হ্রাসবৃদ্ধি করিতে পারে, এরূপ কখনই সঙ্গত নহে। মনুষ্যকে তদুপযোগী ভোগ ও ভোগায়তন দেহ প্রদানে যেমন তিনি মিলিত করিয়াছেন, শূকরকেও তদনুরূপ ভোগ প্রদানে পরিতৃপ্ত করিয়াছেন। বিষ্ঠার কীটও তদনুরূপ ভোগলাভে বিশেষ তৃপ্তি লাভ করিয়া থাকে। অতএব তৃপ্তির জন্য ভোগের উপাসনা করিবার প্রয়োজন নাই; ভোগ ও ভোগায়তন দেহদাতার উপাসনাই সর্ব্বতোভাবে বিধেয়। কিন্তু এই ভগবদুপাসনা কেবল ভগবানের জন্যই করা কর্ত্তব্য; তাঁহাকে উপেক্ষা করিয়া কেবল ভোগের জন্য তাঁহার উপাসনা বিধেয় নহে। কারণ তিনি কল্পতরু; কল্পতরুর ন্যায়, যখন তাঁহার সন্নিধান হইতে অপবর্গ প্রভৃতি সকল ফলই পাওয়া যায়, তখন কোন বিশেষ ফলের প্রত্যাশা না করিয়া, কেবল তাঁহাকে পাইলেই প্রয়োজন মত ফলের ব্যবস্থা তিনিই করিবেন; জীবকে আর নিজের জন্য নিজেকে ব্যস্ত থাকিতে হয় না। ভগবানের পাদপদ্ম ধ্যানে ও ভক্তকথাশ্রবণে যেরূপ নির্বৃতি লাভ হয়, পরমানন্দ প্রাপ্তিরূপ মুক্তির প্রার্থী জীবের পক্ষে পরমব্রহ্মচিন্তনেও

সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূৎ কিন্ত্বন্তকাসিলুলিতাৎ পততাং বিমানাৎ॥ ১০
ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো ভূয়াদনন্ত মহতামমলাশয়ানাং।

অন্বয়ঃ।

স্বমহিমনি তব মহিমাত্মকে ব্রহ্মণি (স্থিতস্যাপি) মাভূৎ ন ভবতি। তর্হি অন্তকাসিলুলিতাৎ (অন্তকস্য কালস্য অসিনা লবনিমেষাদিনা লুলিতাৎ খণ্ডিতাৎ) বিমানাৎ পততাং স্বর্গিণাং সা নির্বৃতিঃ নাস্তি ইতি কিং নু বক্তব্যং॥ ১০॥

হে অনন্ত! ত্বয়ি ভগবতি বাসুদেবে মুহুঃ নিরন্তরং ভক্তিং প্রেমলক্ষণাং, প্রবহতাং কুর্ব্বতাং, অমলাশয়ানাং (অমলঃ বিষয়বাসনামলরহিতঃ আশয়ঃ অন্তঃকরণং যেষাং তেষাং) মহতাং

শ্রীধরস্বামী।

মহিমনি নিজানন্দরূপেঽপি মাভূৎ ন ভবতীত্যর্থঃ। অন্তকস্যাসিনা কালেন লুলিতাৎ খণ্ডিতাৎ বিমানাৎ পততাং সা নাস্তীতি কিমু বক্তব্যং॥ ১০॥

অতঃ কথাশ্রবণায় সৎসঙ্গং দেহীত্যাহ। ভক্তিং ত্বয়ি প্রবহতাং সাতত্যেন কুর্ব্বতাং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদীয়ং মহিমানং পরব্রহ্মেতি শব্দিতমিতি মৎস্যদেবোক্ত্যাপি ব্রহ্মণো ভগবন্মহিমত্বমবগতং। ততশ্চ অন্তকাসিনা কালেন লুলিতাৎ খণ্ডিতাৎ বিমানাৎ স্বর্গীয়াৎ পততাং নাস্তীতি কিমু বক্তব্যং ততশ্চ স্বর্গাপবর্গাভ্যামধিকস্যান্যস্য কস্যাপি ফলাশ্রবণাৎ ত্বদ্ভক্তে র্বাস্তবং ফলং ত্বদ্ভক্তিরেবেতি ভক্তেঃ স্বতঃ ফলত্বং ভক্তানাঞ্চ নিষ্কামত্বমুপপাদিতং॥ ১০॥

সাচ শ্রবণকীর্ত্তনাদিময়ী ভক্তিঃ সৎসঙ্গং বিনা ন সুরসী ভবতীতি সৎসঙ্গং প্রার্থয়তে। ভক্তিং ত্বয়ি প্রবহতাং প্রবাহরূপেণাবিচ্ছিন্নামেব দধতাং। ননু তর্হি সংসারদুঃখাদ্ধে ভয়ং

অবস্থান করিলেও তাদৃশ শান্তিলাভের কোন সম্ভাবনা নাই। অতএব কালচক্রের তীক্ষ্ণধার অসি দ্বারা নিরন্তর বিখণ্ডিত হইয়া বিমান হইতে পতিত স্বর্গবাসীর যে সে আনন্দ কখন সম্ভবপর নহে, তাহাতে আর বক্তব্য কি?॥ ১০॥

হে অনন্তদেব! বিশ্বাধার জগজ্জীবন আপনাতে নিরন্তর প্রেমলক্ষণা ভক্তির উৎস উন্মোচন পূর্ব্বক যাঁহারা বিষয়বাসনায় সম্পূর্ণ জলাঞ্জলি

আভাস।

সে ফল হয় না। গীতাতে উক্ত আছে, "মম যোনি র্মহদ্ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহং" ভগবৎ শক্তিই মহদ্ব্রহ্ম। স্বর্গের ও নিবৃত্তি আছে। মহাকাল তীব্র খড়্গ হস্তে লইয়া অন্য সকল বিষয়েরই উচ্ছেদ করিতেছেন। স্বর্গভোগের উপস্থিতিকালে যেমন আনন্দের উদয় হয়, তাহার সমাপ্তি কালেও সেইরূপ ক্লেশের উপস্থিতি ঘটে, সন্দেহ নাই। অতএব তীব্র সুখ ও তীব্র দুঃখ হইতে যদি নিষ্কৃতির বাসনা থাকে, তবে এক আপনার শরণাগত হওয়াই জীবের এক মাত্র কার্য্য॥ ৯॥ ১০॥

যেনাঞ্জসোল্বণমুরুব্যসনং ভবাব্ধিং নেষ্যে ভবদ্গুণকথামৃতপানমত্তঃ ।। ১১ ।।

অন্বয়ঃ।

প্রসঙ্গঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ মে মম ভূয়াৎ। যেন এবম্ভূতমহৎপ্রসঙ্গেন ভবদ্গুণকথামৃতপানমত্তঃ (ভবদ্গুণকথা এব অমৃতং তস্য পানেন মত্তঃ পরমানন্দনিমগ্নঃ) সন্ উরুব্যসনং (উরূণি বহূনি ব্যসনানি দুঃখানি যস্মিন্ তৎ) উল্বনং ভয়ঙ্করং, ভবাব্ধিং সংসারসমুদ্রং অঞ্জসা অনায়াসেন, নেষ্যে তরিষ্যামি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নন্থ মোক্ষং কিং ন যাচসে অত আহ যেন মহৎপ্রসঙ্গেন অঞ্জসা অযত্নত এব উরূণি ব্যসনানি যস্মিন্ তৎ নেষ্যে পারং গমিষ্যামি ভবদ্গুণকথৈবামৃতং তস্য পানেন মত্তঃ সন্ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে স্থাস্যত্যেবেতি তত্র সাটোপং সভুজাস্ফোটমাহ যেন মহৎসঙ্গবলেন উল্বণমপি বহুব্যসনযুক্তমপি ভবাব্ধিং নেষ্যে গ্রহীষ্যামি যদি সমদভিমুখমভ্যেতি তদা আয়াতু দ্রক্ষ্যামি কিং মে কর্ত্তুং শক্নুয়াদিতি ভাবঃ কীদৃশঃ সন্ ভবদ্গুণকথৈব অমৃতং তৎপানেন মত্ত ইতি নহি স্পর্দ্ধাবজ্ঞাদ্বেষাদয়ঃ সংসারিকা ধর্ম্মা মত্তং দুঃখয়িতুং শক্নুবন্তি নাপি মৃত্যুরমৃতং পিবন্তং স্প্রষ্টুমপি শক্নুয়াদিতি ভাবঃ। অত্র সংসঙ্গোত্থয়ৈব ভক্ত্যা ভগবন্তং সাক্ষাৎ কৃত্যাপি পুনঃ সৎসঙ্গস্য প্রার্থনাত্তক্তিকারণমপি ভক্তিফলমপি স্বয়ং ভক্তিরপি সৎসঙ্গ ইতি ভক্তানাং মতং ব্যঞ্জিতং ॥ ১১ ॥

দিয়াছেন, প্রার্থনা করি! যেন তাদৃশ মহাজনের সংসর্গ আমার লাভ হয়। আমি তাদৃশ মহৎসঙ্গে ভবদীয় লীলাস্রোতের পীযূষময় কথারস পান করিয়া পরমানন্দে নিমগ্ন হইব এবং পুঞ্জ পুঞ্জ দুঃখপূর্ণ এই ভীষণ সংসার-সাগরকে অনায়াসে অতিক্রম করিব, সন্দেহ নাই ।। ১১ ।।

আভাস।

আপনার শরণাগত হইতে হইলে, ভক্তির প্রয়োজন। ভক্তিও সাধুসঙ্গ ব্যতীত জন্মে না। অতএব প্রার্থনা যে, আপনার শ্রবণকীর্ত্তনাদিনিষ্ঠ ভক্তির সঞ্চয়ার্থ সৎসঙ্গ আমাকে প্রদান করুন্! ভক্তি এবং সাধুসঙ্গ লাভেও যদি সংসারদুঃখ থাকে, তাহাতে আমি ভীত নহি! আমি বীরের ন্যায় অবলীলাক্রমে তাহাকে আলিঙ্গন করিব। কারণ আমি জানি! তোমার কথামৃতে মত্ত মানবকে সংসারদুঃখ উদ্বিগ্ন করা দূরে থাকুক্, স্পর্শ পর্য্যন্তও করিতে পারে না। তবে সম্মুখে উপস্থিত হইয়া মুখভঙ্গি করে মাত্র। সৎসঙ্গ হইতে উত্থিত ভক্তির দ্বারা ভগবানের সাক্ষাৎকার ঘটে এবং সেই ভক্তিই ভগবদ্ভক্তিকে প্রবল করে ॥ ১১ ॥

ভক্তের নিকট সংসারদুঃখ যে তুচ্ছ হয়, তাহার প্রধান কারণ, ভক্ত "আমার" বলিবার কিছু রাখে না। সকলই ভগবানের সম্পত্তি বোধে তাহার রক্ষণাবেক্ষণাদির কার্য্যও তাঁহার উপরই নির্ভর দিয়া নিশ্চিন্তমনে বিচরণ করে। সুতরাং পুত্রমিত্র গৃহ ক্ষেত্রাদির

তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যং যে চান্বদঃ সুতসুহৃদ্গৃহবিত্তদারাঃ।
যে ত্বব্জনাভ ভবদীয় পদারবিন্দসৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু কৃতপ্রসঙ্গাঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে ঈশ! হে অব্জনাভ! যে তু ভবদীয়পদারবিন্দসৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু (ভবদীয়পদারবিন্দয়োঃ সৌগন্ধ্যে লুব্ধং হৃদয়ং যেষাং তেষু) ভক্তেষু কৃতপ্রসঙ্গাঃ (কৃতঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ যৈঃ তে) অতিতরাং প্রিয়ং মর্ত্ত্যং দেহং যে চ অদঃ সুতসুহৃদ্গৃহবিত্তদারাঃ তান্ চ ন স্মরন্তি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

কথামৃতপানস্য মাদকত্বমাহ। তে অতিতরাং প্রিয়মপি মর্ত্ত্যং দেহং ন স্মরন্তি তন্নানুসন্দধতে। যেচ সুতাদয়ঃ অদঃ মর্ত্ত্যমনু সম্বদ্ধা স্তানপি কে তে ন স্মরতি যে কৃতপ্রসঙ্গাঃ কেষু ভবদীয়পদারবিন্দসৌগন্ধ্যে লুব্ধং হৃদয়ং যেষাং তেষু তুশব্দেনান্যেষাং কেবলযোগাদিনিষ্ঠানাং দেহাভিমানানিবৃত্তিং দর্শয়তি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু তদপ্যহন্তাস্পদমমতাস্পদয়োর্বিদ্যমানত্বে খলু দ্বেগো দুর্ব্বার ইত্যত আহ তে অতিতরাং প্রিয়মপি মর্ত্ত্যং দেহং ন স্মরন্তি নানুসন্দধতে যে চ অদো মর্ত্ত্যং অনুলক্ষীকৃত্য বর্ত্তমানাঃ সুতাদয়স্তানপি কে তে যে ভবদীয়েত্যাদি তুশব্দেনান্যেষাং কেবলযোগাদিনিষ্ঠানাং দেহাভিমানানিবৃত্তিং দর্শয়তীতি স্বামিচরণাঃ। ভক্তানাং নিষ্কামত্বদ্যোতকঃ স্বভাব এবায়ং। বস্তুতস্তু কথমনুবর্ত্ততাং ভবভয়ং তব যদ্ভ্রূকুটিঃ সৃজতি মুহুস্ত্রিণেমিরভবচ্ছরণেষু ভয়মিতি জয়য়..শু বা কোষং নিগীর্ণমনলো যথেত্যাদেরননুসংহিতং ভক্তেঃ ফলং সংসারনিবৃত্তিরস্ত্যেব ॥১২॥

হে পদ্মনাভ পরমেশ্বর! যাঁহাদের হৃদয় ভবদীয় পদারবিন্দে সমর্পিত তুলসীগন্ধেই নিরন্তর সমাবিষ্ট থাকে, তাঁহারাই আপনার ভক্ত! যে সকল ব্যক্তি তাদৃশ ভক্তগণের সংসর্গে সুখী হন, তাঁহারা আর গৃহ বিত্ত পুত্র কলত্র এবং সর্ব্বাপেক্ষা প্রিয়তম এই মর্ত্ত্য দেহেরও স্মরণে ব্যাকুল হন না ॥ ১২ ॥

আভাস।

অর্জ্জন ও রক্ষণাদির কথা দূরে থাকুক্, ভক্ত স্বীয় কলেবরের উপরও মমতা বিসর্জ্জনে উদাসীনের ন্যায় বিচরণ করেন। তাদৃশ নির্ভরতা যোগীরও ঘটে না। ভক্ত স্বভাবতই কামনাশূন্য। কারণ যাঁহার কণামাত্র ভ্রূভঙ্গে এই অনন্ত ব্রহ্মাণ্ডের রচনা হইয়াছে, ভক্ত তাঁহার রচণাশ্রিত হইয়া কি ভবভয়ে কখন ভীত হয়? ভক্তের সংসারনিবৃত্তি স্বতই সিদ্ধ, তাহাতে আর সন্দেহ নাই ॥ ১২ ॥

পাছে ভগবান্ বলেন যে, হে ধ্রুব! যদি তোমার এতই বিবেকবুদ্ধি আছে, তবে বিমাতার বাক্যবাণে বিদ্ধ হইয়া তোমার পিতৃপিতামহাদিরও দুর্ল্লভ উৎকৃষ্ট পদ লাভ করিবার জন্য কেন ভগবানের উপাসনা করিতে প্রবৃত্তি হইল? এরূপ বৃথা অভিমানের বশবর্ত্তী কেন্ হইলে? এতদুত্তরে তিনি প্রকাশ করিয়াছেন যে, হে ভগবন্! আমি

তির্য্যঙ্ নগ -দ্বিজ-সরীসৃপ-দেব-দৈত্য-মর্ত্ত্যাদিভিঃ পরিচিতং সদসদ্বিশেষং।
রূপং স্থবিষ্ঠমজ তে মহদাদ্যনেকং নাতঃপরং পরম বেদ্মি ন যত্র বাদঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

(তির্যঙ্ নগাঃ বৃক্ষাঃ, দ্বিজাঃ পক্ষিণঃ, সরীসৃপাঃ সর্পাদয়ঃ, দেবাঃ ইন্দ্রাদয়ঃ, দৈত্যাঃ প্রহ্লাদাদয়ঃ, মর্ত্ত্যাঃ মনুষ্যাদয়ঃ তৈঃ) পরিচরিতং ব্যাপ্তং, সদসদ্বিশেষং (সন্তি স্থূলানি ক্ষিত্যাদিপঞ্চমহাভূতানি অসন্তি সূক্ষ্মাণি শব্দাদীনি বিশেষাঃ যস্য তৎ) মহদাদ্যনেকং (মহদাদীনি অনেকানি কারণানি যস্য তৎ) তে তব স্থবিষ্ঠং বিরাড়্রূপং কেবলং অহং বেদ্মি অতঃ পরং যত্র বাদঃ লৌকিকশব্দব্যাপারঃ ন অস্তি হে অজ পরম! তদ্ ব্রহ্মস্বরূপং ন বেদ্মি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

নন্বেবং ত্বং বিদ্বানপি কিমিত্যভিমানং বহসি অত আহ তির্য্যগাদিভিঃ পরিচিতং ব্যাপ্তং। সন্তোঽসন্তশ্চ বিশেষা যস্য তৎ। মহদাদীন্যনেকানি কারণানি যস্য। হে পরম অজ ইদং তে স্থবিষ্ঠং বিরাড়্রূপং কেবলং বেদ্মি। অতঃ পরং ঈশ্বরস্বরূপং ন বেদ্মি। যত্র বাদঃ শব্দব্যাপারো নাস্তি তদ্ব্রহ্মস্বরূপং চ ন বেদ্মি অতোঽভিমানো ন নিবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং চেজ্জানাসি তর্হি মৎপিত্রাদিপ্রাপ্তেভ্যোঽপ্যুৎকৃষ্টং পদং সাধয়ানীতি সংকল্প্য কিমিতি তদ্ভজনমকার্ষীঃ তত্রাহ তির্য্যগাদিভিঃ পরিচিতং ব্যাপ্তং সন্তোঽসন্তশ্চ বিশেষা যস্য তৎ। মহদাদীন্যনেকানি কারণানি যস্য তৎ স্থবিষ্ঠং বিরাড়্রূপমেব তবাহং বেদ্মি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদ্বেতি এতাবন্তং কালমবেদিষমিত্যর্থঃ। অতঃ স্থবিষ্ঠাৎ পরমেতদপ্রাকৃতং চিদানন্দঘনং তব স্বরূপং হে পরম নাবেদিষং যত্র বাদঃ শব্দব্যাপারো নাস্তি তদ্ব্রহ্ম স্বরূপঞ্চ নাবেদিষং অতএব বালত্বেনাজ্ঞত্বাত্তথা দুর্ভাবনামকরবং। সাম্প্রতন্তু তদীয় কম্বুস্পর্শং প্রাপ্য সর্ব্বমেব বেদার্থমজ্ঞাসিষমতএবং শ্রীমচ্চরণেষু নিবেদয়ামিতি ভাবঃ ॥ ১৩ ॥

গো, মৃগাদি তির্য্যক্ যোনি, পর্ব্বত ও বৃক্ষাদি স্থাবরযোনি, পক্ষী, সরীসৃপগণ, ইন্দ্রাদি দেবতাকুল, প্রহ্লাদাদি দৈত্যগণ এবং মর্ত্ত্য মানবরূপে পরিব্যাপ্ত ভবদীয় স্থূল ও সূক্ষ্মক্রমে ভূতপঞ্চক এবং তাহার কারণরূপে অনুমিত মহদাদি তত্ত্বগ্রামকেই আপনার স্থূলভাবে পরিচিত বিরাট্ রূপের অবধারণ করিতে সক্ষম হইয়াছি ; কিন্তু হে কারণাতীত ! লৌকিক শব্দগ্রাম আপনার যে ভাব নিরূপণে সমর্থ হয় না, তাদৃশ বাক্যমনের অতীত ভবদীয় ব্রহ্মস্বরূপ পরম ভাব আমি অবধারণে সক্ষম নহি ॥ ১৩ ॥

আভাস।

আপনার কেবল স্থূল বিরাট্ রূপই অবগত আছি। দেব মনুষ্য সরীসৃপ তির্য্যক্ ও বৃক্ষাদিরূপে পরিব্যাপ্ত অনন্ত জীবজগৎকে পরিদর্শন পূর্ব্বক তাহার সূক্ষ্ম কারণ মহত্তত্ত্বা-

কল্পান্ত এতদখিলং জঠরেণ গৃহ্নন্ শেতে পুমান্ স্বদৃগনন্তসখস্তদঙ্কে।

অন্বয়ঃ।

কল্পস্য সৃষ্টিস্থ্যসা, অন্তে প্রলয়সময়ে, এতৎ অখিলং সর্ব্বং, ত্রৈলোক্যং জঠরেণ উদরেণ, গৃহ্নন্ (উদরে সংনিবেশ্য) অনন্তসখঃ (অনন্তঃ শেষঃ সখা সহায়ঃ যস্য সঃ) তদঙ্কে (তস্য শেষস্য উৎসঙ্গে) যঃ স্বদৃক্ (স্বস্মিন্ এব ন বহিঃ দৃক্ যস্য সঃ) পুমান্ নারায়ণঃ শেতে যন্নাভি-

শ্রীধরস্বামী।

তদৈব ভগবদনুকম্পয়া রূপদ্বয়ং জ্ঞাত্বা ঈশ্বরস্বরূপমনুবর্ণয়ন্ নমস্করোতি কল্পান্ত ইতি দ্বাভ্যাং। এতত্ত্রৈলোক্যং গৃহ্নন্ যঃ পুমান্ শেতে স্বস্মিন্নেব দৃক্ ন বহির্যস্য যোগনিদ্রারূঢ়-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু মাং জানাসি চেৎ ত্বামহং পরীক্ষিষ্যে কথয় কোঽহমিতি তত্রাহ কল্পান্ত ইতি ত্রিভিঃ। স্বস্মিন্নেব দৃক্ নতু বহির্যস্য যোগনিদ্রারূঢ়ত্বাৎ তস্যানন্তস্য শেষস্যাঙ্কে উৎসঙ্গে শেতে।

সৃষ্টির বিরামে যখন প্রলয়কাল উপস্থিত হয়, তখন যিনি এই ত্রিভুবনকে স্বীয় জঠরমধ্যে সন্নিবেশ পূর্ব্বক অনন্তদেবের ক্রোড়ে আত্মস্বরূপেই বিশ্রাম করেন এবং যাঁহার নাভিরূপ সমুদ্র হইতে এই ত্রিলোকবিভাসক

আভাস।

দিকে অনুভূত হয়; এই সর্ব্বভাবে সর্ব্বশক্তিমান্ আপনি বিরাজ করেন, ; আমি আপনার এই সর্ব্বময় বিরাট্ ভাবকে ধারণা করিতে পারি; কিন্তু এতদ্ব্যতীত আপনার অপ্রাকৃত শব্দাতীত চিদানন্দ ঘন স্বরূপ অবগত নহি। আপনার পরম স্বরূপের অবগতির অভাবেই বালকত্ব-নিবন্ধনই এরূপ কুৎসিত চিন্তা করিয়াছি। সম্প্রতি ভবদীয় কম্বুস্পর্শে সমগ্র বেদার্থ অবগত হইয়াছি; সেইজন্যই শ্রীচরণে এইরূপ নিবেদন করিতেছি॥ ১৩॥

ভগবানের অনুগ্রহে ধ্রুব তাঁহার সগুণ ও নির্গুণ উভয়বিধ প্রভাব অবধারণ পূর্ব্বক ঈশ্বরস্বরূপের বর্ণন করত প্রণাম করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, যখন প্রলয়কাল উপস্থিত হয়, তখন কার্য্যকারণভেদে ব্যবস্থিত নামরূপাত্মক অচিন্ত্য ব্রহ্মাণ্ড স্বীয় উদরমধ্যে সন্নিবিষ্ট করিয়া, ভগবান্ আত্মস্বরূপেই অবস্থিত থাকেন। অর্থাৎ তৎকালে তদীয় অনন্তশক্তিতে জগদ্রেখা অন্তর্হিত হইয়া যায়; কেবল নির্ম্মনস্ক পুরুষ আত্মস্বরূপে অবস্থান কালে, যেমন কোন বিষয়চিন্তা করে না, কেবল অস্তিত্ব-প্রতিপাদক জ্ঞান-ভাবেই প্রতিষ্ঠিত থাকেন, সেইরূপ ভগবান্ কার্য্যহীন শক্তিতে সমন্বিত থাকিয়া, কেবল জ্ঞানমাত্র ভাবেই সুপ্রতিষ্ঠিত থাকেন। পুরুষ নিষ্কামী ও নির্ম্মনস্ক হইলেও যেমন তৎকালে তাহার বল বা কার্য্যকারিতা শক্তির কোন অভাব হয় না; বরং শ্রমাপনোদনে ভাবি কর্ম্মের জন্য অভিনব বলেই সুপ্রসন্ন থাকে, সেইরূপ সৃষ্টিক্রিয়ার তিরোধানে সৃষ্টিশক্তিতে সমন্বিত পরমাত্মা নারায়ণ দৃক্শক্তিতেই বিশ্রাম করেন। পরে সৃষ্টির ইচ্ছা হইলে, নাভিদেশে তাঁহার ক্রিয়াশক্তির উদয় হয়। জীব চিত্তমধ্যে কার্য্যের কল্পনা করিলেও, নাভিদেশে

যন্নাভিসিন্ধুরুহকাঞ্চনলোকপদ্মগর্ভে দ্যুমান্ ভগবতে প্রণতোঽস্মি তস্মৈ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

সিন্ধুরুহকাঞ্চনলোকপদ্মগর্ভে (যস্য নাভিরেব সিন্ধুঃ সমুদ্রঃ তস্মিন্ রোহতি যৎ তদেব কাঞ্চনং সুবর্ণং ত্রিলোকাত্মকং পদ্মং তস্য গর্ভে কর্ণিকায়াং) দ্যুমান্ তেজস্বী, ব্রহ্মা জাতঃ) তস্মৈ ভগবতে তুভ্যং অহং প্রণতঃ অস্মি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ত্বাং। অনন্তসখঃ শেষসহায়ঃ। তদঙ্কে শেষোৎসঙ্গে যস্য নাভিরেব সিন্ধুঃ সমুদ্র স্তস্মিন রোহতীতি তথা তস্য কাঞ্চনলোকপদ্মস্য গর্ভে কর্ণিকায়াং দ্যুমান্ অতিতেজস্বী ব্রহ্মা ভবতি তং প্রণতোঽস্মীত্যর্থঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্য নাভিসিন্ধুরুহে নাভিকমলে আগন্তুককাঞ্চনবর্ণং লোকাত্মকং যং পদ্মং তস্য গর্ভে কর্ণিকায়াং দ্যুমাংস্তেজস্বী ব্রহ্মা ভবতি তস্মৈ তং ত্বাং প্রসাদয়িতুং নতোঽস্মি কেবলং নতু পরিচরিতুং কিমপি শক্নোমীতি ভাবঃ ॥ ১৪ ॥

হিরণ্ময় পদ্ম উৎপন্ন হয়, ও সেই পদ্মের কর্ণিকাতে সর্ব্বশক্তিসম্পন্ন ভগবান্ কমলাসন জন্মগ্রহণ করেন, সেই আপনি অনন্তসখ ভগবান্ নারায়ণ! আপনার চরণকমলে আমি প্রণিপাত করি ॥ ১১ ॥

আভাস।

তাহার ফলপরিণাম ঘটে। ক্রিয়াশক্তির উত্তেজনার স্থানই নাভিদেশ। নাভিদেশে শক্তির বিকাশ হইয়া হস্তপদাদি ইন্দ্রিয়গ্রামকে স্ব স্ব কার্য্যে প্রচালিত করে। সাধারণত জ্ঞানেন্দ্রিয়ের কার্য্যপ্ররোচনার স্থান যেমন চিত্ত, কর্ম্মেন্দ্রিয়ের উত্তেজনার স্থান নাভিদেশ। অনন্তদেবে যখন কার্য্যের উদয় হয়, তখন তাহার পরিচর্য্যার্থ তাঁহার নাভিদেশ অর্থাৎ চেষ্টাস্থান হইতে একটী কার্য্যরূপ পদ্ম উদ্গত হয়। অর্থাৎ প্রকাশবহুল সংসারের কারণ-রূপ চতুর্ব্বিংশতি তত্ত্বের মূল মহত্তত্ত্বরূপ প্রকাশমান ভাববোধক একটী পদ্ম উৎপন্ন হয়। সমুদ্র রত্নাকর; পরমপুরুষের নাভিরূপ সমুদ্র হইতে এই লোকপদ্ম উৎপন্ন হয়। এই পদ্মের কর্ণিকামধ্যে জগদ্বিধাতা ব্রহ্মা জন্মপরিগ্রহ করেন। অন্য কাহারও নিকট অগ্রসর না হইয়া, সেই কমলনাভ পরমেশ্বরের প্রসন্নতার নিমিত্ত ধ্রুব সর্ব্বান্তঃকরণে কেবল প্রণাম মাত্র করিলেন ॥ ১৪ ॥

এক্ষণে পরমাত্মার যদি নিদ্রাদি অবস্থা ও বিরাটাদি রূপ থাকে, তবে প্রপঞ্চান্তর্গত জীবের অপেক্ষা তাঁহার যে কি ভেদ? তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। জীবের অপেক্ষা ঈশ্বরের ভাব সম্পূর্ণ বিপরীত। ঈশ্বর নিত্যমুক্ত; জীব তাঁহার প্রসাদে মুক্তি লাভ করে। জীব মায়ার অধীন; সুতরাং রাগদ্বেষাদি বিশিষ্ট ও অজ্ঞানান্ধ। পরমাত্মা মায়ার অতীত; সুতরাং রাগদ্বেষাদিবর্জ্জিত ও সর্ব্বজ্ঞ। জীব পরিচ্ছিন্ন, পরমাত্মা

ত্বং নিত্যমুক্তপরিশুদ্ধবিবুদ্ধ আত্মা কূটস্থ আদিপুরুষো ভগবাং স্ত্র্যধীশঃ।

অন্বয়ঃ।

ত্বং নিত্যমুক্তঃ অবিদ্যাবন্ধরহিতঃ, পরিশুদ্ধঃ রাগদ্বেষাদিমলরহিতঃ, বিশুদ্ধঃ বিবুদ্ধঃ সর্ব্বগতঃ আত্মা ব্যাপকঃ, কূটস্থঃ নির্ব্বিকারঃ, আদিপুরুষঃ ভগবান্ ঐশ্বর্য্যাদি গুণপূর্ণঃ ত্র্যধীশঃ (ত্রয়াণাং সত্ত্বরজস্তমসাং মায়াগুণানাং বা ত্রয়াণাং লোকানাং যদ্বা ভূতভবিষ্যদ্বর্ত্তমানানাং কালানাং অধীশঃ নিয়ন্তা, যং যতঃ বুদ্ধ্যবস্থিতিং (বুদ্ধেঃ অবস্থিতিং তাং তাং অবস্থাং) অখণ্ডিতয়া

শ্রীধরস্বামী।

নন্থ মমাপি স্বাপাদ্যবস্থাবত্বে কো জীবাদ্বিশেষ ইত্যত আহ ত্বন্তু ব্যতিরিক্তঃ জীববিলক্ষণ এবাস্সে তিষ্ঠসি। বৈলক্ষণ্যমেবাহ ত্বং নিত্যমুক্তঃ জীবস্ত ত্বংপ্রসাদান্মুচ্যতে। ত্বং পরিশুদ্ধঃ সতু মলিনঃ। ত্বং বিবুদ্ধঃ সর্ব্বজ্ঞঃ সতু অজ্ঞঃ। ত্বং আত্মা সতু জড়ঃ ত্বং কূটস্থঃ সতু বিকারী। ত্বমাদি পুরুষঃ সতু আদিমান্। ত্বং ভগবান্ সতু ভগহীনঃ। ত্বং ত্রয়াণাং গুণানামধীশঃ সতু পরতন্ত্রঃ। কুত এতদ্বৈলক্ষণ্যং যদ্যতঃ বুদ্ধ্যবস্থিতিং বুদ্ধেস্তাং তামবস্থাং অখণ্ডিতয়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ মমাপি শয়নাদ্যবস্থাবত্বে কো জীবাদ্বিশেষ স্তত্রাহ যদ্যতস্ত্বং নিত্যমুক্তঃ জীবস্তু ত্বৎপ্রসাদান্মুচ্যতে ত্বং পরিশুদ্ধঃ সচ মলিনঃ। ত্বং বিবুদ্ধঃ সর্ব্বজ্ঞঃ স ত্বল্পজ্ঞঃ। ত্বমাত্মা সতু দেহাধ্যাসী জড়ঃ। ত্বং কূটস্থো নির্ব্বিকারঃ সতু বিকারী। যদ্বা। ত্বং কূটস্থ একরূপতয়া কালব্যাপী সতু নানারূপতয়ৈব। ত্বমাদিঃ কারণং পুরুষঃ পুরুষাকারশ্চ সতু ন কারণং স্ত্রী-পুংনপুংসকাকারশ্চ। ত্বং ভগবান্ সতু ভগহীনঃ। ত্বং ত্র্যধীশঃ সতু ত্রিগুণাধীনঃ। ত্বং বুদ্ধ্যবস্থিতিং জীবস্য বুদ্ধেরবস্থাং স্বাপাদিকাং অখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা চিচ্ছক্ত্যা সাক্ষিত্বেন দ্রষ্টা সতু বুদ্ধ্যবস্থাভিঃ খণ্ডিতদৃষ্টিঃ। ত্বং স্থিতৌ সর্ব্বজগৎপালনে কর্ম্মণ্যাস্সে সতু স্বপালনেঽপ্য-

---

আপনি নিত্যমুক্ত ও রাগদ্বেষাদি পরিশূন্য বিশুদ্ধস্বরূপ! আপনি সর্ব্ব ব্যাপক আত্মস্বরূপ হইলেও কূটের ন্যায় নিরন্তর নির্ব্বিকার ভাবেই অবস্থান করিয়া থাকেন। আপনি সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন আদিদেব পরম পুরুষ! সত্ত্বাদি গুণত্রয়, স্বর্গাদি লোকত্রয় এবং বর্ত্তমানাদি কালত্রয়ের অধিনায়ক হইয়া, স্বকীয় অখণ্ড চৈতন্যশক্তির দ্বারা বুদ্ধিনিষ্ঠ সেই সেই অবস্থাকে প্রতীতি করেন। হে ভগবন্! তাদৃশ সকল অবস্থাতে আপনি অবস্থিত থাকিয়াও জীবের

আভাস।

সর্ব্বব্যাপী; জীব মায়ার বশে জড়ত্ব লাভ করে, ভগবান্ কূটবৎ নির্ব্বিকাররূপে প্রতিষ্ঠিত। জীবের দেহান্তর লাভ হয়, ঈশ্বর চিরকাল একভাবেই প্রতিষ্ঠিত আছেন। ভগবান্ অনন্ত ঐশ্বর্য্যে নিত্য সম্বদ্ধ, জীব ঐশ্বর্য্যের বিয়োগে চির অভাবগ্রস্ত। পরমেশ্বর গুণত্রয় এবং কালত্রয়ের উপর কর্ত্তৃত্ব করিয়া ভুবনত্রয়ের উপর আধিপত্য বিস্তার করেন, জীব উক্ত সত্ত্বাদি গুণ ও ভূতাদি কালের অধীন হইয়া, এই ভুবনত্রয়ে জন্মমরণাদির

যদ্বুদ্ধ্যবস্থিতমখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা দ্রষ্টা স্থিতাবধিমখো ব্যতিরিক্ত আস্সে ॥ ১৫ ॥
যস্মিন্ বিরুদ্ধগতয়োহ্যনিশং পতন্তি বিদ্যাদয়ো বিবিধশক্তয় আনুপূর্ব্ব্যাৎ।

অন্বয়ঃ।

স্বদৃষ্ট্যা চিচ্ছক্ত্যা দ্রষ্টা পশ্যসি; তথাভূত ত্বং স্থিতৌ পালনে অধিসখঃ যজ্ঞাধিষ্ঠাতা বিষ্ণুঃ (জীবাৎ) ব্যতিরিক্তঃ আস্সে তিষ্ঠসি ॥ ১৫ ॥

বিরুদ্ধগতয়ঃ (বিরুদ্ধা গতিঃ স্বভাবঃ যেষাং তে বিভিন্নাশ্রয়াঃ ধর্ম্মাঃ, যস্মিন্ অনিশং নিরন্তরং) পতন্তি বর্ত্তন্তে, তথা বিদ্যাদয়ঃ বিবিধশক্তয়ঃ যস্য সেবায়াং আনুপূর্ব্বাৎ পর্য্যায়েণ স্বস্বাধিকারা-

শ্রীধরস্বামী।

স্বদৃষ্ট্যা চিচ্ছক্ত্যা দ্রষ্টা পশ্যসি দ্রষ্টেতি তৃণ্প্রত্যয়ান্তং। অতো বুদ্ধ্যবস্থিতিমিত্যত্র ষষ্ঠ্যভাবঃ তথাভূত এব ত্বং স্থিতৌ পালনে অধিমখঃ যজ্ঞাধিষ্ঠাতা শ্রীবিষ্ণুঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমর্থঃ। ত্বমধিমখঃ মখাদিকর্ম্মাধিষ্ঠাতা সতু মখাদিকর্ম্মাধীনঃ। অতস্ত্বং তস্মাদ্ব্যতিরিক্ত-এবাস্সে তব যোগনিদ্রাদিকন্তু চিচ্ছক্তিবিলাস ইতি জানাম্যেবেতি ভাবঃ ॥ ১৫ ॥

সবিশেষং ভগবৎস্বরূপমুক্ত্বা নির্ব্বিশেষব্রহ্মস্বরূপমাহ যস্মিন্নিতি। নির্ব্বিকারং কেবল-মানন্দমাত্রমেব। নিত্যচিদাত্মকনানাবিশেষগ্রহণাসমর্থানাং দূরস্থানাং কেবলশান্তানাং ভক্তি-মিশ্রজ্ঞানদৃষ্ট্যা ভাতং তদ্ব্রহ্ম ত্বন্মহিমস্বরূপং প্রপদ্যে যস্মিন্ নিঃশক্তিকত্বেন প্রতীতেঽপি বিদ্যাদয়ো বিবিধশক্তয়োঽনিশং স্থিতা আনুপূর্ব্বাৎ পতন্তি প্রতীতা ভবন্তি। অতএব ত্বং

ন্যায় কিছুতেই লিপ্ত নহেন; সংসারের পালনার্থ যজ্ঞের অধিষ্ঠাতা হইয়া বিষ্ণুরূপে বিরাজ করিতেছেন ॥ ১৫ ॥

বিরুদ্ধস্বভাব ধর্ম্মনিচয় নিরন্তর যাঁহাকে অবলম্বন করিয়া বিদ্যমান থাকে, অবিদ্যাদি শক্তিসমূহ যাঁহার সেবার জন্য স্ব স্ব অধিকার অনুসারে

আভাস।

পরিবর্ত্তনে নিরন্তর প্রচালিত হইতেছে। এই পার্থক্যের আশ্রয়ভূত পরমাত্মা কিন্তু নিরন্তর পরমচৈতন্যে নিত্য প্রতিষ্ঠিত; জীবের দৃষ্টি কেবল দর্শকভাবে সংসারের অভিমুখেই নিহিত। ঈশ্বর যজ্ঞের অধিষ্ঠাতা; জীব যজ্ঞের দ্বারা ফল লাভ করিয়া থাকে ॥ ১৫ ॥

সবিশেষ ভগবৎস্বরূপের ব্যাখ্যা করিয়া, নির্ব্বিশেষ ব্রহ্মস্বরূপের বর্ণনার্থ বলিয়াছেন, কেবল আনন্দমাত্রবিগ্রহ নির্ব্বিকারস্বরূপই পরমব্রহ্ম; নিত্যস্বরূপের নানাপ্রকার বিশেষ ভাব গ্রহণে অসমর্থ দূরস্থ শান্তভক্তিমিশ্র জ্ঞানিজনগণের উপলব্ধ যে অপারমহিম পরম-ব্রহ্মভাব তাহাই আমি উপলব্ধি করিতেছি। এই পরমভাবে কোন প্রকার শক্তির পরিচয় না থাকিলেও, বিদ্যাদি বিবিধ শক্তি যে তাঁহাতেই নিত্যবিদ্যমান, তাহাতে আর কোন সন্দেহ নাই। অতএব ভক্তির তারতম্যে যাঁহাদের সহিত যেরূপ অনুভবের তার-তম্য ঘটে, তাঁহারা তদনুসারেই তাঁহাকে অবধারণ করিয়া থাকেন। ভক্তিমিশ্র

তদ্ব্রহ্ম বিশ্বভবমেকমনন্তমাদ্যমানন্দমাত্রমবিকারমহং প্রপদ্যে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

নুসারেণ পতন্তি উপতিষ্ঠন্তে, যৎ ব্রহ্ম ব্যাপকং, বিশ্বভবং (বিশ্বস্য ভবঃ জন্ম যস্মাৎ তৎ) আদ্যং অনন্তং একং অবিকারং বৃদ্ধিক্ষয়াদিবিকাররহিতং, আনন্দমাত্রং তং অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ত্বমেব ব্রহ্মরূপেণ জ্ঞাতং নমস্করোতি যস্মিন্নিতি পতন্তি অকস্মাদুদ্ভবন্তি বিশ্বস্য ভবো যস্মাৎ। একমখণ্ডং আদ্যমনাদি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিতারতম্যেন সামীপ্যতারতম্যবতাং বিশেষতারতম্যগ্রহণসমর্থানাং ভক্তিমিশ্রজ্ঞানিভ্যঃ কিঞ্চিদধিকভক্তিমতাং প্রথমং বিদ্যাশক্তিমানাত্মেতি ভাসি ততোঽপ্যধিকভক্তিমতাং মায়া-শক্তিমান্ পুরুষো জগৎকারণমিতি অতএব বিশ্বভবমিতি বিশেষণং ততঃ সংপূর্ণভক্তিদৃষ্ট্যা ঐশ্বর্য্যমাধুর্য্যাদ্যনন্তশক্তিমান্ ভগবানিতি তত্রাপ্যতি প্রবিষ্টধিয়াং লীলালাবণ্যকলাকুতুহল-বৈদগ্ধীমহোদধিরিতি ত্বমনুভবগোচরী ভবসি। যথা নগরস্যাতিদূরস্থজনা বিশেষমনুপলভ-মানা ইদমগ্রে স্থিতং বস্তুমাত্রমিতি তদেব পশ্যন্তি অনতিদূরস্থা বৃক্ষষণ্ডমিতি। সমীপস্থাস্ত বিবিধনিষ্কুটাট্ট-পুর-গোপুর-গৃহ-ধ্বজপতাকাদিযুক্তং নগরমিতি তত্র প্রবিষ্টাস্ত বিচিত্রতড়াগ-রথ্যাবিপণিশৃঙ্গাটকাজির-নৃত্যগীতবাদিত্রাদিসকলসুখাস্পদমিত্যনুভবন্তি। যথাহুঃ প্রাক্তোঽপি ষস্তিষামিত্যবধারিতং পুরা ততঃ শরীরীতি বিভাবিতাকৃতিং। বিভুর্বিভক্তাবয়বঃ পুমানিতি ক্রমাদমুং নারদ ইত্যবোধি স ইতি। শক্ত্যঃ কীদৃশ্যঃ বিরুদ্ধগতয়ঃ ইতি বিদ্যাবিদ্যয়োঃ সর্গ-সংহারয়োঃ জন্মবত্ত্বাজত্বয়োঃ রনীহত্বসলীলত্বয়োঃ রাত্মারামত্বভক্তবাৎসল্যয়োঃ বিরোধেঽপি তত্ত-চ্ছক্তীনামতর্কৈব ত্বয়ি নিত্যা স্থিতিরেব ॥ ১৬ ॥

নিরন্তর উপস্থিত থাকে; যিনি সর্ব্বব্যাপক; বিশ্ব সংসার যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে; যিনি অনাদি, অনন্ত ও বৃদ্ধিক্ষয়াদি বিকারবর্জ্জিত, আমি সেই অদ্বিতীয় পরমানন্দস্বরূপ পরমেশের শরণাগত হইলাম ॥ ১৬ ॥

আভাস।

জ্ঞানির অপেক্ষা কিঞ্চিৎ অধিক ভক্তিমানের সমীপে আপনি বিদ্যাশক্তিমান্ আত্মা বলিয়া অবভাসিত হন। তদপেক্ষা অধিক ভক্তিমানের নিকট জগতের কারণস্বরূপ মায়াশক্তিমান্ পুরুষরূপে পরিচিত হন। সেই নিমিত্ত "বিশ্বভবং" এই বিশেষণপদটী শ্লোকে ব্যবহৃত হইয়াছে। সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট ভক্তিদৃষ্টিতে যাঁহারা পরমাত্মার প্রতি অব-লোকন করেন, তাঁহারা ঐশ্বর্য্য ও মাধুর্য্যাদি অনন্তশক্তিবিশিষ্ট ভগবান্ বলিয়া আপনাকে প্রতীতি করেন; এবং তাঁহারা যখন আপনাতে চিত্ত সন্নিবিষ্ট করেন, তখন আপনার লীলালাবণ্যাদি মহাসমুদ্রে অবগাহন পূর্ব্বক আপনার ভাবকে উপলব্ধি করিয়া থাকেন।

সত্যাশিষো হি ভগবংস্তব পাদপদ্মমাশীস্তথানুভজতঃ পুরুষার্থমূর্ত্তেঃ ।
অপ্যেবমার্য্য ভগবান্ পরিপাতি দীনান্ বাশ্রেব বৎসকমনুগ্রহকাতরোঽস্মান্ ॥

অন্বয়ঃ ।

হে ভগবন্ ! যদ্যপি পুরুষার্থমূর্ত্তেঃ (পুরুষার্থঃ পুরুষপ্রার্থনাবিষয়ঃ পরমানন্দঃ এব মূর্ত্তিঃ যস্য তস্য) তব সর্ব্বতাপনিবর্ত্তকং পাদপদ্মং চরণারবৃন্দং এব অনুভজতঃ অনু নিরন্তরং, ভজতঃ পুরুষস্য আশিষঃ রাজ্যাদেঃ সকাশাৎ হি নিশ্চিতং সত্যা আশীঃ পরমার্থফলং । হে আর্য্য পূজ্য ! দীনান্ সকামান্ অস্মান্ বৎসকং বাশ্রা নবপ্রসূতা ধেনুঃ ইব অনুগ্রহকাতরঃ স্নেহপরবশঃ ভগবান্ ভবান্ পরিপাতি তত্তন্মনোরথপূরণেন পালয়তি ॥

শ্রীধরস্বামী ।

সকামভজনাদপি মোক্ষমাশাসান আহ হে ভগবন্ পুরুষার্থঃ পরমানন্দঃ সএব মূর্ত্তির্যস্য তস্য তব পাদপদ্মং আশিষো রাজ্যাদেঃ সকাশাৎ সত্যা আশীঃ পরমার্থফলং হি নিশ্চিতং কস্য তথা তেন প্রকারেণ ত্বমেব পুরুষার্থ ইত্যেবং নিষ্কামতয়া অনুভজতঃ যদ্যপ্যেবং তথাপি হে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নমু ভো বালক ! সত্যমেব ত্বং মৎস্বরূপং জানাস্যেব কিন্তু তব সাম্প্রতিকনিষ্কামত্বেঽপি যথাপূর্ব্বসঙ্কল্পমেব ফলমহং দাস্যামি গৃহাণেতি তত্র স্বস্যাজ্ঞত্বং বিবৃণ্বন্ প্রেমমাধুর্য্যমাশাসান আহ সত্যেতি হে ভগবংস্তব পাদপদ্মমেব আশিষো রাজ্যাদেঃ সকাশাৎ সত্যা আশীঃ পরমার্থ-

হে ভগবন্ ! পুরুষের প্রধান প্রার্থনীয় পরমানন্দস্বরূপই আপনার শ্রীবিগ্রহ ; তথাপি পরম প্রেমসহকারে যাহারা নিরন্তর সর্ব্বতাপনিবর্ত্তক ভবদীয় চরণারবিন্দের ভজনা করে, তাহাদের রাজ্যাদি বিশেষ সম্ভোগের অপেক্ষা সত্যস্বরূপ পরমার্থ ফলেরই প্রাপ্তি ঘটিয়া থাকে । হে পূজ্য !

আভাস ।

যেমন কোন পথিক দূর হইতে যখন কোন নগরের প্রতি দৃষ্টিনিক্ষেপ করে, তখন কেবল একটী বস্তুমাত্র বলিয়া উপলব্ধি করে ; পরে ক্রমশ যতই নিকটবর্ত্তী হইতে থাকে, ক্রমশই উচ্চ বৃক্ষরাজি, পরে উন্নত হর্ম্ম্যাবলি এবং নগরের পরিবেষ্টিত প্রাকারাদি ও প্রবেশদ্বার প্রভৃতি উপলব্ধি করিতে থাকে । পরে যখন নগরের মধ্যে প্রবেশ করে, তখন তদন্তরস্থ তড়াগ, পথ, হট্ট, পণ্যবিক্রয়স্থল, নৃত্যগীত ও বাদ্যাদি যাবদীয় সুখময় ভাবসমূহ নয়নগোচর করিয়া, প্রকৃত নগরসন্দর্শনের ফল তিনি লাভ করেন । ধ্রুব প্রথম জননী, পরে নারদের উপদেশে ক্রমশ অগ্রসর হইয়া, যখন ভগবৎসাক্ষাৎকার লাভ করিলেন, তখন আর তাঁহার নৈকট্যপ্রাপ্তির অপেক্ষা ছিল না ; সুতরাং নগরশোভা পরিদর্শনের ন্যায়, পরমাত্মস্বরূপে পরস্পর বিরুদ্ধ বিদ্যা অবিদ্যা, সৃষ্টি ও সংহার, জন্মবিশিষ্টত্ব এবং জন্মাদি বিকারহীনতা, নিস্পৃহত্ব ও লীলাকারিত্ব, আত্মারামত্ব এবং ভক্তবাৎসল্যাদি যাবতীয় ভাবই উপলব্ধি করিয়া কৃতার্থ হইয়াছিলেন । ১৭ ।

মৈত্রেয় উবাচ ॥
অথাভিষ্টুত এবং বৈ সৎসংকল্পেন ধীমতা।
ভৃত্যানুরক্তো ভগবান্ প্রতিনন্দ্যেদমব্রবীৎ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। এবং উক্তপ্রকারেণ সৎসংকল্পেন (সতি ভগবতি সংকল্পঃ মনোরথঃ যস্য তেন) ধীমতা বৈ ধ্রুবেণ অভিষ্টুতঃ ভৃত্যানুরক্তঃ ভগবান্ অথ তস্য প্রার্থনাং প্রতিনন্দ্য ইদং অব্রবীৎ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

আর্য্য স্বামিন্ দীনান্ সকামানপ্যস্মান্ ভগবান্ ভবান্ পরিপাতি সংসারভয়াদ্রক্ষত্যেব যতঃ অনুগ্রহে হিতাচরণে কাতরঃ পরবশঃ যথা বাস্রা ধেনু বৎসং ক্ষীরং পায়য়তি বৃকাদিভ্যো রক্ষতিচ তদ্বৎ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলং। কস্য। তথা তেন প্রকারেণ ত্বমেব পুরুষার্থমূর্ত্তিরিত্যেবং নিষ্কামতয়া অন্বনুভজতঃ এবমপি দীনানস্মান্ কৃতসকামভজনানপি পরিপাতি নিষ্কামপ্রাপ্যপাদপদ্মকিঞ্চিন্মাধুর্য্য-দানেনেত্যর্থঃ। তত্র হেতুঃ। অনুগ্রহকাতরঃ বালত্বাদ্যদ্যপ্যয়ং মচ্ছুদ্ধভক্তিং ন জানাতি

আমরা সকামী কৃপণ ব্যক্তি হইলেও, নবপ্রসূতা গাভী যেমন বিনা প্রার্থনায় স্বীয় সন্তানের লালনপালনে যত্নবতী হয়, হে পরমকারুণিক ! স্নেহসহকারে আপনিও আমাদিগকে সেইরূপেই লালন পালন করিয়া থাকেন ॥

মৈত্রেয় বলিলেন, সত্যসংকল্প ধীমান্ ধ্রুবকর্ত্তৃক এই প্রকারে অভি-বন্দিত হইয়া, ভক্তবৎসল ভগবান্ নারায়ণ তাঁহার প্রার্থনাতে প্রশংসা করত বলিলেন ॥ ১৭ ॥

আভাস।

ভগবান্ পাছে বলেন যে, ধ্রুব ! তুমি বালক হইলেও, আমার পরমার্থস্বরূপকে বিশেষ-রূপে অবগত হইয়াছ বটে; কিন্তু সম্প্রতি তোমার হৃদয়ে সম্পূর্ণ নিষ্কামভাব উদিত হইলেও, তোমার পূর্ব্বসংকল্প অনুসারে আমি ফলপ্রদান করিতেছি; গ্রহণ কর! এই নিমিত্ত নিজের অজ্ঞত্বের পরিচয়ে ভগবৎসন্নিধানে কেবল প্রেমমাধুর্য্যের প্রার্থনায় ধ্রুব বলিলেন, হে ভগবন্ ! রাজ্যাদি যাবতীয় অর্থকাম-প্রাপ্তির অপেক্ষা ভবদীয় চরণকমলের প্রাপ্তিকেই পরমার্থফল বলিয়া, আমার জ্ঞান হয়। আপনিই পুরুষার্থমূর্ত্তিতে অবস্থিত; নির্বুদ্ধিতা-বশত আমি কামনা-পুরঃসর ভজনা করিয়াছি, সত্য ! কিন্তু আপনি পাদপদ্ম প্রদানে আমার ন্যায় সকাম জনকেও নিষ্কাম করিয়া দিন ! আপনার বিশুদ্ধা ভক্তি আমার পরিজ্ঞাত না থাকিলেও, যদি কৃপা করিয়া আপনি নিজে আপনার প্রেমমাধুর্য্য আমাকে আস্বাদন না করান, হে দিনবন্ধো ! তবে আমার আর গতি কি হইবে? ধেনু যেমন নিরীহ ও ভয়কাতর

শ্রীভগবানুবাচ ॥
বেদাহং তে ব্যবসিতং হৃদি রাজন্যবালক।
তৎপ্রযচ্ছামি ভদ্রং তে দুরাপমপি সুব্রত ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে রাজন্যবালক! তে ভদ্রং কল্যাণং, ভবতু। যৎ তে হৃদি ব্যবসিতং সর্ব্বোৎকৃষ্টং স্থানং আকাঙ্ক্ষিতং তৎ অহং বেদ জানামি, তৎ অন্যৈঃ দুরাপং অপি হে সুব্রত! তুভ্যং প্রযচ্ছামি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

ব্যবসিতং সংকল্পিতং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপি তৎফলং স্বমাধুর্য্যমিমমাস্বাদয়ামীতি বুদ্ধেত্যর্থঃ। বাশ্রা ধেনু র্যথা বৎসকমজ্ঞং স্বমভজন্তমপি স্বদুগ্ধং পায়য়তি বৃকাদিভ্যো রক্ষতিচ তদ্বন্মাং স্বচরণভক্তিমাধুর্য্যমাস্বাদয়তু সকামত্বাদিভ্যো ভক্তিবিঘ্নেভ্যো রক্ষতু চেতি ভাবঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

হে রাজপুত্র! তোমার মঙ্গল হউক! তোমার মনোমধ্যে যে উৎকৃষ্ট স্থানলাভের জন্য আকাঙ্ক্ষা আছে, তাহা আমি অবগত হইয়াছি; এবং হে সুব্রত! ইন্দ্রাদি লোকপালগণেরও দুর্ল্লভ সেই পরম স্থান তোমাকে প্রদান করিতেছি ॥ ১৮ ॥

আভাস।

এবং অনভিজ্ঞ স্বীয় বৎসকে নিজেই দুগ্ধপান করায় এবং ব্যাঘ্রাদির ভয় হইতে রক্ষা করে, আপনিও সেইরূপ এই অনভিজ্ঞ সন্তানকে ভক্তিবিঘ্ন হইতে রক্ষা করুন্! এবং আমরা প্রার্থনা না করিলেও, স্বকীয় চরণকমলের আনন্দমকরন্দ পান করান! আমি কৃতার্থ হই! ॥ ১৭ ॥

ভগবান্ ধ্রুবকে রাজন্যবালক বলিয়া সম্বোধন করায়, প্রকাশ করিয়াছেন যে, হে ধ্রুব! তুমি রাজপুত্র! ঐশ্বর্য্যের স্পৃহা তোমাদের স্বভাবসিদ্ধ প্রবৃত্তি; সেই নিমিত্তই তোমাকে ঐশ্বর্য্য প্রদান করিতেছি। তখন ধ্রুব যেন কাতর হইয়া বলিলেন, তবে কি নাথ! এই অধমকে ভবদীয় মাধুর্য্যপ্রদানে নিতান্তই বঞ্চনা করিবেন? আমার ভাগ্য সুপ্রসন্ন হইবার কি কোন উপায়ই নাই? তখন ভগবান্ তাঁহাকে আশ্বাস প্রদানে বলিলেন, ভীত হইও না! তোমার মঙ্গলই হইবে! আমি সংসারে অতুল ঐশ্বর্য্য এবং অন্তে প্রেমমাধুর্য্যও তোমাকে প্রদান করিতেছি; নিশ্চিন্ত হও? ॥ ১৮ ॥

হে রাজপুত্র! তুমি যে প্রথমত ত্রিভুবনের উৎকৃষ্ট পিতৃপিতামহাদি সকলের সুদুর্ল্লভ পরম স্থানের প্রার্থনা করিয়াছিলে, আমি তজ্জন্য তোমাকে ধ্রুবলোক প্রদান করিলাম। এই লোকের কখন ধ্বংস হয় না; এবং খল হইতে গোধুমাদি শস্যকে পৃথক্ করিবার জন্য

নান্যৈরধিষ্ঠিতং ভদ্র যদ্ভ্রাজিষ্ণু ধ্রুবক্ষিতি।
যত্র গ্রহর্ক্ষতারাণাং জ্যোতিষাং চক্রমাহিতং ॥ ১৯ ॥
মেধ্যাং গোচক্রবৎ স্থাস্নু পরস্তাৎ কল্পবাসিনাং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

হে ভদ্র! যৎ ভ্রাজিষ্ণু প্রকাশমানং, স্থানং অন্যৈঃ মন্বাদিভিঃ অপি ন অধিষ্ঠিতং প্রাপ্তং, যত্র গ্রহর্ক্ষতারাণাং জ্যোতিষাং চক্রং আহিতং নিবদ্ধং, মেধ্যাং (ধান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধনস্তম্ভঃ মেধী তস্যাং) গোচক্রবৎ বলীবর্দ্দসমূহবৎ কল্পবাসিনাং পরস্তাৎ স্থাস্নু (লোকত্রয়নাশেঽপি স্থিতিশীলং) ধ্রুবক্ষিতি (ধ্রুবা ক্ষিতিঃ নিবাসো যস্মিন্ তৎ) ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

তৎ প্রযচ্ছামীত্যুক্তং কিন্তদিত্যপেক্ষায়ামাহ নান্যৈরিতি সার্দ্ধাভ্যাং। হে ভদ্র ধ্রুবা ক্ষিতি নির্বাসো যস্মিন্। আহিতমর্পিতং ॥ ১৯ ॥

ধান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধনস্তম্ভো মেধী তস্যাং বলীবর্দ্দসমূহবৎ অবান্তর-কল্পবাসিনাং পরস্তাদপি স্থাস্নু লোকত্রয়নাশেঽপ্যনশ্বরং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজন্যবালকেতি তবৈশ্বর্য্যস্পৃহা স্বাভাবিক্যেবেতি তদহং প্রযচ্ছামীত্যুক্তে তর্হি স্বপ্রেমাণং ন দাস্যসীতি কাতরমুখং তমাশ্বাসয়তি ভদ্রন্তে ইতি মা চিন্তয় প্রেমাণমপি প্রযচ্ছামীত্যপি-কারার্থঃ ॥ ১৯ ॥

ত্বয়া পূর্ব্বং যথাপ্রার্থিতং পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে ব্রহ্মন্ পিতৃভি ব্র্হ্মন্নন্যৈরপ্যনধিষ্ঠিতমিতি তদিদং স্থানংগৃহাণেত্যাহ নান্যৈরিতি। ধ্রুবা নিত্যা ক্ষিতি নির্বাসো যত্র তৎ আহিতমর্পিতং ধ্যান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধনস্তম্ভো মেধী তস্যাং বলীবর্দ্দসমূহবৎ অবান্তরকল্পবাসিনাং পরস্তান্মহাকল্পপর্য্যন্তং স্থাস্নু ততো মহাপ্রলয়ে সতি

হে ভদ্র! অন্য কেহ যে স্থান অধিকারে সমর্থ হন নাই; গ্রহ নক্ষত্র ও তারাদি জ্যোতিশ্চক্র, ধান্যাদি নিষ্ক্রিয়ার্থ ভ্রাম্যমাণ বলীবর্দ্দসমূহের বন্ধন-স্তম্ভের ন্যায়, যে নিত্য বিদ্যমান স্থানের চতুর্দ্দিকে পরিবেষ্টন করিয়া থাকে, কল্পকালবাসী পুরুষগণও যাহাকে অধিকার করিতে পারেন না, ত্রিভুবনের প্রলয়েও যাহার কখন প্রলয় উপস্থিত হইবে না, যাহার অবস্থিতি ধ্রুবা। ১৯ ॥ ২০ ॥

আভাস।

ভ্রাম্যমাণ বলীবর্দ্দসমূহ যেমন রজ্জুবদ্ধ হইয়া একটী স্তম্ভকেই প্রদক্ষিণ করে, সেইরূপ গ্রহ-নক্ষত্রাদি জ্যোতিশ্চক্র এবং কল্পকালস্থায়ী ভুবনসমূহ এই ধ্রুবলোকের চতুর্দ্দিকেই পরিবেষ্টন করিতেছে। মহাপ্রলয় পর্য্যন্ত এই ধ্রুবলোক বিদ্যমান থাকিবে। ধ্রুব যে পরে মহা-বৈকুণ্ঠে আরোহণ করিবেন, এরূপও কেহ কেহ বলিয়া থাকেন। কেহ বলেন যে

ধর্ম্মোঽগ্নিঃ কশ্যপঃ শক্রো মুনয়ো যে বনৌকসঃ।
চরন্তি দক্ষিণীকৃত্য ভ্রমন্তো যৎ সতারকাঃ॥ ২১॥
প্রস্থিতে তু বনং পিত্রা দত্ত্বা গাং ধর্ম্মসংশ্রয়ঃ।
ষট্‌ত্রিংশদ্বর্ষসাহস্রং রক্ষিতাব্যাহতেন্দ্রিয়ঃ॥ ২২॥

অন্বয়ঃ।

ধর্ম্মঃ অগ্নিঃ কশ্যপঃ শক্রঃ বনৌকসঃ বানপ্রস্থাঃ, মুনয়ঃ, সতারকাঃ সপ্তর্ষয়ঃ যৎ স্থানং দক্ষিণীকৃত্য ভ্রমন্তঃ চরন্তি তৎ তে প্রযচ্ছামি ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ২১॥

গাং পৃথ্বীং তুভ্যং দত্ত্বা পিত্রা বনং প্রস্থিতে সতি ত্বং অব্যাহতেন্দ্রিয়ঃ (ন ব্যাহতানি শ্রান্তানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) ধর্ম্মসংশ্রয়ঃ (ধর্ম্মঃ সংশ্রয়ঃ আশ্রয়ঃ যস্য তথাবিধঃ সন্) ষট্‌ত্রিংশ-দ্বর্ষসাহস্রং পৃথিবীং রক্ষিতা রক্ষিষ্যতি॥ ২২॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মাগ্ন্যাদয়ো নক্ষত্ররূপাঃ। বনৌকসঃ সপ্তর্ষয়ঃ। যৎ প্রদক্ষিণীকৃত্য ভ্রমন্তশ্চরন্তি॥ ২১॥
এতচ্চ রাজ্যানন্তরং ভবিষ্যতীত্যাহ প্রস্থিত ইতি। তুভ্যং পৃথিবীং দত্ত্বা বনং প্রস্থিতে। ভাবে ক্তঃ। বনং প্রতিগমনে কৃতে সতি রক্ষিতা রক্ষিষ্যসি॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধ্রুবস্য মহাবৈকুণ্ঠারোহণমিতি কেচিৎ। ব্রহ্মাণ্ডমধ্যবর্ত্তিত্বেঽপি শ্বেতদ্বীপমথুরা-দ্বারকাদীনা-মিব ধ্রুবলোকস্যাপি সুদুর্ল্লভং যৎ পরমং পদং হরেরিতি ততো গন্তাসি মৎস্থানমিতি আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদমিতি ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণমিত্যাদিপ্রমাণেভ্যো ভগবল্লোকত্বেন নিত্যত্বান্মহাকল্পবাসিনামপি পরস্তাদিত্যপরে॥ ২০॥
ধর্ম্মাগ্ন্যাদয়ো নক্ষত্ররূপাঃ। বনৌকসঃ সপ্তর্ষয়ঃ॥ ২১॥
এতচ্চ রাজ্যভোগানন্তরং ভবিষ্যতীত্যাহ প্রস্থিত ইতি। তুভ্যং গাং পৃথিবীং দত্ত্বা বনং প্রস্থিতে ইতি ভাবে ক্তঃ। রক্ষিতা গাং রক্ষিষ্যতি॥ ২২॥

ধর্ম্ম, অগ্নি, কশ্যপ, শক্র, বাণপ্রস্থাশ্রমী মুনিগণ এবং সপ্তর্ষিমণ্ডল যে স্থানকে দক্ষিণে রাখিয়া নিরন্তর পরিভ্রমণ করিতেছেন, সেই শ্রেষ্ঠ লোকই আমি তোমাকে প্রদান করিলাম॥ ২১॥

তোমার জনক রাজা উত্তানপাদ তোমাকে রাজ্য-সমর্পণ পূর্ব্বক আমার

আভাস।

ধ্রুবলোক ব্রহ্মাণ্ডের মধ্যবর্ত্তী হইলেও শ্বেতদ্বীপ, মথুরা ও দ্বারকাদি লোকের ন্যায়, তাহাকে দুর্ল্লভ ভগবানের পরমপদ বলিয়াই অবধারণ করিতে হইবে। কারণ ভগবান ও স্বীয় উক্তিতে প্রকাশ করিয়াছেন যে, তুমি যে স্থানে গমন করিবে, তাহা জগতের পূজনীয় বিষ্ণুর পরম পদ। অতএব ধ্রুবলোক বলিতে হইলে, বৈকুণ্ঠপদকে লক্ষ্য করা হয়। সুতরাং তাহা নিত্য; এবং মহাকল্পস্থায়ী স্থানের ও অতীত; এই সকল কথাই সঙ্গত॥ ১৯।২০॥

ত্বদ্ভ্রাতর্য্যুত্তমে নষ্টে মৃগয়ায়াস্তু তন্মনাঃ।
অন্বেষতী বনং মাতা দাবাগ্নিং সা প্রবেক্ষ্যতি ॥ ২৩ ॥
ইষ্ট্বা মাং যজ্ঞহৃদয়ং যজ্ঞৈঃ পুষ্কলদক্ষিণৈঃ।
ভুক্ত্বা চেহাশিষঃ সত্যা অন্তে মাং সংস্মরিষ্যসি ॥ ২৪ ॥
ততো গন্তাসি মৎস্থানং সর্ব্বলোকনমস্কৃতং।
উপরিষ্টাদৃষিভ্যস্ত্বং যতো নাবর্ত্ততে যতিঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

তদ্ভ্রাতরি উত্তমে, মৃগয়ায়াং নষ্টে সতি তন্মনাঃ (তস্মিন্ এব মনঃ যস্যাঃ সা) উত্তমমাতা বনং অন্বেষতী (বনে উত্তমান্বেষণং কুর্ব্বতী তত্রোত্থিতং দাবাগ্নিং সা প্রবেক্ষ্যতি ॥ ২৩ ॥

পুষ্কলদক্ষিণৈঃ উত্তমোপস্করৈঃ যজ্ঞৈঃ যজ্ঞহৃদয়ং (যজ্ঞঃ হৃদয়ং প্রিয়া মূর্ত্তিঃ যস্য তং) মাং ইষ্ট্বা, সত্যাঃ, আশিষঃ উত্তমান্ ভোগান্ চ ইহ ভুক্ত্বা অন্তে ভোগাবসানে, মাং সংস্মরিষ্যসি ॥ ২৪ ॥

ততঃ অনন্তরং ঋষিভ্যঃ উপরিষ্টাৎ বর্ত্তমানং সর্ব্বলোকনমস্কৃতং মৎস্থানং ত্বং গন্তাসি গমিষ্যসি। যতঃ স্থানাৎ (তত্রগতঃ) যতিঃ ন আবর্ত্ততে প্রচ্যুতঃ ন ভবতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

ত্বয়া অসংকল্পিতমপি ভক্তস্য তব দ্রোহাদেবং ভবিষ্যতীত্যাহ ত্বদ্ভ্রাতরীতি। সা সুরুচিঃ প্রবেক্ষ্যতি ॥ ২৩ ॥

কিঞ্চ ইষ্ট্বা মামিতি যজ্ঞো হৃদয়ং প্রিয়া মূর্ত্তির্যস্য তং ॥ ২৪ ॥

যতঃ স্থানাৎ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্ভক্তে ত্বয়ি সমাতৃকে অপরাধিন্যাং সুরুচে যদ্ভবিষ্যতি তচ্ছৃণ্বিত্যাহ ত্বদ্ভ্রাতরীতি ॥ ২৩ ॥

লোকে যশশ্চ তব ভবিষ্যতীত্যাহ ইষ্ট্বেতি ॥ ২৪ ॥

যতো নাবর্ত্তত ইতি নিত্যত্বং ব্যঞ্জিতং ॥ ২৫ ॥

ভজনার্থ বনে গমন করিলে, তুমি ধর্ম্মানুসারে এবং অপ্রমত্তভাবে ষট্‌ত্রিংশৎ বর্ষ-সহস্র পৃথিবীকে পালন করিবে। ২২ ॥

তোমার ভ্রাতা উত্তম মৃগয়ার্থ বনে গমন করিয়া, প্রাণ হারাইবে; তাহার জননী সুরুচিও পুত্রশোকে কাতর হইয়া, পুত্রের অন্বেষণার্থ যখন বনে গমন করিবে, তখন তত্রত্য বনাগ্নিতে দগ্ধ হইয়া সেও মৃত্যুমুখে পতিত হইবে ॥ ২৩ ॥

উত্তমোপকরণে ও ভূরিদক্ষিণা প্রদানে বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়া তুমি আমার আরাধনা করিবে; এবং ইহ জগতে উৎকৃষ্ট ভোগসমূহ উপভোগ করিয়া, অন্তে আমাকে স্মরণ করিবে ॥ ২৪ ॥

মৈত্রেয় উবাচ ॥

ইত্যর্চ্চিতঃ স ভগবানতিদিশ্যাত্মনঃ পদং।
বালস্য পশ্যতো ধাম স্বময়াদ্গরুড়ধ্বজঃ ॥ ২৬ ॥
সোঽপি সংকল্পজং বিষ্ণোঃ পাদসেবোপসাদিতং।
প্রাপ্য সংকল্পনির্ব্বাণং নাতিপ্রীতোঽভ্যগাৎ পুরং ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। গরুড়ধ্বজঃ সঃ ভগবান্ ইতি এবং অর্চ্চিতঃ আরাধিতঃ সন্, আত্মনঃ পদং স্থানং, ধ্রুবায় অতিদিশ্য দত্বা, বালস্য তস্য পশ্যতঃ এব স্বং ধাম অয়াৎ গতঃ ॥ ২৬ ॥

সঃ ধ্রুবঃ অপি সংকল্পনির্ব্বাণং (সংকল্পস্য নির্ব্বাণং সমাপ্তিঃ যস্মাৎ তৎ পূর্ণমনোরথং) বিষ্ণোঃ পাদসেবোপসাদিতং (পাদসেবয়া উপসাদিতং সকল্পজং মনোরথং) প্রাপ্য ন অতিপ্রিতঃ এব পুরং অভ্যগাৎ আগতঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

অতিদিশ্য দত্বা ॥ ২৬ ॥

সংকল্পজং মনোরথং। পাদসেবয়া প্রাপিতং সংকল্পস্য নির্ব্বাণং সমাপ্তি র্যস্মাৎ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতিদিশ্য দত্বা ॥ ২৬ ॥

সঙ্কল্পস্য নির্ব্বাণং সমাপ্তি র্যস্মাৎ তৎ পদমিতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ ॥ ২৭ ॥

পরে ঋষিলোকেরও উপরে বিদ্যমান সর্ব্বলোক-নমস্কৃত আমার পরম স্থানে গমন করিবে। যে সকল যতি এস্থানে গমন করেন, তাঁহাদিগকে আর পুনরাগমন করিতে হয় না ॥ ২৫ ॥

মৈত্রেয় বলিলেন, ভগবান্ নারায়ণ ধ্রুবকর্ত্তৃক এইপ্রকারে আরাধিত হইয়া তাঁহাকে পরম স্থান প্রদান পূর্ব্বক তৎসমক্ষেই গরুড়ারোহণে স্বধামে গমন করিলেন ॥ ২৬ ॥

ধ্রুব কিন্তু ভগবানের পাদসেবার দ্বারা আশার চরম ফলপ্রাপ্তিরূপ অভীষ্ট-সিদ্ধি লাভ করিয়াও বিশেষ তৃপ্ত না হইয়াই, গৃহে আগমন করিলেন ॥ ২৭ ॥

আভাস।

ধ্রুব একজন প্রকৃত ভক্ত; তিনি ভগবানের প্রসাদে ধ্রুবলোক প্রাপ্ত হইয়াও সন্তুষ্ট হন নাই; যেন অকৃতার্থের ন্যায় গৃহে প্রত্যাগমন করিয়াছিলেন। কারণ যাঁহারা ভগবানের প্রকৃত ভক্ত, তাঁহারা দাসভাবে ভগবানের সেবা করা ব্যতীত, অন্য সকল ভোগকেই তুচ্ছজ্ঞান করেন। পাদ্মোত্তরখণ্ডে প্রকাশ আছে যে, ভক্তিসহকারে ভগবানের পার্ষদ হওয়া, অর্থাৎ বিষ্ণুর অনুচররূপে বাস করাকেই মনীষিগণ মুক্তি বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। অধিক কি! সাযুজ্য বা নির্ব্বাণপদকেও তাঁহারা তত প্রিয় বলিয়া মনে করেন না।

বিদুর উবাচ ॥

সুদুর্ল্লভং যৎ পরমং পদং হরে র্মায়াবিনস্তচ্চরণার্চ্চনার্জ্জিতং।
লব্ধাপ্যসিদ্ধার্থমিবৈকজন্মনা কথং স্বমাত্মানমমন্যতার্থবিৎ ॥

অন্বয়ঃ।

মায়াবিনঃ (মায়য়া মোহিতত্বেন বিষয়াবিষ্টচিত্তস্য লাভপূজার্থদম্ভেন ভক্তত্বং প্রকটয়তঃ পুংসঃ) সুদুর্ল্লভং যৎ তৎ চরণার্চ্চনার্জ্জিতং (হরেঃ চরণার্চ্চনেন অর্জ্জিতং) হরেঃ পরমং পদং একজন্মনা লব্ধা অপি অর্থবিৎ বিজ্ঞঃ ধ্রুবঃ কথং স্বং আত্মানং অসিদ্ধার্থং অপ্রাপ্তমনোরথং ইব অমন্যত ॥

শ্রীধরস্বামী।

মায়াবিনঃ সকামস্য যৎ সুদুর্ল্লভং হরেঃ পদং তদেকেন জন্মনা লব্ধাপি স্বমাত্মানং মনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাতিপ্রীত ইতি শ্রুত্বা পৃচ্ছতি সুদুর্ল্লভমিতি মায়াবিনঃ কৃপালোঃ অর্থবিদ্বিজ্ঞোঽপি ॥

মুক্তিং ভক্তিমৎপার্ষদত্বং বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণ ইতি পাদ্মোত্তরখণ্ডাৎ। সাযুজ্যন্তু ন ব্যাখ্যেয়ং। যা নির্বৃতি স্তনুভৃতামিতি বাক্যেন তত্র তদরোচকত্বজ্ঞাপনাৎ নন্বু নৈচ্ছাদিতি ন সঙ্গচ্ছতে ভক্তিং মুহুঃ প্রবহতামিতি তদ্বাক্যেন ভক্তেরেব তদিচ্ছাবিষয়ত্বা-বগতেঃ। সত্যং অত্র স্মরন্নিতি বর্ত্তমাননির্দেশাৎ মাতৃসপত্নীবাগ্বাণব্যথাস্মরণদশায়ামেব নৈচ্ছং অতস্তদৈব মধুবনে আগত্য মৎপিত্রাদিদুর্ল্লভপরমোচ্চপদপ্রাপ্তিকামো ভগবন্তং

যে সকল বিষয়াবিষ্টচিত্ত মানব ঐশ্বর্য্যপ্রাপ্তি ও জন-সমাজে সম্মান-লাভের জন্যই ধার্ম্মিকত্বের পরিচয়ে ভগবানের ভজনা করে, তাহারা বহুজন্মেও ঈশ্বরের চরণসেবায় কিছু বিশেষ ফলভাগী হয় না। কিন্তু কি আশ্চর্য্য! বিজ্ঞ ধ্রুব একজন্মেই ভগবচ্চরণার্চ্চনের তাদৃশ ফল প্রাপ্ত হইয়াও কেন আপনাকে অপ্রাপ্ত-মনোরথ মনে করিলেন? ॥

আভাস।

এখানে ধ্রুব ভগবানের নিকট প্রার্থনাকালে বলিয়াছিলেন যে, হে বিভো! আপনার প্রতি যেন আমার ভক্তি জন্মে এবং ভবদীয় ভক্তের সংসর্গকে যেন আমার প্রীতিকর বলিয়া বোধ হয়। কিন্তু দুঃখের বিষয় এই যে, ভগবান্ ধ্রুবকে তাঁহার পূর্ব্বসংস্কার অনুসারে বর প্রদান করিয়াছিলেন। কারণ সংস্কারই যখন সংসারের কারণ; তখন যদবধি বিষয়-রস হৃদয় হইতে সমূলে উন্মুলিত না হয়, তদবধি সে ব্যক্তির পক্ষে মুক্তি দূরপরাহত। ধ্রুব যখন মধুবনে তপস্যার জন্য আগমন করেন, তৎকালে তাঁহার হৃদয় বিমাতার বাক্যবাণে নিতান্তই ব্যথিত ছিল; সুতরাং পিত্রাদির সুদুর্ল্লভ পরমোৎকৃষ্ট পদই ভগবানের নিকট হইতে গ্রহণ করিবেন, এইরূপই তাঁহার সংকল্প ছিল। অতএব অনুরোধেই হউক, বা অভাবে পতিত হইয়াই হউক, রাজ্যাদ সম্ভোগের আসক্তি তাঁহার হৃদয়ে যে

মৈত্রেয় উবাচ॥

মাতুঃ সপত্ন্যা বাগ্বাণৈর্হৃদি বিদ্ধস্তু তান্ স্মরন্।
নৈচ্ছন্মুক্তিপতের্মুক্তিং পশ্চাত্তাপমুপেয়িবান্॥ ২৮॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। মাতুঃ সপত্ন্যাঃ সুরুচ্যাঃ, বাগ্বাণৈঃ (বাচঃ এব বাণাঃ তৈঃ) হৃদি বিদ্ধঃ মর্ম্মাহতঃ ধ্রুবঃ তান্ বাক্যান্ স্মরন্ মুক্তিপতেঃ সকাশাৎ মুক্তিং ন ঐচ্ছৎ অতঃ পশ্চাৎ তাপং অনুতাপং উপেয়িবান্॥ ২৮॥

শ্রীধরস্বামী।

কথং অসিদ্ধার্থং অপ্রাপ্তমনোরথমিবামন্যত। পুরুষার্থবিদপি॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভজিষ্যে ইতি সঙ্কল্প্য তপশ্চকার। ভগবৎসাক্ষাদ্দর্শনসময়ে তু যোঽন্তঃ প্রবিশ্যেতি তদুক্তে স্তদীয়সর্ব্বেন্দ্রিয়াণাং ভগবদাকারত্বাৎ কুতঃ সুরুচে র্বাগ্বাণস্মরণং কিন্তু বেদাহং তে ব্যবসিতমিতি ভগবদ্বাক্যেন স্মৃতপূর্ব্বস্বীয়সঙ্কল্পো মৎসকামত্বলক্ষণং ব্যভিচারং প্রভুর্মে জানাতীতি জাতাপত্রপোঽন্বতপ্যৎ। হন্ত হন্ত দুর্ব্বুদ্ধিরহং কথমেবং সংকল্পমকরবং ভক্তিং মুহুঃ প্রবহতামিতি সাম্প্রতিকীং ভক্তিপ্রার্থনাং মে মৎপ্রভু র্মৎকপটমেব জানাতিস্ম অত-স্তদনুরূপং কিমপি স্পষ্টং নাবোচৎ। কিন্তু পূর্ব্বসঙ্কল্পানুরূপমেব বরং দদৌ। ত্বদ্ভ্রাত-য্যুত্তমে নষ্ট ইত্যাদিনা পুরাতনং মন্মাৎসর্য্যমপি মাং স্মারয়ামাসেত্যেবং তস্য লজ্জানুতাপদৈন্য-নির্বেদা স্তদুক্তশ্লোকষট্কে দ্রষ্টব্যাঃ॥ ২৮॥

বিমাতা সুরুচির বাক্যবাণে বিদ্ধ-হৃদয় ধ্রুব অনুতাপানলে নিরন্তর পরিদগ্ধ হইতেছিলেন। তীব্র অর্চ্চনার ফলে মুক্তিদাতা হৃষীকেশকে প্রত্যক্ষে প্রতীত করিয়াও বিমাতার বাক্যবাণ স্মরণ করত ভগবানের নিকট হইতে তিনি যে মুক্তির প্রার্থনা করেন নাই, তাহাই তাঁহার ওরূপ চিত্তগ্লানির প্রধান কারণ॥ ২৮॥

আভাস।

জাগরূক ছিল, সে বিষয়ে আর সন্দেহ নাই। পরে যখন তিনি ভগবৎসাক্ষাৎকার লাভে আপাতত ভক্তিভাবের অধিকারী হইলেন, তখন সূর্য্যালোকে তারকাজালের তিরোধানের ন্যায়, ধ্রুবের বিষয়সংস্কার অভিভূত হইয়াছিল মাত্র। বিষয়ের দোষদর্শন দ্বারা বিরক্তি জন্মে নাই। পুনরায় পূর্ব্বের ন্যায় পরীক্ষা উপস্থিত হইলে, যদি ধ্রুব তাহাতে উত্তীর্ণ হইতে না পারেন, এই নিমিত্ত ভগবান্ তাঁহাকে মুক্তিপদ দিবার পূর্ব্বে বিষয়ের সদসৎ উভয় রসই উপভোগ করাইবার অভিপ্রায়ে পুনরায় রাজত্বভোগের বর প্রদান করিলেন। সম্ভোগের দ্বারা যখন তাহাতে তাঁহার বৈরাগ্য অকপটভাবে উদয় হইবে, পুনরায় তৎপ্রতি চিত্ত আর ধাবিত হইবে না, তখনই তিনি মুক্তিলাভের উপযুক্ত পাত্র হইবেন। ইহাতে কিন্তু

ধ্রুব উবাচ ॥

সমাধিনা নৈকভবেন যৎপদং বিদুঃ সনন্দাদয় ঊর্দ্ধরেতসঃ।
মাসৈরহং ষড়্ভিরমুষ্য পাদয়োশ্ছায়ামুপেত্যাপগতঃ পৃথঙ্মতিঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

ধ্রুবঃ উবাচ। নৈকভাবেন (ন একে অনেকে ভবাঃ যস্মিন্ তেন বহুজন্মাভ্যস্তেন) সমাধিনা ঊর্দ্ধরেতসঃ (জন্মারভ্য নিরুদ্ধেন্দ্রিয়ান্তঃকরণাঃ) সনন্দাদয়ঃ যৎপদং (যস্য ভগবতঃ পদং স্বরূপং কেবলং) বিদুঃ জ্ঞাতবন্তঃ, ষড়্ভিঃ এব মাসৈঃ অহং অমুষ্য ভগবতঃ পাদয়োঃ ছায়াং উপেত্য প্রাপ্যাপি, পৃথঙ্মতিঃ ভেদদর্শী অহং অপগতঃ ততঃ নিবৃত্তঃ দুঃখার্ণবে পতিতঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

তাপমেবাহ সমাধিনেতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। ন একে অনেকে ভবা যস্মিন্ বহুজন্মাভ্যস্তেনেত্যর্থঃ। প্রণামস্তুত্যাদিসময়ে গরুড়াধিরূঢ়স্য হরেঃ পাদচ্ছায়ায়াং স্থিতমাত্মানং স্মরন্নাহ ছায়ামুপেত্য ইতি পৃথঙ্মতিঃ ভেদদৃষ্টিঃ সন্ হা কষ্টমিতি ভাবঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৈকভবেন বহুজন্মাভ্যস্তেন। গরুড়ারূঢ়স্য হরেঃ পাদচ্ছায়ায়াং স্থিতমাত্মানং স্মরন্নাহ ছায়াং উপেত্য অপগতোঽধঃপতিতঃ যতস্তস্মাৎ পৃথক্‌বিষয়ে মতির্যস্য সঃ। অতএব মাং স্বসঙ্গেন প্রভুঃ স্বধাম নানৈষীদিতি ভাবঃ ॥ ২৯ ॥

ধ্রুব বলিলেন, জন্ম হইতেই সংযতচেতা সনন্দনাদি ঋষিগণ বহুজন্ম আরাধনা করিয়াও ভগবানের যে পরম মঙ্গলময় ভাব কেবল হৃদয়ে অবধারণ মাত্র করিয়া থাকেন, আমি কেবল ছয়মাস কাল কঠোর তপস্যা করিয়াই, সেই পরমেশের চরণচ্ছায়া লাভ করিয়াও কেবল ভেদদর্শন-নিবন্ধন পুনরায় তাহাতে বঞ্চিত হইলাম এবং অপার দুঃখসাগরে নিপতিত হইলাম ॥ ২৯ ॥

আভাস।

ধ্রুবের চিত্ত প্রবোধ মানিল না। তিনি ভাবিলেন যে, ভগবানকে দর্শন করিবার সময় তাঁহার চিত্তাদি ইন্দ্রিয়গ্রাম ভগবদাকারে আকারিত হইলেও, এবং তৎসন্নিধানে কেবল ভক্তিমাত্র ভিক্ষা করিলেও, ভগবান্ তাঁহার আশা পূর্ণ করিলেন না। তিনি বলিলেন, হে ধ্রুব! আমি তোমার অভিপ্রায় অবগত আছি! এবং তদনুরূপ ফল প্রদান করিতেছি, গ্রহণ কর। ইহাতে ধ্রুব আপাতত দৃষ্টিতে ভক্তি করিতেছেন বটে, কিন্তু প্রকৃত পক্ষে ইহা যে তাঁহার কপটতা; কারণ ইহা যে অনুরোধের ভক্তি, তাহাই ভগবান্ তাঁহাকে বুঝাইয়াছিলেন। কারণ তিনি বালক; বিচারপূর্ব্বক ভগবানের ঐশ্বর্য্য তিনি অবগত নহেন; বিপক্ষের অনুরোধে কেবল জননীর উপদেশ অনুসারে তিনি ভগবদ্ভজনে প্রবৃত্ত; ঈশ্বরের প্রেম ও মাধুর্য্যদর্শনেই যে কেবল ঈশ্বরভজনে অগ্রসর নহেন, ইহা তাঁহার বিশেষরূপে পরিজ্ঞাত

অহোবত মমানাত্ম্যং মন্দভাগ্যস্য পশ্যত।
ভবচ্ছিদঃ পাদমূলং গত্বা যাচে যদন্তবৎ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অহো আশ্চর্য্যং! বত কষ্টং খেদে মন্দভাগ্যস্য হতভাগ্যস্য, মম অনাত্ম্যং হৃদয়রাহিত্যং পশ্যত! যতঃ ভবচ্ছিদঃ সংসারোচ্ছেদকস্য, পাদমূলং গত্বা প্রাপ্য, অপি যৎ অন্তবৎ বিনাশি, এব তৎ রাজ্যাদিকং অহং যাচে যাচিতবানস্মি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অনাত্ম্যং আত্মশূন্যত্বং অজ্ঞত্বং। ভবচ্ছেত্তুঃ যদন্তবৎ তদ্যাচে যাচিতবানস্মি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনাত্ম্যমাত্মশূন্যত্বমজ্ঞত্বং। ভবচ্ছিদঃ অপ্রার্থিতোঽপি যো ভক্তস্য ভবং ছিনত্তি তস্য পাদমূলং গত্বা বৈষ্ণব্যা দীক্ষয়ৈব প্রাপ্য যদন্তবৎ তং অহং যাচে প্রাপ্তুং সঙ্কল্পমকরবমিতি মমৈব দোষঃ। প্রভুস্তু তদপি কৃপয়া অনশ্বরমেব পদং দদৌ। ততো গন্তাসি মৎস্থানমিতি তদুক্তেরিতি ভাবঃ ॥ ৩০ ॥

অহো! কি দুঃখের বিষয়! আমার ন্যায় হতভাগ্যের কিরূপ মূর্খতা দেখ! আমি সংসারবারণ জনার্দ্দনের চরণপ্রান্তে উপনীত হইয়াও মুক্তির পরিবর্ত্তে অতি তুচ্ছ ক্ষয়াদিদোষবিশিষ্ট সামান্য ভোগফলেরই প্রার্থনা করিয়াছি! ॥ ৩০ ॥

আভাস।

হওয়া প্রয়োজন। ধ্রুবের ভোগলাভও একটী ভগবানের ঐশ্বর্য্যের পরিচয়। যাহার পরিচয় পাওয়া না যায়, তাহার প্রতি দৃঢ়া প্রবৃত্তি জন্মে না। মধুবনে ভগবৎসাক্ষাৎকার কখন ধ্রুবের ঈশ্বরভক্তির পরিচয় নহে; ইহাতে মাতৃভক্তি, গুরু নারদের প্রতি ভক্তি এবং বিলক্ষণ অধ্যবসায়ের পরিচয়ই ধ্রুব প্রদান করিয়াছিলেন। অতএব শ্রদ্ধা ও বিশ্বাস সহকারে জনন্যাদি ধার্ম্মিক গুরুজনের আজ্ঞা পালন করিলে যে, পরম ফল লাভ হয়, তাহাই বালক ধ্রুবের চরিত্রে স্পষ্টত প্রতিপাদন করা হইয়াছে। সম্প্রতি ঐশ্বর্য্যলাভেও অতৃপ্ত হওয়াতে, ভগবন্মাধুর্য্য-দর্শনে বিমোহিতের ন্যায় তৎপ্রতি ধ্রুবের অহৈতুকী ভক্তিরই পরিচয় হইয়াছে; এবং এই ভক্তির গুণে তিনি অন্তে মুক্তিপদ লাভ করিয়াছিলেন। ধ্রুবের এই বিরক্তিভাবই ছয়টী শ্লোকে বর্ণিত হইয়াছে। ধ্রুব বলিয়াছেন, সমগ্র সংসারই ভগবদ্ভক্তি ও মুক্তির পরিপন্থী। সংসারী জীব অন্যকে মুক্ত হইতে দেখিলে, কখন সন্তুষ্ট হয় না। এমন কি! দেবতাগণও ভক্তের বিপক্ষতাচরণ করেন। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গস্ময়াকরণং পুনরনিষ্টপ্রসঙ্গাৎ"। বিশেষরূপে লব্ধপ্রতিষ্ঠ যোগীর সমীপে লোকপালাদি অমরবৃন্দও উপস্থিত হইয়া, অনুপম ভোগ প্রদানে যোগীকে যোগবিচ্যুত করিবার চেষ্টা করেন। অতএব যোগী যেন কখন পুনর্ভোগে আসক্ত না হন। দেবতাগণও সৃষ্টির অন্তর্গত ভোগী মাত্র। মানব তাঁহাদের অধীনে

মতিৰ্বিদূষিতা দেবৈঃ পতদ্ভিরসহিষ্ণুভিঃ।
যো নারদবচস্তথ্যং নাগ্রাহীষমসত্তমঃ॥ ৩১॥
দৈবীং মায়ামুপাশ্রিত্য প্রসুপ্ত ইব ভিন্নদৃক্।

অন্বয়ঃ।

(ভোগেষু) পতদ্ভিঃ (অতএব জীবস্য বৈরাগ্যাৎ) অসহিষ্ণুভিঃ অসহনশীলৈঃ দেবৈঃ ইন্দ্রিয়াদ্যধিষ্ঠাতৃভিঃ, মম মতিঃ বিদূষিতা। অসত্তমঃ বিদূষিতান্তঃকরণঃ, যঃ অহং তথ্যং সত্যং অপি নারদবচঃ ন অগ্রাহীষং গৃহীতবান্॥ ৩১॥

দৈবীং জগন্মোহিনীং দেবশক্তিং, মায়াং উপাশ্রিত্য, প্রসুপ্তঃ পুরুষঃ ভিন্নদৃক্ (স্বপ্নান্ পশ্যন্ স্বব্যতিরিক্তে অসতি ব্যাঘ্রাদৌ যথা তপ্যতে তথা অহং) দ্বিতীয়ে অসতি অপি বিষয়ে ভ্রাতৃ-

শ্রীধরস্বামী।

অজ্ঞত্বে কারণং সম্ভাবয়তি মতিরিতি। পতদ্ভির্মদপেক্ষয়া অধঃ প্রাপ্নুবদ্ভিঃ অতএবাসহনশীলৈঃ নাধুনাপ্যবমানং তে ইত্যাদি সত্যমপি নারদস্য বচো যো ন গৃহীতবানস্মি তস্য মে মতির্বিদূষিতা॥ ৩১॥

কিঞ্চ দৈবীমিতি প্রসুপ্তঃ স্বপ্নানিব পশ্যন্ দ্বিতীয়ে অসত্যপি ভ্রাতৈব ভ্রাতৃব্যঃ শত্রুরিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বস্যাজ্ঞতায়াং কারণং সম্ভাবয়তি মতিরিতি। পতদ্ভির্মদপেক্ষয়া অধঃ পতদ্ভিঃ অতএবাসহনশীলৈ র্নারদবচঃ নাধুনাপ্যবমানন্ত ইত্যাদি॥ ৩১॥

প্রসুপ্তঃ স্বপ্নান পশ্যন্ যথা দ্বিতীয়ে অসত্যপি ব্যাঘ্রসর্পাদিভ্যঃ খিদ্যতি তদ্বৎ। ভ্রাতৈব

কিন্তু কি দুর্ভাগ্য! দেবতাগণও আমার প্রতিকূল হইয়া, পাছে আমি মুক্ত হই, তাঁহাদের আর উপাসনা না করি, তজ্জন্য তাঁহারা আমার মতিকে কলুষিত করিয়াছেন। আমার বুদ্ধি নিতান্তই দুর্ব্বল! সেই নিমিত্তই দেবর্ষি নারদের হিতকথায় তখন কর্ণপাত করি নাই॥ ৩১॥

নিদ্রার আবেশে স্বপ্নদর্শী পুরুষ যেমন, কাল্পনিক ব্যাঘ্রাদির অনুমানে ও প্রতীতিতে বিশেষরূপে সন্তপ্ত হয়, সেইরূপ জগন্মোহিনী দৈবীশক্তি মায়ার

আভাস।

না থাকিয়া, তাঁহাদের উদ্দেশে যজ্ঞ না করিয়া, তাঁহাদের তৃপ্তিসাধনে বিরত হইয়া, মুক্তিলাভ করিবে, ইহা কখনই তাঁহাদের অভিপ্রেত হইতে পারে না॥ ২৭—৩১॥

অজ্ঞানই সংসারের কারণ; অজ্ঞান মিথ্যা বস্তুর কল্পনা করিয়া জীবকে যে ক্লেশানুভব করায়, স্বপ্নই তাহার উজ্জ্বল দৃষ্টান্ত। বাস্তবিক চোর-ব্যাঘ্রাদি না থাকিলেও স্বপ্নদর্শী যেমন তদ্দর্শনে ব্যাকুল হয়, সেইরূপ জগতে পরস্পরের মধ্যে প্রকৃত প্রস্তাবে কোন ভেদ না থাকিলেও, বৃথা কল্পনার বশবর্ত্তী হইয়া, জীব সংসারে জড়ীভূত হয়। যদি জীবের আত্মসম্বন্ধ গ্রহণ

তপো দ্বিতীয়েঽপ্যসতি ভ্রাতৃভ্রাতৃব্যহৃদ্রুজা ।। ৩২ ॥
ময়ৈতৎ প্রার্থিতং ব্যর্থং চিকিৎসেব গতায়ুষি।
প্রসাদ্য জগদাত্মানং তপসা দুষ্প্রসাদনং ॥

অন্বয়ঃ।

ভ্রাতৃব্যহৃদ্রুজা (ভ্রাতা এব দুঃখদত্বাৎ ভ্রাতৃব্যঃ শত্রুঃ ইতি ভেদদৃষ্ট্যা) হৃদয়রোগেণ তপো তাপং অনুভবামি ॥ ৩২ ॥

দুষ্প্রসাদনং অন্যৈঃ প্রসাদয়িতুমশক্যং ভবচ্ছিদং সংসারাদুদ্ধারকং, জগদাত্মানং পরমপুরুষং তপসা প্রসাদ্য ময়া এতৎ রাজ্যাদিকং যৎ প্রার্থিতং তৎ গতায়ুসি (গতং সমাপ্তং আয়ুর্যস্য তস্মিন্ জনে, চিকিৎসা ইব ব্যর্থং মিথ্যা এব যতঃ ভাগ্যবিবর্জ্জিতঃ অহং ভবং সংসারং অযাচে ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

দৃষ্ট্যা হৃদ্রুজা হৃদয়শোকেন তপো তাপমনুভবামি ॥ ৩২ ॥

কিঞ্চ ময়া প্রসাদ্য যৎ প্রার্থিতং তৎ ব্যর্থং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্রাতৃব্যঃ শত্রুস্তস্মাৎ যা হৃদ্রুক্ পীড়া তয়াহং তপো বৃথৈব। যত আত্মদৃষ্ট্যা অহং সচ মদ্ভ্রাতেত্যুভাবপি ভগবতো জীবাখ্যতটস্থশক্তিবৃত্তিরূপৌ। দেহদৃষ্ট্যা চোভয়োরপি পাঞ্চভৌতিকত্বান্মায়াশক্তিবৃত্তিরূপত্বমতো ভগবন্মায়য়ৈব তস্মিন্ ভ্রাতৃব্যত্বদৃষ্ট্যা মুহ্যামীতার্থঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

আশ্রয়ে আমি ভ্রাতাকে শত্রু বিবেচনা করিয়া, অনর্থক ভেদদৃষ্টিতে বিষম মানসিক তাপে পরিতপ্ত হইয়াছি।। ৩২ ॥

যাঁহাকে প্রসন্ন করা নিতান্তই দুরূহ, সেই সংসার-নিবারণ পরমাত্মা পরম পুরুষকে কেবল তপস্যা দ্বারা আমি প্রসন্ন করিয়াও যে, এই রাজ্যাদি ভোগের প্রার্থনা করিয়াছি, তাহা নিরর্থক হইল। যেমন গতায়ুঃ ব্যক্তির চিকিৎসা নিরর্থক, আমার ন্যায় ভাগ্যহীন জীবের পক্ষে সংসার-সংগ্রহও সেইরূপ নিরর্থক মাত্র ॥ ৩৩ ।।

আভাস।

করা যায়, তাহা হইলে জীবান্তরের সহিত তাহার কোন পার্থক্য নাই ; কারণ চৈতন্যস্বরূপ পুরুষ সর্ব্বত্র একরূপই। দেহসম্বন্ধ গ্রহণ করিলে, পাঞ্চভৌতিক ভাব ও জন্মমরণাদি ব্যাপার সকল দেহেই সমান। অতএব শত্রু ও মিত্র বলিয়া যে ভেদপ্রতীতি, সে কেবল মানসিক অজ্ঞাননিবন্ধন মাত্র। এই অজ্ঞানকে পরিহার করিতে পারিলে, সংসার বা বন্ধন নির্হেতুক হইয়া পড়ে ; সুতরাং তাহার অস্তিত্ব আর থাকে না। কিন্ত অজ্ঞান থাকিতে, নিজের মঙ্গলও নিজে অবধারণ করিতে পারে না। সেই নিমিত্ত ধ্রুব ভগবৎস্বরূপ

ভবচ্ছিদমযাচেঽহং ভবং ভাগ্যবিবর্জিতঃ ॥ ৩৩ ॥
স্বারাজ্যং যচ্ছতো মৌঢ্যান্মানো মে ভিক্ষিতো বত ॥
ঈশ্বরাৎ ক্ষীণপুণ্যেন ফলীকারানিবাধনঃ ॥ ৩৪ ॥
মৈত্রেয় উবাচ ॥
নবৈ মুকুন্দস্য পদারবিন্দয়ো রজোজুষস্তাত ভবাদৃশা জনাঃ।

অন্বয়ঃ।

যথা অধনঃ জনঃ ঈশ্বরাৎ ধনবতঃ, ফলীকারান্ সতুষতণ্ডুলকণান্ যাচতে তথা স্বারাজ্যং নিজানন্দং যচ্ছতঃ ভগবতঃ সকাশাৎ ক্ষীণপুণ্যেন মে ময়া বত খেদে মৌঢ্যাৎ মানঃ অভিমানহেতুঃ রাজ্যাদিঃ, ভিক্ষিতঃ যাচিতঃ ॥ ৩৪ ॥

মৈত্রেয়ঃ উবাচ। হে তাত বিদুর! ভবাদৃশাঃ নিরুপাধিকভক্তাঃ মুকুন্দস্য (মুকং দদা-

শ্রীধরস্বামী।

প্রার্থিতমাহ। ভবচ্ছিদমিতি। এতদেব সদৃষ্টান্তমাহ স্বারাজ্যং নিজানন্দং প্রযচ্ছতঃ সকাশাৎ অভিমানঃ ক্ষীণপুণ্যেন ময়া ভিক্ষিতঃ যাচিতঃ। ক্ষীণেন পুণ্যেন ইতি বা দৃষ্টান্ত এব সম্বন্ধঃ। যথা অধন ঈশ্বরাৎ চক্রবর্ত্তিনঃ ফলীকারান্ সতুষতণ্ডুলকণান্ যাচতে তদ্বৎ ॥ ৩৪ ॥

এবং নিস্পৃহত্বং তস্য যুক্তমিত্যাহ নেতি তস্য দাস্যং বিনা অন্যমর্থমাত্মনো নৈব বাঞ্ছন্তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোগ্যবস্তুনো ভবকারণত্বাৎ ভবং ॥

স্বস্মিন্ ভক্ত্যা রাজতে ইতি কিং বা স্বমেব রাট্ রাজা যেষাং তে স্বরাজো দাসা স্তেষাং ভাবঃ স্বারাজ্যং দাস্যং যচ্ছতো দদতঃ সকাশাদভিমানঃ ক্ষীণপুণ্যেন ক্ষীণচারুত্বেন যথা অধনঃ মহারাজচক্রবর্ত্তিনঃ সকাশাৎ ফলীকারান্ সতুষতণ্ডুলকণান্ ভিক্ষতে তদ্বৎ। সতু বিদগ্ধঃ পরমোদারো রাজা যথা তস্মৈ তন্মনোরথাতীতাং সম্পত্তিং দদাতি তথৈব ভগবান্ মহ্যং স্বধাম-বাসিত্বমিত্যহো মম নিবুর্দ্ধিত্বপরমকাষ্ঠা ভগবতশ্চ কারুণ্যোদার্য্যসীমেতি ক্ষণং সবিস্ময়-স্তিমিতোঽভূদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

এবং নিস্পৃহত্বং তস্য যুক্তমিত্যাহ নেতি রজোজুষঃ পরাগরসাস্বাদিনঃ দাস্যং ঋতে

যিনি পরমানন্দরূপ স্বীয়রাজ্য প্রদানে অগ্রসর; আমি এমনই মূর্খ! যে, দীনহীন কাঙাল যেমন রাজার সমীপে তুষমিশ্রিত তণ্ডুলকণা মাত্র ভিক্ষা করে, মহাধন চাহিতে বিস্মৃত হয়, আমিও সেইরূপ মুক্তির পরিবর্ত্তে অভিমানের নিদানভূত রাজ্যাদি ঐশ্বর্য্যেরই প্রার্থনা করিয়াছি ॥ ৩৪ ॥

আভাস।

পূর্ব্বে অবগত হইতে না পারিয়াই, কণাকাঙ্ক্ষী কাঙালের ন্যায় ভগবানের নিকট শ্রেষ্ঠ-পদের প্রার্থনা করিয়াছিলেন, মুক্তির সংকল্প করেন নাই ॥ ৩২—৩৪ ॥

বাঞ্ছন্তি তদ্দাস্যমৃতেঽর্থমাত্মনো যদৃচ্ছয়া লব্ধমনঃ সমৃদ্ধয়ঃ ॥ ৩৫ ॥
আকর্ণ্যাত্মজমায়ান্তং সম্পরেত্য যথাগতং।
রাজা ন শ্রদ্দধে ভদ্রমভদ্রস্য কুতো মম ॥ ৩৬ ॥
শ্রদ্ধায় বাক্যং দেবর্ষে হর্ষবেগেন ধর্ষিতঃ।
বার্ত্তাহর্ত্তুরতিপ্রীতো হারং প্রাদান্মহাধনং ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

তীতি তস্য মুক্তিদাতুঃ) ভগবতঃ পদারবিন্দয়োঃ রজোজুষঃ সেবাতৎপরাঃ যদৃচ্ছয়া লব্ধমনঃ-সমৃদ্ধয়ঃ (যাচ্ঞাদিপ্রযত্নং বিনৈব লব্ধেন মনসঃ সমৃদ্ধিঃ মনোরথপূর্ত্তি র্যেষাং তে) জনাঃ তস্য দাস্যং ঋতে সেবাং বিনা, অন্যং আত্মনঃ অর্থং বৈ ন বাঞ্ছন্তি ॥ ৩৫ ॥

সংপরেত্য মৃত্বা, পুনঃ আগতং জীবিতং ইব আত্মজং ধ্রুবং আয়ান্তং আকর্ণ্য অপি অভদ্রস্য ভাগ্যহীনস্য, মম ইদং পুত্রাগমনরূপং, ভদ্রং মঙ্গলং, কুতঃ স্যাৎ ইতি মত্বা রাজা উত্তানপাদঃ পুত্রাগমনসম্বাদং ন শ্রদ্দধে ॥ ৩৬ ॥

ততশ্চ দেবর্ষেঃ নারদস্য বাক্যং শ্রদ্ধায় হর্ষবেগেন ধর্ষিতঃ তিরস্কৃতঃ, অতিপ্রীতঃ সন্ বার্ত্তাহর্ত্তুঃ (সংবাদদাত্রে) মহাধনং হারং প্রাদাৎ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

যদৃচ্ছয়ৈব লব্ধেন মনসঃ সমৃদ্ধি র্যেষাং তে ॥ ৩৫ ॥

প্রস্তুতমাহ আকর্ণ্যেতি সংপরেত্য মৃত্বা আগতমাকর্ণ্য যথা ন শ্রদ্দধে বিশ্বাসং ন চকার অভদ্রস্য মে কুতো ভদ্রং ইতি মত্বা ॥ ৩৬ ॥

এষ্যত্যচিরত ইতি দেবর্ষে র্বাক্যং শ্রদ্ধায় ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনোঽর্থমন্যং ন বাঞ্ছন্তি যদৃচ্ছয়া লব্ধেন বস্তুনা মনসঃ সমৃদ্ধি র্যেষাং ॥ ৩৫ ॥

ততো মধুবনাৎ ধ্রুবস্য স্বদেশগমনবন্ধুমিলনাদিকং বর্ণয়তি আকর্ণ্যেতি ॥ ৩৬ ॥

এষ্যত্যচিরত ইতি দেবর্ষে র্বাক্যং শ্রদ্ধায় ॥ ৩৭ ॥

মৈত্রেয় বলিলেন, হে তাত বিদুর! আপনাদের ন্যায় নির্হেতুক ভক্তগণ, মুক্তিদাতা ভগবানের চরণার্চ্চন-নিবন্ধন আত্মসন্তোষ ও দাস্যসুখ ব্যতীত অন্য কোন কামনাকেই প্রয়োজন বলিয়া মনে করেন না ॥ ৩৫ ॥

এদিকে বালক ধ্রুব বন হইতে গৃহে আগমন করিতেছেন শ্রবণ করিয়া, রাজা উত্তানপাদ প্রথমত বিশ্বাস করিলেন না; মৃত পুত্রের পুনরাগমন যেমন অসম্ভব বোধ হয়, তিনি নিজের দুর্ভাগ্য-তুলনায় শুভ পুত্রাগমনকেও সেইরূপ অসম্ভব জ্ঞানে সে সংবাদে তত প্রত্যয় করিলেন না ॥ ৩৬ ॥

অনন্তর দেবর্ষি নারদ যখন উপস্থিত হইয়া, মহারাজকে ধ্রুবের আগমন

সদশ্বং রথমারুহ্য কার্ত্তস্বরপরিস্কৃতং।
ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈশ্চ পর্য্যস্তোঽমাত্যবন্ধুভিঃ॥
শঙ্খদুন্দুভিনাদেন ব্রহ্মঘোষেণ বেণুভিঃ।
নিশ্চক্রাম পুরাত্তূর্ণমাত্মজাবেক্ষণোৎসুকঃ॥ ৩৮॥
সুনীতিঃ সুরুচিশ্চাস্য মহিষ্যৌ রুক্মভূষিতে।
আরুহ্য শিবিকাং সার্দ্ধমুত্তমেনাভিজগ্মতুঃ॥ ৩৯॥

অন্বয়ঃ।

সদশ্বং (সন্তঃ শ্রেষ্ঠাঃ অশ্বাঃ যস্মিন্ তং) কার্ত্তস্বরপরিস্কৃতং (কার্ত্তস্বরং সুবর্ণং তেন পরিস্কৃতং ভূষিতং) রথং আরুহ্য ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈঃ অমাত্যবন্ধুভিঃ চ পর্য্যস্তঃ পরিবৃতঃ, তথা শঙ্খ-দুন্দুভিনাদেন, ব্রহ্মঘোষেণ বেদপাঠশব্দেন, বেণুভিঃ বেণুশব্দৈশ্চসহ আত্মজাবেক্ষণোৎসুকঃ (আত্মজস্য অবেক্ষণে দর্শনে উৎসুকঃ উৎসাহঃ যস্য সঃ রাজা) তূর্ণং শীঘ্রং, পুরাৎ নিশ্চক্রাম॥৩৮

রুক্মভূষিতে সুবর্ণালঙ্কৃতে অস্য উত্তানপাদস্য মহিষ্যৌ সুনীতিঃ সুরুচিশ্চ উত্তমেন সার্দ্ধং শিবিকাং নরযানং আরুহ্য অভিমুখং জগ্মতুঃ॥ ৩৯॥

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণাদিভিঃ পর্য্যস্তঃ পরিবৃতঃ॥ ৩৮॥

অস্য রাজ্ঞো মহিষ্যৌ মধ্যে উত্তমং নিধায় একামেব শিবিকাং নরবিমানমারুহ্য॥ ৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্য্যস্তঃ পরিবৃতঃ॥ ৩৮॥

বার্ত্তা প্রদান করিলেন, তখন রাজার আর আনন্দের সীমা রহিল না; তিনি তখন আত্মহারা হইয়া পড়িলেন। তখন রাজা প্রেমের আবেগে সংবাদ-দাতাকে মহামূল্য হার পারিতোষিকরূপে প্রদান করিলেন॥ ৩৭॥

পরে মহাবেগবান্ অশ্বযোজিত কাঞ্চনখচিত উৎকৃষ্ট রথে আরোহণ পূর্ব্বক ব্রাহ্মণগণ, কুলবৃদ্ধগণ অমাত্য ও বন্ধুবর্গে পরিবৃত হইয়া, শঙ্খ দুন্দুভির নিনাদে, বেদধ্বনিতে ও বেণুশব্দে দিক্‌সমূহ প্রবোধিত করত রাজা পুত্রদর্শন-লালসায় সত্বর পুরী হইতে যাত্রা করিলেন॥ ৩৮॥

সুনীতি ও সুরুচি নামক মহিষীদ্বয় বিচিত্র অলঙ্কারে সুসজ্জিত হইয়া, পুত্র উত্তমকে সঙ্গে লইয়া শিবিকারোহণে রাজার সহিত গমন করিলেন॥৩৯॥

পরে উত্তানপাদ শ্রীমান্ ধ্রুবকে উপবনের সমীপে উপনীত দর্শন করিয়া, প্রেমে অভিভূত হইয়া পড়িলেন। তিনি রথ হইতে অবতরণ পূর্ব্বক দ্রুতবেগে ধ্রুবের অভিমুখে অগ্রসর হইলেন॥

এবং বহুকালের অদর্শন-নিবন্ধন উৎকণ্ঠায় কাতর হইয়া, দীর্ঘশ্বাস পরি-

তং দৃষ্ট্বোপবনাভ্যাসে আয়ান্তং তরসা রথাৎ।
অবরুহ্য নৃপস্তূর্ণমাসাদ্য প্রেমবিহ্বলঃ।
পরিরেভেঽঙ্গজং দোর্ভ্যাং দীর্ঘোৎকণ্ঠমনাঃ শ্বসন্ ॥ ৪০ ॥
বিষ্বক্সেনাঙ্ঘ্রিসংস্পর্শহতাশেষাঘবন্ধনং ॥ ৪১ ॥
অথাজিঘ্রন্মুহুর্মূর্দ্ধ্নি শাস্তৈর্নয়নবারিভিঃ।
স্নপয়ামাস তনয়ং জাতোদ্দামমনোরথঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

আয়ান্তং তং ধ্রুবং উপবনাভ্যাসে দৃষ্ট্বা প্রেমবিহ্বলঃ নৃপঃ তূর্ণং শীঘ্রং, রথাৎ অবরুহ্য তরসা বেগেন, আসাদ্য সমীপং গত্বা ॥

দীর্ঘোৎকণ্ঠমনাঃ (দীর্ঘকালপর্য্যন্তং উৎকণ্ঠাযুক্তং মনো যস্য সঃ) শ্বসন দীর্ঘশ্বাসান্ মুঞ্চন, বিষ্বক্সেনাঙ্ঘ্রিসংস্পর্শহতাশেষাঘবন্ধনং (বিষ্বক্ সর্ব্বতঃ সেনা আজ্ঞা যস্য তস্য ভগবতঃ অঙ্ঘ্রি-সংস্পর্শেন হতং অশেষং অঘবন্ধনং সংসারকারণং যস্য তং) অঙ্গজং পুত্রং দোর্ভ্যাং হস্তাভ্যাং পরিরেভে আলিঙ্গিতবান্ ॥ ৪০ ॥ ৪১ ॥

অথ জাতোদ্দামমনোরথঃ (জাতঃ সংসিদ্ধঃ, উদ্দামঃ মহান্ পুত্রপ্রাপ্তিলক্ষণঃ মনোরথঃ যস্য সঃ রাজা) মুহুঃ তনয়ং মূর্দ্ধ্নি জিঘ্রন্ শাস্তৈঃ প্রেমোদ্ভবৈঃ নয়নবারিভিঃ স্নপয়ামাস ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

উপবনস্যাভ্যাসে সমীপে ॥ ৪০ ॥
বিষ্বক্সেনাঙ্ঘ্রিসংস্পর্শেন হতমশেষমঘং বন্ধনং যস্য ॥ ৪১ ॥
জাত উদ্দামো মহান্ মনোরথো যস্য ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তমেন বালকেন সহ একাং শিবিকামারুহ্যেতি ধ্রুবস্য নিষ্ক্রমণদিনে রাজ্ঞা তত্র বহুতর-মনুতপ্তেন নারদাশ্বাসিতেন ধ্রুবমাত্রে এব সৌভাগ্যং দত্তং। উত্তমমাত্রেতু দৌর্ভাগ্যং। তদপি ধ্রুবমাতা সুনীতি র্বিনয়রাশিস্তাং সপুত্রাং স্বশিবিকায়ামেবারোহয়ামাসেতি তত্ত্বং ॥ ৩৯—৪২ ॥

ত্যাগ পূর্ব্বক ভগবচ্চরণস্পর্শে হতকল্মষ পুত্রকে বাহুদ্বয়ে আলিঙ্গন করি-লেন ॥ ৪০ ॥ ৪১ ॥

রাজা পুত্রকে ক্রোড়ে করিয়া বারংবার তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন; এবং পুত্র অভীষ্টলাভে প্রত্যাগমন করিয়াছেন, এই চিন্তায় তাঁহার আনন্দের আর সীমা রহিল না; তিনি অবিরল আনন্দাশ্রুর নিপাতনে বালককে অভি-ষিঞ্চিত করিলেন ॥ ৪২ ॥

ধ্রুব সর্ব্বাগ্রে পিতার চরণবন্দন করিলেন এবং পিতৃকৃত আশীর্ব্বাদাদির

অভিবন্দ্য পিতুঃ পাদাবাশীর্ভিশ্চাভিমন্ত্রিতঃ।
ননাম মাতরৌ শীর্ষ্ণা সৎকৃতঃ সজ্জনাগ্রণীঃ॥
সুরুচিস্তং সমুত্থাপ্য পাদাবনতমর্ভকং।
পরিষ্বজ্যাহ জীবেতি বাষ্পগদ্গদয়া গিরা॥ ৪৩॥
যস্য প্রসন্নো ভগবান্ গুণৈর্মৈত্র্যাদিভির্হরিঃ।
তস্মৈ নমন্তি ভূতানি নিম্নমাপ ইব স্বয়ং॥ ৪৪॥

অন্বয়ঃ।

প্রথমতঃ পিতুঃ পাদৌ অভিবন্দ্য তেন আশীর্ভিঃ অভিমন্ত্রিতঃ সৎকৃতঃ, চ সজ্জনাগ্রণীঃ, (সজ্জনানাং নিরহঙ্কারিণাং অগ্রণীঃ মুখ্যঃ ধ্রুবঃ) মাতরৌ শীর্ষ্ণা ননাম॥

সুরুচিঃ পাদৌ পাদয়োঃ, অবনতং অর্ভকং বালকং, সমুত্থাপ্য পরিষ্বজ্য আলিঙ্গ্য, বাষ্পগদ্গদয়া গিরা জীব ইতি আশীর্ব্বচনং তং ধ্রুবং আহ॥ ৪৩॥

যস্য মৈত্র্যাদিভিঃ গুণৈঃ ভগবান্ হরিঃ প্রসন্নঃ ভবতি, তস্মৈ, আপঃ স্বয়ং নিম্নং প্রদেশং ইব, সর্ব্বাণি ভূতানি স্বয়ং এব নমন্তি (তং অনুসরন্তি)॥ ৪৪॥

শ্রীধরস্বামী।

অভিমন্ত্রিতঃ পিতুরাশীর্ভিঃ সহ তেন কৃতসম্ভাষণঃ॥ ৪৩॥

সুরুচ্যাঃ প্রীতি র্নাসম্ভাবিতেত্যাহ যস্যেতি। নমন্তি অনুসরন্তি আপো যথাস্বয়মেব নিম্নং দেশমবতরন্তি॥ ৪৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু সুরুচিং দুঃখদায়িনীং কথং শীর্ষ্ণা ননাম তত্রাহ সজ্জনাগ্রণীরিতি॥ ৪৩॥

তস্মিন্ ধ্রুবে সুরুচ্যাঃ প্রীতি র্নাসম্ভাবিতেত্যাহ যস্যেতি॥ ৪৪॥

দ্বারা যথেষ্ট আদৃত হইলেন। পরে সাধুজনোচিত রীত্যনুসারে উভয় মাতাকেই অবনতমস্তকে প্রণাম করিলেন॥

সুরুচি সপত্নীপুত্র ধ্রুবকে চরণোপান্তে অবনত অবলোকন করিয়া, তৎক্ষণাৎ তাঁহাকে উত্তোলন পূর্ব্বক আলিঙ্গন করিলেন এবং বাষ্পগদ্গদ-কণ্ঠে আশীর্ব্বাদ পূর্ব্বক বলিলেন, "পুত্র চিরজীবী হও"!॥ ৪৩॥

অহো! বিদুর! সুরুচি যে ধ্রুবকে আদর করিলেন, তাহাতে আর বিচিত্র কি? যে ব্যক্তি পরম প্রেমিকত্বাদি গুণে সাক্ষাৎ ভগবানের প্রসন্নতা লাভ করিয়াছেন, তাঁহার নিকট সকল প্রাণীই অধীনতা স্বীকার করিয়া থাকে। বারি যেমন স্বতই নিম্ন স্থানে গমন করে, সেইরূপ সকল লোকই ভগবদ্ভক্তের অনুসরণ করিয়া থাকে, সে বিষয়ে আর সন্দেহ নাই॥ ৪৪॥

উত্তম এবং ধ্রুব উভয় ভ্রাতা পরস্পরকে আলিঙ্গন করত প্রেমে বিহ্বল

উত্তমশ্চ ধ্রুবশ্চোভাবন্যোন্যং প্রেমবিহ্বলৌ।
অঙ্গসঙ্গাদুৎপুলকাবস্রৌঘং মুহুরূহতুঃ ॥
সুনীতিরস্য জননী প্রাণেভ্যোঽপি প্রিয়ং সুতং।
উপগুহ্য জহাবাধিং তদঙ্গস্পর্শনির্বৃতা ॥ ৪৫ ॥
পয়স্তনাভ্যাং সুস্রাব নেত্রজৈঃ সলিলৈঃ শিবৈঃ।
তদাভিষিচ্যমানাভ্যাং বীর বীরসুবো মুহুঃ ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

উত্তমঃ ধ্রুবঃ চ অন্যোন্যং অঙ্গসঙ্গাং উৎপুলকৌ রোমাঞ্চিতৌ প্রেমবিহ্বলৌ অস্রৌঘং বাষ্পপ্রবাহং মুহুঃ উহতুঃ মুমুচতুঃ ॥

অস্য জননী সুনীতিঃ প্রাণেভ্যঃ অপি প্রিয়ং সুতং ধ্রুবং উপগুহ্য তদঙ্গস্পর্শনির্বৃতা (তস্য অঙ্গস্পর্শেন নির্বৃতা আনন্দিতা সতী) আধিং তদ্বিয়োগজাং মনঃপীড়াং জহৌ ॥ ৪৫ ॥

হে বীর বিদুর! তদা বীরসুবঃ ধ্রুবমাতুঃ শিবৈঃ আনন্দোদ্ভবৈঃ নেত্রজৈঃ সলিলৈঃ অভিষিচ্যমানাভ্যাং স্তনাভ্যাং পয়ঃ মুহুঃ সুস্রাব ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

উহতু র্দধতুঃ ॥ ৪৫ ॥

হে বীর বীরসুবো ধ্রুবমাতুঃ অভিষিচ্যমানাভ্যাং স্তনাভ্যাং পয়স্তদা সুস্রাব ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুনীতেঃ পশ্চান্মিলনমানন্দমূর্চ্ছাভঙ্গে সতীতি জ্ঞেয়ং ॥ ৪৫ ॥

হে বীর স্বামিন্ ভগবদ্ধর্ম্মবীরং ধ্রুবং সুতে ইতি তস্যাঃ সুনীতেঃ ॥ ৪৬ ॥

হইলেন; তাঁহাদের গাত্র রোমাঞ্চিত হইল এবং উভয়ের নয়ন হইতে আনন্দাশ্রু নিপতিত হইতে লাগিল ॥

অহো! ধ্রুবজননী সুনীতি যখন প্রাণপ্রিয় ধ্রুবকে পাইয়া বাহুদ্বয়ে আলিঙ্গন করিলেন, তখন যেন তাঁহার জীবন শীতল হইল এবং তাঁহার যাবতীয় দুঃখ দূরে গেল ॥ ৪৫ ॥

হে বীরবর বিদুর! তৎকালে সেই বীরপ্রসবিনী ধ্রুবমাতা সুনীতির আনন্দাশ্রু বক্ষস্থল প্লাবিত করিয়া যেমন স্তনদ্বয়ের উপর দিয়া পতিত হইতেছিল, অমনি পুত্রস্নেহের প্রবল বেগে স্তনদ্বয় হইতে ক্ষীরও নিঃসৃত হইতে লাগিল ॥ ৪৬ ॥

প্রতিবেশী জনগণ সুনীতিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, রাজ্ঞি! তোমার নিতান্ত সৌভাগ্যবলেই অদ্য, এতকালের হারাণ পুত্রকে ক্রোড়ে করিলে! অদ্য তোমার সকল দুঃখ নিবারণ হইল! তুমি দেখিও! তোমার এই পুত্র

তাং শশংসুর্জনা রাজ্ঞীং দিষ্ট্যা তে পুত্র আর্ত্তিহা।
প্রতিলব্ধশ্চিরং নষ্টো রক্ষিতা মণ্ডলং ভুবঃ ।।
অভ্যর্চ্চিত স্ত্বয়া নূনং ভগবান্ প্রণতার্ত্তিহা।
যদনুধ্যায়িনো ধীরা মৃত্যুং জিগ্যুঃ সুদুর্জ্জয়ং ।। ৪৭ ।।
লাল্যমানং জনৈরেবং ধ্রুবং সভ্রাতরং নৃপঃ।
আরোপ্য করিণীং হৃষ্টঃ স্তূয়মানোঽবিশৎ পুরং ।। ৪৮ ।।
তত্র তত্রোপসংক৯প্তৈ র্লসন্মকরতোরণৈঃ।

অন্বয়ঃ।

চিরং নষ্টঃ বহুকালং অদর্শনং গতঃ, তে তব, পুত্রঃ দিষ্ট্যা এব প্রতিলব্ধঃ পুনঃ দর্শনং গতঃ, সন্ আর্ত্তিহা দুঃখনাশকঃ আস্তে; সঃ ভুবঃ মণ্ডলং রক্ষিতা রক্ষিষ্যতি, ইতি উক্ত্বা জনাঃ রাজ্ঞীং তাং প্রশশংসুঃ ॥

যদনুধ্যায়িনঃ যস্য ধ্যানপরাঃ ধীরাঃ, সুদুর্জ্জয়ং মৃত্যুং জিগ্যুঃ জিতবন্তঃ, সঃ প্রণতার্ত্তিহা শরণাগতদুঃখহারী ভগবান্ নূনং নিশ্চিতং ত্বয়া অভ্যর্চ্চিতঃ ॥ ৪৭ ॥

এবং জনৈঃ লাল্যমানং সভ্রাতরং ধ্রুবং করিণীং আরোপ্য বন্দিভিঃ স্তূয়মানঃ নৃপঃ হৃষ্টঃ সন্ পুরং অবিশৎ ॥ ৪৮ ॥

তত্র তত্র উপসংক্লৃপ্তৈঃ রচিতৈঃ, লসন্মকরতোরণৈঃ (লসদ্ভিঃ শোভমানৈঃ মকরতোরণৈঃ)

শ্রীধরস্বামী।

চিরংনষ্টঃ দর্শনমপ্রাপ্তঃ। রক্ষিতা রক্ষিষ্যতি ॥ ৪৭ ॥

এবমিতি ব্যবহিতং পিত্রাদিলালনং পরামৃশ্যতে ॥ ৪৮ ॥

পুরং বর্ণয়তি তত্র তত্রেতি চতুর্ভিঃ। সবৃন্তৈঃ ফলমঞ্জরীযুক্তৈঃ। পূগানাং পোতৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভ্যর্চ্চিত ইত্যত এব স্বপুত্রস্য মৃত্যুং ত্বমজৈষীরিতি ভাবঃ ॥ ৪৭ ॥

এবং নৃপোঽপি দিষ্ট্যেতি পাদোনশ্লোকদ্বয়েন জনৈঃ স্তূয়মানঃ পুরমবিশৎ ॥ ৪৮ ॥

পুরং বর্ণয়তি তত্র তত্রেতি চতুর্ভিঃ। উপসংক৯প্তৈস্তদানীমেবোদ্যানাদিভ্য আনীয়া-

---

সসাগরা পৃথিবীর অধিপতি হইবে ! ॥

অহো ! যাঁহাকে ধ্যান করিয়া, ধীর বিবেকিগণ মৃত্যুপাশ হইতে বিনির্ম্মুক্ত হন, আমাদের নিশ্চয় বোধ হইতেছে, তুমি সেই শরণাগতজন-দুঃখহারী ভূতভাবন হৃষীকেশের বিশেষ আরাধনা করিয়াছ ।। ৪৭ ।।

ধ্রুবকে সকলে এই প্রকারে আদর করিলে, রাজা উত্তানপাদ ধ্রুব এবং তাঁহার ভ্রাতা উত্তমকে করিণীপৃষ্ঠে আরোহণ করাইয়া, স্বকীয় পুরমধ্যে প্রেরণ করিলেন। বন্দিগণ রাজার স্তুতিবাদ করিতে লাগিল ।। ৪৮ ।।

সবৃন্তৈঃ কদলীস্তম্ভৈঃ পূগপোতৈশ্চ তদ্বিধৈঃ ॥ ৪৯ ॥
চূতপল্লববাসস্রঙ্‌মুক্তাদামবিলম্বিভিঃ।
উপস্কৃতপ্রতিদ্বারমপাং কুম্ভৈঃ সদীপকৈঃ ॥ ৫০ ॥
প্রাকারৈর্গোপুরাগারৈঃ শাতকুম্ভপরিচ্ছদৈঃ।
সর্ব্বতোঽলঙ্কৃতং শ্রীমদ্বিমানশিখরদ্যুভিঃ ॥ ৫১ ॥

অন্বয়ঃ।

সবৃন্তৈঃ ফলপুষ্পাদিসহিতৈঃ কদলীস্তম্ভৈঃ তথা তদ্বিধৈঃ সবৃন্তৈঃ পূগপোতৈঃ (পূগানাং পোতৈঃ বালবৃক্ষৈঃ) ॥ ৪৯ ॥

চূতপল্লববাসস্রঙ্‌মুক্তাদামবিলম্বিভিঃ (চূতাঃ আম্রাঃ তেষাং পল্লবাঃ বাসাংসি স্রজশ্চ মুক্তাদামানিচ তেষাং বিলম্বনং অস্তি যেষু তৈঃ) সদীপকৈঃ অপাং কুম্ভৈঃ চ প্রতিদ্বারং উপস্কৃতং অলঙ্কৃতং ॥ ৫০ ॥

প্রাকারৈঃ গোপুরাগারৈঃ (গোপুরৈঃ পুরদ্বারৈঃ আগারৈঃ গৃহৈঃ) শাতকুম্ভপরিচ্ছদৈঃ (শাতকুম্ভাঃ স্বর্ণময়াঃ, পরিচ্ছদাঃ পরিকরাঃ যেষু তৈঃ) শ্রীমদ্বিমানশিখরদ্যুভিঃ (শ্রীমতাং বিমানানাং ইব শিখরৈঃ দ্যুতি র্যেষাং প্রাকারাদীনাং তৈঃ) সর্ব্বতঃ অলঙ্কৃতং ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

বালবৃক্ষৈঃ তদ্বিধৈঃ সবৃন্তৈঃ উপস্কৃতপ্রতিদ্বারমিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪৯ ॥

কৃতপল্লবাশ্চ বাসাংসিচ স্রজশ্চ মুক্তাদামানিচ তেষাং বিশিষ্টো লম্বোলম্বনং অস্তি যেষু কুম্ভেষু ॥ ৫০ ॥

গোপুরৈরগারৈশ্চ শাতকুম্ভাঃ স্বর্ণময়াঃ পরিচ্ছদাঃ পরিকরা যেষু। বিমানানামিব শিখরৈর্দ্যৌ দ্যুতি র্যেষাং ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোপিতৈঃ। লসন্মকরাণি তোরণানি যত্র তৈঃ। সবৃন্তৈঃ ফলমঞ্জরীযুক্তৈঃ। কদলীস্তম্ভৈরুপস্কৃতপ্রতিদ্বারমিত্যন্বয়ঃ ॥ ৪৯ ॥

চূতেতি অপাং কুম্ভৈরিত্যস্য বিশেষণং ॥ ৫০ ॥

গোপুরাণি পুরদ্বারাণি গোপুরৈরগারৈশ্চ বিমানশিখরাণামিব দ্যৌ দ্যুতি র্যেষাং তৈঃ ॥ ৫১ ॥

তৎকালে পুরীর কি অপূর্ব্ব শোভাই পরিদৃষ্ট হইয়াছিল। মকরাকৃতি তোরণোপরি বিচিত্র মাল্য শোভা পাইতেছিল। দ্বারদেশে ফলপুষ্পোপশোভিত কদলীস্তম্ভ এবং ক্ষুদ্র ক্ষুদ্র সবৃন্ত গুবাকবৃক্ষ শোভিত ছিল ॥ ৪৯ ॥

আম্রপল্লব, বস্ত্র, মালা এবং মুক্তাদাম দ্বারের উপরিভাগে সুসজ্জিত ছিল। এবং দীপশ্রেণী সহ জলপূর্ণ কুম্ভ দ্বারের উভয় পার্শ্বে সংরক্ষিত ॥ ৫০ ॥

প্রাচীর, পুরদ্বার এবং অট্টালিকাসমূহ সুবর্ণরঙ্গে রঞ্জিত করা হইয়াছিল;

মৃষ্ট-চত্বর-রথ্যাট্ট-মার্গং চন্দনচর্চ্চিতং।
লাজাক্ষতৈঃ পুষ্পফলৈ স্তণ্ডুলৈর্ব্বলিভির্যুতং ॥ ৫২ ॥
ধ্রুবায় পথি দৃষ্টায় তত্র তত্র পুরস্ত্রিয়ঃ।
সিদ্ধার্থাক্ষত-দধ্যম্বু-দূর্ব্বাপুষ্পফলানিচ ॥
উপজহ্রুঃ প্রযুঞ্জানা বাৎসল্যাদাশিষঃ সতীঃ।
শৃণ্বংস্তদ্বল্গুগীতানি প্রাবিশদ্ভবনং পিতুঃ ॥
মহামণিব্রাতময়ে স তস্মিন্ ভবনোত্তমে।

অন্বয়ঃ।

মৃষ্টচত্বররথ্যাট্টমার্গং (চত্বরঃ চতুষ্পথঃ রথ্যা রাজমার্গঃ, অট্টঃ হর্ম্ম্যস্য উচ্চস্য উপরি নির্ম্মিতা ভূমিকা মার্গঃ মৃষ্টাঃ সম্মার্জ্জিতাঃ যস্মিন্) চন্দনমিশ্রিতজলৈঃ সিক্তং। লাজাঃ ভৃষ্টধানাঃ, অক্ষতাঃ যবাঃ, বলয়ঃ মৃষ্টান্নানি, তৈঃ যুতং ॥ ৫২ ॥

তত্র তত্র পথি মার্গে দৃষ্টায় ধ্রুবায় পুরস্ত্রিয়ঃ বাৎসল্যাৎ স্নেহাৎ, সতীঃ শ্রেষ্ঠাঃ, আশিষঃ প্রযুঞ্জানাঃ সত্যঃ, সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ, অক্ষতাঃ যবাঃ দধি অম্বু, দূর্ব্বা, পুষ্পফলানি উপজহ্রুঃ সমর্পিতবত্যঃ। ধ্রুবশ্চ তদ্বল্গুগীতানি (তাসাং বল্গূনি মনোহরাণি গীতানি) শৃণ্বন্ পিতুঃ ভবনং প্রাবিশৎ ইতি উভয়োরন্বয়ঃ ॥

তস্মিন্ মহামণিব্রাতময়ে মহামণিসমূহখচিতে, ভবনোত্তমে, নিতরাং পিত্রা লালিতঃ সৎ-

শ্রীধরস্বামী।

চত্বরমঙ্গণং রথ্যা মহামার্গঃ অট্টঃ হর্ম্ম্যস্য উচ্চস্যোপরি নির্ম্মিতা ভূমিকা মার্গোঽবান্তরঃ। মৃষ্টাঃ সম্মার্জিতাশ্চত্বরাদয়ো যস্মিন্ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চত্বরমঙ্গণং রথ্যা মহামার্গঃ ॥ ৫২ ॥

এবং প্রত্যেক অট্টালিকা ও প্রাচীরের শিখরদেশের প্রতি অবলোকন করিলে, এতই অপূর্ব্ব শোভা পরিদৃষ্ট হইতেছিল যে, সর্ব্বত্র লক্ষ্মী যেন স্বয়ং বিরাজমানা ॥ ৫১ ॥

চতুষ্পথ রাজমার্গ এবং হর্ম্ম্যোপরি নির্ম্মিত রম্য ভূমিকা সমস্ত চন্দন-জলে সংসিক্ত হইয়াছিল; সর্ব্বত্র লাজ, তণ্ডুল, যব, ফল, পুষ্প ও অন্যান্য মাঙ্গল্য দ্রব্যে সুসজ্জিত রহিয়াছে ॥ ৫২ ॥

পথে আগমনকালে স্থানে স্থানে সমবেত পুরস্ত্রীগণ বাৎসল্যবশত ধ্রুবকে শ্বেতসর্ষপ অক্ষত, যব, দধি, দুর্ব্বা, পুষ্প, ফল ও বারি প্রদানে আশীর্ব্বাদ করিতে লাগিলেন। ধ্রুব তাঁহাদের মনোহর আশীর্ব্বাদ-সূচক সুমিষ্ট বাণী শ্রবণ করিতে করিতে পিতৃগৃহে উপনীত হইলেন ॥

লালিতো নিতরাং পিত্রা ন্যবসদ্দিবি দেববৎ ॥ ৫৩ ॥
পয়ঃফেণনিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ।
আসনানি মহার্হাণি যত্র রৌক্মা উপস্করাঃ ॥
যত্র স্ফটিককুড্যেষু মহামারকতেষু চ।
মণিপ্রদীপা আভান্তি ললনারত্নসংযুতাঃ ॥
উদ্যানানি চ রম্যাণি বিচিত্রৈরমরদ্রুমৈঃ।
কূজদ্বিহঙ্গমিথুনৈর্গায়ন্মত্তমধুব্রতৈঃ ॥ ৫৪ ॥

অন্বয়ঃ।

কৃতঃ সন্ দিবি দেববৎ ন্যবসৎ ॥ ৫৩ ॥

যত্র পয়ঃফেণনিভাঃ কোমলাঃ শুভ্রাঃ, রুক্মপরিচ্ছদাঃ সুবর্ণখচিতাঃ, দান্তাঃ গজদন্তনির্ম্মিতাঃ শয্যাঃ, মহার্হাণি অতিশ্রেষ্ঠানি, আসনানি রৌক্মাঃ সুবর্ণনির্ম্মিতাঃ, উপস্করাঃ পাত্রাদয়ঃ, আভান্তি ॥

যত্র মহামারকতেষু স্ফটিককুড্যেষু ললনারত্নসংযুতাঃ মণিপ্রদীপাঃ আভান্তি ॥

তথা কূজদ্বিহঙ্গমিথুনৈঃ কূজন্তি বিহঙ্গমিথুনানি যেষু তৈঃ) গায়ন্মত্তমধুব্রতৈঃ (গায়ন্তঃ মত্তাঃ মধুব্রতাঃ ভ্রমরাঃ যেষু তৈঃ) বিচিত্রৈঃ অমরদ্রুমৈঃ রম্যাণি মনোহরাণি, উদ্যানানি আভান্তি ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ। অক্ষতা যবাঃ। উপজহ্রুঃ ব্যাকিরন্। সতীঃ সত্যঃ ॥ ৫৩ ॥

যত্র ভবনোত্তমে ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিদ্ধার্থাঃ শ্বেতসর্ষপাঃ। অক্ষতা যবাঃ। উপজহ্রু র্ব্যাকিরন্ সতীঃ সত্যঃ ॥ ৫৩ ॥

তাদৃশ মহামণিময় অপূর্ব্ব ভবনে অবস্থান পূর্ব্বক ধ্রুব পিতার নিরতিশয় যত্নে ত্রিদশালয়স্থ অমরবৃন্দের ন্যায় বাস করিতে লাগিলেন ॥ ৫৩ ॥

দুগ্ধফেণনিভ সুভ্র ও সুকোমল গজদন্তনির্ম্মিত এবং সুবর্ণখচিত শয্যা, মণিময় আসন এবং সুবর্ণ-নির্ম্মিত পাত্রসমূহ রাজভবনের প্রত্যেক গৃহেই শোভা পাইতেছিল ॥

স্ফটিকাদি মহামূল্য মরকতময় ভিত্তিতে যেন শত শত মণিময় দীপজাল শোভা পাইতেছিল। সর্ব্বাভরণে ভূষিতা সুন্দরী দাসীগণ রাজপ্রসাদের কি অপূর্ব্ব ঔজ্জ্বল্যেরই বিধান করিয়াছিল ॥

বিহঙ্গম-মিথুনের কাকলিতে ও মধুমত্ত ভ্রমরবৃন্দের গুঞ্জনে, বিচিত্র দেবতরুর দ্বারা উপশোভিত রম্য উদ্যানসমূহ সততই নিনাদিত থাকিত ॥ ৫৪ ॥

বাপ্যো বৈদুর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ।
হংসকারণ্ডবকুলৈ র্জুষ্টাশ্চক্রাহ্বসারসৈঃ ॥
উত্তানপাদো রাজর্ষিঃ প্রভাবং তনয়স্য তং।
শ্রুত্বা দৃষ্ট্বাদ্ভুততমং প্রপেদে বিস্ময়ং পরং ॥ ৫৫ ॥
বীক্ষ্যোঢ়বয়সং পুত্রং প্রকৃতীনাঞ্চ সম্মতং।
অনুরক্তপ্রজং রাজা ধ্রুবং চক্রে ভুবঃ পতিং ॥ ৫৬ ॥
আত্মানঞ্চ প্রবয়সমাকলয্য বিশাংপতিঃ।

অন্বয়ঃ।

বৈদুর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ হংসকারণ্ডবকুলৈঃ চক্রাহ্বসারসৈঃ জুষ্টাঃ সেবিতাঃ বাপ্যঃ যত্র আভান্তি ॥

রাজর্ষিঃ উত্তানপাদঃ তনয়স্য তং ভগবদারাধনারূপং ধ্রুবক্ষিতিপ্রাপ্তিরূপং চ অদ্ভুততমং প্রভাবং শ্রুত্বা তল্লক্ষণং চ দৃষ্ট্বা পরং বিস্ময়ং প্রপেদে ॥ ৫৫ ॥

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং, পুত্রং বীক্ষ্য তথা প্রকৃতীনাং অমাত্যাদীনাং, সম্মতং অভিমতং, জ্ঞাত্বা রাজা অনুরক্তপ্রজং (অনুরক্তাঃ প্রজাঃ যস্মিন্ তং) ধ্রুবং ভুবঃ পতিং চক্রে (রাজ্যে অভিষিক্তবান্) ॥ ৫৬ ॥

আত্মানঞ্চ প্রবয়সং বৃদ্ধং, আকলয্য দৃষ্ট্বা, বিশাংপতিঃ রাজা (বিষয়াৎ) বিরক্তঃ সন্ আত্মনঃ

শ্রীধরস্বামী।

কুমুৎ কুমুদং। পদ্মাদিমত্যো বাপ্যঃ ॥ ৫৫ ॥

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং। অনুরক্তাঃ প্রজা যস্মিন্ ॥ ৫৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্র ভবনোত্তমে শয্যাদয়ো রৌক্মান্তাঃ ভোগোপস্করাঃ সন্তি ॥ ৫৪ ॥ ৫৫ ॥

বাপীসমূহের সোপান বৈদূর্য্যমণির দ্বারা নির্ম্মিত; পদ্ম, উৎপল ও কুমুদের বিকাসে জলাশয় নিরতিশয় শোভিত; তাহাতে আবার হংস, কারণ্ডব, চক্রবাক এবং সারসকুল আনন্দে আকুল হইয়া পর্য্যটন করিতেছে ॥

রাজর্ষি উত্তানপাদ বালক ধ্রুবের ভগবদারাধনার বিষয় শ্রবণ করিয়া এবং তাঁহার ইষ্টসিদ্ধির লক্ষণ সকল নিজে প্রত্যক্ষ করিয়া, যার পর নাই বিস্মিত হইলেন ॥ ৫৫ ॥

তিনি পুত্র ধ্রুবকে যৌবন-পদবীতে আরূঢ় অবলোকন করিয়া এবং রাজত্ব করিবার উপযুক্ত পাত্র হইয়াছেন এইরূপ অমাত্যবর্গের সম্মতি অবগত হইয়া, প্রজারঞ্জন ধ্রুবকে স্বরাজ্যে অভিষিক্ত করিলেন ॥ ৫৬ ॥

এবং নিজের বয়োধিক্য বিবেচনা করিয়া, পরমাত্মতত্ত্বের চিন্তার উপযুক্ত

বনং বিরক্তঃ প্রাতিষ্ঠং বিমৃশন্নাত্মনো গতিং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

প্রজাপতে র্দুহিতরং শিশুমারস্য বৈ ধ্রুবঃ ।
উপযেমে ভ্রমিং নাম তৎসুতৌ কল্পবৎসরৌ ॥ ১ ॥
ইলায়ামপি ভার্য্যায়াং বায়োঃ পুত্র্যাং মহাবলং ।

অন্বয়ঃ ।

পরমাত্মনঃ গতিং তত্ত্বং, বিমৃশন্ বিচারয়ন্, বনং প্রাতিষ্ঠৎ ॥ ৫৭ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। প্রজাপতেঃ শিশুমারস্য দুহিতরং বৈ প্রসিদ্ধাং, ভ্রমিং ধ্রুবঃ উপযেমে বিবাহিতবান্ তৎসুতৌ তস্যাঃ ভ্রমেঃ সুতৌ কল্পবৎসরৌ আস্তাম্ ॥ ১ ॥

তথা বায়োঃ পুত্র্যাং ইলায়াং ভার্য্যায়াং, অপি মহাবলঃ ধ্রুবঃ উৎকলনামানং পুত্রং

শ্রীধরস্বামী ।

প্রবয়সং বৃদ্ধং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে নবমঃ ॥ * ॥

দশমে ভ্রাতৃহন্তৄণাং যক্ষাণামকরোদ্বধং । এক এবালকাং গত্বেত্যসা বিক্রম উচ্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং ॥ ৫৬ ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
চতুর্থে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধ্রুবো ভ্রাতুর্বধং যক্ষৈঃ শ্রুত্বা গত্বালকাং পুরীং । যক্ষান্ যুদ্ধে জঘানেতি দশমে কথ্যতে কথা ॥ ১ ॥

অবসর বলিয়া স্থির করিলেন এবং বিষয়াসক্তিকে বিসর্জ্জন পূর্ব্বক ভগবদারাধনার্থ বনে প্রবেশ করিলেন ॥ ৫৭ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মহর্ষি মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ধ্রুব রাজ্যে অভিষিক্ত হইয়া, প্রজাপতি শিশুমারের কন্যা ভ্রমির পাণিগ্রহণ করিলেন; এই পত্নীর গর্ভে তাঁহার দুইটী পুত্র জন্মে; একজনের নাম কল্প; অপরের নাম বৎসর ॥ ১ ॥

আভাস ।

দশমাধ্যায়ে যক্ষকর্তৃক ভ্রাতা উত্তমের বধ শ্রবণ করিয়া, শোকাকুলিতচিত্ত ধ্রুবের একাকী অলকাপুরীতে গমন এবং তথায় যক্ষগণের সহিত তাঁহার যুদ্ধবিক্রম বর্ণন ॥

পুত্রমুৎকলনামানং যোষিদ্রত্নমজীজনৎ ॥ ২ ॥
উত্তমস্ত্বকৃতোদ্বাহো মৃগয়ায়াং বলীয়সা।
হতঃ পুণ্যজনেনাদ্রৌ তন্মাতাস্য গতিং গতা ॥ ৩ ॥
ধ্রুবো ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষশুচার্পিতঃ।
জৈত্রং স্যন্দনমাস্থায় গতঃ পুণ্যজনালয়ং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

যোষিদ্রত্নং (যোষিতাং রত্নমিব মনোহরাং) পুত্রীং চ অজীজনৎ উৎপাদয়ামাস ॥ ২ ॥

উত্তমঃ তু অকৃতোদ্বাহঃ এব মৃগয়ায়াং বলীয়সা পুণ্যজনেন যক্ষেণ, অদ্রৌ হিমবতি, হতঃ। তস্য মাতা সুরুচিশ্চ, অস্য উত্তমস্য, গতিং মৃত্যুং, গতা ॥ ৩ ॥

ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষশুচার্পিতঃ ক্ষিপ্তহৃদয়ঃ সন্ জৈত্রং জয়প্রদং, স্যন্দনং রথং, আস্থায় আরুহ্য, পুণ্যজনালয়ং অলকাপুরীং গতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যোষিতাং রত্নমিবাতিমনোহরং কন্যারত্নং চেতি বা ॥ ২ ॥

যক্ষেণাদ্রৌ হিমবতি হতঃ। আজাবিতি পাঠে যুদ্ধে অস্য গতিং গতা মৃতেত্যর্থঃ ॥ ৩ ॥

কোপামর্ষশুচাং দ্বন্দ্বৈক্যং তেনার্পিতো ব্যাপ্তঃ। জৈত্রং জয়হেতুং পুণ্যজনালয়ং অলকাং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোষিদ্রত্নং কন্যারত্নং চ ॥ ২ ॥

অদ্রৌ হিমবতি। আজাবিতি পাঠে তৈঃ সহ যুদ্ধে। অস্য গতিং পুত্রমন্বিষ্যন্তী দাবানলান্মৃত্যুং ॥ ৩ ॥

বায়ুর পুত্রী ইলাও তাঁহার অপরা পত্নী ছিলেন; ইহাঁর গর্ভে উৎকল নামে এক পুত্র এবং ললনাজন-ললামভূতা অতি সুন্দরী এক কন্যা উৎপাদন করেন ॥ ২ ॥

তাঁহার ভ্রাতা উত্তম দারপরিগ্রহ করিবার পূর্ব্বেই এক দিন মৃগয়ার্থ বনে গমন করেন এবং তথায় একজন বলবান্ যক্ষের হস্তে নিহত হন। তদীয় জননী সুরুচি পুত্রের অনুসন্ধানার্থ বনে গমন করেন; তিনিও তথায় দাবাগ্নিতে পরিদগ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হন ॥ ৩ ॥

ভ্রাতার নিধনবার্ত্তা শ্রবণে ধ্রুব নিতান্তই দুঃখিত হইলেন এবং ক্রোধে ব্যাকুল হইয়া নিধনকারীর দণ্ডবিধানার্থ জয়শীল রথে আরোহণ পূর্ব্বক যক্ষালয় অলকাপুরীর অভিমুখে যাত্রা করিলেন ॥ ৪ ॥

কিয়দ্দূর উত্তরাভিমুখে গমন করিয়া, মহারাজ ধ্রুব হিমালয়ের উপত্যকার

গত্বোদীচীং দিশং রাজা রুদ্রানুচরসেবিতাং।
দদর্শ হিমবদ্দ্রোণ্যাং পুরীং গুহ্যকসঙ্কুলাং ॥ ৫ ॥
দধ্মৌ শঙ্খং বৃহদ্বাহুঃ খং দিশশ্চানুনাদয়ন্‌।
যেনোদ্বিগ্নদৃশঃ ক্ষত্তরুপদেব্যোঽত্রসন্‌ ভৃশং ॥
ততো নিষ্ক্রম্য বলিন উপদেবমহাভটাঃ।
অসহন্তস্তন্নিনাদমভিপেতুরুদায়ুধাঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

উদীচীং উত্তরাং, দিশং গত্বা রাজা ধ্রুবঃ, রুদ্রানুচরসেবিতাং (রুদ্রানুচরৈঃ ভূতপ্রেত-পিশাচাদিভিঃ সেবিতাং) গুহ্যকসঙ্কুলাং (গুহ্যকৈঃ যক্ষৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাং) হিমবদ্দ্রোণ্যাং পুরীং অলকাং দদর্শ ॥ ৫ ॥

তত্র গত্বা বৃহদ্বাহুঃ ধ্রুবঃ, খং আকাশং, দিশশ্চ অনুনাদয়ন্‌ ঘোষয়ন্‌, শঙ্খং দধ্মৌ বাদিত-বান্‌। হে ক্ষত্তঃ! তেন শব্দেন উদ্বিগ্নদৃশঃ উপদেব্যঃ যক্ষস্ত্রিয়ঃ ভৃশং অত্যন্তং অত্রসন্‌ ভীতাঃ বভূবুঃ ॥

তৎ নিনাদং অসহন্তঃ বলিনঃ উপদেবস্য কুবেরস্য, মহাভটাঃ যোদ্ধারঃ, ততঃ পুরাৎ, নিষ্-ক্রম্য উদায়ুধাঃ উদ্যতাস্ত্রাঃ, সন্তঃ অভিপেতুঃ (যুদ্ধার্থং সম্মুখং আজগ্মুঃ) ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

রুদ্রানুচরা ভূতাদয়ঃ ॥ ৫ ॥

দধ্মৌ বাদিতবান্‌। যেন শঙ্খবাদনেন। হে ক্ষত্তঃ উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্পিতো প্রাপ্তঃ ॥ ৪ ॥ ৫ ॥ উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ ॥ ৬ ॥

মধ্যে প্রমথগণ-সেবিত গুহ্যকগণের বাসস্থান অলকাপুরীকে নয়নগোচর করিলেন ॥ ৫ ॥

পুরীর সমীপবর্ত্তী হইয়া বিপুলবিক্রম ধ্রুব নভোমণ্ডল এবং দিক্‌ সমূহকে প্রতিধ্বনিত করিয়া ভীষণ শঙ্খধ্বনি করিলেন। হে বিদুর! এই শঙ্খধ্বনি এতই ভীষণ হইয়াছিল যে, তাহা শ্রবণে যক্ষপত্নীগণ সাতিশয় উদ্বিগ্ন ও ভীত হইয়া উঠিলেন ॥

এই গভীর শঙ্খনিনাদে গুহ্যকগণ আর নিস্তব্ধ থাকিতে পারিল না; কুবেরের বলবান্‌ সৈনিকগণ অস্ত্রশস্ত্রে ভূষিত হইয়া তৎক্ষণাৎ যুদ্ধার্থ পুরী হইতে নির্গত হইল ॥ ৬ ॥

উক্ত বীরপুরুষগণ যুদ্ধার্থ আগমন করিলে, ধনুর্দ্ধরাগ্রগণ্য বীরকেশরী মহা

স তানাপততো বীরানুগ্রধন্বা মহারথঃ।
একৈকং যুগপৎ সর্ব্বানহন্ বাণৈস্ত্রিভিস্ত্রিভিঃ॥
তে বৈ ললাটলগ্নৈস্তৈরিষুভিঃ সর্ব্ব এবহি।
মত্বা নিরস্তমাত্মানমাশংসন্ কর্ম্ম তস্য তৎ॥ ৭॥
তেঽপি চামুমমৃষ্যন্তঃ পাদস্পর্শমিবোরগাঃ।
শরৈরবিধ্যন্ যুগপৎ দ্বিগুণং প্রচিকীর্ষবঃ॥ ৮॥

অন্বয়ঃ।

সঃ উগ্রধন্বা (উগ্রং অপ্রধৃষ্যং ধনুঃ যস্য সঃ) মহারথঃ (মহান্ রথঃ যস্য সঃ) বীরঃ ধ্রুবঃ, আপততঃ তান্ সর্ব্বান্ একৈকং ত্রিভিঃ ত্রিভিঃ বাণৈঃ যুগপৎ একদৈব অহন্॥

তে বৈ সর্ব্বে এব হি যক্ষাঃ তৈঃ, ললাটলগ্নৈঃ (ললাটে লগ্নৈঃ ইষুভিঃ বাণৈঃ আত্মানং নিরস্তং তিরস্কৃতং, মত্বা তস্য ধ্রুবস্য, তৎ কর্ম্ম আশংসন্ শ্লাঘিতবন্তঃ॥ ৭॥

ততঃ তে চ যক্ষাঃ উরগাঃ পাদস্পর্শং ইব তৎকর্ম্ম অমৃষ্যন্তঃ অসহমানাঃ, প্রচিকীর্ষবঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ, সন্তঃ দ্বিগুণং যথা ভবতি তথা ষড়্ভিঃ ষড়্ভিঃ শরৈঃ বাণৈঃ, যুগপৎ অমুং ধ্রুবং অবিধ্যন্॥ ৮॥

শ্রীধরস্বামী।

একৈকং ত্রিভিস্ত্রিভিঃ। ইত্যেকং সর্ব্বান্ ত্রয়োদশাযুতানি যক্ষান্ যুগপদহন্ জঘান॥ ৭॥

তেঽপি তৎকর্ম্মাসহমানা অমুমবিধ্যন্। দ্বিগুণং যথা ভবতি। ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশংসন্ মনসা সম্যক্ তুষ্টুবুঃ॥ ৭॥

দ্বিগুণং যথাস্যাত্তথা ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ॥ ৮॥

রথ ধ্রুব একেবারে প্রত্যেক যোদ্ধাকে তিন তিন বাণে বিদ্ধ করিলেন॥

গুহ্যক সৈন্যগণ সকলেই স্ব স্ব ললাটদেশে এই প্রকারে তিনটী করিয়া বাণ বিদ্ধ নিরীক্ষণ করিয়া, আপনাদিগকে অপমানিত বোধ করত ধ্রুবের ক্ষিপ্রকারিতার বিশেষ প্রশংসা করিতে লাগিল॥ ৭॥

পরে যক্ষসেনাগণ ধ্রুবের তাদৃশ বীরত্ব সহ্য করিতে পারিল না; তাহারা পদাহত কালসর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া, প্রত্যেকে দ্বিগুণ অর্থাৎ ছয়টী করিয়া বাণ ধ্রুবের অঙ্গে নিক্ষেপ করিল॥ ৮॥

অনন্তর সেই ত্রয়োদশ অযুত যক্ষসৈন্য নিতান্ত ক্রুদ্ধ হইয়া ধ্রুবকৃত অপমানের প্রতীকার মানসে সকলে একত্র হইয়া পরিঘ, নিস্ত্রিংশ প্রাস, শূল

ততঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ।
শক্ত্যৃষ্টিভির্ভুষণ্ডীভিশ্চিত্রবাজৈঃ শরৈরপি ॥
অভ্যবর্ষন্ প্রকুপিতাঃ সরথং সহসারথিং।
ইচ্ছন্তস্তৎপ্রতীকর্ত্তুমযুতানাং ত্রয়োদশ ॥ ৯ ॥
ঔত্তানপাদিঃ স তদা শস্ত্রবর্ষেণ ভূরিণা।
ন উপাদৃশ্যত চ্ছন্ন আসারেণ যথা গিরিঃ ॥ ১০ ॥
হাহাকারস্তদৈবাসীৎ সিদ্ধানাং দিবি পশ্যতাং।
হতোঽয়ং মানবঃ সূর্য্যো মগ্নঃ পুণ্যজনার্ণবে ॥ ১১ ।

অন্বয়ঃ।

ততঃ চ তৎ কর্ম্ম প্রতীকর্ত্তুং ইচ্ছন্তঃ প্রকুপিতাঃ অযুতানাং ত্রয়োদশ যক্ষাঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ শক্ত্যৃষ্টিভিঃ ভুষণ্ডীভিঃ চিত্রবাজৈঃ (চিত্রাঃ বাজাঃ পক্ষাঃ যেষাং তৈঃ শরৈঃ) সরথং সহসারথিং ধ্রুবং অভ্যবর্ষন্ আচ্ছাদয়ামাসুরিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৯ ॥

তদা আসারেণ ধারাসম্পাতেন চ্ছন্নঃ গিরিঃ যথা, তথা ভূরিণা শস্ত্রবর্ষেণ চ্ছন্নঃ সঃ ঔত্তানপাদিঃ ধ্রুবঃ, ন উপাদৃশ্যত ॥ ১০ ॥

অয়ং সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ, মানবঃ মনুপৌত্রঃ, পুণ্যজনার্ণবে (পুণ্যজনাঃ যক্ষাঃ, এব অর্ণবঃ অপারসমুদ্রসদৃশঃ তস্মিন্) মগ্নঃ প্রবিষ্টঃ, সন্ হতঃ ইতি দিবি পশ্যতাং সিদ্ধানাং মধ্যে তদৈব হাহাকারঃ আসীৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

চিত্রবাজৈশ্চিত্রপক্ষৈঃ ॥ ৯ ॥

ধারাসম্পাতেন ছন্নো গিরিরিব নৈবাদৃশ্যত ॥ ১০ ॥ সূর্য্যতুল্যঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিত্রবাজৈ বিচিত্রপক্ষৈঃ ॥ ৯ ॥

আসারেণ ধারাসম্পাতেন ছন্নোগিরিরিব নৈবাদৃশ্যত ॥ ১০ ॥

সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ পুণ্যজনার্ণব ইতি তেষাং সরস্বত্যা ধ্রুবস্য কোঽপি নাপকারোঽভূদিতি ব্যজ্যতে ন হ্যর্ণবে মগ্নস্য সূর্য্যস্য কিমপি কষ্টং ভবেদিতি ॥ ১১ ॥

পরশ্বধ, শক্তি, ঋষ্টি, ভুষণ্ডী এবং বিচিত্র পক্ষবিশিষ্ট অসংখ্য বাণ মহারাজ ধ্রুব, তাঁহার রথ ও সারথির উপর অবিরল ভাবে নিক্ষেপ করিতে লাগিল। ৯ ॥

বারিধর জলধারের অবিরল বর্ষণে যেমন ধরাধরকে সমাচ্ছাদিত করে, অদ্য সেইরূপ অবিশ্রান্ত অস্ত্রশস্ত্রের নিক্ষেপে ধ্রুবের দেহ বা রথ আর পরিদৃষ্ট হয় নাই। ১০ ॥

আকাশপথ হইতে সিদ্ধগণ এই ব্যাপার অবলোকন করিয়া ভাবিলেন যে,

নদৎসু যাতুধানেষু জয়কাশিম্বথো মৃধে।
উদতিষ্ঠদ্রথস্তস্য নীহারাদিব ভাস্করঃ ॥ ১২ ॥
ধনুর্বিস্ফূর্জয়ন্নুগ্রং দ্বিষতাং খেদমুদ্বহন্।
অস্ত্রৌঘং ব্যধমদ্বাণৈর্ঘনানীকমিবানিলঃ ॥ ১৩ ॥
তস্য তে চাপনির্মুক্তা ভিত্ত্বা বর্ম্মাণি রক্ষসাং।

অন্বয়ঃ।

অথ মৃধে রণভূমৌ যাতুধানেষু রাক্ষসেষু, নদৎসু জয়কাশিষু স্বজয়প্রকাশকেষু, সৎসু নীহারাৎ ভাস্করঃ সূর্য্যঃ, ইব তস্য ধ্রুবস্য রথঃ উদতিষ্ঠৎ ॥ ১২ ॥

উগ্রং (শত্রূণাং ভয়জনকং) ধনুঃ বিস্ফূর্জ্জয়ন টঙ্কারঘোষযুক্তং কুর্ব্বন্ দ্বিষতাং শত্রূণাং, খেদং উদ্বহন্ অনিলঃ বায়ুঃ, যথা ঘনানীকং দূরীকরোতি তথা বাণৈঃ তেষাং অস্ত্রৌঘং ব্যধমং নিরস্তং কৃতবান্ ॥ ১৩ ॥

তস্য ধ্রুবস্য চাপনির্ম্মুক্তাঃ তিগ্মাঃ তীক্ষ্ণাঃ বাণাঃ অশনয়ঃ ইন্দ্রমুক্তবজ্রাণি যথা গিরীন্

শ্রীধরস্বামী।

যাতুধানেষু রাক্ষসেষু জয়কাশিষু জিতং জিতমিতি জয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

ব্যধমং সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জয়কাশিষু জিতং জিতমিতি স্বজয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

ব্যধমং সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

গিরীনশনয়ো যথেতি আসারেণ যথা গিরিরিতি দৃষ্টান্তাভ্যাং যক্ষাণাং শরাঃ ধ্রুবস্যাকিঞ্চিৎকরাঃ প্রত্যুতোৎসাহবর্দ্ধকা এব যথা ধারাসম্পাতেন গিরয়ঃ ক্ষালিতমলা উদ্দীপ্তা এব

দিবাকরের ন্যায় অতুলতেজস্বী মনুপৌত্র এই ধ্রুব অদ্য গুহ্যকসৈন্যসাগরে নিপতিত হইয়া, বুঝি জীবনে বিনষ্ট হন! এই বলিয়া তাঁহাদের মধ্যে একটী হাহাকার ধ্বনি উত্থিত হইল ॥ ১১ ॥

কিছুক্ষণ পরে সেই রাক্ষসসৈন্য যখন নিজেদের জয়-বিবেচনায় হর্ষে কোলাহল করিতে লাগিল, তখন নীহার-নিষ্ক্রান্ত ভাস্করের ন্যায় ধ্রুবের রথ রণভূমির মধ্যস্থল হইতে আত্মপ্রকাশ করিল ॥ ১২ ।

শত্রুকুলের হৃদয়ে বিষম ভয় উৎপাদন পূর্ব্বক ধ্রুব জ্যা আকর্ষণে ভীষণ টঙ্কারধ্বনি করিলেন এবং সমীরণ যেমন জলদরাশীকে অতি সত্বর বিচ্ছিন্ন ও ভ্রষ্টপদ করিয়া দেয়, তিনি সেইরূপ শরনিক্ষেপের দ্বারা শত্রুনির্ম্মুক্ত যাবতীয় অস্ত্রশস্ত্রকে মধ্যপথেই নিরস্ত করিয়া ফেলিলেন ॥ ১৩ ॥

ইন্দ্র নির্ম্মুক্ত অশনি যেমন মহীধরকে বিদীর্ণ করে, সেইরূপ ধ্রুবের

কায়ানাবিবিশুস্তিগ্মা গিরীনশনয়ো যথা। ১৪॥
ভল্লৈঃ সংছিদ্যমানানাং শিরোভিশ্চারুকুণ্ডলৈঃ।
উরুভি র্হেমতালাভৈ র্দোর্ভি র্বলয়বল্গুভিঃ॥
হার-কেয়ূর-মুকুটৈরুষ্ণীষৈশ্চ মহাধনৈঃ।
আস্তৃতা স্তা রণভুবো রেজু র্বীরমনোহরাঃ॥ ১৫॥
হতাবশিষ্টা ইতরে রণাজিরাদ্রক্ষোগণাঃ ক্ষত্রিয়বর্য্যশায়কৈঃ।
প্রায়ো বিবৃক্ণাবয়বা বিদুদ্রুবু র্মৃগেন্দ্রবিক্রীড়িতযূথপা ইব॥ ১৬॥

অন্বয়ঃ।

প্রবিশন্তি তথা রক্ষসাং বর্ম্মাণি ভিত্ত্বা কায়ান্ শরীরাণি আবিবিশুঃ॥ ১৪॥

ভল্লৈঃ অর্দ্ধচন্দ্রাকারবাণবিশেষৈঃ, সংছিদ্যমানানাং যক্ষাণাং চারুকুণ্ডলৈঃ (চারুণি কুণ্ডলানি যেষু তৈঃ) শিরোভিঃ হেমতালাভৈঃ সুবর্ণতালসদৃশৈঃ উরুভিঃ উৎসঙ্গৈঃ, বলয়-বল্গুভিঃ দোর্ভিঃ ভুজৈঃ, হারকেয়ূরমুকুটৈঃ মহাধনৈঃ (মহান্তি ধনানি যেষু তৈঃ) উষ্ণীষৈঃ আস্তৃতাঃ প্রকীর্ণাঃ, তাঃ রণভুবঃ বীরমনোহরাঃ (বীরাণাং মনোহরাঃ সত্যঃ) রেজুঃ শুশুভিরে ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৫॥

(হতাবশিষ্টাঃ (হতেভ্যঃ অবশিষ্টাঃ) ক্ষত্রিয়বর্য্যশায়কৈঃ (ক্ষত্রিয়বর্য্যস্য ধ্রুবস্য সায়কৈঃ) প্রায়ঃ বাহুল্যেন, বিবৃক্ণাবয়বাঃ (বিবৃক্ণাঃ সংছিন্নাঃ অবয়বাঃ যেষাং তে) ইতরে রক্ষোগণাঃ মৃগেন্দ্রবিক্রীড়িতযূথপাঃ (মৃগেন্দ্রেণ সিংহেন বিক্রীড়িতাঃ বিদ্রাবিতাঃ যূথপাঃ গজাঃ) ইব রণাজিরাৎ যুদ্ধক্ষেত্রাৎ, বিদুদ্রুবুঃ পলায়িতবন্তঃ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

বর্ম্মাণি কবচানি॥ ১৪॥
শিরঃ প্রমুখৈরাস্তৃতাঃ প্রকীর্ণা রেজুরিতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৫॥
প্রায়ো বাহুল্যেন। বিবৃক্ণাঃ সংছিন্না অবয়বা যেষাং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবন্তি ধ্রুবস্য শরাস্তু যক্ষাণাং প্রাণাপহারিণ এব যথা অশনিভির্গিরয়ো বিদীর্য্যন্তে এবেতি ব্যঞ্জিতং॥ ১৪॥ আস্তৃতা আচ্ছন্নাঃ॥ ১৫॥ ১৬॥

শরাসন-নির্ম্মুক্ত বাণসমূহ রাক্ষসগণের বর্ম্ম ভেদ করিয়া দেহমধ্যে প্রবিষ্ট হইতে লাগিল॥ ১৪॥

অর্দ্ধচন্দ্রের ন্যায় অগ্রভাগবিশিষ্ট ভল্লের আঘাতে ছিন্ন-বিচ্ছিন্ন-কলেবর যক্ষগণের চারু কুণ্ডলবিশিষ্ট মুণ্ড, সুবর্ণময় তালসদৃশ বক্ষস্থল, বলয়শোভিত বাহু, হার, কেয়ূর, মুকুট এবং মহামূল্য উষ্ণীষাদি ইতস্তত প্রকীর্ণ হইয়া, সমগ্র যুদ্ধভূমী বীরমনোজ্ঞ শোভায় শোভিত পরিদৃষ্ট হইয়াছিল॥ ১৫॥

অপশ্যমানঃ স তদাততায়িনং মহামৃধে কঞ্চন মানবোত্তমঃ।
পুরীং দিদৃক্ষন্নপি নাবিশদ্দ্বিষাং ন মায়িনাং বেদ চিকীর্ষিতং জনঃ॥ ১৭॥
ইতি ব্রুবংশ্চিত্ররথঃ স্বসারথিং যত্তঃ পরেষাং প্রতিযোগশঙ্কিতঃ।
শুশ্রাব শব্দং জলধেরিবেরিতং নভস্বতো দিক্ষু রজোঽন্বদৃশ্যত॥ ১৮॥

অন্বয়ঃ।

চিত্ররথঃ (চিত্রঃ বিচিত্রঃ রথঃ যস্য সঃ) মানবোত্তমঃ মনুবংশ্যেষু উত্তমঃ, সঃ ধ্রুবঃ, তদা মহামৃধে যুদ্ধভূমৌ, কঞ্চন অপি আততায়িনং শস্ত্রপাণিং অপশ্যমানঃ অপি পরেষাং শত্রূণাং প্রতিযোগশঙ্কিতঃ (প্রতিযোগাৎ পুনরুদ্যমাৎ শঙ্কিতঃ অতএব যত্তঃ সাবধানঃ এব মায়িনাং দ্বিষাং চিকীর্ষিতং জনঃ ন বেদ (অতঃ সাবধানমেব অবস্থাতব্যমিতি) ইতি স্বসারথিং প্রতি ব্রুবন্ পুরীং দিদৃক্ষন্ দ্রষ্টুমিচ্ছন্, আবিশৎ ইতি দ্বয়োরন্বয়ঃ। ততশ্চ জলধেঃ ঈরিতং উৎপন্নং ইব শব্দং শুশ্রাব। নভস্বতঃ বায়োঃ হেতোঃ, দিক্ষু রজঃ অনু অদৃশ্যত॥ ১৭॥ ১৮॥

শ্রীধরস্বামী।

আততায়িনং শস্ত্রপাণিং॥ ১৭॥

ইতি ব্রুবন্নিত্যত্রাপি ন মায়িনামিত্যাদেরন্বয়ঃ। চিত্ররথো ধ্রুবঃ। যত্তঃ যত্নবান্। প্রতিযোগঃ পুনরুদ্যোগঃ তস্মাচ্ছঙ্কিতঃ। নভস্বতো বায়োর্হেতোঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আততায়িনং শস্ত্রপাণিং॥ ১৭॥

ধ্রুবের অস্ত্রে যাহাদের জীবন নষ্ট হয় নাই, এইরূপ যে কয়েক জন অবশিষ্ট ছিল, তাহাদের মধ্যে কাহারও দেহ অক্ষুন্ন ছিল না; সকলের কোন না কোন অঙ্গ ছিন্ন বিচ্ছিন্ন হইয়াছিল, সন্দেহ নাই। তাহারা ধ্রুবের অস্ত্র তেজে নিতান্তই উৎপীড়িত হইয়া, কেশরীতাড়িত করিযূথের ন্যায় রণভূমি হইতে ইতস্তত পলায়ন করিল॥ ১৬॥

মনুবংশাবতংস বিচিত্ররথ বীরবাহু ধ্রুব যখন রণপ্রাঙ্গণে আর কোন অস্ত্রধারীকেই দেখিতে পাইলেন না, তখন তিনি নিজ মন্ত্রিকে বলিলেন যে, যদিও শত্রুকুল সর্ব্বতোভাবে পরাস্ত হইয়াছে বটে, তথাপি তাহাদের পুনরুদ্যোগের বিশেষ সম্ভাবনা আছে; আমাদিগের অতি সতর্কতার সহিত অবস্থান করা কর্ত্তব্য। বিশেষত ইহারা মায়াবী রাক্ষস; ইহাদের গতি লোকে কিছুতেই অবধারণ করিতে পারে না। এইরূপ উপদেশ দিয়া পুরী দর্শনার্থ যখন তিনি অগ্রসর হইলেন, তখন জলধির গভীর গর্জ্জনের ন্যায়, একটী ভীষণ শব্দ উত্থিত হইল এবং বাত্যার প্রবাহে তত্রস্থ দিক্ সমূহ ধূলায় আচ্ছন্ন হইয়া গেল॥ ১৭॥ ১৮॥

ক্ষণেনাচ্ছাদিতং ব্যোম ঘনানীকেন সর্ব্বতঃ।
বিস্ফূরত্তড়িতা দিক্ষু ত্রাসয়ৎ স্তনয়িত্নুনা॥ ১৯॥
বব্রুষু রুধিরৌঘাসৃক্ পূয়বিন্মূত্রমেদসঃ।
নিপেতু র্গগনাদস্য কবন্ধান্যগ্রতোঽনঘ।। ২০॥
ততঃ খে দৃশ্যত গিরিনি র্পেতুঃ সর্ব্বতো দিশং।
গদাপরিঘনিস্ত্রিংশমুষলাঃ সাশ্মবর্ষিণঃ॥ ২১।

অন্বয়ঃ।

বিস্ফূরত্তড়িতা (বিস্ফূরন্তঃ প্রকাশমানাঃ তড়িতঃ যস্মিন্ তেন) ত্রাসয়ৎস্তনয়িত্নুনা (ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবঃ অশনয়ঃ যস্মিন্ তেন) ঘনানীকেন সর্ব্বতঃ দিক্ষু ক্ষণেন ব্যোম আচ্ছাদিতং জাতং॥ ১৯॥

(মেঘাঃ) রুধিরৌঘাসৃক্পূয়বিন্মূত্রমেদসঃ বব্রুষুঃ; হে অনঘ! বিদুর! গগনাৎ অস্য ধ্রুবস্য অগ্রতঃ কবন্ধানি মস্তকহীনশরীরাণি নিপেতুঃ॥ ২০॥

ততঃ চ খে আকাশে, গিরিং অদৃশ্যত; তত সাশ্মবর্ষিণঃ (অশ্মসহিতং বর্ষং অস্য তস্মাৎ গিরেঃ সকাশাৎ) সর্ব্বতোদিশং গদাপরিঘনিস্ত্রিংশমুষলাঃ নিপেতুঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

বিস্ফূরন্ত্যস্তড়িতো যস্মিন্ তেন ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবোঽশনয়ো যস্মিন্॥ ১৯॥

বব্রুষু র্নিপেতুরিত্যর্থঃ। ন সৃজতি শরীরমিত্যসৃগিহ শ্লেষ্মাদি। মেধসঃ পুংস্ত্বমার্ষং। মেদাংসি অস্যাগ্রতো নিপেতুঃ॥ ২০॥

সাশ্মবর্ষিণঃ অশ্মসহিতং যদ্বর্ষং তদ্বন্তঃ॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি ন মায়িনামিতি বাক্যং ব্রুবন্ চিত্ররথো ধ্রুবঃ। অনু অনন্তরং নভস্বতো হেতোর্দিক্ষু রজঃ॥ ১৮॥ ১৯॥

ন সৃজতি শরীরমিত্যসৃক্ শ্লেষ্মাদি মেদসঃ পুংস্ত্বমার্ষং। মেদাংসি বব্রুষুর্মেঘা ইতি শেষঃ। অস্য ধ্রুবস্যাগ্রতঃ॥ ২০॥

ক্ষণকালের মধ্যে সমগ্র নভোভাগ জলদপটলে সমাচ্ছন্ন হইয়া গেল; এবং অতি ভীষণ ভাবে বিদ্যুৎ স্ফুরিত হইতে লাগিল এবং বজ্রাঘাত হইতে লাগিল।। ১৯॥

উপর হইতে রুধির, পূতি রস, পূয়, বিষ্ঠা, মূত্র ও মেদ সমস্ত নিপতিত হইতে লাগিল। হে পবিত্রচেতা বিদুর! অধিক কি! ধ্রুবের সম্মুখে মস্তকহীন অগণ্য নরকলেবর নিপতিত হইতে লাগিল।। ২০॥

ক্ষণকাল পরেই আকাশ মধ্যে একটী পর্ব্বত দেখা দিল; এবং সেই

অহয়োঽশনিনিশ্বাসা বমন্তোঽগ্নিং রুষাক্ষিভিঃ।
অভ্যধাবন্ গজা মত্তাঃ সিংহব্যাঘ্রাশ্চ যূথশঃ ॥
সমুদ্র উর্ম্মিভি ভীমঃ প্লাবয়ন্ সর্ব্বতো ভুবং।
আসসাদ মহাহ্রাদঃ কল্পান্ত ইব ভীষণঃ ॥ ২২ ॥
এবং বিধান্যনেকানি ত্রাসনান্যমনস্বিনাং।
সসৃজুস্তিগ্মগতয় আসুর্য্যা মায়য়াসুরাঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অশনিনিশ্বাসাঃ (অশনিবৎ বহ্নিজ্বালাবৎ নিশ্বাসঃ যেষাং তে) অহয়ঃ সর্পাঃ, রুষা ক্রোধেন, অক্ষিভিঃ অগ্নিং বমন্তঃ তথা মত্তাঃ গজাঃ সিংহাব্যাঘ্রাশ্চ যূথশঃ অভ্যধাবন্ ॥

উর্ম্মিভিঃ সর্ব্বতো ভুবং প্লাবয়ন্ মহাহ্রদঃ প্রচণ্ডশব্দবান্ ভীমঃ সমুদ্রঃ কল্পান্তে প্রলয়সময়ে, ভীষণঃ ভয়ঙ্করঃ ইব আসসাদ সমীপং আজগাম ॥ ২২ ॥

তিগ্মগতয়ঃ (তিগ্মা ক্রূরা গতিঃ যেষাং তে) অসুরাঃ আসুর্য্যা অসুরসম্বন্ধিন্যা মায়য়া, এবম্বিধানি অমনস্বিনাং অধীরাণাং, অনেকানি ত্রাসনানি ভয়ঙ্কারণানি, সসৃজুঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অশনিবন্নিশ্বাসা যেষাং ॥ ২২ ॥

ত্রাসনাদি ভয়ঙ্করাণি। তিগ্মা ক্রূরা গতিঃ প্রবৃত্তির্যেষাং। অসুররাক্ষসাদিশব্দৈরদূরান্তরত্বেন যক্ষাএব উচ্যন্তে ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাশ্মবর্ষিণঃ অশ্মবর্ষিণঃ। পূরুষৈঃ সহ বর্ত্তমানাঃ ॥ ২১ ॥ ২২ ॥

পর্ব্বত হইতে অসুরকুল প্রস্তর, গদা, পরিঘ, নিস্ত্রিংশ ও মুষলাদি অস্ত্রসমূহ বর্ষণ করিতে লাগিল ৷৷ ২১ ৷৷

সর্পগণ ক্রোধে যেন শ্বাসরন্ধ্র দ্বারা অনল নিক্ষেপ করিতে লাগিল। মত্ত মাতঙ্গ, সিংহ ও ব্যাঘ্রকুল ক্রোধমূর্ত্তি ধারণে দলে দলে মহারাজ ধ্রুবের অভিমুখে ধাবিত হইতে লাগিল ॥

বারিধি প্রলয়কালীন রূপ পরিগ্রহে উত্তাল তরঙ্গমালা উত্থাপিত করিয়া প্রচণ্ডশব্দে ও ভীমবেগে সমগ্র ধরাতল প্লাবিত করিয়া অগ্রসর হইতে লাগিল ৷৷ ২২ ৷৷

ক্রূর-কর্ম্মা অসুরদল আসুরী মায়ায় প্রকাশে অধীরগণের ভয়াবহ এইরূপ নানা প্রকার ভয়ের কারণ উৎপাদন করিতে লাগিল ৷৷ ২৩ ৷৷

অসুরগণ এই প্রকার ভীষণ মায়ার পরিচয়ে ধ্রুবকে বিমোহিত করিতেছে নিরীক্ষণ করিয়া, মুনিগণ তথায় উপনীত হইলেন; এবং ধ্রুবের কল্যাণ-

ধ্রুবে প্রযুক্তামসুরৈস্তাং মায়ামতিদুস্তরাং ।
নিশম্য তস্য মুনয়ঃ শমাশংসন্ সমাগতাঃ ।। ২৪ ।।
ঔত্তানপাদ ভগবাংস্তব শার্ঙ্গধন্বা দেবঃ ক্ষিণোত্ববনতার্ত্তিহরো বিপক্ষান্ ।
যন্নামধেয়মভিধায় নিশম্য বাদ্ধা লোকোঽঞ্জসা তরতি দুস্তরমঙ্গ মৃত্যুং ।। ২৫ ।।
।। * ।। ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে যক্ষমায়াধানং দশমোঽধ্যায়ঃ ।। * ।। ১০ ।। * ।।

মৈত্রেয় উবাচ ।।
নিশম্য গদতামেবমৃষীণাং ধনুষি ধ্রুবঃ ।

অন্বয়ঃ ।

অসুরৈঃ ধ্রুবে প্রযুক্তাং অতিদুস্তরাং তাং মায়াং নিশাম্য দৃষ্ট্বা, মুনয়ঃ সমাগতাঃ সন্তঃ তস্য ধ্রুবস্য, শং কল্যাণং, আশংসন্ উক্তবন্তঃ ॥ ২৪ ॥

হে উত্তানপাদ ! যস্য নামধেয়ং অভিধায় উচ্চার্য্য, নিশম্য শ্রুত্বা, লোকঃ অদ্ধা সাক্ষাৎ, অঞ্জসা অনায়াসেন, দুস্তরং মৃত্যুং তরতি হে অঙ্গ ! অবনতার্ত্তিহরঃ সঃ শার্ঙ্গধন্বা দেবঃ ভগবান্ তব বিপক্ষান্ ক্ষিণোতু নাশয়তু ॥ ২৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশমাধ্যায়ে অন্বয়ঃ সমাপ্ত ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং গদতাং বদতাং, ঋষীণাং বচনং নিশম্য শ্রুত্বা, ধ্রুবঃ উপস্পৃশ্য

শ্রীধরস্বামী।

তস্য শং কল্যাণং আশংসন্ প্রার্থিতবন্তঃ ॥ ২৪ ॥

তব বিপক্ষান্ শত্রূন্ নাশয়তু। অদ্ধা সাক্ষাৎ, অঞ্জসা সুখেনৈব মৃত্যুং তরতি ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দশমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমনস্বিনাং শৌর্য্যশূন্যানাং অসুরা অসুরতুল্যাঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

মৃত্যুং তরতি কিং যক্ষমায়াং ত্বং ন তরিষ্যসীতি নারায়ণাস্ত্রং স্মারয়ামাসুঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ * ॥

কামনায় তাঁহাকে উপদেশ প্রদানে বলিলেন ।। ২৪ ।।

হে উত্তানপাদনন্দন ! যাঁহার নাম মাত্র উচ্চারণ করিলে বা অন্যের মুখে শ্রবণ করিলে, মানব এই দুরন্ত মৃত্যুকে অতিক্রম করিয়া থাকে, হে অঙ্গ ! সেই প্রপন্নজনদুঃখহারী ভগবান্ শার্ঙ্গধন্বা তোমার বিপক্ষ পক্ষের নিধন সাধন করুন্ ।। ২৫ ।।

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।।

সন্দধেঽস্ত্রমুপস্পৃশ্য যন্নারায়ণনির্ম্মিতং ॥ ১ ॥
সন্ধীয়মান এতস্মিন্ মায়াঃ গুহ্যকনির্ম্মিতাঃ।
ক্ষিপ্রং বিনেশুর্ব্বিদুর ক্লেশা জ্ঞানোদয়ে যথা ॥ ২ ॥

অন্বয়ঃ।

আচম্য, নারায়ণনির্ম্মিতং যং নারায়ণাস্ত্রং তৎ ধনুষি সন্দধে যোজিতবান্ ॥ ১ ॥

হে বিদুর! এতস্মিন অস্ত্রে সন্ধীয়মানে সতি জ্ঞানোদয়ে (জ্ঞানস্য উদয়ে) ক্লেশাঃ (অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ) যথা বিনশ্যন্তি তথা গুহ্যকনির্ম্মিতাঃ মায়াঃ মেঘাদিরূপাঃ, শীঘ্রং বিনেশুঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

একাদশেতু যক্ষাণাং ক্ষয়ং দৃষ্ট্বা মনুঃ স্বয়ং।
আগত্য বারয়ামাস ধ্রুবং তত্ত্বোপদেশতঃ ॥ * ॥

এবং গদতাং বচনমুপদেশমিব নিশম্য উপস্পৃশ্য আচম্য। যন্নারায়ণনির্ম্মিতং নারায়ণাস্ত্রং তং সন্দধে ॥ ১ ॥

ক্লেশা রাগাদয়ো যথা ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যক্ষাণাং ক্ষয়মালক্ষ্য মনুরেকাদশে ধ্রুবং।
তদ্বধাদ্বারয়ামাস শাস্ত্রতত্ত্বোপদেশতঃ ॥ * ॥

ঋষীণাং বচঃ ॥ ১ ॥ এতস্মিন্নারায়ণাস্ত্রে ॥ ২ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! মহারথ ধ্রুব ঋষিগণের তাদৃশ উপদেশ ব্যঞ্জক হিতকর বাক্য শ্রবণ করিয়া, আচমন পূর্ব্বক স্বীয় শরাসনে নারায়ণাস্ত্র সংযোজিত করত শত্রুর অভিমুখে সন্ধান করিলেন ॥ ১ ॥

অহো! ব্রহ্মজ্ঞানের উদয়ে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক পঞ্চপর্ব্ব অবিদ্যা ক্লেশ যেমন আপনা হইতেই অন্তর্হিত হয়, সেইরূপ নারায়ণাস্ত্রের প্রতিসন্ধানে গুহ্যক-নির্ম্মিত মায়াময় মেঘাদি বিপদ্জাল তৎ-ক্ষণাৎ তিরোহিত হইয়া গেল ॥ ২ ॥

নারায়ণাস্ত্র ধ্রুবের শরাসনে যোজিত হইবা মাত্র কলহংসের ন্যায় পক্ষ-বিশিষ্ট সুবর্ণপ্রান্ত শানিতমুখ শরসমূহ চাপনির্ম্মুক্ত হইয়া, উচ্চকণ্ঠ শিখিকুল যেমন তীব্রবেগে অরণ্যমধ্যে প্রবেশ করে, তদ্রূপ ভীষণ রব করত শত্রুগণের

আভাস।

একাদশ অধ্যায়ে যক্ষগণের নিধন অবলোকন করিয়া, স্বায়ম্ভুব মনু স্বয়ং যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া তত্ত্বোপদেশ প্রদানে ধ্রুবকে যুদ্ধ হইতে নিবৃত্ত করেন; ইহাই বর্ণিত হইয়াছে ॥

তস্যার্ষাস্ত্রং ধনুষি প্রযুঞ্জতঃ সুবর্ণপুঙ্খাঃ কলহংসবাসসঃ।
বিনিঃসৃতা আবিবিশুর্দ্বিষদ্বলং যথা বনং ভীমরবাঃ শিখণ্ডিনঃ।। ৩।।
তৈস্তিগ্মধারৈঃ প্রধনে শিলীমুখৈরিতস্ততঃ পুণ্যজনা উপদ্রুতাঃ।
তমভ্যধাবন্ কুপিতা উদায়ুধা সুপর্ণমুন্নদ্ধফণা ইবাহয়ঃ।। ৪।।

অন্বয়ঃ।

আর্ষাস্ত্রং (ঋষেঃ নারায়ণাৎ উদ্ভূতং আর্ষং অস্ত্রং) ধনুষিঃ প্রযুঞ্জতঃ সংদধতঃ তস্য ধ্রুবস্য কলহংসবাসসঃ (কলহংসানাং ইব বাসাংসি পক্ষাঃ যেষাং তে) সুবর্ণপুঙ্খাঃ সুবর্ণময়াঃ পুঙ্খাঃ মূলপ্রান্তাঃ যেষাং তে) শরাঃ ভীমরবাঃ (ভীমঃ ভয়ঙ্করঃ রবঃ শব্দঃ যেষাং তে) শিখণ্ডিনঃ ময়ূরাঃ, যথা বনং বিশন্তি তথা বিনিঃসৃতাঃ সন্তঃ (দ্বিষদ্বলং দ্বিষতাং শত্রূণাং বলং সেনাং) আবিবিশুঃ ॥ ৩ ॥

তদা তৈঃ তিগ্মধারৈঃ তীক্ষ্ণাগ্রভাগৈঃ, শিলীমুখৈঃ শরৈঃ, উপদ্রুতাঃ উদ্বেজিতাঃ, অতএব কুপিতাঃ উদয়ুধাঃ (উদ্যতানি আয়ুধানি যৈঃ তে) পুণ্যজনাঃ যক্ষাঃ উন্নদ্ধফণাঃ উত্থিতফণাঃ অহয়ঃ সুপর্ণং গরুড়ং ইব প্রধানে যুদ্ধভূমৌ, তং ধ্রুবং, ইতস্ততঃ অভ্যধাবন্ সম্মুখং আগতাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ তস্যার্ষাস্ত্রং ঋষে র্নারায়ণাদুদ্ভূতমস্ত্রং প্রযুঞ্জতঃ সন্দধতঃ সতঃ সুবর্ণময়াঃ পুঙ্খা মূলপ্রান্তা যেষাং কলহংসানাং বাসাংসি পক্ষা যেষাং তে শরা বিনিঃসৃতা ইতি দ্রষ্টব্যং উপরিষ্টাৎ শিলীমুখগ্রহণাৎ ॥ ৩ ॥

প্রধনে যুদ্ধে উন্নদ্ধাঃ উচ্ছ্রিতাঃ ফণা যেষাং তে সর্পাঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্ষাস্ত্রং ঋষে র্নারায়ণস্যাস্ত্রং। পুংখাঃ মূলপ্রান্তা বাসাংসি পক্ষাঃ বিনিঃসৃতাঃ শরা ইতি শেষঃ ॥ ৩ ॥ ৪ ॥

সৈন্য মধ্যে প্রবেশ করিল ।। ৩ ।।

তীক্ষ্ণাগ্র শিলীমুখের তীব্র বেধনে প্রপীড়িত যক্ষগণ নিতান্ত কুপিত হইয়া স্ব স্ব অস্ত্র উত্তোলন পূর্ব্বক, ফণাধারণে ফণিকুলের গরুড়াভিমুখে ধাবিত হইবার ন্যায়, রণক্ষেত্রের ইতস্তত হইতে ধ্রুবের অভিমুখে ধাবিত হইল ॥ ৪ ॥

আভাস।

ভক্ত যদি ভ্রমে কোন গর্হিতাচরণ করেন, তজ্জন্য তাঁহাকে বিপন্ন হইতে হয় না। ধ্রুব বিনা কারণে নিরপরাধী যক্ষগণের প্রাণ বিনাশে অগ্রসর হইলেও, পুণ্যজন যক্ষগণ তাঁহার অনিষ্ট সাধনে সক্ষম হয় নাই। ধ্রুবের বিপক্ষে তাহাদের সকল উদ্যমই নিষ্ফল হইয়াছিল। তাহারা ধ্রুবকে নিহত করিবে বলিয়া তদভিমুখে যখন ধাবিত হইল, তখন ফণা বিস্তারে ভুজঙ্গ গরুড়াভিমুখে ধাবিত হইলে যেমন আপনাদের মৃত্যুকেই আপনারা আলিঙ্গন করে, সেইরূপ যক্ষগণও মৃত্যুমুখে পতিত হইতে লাগিল ॥ ৪ ॥

স তান্ পৃষৎকৈরভিধাবতো মৃধে নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্।
নিনায় লোকং পরমর্কমণ্ডলং ব্রজন্তি নির্ভিদ্য যমূর্দ্ধরেতসঃ॥ ৫॥
তান্ হন্যমানানভিবীক্ষ্য গুহ্যকাননাগস শ্চিত্ররথেন ভূয়সা।

অন্বয়ঃ।

সঃ ধ্রুবঃ আভিধাবতঃ অপি মৃধে যুদ্ধে, পৃষৎকৈঃ নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্ (নিকৃত্তাঃ বাহ্বাদয়ো যেষাং তান্) তান্ যক্ষান্ পরমর্কমণ্ডলং যৎ অর্কমণ্ডলং নির্ভিদ্য ঊর্দ্ধরেতসঃ ব্রজন্তি তং লোকং নিনায় প্রাপিতবান্॥ ৫॥

ভূয়সা বলিনা, চিত্ররথেন ধ্রুবেণ অনাগসঃ নিরপরাধান্, গুহ্যকান্ হন্যমানান্ অভিবীক্ষ্য

শ্রীধরস্বামী।

পৃষৎকৈর্বাণৈঃ নিকৃত্তা বাহ্বাদয়ো যেষাং তান্ পরলোকং নিনায়। কথম্ভূতং ঊর্দ্ধরেতসঃ সংন্যাসিনোঽর্কমণ্ডলং নির্ভিদ্য যং ব্রজন্তি তং॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃষৎকৈর্ব্বাণৈ নিকৃত্তবাহ্বাদীন্ তান্ পরং সত্যলোকং নিনায় যং লোকং ঊর্দ্ধরেতসঃ সন্ন্যাসিনোঽর্কমণ্ডলং নির্ভিদ্য ব্রজন্তীতি ভগবদ্ভক্তহস্তমৃত্যুতো বিশিষ্ট স্বর্গিণস্তে বভূবুঃ। আব্রহ্ম ভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন ইতি শ্রীগীতোক্তে রাবর্ত্তিষান্ত এব তে। নতু সন্ন্যাসিসাহচর্য্যেব তেষাং মুক্তি র্ব্যাখ্যেয়া। স্বয়ং ভগবন্তং শ্রীকৃষ্ণং বিনা

সমবেত শত্রুকুল মারণাভিপ্রায়ে নিজের অভিমুখে আগত নিরীক্ষণ করিয়া, মহারথ ধ্রুব অস্ত্রের প্রহারে তাহাদিগের বাহু উরু মস্তক ও গলদেশ নিকৃন্তন পূর্ব্বক ঊর্দ্ধরেতা সন্ন্যাসিগণ সূর্য্যমণ্ডল অতিক্রম করত যে পরম স্থানে গমন করেন, তাহাদিগকে নিধন করিয়া সেই পরমলোকে প্রেরণ করিলেন॥ ৫

বিপুলবিক্রম মহাধনুর্দ্ধর চিত্ররথ ধ্রুব নিরপরাধী যক্ষগণকে এইরূপে নিহত করিতেছেন অবলোকন করিয়া, পিতামহ মনু সাতিশয় দুঃখিত হইলেন; এবং যক্ষগণের উপর অনুগ্রহ প্রকাশে ঋষিগণকে সমভিব্যাহারে

আভাস।

ভক্তের হস্তে নিহত হইলেও শ্রেয়ো লাভ হয়। যক্ষগণ ধ্রুবের অস্ত্রে নিহত হইয়া, সূর্য্য-লোকেরও অতীত পরম স্থানে গমন করিলেন। ঊর্দ্ধরেতা সন্ন্যাসিগণই এরূপ স্থানে গমন করিয়া থাকেন। ইহাতে যদিও তাঁহারা মুক্তি লাভ করেন নাই বটে, তথাপি ধ্রুবের প্রসাদে স্বর্গবাসী যে হইয়াছিলেন, তাহাতে আর সন্দেহ নাই। কারণ পরমেশ্বর নারায়ণ ব্যতীত জীবকে কেহ মুক্তিপদ দিতে পারেন না॥ ৫॥

যক্ষগণের এইরূপ দুরাবস্থা দর্শনে পিতামহ মনুর হৃদয়ে সাতিশয় দয়ার উদ্রেক হইল; তিনি নিজ পৌত্র ধ্রুবকে এই দারুণ কর্ম্ম হইতে নিবৃত্ত করিবার চেষ্টা করিলেন। কিন্তু

ঔত্তানপাদিং কৃপয়া পিতামহো মনুর্জগাদোপগতঃ সহর্ষিভিঃ ॥ ৬ ॥

মনুরুবাচ ॥

অলং বৎসাতিরোষেণ তমোদ্বারেণ পাপ্মনা।

যেন পুণ্যজনানেতানবধীস্ত্বমনাগসঃ ॥

নাস্মৎকুলোচিতং তাত কর্ম্মৈতৎ সদ্বিগর্হিতং।

বধো যদুপদেবানামারব্ধস্তেঽকৃতৈনসাং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

কৃপয়া করুণয়া মহর্ষিভিঃ সহ উপগতঃ সমীপং আগতঃ পিতামহঃ মনুঃ ঔত্তানপাদিং ধ্রুবং, জগাদ উবাচ ॥ ৬ ॥

মনুঃ উবাচ। হে বৎস! যেন ত্বং অনাগসঃ নিরপরাধান্, অপি এতান্ পুণ্যজনান্ অবধীঃ তেন তমোদ্বারেণ (তমসঃ নরকস্য দ্বারভূতেন) অতএব পাপ্মনা পাপজনকেন, রোষেণ অলং পূর্ণং, পুনঃ সঃ রোষঃ ন কার্য্যঃ ॥

তে ত্বয়া অকৃতৈনসাং (ন কৃতং এনঃ পাপং অপরাধঃ যৈঃ তেষাং) উপদেবানাং যক্ষাণাং, যং বধঃ আরব্ধঃ তৎ এতৎ সদ্বিগর্হিতং (সদ্ভিঃ বিগর্হিতং নিন্দিতং কর্ম্ম) হে তাত! অস্মৎ-কুলোচিতং ন ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অনাগসো নিরপরাধান্ ॥ ৬ ॥ তমসো নরকস্য দ্বারেণ যেন রোষেণ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংগ্রামমৃতানাং কালনেম্যাদীনামবতারান্তরেভ্যোঽপি মোক্ষাদর্শনাৎ ॥ ৫ ॥ ৬ ॥

উপদেবানাং যক্ষাণাং ॥ ৭ ॥

লইয়া রণক্ষেত্রে স্বয়ং উপনীত হইলেন এবং উত্তানপাদনন্দন ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৬ ॥

হে বৎস! তুমি যে, এই পুণ্যজন যক্ষগণকে বিনা অপরাধে বধ করিতেছ, তাহাতে তুমি অপরাধী হইতেছ, সন্দেহ নাই। এইরূপ নিরর্থক ক্রোধ প্রকাশে তোমার অজ্ঞান-মূলক নরকেরই দ্বার উদ্ঘাটিত হইতেছে। অতএব যথেষ্ট হইয়াছে; এক্ষণে ক্ষান্ত হও! ॥

দেখ! সাধুগণ কখন নিরপরাধীকে নিহত করেন না; এই সমস্ত যক্ষকুল কিছু তোমার কোনরূপ বিপরীতাচরণ করেন নাই; তখন তুমি

আভাস।

পাছে ধ্রুব তাঁহার বাক্যে কিঞ্চিন্মাত্র অনাস্থা প্রদর্শন করেন, এই ভয়ে ভক্ত ধ্রুবের ভক্তির পাত্র ঋষিবৃন্দকে নিজ সমভিব্যাহারে লইয়া সেই রণক্ষেত্রে উপস্থিত হইলেন ॥ ৬ ॥

নম্বেকস্যাপরাধেন তৎসঙ্গাদ্বহবো হতাঃ।
ভ্রাতুর্বধাভিতপ্তেন ত্বয়াঙ্গ ভ্রাতৃবৎসল॥ ৮॥
নায়ং মার্গো হি সাধূনাং হৃষীকেশানুবর্ত্তিনাং।

অন্বয়ঃ।

হে অঙ্গ ভ্রাতৃবৎসল! ভ্রাতুঃ বধাভিতপ্তেন ত্বয়া একস্য ত্বদ্ভ্রাতৃহন্তুঃ যক্ষস্য অপরাধেন তৎসঙ্গাৎ বহবঃ নিরপরাধিনঃ যক্ষাঃ এব হতাঃ॥ ৮॥

যৎ পরাগ্ বহির্ভূতং, আত্মানং দেহং, (প্রত্যগ্‌ভূতং) গৃহ্য মত্বা, পশুবৎ ভূতবৈশসং

শ্রীধরস্বামী।

ননু মদ্ভ্রাতৃহন্তারঃ কথমকৃতৈনসঃ অত আহ নম্বিতি॥ ৮॥

সত্যপ্যপরাধে চৈতদুচিতং ন ভবতীত্যাহ নায়মিতি। পরাগ্‌গৃহ্য পরাগ্‌ভূতং দেহমাত্মানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু নিশ্চিতমেকস্য ত্বদ্ভ্রাতৃহন্তু র্যক্ষস্যাপরাধেন তৎসঙ্গাৎ তৎসঙ্গহেতোরিত্যর্থঃ॥ ৮॥

ব্যাবহারিক-স্নেহপারবশ্যাং ভক্তানামনুচিতং কিং পুন স্তেন পরহিংসেত্যাহ নায়মিতি। যদাত্মানং দেহং পরাগ্‌গৃহ্য পরাগ্‌ভূতমপি আত্মত্বাভিমানেন গৃহীত্বা পশবো যথা দেহসম্বন্ধেনা-

ইহাদিগকে বধ করিলে, লোকে তোমাকে নিন্দা করিবে; এবং এরূপ কর্ম্ম আমাদের কুলোচিত ধর্ম্ম কখনই নহে॥ ৭॥

তুমি ভ্রাতা উত্তমের নিধনেই সাতিশয় উত্তেজিত হইয়া, ঈদৃশ কর্ম্মে অগ্রসর হইয়াছ সত্য! কিন্তু তোমার বিবেচনা করা কর্ত্তব্য যে, একের অপরাধে অন্যে কখন দণ্ডনীয় নহে; একজন যক্ষ তোমার ভ্রাতাকে বিনাশ করিয়াছে বলিয়া, তুমি কোন্ বিবেচনায় অদ্য সমগ্র যক্ষকুলকে নির্ম্মূলিত করিতে অগ্রসর হইয়াছ?॥ ৮॥

দেখ! যাহারা জ্ঞানহীন মূর্খ, কেবল দেহকেই পরমার্থ বোধে চিন্তা করে, তাহারা দেহসম্বন্ধীয় স্বার্থের অনুরোধে পশুর ন্যায় প্রাণিসমূহের

আভাস।

মনু ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক প্রথমত হিংসাকার্য্যের দোষ প্রদর্শন করাইলেন। অর্থাৎ ধ্রুবের ন্যায় নিষ্পাপ হৃদয়ে হিংসাবৃত্তির প্রশ্রয়ে পাপের অবসর দেওয়া ভাল হয় নাই। দ্বিতীয়ত পাপীর প্রতি দণ্ডবিধানই রাজার কর্ত্তব্য; নিরপরাধীর প্রতি অন্যায় আচরণ করায়, বিশেষ পাপেরই সম্ভাবনা। এস্থলে, এক জন যক্ষ উত্তমকে নিহত করিয়াছিল বলিয়া, সকল যক্ষ অপরাধীরূপে কখনই গণনীয় নহে। অতএব কেবল ভ্রাতৃস্নেহের অনুরোধে যাবতীয় যক্ষের প্রাণবিনাশ করা ধ্রুবের ন্যায় সংযতচেতা ব্যক্তির কখনই কর্ত্তব্য হয় নাই। বিশেষত এরূপ স্নেহের বশীভূত হওয়াও জ্ঞানবান্ ভক্তের অবিধেয়। যাহারা কেবল দেহকে সর্ব্বস্বধন

যদাত্মানং পরাগ্ গৃহ্য পশুবদ্ভূতবৈশসং ॥ ৯ ॥
সর্ব্বভূতাত্মভাবেন ভূতাবাসং হরিং ভবান্।
আরাধ্যাপ দুরারাধ্যং বিষ্ণোস্তৎ পরমং পদং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

(ভূতানাং প্রাণিনাং বৈশসং হিংসনং) সোঽয়ং হৃষীকেশানুবর্ত্তিনাং (হৃষীকাণি ইন্দ্রিয়াণি তেষাং ঈশঃ নিয়ন্তা, তদনুবর্ত্তিনাং) সাধূনাং হি মার্গঃ ন ভবতি ॥ ৯ ॥

সর্ব্বভূতাত্মভাবেন (সর্ব্বেষাং ভূতানাং স্থাবরজঙ্গমানাং আত্মত্বেন) ভূতাবাসং (ভূতেষু আবসতীতি তং) দুরারাধ্যং হরিং আরাধ্য যঃ ভবান্ বিষ্ণোঃ তং পরমং পদং আপ প্রাপ্তবান্ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

গৃহীত্বা পশবো যথা দেহাভিমনাদন্যোন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি যং ॥ ৯ ॥

ত্বঞ্চ বালো সাধুঃ সন্নিদানীং কথমন্যথা কৃতবানিত্যাহ সর্ব্বভূতাত্মভাবেনেতি দ্বাভ্যাং ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যোঽন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি। যং ছন্দসি ক্লোপপ্। পরাগৃহ্যেতি পাঠে পরেতি নিষেধার্থকং। জীবাত্মানমগৃহীত্বেত্যর্থঃ ॥ ৯ ॥

তবতু ভক্তেষপ্যতিশ্রেষ্ঠস্যৈতদত্যন্তমনুচিতমিত্যাহ দ্বাভ্যাং। সর্ব্বেষু ভূতেষাত্মনঃ স্বস্যৈব ভাবো ভাবনা তেন ॥ ১০ ॥

প্রাণবধে অগ্রসর হয়, হউক্! ইন্দ্রিয়াধিষ্ঠাতা ভগবান্ হৃষীকেশের অনুগত তদীয় ভক্ত সাধুগণের আচরণ কখন এরূপ হওয়া সঙ্গত নহে ॥ ৯ ॥

স্থাবর জঙ্গমাত্মক যাবতীয় ভূতের অন্তরে ভগবান্ জনার্দ্দন অধিষ্ঠিত আছেন; ভূতসম্বন্ধে পরস্পরের মধ্যে প্রকৃত প্রস্তাবে কোন ভেদ নাই। তুমি যখন সেই সকলের দুরারাধ্য ভগবান্ জনার্দ্দনের আরাধনার দ্বারা তাঁহার পরম পদ লাভ করিয়াছ ॥ ১০ ॥

আভাস।

ও আত্মা বলিয়া জানে, তাহারাই সেই দেহের রক্ষাবিধানার্থ পশুহিংসা ও ভূতদ্রোহাদি করিয়া থাকে বটে; কিন্তু জ্ঞানবান্ ঈশ্বরপরায়ণ ব্যক্তির পক্ষে এরূপ কার্য্য কখনই সঙ্গত নহে ॥ ৭—৯ ॥

তুমিও সাধারণ ব্যক্তি নহ! কারণ দুরারাধ্য ভগবানকে আরাধনার বলে সন্তুষ্ট করিয়াছ! এবং তাঁহার নিকট হইতে যখন দুর্ল্লভ বৈষ্ণবপদবী লাভ করিয়াছ, তখন বিষ্ণুকে আরাধনার যে পথ, তাহা বিলক্ষণ অবগত আছ। কারণ ভগবানকে আরাধনা করিব মনে করিলেই, আরাধনা করা হয় না; এবং কেবল তাঁহার আরাধনাতেই আরাধনা পূর্ণ হয় না। কারণ "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি"। এই গীতাবাক্য অনুসারে এবং "একো দেবঃ

স ত্বং হরেরনুধ্যাতস্তৎপুংসামপি সম্মতঃ।
কথং ত্ববদ্যং কৃতবাননুশিক্ষন্ সতাং ব্রতং ॥ ১১ ॥
তিতিক্ষয়া করুণয়া মৈত্র্যা চাখিলজন্তুষু।

অন্বয়ঃ।

সঃ হরেঃ অনুধ্যাতঃ (স্বকীয়ত্বেন চিন্তিতঃ) তৎপুংসাং ভগবদ্ভক্তানাং সম্মতঃ ত্বং সতাং নারদাদীনাং, ব্রতং আচরণং, অনুশিক্ষন্ কথং তু অবদ্যং নিন্দ্যং কর্ম্ম কৃতবান্ ॥ ১১ ॥

(দ্বিষৎসু) তিতিক্ষয়া তৎকৃততিরস্কারসহনেন, (হীনেষু) করুণয়া, (সমেষু) মৈত্র্যা অখিল-

শ্রীধরস্বামী।

অনুধ্যাতঃ হৃদিস্থিতঃ তৎপুংসাং হরিদাসানামপি সাধুত্বেন সম্মতঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেরনুধ্যাতঃ অনু নিরন্তরং ধ্যাতং ধ্যানং যস্মিন্ সঃ॥ বাৎসল্যাদ্ধরিণাপি স্মর্য্যমাণ ইত্যর্থঃ। তৎপুংসাং নারদাদীনামপি কৃপাপাত্রীভূতঃ ॥ ১১ ॥

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া, নীচেষু করুণয়া, সমেষু মৈত্র্যা, এবং অখিলজন্তুষু সমত্বেন স্বতুল্যহর্ষশোকক্ষুৎপিপসাদিমত্ত্বভাবনয়া। যদুক্তং আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং

নারায়ণ তোমাকে যখন স্বকীয় ভক্ত বলিয়া গ্রহণ করিয়াছেন এবং ভগবদ্ভক্তগণও তোমার গৌরব করিয়া থাকেন; বিশেষত নারদাদি সাধু ব্যক্তিগণের সদুপদেশে তুমি যখন উপদিষ্ট, তখন এরূপ শিষ্টবিগর্হিত কার্য্য কেন করিতেছ ? ॥ ১১ ॥

দেখ ! প্রবল শত্রুগণের তিরস্কারাদিকে সহ্য করিয়া, সমতুল্য ব্যক্তিগণের প্রতি সৌহার্দ্দ প্রদর্শন করিয়া এবং হীন ব্যক্তির প্রতি করুণা বিতরণের দ্বারা

আভাস।

সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বসাক্ষী সর্ব্বভূতান্তরাত্মা, ইত্যাদি শ্রুতি অনুসারে স্পষ্টই প্রকাশ যে, ভগবান্ সর্ব্বভূতের হৃদয়ে অবস্থিতি করিতেছেন। "দেহো দেবালয়ঃ প্রোক্তো জীবো দেবঃ সদাশিবঃ" জীবদেহ ভগবানের আবাস-মন্দির এবং দেহাভ্যন্তরস্থ জীবই ভগবানের অংশ স্বরূপ।অতএব ভগবানকে আরাধনা করিতে হইলে, ভূতমাত্রকে নিজের স্বরূপে অবলোকন করিতে হয়। কিন্তু তুমিই সেই সংসারের দারুণ ভেদবুদ্ধিকে বিস্মৃত হইয়া, সকল ভূতকে নিজের তুলনায় চিন্তা করিয়া আসিয়াছ ; এবং সাধুশিরোমণি দেবর্ষি নারদের উপদেশকে আশ্রয় করিয়া, ভগবান্ বাসুদেবকে নিরন্তর হৃদয়পদ্মে চিন্তা করিয়া আসিতেছ। কিন্তু, কি দুঃখের বিষয় ! তোমার ন্যায় তাদৃশ ঈশ্বরপরায়ণ ব্যক্তির দ্বারাও এরূপ লোকবিগর্হিত কর্ম্মও আচরিত হইল ? ॥ ১০ ॥ ১১ ॥

সাধুগণ কিরূপ সদাচারের অনুষ্ঠানে যে ভগবানের প্রসন্নতা লাভ করেন, তাহাই এই

সমত্বেনচ সর্ব্বাত্মা ভগবান্ সংপ্রসীদতি ॥ ১২ ॥
সংপ্রসন্নে ভগবতি পুরুষঃ প্রাকৃতৈ গু ণৈঃ।
বিমুক্তো জীবনির্ম্মুক্তো ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

জন্তষু (অখিলেষু জন্তষু) সমত্বেন চ সর্ব্বাত্মা ভগবান্ সম্প্রসীদতি ॥ ১২ ॥

ভগবতি সংপ্রসন্নে সতি পুরুষঃ প্রাকৃতৈঃ রজঃসত্ত্বতমোভিঃ, গুণৈঃ বিমুক্তঃ অতএব জীব-নির্ম্মুক্তঃ (জীবেন লিঙ্গদেহেন নির্ম্মুক্তঃ সন্) নির্ব্বাণং সংসারাতীতং ব্রহ্ম ভগবন্তং ঋচ্ছতি প্রাপ্নোতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া নীচেষু করুণয়া সমানেষু মৈত্র্যা অখিলজন্ত সমত্বেনচ ॥ ১২ ॥

ততঃ কৃতার্থো ভবতীত্যাহ। সংপ্রসন্নে সতি গুণৈর্বিমুক্তঃ অতএব তৎকার্য্যেণ জীবেন লিঙ্গশরীরেণ নির্ম্মুক্তঃ সন্ নির্ব্বাণং সুখাত্মকং ব্রহ্ম প্রাপ্নোতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পশ্যতি যোঽর্জ্জুন। সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মত ইতি। সর্ব্বাত্মেতি সর্ব্বভূতেষু তুষ্যৎসু ভগবত্তোষোঽনুমেয় ইত্যর্থঃ ॥ ১২ ॥

জীবেন লিঙ্গশরীরেণ নির্মুক্তঃ ব্রহ্মনির্বাণং জ্ঞানী চেৎ সাযুজ্যং ভক্তশ্চেৎ অধোক্ষ-জালম্বনকং দাস্যং অধোক্ষজালম্বনমিহেত্যত্র তদ্ব্রহ্মনির্ব্বাণসুখং বিদুর্বুধা ইতি প্রহ্লাদোক্তে স্তদা প্রাকৃতৈগু ণৈর্বিমুক্তঃ অপ্রাকৃতৈস্ত বিশিষ্ট ইত্যর্থঃ ॥ ১৩ ॥

সর্ব্বাত্মা ভগবানের প্রসন্নতা লাভ করিতে হয়। ১২ ॥

ভগবান্ যদি সুপ্রসন্ন হন, তবেই পুরুষ সত্ত্বাদি গুণত্রয়ের কুহক হইতে অব্যাহতি লাভ করে এবং লিঙ্গদেহ হইতে নির্ম্মুক্তিলাভে সংসারের অতীত ব্রহ্মপদ প্রাপ্ত হয়, সন্দেহ নাই ॥ ১৩ ॥

আভাস।

শ্লোকে বর্ণিত হইয়াছে। শত্রুকৃত অপমানকে সহ্য করা, দীনজনের প্রতি করুণা করা, সমতুল্য ব্যক্তির প্রতি মিত্রতা করা এবং ভূতমাত্রের প্রতিই আত্মসমতুল্যতা জ্ঞান করাই চিত্ত-প্রসাদনের প্রধান উপায়। যেমন স্বচ্ছ সলিলে সূর্য্যের প্রতিবিম্ব স্পষ্টত প্রতীত হয়, সেইরূপ প্রসন্নচিত্তেই ভগবৎস্বরূপের সাক্ষাৎকার হইয়া থাকে ॥

ভগবানের সাক্ষাৎকার লাভ হইলে, মায়া আর স্বীয় প্রতাপের পরিচয় দিতে পারেন না; জীবও লিঙ্গদেহরূপ জীবত্বের উপাধি পরিহারে নির্ব্বাণস্বরূপ ব্রহ্মপদবী লাভ করিয়া থাকে ॥ ১২ ॥ ১৩ ॥

মনু বলিলেন, হে ধ্রুব! ভ্রাতৃহন্তা বলিয়াও যদি তোমার মনে কোন বিকার উপস্থিত

ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈ র্যোষিৎ পুরুষ এবহি।
তয়োর্ব্যবায়াৎ সম্ভূতি র্যোষিৎপুরুষয়োরিহ ॥ ১৪ ॥
এবং প্রবর্ত্ততে সর্গঃ স্থিতিঃ সংযম এবচ।

অন্বয়ঃ।

পঞ্চভিঃ ক্ষিত্যাদিভিঃ ভূতৈঃ আরব্ধৈঃ দেহাদ্যাকারেণ পরিণতৈঃ, যোষিৎ পুরুষশ্চ ব্যবস্ক্রিয়তে; তয়োঃ সকাশাৎ এব পুনঃ হি স্ত্রিপুংসয়োঃ সম্ভূতিঃ জন্ম ভবতি ॥ ১৪ ॥

হে রাজন্! এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পরমাত্মনঃ মায়য়া গুণব্যতিকরাৎ (গুণানাং ন্যূনাধিক-

শ্রীধরস্বামী।

ভ্রাতৃহন্তৃত্বমঙ্গীকৃত্যোক্তমিদানীন্তু নাত্মনো ভ্রাতৃপুত্রাদিসম্বন্ধঃ। নচান্যোন্যং হন্তৃত্বাদিকমপীত্যাহ দশভিঃ। ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈঃ দেহাদ্যাকারেণ পরিণতৈঃ। যোষিৎ পুরুষশ্চেতি প্রসিদ্ধিঃ। তয়োর্ব্ব্যবায়াৎ মৈথুনাৎ সংভূতিরন্যয়োর্যোষিৎপুরুষয়োরিহ সংসারে ভবতি ॥ ১৪॥

এবং তাবৎ সর্গঃ প্রবর্ত্ততে এবং পালকাকারেণ পরিণতৈর্ভূতৈরেব স্থিতিঃ। হন্তৃদেহাকার-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্তুনি বিচার্য্যমাণে তু কঃ কস্য হন্তা বধ্যো বেত্যাহ দশভিঃ। ভূতৈঃ পৃথিব্যাদিভিরারব্ধৈর্দেহৈর্যোষিৎ পুরুষশ্চ তয়োর্ব্যবায়াদন্যয়োর্যোষিৎপুরুষয়োঃ সংভূতি রুৎপত্তি র্ভবতি ॥ ১৪ ॥

এবং ভূতৈ র্যথা সর্গঃ প্রবর্ত্ততে তথা তৈরেব পিতৃমাত্রাদ্যাকারৈঃ স্থিতিঃ পালনং তৈরেব

দেখ! ক্ষিত্যাদি ভূতপঞ্চকই দেহরূপে পরিণত হইয়া, পুরুষ ও নারীর বেশ ধারণ করে; আবার সেই স্ত্রীপুরুষের সহবাসেই অপর স্ত্রী ও পুরুষের উৎপত্তি হইয়া থাকে ॥ ১৪ ॥

হে নরনাথ! সেই পরমাত্মার মায়াপ্রভাবেই গুণত্রয়ের বৈষম্য উপস্থিত

আভাস।

হইয়া থাকে, তাহাও অন্যায়। কারণ দেহনিষ্ঠত্ব সম্বন্ধে আত্মা কখন সংস্পৃষ্ট থাকেন না। এবং কেহ যে কাহাকেও বধ করে, তাহাও সঙ্গত নহে। আত্মা অজর অমর সনাতন এবং বিভু পদার্থ। দেহসম্বন্ধেও পরস্পরে কোন ভেদ নাই। কারণ দেহের উপাদান ভূতপঞ্চক সকল দেহেই সমানরূপে বিদ্যমান; পঞ্চভূতের মিলনে দেহ উৎপন্ন হইয়া পুরুষ ও যোষিৎ নামে অভিহিত হইয়া থাকে মাত্র। পুনরায় এই উভয়বিধ দেহের সংস্রবে অভিনব পুরুষ ও যোষিতের উৎপত্তি হইয়া থাকে। অতএব আত্মা ও দেহসম্বন্ধে পরস্পরে কোন ভেদ নাই। সুতরাং ভূতপঞ্চকের দ্বারা সৃষ্টি, মাতা ও পিতারূপে পালন এবং ব্যাঘ্র ও চৌরাদিরূপে যে সংহার ক্রিয়া আমরা জগতে দেখিতেছি, সেই সকল মূলে ভূতভাবন ভগবানের মায়াগুণের বৈষম্যে মাত্র ঘটিয়া থাকে। কারণ রজোগুণে সৃষ্টি, সত্ত্বগুণে পালন এবং তমোগুণে সংহার ধারাবাহিকরূপে চলিয়া আসিতেছে। অবশ্য, এই গুণত্রয়ের নিয়ামকরূপে এক কালকে অবলম্বন করা যায় বটে, কিন্তু সে কালও ভগবানের চেষ্টাশক্তির বিকাস মাত্র। জ্ঞান-

গুণব্যতিকরাদ্রাজন্ মায়য়া পরমাত্মনঃ ॥ ১৫ ॥
নিমিত্তমাত্রং তত্রাসীন্নির্গুণঃ পুরুষর্ষভঃ।
ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং যত্র ভ্রমতি লৌহবৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ

ভাবাং (রজসঃ ঔৎকট্যে) সর্গঃ (সত্ত্বস্যঔৎকট্যে) স্থিতিঃ (তমসঃ ঔৎকট্যে) সংযমঃ এব চ প্রবর্ত্ততে ॥ ১৫ ॥

লৌহবৎ (অয়স্কান্তসন্নিধানমাত্রেণ অচেতনমপি লৌহং যথা প্রবর্ত্ততে তদ্বৎ) যত্র যস্মিন্ পরমাত্মনি নিমিত্তে সতি ইদং ব্যক্তাব্যক্তং স্থূলসূক্ষ্মাত্মকং কার্য্যকারণাত্মকং, বিশ্বং ভ্রমতি কার্য্যাদৌ পরিবর্ত্ততে সঃ পুরুষর্ষভঃ পুরুষোত্তমঃ, তত্র সর্গাদৌ নিমিত্তমাত্রং আসীৎ (তত্র তস্য আসক্তিঃ প্রয়াসো বা ন ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

পরিণতৈঃ সংযমঃ সচ পরমাত্মনো মায়য়া গুণানাং ব্যতিকরান্নতু স্বতঃ ॥ ১৫ ॥

নমু দেহানাং জড়ানাং গুণানাংবা কথং সর্গাদিহেতুত্বং তত্রাহ নিমিত্তমাত্রং পুরুষর্ষভঃ ঈশ্বরঃ যত্র যস্মিন্ নিমিত্তে সতি কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি পরিবর্ত্ততে যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লৌহং পরিবর্ত্ততে তদ্বৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দস্যুব্যাঘ্রসর্পাদ্যাকারৈঃ সংযমো নাশশ্চ। তত্র কিঞ্চ পরমাত্মনো মায়য়া গুণব্যতিকরাদেব নতু স্বতঃ। রজসা সর্গঃ। সত্ত্বেন স্থিতিঃ। তমসাহঙ্কার ইত্যর্থঃ ॥ ১৫ ॥

নমু জড়ানাং যোষিৎপুরুষাদিদেহানাং গুণানাং বা চৈতন্যাধিষ্ঠানং বিনা কথ সর্গাদিহেতুত্বং তত্রাহ। নিমিত্তমাত্রং পুরুষর্ষভ ঈশ্বরোঽধিষ্ঠাতা যত্র যস্মিন্নিমিত্তে সতি কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি জড়মপি চেতনীভবৎ দেবমনুষ্যাদিরূপেণ তথা তথা পরিবর্ত্ততে। যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লোহং নিশ্চেষ্টমপি সচেষ্টং ভবতি ॥ ১৬ ॥

হইয়া রজোগুণের উৎকর্ষে সৃষ্টি, সত্ত্বের প্রাবল্যে পালন এবং তমোগুণের আধিক্যে ধ্বংস পর্য্যায়ক্রমে ঘটিয়া থাকে ॥ ১৫ ॥

অয়স্কান্তের সন্নিধানে অচেতন লৌহও যেমন ক্রিয়াশক্তির বিকাসে চঞ্চল হয়, সেইরূপ যে পরমাত্মা কেবল নিমিত্তমাত্র রূপে অবস্থান করিলেই এই স্থূল সূক্ষ্মাত্মক বিশ্ব সংসার কার্য্যে পরিণত হইতেছে, সেই পুরুষশ্রেষ্ঠ ভগবান্ সৃষ্ট্যাদি সম্বন্ধে কেবল নির্লিপ্ত ও নিমিত্তমাত্র; ইহাতে তাঁহার আসক্তি বা কণামাত্র প্রয়াসও নাই ॥ ১৬ ॥

আভাস।

স্বরূপ পূর্ণব্রহ্মের কোন পরিণাম হয় না; তাহার ঈক্ষণে তদীয় শক্তি মায়া পরিণত হয়। ভগবান্ অনাসক্তভাবে সর্ব্বত্র অনুস্যূত থাকেন; কর্ত্তা বা ভোক্তা কখন হন না। সাক্ষী,

স খল্বিদং ভগবান্ কালশক্ত্যা গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যং।
করোত্যকর্ত্তৈব নিহন্ত্যহন্তা চেষ্টা বিভূম্নঃ খলু দুর্ব্বিভাব্যা॥ ১৭॥

অন্বয়ঃ।

কালশক্ত্যা গুণপ্রবাহেণ সৃষ্ট্যাদিনিমিত্তেন কালাখ্যয়া স্বশক্ত্যা, বিভক্তবীর্য্যঃ (বিভক্তং বীর্য্যং রজ আদি শক্তি র্যস্য সঃ) ভগবান্ খলু ইদং বিশ্বং অকর্ত্তা এব করোতি অহন্তা এব নিহন্তি। বিভূম্নঃ মহত্তমস্য, ভগবতঃ চেষ্টা লীলা খলু দুর্বিভাব্যা অচিন্ত্যা এব॥ ১৭॥

শ্রীধরস্বামী।

নমু স চেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবেৎ অত আহ স খল্বিতি। কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং সৃষ্ট্যাদিবিষয়ং বীর্য্যং শক্তির্যস্য। নমু কালোহপি গুণান্ যুগপদেব ক্ষোভয়তু তত্রাহ চেষ্টা কালশক্তিঃ দুর্ব্বিভাব্যা অচিন্ত্যা॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু সচেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবতু। মৈবং রজঃ সত্ত্বতমসাং কালশক্ত্যা ক্রমেণৈব ক্ষোভো ভবতি নতু যুগপদতঃ ক্রমেণৈব সর্গাদিত্রয়ং ভবতীত্যাহ স খল্বিতি কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং আত্মনঃ সকাশাৎ বিভক্তীকৃতং বীর্য্যং চিদাভাসং জীবশক্ত্যাত্মকং মায়াশক্তিপ্রবিষ্টং যস্য সঃ। করোতীতি গুণকালজীবানাং শক্তিত্বেন তদ্ভেদাভাবাৎ সএবোপাদানকারণং সএব নিমিত্তকারণঞ্চেত্যর্থঃ। অকর্ত্তেতি তেষাং গুণাদীনাং স্বরূপভূতত্বাভাবাৎ। এবং নিহন্তাহন্তেত্যপি নমু বিশ্বং কিমর্থং করোতি সদৈব বা কিং ন করোতি বিষমং বা কিং করোতীতি। সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ চেষ্টা দুর্বিভাব্যা অতর্ক্যা বিভূম্নো বিভুত্বাদিতি। এতদেব তস্য বিভুত্বমিত্যর্থঃ॥ ১৭॥

তাঁহার কালশক্তির উদয়ে সৃষ্টির উদ্বোধন হইয়া, যখন তাঁহাতে শক্তিরূপে গুণত্রয়ের বৈষম্য উপস্থিত হয়, তখন তিনি অকর্ত্তা হইলেও সৃষ্টি করেন এবং অহন্তা হইয়াও নিধন করেন। সেই মহামহিমান্বিত ভগবানের লীলা চিন্তার অতীত॥ ১৭॥

আভাস।

চেতা কেবল ও নির্গুণভাবেই নিত্য প্রতিষ্ঠিত আছেন॥ ১৪—১৬॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, পরমাত্মা যদি সংসারের নিমিত্তকারণ হন, তাহা হইলে সৃষ্টি, স্থিতি ও সংহাররূপ কার্য্যত্রয় একত্র এক সময়েই ঘটিতে পারে; এবং উক্ত ত্রিবিধ কার্য্যের পরস্পর বৈসাদৃশ্যে সৃষ্টিকালে সংহার এবং সংহারকালে সৃষ্টি এবং সংহারকালে পালন ও পালনকালে সংহার আসিয়া সমগ্র কার্য্যের কেন 'বিশৃঙ্খলতা জন্মায় না? তদুত্তরে প্রকাশ করিয়াছেন যে, ভগবানের কালশক্তির দ্বারা রজঃ সত্ত্ব ও তমোগুণের ব্যাপার ক্রমান্বয়েই ঘটিয়া থাকে; একত্র কখন ঘটে না। সেই সর্ব্বৈশ্বর্য্য-

সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ।
জনং জনেন জনয়ন্ মারয়ন্ মৃত্যুনান্তকং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

কালঃ অপি সঃ অনাদিঃ জন্মরহিতঃ, অব্যয়ঃ ক্ষয়াদিরহিতঃ অনন্তঃ এব। জনেন পিত্রাদিনা, জনং পুত্রাদিং, জনয়ন্ আদিকৃৎ সৃষ্টিকর্ত্তা, অন্তকং ব্যাঘ্রাদিকং, মৃত্যুনা মারয়ন্ অন্তকরঃ সংহারকঃ চ ভবতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

ননু পিত্রাদিঃ সৃজতি, নিহন্তিচ চৌরাদি র্নতু ঈশ্বর স্তত্রাহ স ইতি। জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্নাদিকৃৎ, অন্তকং চৌরাদিকং তন্মৃত্যুহেতুনা মারয়ন্নন্তকরঃ স্বয়ন্ত অনন্তঃ অনাদিঃ অব্যয়ঃ অক্ষীণশক্তিঃ। অয়ং ভাবঃ পিত্রাদয়ঃ অন্যত উৎপত্ত্যাদিমন্তো ন স্বাতন্ত্র্যেণ কারণং কিন্ত্বীশ্বর এব তন্নিয়ন্তা সর্ব্বকারণমিতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যচ্চ তস্য বিভুত্বং পশ্যেত্যাহ ন স্বয়মনন্তঃ নাশরহিতঃ। অথ চান্যেষাং অন্তকরো নাশকরঃ কেন রূপেণেত্যত আহ কালঃ। স্বয়মনাদিঃ জন্মশূন্যঃ অথ চান্যেষাং আদিকৃৎ। অব্যয়ঃ চিন্তামণিরিব সর্ব্বপ্রসবিতাপি ব্যয়শূন্যঃ। স্বয়মেবাদিকৃদপি জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্। স্বয়মেবান্তকৃদপি মৃত্যুহেতুনা কালাগ্নিরুদ্রেণ অন্তকং যমমপি মারয়ন্ ॥ ১৮ ॥

কালও তিনি মাত্র; সেই অনাদিনিধন ক্ষয়োদয়াদিবর্জ্জিত অনন্তদেব পিত্রাদিরূপে পুত্রাদির উৎপাদন করিয়া, সৃষ্টিকর্ত্তা নামে অভিহিত হন এবং অন্তকারী ব্যাঘ্রাদিকে মৃত্যুর দ্বারা নিহত করিয়া, সংসারে সংহারক নামে পরিচিত হন ॥ ১৮ ॥

আভাস।

সম্পন্ন মহাবিভূতিবিশিষ্ট ভগবান্ কালশক্তির দ্বারা গুণত্রয়ের প্রবাহ উৎপন্ন করিয়া, আত্মস্বরূপ হইতে চিচ্ছক্তির বিভাগে চিদাভাসরূপ জীবশক্তির প্রকটন করিয়া থাকেন; এবং স্বয়ং জীবরূপে জীবদেহে প্রবেশ করেন। অতএব গুণ, কাল ও জীবাত্মক চৈতন্যশক্তিরূপে একাকী তিনিই বিরাজ করিতেছেন। তিনি পূর্ণজ্ঞানবান্; কোন কার্য্যে নিজের কোন স্বার্থ বা ক্ষতি না থাকিলেও, কার্য্যের অনুরোধে এই বিশ্ব সংসারের সৃষ্ট্যাদি ক্রিয়া সম্পাদন করিতেছেন। সংসারের নিমিত্ত বা উপাদান বলিয়া উভয় কারণের প্রতি লক্ষ্য করিতে হইলে, চিত্ত সেই পরমাত্মভাব পর্য্যন্ত পর্য্যালোচনা করিয়াই, নিরস্ত হয়; তদতিরিক্ত নিমিত্ত বা উপাদানরূপে অন্য কাহাকেও নির্ণয় করা যায় না। তাঁহার শক্তিই এই জগদ্রূপে বিরচিত এবং তাঁহার জ্ঞানই এই জগতে সৃষ্ট্যাদির নিয়ামকরূপে ভাসমান উপলব্ধ হয়। তিনি কাহারও অপেক্ষা করেন না; তাঁহার সামর্থ্য অচিন্ত্য ও অভাবনীয় ॥ ১৭ ॥

তিনি পিতৃমূর্ত্তিতে জনন-শক্তির পরিচয়ে আদিকর্ত্তা এবং হিংসক ব্যাঘ্রাদিরূপে

নবৈ স্বপক্ষোঽস্য বিপক্ষ এব বা পরস্য মৃত্যোর্বিশতঃ সমং প্রজাঃ।
তং ধাবমানমনুধাবন্ত্যনীশা যথা রজাংস্যনিলং ভূতসংঘাঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

অতঃ সমং যথা ভবতি তথা প্রজাঃ বিশতঃ, পরস্য অস্য, মৃত্যোঃ মরণাদিহেতোঃ কাল-রূপস্য, স্বপক্ষঃ বন্ধুঃ, বিপক্ষঃ শত্রুঃ, এব বা ন অস্তি; রজাংসি যথা ধাবমানং অনিলং ধাবন্তি তথা অনীশাঃ কর্ম্মাধীনাঃ, ভূতসঙ্ঘাঃ প্রাণিসমূহাঃ, ধাবমানং তং পরমাত্মানং, এব অনুধাবন্তি ॥১৯

শ্রীধরস্বামী।

নচৈবং কুর্ব্বতোঽপি বৈষম্যপ্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং। মৃত্যু-রূপস্য সমং যথা ভবতি তথা প্রজাঃ কর্ম্মভূতা বিশতঃ তস্য সাম্যেঽপি ভূতেষু ফলবৈষম্যং তৎ-কর্ম্মণ স্তথাত্বাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি অনিলং ধাবন্তমনু রজাংসীব। তত্র যথা রজসাং তমঃপ্রকাশজলাগ্ন্যাদিপ্রবেশেঽপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচৈবং কুর্ব্বতোঽপি বৈষম্যপ্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং। মৃত্যোর্মৃত্যুরূপস্য সমং যথাস্যাত্তথা প্রজা বিশতঃ। তস্য সাম্যেঽপি ভূতেষু ফলবৈষম্যং তত্তৎ কর্ম্মণ স্তথাভাবাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি। অনিলং ধাবন্তমনুধাবন্তি রজাংসীব। তত্র রজসাং তমঃপ্রকাশজলাগ্ন্যাদিপ্রবেশেঽপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

মরণের নিমিত্তীভূত কালরূপ সেই ভগবানের কেহ স্বপক্ষ বা বিপক্ষ নাই। জন্তুগণ স্ব স্ব কর্ম্মের অনুসারেই গতি লাভ করিয়া থাকে। ধূলিপটল যেমন প্রধাবিত সমীরণেরই অনুগমন করিয়া থাকে, ভূতসমূহও সেইরূপ নিজ নিজ কর্ম্মের অনুসারে ঈশ্বরের অনুগামী হইয়া থাকে ॥ ১৯ ॥

আভাস।

জগতের সংহারকর্ত্তা হইয়া থাকেন এবং কালমূর্ত্তিতে সর্ব্বক্রিয়ার সামঞ্জস্য প্রতিপাদন করিতেছেন ॥ ১৮ ॥

এই বিবিধ কার্য্য তিনি একাকী সাধন করিলেও কোন স্থানে তাঁহার স্বার্থের পরিচয় নাই। জীবের কর্ম্মানুসারেই তিনি সকলকে ফল প্রদান করিয়া থাকেন। কোনরূপ পক্ষাপক্ষের বিচার তাঁহাতে কখন সম্ভব হয় না। তাঁহার বিধিই সংসারে বিচিত্রতার কারণ। নিয়মের উল্লঙ্ঘন ও প্রতিপালনেই এই বিবিধ দশা সৃষ্ট জগতে পরিদৃষ্ট হয় এবং এই প্রতিপালন এবং উল্লঙ্ঘনও মায়ার উপরই নির্ভর করে। মায়াও তাঁহার শক্তি। কিন্তু সেই মায়াময়ের চরিত্র নিরূপণ করা, কখন মায়াধীন জীবের পক্ষে সঙ্গত নহে। তিনি নিজে

আয়ুষোপচয়ং জন্তো স্তথৈবোপচয়ং বিভুঃ।
উভাভ্যাং রহিতঃ স্বস্থো দুঃস্থস্য বিদধাত্যসৌ ॥ ২০ ॥
কেচিৎ কর্ম্ম বদন্ত্যেনং স্বভাবমপরে নৃপ।

অন্বয়ঃ।

উভাভ্যাং উপচয়াপচয়াভ্যাং, রহিতঃ অসৌ বিভুঃ পরমাত্মা, দুঃস্থস্য (কর্ম্মবশাৎ হেয়োপাদেয়গতিং গতস্য) জন্তোঃ (কর্ম্মানুসারেণ দেবাদিযোনৌ আয়ুষঃ) উপচয়ং বৃদ্ধিং, তথা (পিপীলিকাদিযোনৌ আয়ুষঃ) অপচয়ং বিদধাতি ॥ ২০ ॥

কেচিৎ মীমাংসকাঃ, এনং এব কর্ম্ম বদন্তি, অপরে চার্ব্বাকাঃ এনং স্বভাবং বদন্তি, হে

শ্রীধরস্বামী।

অপচয়ং অকালমৃত্যুং। উপচয়ং কালমৃত্যোরপি রক্ষাং। যদ্বা অপচয়ং মশকাদৌ উপচয়ং দেবাদৌ স্বস্থত্বাদুপচয়াপচয়াভ্যাং রহিতোঽসৌ বিভুর্দুঃস্থস্য কর্ম্মাধীনস্য বিদধাতি॥২০

এবংভূতেশ্বরঃ সর্ব্ববাদিসম্মতঃ বিবাদস্তু নামমাত্র ইত্যাহ কেচিদিতি। পুংসঃ কামং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপ্যায়ুষোঽপচয়ং মশকাদাবুপচয়ং দেবাদৌ দুঃস্থস্য কর্ম্মাধীনস্য ॥ ২০ ॥

ননু তর্হি কর্ম্মৈব সুখদুঃখজন্মমরণাদিকারণমস্তু সত্যমত্রৈবংবাদিনো বিবদন্ত ইত্যাহ কেচিদিতি কেচিন্মীমাংসকাঃ এনং সুখদুঃখপ্রদং কর্ম্ম অপরে লোকায়তিকাঃ স্বভাবং। একে

হ্রাস-বৃদ্ধি বা জন্ম-মরণের সহিত ভগবানের নিজের কোন সংস্রব নাই। অথচ কর্ম্মের অনুসারে জীবগণকে উৎকৃষ্ট দেবতাদি যোনিতে পরমায়ুর বৃদ্ধি এবং পিপীলিকাদি যোনিতে আয়ুর হ্রাস এইরূপ ব্যবস্থা করিয়া থাকেন ॥ ২০

হে বৎস! বহুনামে ও নানারূপে অভিব্যক্ত হইলেও ভগবান্ এক ও অনন্ত; মীমাংসকগণ যাঁহাকে কর্ম্ম নামে অভিহিত করেন, অন্য চার্বাক তাঁহাকেই স্বভাব নামে শব্দিত করিয়া থাকেন। অপর জ্যোতির্বিদ্ পণ্ডিতগণ তাঁহাকেই গ্রহাদির স্বরূপ দৈব বলিয়া গণনা করিয়া থাকেন; এবং

আভাস।

সৃষ্টির অতীত থাকিয়া সৃষ্ট্যাদি কার্য্যের বিধান করিয়া থাকেন ॥ ১৯ ॥ ২০ ॥

ভগবানের নিয়ম অচল ও অটল; তাঁহাতে কখন কোন বৈষম্যাদি দোষের আপতন ঘটে না। তাঁহার যে নিয়ম অনুসারে অগ্নি প্রজ্বলিত হইয়া গৃহস্থের গৃহ ও বসনভূষণ দগ্ধ করে, সেই নিয়মানুসারেই জলদ-পটল নভোভাগে উত্থিত হইয়া, মার্ত্তণ্ডতাপে উত্তপ্ত শস্যক্ষেত্রকে শস্য উৎপাদনের সামর্থ্য প্রদান করে। শ্রুতি বলিয়াছেন, "ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যু র্ধাবতি পঞ্চম ইতি"। অগ্নি, সূর্য্য, বায়ু, ইন্দ্র এবং যম সকলেই সেই পরম সামর্থ্যবান্ ভগবানের নিয়ম প্রতিপালন করত স্ব স্ব কার্য্যে নিযুক্ত থাকেন।

একে কালং পরে দৈবং পুংসঃ কামমুতাপরে ॥ ২১ ॥
অব্যক্তস্যাপ্রমেয়স্য নানাশক্ত্যুদয়স্যচ।

অন্বয়ঃ।

নৃপ! একে পৌরাণিকাঃ, এনং এব কালং বদন্তি, পরে জ্যোতির্ব্বিদঃ, এনং এব দৈবং গ্রহাদিরূপং, বদন্তি; অপরে বাৎস্যায়নাদয়ঃ, এনং এব পুংসঃ কামং বদন্তি ॥ ২১ ॥

হে তাত! অব্যক্তস্য (কেনাপি প্রমাণেন ন ব্যজ্যতে অসৌ তস্য) বুদ্ধ্যগোচরস্য, অপ্র-

শ্রীধরস্বামী।

বাৎস্যায়নাদয়ঃ। শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

নমু কর্ম্মাদীনাং জড়ত্বাদিনা স্বরূপতোঽপি ভিন্নত্বাৎ কথমৈকমত্যমিত্যাহ। অব্যক্তস্য অতএবাপ্রমেয়স্য। তথাপি সত্বে হেতুঃ নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ো যস্মাৎ চিকীর্ষিত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যাবহারিকাঃ কালং পরে জ্যোতিষিকা দৈবং গ্রহাদিরূপাং দেবতাং অপরে বাৎস্যায়নাদয়ঃ কামং। শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ করোতি কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

নম্বেষাং বিবদমানানাং মধ্যে কো ব্যবস্থাপক স্তত্র তত্তন্মূলতত্ত্ববস্তুনোঽজ্ঞানান্ন কোঽপীত্যাহ অব্যক্তস্য কৈরপি বলবুদ্ধ্যাদিভি র্ব্যক্তীকর্ত্তুমশক্যস্য তত্র হেতুরপ্রমেয়স্য প্রত্যক্ষাদিপ্রমাণৈঃ

বাৎস্যায়নাদি বিচক্ষণগণ সেই মহাপুরুষের ইচ্ছাকেই তাঁহার স্বরূপ বলিয়াই কীর্ত্তন করিয়া থাকেন। প্রকৃত প্রস্তাবে তিনি এক এবং সর্ব্বতোভাবে একাই বিরাজ করিতেছেন ॥ ২১ ॥

হে রাজেন্দ্র! যিনি বাগাদি ইন্দ্রিয়ের অতীত; প্রত্যক্ষাদি প্রমাণত্রয়

আভাস।

তবে যে যেমন অধিকারী, তিনি সেই জাতীয় কার্য্যেরই অনুষ্ঠানে জগতের সৃষ্টিমর্য্যাদা রক্ষা করিতেছেন; এবং পাত্র অনুসারে ফল প্রদান করিতেছেন। বায়ু নামক এক প্রাণনশক্তির দ্বারা স্থাবরজঙ্গমাত্মক যাবতীয় ভূতবর্গই প্রেরিত হইয়া, কার্য্যক্ষেত্রে আত্মপ্রকাশ করিতেছে এবং কালক্রমে বিলীন হইতেছে। প্রাণবায়ুর উত্তেজনায় যেমন ভুক্ত অন্নপানাদি রস শোণিতরূপে পরিণত হইয়া কলেবরের আয়তন বৃদ্ধি করে, তেমনই অন্নপানাদির অভাবে পিত্তকে দগ্ধ করিয়া, দেহে ক্ষয়রোগকে আনয়ন করে। অতএব প্রাণশক্তি সত্তেও যেমন পরিমিত আহার ব্যবহারের প্রয়োজন; নতুবা কলেবরের পুষ্টিসাধনের পরিবর্ত্তে ক্ষয়ই ঘটিয়া থাকে; তখন ফলের বৈপরীত্যে ভগবানের প্রতি দোষারোপ না করিয়া, স্বীয় কর্ম্মের প্রতিই লক্ষ্য রাখা কর্ত্তব্য। কর্ম্মানুসারে যেরূপ জাতি, আয়ু ও ভোগ প্রাপ্ত হওয়া উচিত, প্রকৃতির পরিণামে তাহা সংঘটিত হইলেও মূলে সর্ব্বনিয়ন্তার নিয়তি অবশ্যই আছে; কিন্তু তাহাতে তাঁহার নিজের কোন অভিসন্ধি নাই ॥ ২১ ॥

নবৈ চিকীর্ষিতং তাত কো বেদাদ্ধা স্বসম্ভবং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

মেয়স্য অবাঙ্মনসগোচরস্য, নানাশক্ত্যুদয়স্য (নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ঃ যস্মাৎ তস্য) ভগবতঃ চিকীর্ষিতং বৈ কোঽপি ন বেদ। স্বসম্ভবঃ (স্বস্য সম্ভবঃ প্রাদুর্ভাবঃ যস্মাৎ তৎ) ভগবন্তং কোঽপি ন বেদ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

মেব তাবৎ কোঽপি ন বেদ অথাস্য সম্ভবো যস্মাৎ তমীশ্বরং কো বেদ। অদ্ধেতি পাঠে সাক্ষাৎ। অতস্তত্ত্বজ্ঞানাভাবাৎ বিশেষাংশে বিবাদ ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। কোঽদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা ইয়ং বিসৃষ্টিঃ অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রমাতুমশক্যস্য নানাশক্তীনাং কালকর্ম্মস্বভাবকামাদীনাং উদয়ো যস্মাদিতি তস্যৈকৈকাং শক্তিমাশ্রিত্যৈব বিবদমানানাং তেষাং শক্তিমতি তস্মিন্ বস্তুতো নাস্ত্যেব বিবাদ ইতি ভাবঃ। তস্য ভগবতশ্চিকীর্ষিতমেব কোঽপি নোবেদ স্বস্য সম্ভবো যস্মাত্তং কোবেদ। যদুক্তং ভীষ্মেণ। নহ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং। যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তি কবয়োঽপিহীতি। তথাচ শ্রুতিঃ কোদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা কুত ইয়ং বিসৃষ্টিঃ। অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

যাঁহাকে প্রমাণ করিতে পারে না; অনন্তশক্তি যে সর্ব্বশক্তিমান্ হইতে নিত্য উদিত হইতেছে, তাঁহার অভিপ্রায় বা কার্য্যবর্গকে কে অবগত হইতে পার? কেহ কখন সাক্ষাৎ নিজের উৎপত্তির কারণকে অনুসন্ধান করিতে পারে না? ২২ ॥

আভাস।

পরমাত্মার এইরূপ নিরপেক্ষ সর্ব্বনিয়ন্তৃভাব সকল বাদী একবাক্যে স্বীকার করিয়া থাকেন। বিভিন্ন মতের সংস্থাপন কেবল নামে মাত্র। যে যে ভাবেই তাঁহার স্বরূপের কীর্ত্তন করুন্, সর্ব্বশক্তিসম্পন্ন সেই পরমদেবতার এক এক বিভূতিকে অবলম্বন করিয়াই নিজের বুদ্ধিপ্রাখর্য্যের পরিচয় দিয়াছেন মাত্র। প্রকৃত প্রস্তাবে তিনি যে কি! তাহা বুদ্ধিনিষ্ঠ ব্যাপারকে অবলম্বন করিয়া, কখনই নিরূপণ করা যায় না। কারণ যাহা কিছু বুদ্ধি বা ইন্দ্রিয়ের গোচর, তাহাকে অবশ্যই ব্যক্ত বলিয়া স্বীকার করিতে হইবে। তখন ব্যক্ত ভাব যাঁহার অবস্থা বিশেষ, তিনি অবশ্যই অব্যক্ত এবং যে যে পন্থা অবলম্বনে ব্যক্ত ভাব বা পদার্থকে অনুভব করা যায়, সেই সকল পন্থার দ্বারা ব্যক্তের কারণস্থানীয় অব্যক্তকে কখন নিরূপণ করা যাইতে পারে না। যত প্রকারের ব্যক্তভাব অনুভূত হইয়া থাকে, সকলের কারণস্থানীয় যখন এক তিনি মাত্র, তখন অনন্তশক্তি অনির্ব্বচনীয় ভাবে তাঁহাতেই নিহিত রহিয়াছে। প্রকৃত্যাদি তত্ত্বগ্রাম এবং জ্ঞান ও অজ্ঞান সমস্তই তাঁহার আশ্রয়ে আত্ম-

নচৈতে পুত্রক ভ্রাতুর্হন্তারো ধনদানুগাঃ।
বিসর্গাদানয়োস্তাত পুংসো দৈবং হি কারণং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে পুত্রক! এতে ধনদানুগাঃ কুবেরানুচরাঃ, তব ভ্রাতুঃ উত্তমস্য, হন্তারঃ ন ভবন্তি। হে তাত! পুংসঃ বিসর্গাদানয়োঃ (বিসর্গঃ সৃষ্টিঃ আদানং সংহারঃ তয়োঃ) মৃত্যুজন্মনোঃ কারণং হি দৈবং ভগবান্ এব ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ঈশ্বরবাদস্য প্রকৃতোপযোগমাহ। ন চৈতে ভ্রাতৃহন্তারঃ। উক্তমেব হেতুমনুবদতি। বিসর্গাদানয়োঃ মৃত্যুজন্মনোঃ। যদ্বা বিসর্গঃ সৃষ্টিঃ আদানং সংহারঃ তয়োঃ দৈবমীশ্বর এব হি কারণং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলিতমাহ নচৈত ইতি বিসর্গাদানয়োঃ সৃষ্টিসংহারয়োর্দৈবমীশ্বরঃ ॥ ২৩ ॥

হে বৎস! এই কুবেরানুচরগণ কখন তোমার ভ্রাতার জীবনহন্তা নহেন; দেখ! পুরুষের জন্ম এবং বিনাশের মূল কারণই সেই পরাৎপর পরমেশ্বর ॥২৩

আভাস।

প্রকাশ করিয়া থাকে এবং এই প্রকাশকেই সামান্যত ভগবানের পরিচয় বলিয়াই তার্কিকগণ জ্ঞান করিয়া থাকেন ॥ ২২ ॥

জগতের কোন কার্য্যই তাঁহার অজ্ঞাতসারে বা অননুমোদনে হইতে পারে না। সকল কার্য্যই তাঁহার প্রতাপে ও নিয়মে ঘটিতেছে। যেমন রাজকর্ম্মচারী রাজার নিয়মানুসারে কোন দোষী ব্যক্তির প্রতি কোনরূপ দণ্ডের বিধান করিলে, সে দণ্ড রাজারই দেওয়া হয়; কর্ম্মচারী কিছু সেই দণ্ডের জন্য ফলভাগী নহেন, সেইরূপ জ্ঞাতসারে হউক্ বা অজ্ঞাতসারেই হউক্ প্রাকৃতিক জগতের উপর জীব যে কোন পরিবর্ত্তন করুক্ না, তাহা কখনই তৎকৃত বলিয়া স্বীকার করা যায় না; সকলই ঈশ্বরের কৃত বলিয়া স্বীকার করিতে হইবে। জলের মধ্যে লবণ নিক্ষেপ করিলে, কিয়ৎকাল পরে আর জলে লবণ দেখা যায় না; লবণ জলে মিশ্রিত হইয়া জলের আকারই ধারণ করে; কিন্তু যদিও জলে নিক্ষেপ করা মাত্র মনুষ্যের সামর্থ্য দেখা যায় বটে, লবণের দ্রবীভূত হইবার যোগ্যতা সেই ভূতভাবনই ব্যবস্থা করিয়াছেন; মনুষ্য-বুদ্ধি বা সামর্থ্যের দ্বারা তাহার কোনরূপ সমাধা হইতে পারে না। জীবের হস্তে কল্পনার সামর্থ্য আছে; কিন্তু ভগবান্ না হইলে, কোন কার্য্যেরই ব্যবস্থা হইতে পারে না। উত্তমের মৃত্যু নিকট হইয়াছিল, সেই নিমিত্ত একজন যক্ষকে উপলক্ষ মাত্র করিয়া, ভগবানই তাহার ব্যবস্থা করিয়াছিলেন এবং যক্ষগণের নিধন প্রয়োজন, সেই নিমিত্ত তিনি ধ্রুবকে প্রচুর বল-বীর্য্য প্রদানে ও রোষের উত্তেজনায় প্রয়োজনীয় কার্য্যের প্রতীকার করিয়াছেন। ভগবানকে পরিত্যাগ করিলে, সকলই ভ্রমময়; আশ্রয়বিহীনশূন্য চিত্রের যেমন অস্তিত্ব থাকে না, স্থানু ব্যতীত

স এব বিশ্বং সৃজতি সএবাবতি হন্তিচ।
তথাপি হ্যনহঙ্কারো নাজ্যতে গুণকর্ম্মভিঃ ॥ ২৪ ॥
এষ ভূতানি ভূতাত্মা ভূতেশো ভূতভাবনঃ।
স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সৃজত্যত্তিচ পাতি চ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

সঃ এব ভগবান্ বিশ্বং সৃজতি সঃ এব অবতি পালয়তি হন্তি চ তথাপি অনহঙ্কারাৎ অভিমানরাহিত্যাৎ, গুণকর্ম্মভিঃ ন অজ্যতে সম্বদ্ধঃ ন ভবতি ॥ ২৪ ॥

ভূতেশঃ সর্ব্বনিয়ন্তা, ভূতভাবনঃ সর্ব্বপালকঃ, ভূতাত্মা সর্ব্বব্যাপী এষঃ ভগবান্ স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সন্ ভূতানি স্থাবরজঙ্গমাত্মকানি সৃজতি পাতি অত্তি সংহরতে চ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তথাপি নির্লেপতামাহ স এবেতি ॥ ২৪ ॥ অনহঙ্কারত্বে হেতুমাহ এষ ইতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথাপি তস্য নির্লেপতাং পশ্যেত্যাহ স এবেতি ॥ ২৪ ॥

অনহঙ্কারত্বে হেতুমাহ। এষ ইতি স্বশক্ত্যা মায়য়া যুক্ত ইতি মায়য়া বহিরঙ্গত্বেন স্বরূপ-শক্তিত্বাভাবাৎ তৎকার্য্যেষু তস্য নাহঙ্কারো ভবতীতি ভাবঃ ॥ ২৫ ॥

তিনিই এই বিশ্ব-সংসারের সৃষ্টি, পালন ও সংহার কার্য্য সাধিত করিতেছেন; কিন্তু জীবের ন্যায় আমি করিতেছি বলিয়া, তাঁহাতে কোনরূপ অভিমান না থাকায়, ভগবান্ প্রাকৃতিক গুণকার্য্যে কোনরূপে আসক্ত হন না ॥ ২৪ ॥

তিনি জীবমাত্রেরই অন্তরাত্মা ও নিয়ন্তা; যাবতীয় সামর্থ্য প্রদানে ভূত-সমূহকে তিনিই পরিবর্দ্ধিত করিতেছেন; অথচ স্বয়ং জীবরূপে ভোগ করিতেছেন। ভগবান্ অচিন্ত্যৈশ্বর্য্যস্বরূপা স্বকীয় শক্তি মায়াতে প্রণিহিত হইয়া, এই ভূতবর্গকে সৃজন করত ইহার পালন ও সংহার কার্য্য সমাধা করিতেছেন ॥ ২৫ ॥

আভাস।

ছায়া যেমন নিরূপিত হয় না, সেইরূপ ভগবানকে পরিত্যাগ করিলে, সৃষ্টি বা সংহারের মধ্যে কোনটীই কার্য্যরূপে পরিণত হইতে পারে না। জীব অক্ষম হইয়াও এক অহঙ্কারের অনুরোধে বদ্ধ; ভগবান্ সমস্ত করিলেও এক অহঙ্কারের অভাবে চিরমুক্ত ॥ ২৩ ॥ ২৪ ॥

তাঁহার গভীর ভাবের অন্তরে প্রবেশ করিলে স্পষ্টত বুঝা যায় যে, তিনি একাই সর্ব্বভাবে ও সর্ব্ব ঘটে বিরাজ করিতেছেন। শ্রুতি বলিয়াছেন, "এতজ্জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ। ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্ব্বং প্রোক্তং

তমেব মৃত্যুমমৃতং তাত দৈবং সর্ব্বাত্মনোপেহি জগৎপরায়ণং।
যস্মৈ বলিং বিশ্বসৃজো হরন্তি গাবো যথা বৈ নসি দামযন্ত্রিতাঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

হে তাত! নসি নাসিকায়াং, দামযন্ত্রিতাঃ রজ্জুবদ্ধাঃ, গাবঃ বলীবর্দ্দাঃ, যথা (স্বামিকার্য্যং কুর্ব্বন্তি তথা) বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ, অপি (দামভিঃ তদুচিতকর্ম্মানুরূপনামভিঃ বদ্ধাঃ সন্তঃ) যস্মৈ ভগবতে বলিং হরন্তি তং (বহির্ম্মুখানাং সম্বন্ধে) মৃত্যুং (স্বভক্তানাং সম্বন্ধে) অমৃতং সংসারবারকং, জগৎপরায়ণং (জগতঃ পরায়ণং শ্রেষ্ঠাশ্রয়ং) দৈবং ভগবন্তং, এব সর্ব্বাত্মনা উপেহি শরণং ব্রজ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

সত্যমীশ্বর এব কর্ত্তা তথাপ্যহঙ্কারাদি ময়া ত্যক্তুং ন শক্যমিতি চেদত আহ তমেবেতি চতুর্ভিঃ। মৃত্যুমভক্তানাং। ভক্তানান্তু অমৃতং। উপেহি শরণং গচ্ছ। তমেবেত্যবধারণে হেতুঃ। যস্মৈ নসি নাসিকায়াং উতা দামভির্ব্বদ্ধাঃ গাব ইব বিশ্বসৃজোঽপি নামভি র্যন্ত্রিতা বদ্ধাঃ সন্তো-বলিং হরন্তি তৎকারিতং কর্ম্ম কুর্ব্বন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং ত্বয়া প্রবোধিতোঽপ্যহঙ্কারং ত্যক্তুং ন প্রভবামীত্যত আহ তমেবেতি চতুর্ভিঃ উপেহি প্রপদ্যস্ব। তৎপ্রপত্তিং বিনা জ্ঞানেনাহঙ্কারাপগমো দুঃশক্য ইতি ভাবঃ ॥ ২৬ ॥

ভগবান্ সংসারপ্রিয় অভক্তজনের নিকট কালরূপ ধারণে মৃত্যু ঘটাইতেছেন এবং ভক্তগণের সমীপে অমৃতত্ত্ব আনয়ন করিতেছেন। নাসিকাতে রজ্জুনিবদ্ধ বলীবর্দ্দ যেমন বাধ্য হইয়া প্রভুর ভারই নিরন্তর বহন করিয়া থাকে, সেইরূপ অন্যের কথা দূরে থাকুক্, ইন্দ্রাদি লোকপালগণও বিনা আপত্তিতে যাঁহার আজ্ঞা নিয়ত প্রতিপালন করিয়া আসিতেছেন, হে বৎস! তুমি সর্ব্বান্তঃকরণে সেই জগজ্জীবন জনার্দ্দনের শরণাপন্ন হও! ॥ ২৬ ॥

আভাস।

ত্রিবিধং ব্রহ্ম চৈতং" ॥ ভগবানকে অবধারণ করিতে হইলে, আত্মস্বরূপের অনুসন্ধান করা কর্ত্তব্য। অন্য বস্তুর জ্ঞানে কখন অপর পরম জ্ঞান পাইবার প্রত্যাশা নাই। তিনি স্বীয় শক্তির বিকাশে দৃশ্য জড় জগতের সৃষ্টি করিয়া, তদন্তরে দেহাদিতে নিজেই জীবরূপে প্রবেশ করিয়া, ভূতাত্মা নাম ধারণ করিয়াছেন। আবার ভোগের মিলন ঘটাইয়া স্বয়ংই সর্ব্বান্তর্যামী ভূতেশ হইয়াছেন ॥ ২৫ ॥

ঈশ্বর কর্ত্তা স্রষ্টা ও জগতের নিয়ন্তা হইলেও জীব অভিমান বশত তাঁহার প্রতি নির্ভর না দিয়াই, বিষম যাতনার মধ্যে পতিত হইয়া থাকে। অতএব সর্ব্বান্তঃকরণে তাঁহার উপর আত্মসমর্পণ পূর্ব্বক নিশ্চিন্ত হইলে যে নির্ব্বৃতি পাওয়া যায়, তাহাই এই শ্লোকচতুষ্টয়ে

যঃ পঞ্চবর্ষো জননীং ত্বং বিহায় মাতুঃ সপত্ন্যা বচসা ভিন্নমর্ম্মা।
বনং গতস্তপসা প্রত্যগক্ষমারাধ্য লেভে মূর্দ্ধ্নি পদং ত্রিলোক্যাঃ॥ ২৭॥

অন্বয়ঃ।

যঃ পঞ্চবর্ষঃ ত্বং সপত্ন্যাঃ সুরুচ্যাঃ বচসা ভিন্নমর্ম্মা (ভিন্নং মর্ম্ম হৃদয়ং যস্য সঃ) জননীং সুনীতিং (গৃহে) বিহায় বনং গতঃ সন্ প্রত্যগক্ষং (প্রত্যঞ্চি অন্তর্মুখানি অক্ষাণি যস্মিন্ যদ্বিষয়কাণি) তপসা আরাধ্য ত্রিলোক্যাঃ মূর্দ্ধ্নি পদং স্থানং, লেভে প্রাপ্তবান্ অসি॥ ২৭॥

শ্রীধরস্বামী।

তদারাধনঞ্চ তব সুশক্যমিত্যাহ। যঃ পঞ্চবর্ষঃ স ত্বং যমারাধ্য ত্রিলোক্যা মূর্দ্ধ্নি পদং স্থানং লেভে লব্ধবানসি। ইদানীং তমেবাম্বিচ্ছ অবলোকয়েত্যুত্তরেণান্বয়ঃ। প্রত্যঞ্চি অক্ষাণি যস্মিন্ ক্রিয়াবিশেষণং বা॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বন্তু তং প্রপন্নো মৎকুলপদ্মমেবাসীত্যাহ য ইতি। প্রত্যঞ্চি অক্ষাণি যোগিনাং যস্মিংস্তং॥ ২৭॥

দেখ! তোমার স্মরণ আছে যে, যখন তুমি কেবল মাত্র পঞ্চবর্ষীয় বালক; বিমাতার বাক্যবাণে এরূপ মর্ম্মতাড়িত হইয়াছিলে, যে স্বীয় গর্ভধারিণীকে পর্য্যন্ত গৃহে পরিত্যাগ করত, বনে গমন করিলে এবং যাহাতে ভগবানকে তুমি প্রত্যক্ষে অবলোকন করিতে পার, এরূপ তপস্যা দ্বারা তাঁহার আরাধনা করিয়া, ত্রিলোকের শীর্ষস্থানীয় সর্ব্বোৎকৃষ্ট পদই লাভ করিয়াছ॥ ২৭॥

আভাস।

বিবৃত করা হইয়াছে। যাঁহারা ভগবানের প্রতি লক্ষ্য না রাখিয়া সংসারক্ষেত্রে বিচরণ করেন, তাঁহারা দুরন্ত কালের দুর্ব্বিষহ উৎপীড়নে সততই বিব্রত হন; পরাধীনতার অবশ ভাবের প্রতি মতি স্থির রাখিতে পারেন না। নিজের কর্তৃত্বাভিমান বশত প্রকৃত প্রস্তাবে যাহা ক্ষয়শীল তাহাকেও নিত্যজ্ঞানে নিরন্তর দুঃখকেই উপভোগ করিয়া থাকেন। কিন্তু যাঁহারা ভগবানের প্রতি দৃষ্টি রাখিয়া, তাঁহার কর্তৃত্বকে সম্যক্‌রূপে অবধারণ করিতে পারেন, তাঁহারা আর নিত্যানিত্য সম্বন্ধ লইয়া উৎকণ্ঠিত হন না। তাঁহারা অমৃতস্বরূপ ভগবানে চিত্ত সমর্পণ করায়, নিরন্তর অমৃতানুভবই করিয়া থাকেন; নশ্বর দেহ গেহাদির প্রতি অনাসক্তি বশত পরিবর্ত্তনরূপ মৃত্যুর মুখাবলোকন আর করেন না। ঈশ্বর সর্ব্বশ্রেষ্ঠ প্রভু! কেবল জীব কেন? লোকপালগণও এক তাঁহারই আজ্ঞা প্রতিপালন করিতেছেন। যেমন প্রজাবর্গ স্ব স্ব কর গ্রামাধিপতিকে প্রদান করে; আবার গ্রামাধিপগণ সেই কর লইয়া মণ্ডলেশ্বরকে প্রদান করেন এবং সকল মণ্ডলেশ্বর রাজাকে প্রদান করিয়া থাকেন; সেইরূপ ইন্দ্রাদি লোকপালগণের নাম করিয়া, যে যেখান হইতে যে কোনরূপ বলি আদি প্রদান করেন,

তমেবমঙ্গাত্মনি মুক্তবিগ্রহে ব্যপাশ্রিতং নির্গুণমেকমক্ষরং।
আত্মানমন্বিচ্ছ বিমুক্তমাত্মদৃক্ যস্মিন্নিদং ভেদমসৎ প্রতীয়তে॥ ২৮॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! আত্মনি স্বান্তঃকরণে, ব্যপাশ্রিতং অবস্থিতং, নির্গুণং প্রাকৃতগুণাতীতং একং স্বজাতীয়বিজাতীয়স্বগতভেদশূন্যং, অক্ষরং ক্ষয়াদিদোষবর্জ্জিতং, বিমুক্তং অবিদ্যাদোষরহিতং, যস্মিন্ পরমাত্মনি ইদং অসৎ ভেদং প্রতীয়তে তং আত্মানং বিমুক্তবিগ্রহে অন্তঃকরণে, আত্মদৃক্ প্রত্যগ্‌দৃষ্টিঃ সন্ অন্বিচ্ছ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

অঙ্গ ধ্রুব মুক্তবিরোধে আত্মনি মনসি ব্যপাশ্রিতং অবস্থিতং আত্মদৃক্ প্রত্যগ্‌দৃষ্টিঃ সন্। অয়ং ভেদো যস্মিন্ তদিদং ভেদং অসদেব বিশ্বং যস্মিন্ প্রতীয়তে তং॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমেব সংপ্রত্যপি অন্বিচ্ছ অলং তব ব্যাবহারিকভদ্রাভদ্রভাবনয়েতি ভাবঃ নচ তত্রান্বেষামিব তব প্রয়াস ইত্যাহ। আত্মনি তন্মনসি মুক্তবিগ্রহে নির্বিরোধে বিশেষেণ বাৎসল্যাৎ কৃতনিবাসং। আত্মদৃক্ প্রত্যগ্‌দৃষ্টিঃ সন্ যস্মিন্ অন্বিষ্টে সতি ইমে শত্রুমিত্রাদয়ো ভেদা যত্র তদিদং ভেদং জগৎ অসৎ অভদ্রমরোচকমেব প্রতীয়তে॥ ২৮॥

হে শোভন! এক্ষণে পবিত্র হৃদয়পদ্মে সেই গুণাতীত নিত্য নির্ম্মুক্ত সত্যস্বরূপ অদ্বিতীয় পরমাত্মাকে সতত চিন্তা কর! হে পুত্র! যাহার চিত্তে কোন মালিন্য থাকে, তাহার নিকটেই এই মিথ্যা মায়াময় বিচিত্রভাবের প্রতীতি ঘটিয়া থাকে মাত্র॥ ২৮॥

আভাস।

লোকপালগণ সসম্ভ্রমে সেই সকল উপাদেয় বলি পরম পুরুষ ভগবানের নিকটই সমর্পণ করিয়া থাকেন। কেহই স্বতন্ত্র নহে। সকলেই কায়মনোবাক্যে এক তাঁহারই কার্য্য করিতেছেন; অতএব ধ্রুব কেন স্বার্থে অন্ধ হইয়া ভগবানের অনুপম সামর্থ্য ও নিয়তির প্রতি অবলোকনে বঞ্চিত হন? ইহাই ধনদের বলিবার তাৎপর্য্য। বিশেষত ধ্রুব কিছু সাধারণ লোকের ন্যায় বিজ্ঞানে অন্ধ নহেন; ভগবানের মহিমা অবলোকনে কোন ত্রুটি করেন নাই। পরিণত বয়সে লোক ক্রমশ বিজ্ঞ হয় বটে; কিন্তু ধ্রুব অতি শৈশবকালেই শ্রমসাধ্য আরাধনায় সাফল্য লাভে কৃতার্থ হইয়াছিলেন; অতএব পরিণত বয়সে তদ্বিপরীত আচরণ হওয়া তাঁহার পক্ষে কখনই সঙ্গত হয় নাই। এতদ্দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, পণ্ডিত, জ্ঞানবান্ এবং ভক্ত হইলেও বিষয়-সম্ভোগ করা কখনই বিধেয় নহে। ইহাতে ধ্রুবের ন্যায়, মহামনার চিত্তও বিহ্বল হইয়াছিল; অতএব আসক্তি-পুরঃসর বিষয়সম্ভোগ হইতে সাবধান থাকাই বিবেকীর অতীব কর্ত্তব্য॥ ২৬॥ ২৭॥

ভগবানকে অন্বেষণ করিতে হইলে, অন্যত্র পরিভ্রমণের প্রয়োজন নাই। তিনি হৃদয়

ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ং ॥ ২৯

অন্বয়ঃ।

ত্বং প্রত্যগাত্মনি স্বরূপভূতে, অনন্তে দেশকালপরিচ্ছেদরহিতে, আনন্দমাত্রে উপপন্ন-সমস্তশক্তৌ (উপপন্নাঃ সম্যক্‌স্থিতিংপ্রাপ্তাঃ বিদ্যাবিদ্যাদয়ঃ সমস্তাঃ শক্তয়ঃ যস্মিন্ তস্মিন্ ভগবতি জ্ঞানৈশ্বর্য্যাদিপূর্ণে তদা পরমাং উৎকৃষ্টাং ভক্তিং বিধায় (তৎকৃপয়া) মম অহং ইতি প্ররূঢ়ং অতিদৃঢ়ং, অবিদ্যাগ্রন্থিং অবিদ্যাকৃতং স্ববন্ধনং, শনকৈঃ ক্রমেণ, বিভেৎস্যসি ছেৎস্যসি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

তদা অন্বেষণফলমাহ ত্বমিতি। তদান্বেষণকাল এব ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদা পঞ্চবর্ষবয়সি কিমিদং স্মরসীত্যর্থঃ। অবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি। অভিজ্ঞা-বচনে লৃড়িতি ভূতকাল এব লৃটব্যাভিন ইত্যর্থঃ ॥ ২৯ ॥

হে তাত! ভগবান্ সর্ব্বান্তরাত্মা, অনন্ত আনন্দৈকরস-বিগ্রহ এবং সর্ব্ব-শক্তিসমন্বিত! বিদ্যা ও অবিদ্যাদি যাবতীয় শক্তি এক তাঁহাতেই আশ্রিত! সর্ব্বপ্রকার বাসনায় জলাঞ্জলি দিয়া, একাগ্রতা সহকারে তাঁহার প্রতি ভক্তি করিতে পারিলে, ক্রমশ "আমি ও আমার" বলিয়া বদ্ধমূল সুদৃঢ় অহঙ্কার ক্রমশ নির্ম্মূল করিতে পারিবে ॥ ২৯ ॥

আভাস।

কন্দরে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত থাকিয়া,' জীবের অন্তঃকরণ ও ইন্দ্রিয়বর্গকে কার্য্যকারিতা শক্তি প্রদান করিতেছেন এবং কার্য্যান্তে স্বয়ং সাক্ষিরূপে বিদ্যমান থাকিয়া, কার্য্যের শুভাশুভ ভাবকে প্রত্যক্ষ করিতেছেন। অর্থাৎ উপলব্ধ করিলাম, বা করি নাই বলিয়া, যে জ্ঞানে প্রতিহত হইতেছে, সেই নির্লিপ্ত ভাবই ভগবানের স্বরূপ-সাক্ষীর পরিচয়। তিনি গুণের অতীত এবং প্রকৃতির নিয়ন্তা। সুতরাং প্রাকৃতিক ভাব বা ইন্দ্রিয়াদির দ্বারা তাঁহার পরিচয় পাইবার সম্ভাবনা নাই; তবে সকল ভাবের বিগমে যাহা অবশিষ্ট থাকে, তাহাই তিনি। অতএব গৃহক্ষেত্রাদি বিষয়-বৈভবকে প্রথমত দূরে নিক্ষেপ করিয়া, হৃদয়কন্দরে প্রবেশ করিতে হইবে; এবং ক্রমশ দেহ, প্রাণ, ইন্দ্রিয়, মন, অহঙ্কারতত্ত্ব, বুদ্ধি ও চিত্ত এবং তত্রস্থ সংস্কার-জালরূপ উপাধিকে নিরসন করিলে, অর্থাৎ এই সকল প্রত্যেক তত্ত্বের স্বরূপ অবধারণ পূর্ব্বক তত্তৎ অভিমান বিসর্জ্জনে বিশুদ্ধচিত্তে কেবল স্বচ্ছভাবের উদয় উপলব্ধি হইলে, ভগবৎসাক্ষাৎকারের সুন্দর অবস্থা ঘটে। যেমন নির্ম্মল জলে সূর্য্যপ্রতিবিম্বের জন্য আর কোন চেষ্টা করিতে হয় না, সেইরূপ নির্ম্মল চিত্তে ভগবৎ সাক্ষাৎকারের জন্য আর যত্নের প্রয়োজন করে না। গীতাতে উক্ত আছে, "আরুরুক্ষো র্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে। যোগারূঢ়স্য

সংযচ্ছ রোষং ভদ্রং তে প্রতীপং শ্রেয়সাং পরং।
শ্রুতেন ভূয়সা রাজন্নগদেন যথাময়ং ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! অগদেন ঔষধেন, জনো যথা আময়ং রোগং, নিযচ্ছতি তথা ভূয়সা বহুধা, শ্রুতেন, শ্রেয়সাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং পরং অত্যন্তং, প্রতীপং বিঘাতকং, রোষং সংযচ্ছ উপসংহর! তে তব ভদ্রং ভবিষ্যতি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

উপদেশসারমাহ সংযচ্ছেতি দ্বাভ্যাং। প্রতীপং প্রতিকূলং। অগদেন ঔষধেন যথালেকো রোগং নিযচ্ছতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপি ব্যাবহারিকলোকমনুকুর্ব্বং স্বং তাদৃশেঽপি ভ্রাতরি প্রণয়ং লোকে প্রথয়ন্ বহিরেবং রোষং ধংসে মমাজ্ঞয়া তমপি সংযচ্ছ। শ্রুতেন মদুপদেশবাক্যেন অগদেন ঔষধেন আময়মিবেতি ত্বাদৃশানাং ভক্তানাং লোকে প্রতিষ্ঠাপ্রখ্যাপনমপ্যেকো রোগ এবেতি ভাবঃ ॥ ৩০ ॥

দেখ! ক্রোধই যাবতীয় অনর্থের হেতু; ধর্ম্ম অর্থ কাম এবং মোক্ষ এই চতুর্ব্বর্গ ফলই এক ক্রোধের দ্বারাই ধ্বংস হইয়া থাকে। অতএব যেমন বারংবার ঔষধিসেবন দ্বারা রোগী রোগ হইতে মুক্তিলাভ করিয়া থাকে, তুমিও সেইরূপ নিরন্তর শ্রবণাদির সাহায্যে সেই শ্রেয়ঃপরিপন্থী ক্রোধকে সম্পূর্ণরূপে বিসর্জ্জন কর ॥ ৩০ ॥

আভাস।

তস্যৈব শমঃ কারণমুচ্যতে" ॥ যে পর্য্যন্ত চিত্তকে বিষয়বাসনা হইতে বিনির্ম্মুক্ত না করা যায়, সেই পর্য্যন্তই নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মকলাপের প্রয়োজন; পবিত্রহৃদয়ে চিন্তামণির চিন্তা সুদৃঢ় হইলে, আর কর্ম্মচিন্তার প্রয়োজন করে না। যেমন পুষ্করিণীর জলটী যদি ক্লেদবিশিষ্ট বিমল ও মলিন হয়, তখনই তাহাতে জলজ পানা সেওলা ও হেলঞ্চাদির জন্ম হইয়া থাকে এবং সূর্য্যপ্রতিবিম্ব তথা হইতে সম্পূর্ণ তিরোহিত হইয়া থাকে, সেইরূপ চিত্ত যদি কর্ত্তৃত্বাদির অভিমানে বিদূষিত হয়, তখনই তাহা হইতে মিথ্যা ভেদজ্ঞানের প্রতীতি জন্মে; কিন্তু নির্ম্মল হৃদয়ে সদৈক চিন্ময় বিভুর প্রতিবিম্ব ঘটে; অজ্ঞান অন্ধকার দূরে চলিয়া যায়; এবং যাবতীয় প্রপঞ্চের আশ্রয় যে তিনি, তাহা স্পষ্টত উপলব্ধ হইতে থাকে। বিচার পূর্ব্বক যোগাবলম্বনে চিত্তকে বিধূতপাপ করা যায় বটে, কিন্তু তৎসঙ্গে ভক্তির বিশেষ প্রয়োজন। ভক্তি যোগীকে সরল পথ প্রদর্শন করায় এবং "আমি ও আমার" বলিয়া চিরপ্ররূঢ় অবিদ্যাগ্রন্থিকে সমূলে চ্ছেদন করিয়া দেয় ॥ ২৮ ॥ ২৯ ॥

গীতাতে উক্ত আছে, "কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভব। মহাশনো মহাপাপ্মা বিদ্ধেনমিহ বৈরিণং" ॥ সংসারে কাম এবং ক্রোধের ন্যায় প্রবল শত্রু আর কেহ নাই।

যেনোপসৃষ্টাৎ পুরুষাল্লোক উদ্বিজতে ভৃশং।
ন বুধস্তদ্বশং গচ্ছেদিচ্ছন্নভয়মাত্মনঃ॥ ৩১॥
হেলনং গিরিশভ্রাতুর্ধনদস্য ত্বয়া কৃতং।
যজ্জঘ্নিবান্ পুণ্যজনান্ ভ্রাতৃঘ্নানিত্যমর্ষিতঃ॥
তং প্রসাদয় বৎসাশু সন্নত্যা প্রণয়োক্তিভিঃ।
ন যাবন্মহতাং তেজঃ কুলং নোঽভিভবিষ্যতি॥

অন্বয়ঃ।

যেন রোষেণ, উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ, পুরুষাৎ লোকঃ ভৃশং উদ্বিজতে উদ্বেগং প্রাপ্নোতি, আত্মনঃ অভয়ং ইচ্ছন্ সন্ বুধঃ তদ্বশং (তস্য রোষস্য বশং অধীনতাং) ন গচ্ছেৎ॥ ৩১॥

ভ্রাতৃঘ্নান্ ইতি বিবিচ্য অমর্ষিতঃ ক্রুদ্ধঃ ত্বং যৎ যস্মাৎ পুণ্যজনান্ জঘ্নিবান্ এতেন গিরিশ-ভ্রাতুঃ (গিরিশেন ভ্রাতৃত্বেন স্বীকৃতস্য) ধনদস্য কুবেরস্য, হেলনং অবজ্ঞানং, ত্বয়া কৃতং॥

অতঃ হে বৎস! যাবৎ মহতাং তেজঃ ক্রোধাগ্নিঃ, নঃ অস্মাকং, কুলং ন অভিভবিষ্যতি তাবৎ সন্নত্যা নমস্কারাদিনা, প্রণয়োক্তিভিঃ চ তং ধনদং, আশু শীঘ্রং, প্রসাদয়!॥

শ্রীধরস্বামী।

যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নীতিমাহ যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ॥ ৩১॥

ক্রোধাভিভূত ব্যক্তির দ্বারা সকলেই প্রপীড়িত হইয়া থাকে, সন্দেহ নাই; অতএব যে ব্যক্তি নিজের মঙ্গলকামনা করেন, তাদৃশ বুদ্ধিমান্ ব্যক্তির পক্ষে কখন ক্রোধের বশীভূততা স্বীকার করা কর্ত্তব্য নহে॥ ৩১॥

যক্ষগণ তোমার ভ্রাতাকে নিহত করিয়াছেন, এই বিবেচনায় ক্রোধপরতন্ত্র হইয়া তাঁহাদের বধসাধনে তুমি নিতান্ত সামান্য কার্য্য কর নাই। তুমি ত্রিলোচনের ভ্রাতৃবৎ আদরণীয় কুবেরের বিশেষ অপমান করিয়াছ, সন্দেহ নাই॥

হে বৎস! মহামহিমান্বিত জগৎপূজ্যগণের কোপানলে আমাদের কুল ভস্মসাৎ হইবার পূর্ব্বে, স্তবস্তুতি ও মিনতির দ্বারা সর্ব্বাগ্রে সেই কুবেরের

আভাস।

উন্নতির পথে ইহারা যেমন প্রতিবন্ধক দেয়, এমন আর কেহ দিতে পারে না; অতএব বিভূতিকামী ব্যক্তির পক্ষে কোন মতে কাম ও ক্রোধের বশীভূত হওয়া কর্ত্তব্য নহে। ধ্রুব ক্রোধের বশীভূত হইয়া অজ্ঞাতসারে যে শঙ্করেরও বিপরীতাচরণ করিয়াছেন, তাহাই মনু ইঙ্গিতে ধ্রুবকে অবগত করিয়াদিলেন॥ ৩০॥ ৩১॥

এবং স্বায়ম্ভুবঃ পৌত্রমনুশাস্য মনুর্ধ্রুবং।
তেনাভিনন্দিতঃ সাকমৃষিভিঃ স্বপুরং যযৌ ॥ ৩২ ॥

।. * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে মনুবাক্যমেকাদশোঽধ্যায়ঃ ।. * ॥ ১১ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

ধ্রুবং নিবৃত্তং প্রতিবুধ্য বৈশসাদপেতমন্যুং ভগবান্ ধনেশ্বরঃ।

অন্বয়ঃ।

স্বায়ম্ভুবঃ মনুঃ পৌত্রং ধ্রুবং, এবং অনুশাস্য উপদিশ্য, তথা তেন ধ্রুবেণ অভিবন্দিতঃ সম্মানিতঃ, সন্ ঋষিভিঃ সাকং সহ স্বপুরং যযৌ ॥ ৩২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। (এবং মনূপদেশাৎ) অপেতমন্যুং শান্তক্রোধং, অতএব বৈশসাৎ

শ্রীধরস্বামী।

অন্যচ্চ ত্বয়া কার্য্যমিত্যাহ হেলনমিতি দ্বাভ্যাং। যদ্‌যতো জল্পিবান্ ঘাতিতবান্ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈষ্ণবস্য তবানৌচিত্যং শৃণ্বিত্যাহ হেলনমিতি। জল্পিবানিতি। যং তৎদেব হেলনমিত্যন্বয়ঃ। ইতি শব্দঃ সমাপ্ত্যর্থকঃ। সর্ব্বান্তে বা দেয়ঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

প্রসন্নতা লাভ কর ! ॥

স্বায়ম্ভুব মনু এই প্রকারে স্বীয় পৌত্র ধ্রুবকে প্রতিবোধিত করিলেন এবং ধ্রুব কর্ত্তৃক স্বয়ং সংকৃত ও সম্মানিত হইয়া, ঋষিগণ সহ স্বীয় পুরে গমন করিলেন ॥ ৩২ ॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বৎস ! অনন্তর ধনাধিপতি কুবের যখন শুনিলেন যে, মনুর উপদেশে ধ্রুবের ক্রোধ নিবারণ

আভাস।

পরাবমাননারূপ অনলে যে কুল পর্য্যন্ত বিদগ্ধ হয়, তাহা স্বায়ম্ভুব মনুও স্বীকার করিয়াছেন। অতএব সকলের সম্মান-প্রদানেই নিজের উন্নতি এবং তদ্বিপরীতে অবনতি, ইহাই মনুর গূঢ় উপদেশ ॥ ৩২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত একাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

তত্রাগতশ্চারণযক্ষকিন্নরৈঃ সংস্তূয়মানোঽভ্যবদৎ কৃতাঞ্জলিং ॥ ১ ॥

ধনদ উবাচ ॥

ভোঃ ভোঃ ক্ষত্রিয়দায়াদ পরিতুষ্টোঽস্মি তেঽনঘ।
যত্ত্বং পিতামহাদেশাদ্বৈরং দুস্ত্যজমত্যজঃ ॥ ২ ॥
ন ভবানবধীদ্‌যক্ষান্ন যক্ষা ভ্রাতরং তব।
কাল এবহি ভূতানাং প্রভুরপ্যয়ভাবয়োঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ

যক্ষহিংসনাৎ, নিবৃত্তং ধ্রুবং প্রতিবুধ্য জ্ঞাত্বা, ভগবান্ ধনেশ্বরঃ চারণযক্ষকিন্নরৈঃ সংস্তূয়মানঃ এব তত্র ধ্রুবসন্নিধানে আগতঃ তথা কৃতাঞ্জলিং ধ্রুবং অভ্যবদৎ প্রীতিপূর্ব্বকং উবাচ ॥ ১ ॥

ধনদঃ উবাচ। ভোঃ ভোঃ ক্ষত্রিয়দায়াদ রাজপুত্র! অনঘ! অহং তে পরিতুষ্টঃ অস্মি! যৎ যস্মাৎ ত্বং পিতামহাদেশাৎ দুস্ত্যজং বৈরং অত্যজঃ ত্যক্তবানসি ॥ ২ ॥

ভবান্ যক্ষান্ ন অবধীৎ ন হতবান্ ন চ তব ভ্রাতরং যক্ষাঃ হতবন্তঃ, হি যতঃ ভূতানাং অপ্যয়ভাবয়োঃ মৃত্যুজন্মনোঃ প্রভুঃ সমর্থঃ কালঃ এব ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

দ্বাদশে ধনদেনাভিনন্দিতঃ পুরমাগতঃ।
যজ্ঞৈরিষ্ট্বা হরেঃ স্থানমারুরোহেতি কীর্ত্ত্যতে ॥ * ॥

বৈশসাৎ বধান্নিবৃত্তং জ্ঞাত্বা ॥ ১ ॥　ক্ষত্রিয়দায়াদ ক্ষত্রিয়পুত্র। অত্যজঃ ত্যক্তবানসি ॥২॥
নচ বৈরস্য কারণমস্তীত্যাহ ন ভবানিতি। অপ্যয়ভাবয়োর্মৃত্যুজন্মনোঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বাদশে ধনদাল্লব্ধবরো গত্বা পুরীং হরিং।
যজ্ঞৈরিষ্ট্বা বিরজ্যাগাৎ সশরীরো হরেঃ পদং ॥ * ॥

বৈশসাৎ বধাৎ ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥

হইয়াছে এবং তিনি যক্ষহিংসা হইতে নিবৃত্ত হইয়াছেন, তখন তিনি স্তুতি-পাঠক যক্ষ ও কিন্নরগণে পরিবৃত হইয়া, ধ্রুব সমীপে আগমন করিলেন এবং কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ১ ॥

কুবের বলিলেন, হে ক্ষত্রিয়নন্দন! তুমি যখন পিতামহের উপদেশে এই দারুণ বৈরভাবকে অনায়াসে পরিত্যাগ করিয়াছ, তখন তোমার হৃদয় নিতান্তই পবিত্র; আমি তোমার প্রতি সাতিশয় সন্তুষ্ট হইয়াছি ॥ ২ ॥

আভাস।

দ্বাদশ অধ্যায়ে কুবেরের নিকট বর প্রাপ্ত হইয়া, স্বপুরে প্রত্যাগমন পূর্ব্বক ধ্রুবের যজ্ঞানুষ্ঠান এবং তৎপরে সশরীরে হরিধামে আরোহণ ইহাই বর্ণিত হইয়াছে ॥

অহং ত্বমিত্যপার্থা ধীরজ্ঞানাৎ পুরুষস্য হি।
স্বাপ্নীবাভাত্যতদ্ধ্যানাদ্‌যয়া বন্ধবিপর্য্যয়ৌ ॥ ৪ ॥
তদ্গচ্ছ ধ্রুব ভদ্রং তে ভগবন্তমধোক্ষজং।
সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্মবিগ্রহং ॥

অন্বয়ঃ।

হি যতঃ পুরুষস্য অজ্ঞানাৎ আত্মস্বরূপাজ্ঞানাৎ, অতদ্ধ্যানাৎ (অতস্মিন্ আত্মব্যতিরিক্তে দেহে যৎ ধ্যানং আত্মত্বেনাবধারণং তস্মাৎ) অহং ত্বং ইতি স্বাপ্নী ইব অপার্থা মিথ্যা, ধীঃ আভাতি; যয়া ভ্রান্তিরূপয়া ধিয়া বন্ধবিপর্য্যয়ৌ ভবতঃ ॥ ৪ ॥

তৎ তস্মাৎ, হে ধ্রুব! রাজ্যপালনার্থং গৃহং গচ্ছ! তথা সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্ম-বিগ্রহং (সর্ব্বেষাং ভূতানাং আত্মা এব বিগ্রহো স্বরূপং যস্য তং) অভবায় সংসারনিবৃত্তয়ে, ভজনীয়াঙ্ঘ্রিং ভবচ্ছিদং সংসারতাপহারকং, গুণময্যা ত্রিগুণয়া আত্মমায়য়া যোগমায়য়া শক্ত্যা যুক্তং সগুণং তথা তয়া বিরহিতং নির্গুণং, অধোক্ষজং (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ তং)

শ্রীধরস্বামী।

কথং তর্হি অহং হন্তেতি বুদ্ধিঃ তত্রাহ অহং ত্বমিতি। আভাতি প্রকাশতে জায়ত ইত্যর্থঃ। অতদ্ধ্যানাৎ দেহানুসন্ধানাৎ যয়া ধিয়া বন্ধঃ বিপর্য্যয়ো দুঃখাদিঃ ॥ ৪ ॥

তত্তস্মাৎ গচ্ছ গত্বাচ ভগবন্তং ভজস্বেত্যুত্তরেণান্বয়ঃ। সর্ব্বভূতাত্মকো বিগ্রহো যস্য মায়য়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতদ্ধ্যানাদ্দেহানুসন্ধানাৎ বন্ধঃ সংসারশ্চ ততো জ্ঞানানন্দময়স্য জীবাত্মনো বিপর্য্যয়োঽ-জ্ঞানদুঃখাদিকশ্চ তৌ ॥ ৪ ॥

সর্ব্বেষু ভূতেষু আত্মনঃ স্বস্যেব ভাবো ভাবনা তেন সর্ব্বভূতানি আত্মবিগ্রহে যস্য তং।

দেখ! এই যক্ষগণের বধ তোমার দ্বারা কখনই সাধিত হয় নাই; এবং যক্ষগণও তোমার ভ্রাতাকে নিহত করে নাই; কালই সকলের মূল; জীব-গণের জন্ম ও মৃত্যু এই কালের উপরই নির্ভর করিতেছে ॥ ৩ ॥

অজ্ঞানবশতই পুরুষের "আমি ও তুমি" ইত্যাদি মিথ্যা বুদ্ধি উদয় হইয়া থাকে; কিন্তু স্বপ্ন যেমন অলিক ও ভ্রান্তিমূলক, সেইরূপ দেহাদিতে আত্মাভি-মান বশত এই ভ্রমপূর্ণা বুদ্ধির প্রভাবে পুরুষ বিক্ষেপ ও বন্ধনের বশীভূত হইয়া থাকে ॥ ৪ ॥

অতএব ধ্রুব! তুমি এক্ষণে গৃহে প্রত্যাগমন কর! এবং সকল প্রাণিবর্গের আত্মভূত ভগবান্ অধোক্ষজকে সর্ব্বান্তঃকরণে আরাধনা কর! তাঁহার চরণ-সেবা করিলে জীবের সংসার-ভয় নিবারণ হয়। তিনি স্বকীয়া গুণময়ী মায়াতে বিভূষিত থাকিয়া কখন সগুণ, কখনও বা নির্গুণভাবে অবস্থান করেন।

ভজস্ব ভজনীয়াঙ্ঘ্রিমভবায় ভবচ্ছিদং।
যুক্তং বিরহিতং শক্ত্যা গুণময্যাত্মমায়য়া ॥ ৫ ॥
বৃণীহি কামং নৃপ যন্মনোগতং মত্তস্ত্বমৌত্তানপদে বিশঙ্কিতঃ।
বরং বরার্হোঽম্বুজনাভপাদয়োরনন্তরং ত্বাং বয়মঙ্গ শুশ্রুম ॥ ৬ ॥
মৈত্রেয় উবাচ ॥
স রাজরাজেন বরায় চোদিতো ধ্রুবো মহাভাগবতো মহামতিঃ।
হরৌ স বব্রেঽচলিতাং স্মৃতিং যয়া তরত্যযত্নেন দুরত্যয়ং তমঃ ॥

অন্বয়ঃ।

ভগবন্তং ভজস্ব! তে তব ভদ্রং ভবিষ্যতি ॥ ৫ ॥

হে ঔত্তানপাদে! হে নৃপ! ত্বং অবিশঙ্কিতঃ এব মত্তঃ মনোগতং যং বরং কামং তং বৃণীহি; যতঃ বরার্হঃ অসিঃ; হে অঙ্গ! অম্বুজনাভপাদয়োঃ (অম্বুজং বিশ্বাত্মকং কমলং নাভৌ যস্য তস্য পাদয়োঃ) অনন্তরং নিকটং সমীপবর্ত্তিনং, ত্বাং বয়ং শুশ্রুম ॥ ৬ ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং সঃ মহাভাগবতঃ ভক্তশ্রেষ্ঠঃ, মহামতিঃ (মহতী উদারা মতিঃ যস্য সঃ) ধ্রুবঃ রাজরাজেন ধনদেন, যদা বরায় (বরং যাচিতুং) চোদিতঃ প্রেরিতঃ, তদা সঃ হরৌ অচলিতাং অচলাং, স্মৃতিং বব্রে; যয়া স্মৃত্যা, জনঃ অযত্নেন অনায়াসেন, দুরত্যয়ং নিবর্ত্তয়িতুমশক্যং, তমঃ অজ্ঞানং, তরতি অতিক্রামতি ॥

শ্রীধরস্বামী।

যুক্তং বিরহিতং চ। সগুণনির্গুণভেদেন ॥ ৫ ॥

কামমসঙ্কোচেন অবিশঙ্কিতঃ। অনন্তরং অতিনিকটং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভবায় নাস্তি ভবো যস্মাত্তং বিষ্ণুং প্রাপ্তুং মায়য়াঃ স্বশক্তিত্বাদ্যুক্তং স্বরূপভূতত্বাভাবাদ্বিরহিতং ॥ ৫ ॥

অনন্তরমব্যবধানমতিনিকটমিত্যর্থঃ ॥ ৬ ॥

রাজ্ঞা সহ বর্ত্তমানেষু সর্ব্বেষু লোকেষু রাজত ইতি সরাজরাজঃ কুবেরস্তেন ॥

তিনিই সকলের আরাধনীয় ॥ ৫ ॥

হে উত্তানপাদ-কুমার! তুমি নিজ আচরণে কোন প্রকার ভীত বা শঙ্কিত হইও না! তুমি যথাভিলষিত বর আমার নিকট প্রার্থনা কর! আমি শুনিয়াছি! তুমি যখন পদ্মনাভ ভগবানের চরণারবিন্দের সমীপবর্ত্তী, তখন বরলাভের উপযুক্তই পাত্র, সন্দেহ নাই ॥ ৬ ॥

ভগবদ্ভক্ত মহামতি ধ্রুব রাজাধিরাজ কুবের কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া তৎসন্নিধানে ভগবানের প্রতি অচলা স্মৃতিই বররূপে প্রার্থনা করিলেন।

তস্য প্রীতেন মনসা তাং দত্ত্বৈড়বিড়স্ততঃ।
পশ্যতোঽন্তর্দ্দধে সোঽপি স্বপুরং প্রত্যপদ্যত ॥ ৭ ॥
অথাযজত যজ্ঞেশং ক্রতুভি র্ভূরিদক্ষিণৈঃ।
দ্রব্যক্রিয়াদেবতানাং কর্ম্ম (সর্ব্ব) কর্ম্মফলপ্রদং ॥ ৮ ॥
সর্ব্বাত্মন্যচ্যুতে সর্ব্বে তীব্রৌঘাং ভক্তিমুদ্বহন্।

অন্বয়ঃ।

ততঃ ঐড়বিড়ঃ ইড়বিড়ায়াঃ পুত্রঃ ধনদঃ, প্রীতেন মনসা তস্য ধ্রুবস্য তাং অচলাং ভগবৎ-স্মৃতিং, দত্ত্বা ধ্রুবস্য পশ্যতঃ এব অন্তর্দ্দধে অন্তর্হিতবান্। সঃ ধ্রুবঃ অপি স্বপুরং প্রত্যপদ্যত ॥৭॥

অথ গৃহাগমনানন্তরং, ভূরিদক্ষিণৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ, দ্রব্যক্রিয়াদেবতানাং (দ্রব্যং দেহঃ, ক্রিয়াঃ ইন্দ্রিয়াণি, দেবতাঃ তদধিষ্ঠাত্র্যঃ তাসাং) সর্ব্বকর্ম্মফলপ্রদং (সর্ব্বেষাং দানাধ্যয়নাদীনাং শুভাশুভানাং কর্ম্মণাং ফলপ্রদং কর্ম্মকর্ম্মফলপ্রদং ইতি পাঠান্তরং তত্রাপি দ্বিরুক্তিঃ কর্ম্ম-সাকল্যজ্ঞাপনার্থং) যজ্ঞেশং অযজত পূজিতবান্ ॥ ৮ ॥

সর্ব্বাত্মনি (সর্ব্বস্য স্থাবরজঙ্গমাত্মকস্য আত্মনি) সর্ব্বে পূর্ণে, অচ্যুতে তীব্রৌঘাং অখণ্ডিত-

শ্রীধরস্বামী।

স বরায় চোদিত ইত্যনুবাদরূপং পৃথগ্বাক্যং। অতঃ স বব্রে ইত্যস্যাপৌনরুক্ত্যং ॥ ৭ ॥
দ্রব্যক্রিয়াদেবতানাং কর্ম্মসাধ্যং ফলরূপং কর্ম্মফলপ্রদঞ্চেত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঐড়বিড়ঃ কুবেরঃ ॥ ৭ ॥

দ্রব্যক্রিয়াদেবতাসম্বন্ধিকর্ম্মপ্রদং কর্ম্মফলপ্রদঞ্চেতি সএব কর্ম্ম কারয়তি সএব কর্ম্মফলং ভোজয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

রাজানোহি দেবব্রাহ্মণাদিসন্তর্পকান্ ক্রতূন্ কুর্ব্বন্তি। তান্ বিনা ন রাজ্ঞঃ ব্যবহার-

অহো! এই স্মৃতির প্রভাবে জনগণ দুরতিক্রমণীয় ভীষণ অজ্ঞানকে অনায়াসে অতিক্রম করিয়া থাকেন ॥

ঐড়বিড়া-নন্দন যক্ষরাজ কুবের প্রীতপ্রসন্নচিত্তে ধ্রুবকে তাঁহার অভি-লষিত ভগবৎস্মৃতিরূপ শ্রেষ্ঠ বর প্রদান করিয়া, ধ্রুবের সমক্ষেই অন্তর্হিত হইয়া গেলেন এবং ধ্রুবও স্বকীয় রাজ্যে প্রত্যাগমন করিলেন ॥ ৭ ॥

স্বরাজ্যে প্রত্যাগমন পূর্ব্বক মহারাজ ধ্রুব ভূরিদক্ষিণ বহুবিধ যজ্ঞের অনুষ্ঠানে দেহ, ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাগণেরও সামর্থ্যপ্রদ সর্ব্বকর্ম্ম ফলদাতা ভগবান্ জনার্দ্দনের বিশেষরূপ আরাধনা করিয়াছিলেন ॥ ৮ ॥

স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় ভূতবর্গে যিনি নিরন্তর পরিপূর্ণ ভাবে বিরাজ করিতেছেন, যাঁহার কুত্রাপি কখন বিচ্যুতি ঘটে না; সম্প্রতি ধ্রুব সেই

দদর্শাত্মনি ভূতেষু তমেবাবস্থিতং বিভুং ।।
তমেবং শীলসম্পন্নং ব্রহ্মণ্যং দীনবৎসলং ।
গোপ্তারং ধর্ম্মসেতূনাং মেনিরে পিতরং প্রজাঃ ॥ ৯ ॥
ষট্ ত্রিংশদ্বর্ষসাহস্রং শশাস ক্ষিতিমণ্ডলং ।

অন্বয়ঃ।

প্রবাহাং, ভক্তিং চিত্তবৃত্তিং, উদ্বহন্ স্বাত্মনি ভূতেষু চ তং এব বিভুং ব্যাপকং ভগবন্তং অবস্থিতং দদর্শ ॥

এবং শীলসম্পন্নং ব্রহ্মণ্যং ব্রাহ্মণভক্তং, দীনবৎসলং দীনেষু দয়াযুক্তং, ধর্ম্মসেতুনাং বর্ণাশ্রমধর্ম্মমর্য্যাদানাং, গোপ্তারং রক্ষকং, তং ধ্রুবং প্রজাঃ পিতরং মেনিরে ॥ ৯ ॥

তথা ভোগৈঃ (ধর্ম্মাদ্যবিরোধেন বিষয়াণাং ভোগৈঃ) পুণ্যক্ষয়ং (প্রারব্ধস্য পুণ্যস্য ক্ষয়ং তথা) অভোগৈঃ ব্রতোপবাসাদিভিঃ অশুভক্ষয়ং (প্রারব্ধস্য অশুভস্য ক্ষয়ং) কুর্ব্বন্ ষট্ ত্রিংশদ্বর্ষ-

শ্রীধরস্বামী।

সর্ব্বস্যাত্মনি অসর্ব্বে সর্ব্বোপাধিবর্জ্জিতে ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিদ্ধিরিতি তদনুরোধেনৈব তস্য যজ্ঞাদি কর্ম্মকরণং স্বপ্রতিমূর্ত্তিদ্বারৈব। বস্তুতস্তু স স্বয়মবকাশমেব কর্ম্মণি নৈব লভত ইত্যাহ। সর্ব্বাত্মনি অথচ সর্ব্বে সর্ব্বব্যতিরিক্তস্বরূপে আত্মন্যন্তঃকরণে সর্ব্বভূতেষু বহিরপি তদ্ধ্যানপরিপাকাৎ স্ফূর্ত্ত্যা দদর্শ ॥ ৯ ॥

অভোগৈ র্ব্রতনিয়মাদিভিরশুভক্ষয়ং কুর্ব্বন্ কর্ত্তুমিচ্ছান্নিত্যর্থঃ। অত্র তুমর্থে শতৃপ্রত্যয়ঃ। তুমুনিচ সর্ব্বত্র ইচ্ছতিরাক্ষেপলব্ধ এব ভবতি যথা দেবদত্তো ভোক্তুং ব্রজতীত্যত্র ভোক্তুমিচ্ছন্

দেবদেব অচ্যুতে চিত্ত সমর্পণ পূর্ব্বক, স্বীয় হৃদয়কন্দরে এবং সকল প্রাণীর অন্তরে সেই বিশ্বব্যাপক পরমাত্মাকে প্রত্যক্ষে উপলব্ধি করিতে লাগিলেন ॥

তাদৃশ সদাচার-সম্পন্ন ব্রাহ্মণভক্ত এবং দীনজনের প্রতি সতত কৃপাপূর্ণ-হৃদয়ে বর্ণাশ্রম ধর্ম্মের মর্য্যাদার প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া, ধ্রুব ধর্ম্মকে প্রতিপালন করিলে, প্রজাগণ তাঁহাকে পিতৃনির্ব্বিশেষে সম্মান ও শ্রদ্ধা করিতে লাগিল ॥ ৯ ॥

মহারাজ ধ্রুব এই প্রকারে ধর্ম্মাবিরুদ্ধ ভোগের দ্বারা প্রারব্ধপুণ্যভোগের ক্ষয় এবং ব্রতোপবাসাদি নিয়মের প্রতিপালনে ভোগপরিত্যাগ পূর্ব্বক

আভাস।

সঞ্চিত ও প্রারব্ধভেদে কর্ম্ম দুই প্রকার। যে কর্ম্ম ফল প্রদান করিতে আরম্ভ করে নাই, সংস্কাররূপেই হৃদয়ে নিহিত থাকে, পরে কালক্রমে ভোগপ্রদানার্থ অগ্রসর হইবে, তাহাকে সঞ্চিতনামে শাস্ত্রে কীর্ত্তন করিয়াছেন; এবং যে কর্ম্মের ফলানুসারে জীব জাতি, আয়ু এবং

ভোগৈঃ পুণ্যক্ষয়ং কুর্ব্বন্নভোগৈরশুভক্ষয়ং ॥ ১০ ॥
এবং বহুসবং কালং মহাত্মাবিচলেন্দ্রিয়ঃ।
ত্রিবর্গৌপয়িকং নীত্বা পুত্রায়াদান্নৃপাসনং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

সাহস্রং কালং ক্ষিতিমণ্ডলং শশাস পালিতবান্ ॥ ১০ ॥

অবিচলেন্দ্রিয়ঃ (ন বিচলানি নিষিদ্ধভোগোন্মুখানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) মহাত্মা উদারচিত্তঃ, ধ্রুবঃ এবং ত্রিবর্গৌপয়িকং (ত্রিবর্গাণাং ধর্ম্মার্থকামানাং ঔপয়িকং উপভোগসাধনং বহুসবং (বহবঃ সবাঃ সম্বৎসরাঃ যস্মিন্ তং) কালং নীত্বা অতীত্য, পুত্রায় নৃপাসনং অদাৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অভোগৈর্যজ্ঞাদ্যনুষ্ঠানৈঃ ॥ ১০ ॥

বহবঃ সবা যাগাঃ সংবৎসরা বা যস্মিন্ তং কালং ত্রিবর্গস্য সাধনং নীত্বা। অবিচলানি সংযতানি ইন্দ্রিয়াণি যস্য ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রজতীত্যর্থো লভ্যতে। ইতি তস্য পুণ্যপাপক্ষয়চিকীর্ষাদৈন্যেনৈব বস্তুতস্তূৎপন্নপ্রেমত্বাত্তস্য পুণ্যপাপে নৈব স্তঃ ॥ ১০ ॥

বহবঃ সংবৎসরা যত্র তং ত্রিবর্গোপযোগিনং কালং নীত্বা গময়িত্বা ॥ ১১ ॥

প্রারব্ধ দুষ্কৃতিভোগ হইতে নিষ্কৃতি লাভে নির্লিপ্তের ন্যায় ষট্‌ত্রিংশত সহস্র বৎসর রাজত্ব করিলেন ॥ ১০ ॥

মহাত্মা ধ্রুবের চিত্ত কখন ভ্রমেও ধর্ম্মবিরুদ্ধ ভোগের প্রতি ধাবিত হয় নাই; তিনি অপ্রতিহত প্রভাবে ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গের সাধন করত এই বহু সংবৎসর কাল রাজ্যশাসন করিয়া রাজাসন পুত্রকে প্রদান করিলেন ॥ ১১ ॥

আভাস।

ভোগ প্রাপ্ত হইয়া, সংসারক্ষেত্রে বিচরণ করিতেছে, তাহাকে প্রারব্ধ কর্ম্ম কহা যায়। এই প্রারব্ধ কর্ম্ম ভোগ ব্যতীত ক্ষীণ হয় না; সঞ্চিত কর্ম্ম জ্ঞানের দ্বারা বিনষ্ট হইয়া যায়। কিন্তু ধ্রুবের চরিত্রে বর্ণিত হইয়াছে যে, কেবল ভগবদ্ভক্তির প্রভাবে ধ্রুবের প্রারব্ধ কর্ম্মেরও ক্ষয় হইয়া ছিল। ধ্রুব ঐশ্বর্য্যভোগের দ্বারা পুণ্যকর্ম্মের ক্ষয় করিয়াছিলেন এবং ব্রত উপবাসাদির ক্লেশ সহ্য করিয়া, প্রারব্ধ পাপেরও ক্ষয় করিয়াছিলেন ॥ ১০ ॥

অখণ্ড দণ্ডায়মান কালই জীবের যাবতীয় পুরুষার্থের সিদ্ধি করিয়া দেন। ধর্ম্ম, অর্থ ও কাম এক কালের সাহায্যে জীব লাভ করিতে পারে; অবশভাবে কালের অনুগমন করিলে, এই ত্রিবর্গই সাধিত হইয়া থাকে এবং উপেক্ষা করিলে এই ত্রিবর্গেরই ধ্বংস হইয়া থাকে, সন্দেহ নাই। ভগবান্ এই ভীষণ সংসারসাগরে আমাদিগকে নিক্ষেপ করিয়া, মুক্তিলাভের

মন্যমান ইদং বিশ্বং মায়ারচিতমাত্মনি।
অবিদ্যারচিতস্বপ্নগন্ধর্ব্বনগরোপমং ॥ ১২ ॥
আত্মস্ত্র্যপত্য সুহৃদো বলমৃদ্ধকোষমন্তঃপুরং পরিবিহারভুবশ্চ রম্যাঃ।

অন্বয়ঃ।

আত্মনি পরমাত্মনি, মায়য়ারচিতং ইদং বিশ্বং অবিদ্যারচিতস্বপ্নগন্ধর্ব্বনগরোপমং মন্যমানঃ (পুত্রায় অদাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ১২ ॥

আত্মস্ত্র্যপত্যসুহৃদঃ (আত্মা দেহঃ) বলমৃদ্ধকোষং (বলং সেনা, ঋদ্ধঃ বৃদ্ধকোষঃ অন্তঃ-পুরং, রম্যাঃ পরিবিহারভুবঃ উদ্যানানি, জলধিমেখলং (জলধিঃ মেখলা পরিখা ।স্য তং)

শ্রীধরস্বামী।

ইদং দেহাদি ভগবন্মায়য়া আত্মনি স্বস্মিন্ রচিতং মন্যমানঃ অত্র অবিদ্যাস্পৃষ্টিং দৃষ্টান্তয়তি অবিদ্যারচিতেতি ॥ ১২ ॥

আত্মা দেহ আত্মাদি মায়িকমপি পুনঃ কালেনোপসৃষ্টং অনিত্যমাকলয্য বিচিন্ত্য বিশালাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদং মায়ারচিতং মায়ারচিতত্বাং সত্যমপি আত্মনি যা অবিদ্যা তয়া রচিতৈঃ স্বপ্নগন্ধর্ব্ব-নগরৈঃ সহোপমা যস্য তং অসত্যমিবানুভবন্নিত্যর্থঃ ॥ ১২ ॥

পুত্রকে রাজত্বপ্রদান কালে তাঁহার সম্পদের প্রতি কিছুমাত্র আসক্তি ছিল না। শয়ান ব্যক্তির স্বপ্নদৃশ্য পদার্থ এবং ভ্রান্তজনের গন্ধর্ব্বনগরাদি সন্দর্শনের ন্যায়, ধ্রুব এই বিশ্ব সংসারকে পরমাত্মার পরমা শক্তি মায়াতে রচিত এবং সম্পূর্ণ অলিক বলিয়াই বিবেচনা করিয়াছিলেন ॥ ১২ ॥

দেহ, কলত্র, অপত্য, সেনা, অতুল ঐশ্বর্য্য, সংসারে রমণীয় উদ্যানাদি

আভাস।

জন্য কালনামে উত্তম অবসর দিয়াছেন; কাল পুত্রশোকার্ত্ত জনের দারুণ শোক এবং সৌভাগ্য-হীনের বিষম দুঃখ নিবারণ করিয়া থাকেন। চিরপ্রসিদ্ধ দুরাত্মারও চরিত্র সংশোধনে কালক্রমে তাহাকে সাধুর সর্ব্বোচ্চ শীর্ষপ্রদেশে আরোহণ করাইয়া দেন। অতএব কাল মহান্ ও সর্ব্বশ্রেষ্ঠ; যাহারা কালকে উপেক্ষা করে, তাহারা অখিলপতি বিষ্ণুকেই অবজ্ঞা করিয়া থাকে; এবং যাঁহারা কালকে বিশেষ সম্মান করত অলস ভাবে কখন সময় অতিবাহিত করেন না, স্থিরপ্রতিজ্ঞ হইয়া নিয়ত কর্ত্তব্য কর্ম্মেরই অনুষ্ঠান করেন, তাঁহারা কালক্রমে ধর্ম্ম অর্থ ও কামের প্রাপ্তিতে অন্তে মোক্ষপদ প্রাপ্ত হইয়া থাকেন, সন্দেহ নাই। ধ্রুব এই ছত্রিশ হাজার বৎসর রাজত্ব করিয়াছিলেন বটে, কিন্তু এক নিমেষের জন্যও কালকে উপেক্ষা করেন নাই। তিনি কালের গম্ভীর বেগের প্রতি তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া, সংসারের অনিত্যতা বিশেষ রূপে উপলব্ধি করিয়াছিলেন; সংসার যে কেবল মহামায়ার অচিন্ত্য শক্তিতে রচিত,

ভূমণ্ডলং জলধিমেখলমাকলয্য কালোপসৃষ্টমিতি স প্রযযৌ বিশালাং ॥ ১৩ ॥
তস্যাং বিশুদ্ধকরণঃ শিববার্বিগাহ্য বদ্ধাসনং জিতমরুন্মনসা হৃতাক্ষঃ।

অন্বয়ঃ।

ভূমণ্ডলং সর্ব্বং কালোপসৃষ্টং (কালেন উপসৃষ্টং নশ্বরং) আকলয্য বিচার্য্য, সঃ ধ্রুবঃ বিশালাং বদরিকাং আশ্রমং প্রযযৌ ॥ ১৩ ॥

তস্যাং বিশালায়াং, শিববাঃ (শিবং পবিত্রং জলং) বিগাহ্য প্রবিশ্য, বিশুদ্ধকরণঃ (বিশুদ্ধানি করণানি অন্তঃকরণং ইন্দ্রিয়াণি চ যস্য তথা সন্) আসনং স্বস্তিকাদি বদ্ধা স্থিরীকৃত্য, জিতমরুৎ (জিতঃ মরুৎ প্রাণবায়ুঃ যেন সঃ) তথা মনসা হৃতাক্ষঃ (হৃতানি অক্ষাণি যেন সঃ) সন্ ভগবৎপ্রতিরূপে (ভগবতঃ প্রতিরূপে প্রতিনিধিভূতে স্থূলে বিরাট্‌রূপে এতৎ মনঃ দধার।

শ্রীধরস্বামী।

বদরিকাশ্রমং ॥ ১৩ ॥

তত্র তৎকৃতমষ্টাঙ্গযোগমাহ। তস্যাং শিবং বাঃ শুদ্ধমুদকং বিগাহ্য প্রবিশ্য ইতি স্নানাদিনিয়মা উক্তা। বিশুদ্ধকরণ ইতি শমাদয়ঃ যমাঃ। আসনাদীনি স্ফুটমেবোক্তানি জিতো মরুৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা দেহ সুদাদিকং সর্ব্বং কালেনোপসৃষ্টং গ্রস্তমিত্যাকলয্য বিশালাং বদরিকাশ্রমং যযৌ ॥ ১৩ ॥

বিশুদ্ধকরণ ইত্যাদীনি যমাদ্যষ্টাঙ্গানি ভগবৎপ্রতিরূপে প্রতিনিধিভূতে বিরাড়্‌রূপে দধার

ক্রীড়াভূমি এবং সসাগরা মেদিনীকেও কালের অধীন নশ্বর বিবেচনা করিয়া ধ্রুব বৈরাগ্যাবলম্বনে ঈশ্বরারাধনার্থ বদরিকাশ্রমে যাত্রা করিলেন ॥ ১৩ ॥

উক্ত বদরিকাশ্রমে উপনীত হইয়া, মহামনা ধ্রুব তত্রত্য পবিত্র জলে অবগাহন পূর্ব্বক স্নান করিলেন এবং শমদমাদি অবলম্বনে চিত্তকে সংযত করিয়া সুখময় আসনে উপবেশন করিলেন; তিনি প্রণায়ামের দ্বারা মনের নিরোধ করত জিতেন্দ্রিয় হইলেন এবং প্রথমত স্থূল প্রতিমাদি ভগবানের বিরাট্ কলেবরে চিত্ত ধারণ পূর্ব্বক সমাহিত হইলেন; পরে ধ্যানকর্ত্তা আত্মস্বরূপ এবং ধ্যানক্রিয়ার ভাব বিস্মৃত হইয়া, যখন তিনি ধ্যেয় ভগবৎ-

আভাস।

এবং ভ্রান্ত ব্যক্তির নভোমণ্ডলে গন্ধর্ব্বনগর দর্শন এবং স্বপ্নে বিচিত্র ভাবের উপলব্ধি করার ন্যায়, এই সংসারের বস্তুনিচয়ের প্রতি দৃষ্টি যে তদপেক্ষা কোন অংশে ন্যূন নহে, তাহা তিনি বিলক্ষণ অবধারণে সক্ষম হইয়াছিলেন। সুতরাং প্রাচীন বয়সে পুত্রকে রাজসিংহাসন প্রদান করিয়া তাঁহার হৃদয়ে কোন আসক্তির উচ্ছ্বাস জন্মে নাই; বরং বিষয়ে বিরক্তির সহিতই তিনি পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া, স্বয়ং ভগবদুপাসনার্থ বদরিকাশ্রমে গমন করিলেন ॥ ১১—১৩ ॥

স্থূলে দধার ভগবৎপ্রতিরূপ এতদ্ধ্যায়ং স্তদব্যবহিতো ব্যস্থজং সমাধৌ ॥ ১৪ ॥
ভক্তিং হরৌ ভগবতি প্রবহন্নজস্রমানন্দবাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমানঃ।
বিক্লিদ্যমানহৃদয়ঃ পুলকাচিতাঙ্গো নাত্মানমস্মরদসাবিতি মুক্তলিঙ্গঃ ॥

অন্বয়ঃ ।

ধ্যায়ন্ অব্যবহিতঃ ধ্যাতৃধ্যানধ্যেয়ভেদস্ফুরণরহিতঃ, সমাধৌ স্থিতঃ সন্ তৎ স্থূলং রূপং অপি ব্যস্থজৎ বিস্মৃতবান্ ॥ ১৪ ॥

হরৌ সর্ব্বদুঃখহর্ত্তরি, ভগবতি পরমপুরুষার্থভূতে, অজস্রং নিরন্তরং, ভক্তিং প্রবহন্ মুক্তলিঙ্গঃ ত্যক্তদেহাদিকার্য্যকরণসঙ্ঘাতাভিমানঃ, আনন্দবাষ্পকলয়া (আনন্দেন জাতয়া বাষ্পকলয়া অশ্রুবিন্দুপ্রবাহেণ) মুহুঃ অর্দ্দ্যমানঃ অভিভূয়মানঃ, বিক্লিদ্যমানহৃদয়ঃ (বিক্লিদ্যমানং হৃদয়ং যস্য সঃ) পুলকাচিতাঙ্গঃ (পুলকৈঃ আচিতা ন ব্যাপ্তানি অঙ্গানি যস্য সঃ) অসৌ ধ্রুবঃ অহমিতি আত্মানং ন অস্মরৎ সস্মার ॥

শ্রীধরস্বামী ।

প্রাণো যেন আহৃতান্যক্ষাণি যেন ভগবতঃ প্রতিরূপভূতে স্থূলে বিরাড়্রূপে এতন্মনো দধার ধ্যায়ন্নব্যবহিতো ধ্যাতৃধ্যেয়ভেদশূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যস্থজৎ ॥ ১৪ ॥

এবমজস্রং নিত্যং হরৌ ভক্তিং প্রকর্ষেণ বহন্ অসৌ ধ্রুবোঽহমিত্যাত্মানং ন সস্মার।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ধারণামকরোৎ। এতদ্ধ্যায়ন্নব্যবহিতঃ ভগবৎস্বরূপে ব্যবধানশূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যস্থজৎ ॥ ১৪ ॥

এতচ্চ সর্ব্বং তত্রত্যানাং যোগিনাং সদাচারসম্মানার্থং দ্বিত্রদিনমেবানুরোধেন চকার বস্তু-

প্রতিমাদিতে চিত্ত অনন্যভাবে সমাবেশিত করিলেন, তখন ভগবানের স্থূলরূপ পরিত্যাগ করিয়া, কেবল সূক্ষ্ম চৈতন্যময় স্বরূপে অবস্থান পূর্ব্বক অন্য কিছুই আর চিন্তা করেন নাই ॥ ১৪ ॥

সর্ব্বদুঃখহারী পরমপুরুষার্থস্বরূপ ভগবান্ শ্রীহরিতে নিরন্তর ভক্তি করায় দেহাদি চতুর্ব্বিংশতি তত্ত্বের প্রতি অভিমান নিরস্ত হইয়া প্রেমানন্দে ধ্রুবের নয়নদ্বয় হইতে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল; আনন্দের মূর্চ্ছনায় তাঁহার হৃদয় যেন অভিভূত হইয়া পড়িল, অঙ্গ প্রত্যঙ্গ পুলকিত হইয়া উঠিল; তিনি নিজের অস্তিত্ব পর্য্যন্ত বিস্মৃত হইয়া ভগবদ্ভাবেই অবস্থান করিতে লাগিলেন ॥

আভাস ।

ধ্রুব যে অষ্টাঙ্গ যোগের অনুষ্ঠানে পরমাত্মাতে সমাহিত হইয়াছিলেন, তাহারই বিশেষ বিবরণ এস্থলে ব্যাখ্যাত হইয়াছে।° অর্থাৎ যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধারণা

স দদর্শ বিমানাগ্র্যং নভসোঽবতরদ্ধ্রুবঃ।
বিভ্রাজয়দ্দশ দিশো রাকাপতিমিবোদিতং॥ ১৫ ॥

অন্বয়ঃ।

অথ সঃ ধ্রুবঃ উদিতং রাকাপতিং চন্দ্রং, ইব দশ দিশঃ বিভ্রাজয়ৎ প্রকাশয়ৎ, নভসঃ আকাশাৎ, অবতরৎ বিমানাগ্র্যং শ্রেষ্ঠবিমানং, দদর্শ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

যতোমুক্তলিঙ্গস্ত্যক্তশরীরাভিমানঃ অত্র হেতবঃ আনন্দবাস্পস্য কলয়া বিন্দুপ্রবাহেণাভিভূয়মানঃ। বিক্লিদ্যমানং দ্রবৎ হৃদয়ং যস্য পুলকৈর্ব্যাপ্তাঙ্গঃ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য যোগে তস্যাবকাশ এব নাস্তীত্যাহ ভক্তিমিতি। ইতি হেতোরেব মুক্তলিঙ্গস্ত্যক্তদেহাভিমানঃ নতু যোগাদ্ধেতোরিতি গার্হস্থ্যে কর্ম্মযোগে বৈরাগ্যেঽষ্টাঙ্গযোগশ্চ তস্য লোকপ্রদর্শনার্থক এব বভূবেতি ভাবঃ॥ ১৫ ॥

কিয়ৎকাল পরে ধ্রুব দেখিলেন যে, উদিত পূর্ণ-শশধরের ন্যায়, জ্যোতিতে দশ দিক্ আলোকিত করিয়া একখানি অপূর্ব্ব বিমান নভোমণ্ডল হইতে ধরাধামে অবতীর্ণ হইতেছে॥ ১৫ ॥

আভাস।

ধ্যান এবং সমাধি বলিয়া যোগের যে অষ্টবিধ অঙ্গ যোগশাস্ত্রে কীর্ত্তিত আছে, ধ্রুবের ন্যায় পরম- ভক্তকেও তাহার অনুষ্ঠান করিতে হইয়াছিল। ঈশ্বরসাক্ষাৎকার কেবল মৌখিক ভক্তিতে ঘটে না; অচল অটল ও অন্ধবিশ্বাসের ফলে বালকাবস্থায় ধ্রুব তপস্যার দ্বারা ভগবৎসন্নিধানে যে অসীম অধ্যবসায়ের পরিচয় দিয়াছিলেন, তাহাতে ভগবান্ প্রসন্ন হইয়া তাঁহাকে ধ্রুবলোক প্রদানে অঙ্গিকার করেন। কিন্তু যদি সেই তপস্যাই তাঁহার ধ্রুবলোক প্রাপ্তির প্রচুর আয়োজন হইত, তাহা হইলে আর কালের অপেক্ষা থাকিত না এবং পুনরায় ধ্রুবকে আর রাজ্যভোগ করিতে হইত না। কিন্তু ধ্রুবের পক্ষে তাদৃশ অজ্ঞান-দশায় এরূপ ধ্রুবলোক পাওয়া নিতান্ত অসঙ্গত। ধ্রুবের স্বকীয় অজ্ঞান স্বীয় যত্নে দূর হওয়া প্রয়োজন; চতুর্ব্বিংশতি তত্ত্বের সুষ্ঠু বিচার পূর্ব্বক আত্মা ও অনাত্মার পার্থক্য উপলব্ধ হওয়া আবশ্যক; সুতরাং ভগবানের সগুণ মূর্ত্তির সাক্ষাৎকার ঘটিলেও আনন্দরসবিগ্রহ পূর্ণ চিদানন্দস্বরূপের সাক্ষাৎকারের নিমিত্ত বিষয়বৈরাগ্য ও যোগাবলম্বনে আত্মবিচারের প্রয়োজন হইল। তিনি বদরিকাশ্রমে গমন পূর্ব্বক স্নান দ্বারা নিয়ম, বিশুদ্ধ করণ হইয়া শম দমাদি যমের অনুষ্ঠান যে করিয়াছিলেন, তাহারই পরিচয় শ্লোকে দিয়াছেন। পরে আসনে উপবিষ্ট হইয়া, প্রাণায়ামের দ্বারা "হৃতাক্ষঃ" অর্থাৎ প্রত্যাহার করিয়াছিলেন। স্ব স্ব বিষয় হইতে তত্তদিন্দ্রিয়ের নিরোধ করাকেই প্রত্যাহার বলা যায়। এই পাঁচটী যোগের বহিরঙ্গ; অবশিষ্ট ধ্যান, ধারণা ও সমাধিকে অন্তরঙ্গনামে শাস্ত্রাদিতে

তত্রানুদেবপ্রবরৌ চতুর্ভুজৌ শ্যামৌ কিশোরাবরুণাম্বুজেক্ষণৌ।
স্থিতাববষ্টভ্য গদাং সুবাসসৌ কিরীটহারাঙ্গদচারুকুণ্ডলৌ ॥ ১৬ ॥
বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করাবভ্যুত্থিতঃ সাধ্বসবিস্মৃতক্রমঃ।
ননাম নামানি গৃণন্মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ ॥

অন্বয়ঃ।

অনু বিমানদর্শনানন্তরং, তত্র বিমানে চতুর্ভুজৌ শ্যামৌ কিশোরৌ নববয়স্কৌ, অরুণাম্বুজেক্ষণৌ, কিরীটহারাঙ্গদচারুকুণ্ডলৌ সুবাসসৌ দেবপ্রবরৌ গদাং অবষ্টভ্য অবলম্ব্য, স্থিতৌ (ভগবৎপার্ষদৌ দদর্শ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ১৬ ॥

তৌ (উত্তমগায়স্য পুণ্যযশসঃ ভগবতঃ কিঙ্করৌ) বিজ্ঞায় অভ্যুত্থিতঃ সাধ্বসবিস্মৃতক্রমঃ (সাধ্বসেন সম্ভ্রমেণ বিস্মৃতঃ পূজায়াঃ ক্রমঃ যেন সঃ) সন্ মধুদ্বিষঃ মধুসূদনস্য পার্ষৎপ্রধানৌ, "সুনন্দনন্দৌ যুবাং ইতি" তয়োঃ নামানি গৃণন্ উচ্চারয়ন্, সংহতাঞ্জলিঃ এব ধ্রুবঃ ননাম ॥

শ্রীধরস্বামী।

অনু অনন্তরং দেবপ্রবরৌ দদর্শেত্যনুসঙ্গঃ গদামবষ্টভ্য স্থিতৌ। কিরীটাদিভিঃ সহিতে চারুণী কুণ্ডলে যয়োঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র বিমানে অনু অনন্তরং দেবপ্রবরৌ দদর্শ ॥ ১৬ ॥

অনন্তর ঐ বিমানের মধ্যে চতুর্ভুজ শ্যামবর্ণ কিশোরবয়স্ক অরুণ কমলায়ত-লোচন, অতি উত্তম বসন, কিরীট, হার, কুণ্ডল ও বলয়াদি আভরণে শোভিত দুইজন ভগবৎপর্ষদ গদাহস্তে অবস্থান করিতেছেন, এইরূপ নয়নগোচর করিলেন ॥ ১৬ ॥

সমাগত দুইজনকে অবলোকন করিয়া, ধ্রুব তাঁহাদিগকে পুণ্যকীর্ত্তি ভগবানের পার্ষদদ্বয় বলিয়া অবধারণ করিলেন এবং সম্ভ্রমে বিস্মিত হইয়া

আভাস।

কীর্ত্তন করিয়া থাকেন। ভগবানের প্রতিমাতে ধ্যান, সংসাররূপ বিরাট্‌রূপে ধারণা এবং পরে এতদুভয়কে পরিত্যাগ পূর্ব্বক অনন্যচিন্তনে ধ্রুবের চিত্ত যখন সুস্থভাব লাভ করিল, তখন তাঁহার কেবল চিন্ময় দ্রষ্টৃভাবের উপলব্ধি ঘটিল। তখন ধ্রুব আর আপনার পৃথক্ অস্তিত্ব অনুভব করিতে না পারিয়া, সেই সর্ব্বাত্মভাবেই যখন অবস্থান করিতে লাগিলেন, তখনই তাঁহার সমাধির চরম সীমা উপস্থিত হইল। "ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতি"। ধ্রুব যখন ভগবানে আত্মসমর্পণ করিলেন, তখন যে সকল চিহ্ন ভক্তের অঙ্গে লক্ষিত হয়, তাহাই এস্থলে বর্ণিত হইয়াছে। ভগবানও তাদৃশ ভক্তকে তখন দূরে রাখিতে যে ইচ্ছা করেন না, তাহাই তাঁহার বিমানের প্রেরণে স্পষ্টত প্রতীত করা হইয়াছে ॥ ১৪—১৬ ॥

তং কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং বদ্ধাঞ্জলিং প্রশ্রয়নম্রকন্ধরং।
সুনন্দনন্দাবুপসৃত্য সস্মিতং প্রত্যূচতুঃ পুষ্করনাভসম্মতৌ ॥ ১৭ ॥
ভো ভো রাজন্ সুভদ্রং তে বাচো নোঽবহিতঃ শৃণু।
যং পঞ্চবর্ষস্তপসা ভবান্ দেবমতীতৃপৎ ॥ ১৮ ॥
তস্যাখিলজগদ্ধাতু র্দেবদেবস্য শাঙ্গিণঃ।

অন্বয়ঃ।

কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং (কৃষ্ণপাদয়োঃ অভিনিবিষ্টং চেতঃ যস্য তং) বদ্ধাঞ্জলিং, প্রশ্রয়নম্রকন্ধরং (প্রশ্রয়েণ বিনয়েন নম্রা আনতা কন্ধরা গ্রীবা যস্য তং) ধ্রুবং প্রতি পুষ্করনাভসম্মতৌ (পুষ্করনাভস্য ভগবতঃ সম্মতৌ প্রিয়ৌ) সুনন্দনন্দৌ উপসৃত্য সমীপং গত্বা, সস্মিতং যথাস্যাৎ তথা উচতুঃ ॥ ১৭ ॥

ভোঃ ভোঃ রাজন্ তে তব সুভদ্রং কল্যাণং, ভবতু; অবহিতঃ সাবধানঃ, সন্ নঃ অস্মাকং, বাচঃ শৃণু! পঞ্চবর্ষঃ ভবান্ তপসা যং দেবং অতীতৃপৎ তৃপ্তং অকার্ষীৎ ॥ ১৮ ॥

তস্য অখিলজগদ্ধাতুঃ সর্ব্বজগৎপালকস্য, দেবদেবস্য শাঙ্গিণঃ নারায়ণস্য পার্ষদৌ আবাং

শ্রীধরস্বামী।

উত্তমগায়ঃ পুণ্যশ্লোকঃ তস্য কিঙ্করৌ তৌ বিজ্ঞায়। মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি হেতোঃ। সাধ্বসেন সংভ্রমেণ বিস্মৃতঃ পূজাক্রমো যেন। কেবলং তস্য নামানি গৃণন্ ননাম ॥ ১৭ ॥

সুভদ্রন্ত ইতি সশরীরস্যৈব বিষ্ণুপদারোহণাভিপ্রায়ং। অতীতৃপৎ তর্পিতবান্ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাধ্বসেন সম্ভ্রমেণ বিস্মৃতঃ পূজাক্রমঃ কেবলং তস্য নামানি জয় নারায়ণ, জয় গোপাল, জয় গোবিন্দেত্যাদ্যুচ্চারয়ন্নাম ॥ ১৭ ॥

তাঁহাদের নাম উচ্চারণপূর্ব্বক "অহো! সুনন্দ নন্দ আগমন করিয়াছেন" এই বলিয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাদের উভয়কে প্রণাম করিলেন ॥

শ্রীকৃষ্ণের চরণকমলে নিবিষ্টচেতা এবং বিনয়ে আনতগ্রীব মহারাজ ধ্রুবকে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান নিরীক্ষণ করিয়া, পদ্মনাভ ভগবানের প্রিয়-পাত্র সুনন্দ ও নন্দ নামক পার্ষদদ্বয় সহাস্যবদনে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১৭ ॥

হে রাজন্! আপনার কল্যাণ হউক! প্রণিহিতমনে আমাদের বাক্য শ্রবণ করুন্! আপনি পঞ্চবর্ষ বয়ঃক্রমকালে প্রচুর তপস্যার অনুষ্ঠানে যে ভগবানের তৃপ্তিসাধন করিয়াছেন ॥ ১৮ ॥

আমরা সেই অখিলপতি দেবদেব শাঙ্গধন্বা নারায়ণের পার্ষদদ্বয়; ভগবানের উৎকৃষ্ট পদবীতে আপনাকে লইয়া যাইবার নিমিত্ত আমরা এখানে

পার্ষদাবিহ সংপ্রাপ্তৌ নেতুং ত্বাং ভগবৎপদং ॥ ১৯ ॥
সুদুর্জ্জয়ং বিষ্ণুপদং জিতং ত্বয়া যৎ সূরয়োঽপ্রাপ্য বিচক্ষতে পরং।
আতিষ্ঠ তচ্চন্দ্রদিবাকরাদয়ো গ্রহর্ক্ষতারাঃ পরিযন্তি দক্ষিণং ॥
অনাস্থিতং তে পিতৃভিরন্যৈরপ্যঙ্গ কর্হিচিৎ।
আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ভগবৎপদং ত্বাং নেতুং ইহ সংপ্রাপ্তৌ ইতি বিদ্ধি॥ ১৯ ॥

সুদুর্জ্জয়ং বিষ্ণুপদং যৎ সূরয়ঃ সপ্তর্ষয়ঃ, অপি অপ্রাপ্য পরং কেবলং, বিচক্ষতে পশ্যন্তি, যৎ চন্দ্রদিবাকরাদয়ঃ গ্রহর্ক্ষতারাঃ দক্ষিণং পরিযন্তি পরিক্রামন্তি তৎ ত্বয়া জিতং তৎপ্রসাদাৎ প্রাপ্তং তৎ আতিষ্ঠ অধিতিষ্ঠ ॥

হে অঙ্গ! তে তব পিতৃভিঃ অন্যৈঃ অপি তৎ স্থানং কর্হিচিৎ অনাস্থিতং অনধিষ্ঠিতং। অতঃ জগতাং বন্দ্যং বিষ্ণোঃ তৎ পরমং পদং আতিষ্ঠ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

আবাং তস্য পার্ষদৌ ॥ ১৯ ॥

সুদুর্জ্জয়ত্বে হেতুঃ সূরয়ঃ সপ্তর্ষয়োঽপি যদপ্রাপ্য কেবলমধঃস্থিতাঃ পশ্যন্তি। যচ্চ চন্দ্রাদয়ঃ প্রদক্ষিণং যথা ভবতি তথা পরিক্রামন্তি তদাতিষ্ঠ অধিতিষ্ঠ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুভদ্রং ত ইতি সশরীরস্যৈব বিষ্ণোঃ পদারোহণাভিপ্রায়ঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

সূরয়ঃ সপ্তর্ষয়োঽপি যদপ্রাপ্য কেবলমধঃস্থিতাঃ পশ্যন্তি। চন্দ্রাদয়ঃ দক্ষিণং পরিযন্তি প্রদক্ষিণীকুর্ব্বন্তি ॥ ২০ ॥

আগমন করিয়াছি ॥ ১৯ ॥

সম্প্রতি সপ্তর্ষি প্রভৃতি সুরগণ যে সর্ব্বোৎকৃষ্ট সুদুর্জ্জয় পদবীকে প্রাপ্ত না হইয়া, সতৃষ্ণনয়নে অদ্যাবধি যাহার প্রতি দূর হইতেই অবলোকন করিতেছেন মাত্র এবং চন্দ্রসূর্য্যাদি গ্রহগণ, তারকামণ্ডল ও নক্ষত্রসমূহ দক্ষিণাবর্ত্তে যে স্থানকে নিরন্তর প্রদক্ষিণ করিতেছে, আপনি ভগবানের প্রসাদে সেই লোককে প্রাপ্ত হইয়াছেন! এক্ষণে তথায় আগমন করুন্! ॥

হে শোভন! আপনার পিতৃপিতামহাদি অন্য কোন ব্যক্তি এরূপ স্থান সংগ্রহে অধিকারী হন নাই এবং আপনিও কখন এরূপ স্থানে গমন করেন নাই। অতএব ত্রিজগতের বন্দনীয় পরম পবিত্র সেই বিষ্ণুর পরমপদে সম্প্রতি আরোহণ করুন্! ॥ ২০ ॥

পবিত্রকীর্ত্তিগণের শিরোমণি ভগবান্ জনার্দ্দন আপনার জন্য এই অপূর্ব্ব

এতদ্বিমানপ্রবরমুত্তমশ্লোকমৌলিনা।
উপস্থাপিতমায়ুষ্মন্নধিরোঢ়ুং ত্বমর্হসি ॥ ২১ ॥
মৈত্রেয় উবাচ ॥
নিশম্য বৈকুণ্ঠনিযোজ্যমুখ্যয়ো র্মধুচ্যুতাং বাচমুরুক্রমপ্রিয়ঃ।
কৃতাভিষেকঃ কৃতনিত্যমঙ্গলো মুনীন্ প্রণম্যাশিষমভ্যবাদয়ৎ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

উত্তমশ্লোকমৌলিনা (উত্তমাঃ শ্লোকাঃ যশাংসি যেষাং তেষাং মৌলিনা শিরোমণিনা) এতৎ বিমানপ্রবরং বিমানশ্রেষ্ঠং, উপস্থাপিতং প্রেষিতং। হে আয়ুষ্মন্! এতৎ ত্বং অধিরোঢ়ুং অর্হসি ॥ ২১ ॥

মৈত্রেয়ঃ উবাচ। বৈকুণ্ঠনিযোজ্যমুখ্যয়োঃ (বৈকুণ্ঠস্য ভগবতঃ নিযোজ্যানাং পার্ষদানাং মুখ্যয়োঃ তয়োঃ) মধুচ্যুতং (মধু চ্যবতে স্রবতীতি মধুচ্যুৎ তাং মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং অমৃতস্রাবিণীং) বাচং নিশম্য শ্রুত্বা, উরুক্রমপ্রিয়ঃ (উরবঃ বহবঃ ক্রমাঃ লীলাঃ যস্য তস্য ভগবতঃ প্রিয়ঃ ধ্রুবঃ) কৃতাভিষেকঃ কৃতস্নানঃ, কৃতনিত্যমঙ্গলঃ (কৃতং নিত্যকর্ম্ম সন্ধ্যাবন্দনাদিকং মঙ্গলং তিলকাদিকঞ্চ যেন সঃ) তথাবিধঃ সন্ মুনীন্ প্রণম্য তেভ্যঃ আশিষং অভ্যবাদয়ং বাচয়ামাস ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

আয়ুষ্মন্নিত্যপি সশরীরযানাভিপ্রায়মেব ॥ ২১ ॥

মধু চ্যবতে স্রবতীতি মধুচ্যুৎ তাং। মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং অমৃত-স্রাবিণীমিত্যর্থঃ। কৃতং নিত্যং কর্ম্ম মঙ্গলং চালঙ্করণং যেন অভ্যবাদয়ং বাচয়ামাস ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আয়ুষ্মন্নিত্যপি সশরীরগমনাভিপ্রায়ং ॥ ২১ ॥

নিযোজ্যাঃ কিঙ্করাঃ। মধু চ্যবতে স্রবতীতি মধু চ্যুৎ তাং মধুচ্যুতামিতি পাঠে মধু চ্যুতং যস্যাং তাং অভ্যবাদয়ৎ বাচয়ামাস ॥ ২২ ॥

বিমান প্রেরণ করিয়াছেন! হে আয়ুষ্মন্! ইহাতে আপনি আরোহণ করুন্ ॥ ২১ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! বৈকুণ্ঠনাথের প্রধান পার্ষদদ্বয়ের মুখে তাদৃশ অমৃতোপম মধুর বচন শ্রবণ করিয়া, ভগবৎপ্রিয় মহামতি ধ্রুব জলে অবগাহন পূর্ব্বক স্নান করিলেন এবং সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম্ম সমাপন পূর্ব্বক

আভাস।

নিম্নলিখিত কয়েকটী শ্লোকে বিমানাদির বর্ণনে ভক্তের অতুল শান্তি ও দুঃখনিবৃত্তির কথাই বর্ণিত হইয়াছে ॥ ১৭—২১ ॥

পরীত্যাভ্যর্চ্চ্য ধিষ্ণ্যাগ্র্যং পার্ষদাবভিবন্দ্যচ।
ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়ং॥
তদা দুন্দুভয়ো নেদুর্ম্মৃদঙ্গপণবাদয়ঃ।
গন্ধর্ব্বমুখ্যাঃ প্রজগুঃ পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ॥ ২৩॥
সচ স্বর্লোকমারোক্ষ্যন্ সুনীতিং জননীং ধ্রুবঃ।
অন্বস্মরদগং হিত্বা দীনাং যাস্যে ত্রিপিষ্টপং॥ ২৪॥

অন্বয়ঃ।

ধিষ্ণ্যাগ্র্যং বিমানশ্রেষ্ঠং অভ্যর্চ্চ্য সম্পূজ্য, পরীত্য প্রদক্ষিণীকৃত্য, পার্ষদৌ চ অভিবন্দ্য তৎ বিমানং অধিষ্ঠাতুং যদা ইয়েষ ঐচ্ছৎ, তদা হিরণ্ময়ং রূপং বিভ্রৎ জাতঃ॥

তদা দুন্দুভয়ঃ মৃদঙ্গপণবাদয়ঃ নেদুঃ গন্ধর্ব্বমুখ্যাঃ প্রজগুঃ। কুসুমবৃষ্টয়ঃ পেতুঃ॥ ২৩॥

স্বর্লোকং আরোক্ষ্যন্ সঃ ধ্রুবঃ দীনাং (মদ্বিয়োগেন) দুঃখিতাং, জননীং সুনীতিং হিত্বা অগং দুর্গমস্থানং, ত্রিপিষ্টপং স্বর্গং কথং যাস্যে ইতি জননীং অন্বস্মরৎ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

তদেব রূপং হিরণ্ময়ং বিভ্রৎ সন্ ইয়েষ ঐচ্ছৎ॥ ২৩॥

দীনাং হিত্বা অগং দুর্গমং ত্রিপিষ্টপং যাস্যামীত্যন্বস্মরৎ॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরীত্য বিমানং প্রদক্ষিণীকৃত্য অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদিভি র্ভগবদ্বিমানায় নম ইতি সংপূজ্য তদেব স্বীয়ং রূপং হিরণ্ময়ং তেজোবহুলং বিভ্রৎ সন্ আরোঢ়ুমৈচ্ছৎ॥ ২৩॥

অগং সর্ব্বাগম্যং ত্রিপিষ্টপং বিষ্ণুপদং॥ ২৪॥

তিলকাদি ধারণে তত্রস্থ মুনিগণের নিকট গমন করিয়া, তাঁহাদিগকে প্রণাম করিলেন এবং তাঁহাদের আশীর্ব্বাদ গ্রহণ করিলেন॥ ২২॥

অনন্তর সেই দেববিমানকে পূজা করত প্রদক্ষিণ করিলেন; এবং পার্ষদ-দ্বয়কে অভিবাদন পূর্ব্বক যখন বিমানে আরোহণ করিতে উদ্যত হইলেন, অমনি তাঁহার দেহ পূর্ব্ব বর্ণ পরিত্যাগপূর্ব্বক উজ্জ্বল স্বর্ণবর্ণে প্রতিভাত হইয়া উঠিল॥

আকাশ-পথে দুন্দুভি, মৃদঙ্গ ও পণবাদির ধ্বনি হইতে লাগিল; গন্ধর্ব্ব-পতিগণ নৃত্য করিতে লাগিলেন এবং আসার-ধারার ন্যায় রাশি রাশি কুসুম ধ্রুবের মস্তকে ও চতুর্দ্দিকে নিপতিত হইতে লাগিল॥ ২৩॥

অতি আগ্রহের সহিত স্বর্গলোকে যাত্রা করিবার সময়, ধ্রুবের জননীকে স্মরণ হইল; পুত্রশোকার্ত্ত জননী সুনীতিকে পরিত্যাগ করিয়া, কিরূপে একাকী তাদৃশ দুরধিগম্য স্বর্গে গমন করিবেন? তাহাই মনে মনে চিন্তা

ইতি ব্যবসিতং তস্য ব্যবসায় সুরোত্তমৌ।
দর্শয়ামাসতু দেবীং পুরো যানেন গচ্ছতীং ॥
তত্র তত্র প্রশংসদ্ভিঃ পথি বৈমানিকৈঃ সুরৈঃ।
অবকীর্য্যমাণো দদৃশে কুসুমৈঃ ক্রমশো গ্রহান্ ॥ ২৫ ॥
ত্রিলোকীং দেবযানেন সোঽতিব্রজ্য মুনীনপি।
পরস্তাদ্‌যদ্ ধ্রুবগতি বিষ্ণোঃ পদমথাভ্যগাৎ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ইতি এবং ধ্রুবস্য তস্য ব্যবসিতং অভিপ্রায়ং, ব্যবসায় নিশ্চিত্য, সুরোত্তমৌ পার্ষদৌ, যানেন বিমানেন, পুরঃ পুরতঃ, গচ্ছন্তীং দেবীং সুনীতিং, দর্শয়ামাসতুঃ ॥

পথি মার্গে, তত্র তত্র প্রশংসদ্ভিঃ বৈমানিকৈঃ সুরৈঃ, কুসুমৈঃ অবকীর্য্যমানঃ ধ্রুবঃ ক্রমশঃ গ্রহান্ আদিত্যাদীন্, দদৃশে দদর্শ ॥ ২৫ ॥

অথ ধ্রুবগতিঃ (ধ্রুবা নিশ্চলা গতিঃ স্থানং যস্য সঃ ধ্রুবঃ) দেবযানেন স্বর্গবিমানেন ত্রিলোকীং মুনীন্ সপ্তর্ষীন্, অপি অতিব্রজ্য উল্লঙ্ঘ্য, ততঃ পরস্তাৎ উপরিষ্টাৎ, বর্ত্তমানং যৎ বিষ্ণোঃ পদং তৎ অভ্যগাৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ব্যবসিতমভিপ্রায়ং ব্যবসায় জ্ঞাত্বা ॥ ২৫ ॥

দেবযানেন দেবমার্গেণ বিমানেনেতি বা মুনীন্ সপ্তর্ষীনপি। ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ ধ্রুবা গতির্যস্য সঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যবসিতমভিপ্রায়ং। ব্যবসায় জ্ঞাত্বা ॥ ২৫ ॥

মুনীন্ সপ্তর্ষীনপি ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ। ধ্রুবা গতি র্যস্য সঃ ॥ ২৬ ॥

করিতে লাগিলেন ॥ ২৪ ॥

ধ্রুবের মনোগত অভিপ্রায় অবগত হইয়া পার্ষদদ্বয়, ধ্রুবজননী যে তাঁহার পুরোবর্ত্তী অন্য বিমানে অগ্রেই গমন করিতেছেন, তাহাই ধ্রুবকে প্রদর্শন করাইলেন॥

পথে গমনকালে স্থানে স্থানে সমবেত বিমানচারী দেববৃন্দ ধ্রুবের বিশেষ প্রশংসা করিতে লাগিলেন এবং তদুপরি পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন। এই প্রকারে অভিবন্দিত হইয়া ধ্রুব ক্রমশ আদিত্যাদি গ্রহমণ্ডলকে অবলোকন করিলেন ॥ ২৫ ॥

ধ্রুবলোকগামী ধ্রুব এই প্রকারে দেববিমানে আরোহণ করিয়া, ত্রিভুবন ও সপ্তর্ষিমণ্ডলকে অতিক্রম করত সর্ব্বোৎকৃষ্ট বৈষ্ণবধামে উপস্থিত হইলেন ॥২৬॥

যদ্ভ্রাজমানং স্বরুচৈব সর্ব্বতো লোকা স্ত্রয়ো হ্যনুবিভ্রাজন্ত এতে।
যন্নাব্রজন্ জন্তুষু যেঽননুগ্রহা ব্রজন্তি ভদ্রাণি চরন্তি যেঽনিশং ॥ ২৭ ॥
শান্তাঃ সমদৃশঃ শুদ্ধাঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ।
যান্ত্যঞ্জসাচ্যুতপদমচ্যুতপ্রিয়বান্ধবাঃ ॥
ইত্যুত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ কৃষ্ণপরায়ণঃ।
অভূত্ত্রয়াণাং লোকানাং চূড়ামণিরিবামলঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

যৎ বিষ্ণোঃ পদং স্বরুচা এব সর্ব্বতঃ ভ্রাজমানং; এতে ত্রয়ো লোকাঃ হি নিশ্চিতং অনুবিভ্রাজন্তঃ তদ্রুচা এব বিভ্রাজন্তঃ; যে জনাঃ জনেষু অননুগ্রহাঃ কৃপারহিতাঃ, তে যৎ ন অব্রজন্ ন গতবন্তঃ, যে জনাঃ তু অনিশং নিরন্তরং, জন্তুষু ভদ্রানি চরন্তি তে যৎ ব্রজন্তি ধ্রুবঃ তৎ লোকং অভ্যাগাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৭ ॥

দেহিমাত্রেরই আত্মভূত সূত্রাত্মাস্বরূপ প্রাণবায়ুর ন্যায়, ইনি প্রাণিবর্গের অন্তরে ও বাহিরে বিদ্যমান যাবতীয় কর্ম্মকলাপের প্রতি দৃষ্টি নিক্ষেপ

উদাসীন ইবাধ্যক্ষো বায়ুরাত্মেব দেহিনাং ॥ ১১ ॥
নাদণ্ড্যং দণ্ডয়ত্যেষ সুতমাত্মদ্বিষামপি।
দণ্ডয়ত্যাত্মজমপি দণ্ড্যং ধর্ম্মপথে স্থিতঃ ॥ ১২ ॥
অস্যাপ্রতিহতং চক্রং পৃথোরামানসাচলাৎ।
বর্ত্ততে ভগবানর্কো যাবত্তপতি গোগণৈঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ

চ বর্ত্তমানানি কর্ম্মাণি চারগণৈঃ ভৃত্যৈঃ, পশ্যন্ অপি অধ্যক্ষঃ অধিকৃতঃ, সাক্ষীব উদাসীনঃ বর্ত্তিষ্যতে (ইতি বায়ুমূর্ত্তিত্বং দর্শয়তি) ॥ ১১ ॥

এষঃ পৃথুঃ আত্মদ্বিষাং (আত্মনঃ দ্বিষাং) সুতং অপি অদণ্ড্যং দণ্ডানর্হং চেৎ ন দণ্ডয়তি তথা ধর্ম্মপথে নীতিমার্গে, স্থিতঃ সন্ দণ্ড্যং আত্মজং অপি দণ্ডয়তি (ইতি যমমূর্ত্তিধারণং) ॥১২॥

ভগবান্ অতিতেজস্বী অর্কঃ সূর্য্যঃ, গোগণৈঃ রশ্মিসমূহৈঃ, যাবৎ দেশং তপতি প্রকাশয়তি তাবৎ আমানসাচলাৎ মানসাচলপর্ব্বতং অভিব্যাপ্য, অস্য পৃথোঃ অপ্রতিহতং চক্রং আজ্ঞা সেনা রথস্য চক্রং বা বর্ত্ততে প্রতিবন্ধো নাস্তি (ইতি সূর্য্যরূপত্বং সূচিতং) ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

মধ্যক্ষোঽধিকৃত আত্মভূতো বায়ুঃ সূত্রাত্মা তদ্বৎ ॥ ১১ ॥

আত্মদ্বিষাং সুতমিতি সুতগ্রহণং স্বাত্মজসাম্যার্থং ধর্ম্মপথে যমস্য বৃত্তৌ স্থিতঃ ॥ ১২ ॥

চক্রং আজ্ঞা সেনা বা রথস্য বা চক্রং মানসাচলমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যাহ অর্কো রশ্মিগণৈ র্যাবত্তপতি তাবৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈরুদাসীন ইব লক্ষ্যমাণঃ। বায়ুঃ সূত্রাত্মেব আত্মা অন্তর্যামীব পৃথুরধ্যক্ষঃ ॥ ১১ ॥

ধর্ম্মপথে যমস্য বৃত্তৌ ॥ ১২ ॥

চক্রমাজ্ঞা সেনা বা রথস্য চক্রং বা। মানসোত্তরগিরিমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যত আহ অর্কো যাবত্তপতীতি ॥ ১৩ ॥

করিলেও উদাসীন ও সাক্ষিরূপে অবস্থিতি করিবেন ॥ ১১ ॥

এই পৃথু চিরকাল ধর্ম্ম ও নীতির অনুসরণে কার্য্য করিবেন; আপনার পরম শত্রুর পুত্রও যদি প্রকৃত দোষী ও দণ্ডের পাত্র না হয়, তাহা হইলে কখন তাহার দণ্ড বিধান করিবেন না; কিন্তু নিজের প্রিয় পুত্রও যদি অপরাধ করে, তখনই তাহার দণ্ডবিধানে কোনরূপ চিন্তিত বা ব্যথিত হইবেন না ॥ ১২

অতুল প্রভাসম্পন্ন ভগবান্ দিবাকর কিরণজাল বিকীরণ পূর্ব্বক ধরণীর যে সকল প্রদেশ প্রকাশ করিয়া থাকেন, মানসাচল হইতে আরম্ভ করিয়া সেই সমস্ত প্রদেশে মহারাজ পৃথুর অপ্রতিহত আজ্ঞা ও গতির কোনরূপ

রঞ্জয়িষ্যতি যল্লোকময়মাত্মবিচেষ্টিতৈঃ।
অথামুমাহু রাজানং মনোরঞ্জনকৈঃ প্রজাঃ॥
দৃঢ়ব্রতঃ সত্যসন্ধো ব্রহ্মণ্যো বৃদ্ধসেবকঃ।
শরণ্যঃ সর্ব্বভূতানাং মানদো দীনবৎসলঃ॥ ১৪॥
মাতৃভক্তিঃ পরস্ত্রীষু পত্ন্যামর্দ্ধ ইবাত্মনঃ।
প্রজাসু পিতৃবৎস্নিগ্ধঃ কিঙ্করো ব্রহ্মবাদিনাং॥ ১৫॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ, অয়ং মনোরঞ্জনকৈঃ আত্মবিচেষ্টিতৈঃ স্বপরাক্রমৈঃ, লোকং জনং, রঞ্জয়িষ্যতি আনন্দয়িষ্যতি, অথ তস্মাৎ প্রজাঃ অমুং পৃথুং, রাজানং আহুঃ॥

অয়ং হি দৃঢ়ব্রতঃ, সত্যসন্ধঃ (সত্যে সন্ধা মতিঃ যস্য সঃ সত্যপ্রতিজ্ঞঃ) ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, বৃদ্ধসেবকঃ (বৃদ্ধানাং সেবকঃ অনুবর্ত্তী) সর্ব্বভূতানাং শরণ্যঃ আশ্রয়প্রদঃ, মানদঃ সম্মানদাতা, দীনবৎসলঃ দীনেষু বৎসলঃ অনুগ্রহকারী॥ ১৪॥

পরস্ত্রীষু অস্য মাতর্ ইব ভক্তিঃ দৃষ্টিঃ, তথা স্বপত্ন্যাং আত্মনঃ দেহস্য, অর্দ্ধ ইব প্রতীতিঃ প্রজাসু পিতৃবৎ স্নিগ্ধঃ স্নেহবান্, ব্রহ্মবাদিনাং বেদার্থবিদাং, কিঙ্করঃ আজ্ঞাবাহী চ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

যদ্যস্মাৎ রঞ্জয়িষ্যতি। অথ তস্মান্মনোরঞ্জনৈ র্হেতুভিঃ অমুং রাজানমাহুঃ। মনোরঞ্জনকৈরিতি চেষ্টিতবিশেষণং বা॥ ১৪॥

মাতরিব ভক্তির্ভজনং যস্য আত্মনো দেহস্যার্দ্ধ ইব পত্ন্যাং প্রীতিমান্॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোরঞ্জনানি কানি সুখানি যেভ্যঃ স্বৈরাত্মচেষ্টিতৈ র্যল্লোকং রঞ্জয়িষ্যতীত্যর্থঃ। অন্যস্তু রাজতীতি নিরুক্ত্যা অয়ন্তু রঞ্জয়তি রাজতীতি নিরুক্তিদ্বয়েনৈব রাজেতি ভাবঃ॥

সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। ব্রতসন্ধয়োঃ শাস্ত্রীয়লৌকিকত্বাভ্যাং ভেদো জ্ঞেয়ঃ॥ ১৪॥

পত্ন্যামাত্মনো দেহস্যার্দ্ধে ইব প্রীতিমানিতি শেষঃ॥ ১৫॥

প্রতিবন্ধক হইবে না। এই সমস্ত প্রদেশে প্রচণ্ড প্রভাকরের ন্যায়, তাঁহার আধিপত্য স্থাপিত হইবে॥ ১৩॥

ইনি প্রজাবর্গের আনন্দপ্রদ বিবিধ স্বীয় পরাক্রমের পরিচয়ে জনগণের আনন্দ-বর্দ্ধন করিবেন; সুতরাং প্রজাগণ এই পৃথুকে মহারাজ বলিয়া সম্বোধন করিবেন॥

ইনি দৃঢ়ব্রত সত্যপ্রতিজ্ঞ, ব্রাহ্মণভক্ত, বৃদ্ধগণের আজ্ঞাবাহী, সকল ভূতের আশ্রয়স্থল, অন্যের মানদাতা এবং দীনজনের অনুগ্রহকারী হইবেন॥ ১৪॥

পরস্ত্রীর প্রতি জননীর ন্যায় ভক্তি করিবেন এবং নিজ পত্নীকে দেহার্দ্ধ-

দেহিনামাত্মবৎপ্রেষ্ঠঃ সুহৃদাং নন্দিবর্দ্ধনঃ।
মুক্তসঙ্গপ্রসঙ্গোঽয়ং দণ্ডপাণিরসাধুষু ॥ ১৬ ॥
অয়ং তু সাক্ষাদ্ভগবাং স্ত্র্যধীশঃ কূটস্থ আত্মা কলয়াবতীর্ণঃ।
যস্মিন্নবিদ্যারচিতং নিরর্থকং পশ্যন্তি নানাত্বমপি প্রতীতং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

দেহিনাং আত্মবৎপ্রেষ্ঠঃ প্রিয়ঃ, সুহৃদাং মিত্রাদীনাং, নন্দিবর্দ্ধনঃ (নন্দিং সুখং বর্দ্ধয়তি ইতি) মুক্তসঙ্গপ্রসঙ্গঃ (মুক্তসঙ্গেষু বিষয়বিরক্তেষু প্রসঙ্গঃ যস্য সঃ) অসাধুষু দুরাচারেষু, দণ্ড-পাণিঃ অয়ং পৃথুঃ এব ভবিষ্যতি ॥ ১৬ ॥

যস্মিন্ তত্ত্বতঃ জ্ঞাতে সতি বিদ্বাংসঃ ইদং প্রতীতং অপি নানাত্বং সর্ব্বং অপি বিশ্বং অবিদ্যারচিতং স্বপ্নগজাদিবৎ নিরর্থকং নিষ্প্রয়োজকং পশ্যন্তি সঃ এব কলয়া স্বাংশেন, অবতীর্ণঃ সাক্ষাৎ ত্র্যধীশঃ সত্ত্বাদিগুণত্রয়নিয়ন্তা, আত্মা অন্তর্যামী, কূটস্থঃ সর্ব্ববিকারশূন্যঃ ভগবান্ এব অয়ং পৃথুঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

নন্দিং সুখং বর্দ্ধয়তীতি তথা মুক্তসঙ্গেষু প্রকৃষ্টঃ সঙ্গো যস্য। দণ্ডপাণিরিত্যপরাধানুপেক্ষণ-মুচ্যতে। নাদণ্ড্যমিত্যত্রতু পক্ষপাতাভাব উক্তঃ ॥ ১৬ ॥

অয়ন্ত্বিতি তু শব্দেন নিরুপমত্বং দর্শয়তি। কোঽসাবাত্মা তমাহ যস্মিন্ প্রতীতমপি নানাত্ব-মর্থশূন্যং পশ্যন্তি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্দিং সুখং বর্দ্ধয়তীতি সঃ মুক্তসঙ্গেষু বিরক্তেষ্বেব প্রসঙ্গো যস্য সঃ ॥ ১৬ ॥

যস্মিন্ বর্ত্তমানা মুনয়োঽবিদ্যয়া রচিতমেকস্যাপি জীবস্য স্থূলসূক্ষ্মদেহাধ্যাসাৎ নানাত্বং স্বপ্নেচ নানাত্বং প্রতীতমপি নিরর্থকমবস্তেব পশ্যন্তি ॥ ১৭ ॥

ভাগিনী বলিয়া জ্ঞান করিবেন। পুত্রনির্ব্বিশেষে প্রজাগণকে প্রতিপালন করিবেন ও বেদার্থবিদ্ জ্ঞানীর সমীপে কিঙ্করের ন্যায় অবস্থান করিবেন ॥ ১৫

দেহীমাত্রেই ইহাঁকে প্রাণ অপেক্ষা প্রিয়তম বোধে প্রেম করিবে। ইনি সুহৃদ্বর্গের আনন্দবর্দ্ধন পূর্ব্বক মুক্তসঙ্গ বিবেকী পুরুষগণের সংস্রবে বিশেষ প্রীতিলাভ করিবেন। মহারাজ পৃথু দুরাচারিগণের যে একজন বিশেষ শাসনকর্ত্তা হইবেন, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ১৬ ॥

যাঁহাকে প্রকৃত প্রস্তাবে অবধারণ করত, বিদ্বান্ ব্যক্তিগণ এই নানাভাবে প্রতীয়মান বিশ্ব ব্রহ্মাণ্ডকে মায়ারচিত মিথ্যা স্বপ্নগজাদির ন্যায় নিরর্থক বলিয়া অবলোকন করেন, সেই সত্ত্বাদি গুণত্রয়ের নিয়ন্তা, সর্ব্বান্তর্যামী সর্ব্ব-বিকারবর্জ্জিত কূটস্থ সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুই এই পৃথুরূপে স্বীয় অংশে অবতীর্ণ হইয়াছেন ॥ ১৭ ॥

অয়ং ভুবোমণ্ডলমোদয়াদ্রের্গোপ্তৈকবীরো নরদেবনাথঃ।
আস্থায় জৈত্রং রথমাত্তচাপঃ পর্য্যেষ্যতে দক্ষিণতো যথার্কঃ॥ ১৮॥
অস্মৈ নৃপালাঃ কিল তত্র তত্র বলিং হরিষ্যন্তি সলোকপালাঃ।
মংস্যন্ত এষাং স্ত্রিয় আদিরাজং চক্রায়ুধং তদ্‌যশ উদ্ধরন্ত্যঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

অয়ং একবীরঃ (একঃ নিরুপমঃ বীরঃ পরাক্রমবান্) নরদেবনাথঃ রাজরাজঃ, পৃথুঃ আ উদয়াদ্রেঃ উদয়াচলপর্য্যন্তং, ভুবঃ মণ্ডলং গোপ্তা গোপায়িষ্যতে, তথা জৈত্রং জয়প্রদং, রথং আস্থায় আরুহ্য, আত্তচাপঃ গৃহীতধনুঃ, এব যথা অর্কঃ সূর্য্যবৎ, দক্ষিণতঃ পর্য্যেষ্যতে পর্য্যটিষ্যতি॥ ১৮॥

তদা প্রদক্ষিণীকুর্ব্বতে অস্মৈ পৃথবে সলোকপালাঃ নৃপালাঃ রাজানঃ তত্র তত্র দেশে বলিং শুল্কং হরিষ্যন্তি সমর্পয়িষ্যন্তি; তস্য পৃথোঃ যশঃ উদ্ধরন্ত্য গায়ন্ত্যঃ, এষাং লোকপালাদীনাং স্ত্রিয়ঃ চক্রায়ুধং এনং আদিরাজং মংস্যন্তে জ্ঞাস্যন্তি॥ ১৯॥

শ্রীধরস্বামী।

আ উদয়াদ্রেঃ তৎপর্য্যন্তং গোপ্তা গোপায়িষ্যতি তদর্থং পর্য্যেষ্যতে পর্য্যটিষ্যতি প্রদক্ষিণী-করিষ্যতীত্যর্থঃ॥ ১৮॥

অস্মৈ তথা প্রদক্ষিণং কুর্ব্বতে মংস্যন্তে জ্ঞাস্যন্তি। তস্য যশ উদ্ধরন্ত্যঃ উদাহরন্ত্যঃ কীর্ত্তয়ন্ত্যঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ওদয়াদ্রেরুদয়াদ্রিমভিব্যাপ্য দক্ষিণতঃ পর্য্যেষ্যতে প্রাদক্ষিণ্যেন পর্য্যটিষ্যতি॥ ১৮॥
মংস্যন্তে জ্ঞাস্যন্তি উচ্চরন্ত্যঃ কীর্ত্তয়ন্ত্যঃ॥ ১৯॥

এই অতুল-তেজস্বী ভীমপরাক্রম রাজচক্রবর্ত্তী পৃথু অপর কাহারও সাহায্য গ্রহণ না করিয়া, একাকী উদয়াচল হইতে আরম্ভ করিয়া সমগ্র ধরাতল শাসন করিবেন এবং জয়প্রদ রথে আরোহণ পূর্ব্বক, ধনুর্ব্বাণ ধারণে দিবাকরের ন্যায়, দক্ষিণাবর্ত্তে ধরণীতে পর্য্যটন করিবেন॥ ১৮॥

তাঁহার পরিক্রম কালে ইন্দ্রাদি লোকপালগণ এবং রাজন্যবর্গ শুভ ভোগ এবং শুল্কাদি প্রদানে এই নরনাথের সন্তোষ সাধন করিবেন। তৎকালে এই লোকপালাদির বনিতাগণ ইহাঁকে চক্রধারী আদিরাজ জ্ঞানে ইহাঁর যশোগান করিবেন॥ ১৯॥

পৃথু প্রজাগণকে প্রতিপালন পূর্ব্বক তাহাদের জীবিকার উপায় নির্দ্ধারণার্থ গাভীরূপা পৃথিবীকে দোহন করিবেন। ইন্দ্র যেমন বজ্রের আঘাতে পর্ব্বতকে বিদীর্ণ করেন, ইনিও সেইরূপ ধনুর অগ্রভাগের দ্বারা অবলীলাক্রমে ভূধর-

অয়ং মহীং গাং দুদুহেঽধিরাজঃ প্রজাপতি র্বৃত্তিকরঃ প্রজানাং।
যো লীলয়াদ্রীন্ স্বশরাসকোট্যা ভিন্দন্ সমাঙ্গামকরোদ্যথেন্দ্রঃ ॥ ২০ ॥
বিস্ফূর্জয়ন্নাজগবং ধনুঃ স্বয়ং যদাচরৎ ক্ষ্মামবিষহ্যমাজৌ।
তদা নিলিল্যু র্দিশি দিশ্যসন্তো লাঙ্গূলমুদ্যম্য যথা মৃগেন্দ্রঃ ॥ ২১ ॥
এষোঽশ্বমেধান্ শতমাজহার সরস্বতী প্রাদুরভাবি যত্র।
অহারষীদ্যস্য হয়ং পুরন্দরঃ শতক্রতুশ্চরমে বর্ত্তমানে ॥

অন্বয়ঃ।

প্রজানাং বৃত্তিকরঃ প্রজাপতিঃ অয়ং অধিরাজঃ রাজচক্রবর্ত্তী, গাং গোরূপাং, মহীং পৃথিবীং, দুদুহে; তথা ইন্দ্রঃ যথা (বজ্রেণ অদ্রীন্ বিভেদ তথা) যঃ স্বশরাসকোট্যা স্বধনুষঃ অগ্রভাগেন, লীলয়া অনায়াসেন, এব অদ্রীন্ ভিন্দন্ গাং পৃথিবীং, সমাং অকরোৎ ॥ ২০ ॥

মৃগেন্দ্রঃ সিংহঃ, যথা যদা লাঙ্গূলং পুচ্ছং, উদ্যম্য উত্তোল্য, (বনে চরতি তদা ক্ষুদ্রাঃ মৃগাঃ ভয়েন অন্যত্র পলায়ন্তে তথা) যদা অয়ং স্বয়ং আজগবং (অজস্য গোঃ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং) অবিষহ্যং ধনুঃ বিস্ফূর্জয়ন্ টঙ্কারয়ন্, আজৌ যুদ্ধে, ক্ষ্মাং ভূমিং, অচরৎ তদা অসন্তঃ দুষ্টাঃ, শত্রবঃ দিশি দিশি নিলিল্যুঃ লীনাঃ বভূবুঃ ॥ ২১ ॥

যত্র সরস্বতী নদী প্রাদুরভাবি প্রাদুর্ভূতা তত্র এষঃ শতং অশ্বমেধান্ আজহার কৃতবান্; তত্র চরমে অন্তিমে, অশ্বমেধে প্রবর্ত্তমানে সতি শতক্রতুঃ পুরন্দরঃ ইন্দ্রঃ (স্থানবিচ্যুতিভয়াৎ) যস্য যজ্ঞীয়ং হয়ং অশ্বং, অহারষীং হৃতবান্ ॥

শ্রীধরস্বামী।

ইন্দ্র ইব অদ্রীনভিন্দন্ ॥ ২০ ॥

লাঙ্গূলমুদ্যম্য উন্নময্য যথা মৃগেন্দ্রশ্চরতি তথা ধনু র্বিস্ফূর্জয়ন্ যদা ক্ষ্মামচরৎ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাসাং কিমাকারমেতদ্যশঃকীর্ত্তনমিত্যাকাঙ্ক্ষায়ামাহুঃ শ্লোকচতুষ্কং। অয়মিতি শরাসকোট্যা শরাসনাগ্রেণ ইন্দ্র ইবাদ্রীনভিন্দন্ ॥ ২০ ॥

সমূহকে ভেদ করত ধরণীকে সমতল করিয়া দিবেন ॥ ২০ ॥

কেশরী যখন পুচ্ছ উত্তোলন পূর্ব্বক বনমধ্যে বিচরণ করে, তখন অন্যান্য জীব জন্তুগণ যেমন ভয়ে অন্যত্র পলায়ন করে, সেইরূপ এই মহাবীর পৃথু যখন গোশৃঙ্গ-নির্ম্মিত বিষম ধনুর বিস্ফূর্জনে রণপ্রাঙ্গণে অবতীর্ণ হইয়া ধরাধামে বিচরণ করিবেন, তখন শত্রুকুল প্রাণভয়ে আকুল হইয়া, অন্যত্র দেশে দেশে যে পলায়ন করিবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২১ ॥

যে স্থলে পবিত্র-সলিলা সরস্বতী বিরাজ করিতেছেন, সেই প্রদেশে এই মহাত্মা শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিবেন; কিন্তু শত অশ্বমেধ যাগের

এষ স্বসদ্মোপবনে সমেত্য সনৎকুমারং ভগবন্তমেকং।
আরাধ্য ভক্ত্যা লভতামলং তজ্জ্ঞানং যতো ব্রহ্মপরং বিদন্তি ॥ ২২ ॥
তত্র তত্র গির স্তাস্তা ইতি বিশ্রুতবিক্রমঃ।
শ্রোষ্যত্যাত্মাশ্রিতা গাথাঃ পৃথুঃ পৃথুপরাক্রমঃ ॥ ২৩ ॥
দিশো বিজিত্যাপ্রতিরুদ্ধচক্রঃ স্বতেজসোৎপাটিতলোকশল্যঃ।

অন্বয়ঃ।

এষঃ পৃথুঃ স্বসদ্মোপবনে স্বগৃহোপবনে একং অনুপমং, ভগবন্তং সনৎকুমারং সমেত্য সংগত্য, ভক্ত্যা আরাধ্য যতঃ পরং ব্রহ্ম বিদন্তি জানন্তি, তৎ জ্ঞানং লভতাং অলভত ॥ ২২ ॥

ইতি বিশ্রুতবিক্রমঃ (বিশ্রুতাঃ প্রসিদ্ধাঃ বিক্রমাঃ যস্য সঃ) পৃথুপরাক্রমঃ (পৃথবঃ মহান্তঃ পরাক্রমাঃ যস্য সঃ) এষঃ পৃথুঃ আত্মাশ্রিতাঃ স্বসম্বন্ধিন্যঃ তাঃ তাঃ সর্ব্বত্র প্রসিদ্ধাঃ গাথাঃ প্রবন্ধরূপাঃ গিরঃ বাচঃ, তত্র তত্র শ্রোষ্যতি এব ॥ ২৩ ॥

অয়ং স্বতেজা স্বপ্রভাবেণ উৎপাটিতলোকশল্যঃ (উৎপাটিতাঃ দূরীকৃতাঃ লোকস্য

শ্রীধরস্বামী।

যত্র প্রাদুরভাবি প্রাদুর্ভূতা কর্ম্মকর্ত্তরি চেণ তত্রাহার্ষীৎ ॥ ২২ ॥

বিশ্রুতা বিক্রমা যস্য। গাথাশ্চ প্রবন্ধান্ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লাঙ্গুলমুন্নময্য যথা মৃগেন্দ্রশ্চরতি তথা ধনু র্বিস্ফূর্জ্জয়ন্ যদা স্মামচরং ॥ ২১ ॥ ২২ ॥

ইতি তত্র তত্র দেশে তাভিরুক্তাস্তাস্তা লোকপ্রসিদ্ধা গিরঃ। গাথা আত্মাশ্রিতাঃ স্বীয়কবিতয়া বর্ণিতাঃ কথাশ্চ। অতএব দুদুহে ইত্যাদি বং ভূতকালপ্রয়োগ স্তদুক্তিকালে তত্তৎ

সমাপনে শতক্রতু ইন্দ্র ইন্দ্রত্বপদ লাভ করিয়াছিলেন; এক্ষণে পাছে পৃথুরাজ সেই শত যজ্ঞের সমাপনে তাঁহার ইন্দ্রত্ব পদ বলপূর্ব্বক গ্রহণ করেন, এই ভয়ে ভীত হইয়া, পুরন্দর মহারাজ পৃথুর শেষ অশ্বমেধ যজ্ঞের সময় উপস্থিত হইয়া, প্রবঞ্চনা পূর্ব্বক তাঁহার যজ্ঞীয় অশ্ব হরণ করেন।।

এই মহারাজ পৃথু স্বীয় রাজভবনের সমীপবর্ত্তী উদ্যানে ভগবান্ সনৎকুমারের সহিত একাকী মিলিত হইয়া এবং ভক্তি পূর্ব্বক তাঁহাকে প্রসন্ন করিয়া, তৎসমীপে ব্রহ্মজ্ঞান লাভ করিবেন; এই ব্রহ্মজ্ঞান প্রায় সকলেরই দুর্ল্লভ; কেবল ব্রহ্মবিদ্‌গণই লাভ করিয়া থাকেন।। ২২ ।।

এই বিখ্যাত-বীর্য্য বিপুলপরাক্রম পৃথু আত্মসম্বন্ধীয় সর্ব্বত্র-প্রসিদ্ধ প্রবন্ধরূপ গুণগাথা লোকমুখে সর্ব্বত্র শ্রবণ করিবেন।। ২৩ ।।

ইনি স্বীয় প্রভাব-বলে জগতের যাবতীয় দোষ সমূলে নির্মূলিত করিয়া, অব্যাহত-গতিতে দিক্ দিগন্ত পরাজয় করিবেন এবং দেবতাও অসুরগণের

সুরাসুরেন্দ্রৈরুপগীয়মান মহানুভাবো ভবিতা পতির্ভুবঃ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে পৃথুস্তবঃ ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

এবং স ভগবান্ বৈণ্যঃ খ্যাপিতো গুণকর্ম্মভিঃ।

অন্বয়ঃ।

শল্যতুল্যাঃ দুর্জনাঃ যেন সঃ) অপ্রতিরুদ্ধচক্রঃ অব্যাহতগতিঃ পৃথুঃ দিশঃ বিজিত্য সুরাসুরেন্দ্রৈঃ উপগীয়মানঃ মহানুভাবঃ ভুবঃ পতিঃ ভবিতা ॥ ২৪ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং গুণকর্ম্মভিঃ (গুণকর্ম্মবর্ণনৈঃ সূতাদিভিঃ) খ্যাপিতঃ স্তুতঃ, সঃ পূর্ব্বোক্তঃ ভগবান্ ভগবদবতারঃ, বৈণ্যঃ বেণাঙ্গসমুদ্ভূতঃ, পৃথুঃ তান্ সূতাদীন্ প্রতিপূজ্য অভি-

শ্রীধরস্বামী।

উপগীয়মানো মহানুভাবো যস্য ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ষোড়শঃ ॥ * ॥

তত সপ্তদশে লোকক্ষুধাং প্রশময়ন্ পৃথুঃ।
গ্রস্তবীজাং মহীং হন্তুং যত্তো ভীত্যা তয়া স্তুতঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণামতীতত্বাৎ ॥ ২৩ ॥ ২৪ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষোড়শোঽয়ং চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
পৃথুঃ সপ্তদশে লোকৈঃ ক্ষুধার্ত্তৈরন্নমর্থিতঃ।
ধরাং গ্রস্তসমস্তান্নাং নিঘ্নন্ ভীত্যা তয়া স্তুতঃ ॥ * ॥

নিকটও অক্ষয় যশ লাভ করত এই ধরিত্রীর মহানুভব পতি বলিয়া বিখ্যাতও আদৃত হইবেন, সন্দেহ নাই ॥ ২৪ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ষোড়শাধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, গুণকর্ম্মাদির কীর্ত্তনে সুতগণ কর্ত্তৃক এই প্রকারে পরিকীর্ত্তিত ও সংস্তুত হইলে, ভগবান্ পৃথু তাঁহাদিগের বিশেষ আদর ও অভ্যর্থনা করিলেন এবং বস্ত্র ও বিবিধ অলঙ্কারাদি দানে তাঁহাদিগকে সন্তুষ্ট

আভাস।

সপ্তদশাধ্যায়ে লোক সকলকে ক্ষুধায় কাতর দেখিয়া গ্রস্তবীজা পৃথিবীর বধার্থ পৃথুর উদ্যোগ ও ধরণী কর্ত্তৃক পৃথুর স্তব ॥

ছন্দয়ামাস তান্ কামৈঃ প্রতিপূজ্যাভিনন্দ্য চ ॥ ১ ॥
ব্রাহ্মণপ্রমুখান্ বর্ণান্ ভৃত্যামাত্যপুরোধসঃ ।
পৌরান্ জানপদান্ শ্রেণীঃ প্রকৃতীঃ সমপূজয়ৎ ॥ ২ ॥
বিদুর উবাচ ॥
কস্মাদ্দধার গোরূপং ধরিত্রী বহুরূপিণী ।
যাং দুদোহ পৃথুস্তত্র কো বৎসো দোহনঞ্চ কিং ॥ ৩ ॥

অন্বয়ঃ ।

নন্দ্য চ কামৈঃ বস্ত্রালঙ্কারাদিভিঃ ছন্দয়ামাস সন্তোষিতবান্ ॥ ১ ॥

ব্রাহ্মণপ্রমুখান্ (ব্রাহ্মণঃ প্রমুখঃ শ্রেষ্ঠঃ যেষাং তান্) চতুরঃ বর্ণান্ ভৃত্যামাত্যপুরোধসঃ পৌরান্ পুরবাসিনঃ, জানপদান্ বহির্দেশবাসিনঃ, শ্রেণীঃ তৈলিকতাম্বূলকাদীন্, প্রকৃতীঃ নিয়োগিনঃ, তত্তৎকামৈঃ সমপূজয়ন্ ॥ ২ ॥

বিদুরঃ উবাচ । হে ব্রহ্মন্ ! বহুরূপিণী (দেবতাত্বাৎ বহুরূপধারণক্ষমা) ধরিত্রী কস্মাৎ গোরূপং দধার যাং পৃথুঃ দুদোহ ? তত্র কঃ বা বৎসঃ জাতঃ তথা দোহনং দোহনপাত্রং, বা কিং ? ॥ ৩ ॥

শ্রীধরস্বামী ।

ছন্দয়ামাস তোষিতবান্ ॥ ১ ॥

ভৃত্যান্ অমাত্যান্ । পুরোধসঃ পুরোহিতাংশ্চ । শ্রেণীঃ তৈলিকতাম্বূলিকাদীন্ । পৌরবিশেষান্ প্রকৃতী নিয়োগিনঃ ॥ ২ ॥

দোহনং পাত্রং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ছন্দয়ামাস তোষিতবান্ ॥ ১ ॥

শ্রেণীস্তৈলিকতাম্বূলিকাদীন্ প্রকৃতী নিয়োগবর্ত্তিনঃ সমপূজয়ৎ ধন্যাঃ স্থ ভো ধন্যাঃ স্থ

করিলেন । ১ ॥

ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়, ভৃত্য, অমাত্য, পুরোহিত, পুরবাসী এবং বিদেশবাসী জনগণ, তৈল-ব্যবসায়ী ও তাম্বূলিকাদিগণ এবং নিয়োজিত কর্ম্মচারিগণকে অভিলষিত পুরস্কারাদি প্রদানে পরিতুষ্ট করিলেন ॥ ২ ॥

বিদুর তখন মৈত্রেয়কে সম্বোধন করিয়া বলিলেন, হে ব্রহ্মন্ ! পৃথিবী যখন দেবতা, তখন তিনি বিবিধ রূপই ধারণ করিতে পারেন ; অতএব তিনি অন্য কোন রূপ ধারণ না করিয়া, গাভীরূপ কেন ধারণ করিলেন ? যখন তাঁহাকে পৃথু দোহন করেন ; তখন বৎসই বা কে হইল এবং দোহন পাত্রই বা কি ছিল ? ॥ ৩ ॥

দেবী ধরিত্রী স্বভাবতই অসমতল বন্ধুর-প্রদেশ ; পৃথু কোন্ উপায়ে

প্রকৃত্যা বিষমা দেবী কৃতা তেন সমা কথং।
তস্য মেধ্যং হয়ং দেবঃ কস্য হেতোরপাহরৎ ॥ ৪ ॥
সনৎকুমারাদ্ভগবতো ব্রহ্মন্ ব্রহ্মবিদুত্তমাৎ।
লব্ধ্বা জ্ঞানং সবিজ্ঞানং রাজর্ষিঃ কাং গতিং গতঃ ॥ ৫ ॥
যচ্চান্যদপি কৃষ্ণস্য ভবেদ্ভগবতঃ প্রভোঃ।
শ্রবঃসুশ্রবসঃ পুণ্যং পূর্ব্বদেহকথাশ্রয়ং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

প্রকৃত্যা স্বভাবতঃ বিষমা নিম্নোন্নতা, দেবী ধরিত্রী তেন পৃথুনা কথং সমা কৃতা। তস্য পৃথোঃ মেধ্যং যজ্ঞীয়ং, হয়ং অশ্বং, কস্য হেতোঃ দেবঃ ইন্দ্রঃ, অপাহরৎ ॥ ৪ ॥

কিঞ্চ হে ব্রহ্মন্! ব্রহ্মবিদুত্তমাং (ব্রহ্মবিদাং জ্ঞানিনাং মধ্যে উত্তমাৎ শ্রেষ্ঠাৎ) ভগবতঃ সনৎকুমারাৎ সবিজ্ঞানং অপরোক্ষজ্ঞানসহিতং জ্ঞানং লব্ধ্বা রাজর্ষিঃ পৃথুঃ কাং অলৌকিকীং গতিং গতঃ প্রাপ্তঃ ॥ ৫ ॥

কিঞ্চ যৎ এতৎ পৃষ্টং অন্যং যৎ অপৃষ্টং অপি সুশ্রবসঃ (সুষ্ঠু মনসঃ আহ্লাদকং শ্রবঃ যশো যস্য তস্য) ভগবতঃ প্রভোঃ কৃষ্ণস্য, পূর্ব্বদেহকথাশ্রয়ং (পূর্ব্বদেহঃ পৃথ্বতারঃ তৎকথাশ্রয়ং পুণ্যং শ্রবঃ যশঃ ভবেৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

মেধ্যং যজ্ঞার্হং ॥ ৪ ॥

সবিজ্ঞানং অপরোক্ষজ্ঞানসহিতং ॥ ৫ ॥

পূর্ব্বদেহঃ পৃথ্বতারঃ তৎকথাশ্রয়ং শ্রবো যশঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুষ্মানহং সাধু পালয়ানীত্যেতদেব মৎকর্তৃকং যুষ্মৎপরিচরণং ভূয়াদিতি মধুরমভ্যভাষত ॥২—৬॥

তাঁহাকে সমতল করিলেন? ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! ব্রহ্মবিদ্গণের মধ্যে অগ্রগণনীয় ভগবান্ সনৎকুমারের নিকট হইতে অপরোক্ষ জ্ঞান সহিত পরম জ্ঞান লাভ করিয়া, রাজর্ষি পৃথু কি অলৌকিক গতি লাভ করিয়াছিলেন? তাহা অনুগ্রহ পূর্ব্বক আপনি আমার নিকট কীর্ত্তন করুন্ ॥ ৫ ॥

হে ভগবন্! যাহা আপনাকে জিজ্ঞাসা করিলাম এবং এতদ্ব্যতীত পৃথু-রূপে অবতীর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণের যে সমস্ত হৃদয়ানন্দ-বর্দ্ধন কীর্ত্তিকলাপের বিষয় আমি জিজ্ঞাসা করি নাই, আপনি তাহাও বর্ণন করুন্ ॥ ৬ ॥

হে ব্রহ্মন্! গুরু ও অধোক্ষজ বিষ্ণুর প্রতি আমি বিশেষ ভক্তি করিয়া

ভক্তায় চানুরক্তায় তব চাধোক্ষজস্য চ।
বক্তুমর্হসি যো দুহ্যদ্বৈণ্যরূপেণ গামিমাং॥
স্থত উবাচ॥
চোদিতো বিদুরেণৈবং বাস্থদেবকথাং প্রতি।
প্রশস্য তং প্রীতমনা মৈত্রেয়ঃ প্রত্যভাষত॥ ৭॥
মৈত্রেয় উবাচ॥
যদাভিষিক্তঃ পৃথুরঙ্গ বিপ্রৈরামন্ত্রিতো জনতায়াশ্চ পালঃ।
প্রজা নিরন্নে ক্ষিতিপৃষ্ঠ এত্য ক্ষুৎক্ষামদেহাঃ পতিমভ্যবোচন্॥ ৮॥

অন্বয়ঃ।

যঃ বৈণ্যরূপেণ পৃথুরূপেণ, ইমাং গাং পৃথ্বীং, অদুহ্যৎ দুগ্ধবান্ (তস্য কৃষ্ণস্য যশঃ) তব গুরোঃ, অধোক্ষজস্য চ অনুরক্তায় ভক্তায়, মহ্যং বক্তুং অর্হসি॥

স্থতঃ উবাচ। এবং পূর্ব্বোক্তপ্রকারেণ বিদুরেণ বাস্থদেবকথাং প্রতি চোদিতঃ প্রেরিতঃ, প্রীতমনাঃ মৈত্রেয়ঃ তং বিদুরং, প্রশস্য প্রত্যভাষত॥ ৭॥

মৈত্রেয়ঃ উবাচ। হে অঙ্গ! যদা পৃথুঃ বিপ্রৈঃ রাজ্যে অভিষিক্তঃ তথা "ত্বং জনতায়াঃ জনসমূহস্য, পালঃ পালকঃ ইতি" আমন্ত্রিতঃ নিযুক্তশ্চ তদা ক্ষিতিপৃষ্ঠে ভূতলে, নিরন্নে অন্ন-রহিতে, সতি ক্ষুৎক্ষামদেহাঃ (ক্ষুধা ক্ষামাঃ ক্ষীণাঃ দেহাঃ যাসাং তাঃ) প্রজাঃ পতিং পৃথুং, এত্য আগত্য, অভ্যবোচন্ অব্রুবন॥ ৮॥

শ্রীধরস্বামী।

অদুহ্যৎ দুগ্ধবান্॥ ৭॥

জনতায়া ত্বং পাল ইত্যামন্ত্রিতো নিযুক্তঃ তদা নিরন্নে ক্ষিতিতলে ক্ষুধা ক্ষামাঃ ক্ষীণদেহা যাসাং তাঃ প্রজা এত্য পতিং পৃথুমব্রুবন্॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদুহ্যত্তেত্যার্ষমধোক্॥ ৭॥

জনতায়াস্ত্বং পাল ইত্যামন্ত্রিতো নিযুক্তশ্চ তদা॥ ৮॥

থাকি! অতএব আমার ন্যায় আপনার বিশেষ অনুরক্ত ভক্তের নিকট অনুগ্রহ পূর্ব্বক বর্ণন করুন্॥

বিদুর কর্তৃক বাস্থদেবের কথাবর্ণনে অনুরুদ্ধ মহামুনি মৈত্রেয় বিদুরের প্রতি সন্তুষ্ট হইয়া, তাঁহাকে প্রশংসা করত বলিতে আরম্ভ করিলেন॥ ৭॥

মৈত্রেয় বলিলেন, বিপ্রগণ পৃথুকে অভিবাদন পূর্ব্বক "তুমি এই প্রজাবর্গকে পুত্র-নির্ব্বিশেষে প্রতিপালন কর," বলিয়া রাজসিংহাসনে অভিষিক্ত করিলে, অন্নহীন ধরণীতলস্থ প্রজাসমূহ ক্ষুধায় কাতর ও অবসন্নপ্রায় হইয়া, সেই নরপতিকে প্রার্থনা পূর্ব্বক বলিল॥ ৮॥

বয়ং রাজন্ জাঠরেণাভিতপ্তা যথাগ্নিনা কোটরস্থেন বৃক্ষাঃ।
ত্বামদ্য যাতাঃ শরণং শরণ্যং যঃ সাধিতো বৃত্তিকরঃ পতির্নঃ॥ ৯॥
তন্নো ভবানীহতুরাতবেঽন্নং ক্ষুধার্দ্দিতানাং নরদেবদেব।
যাবন্ন নঙ্ক্ষ্যামহ উজ্ঝিতোর্জ্জা বার্ত্তাপতিস্ত্বং কিল লোকপালঃ॥ ১০॥

অন্বয়ঃ।

হে রাজন্! কোটরস্থেন অগ্নিনা বৃক্ষাঃ যথা তপ্যন্তে, তথা বয়ং জাঠরেণ অগ্নিনা অভিতপ্তাঃ ভবামঃ; অতঃ যঃ ত্বং নঃ অস্মাকং বৃত্তিকরঃ জীবিকাপ্রদঃ পতিঃ রক্ষকঃ, চ সাধিতঃ নিরূপিতঃ, তস্মাৎ শরণ্যং শরণার্হং, ত্বাং শরণং যাতাঃ আগতাঃ বয়ং॥ ৯॥

তস্মাৎ ক্ষুধার্দ্দিতানাং (ক্ষুধা অর্দ্দিতানাং পীড়িতানাং) নঃ অস্মাকং, অন্নং রাতবে রাতং দাতুং, ভবান্ ঈহতু ইচ্ছতু যত্নং করোতু, যাবৎ উজ্ঝিতোর্জ্জাঃ ত্যক্তান্নাঃ, সত্যঃ বয়ং ন নঙ্ক্ষ্যামহে! যতঃ হে নরদেবদেব! ত্বং কিল নিশ্চয়ে, বার্ত্তাপতিঃ (বার্ত্তায়াঃ জীবিকায়াঃ পতিঃ সম্পাদকঃ) লোকপালঃ রক্ষকঃ চ॥ ১০॥

শ্রীধরস্বামী।

জাঠরেণাগ্নিনাভিতপ্তাঃ। য সাধিতঃ বিপ্রৈঃ মন্থনেন সম্পাদিতঃ তং ত্বা' শরণং যাতাঃ॥ ৯
তৎ তস্মান্নোঽস্মাকং অন্নং রাতবে রাতুং দাতুং ঈহতু ঈহতাং যত্নং করোতু উজ্ঝিতোর্জা স্ত্যক্তান্নাঃ সত্যঃ। বার্ত্তায়াঃ জীবিকায়াঃ পতিঃ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্ত্বং সাধিতঃ বিপ্রৈর্মন্থনেন সংপাদিতঃ॥ ৯॥
তত্তস্মান্নোঽস্মাকমস্মভ্যং অন্নং রাতবে রাতুং দাতুং ঈহতাং যত্নং করোতু। অত্র মাবিলম্ব্যতামিত্যাহুঃ। যাবদিতি উজ্ঝিতোর্জ্জা স্ত্যক্তান্নাঃ সত্যঃ। বার্ত্তাপতি জীবিকা-কর্ত্তা॥ ১০॥

হে নরনাথ! বৃক্ষ যেমন স্বীয় কোটর-গত হুতাশনের প্রভাবে ক্রমশ অবসন্ন ও ভস্মীভূত হইয়া আইসে, আমরাও সেইরূপ স্ব স্ব জঠরানলের প্রতাপে নিতান্তই কাতর হইতেছি; ইহার নির্ব্বাপণের নিমিত্ত কোন উপায়ই অবধারিত হইতেছে না। আপনি আমাদের জীবিকাপ্রদ রক্ষকরূপে নির্ণীত হইয়াছেন। আমরা আপনার ন্যায় শরণদাতার আশ্রয় গ্রহণ করিলাম॥ ৯॥

অতএব হে নরদেবদেব! ক্ষুধায় প্রপীড়িত এই শরণাগতজনগণের ক্ষুধার অন্ন ও প্রয়োজনীয় সামগ্রী প্রদানে জীবন রক্ষা করুন্! আপনিই আমাদের অন্নদাতা এবং দুঃখের মোচনকারী সন্দেহ নাই॥ ১০॥

মৈত্রেয় বলিলেন, মহারাজ পৃথু প্রজাবর্গের তাদৃশ করুণাপূর্ণ কাতরোক্তি শ্রবণে, সাতিশয় ব্যথিত হইলেন; এবং হে কুরুশ্রেষ্ঠ! বহুক্ষণ চিন্তা করিয়া

মৈত্রেয় উবাচ ॥

পৃথুঃ প্রজানাং করুণং নিশম্য পরিদেবিতং।
দীর্ঘং দধ্যৌ কুরুশ্রেষ্ঠ নিমিত্তং সোঽন্বপদ্যত ॥ ১১ ॥

ইতি ব্যবসিতো বুদ্ধ্যা প্রগৃহীত-শরাসনঃ।
সন্দধে বিশিখং ভূমেঃ ক্রুদ্ধস্ত্রিপুরহা যথা ॥ ১২ ॥

প্রবেপমানা ধরণী নিশাম্যোদায়ুধঞ্চ তং।
গৌঃ সত্যপাদ্রবদ্ভীতা মৃগীব মৃগয়ুদ্রুতা ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। হে কুরুশ্রেষ্ঠ বিদুর! পৃথুঃ প্রজানাং করুণং দৈন্যং, পরিদেবিতং বিলাপং, চ নিশম্য শ্রুত্বা, দীর্ঘং চিরং, দধ্যৌ চিন্তয়ামাস; তথা সঃ নিমিত্তং নিরন্নকারণং অন্বপদ্যত জ্ঞাতবান্ ॥ ১১ ॥

(পৃথিব্যা কিল সর্ব্বৌষধিবীজং গ্রস্তং অতস্তৎপ্রতীকারার্থং তস্যৈ ভয়ং প্রদর্শনীয়ং ভয়েন তস্যাঃ গোরূপধারণে সর্ব্বং কার্য্যং সেৎস্যতি) ইতি বুদ্ধ্যা ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ, অতএব (প্রগৃহীতং শরাসনং ধনুর্যেন সঃ) ক্রুদ্ধঃ প্রকটিতক্রোধঃ, সন্ ত্রিপুরহা রুদ্রঃ, যথা তথা, ভূমেঃ (বধায় ধনুষি) বিশিখং বাণং, সন্দধে যোজিতবান্ ॥ ১২ ॥

উদায়ুধং (উদ্যতং আয়ুধং যেন তং) তং পৃথুং নিশাম্য দৃষ্ট্বা মৃগয়ুদ্রুতা (মৃগয়ুণা লুব্ধকেন, দ্রুতা অনুগতা) মৃগী ইব ভীতা অতঃ প্রবেপিতা কম্পিতকলেবরা, ধরণী গৌঃ সতী উপাদ্রবৎ পলায়তে স্ম ॥

শ্রীধরস্বামী।

পরিদেবিতং বিলাপং নিমিত্তং হেতুং অন্নপদ্যত জ্ঞাতবান্ ॥ ১১ ॥

পৃথিব্যা ওষধিবীজানি গ্রস্তানি ইতি ব্যবসিতো নিশ্চিতবান্ সন্ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিমিত্তং হেতুং। পৃথিব্যৈব ওষধিবীজানি গ্রস্তানীনি অন্বপদ্যত জ্ঞাতবান্ ॥ ১১ ॥

মমাভিষেকে জাতেঽপি যদীয়ং বীজানি গোপায়তি তদস্যাং চতুর্থমুপায়মেব করবাণীতি ব্যবসিতং নিশ্চয়ো যস্য সঃ। ভূমে ভূমিং প্রতি ॥ ১২ ॥

তিনি অবধারণ করিলেন যে, ধরণীই সমস্ত বীজ গ্রাস করিয়াছেন ॥ ১১ ॥

এইরূপ অবধারণ করত, তিনি ক্রুদ্ধ ত্রিপুরহন্তা ত্রিলোচনের ন্যায় শরাসনে শরযোজন পূর্ব্বক ধরণীকে বিদীর্ণ করিতে প্রস্তুত হইলেন ॥ ১২ ॥

ধরণী পৃথুকে শরাসন হস্তে তাদৃশ উদ্যোগী অবলোকন করিয়া, ভয়ে কম্পিত হইয়া উঠিলেন এবং পশ্চাদ্ধাবিত কীরাতের ভয়ে পলায়মানা হরিণীর ন্যায়, ব্যস্ততা সহকারে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিলেন ॥

তামন্বধাবত্তদ্বৈণ্যঃ কুপিতোঽত্যরুণেক্ষণঃ।
শরং ধনুষি সন্ধায় যত্র যত্র পলায়তে॥ ১৩॥
সা দিশো বিদিশো দেবী রোদসী চান্তরং তয়োঃ।
ধাবন্তী তত্র তত্রৈনং দদর্শানূদ্যতায়ুধং॥
লোকেনাবিন্দত ত্রাণং বৈণ্যান্মৃত্যোরিব প্রজাঃ।
ত্রস্তা তদা নিববৃতে হৃদয়েন বিদূয়তা॥

অন্বয়ঃ।

তং তদা, যত্র যত্র ভূমিঃ পালয়তে স্ম কুপিতঃ অত্যরুণেক্ষণঃ (অত্যরুণে ঈক্ষণে যস্য সঃ) বৈণ্যঃ ধনষি শরং সন্ধায় তত্র তত্র তাং অন্বাধবং॥ ১৩॥

সা চ দেবী ভূমিঃ (পূর্ব্বাদি চতস্রঃ) দিশঃ (আগ্নেয্যাদি চতস্রঃ) বিদিশঃ, রোদসী দ্যাবা পৃথিব্যৌ তয়োঃ অন্তরং অন্তরীক্ষং, চ ধাবন্তী তত্র তত্র উদ্যতায়ুধং (উদ্যতং আয়ুধং বাণযুক্তং ধনুঃ যেন তং) এনং পৃথুং দদর্শ॥

এবং মৃত্যোঃ (সকাশাৎ ভীতাঃ) প্রজাঃ ইব ত্রস্তা পলায়নপরায়ণা পৃথ্বী বৈণ্যাৎ সকাশাৎ ত্রাণং লোকে যদা ন অবিন্দত অলভত, তদা বিদূয়তা কম্পতা, হৃদয়েন পলায়নাৎ নিববৃতে নিবৃত্তা জাতা॥

শ্রীধরস্বামী।

মৃগয়ুণা ক্রুতা অনুগতা মৃগীব॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৃগয়ুণা ক্রুতা অনুগতা মৃগীব। তত্তদা॥ ১৩॥
রোদসী দ্যাবাপৃথিব্যৌ তয়োরন্তরমন্তরীক্ষং অনু স্বপৃষ্ঠদেশে উদ্যতায়ুধং এনং পৃথুং দদর্শ॥

কিন্তু যেখানেই তিনি পলায়ন করেন, সেই স্থানেই কার্ম্মুকধারী আরক্ত-লোচন ক্রুদ্ধ বেণ-নন্দন পৃথুরাজকেই সম্মুখে অবলোকন করিতে লাগিলেন॥ ১৩॥

পরে দিক্, বিদিক্, অন্তরীক্ষ, স্বর্গ ও মর্ত্ত্য সর্ব্বত্র পরিভ্রমণ করিয়াও অবনী যখন পৃথুর সঙ্গ পরিহার করিতে সক্ষম হইলেন না; সর্ব্বত্রই শরাসনধারী পৃথুকেই যেন প্রত্যক্ষে বিদ্যমান নয়নগোচর করিতে লাগিলেন॥

তখন মৃত্যুভয়ে ভীত প্রজাবর্গের বিফল-প্রযত্নের ন্যায়, কালরূপী বেণ-নন্দনের ভীষণ আক্রমণ হইতে অব্যাহতির উপায় ত্রিলোক মধ্যে অবলোকন না করিয়া, দেবী ধরিত্রী আর পলায়ন করিতে নিরস্তা হইলেন। এবং ভীত ও কম্পিত হৃদয়ে পৃথুরাজকে সম্বোধন পূর্ব্বক অনুনয়বাক্যে বলিতে আরম্ভ করিলেন॥

উবাচ চ মহাভাগং ধর্ম্মজ্ঞাপন্নবৎসল।
ত্রাহি মামপি ভূতানাং পালনেঽবস্থিতো ভবান্ ॥ ১৪ ॥
স ত্বং জিঘাংসসে কস্মাদ্দীনামকৃতকিল্বিষাং।
অহনিষ্যং কথং যোষাং ধর্ম্মজ্ঞ ইতি যো মতঃ ॥
প্রহরন্তি নবৈ স্ত্রীষু কৃতাগঃস্বপি জন্তবঃ।
কিমুত ত্বদ্বিধা রাজন্ করুণা দীনবৎসলাঃ ॥ ১৫ ॥
মাং বিপাট্যাজরাং নাবং যত্র বিশ্বং প্রতিষ্ঠিতং।

অন্বয়ঃ।

তথা হে আপন্নবৎসল হে ধর্ম্মজ্ঞ! যতঃ ভবান্ ভূতানাং পালনে অবস্থিতঃ অতঃ মাং অপি ত্রাহি ইতি মহাভাগং পৃথুং উবাচ চ ॥ ১৪ ॥

(যঃ আপন্নবৎসলঃ) সঃ ত্বং কস্মাৎ অকৃতকিল্বিষাং দীনাং মাং জিঘাংসসে হন্তু ইচ্ছসি? যঃ ধর্ম্মজ্ঞঃ ইতি সর্ব্বেষাং মতঃ সঃ কথং যোষাং স্ত্রিয়ং, অহনিষ্যং হনিষ্যতি ॥

কৃতাগঃসু কৃতাপরাধাসু, অপি স্ত্রীষু বৈ জন্তবঃ ন প্রহরন্তি অতঃ হে রাজন্! ত্বদ্বিধাঃ করুণাঃ কৃপালবঃ, দীনবৎসলাঃ (স্ত্রীষু ন প্রহরন্তি) ইতি কিং উত বক্তব্যং ॥ ১৫ ॥

কিঞ্চ যত্র ময়ি বিশ্বং প্রতিষ্ঠিতং তাং অজরাং দৃঢ়াং নাবং মাং বিপাট্য অন্তসি জলে,

শ্রীধরস্বামী।

রোদসী দ্যাবাপৃথিব্যৌ তয়োরন্তরমন্তরীক্ষং অনুপৃষ্ঠত উদ্যতং আয়ুধং যেন তং ॥ ১৪ ॥
যো ধর্ম্মজ্ঞ ইতি মতঃ স ভবান্ যোষাং মাং কথমহনিষ্যং হনিষ্যতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিববৃতে পৃথোরভিমুখী বভূব ॥ ১৪ ॥ অহনিষ্যং হনিষ্যতি ॥ ১৫ ॥

ধরণী মহাভাগ পৃথুকে বলিলেন, হে শরণাগত-জনপালক ধর্ম্মজ্ঞ! আপনি যখন এই সমগ্র ভূতনিচয়কে প্রতিপালনার্থ অবস্থান করিতেছেন, তখন আমাকেও আপনার প্রতিপাল্যের মধ্যে গ্রহণ করুন্ ॥ ১৪ ॥

আপনি প্রকৃত ধর্ম্মজ্ঞ হইয়া কোন্ অভিপ্রায়ে এই দীনহীন নিরপরাধাকে নিহত করিতে অভিলাষ করিতেছেন? আপনি যখন ধার্ম্মিক বলিয়া প্রথিত, তখন এই নারীকে বধ করা কোনমতে আপনার কর্ত্তব্য নহে ॥

দেখুন্! নারী যদি প্রকৃত অপরাধিনীও হয়, তথাপি সাধারণ লোকেও তাহাদের প্রতি কোনরূপ পীড়ন করে না; অতএব আপনার ন্যায় দীনজনের দুঃখহন্তা নরপতির পক্ষে কি কখন এরূপ কার্য্য সঙ্গত হয়? ॥ ১৫ ॥

আমার ন্যায় চিরস্থায়ী বিশ্বাধার লোককে বিদীর্ণ করত, কোন্ বিবেচনায় আপনি এই অগণ্য প্রজাবর্গ ও আপনাকে এই সলিল সাগরে নিক্ষেপ করিতে

আত্মানঞ্চ প্রজাশ্চেমাঃ কথমম্ভসি ধাস্যসি ॥ ১৬ ॥

পৃথুরুবাচ ॥

বসুধে ত্বাং বধিষ্যামি মচ্ছাসনপরাঙ্মুখীং।

ভাগং বর্হিষি যা বৃঙ্‌ক্তে ন তনোতি চ নো বসু ॥ ১৭ ॥

যবসং জগ্ধ্যনুদিনং নৈব দোগ্ধ্যৌধসং পয়ঃ।

তস্যামেবং হি দুষ্টায়াং দণ্ডো নাস্মিন্ ন শস্যতে ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

ইমাঃ প্রজাঃ আত্মানং চ কথং ধাস্যসি ধারয়িষ্যসি ॥ ১৬ ॥

পৃথুঃ উবাচ। হে বসুধে! যা ভবতী বর্হিষি যজ্ঞে ভাগং (দেবতারূপেণ) বৃঙ্‌ক্তে সম্ভজতে গৃহ্নাতি, তথাপি নঃ অস্মাকং, বসু অন্নাদিকং, ধনং ন তনোতি ন বিস্তারয়তি, অতঃ মচ্ছাসনপরাঙ্মুখীং ত্বাং বধিষ্যামি ॥ ১৭ ॥

যা গৌঃ অনুদিনং প্রত্যহং, যবসং তৃণং, জগ্ধি অত্তি, ঔধসং (ওধসি ভবং) দুগ্ধং পয়ঃ, নৈব দোগ্ধি মুঞ্চতি, তস্যাং এবং অনেন প্রকারেণ দুষ্টায়াং গবি অস্মিন্ অপরাধে, দণ্ডঃ ন শস্যতে (যুক্তো ভবতি ইতি) ন (যুক্তো ভবত্যেব) ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অজরাং দৃঢ়াং ধাস্যসি ধারয়িষ্যসি ॥ ১৬ ॥

বর্হিষি যজ্ঞে যা ভবতী দেবতারূপেণ ভাগং বৃঙ্‌ক্তে ভজতে বসু ধান্যাদিকং ॥ ১৭ ॥

যা গোরূপেণ যবসং তৃণং জগ্ধি অত্তীত্যর্থঃ। পয়স্তনৈব দোগ্ধি দুগ্ধং ন স্রবতি অস্মিন্নপরাধে ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপাট্য বিদার্য্য অজরাং দৃঢ়াং। অম্ভসীতি ময়ি মৃতায়াং সত্যাং পর্ব্বোদ এব স্থাস্যতীত্যর্থঃ ॥ ১৬ ॥

বর্হিষি যজ্ঞে যা ভবতী দেবতারূপিণী ভাগং বৃঙ্‌ক্তে ভজতে বসু ধান্যাদিকং ॥ ১৭ ॥

গোরূপেণ যবসং তৃণং জগ্ধি অত্তি পয়স্তু ন দোগ্ধি ন পূরয়তি ন দদাতীতি যাবৎ। কাম-

---

অগ্রসর হইতেছেন ? ॥ ১৬ ॥

পৃথু বলিলেন, হে বসুন্ধরে! তুমি যখন যজ্ঞে যথোপযুক্ত ভাগ গ্রহণ করিয়াও তদনুরূপ ফল প্রদানে বিরত হইয়াছ, তখন আমার শাসনকে উল্লঙ্ঘন করিবার অপরাধে আমি তোমাকে বধ করিব ॥ ১৭ ॥

যে গাভীরূপ ধারণে বিলক্ষণ তৃণাদি ভোজন করিবে, অথচ কিছু মাত্র দুগ্ধ প্রদান করে না, তাদৃশ দুষ্টমতী গাভীর অপরাধের জন্য দণ্ড করা কখন যুক্তিবিরুদ্ধ নহে ॥ ১৮ ॥

ত্বং খল্বোষধিবীজানি প্রাক্ সৃষ্টানি স্বয়ম্ভুবা।
ন মুঞ্চস্যাত্মরুদ্ধানি মামবজ্ঞায় মন্দধীঃ ॥ ১৯ ॥
অমুষাং ক্ষুৎপরীতানামার্ত্তানাং পরিদেবিতং।
শময়িষ্যামি মদ্বাণৈ র্ভিন্নায়া স্তব মেদসা ॥ ২০ ॥
পুমান্ যোষিদুত ক্লীব আত্মসম্ভাবনোঽধমঃ।
ভূতেষু নিরনুক্রোশো নৃপাণাং তদ্বধোঽবধঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মন্দধীঃ (মন্দা ধীঃ বুদ্ধি র্যস্যা সা) ত্বং মাং অবজ্ঞায় অবিগণয্য, প্রাক্ সৃষ্টেঃ আদৌ, স্বয়ম্ভুবা ব্রহ্মণা, খলু সৃষ্টানি ওষধিবীজানি (আত্মরুদ্ধানি আত্মনি) রুদ্ধানি অধুনা ন মুঞ্চসি দদাসি ॥১৯॥
অতঃ মদ্বাণৈঃ ভিন্নায়াঃ মৃতায়াঃ, তব মেদসা মাংসেন, ক্ষুৎপরীতানাং (ক্ষুধা ব্যাপ্তানাং) আর্ত্তানাং অমুষাং প্রজানাং, পরিদেবিতং বিলাপং শময়িষ্যামি ॥ ২০ ॥
পুমান্ যোষিৎ ক্লীবঃ বা চেৎ আত্মসম্ভাবনঃ (আত্মানং বহুমন্যতে) ভূতেষু নিরনুক্রোশঃ দয়ারহিতঃ, অধমঃ এব (তস্য বধঃ) তদ্বধঃ নৃপাণাং অবধঃ এব ন দোষাবহঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

আত্মনি দেহে রুদ্ধানি ॥ ১৯ ॥
মদ্বধে সর্ব্বথা অন্নং নস্যাদিতি চেদত আহ অমূষাং প্রজানাং মেদসা মাংসেন ॥ ২০ ॥
যদুক্তং যোষাং কথং হনিষ্যসীতি তত্রাহ পুমানিতি। তস্য বধোঽবধ এব ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরোঽস্ম্যহং নৃণামিতি বৎ। তস্যামেবম্ভূতায়াং ত্বয্যপরাধিন্যাং ॥ ১৮ ॥ ১৯ ॥
মেদসা মাংসেন ॥ ২০ ॥
যদুক্তং যোষাং কথং হনিষ্যসীতি তত্রাহ। পুমানিতি আত্মসম্ভাবনো মিথ্যাহঙ্কারমত্তঃ নিরনুক্রোশো নির্দ্দয়ঃ। তস্য বধোঽবধএব ॥ ২১ ॥

তোমার বুদ্ধি নিতান্তই কুটিল; তুমি আমাকে অবজ্ঞা করত, সৃষ্টির প্রারম্ভে বিশ্বপতি ব্রহ্মা যে সমস্ত ওষধিও বীজ উৎপাদন করিয়াছিলেন, তাহা তুমি সমস্ত গ্রাস করিয়াছ; কিছুই আর প্রজাবর্গকে প্রদান করিতেছ না ॥ ১৯
অতএব আমার এই শাণিত বাণে তোমার নিধন হইলে, তোমার এই মেদের দ্বারা ক্ষুধার্ত্ত ও কাতর এই সমস্ত প্রজাবর্গের তৃপ্তি সাধন করিব; ইহাদের বিলাপ ধ্বনি প্রশমিত হইবে ॥ ২০ ॥
পুরুষ, স্ত্রী, ক্লীব যে কোন ব্যক্তিই হউক্, যদি আত্মাভিমান করত ভূতগণের প্রতি নির্দয়তার পরিচয় দেয়, তাদৃশ অধম ব্যক্তিগণের বধ করায়, রাজার পক্ষে কোন প্রকার দোষাবহ হয় না ॥ ২১ ॥

ত্বাং স্তব্ধাং দুর্ম্মদাং নীত্বা মায়াগাং তিলশঃ শরৈঃ।
আত্মযোগবলেনেমা ধারয়িষ্যাম্যহং প্রজাঃ ॥ ২২ ॥
এবং মন্যুময়ীং মূর্ত্তিং কৃতান্তমিব বিভ্রতং।
প্রণতা প্রাঞ্জলিঃ প্রাহ মহী সঞ্জাতবেপথুঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

ত্বাং স্তব্ধাং অনম্রাং, দুর্ম্মদাং দুষ্টাং, মায়াগাং (মায়য়া কাপট্যেন গোরূপাং) শরৈঃ তিলশঃ তিলপরিমিতখণ্ডিতাবস্থাং, নীত্বা আত্মযোগবলেন আত্মনঃ স্বস্য যোগবলেন অহং ইমাঃ প্রজাঃ ধারয়িষ্যামি ॥ ২২ ॥

এবং মন্যুময়ীং ক্রোধপ্রচুরাং, মূর্ত্তিং বিভ্রতং ধারয়ন্তং, কৃতান্তং যমং, ইব পৃথুং প্রণতা, সঞ্জাতবেপথুঃ কম্পিতকলেবরা মহী পৃথ্বী প্রাঞ্জলিঃ সতী প্রাহ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

যচ্চোক্তং কথমস্তসি ধাস্যসীতি তত্রাহ ত্বামিতি। তিলশঃ তিলপ্রমাণানি খণ্ডানীত্যেবং-ভূতামবস্থাং নীত্বা ॥ ২২ ॥

মন্যুময়ীং মূর্ত্তিং বিভ্রতং কৃতান্ততুল্যত্বমুচ্যতে। নতু কৃতান্তস্য মন্যুময়ী মূর্ত্তিরিতি। শুদ্ধসত্ত্বতনুং দেবমকর্ম্মাদতিদারুণং। বীক্ষ্যমাণা পৃথুং পৃথ্বী তুষ্টাব করুণোক্তিভিঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নতু গোবধং কথং করিষ্যসি গোমাংসং বা কথং ভোজয়িষ্যসীতি তত্রাহ মায়য়ৈব গাং নতু যচ্চোক্তং কথমস্তসি ধাস্যসীতি তত্রাহ। তিলশঃ তিলপ্রমাণসহস্রখণ্ডতামবস্থাং নীত্বা ॥ ২২ ॥ ২৩ ॥

অতএব তোমার ন্যায় নিতান্ত গর্ব্বিতা ও দুষ্টা কপটগাভীকে এই শরাঘাতে তিল পরিমাণে খণ্ডিত করত, আমি নিজ যোগবলে এই প্রজাবর্গকে ধারণ করিয়া রাখিব ॥ ২২ ॥

সাক্ষাৎ কৃতান্তের ন্যায় ক্রোধমূর্ত্তি-ধারণে সম্মুখে দণ্ডায়মান নরপতি পৃথুকে অবলোকন করিয়া, কম্পিত-কলেবরা ধরণী কৃতাঞ্জলিপুটে অবনতা হইয়া, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২৩ ॥

আভাস।

সচ্চিদানন্দময় ভগবৎস্বরূপে তদীয় শক্তি মায়ার বিকাসে যে কোন ভাব বা দেহের কল্পনা হয়, সে সমস্তই আকাশস্থ জলদপটলের ন্যায়, ভগবৎস্বরূপে কোন বৈচিত্রের প্রতিপাদন করে না। অনন্ত প্রপঞ্চ তাঁহাতে নিহিত থাকিলেও এবং একাকী তিনি তাহাদের সকলের মূল সত্তারূপে বা আশ্রয়রূপে প্রতিষ্ঠিত থাকিলেও, প্রপঞ্চের দোষ বা গুণ তাঁহাকে স্পর্শ করে না। কারণ যেরূপ যেমন জল, তুষার ও শিলাদিরূপে পরিণত হয় এবং তজ্জনিত বাত্যা, উল্কা ও

পৃথিব্যুবাচ ॥

নমঃ পরস্মৈ পুরুষায় মায়য়া বিন্যস্তনানাতনবেঽগুণাত্মনে।
নমঃ স্বরূপানুভবেন নির্ধুতদ্রব্যক্রিয়াকারকবিভ্রমোর্ম্ময়ে ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

মায়য়া স্বেচ্ছয়া, বিন্যস্তনানাতনবে (বিন্যস্তাঃ ধৃতাঃ নানামৎস্যকূর্ম্মাদিতনবঃ যেন তস্মৈ) অগুণাত্মনে প্রকৃতিকার্য্যগুণব্যতিরিক্তস্বরূপায়, পরস্মৈ পুরুষায় পুরুষোত্তমায়, নমঃ। স্বরূপানুভবেন (স্বরূপস্য সচ্চিদাত্মকরূপস্য অনুভবেন প্রকাশেন) নির্ধুতদ্রব্যক্রিয়াকারক-বিভ্রমোর্ম্ময়ে (নির্ধুতাঃ দূরীকৃতাঃ দ্রব্যং পঞ্চভূতাত্মকং শরীরং, ক্রিয়াঃ ইন্দ্রিয়াণি, কারকাঃ তত্তদিন্দ্রিয়াধিষ্ঠাতারঃ দেবাঃ, বিভ্রমঃ মোহঃ অহং প্রত্যয়ঃ, ঊর্ম্ময়ঃ রাগদ্বেষ-কামক্রোধ-ক্ষুৎ-পিপাসাদয়ঃ, প্রকৃতিকার্য্যভূতাঃ জীবোপাধিরূপাঃ যস্মাৎ তস্মৈ) নমঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

মায়য়া বিন্যস্তা রচিতা নানা ঘোরাদি তনবো যেন। গুণাত্মনে গুণময়ত্বেন প্রতীয়মানায়। বস্তুতস্তু নির্দ্ধুতাঃ নিরস্তা দ্রব্যক্রিয়াকারকেষু অধিভূতাধ্যাত্মাধিদৈবেষু বিভ্রমোঽহঙ্কারঃ তন্নিমিত্তা ঊর্ম্ময়ো রাগদ্বেষাদয়শ্চ যস্মিন্ তস্মৈ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিন্যস্তা নির্ম্মিতা নানাভূতাস্মদাদ্যাস্তনু র্যস্য তস্মৈ যতো গুণাত্মনে গুণময়ায়। যদুক্তং মহীতলং তজ্জঘনমিত্যাদি। নম্ন তর্হি স্বতনুং ত্বাং কিমহং হন্মীতি তত্রাহ। স্বরূপানুভবে-নেতি যাবৎ স্বরূপশক্তেরনুভবো ন স্যাত্তাবদেব মায়াশক্তি মত স্তবাস্মদাদ্যাস্তনুঃ স্বরূপানুভবে-নতু বিনির্ধুতানি নিরস্তানি দ্রব্যক্রিয়াকারকাণি অধিভূতাধ্যাত্মাধিদৈবানি তৈর্বিভ্রমোর্ম্মিঃ সংসারতরঙ্গশ্চ যস্মাত্তস্মৈ। যদুক্তং। যাবন্ন জায়েত পরাবরেঽস্মিন্ বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তি-যোগঃ। তাবৎ স্থবীয়ঃ পুরুষস্য রূপং ক্রিয়াবসানে প্রযতঃ স্মরেতেতি। অমূনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি ন গৃহ্ণন্তি মায়াসৃষ্টে বিপশ্চিতঃ। ইতিচ ॥ ২৪ ॥

পৃথিবী বলিলেন, যিনি প্রকৃতির কার্য্য গুণময় দেহাদির অতীত হইলেও স্বীয় ইচ্ছাক্রমে মৎস্য কূর্ম্মাদি বিবিধ অবতারোচিত দেহ ধারণ করিয়া থাকেন, যিনি পঞ্চভূতাত্মক শরীর, ইন্দ্রিয়নিচয়, ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেববৃন্দ, অভিমানাত্মক অহঙ্কারতত্ত্ব ও তাহাতে নিহিত রাগ, দ্বেষ, কাম, ক্রোধ ও ক্ষুৎপিপাসাদি ঊর্ম্মি সদৃশ বৃত্তিসমুদয় হইতে সম্পূর্ণ পৃথক্, সেই পৃথুবিগ্রহ-ধারী সচ্চিদানন্দস্বরূপ পরমপুরুষকে আমি প্রণাম করি ॥ ২৪ ॥

আভাস।

অশনি প্রভৃতির আড়ম্বরও হইয়া থাকে, কিন্তু মেঘাপগমে উক্ত যাবতীয় আয়োজনই তিরো-হিত হয়; মূল আকাশে তাহার কিছুই থাকে না, সেইরূপ প্রপঞ্চনিষ্ঠ যাবতীয় দোষ বা গুণ সেই প্রপঞ্চের বিলয়ে স্বতই তিরোহিত হইয়া যায়। স্বপ্রকাশ পরমার্থস্বরূপে তাহার কিছুই

যেনাহমাত্মায়তনং বিনির্ম্মিতা ধাত্রা যতোঽয়ং গুণসর্গসংগ্রহঃ।
সএব মাং হন্তুমুদায়ুধঃ স্বরাডুপস্থিতোঽন্যং শরণং কমাশ্রয়ে ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

যেন ধাত্রা জগন্নাথেন, অহং ভূমিঃ আত্মায়তনং (আত্মনাং সর্ব্বপ্রাণিনাং আয়তনং স্থানং বিনির্ম্মিতা সৃষ্টা, যতঃ যস্যাং ময়ি, অয়ং গুণসর্গসংগ্রহঃ (গুণসর্গস্য জরায়ুজাণ্ডজোদ্ভিজ্জ-স্বেদজ ভেদেন চতুর্ব্বিধজীবশরীরসমূহস্য সংগ্রহঃ স্থিতিঃ ভবতি) তাং মাং হন্তুং উদায়ুধঃ সন্ সঃ স্বরাট্ (স্বয়ং এব রাজতে ইতি) এব যতঃ উপস্থিতঃ ততঃ অন্যং কং শরণং অহং আশ্রয়ে ॥২৫॥

শ্রীধরস্বামী।

অহো সর্ব্বজীবাশ্রয়ত্বেন সৃষ্টাং মাং কথং হন্তুং প্রবর্ত্তসে ইত্যাহ। যেন বিধাত্রা আত্মনাং জীবানামায়তনং অহং বিনির্ম্মিতা। যতো যস্যাং ময়ি গুণসর্গস্য চতুর্ব্বিধভূতগ্রামস্য সংগ্রহো-ধারণং। স্বরাট্ স্বতন্ত্রঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চেত্তর্হি ত্বদুক্তিপ্রামাণ্যেনৈব ত্বয়ি মম নাস্তি মমতেত্যত ত্বাং হন্ম্যেবেত্যত আহ যেনেতি নহি স্বহস্তেনারোপিতা বল্লী স্বহস্তেনৈব ছিদ্যতে ইতি ভাবঃ। তত্রাপ্যুপকারিকাস্মী-ত্যাহ আত্মনাং জীবানাং আয়তনং যতো যস্যাং ময়ি গুণসর্গস্য চতুর্ব্বিধ-ভূতগ্রামস্য সংগ্রহো ধারণং। স্বরাট্ স্বতন্ত্রঃ ॥ ২৫ ॥

যে ভূতভাবন জগন্নাথ কর্ত্তৃক আমি প্রাণিবর্গের আধারভূতা ভূমিরূপে নির্ম্মিতা হইয়াছি এবং আমাতেই জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ জীবদেহের প্রতিষ্ঠা প্রতীত হইতেছে, সেই জগজ্জীবন স্বপ্রকাশ পরমেশ্বর এই পৃথুরূপে অস্ত্রধারণ করত যখন আমার বিনাশার্থ উপস্থিত হইয়াছেন, তখন এই বিপদ হইতে উদ্ধার লাভের জন্য আর কাহার আশ্রয় গ্রহণ করিব ? ॥ ২৫ ॥

আভাস

স্পর্শ করে না। কিন্তু আকাশের প্রাশস্তি অনুসারে যেমন তথায় প্রতীয়মান জলদরাশিতেও তাহার বিস্তীর্ণতাদির ব্যবস্থা হয়, সেইরূপ মায়াময় সৃষ্টির অনুকরণেই পরমাত্মার মস্তক ও চরণাদির কল্পনায় তাঁহাতে সগুণ ও নিগুর্ণ উভয় ভাবেরই পরিচয় শাস্ত্রাদিতে কীর্ত্তিত আছে। মায়ার বিকাশ হইলে, তাহাতে স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে, অধিভূত, অধ্যাত্ম ও অধিদৈব ভেদে এবং মহাভূত, ইন্দ্রিয় ও দেবতাদি ভেদে ত্রিবিধ স্তরেরই পরিচয় আছে বটে এবং অন্তিম কারণ অহঙ্কারাদিতে চিত্তবিভ্রম প্রভৃতি সংসার-তরঙ্গের ব্যাপার এক মূল আশ্রয় পরমার্থতত্ত্বে আরোপ করিলেও তিনি নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত ও সত্যস্বরূপ। বেদার্থবিদ্ জ্ঞানী ব্যক্তি সকল তাঁহার চৈতন্যস্বরূপ সাক্ষিভাবের প্রতিই চিত্ত নিবিষ্ট করিয়া, পরম পদ লাভে সমর্থ হন; এবং তাঁহার অন্য সকল রূপকেই মায়াময় বিচারে উপেক্ষা করিয়া থাকেন ॥ ২৪ ॥

য এতদাদাবসৃজচ্চরাচরং স্বমায়য়াত্মাশ্রয়য়াবিতর্ক্যয়া।
তয়ৈব সোঽহয়ং কিল গোপ্তুমুদ্যতঃ কথং নু মাং ধর্ম্মপরো জিঘাংসতি ॥২৬
নূনং বতেশস্য সমীহিতং জনৈস্তন্মায়য়া দুর্জ্জয়য়া কৃতাত্মভিঃ।

অন্বয়ঃ।

যঃ এব ভগবান্ আত্মাশ্রয়য়া স্বাধীনয়া অবিতর্ক্যয়া অচিন্ত্যয়া, স্বমায়য়া স্বশক্ত্যা, এতৎ চরাচরং বিশ্বং আদৌ অসৃজং সৃষ্টবান্; সঃ এব তয়া প্রকৃত্যা, মায়য়া অয়ং পৃথুঃ সন্ ইদং বিশ্বং কিল গোপ্তুং রক্ষিতুং, উদ্যতঃ অতএব ধর্ম্মপরঃ সন্ কথং নু ভোঃ মাং জিঘাংসতি হন্তং ইচ্ছতি ॥ ২৬ ॥

যঃ ঈশ্বরঃ স্বতঃ একঃ অপি পরতঃ মায়য়া অনেকঃ, যঃ (প্রথমং ব্রহ্মাণং) অকরোৎ (ততস্তেন

শ্রীধরস্বামী।

সৃষ্টি সংহারাবেককর্ত্তৃকাবিতি চেত্তথাপি প্রজাপালনে প্রবৃত্তস্য মদ্বধোঽনুচিত এবেত্যাহ এতদিতি। আত্মাশ্রয়য়া জীববিষয়িণ্যা ॥ ২৬ ॥

অতো দুর্জ্জেয়মীশ্বরচেষ্টিতমিত্যাহ নূনমিতি। অকৃতাত্মভিঃ বিক্ষিপ্তচিত্তৈঃ য ঈশ্বরঃ স্বতন্ত্রঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু ময়ৈব জগৎ সৃজ্যতে সংহ্রিয়তে চেতি সত্যং তদপি সংপ্রতি পালনে প্রবৃত্তস্য তব মদ্বধোঽনুচিত ইত্যাহ য ইতি ॥ ২৬ ॥

নন্বু তর্হি ত্বং মামধর্ম্মিণং ব্রূষে তত্র নহি নহি কিন্তু দুর্লক্ষ্যমেতদৈশ্বর্য্যমিত্যাহ নূনমিতি

যে সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ পরমেশ আপনাতে আশ্রিত স্বীয় অচিন্ত্যশক্তি বৈষ্ণবী যোগ মায়ার দ্বারা এই চরাচর বিশ্ব সংসার সর্ব্বাগ্রে সৃজন করিয়াছেন, তিনিই আবার সেই মায়ার দ্বারা নিজে পৃথুরূপে বিগ্রহ ধারণ পূর্ব্বক এই বিচিত্র জগৎকে পালনার্থ উদ্যত হইয়াছেন। অহো! এতাদৃশ ধর্ম্মপরতন্ত্র হইয়াও তিনি আমাকে বধ করিতে ইচ্ছা করিতেছেন! ॥ ২৬ ॥

আভাস।

এরূপ সিদ্ধান্তে পৃথিবী কখন ভগবানের সম্বন্ধ-বিশিষ্টা বলিয়া পৃথুর নিকট প্রাণলাভের কোন প্রত্যাশা করিতে পারেন না। কিন্তু ধরিত্রী সে পথ পরিত্যাগ করিয়া, তিনি যে ভগবানের সৃষ্ট বস্তু বলিয়াই তাঁহার নিকট আদর পাইবার পাত্র, তাহাই প্রকাশ করিলেন। বিশেষত ধরণীর দ্বারা সংসারে জীবগণের বিশেষ উপকারই সাধিত হইয়া থাকে। জরায়ুজাদি চতুর্ব্বিধ জীব এক ধরণীপৃষ্ঠেই অবলীলাক্রমে যখন অবস্থান করে, তখন আশ্রয়স্থল অবনী কখন পৃথুর নিকট ধ্বংসের পাত্র হইতে পারেন না। তাহা হইলে, যাহাদের প্রতিপালনার্থ তাঁহার আবির্ভাব, কেবল ধরণীর বিনাশে তাঁহাদেরও বিনাশ তৎসঙ্গেই করা হইবে; ইহাই পৃথিবীর বক্তব্য ॥ ২৫ ॥ ২৬ ॥

অতএব পাছে এরূপ উক্তিতে ভগবান্ অবিবেচক, অধার্ম্মিক এবং ধরণীর নিকট

ন লক্ষ্যতে যস্ত্বকরোদকারয়দ্‌যোঽনেক একঃ পরতশ্চ ঈশ্বরঃ ॥ ২৭ ॥
সর্গাদি যোঽস্যানুরুণদ্ধি শক্তিভির্দ্রব্যক্রিয়া-কারক-চেতনাত্মভিঃ।

অন্বয়ঃ।

বিশ্বং) অকারয়ং, তস্য ঈশস্য সমীহিতং চেষ্টিতং, দুর্জ্জয়য়া তস্য মায়য়া অকৃতাত্মভিঃ বিক্ষিপ্ত-চিত্তৈঃ, জনৈঃ বত ননং আশ্চর্য্যং, ন লক্ষ্যতে ন জ্ঞায়তে ॥ ২৭ ॥

দ্রব্যক্রিয়া-কারক-চেতনাত্মভিঃ (দ্রব্যাণি মহাভূতানি, ক্রিয়াঃ ইন্দ্রিয়াণি, কারকাঃ দেবাঃ, চেতনা বুদ্ধিঃ, আত্মা অহঙ্কারঃ তৈঃ) শক্তিভিঃ যঃ অস্য বিশ্বস্য, সর্গাদি সৃষ্টিস্থিতিভঙ্গং, অনুরুণদ্ধি

শ্রীধরস্বামী।

অকরোৎ ব্রহ্মাণং। পরত ইতি তেন ব্রহ্মণা চরাচরমকারয়ৎ। যশ্চ স্বত একঃ পরতো মায়য়া অনেকঃ ॥ ২৭ ॥

তস্মাদচিন্ত্যশক্তয়ে কেবলং নম ইত্যাহ সর্গাদি জন্মস্থিতিভঙ্গং অস্য জগতঃ অনুরুণদ্ধি অনুবর্ত্ততে করোতি। দ্রব্যাণি মহাভূতানি, ক্রিয়া ইন্দ্রিয়াণি, কারকা দেবতাঃ, চেতনা বুদ্ধিঃ,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অকৃতাত্মভি র্বিক্ষিপ্তচিত্তৈঃ। য ঈশ্বরোঽকরোৎ সর্গং অকারয়দ্বিসর্গং। স্বতএকঃ পরতো মায়য়া অনেকশ্চ ॥ ২৭ ॥

তস্মাদচিন্ত্যশক্তয়ে কেবলং নম ইত্যাহ। অনুরুণদ্ধি ভক্তজীবস্যানুরোধেন করোতি। দ্রব্যক্রিয়াকারকাণি ভূতেন্দ্রিয়দেবতাঃ। চেতনা বুদ্ধিঃ আত্মাঽহঙ্কারস্তৈঃ। সমুন্নদ্ধাঃ প্রবলাঃ

অহো! যিনি স্বয়ং অদ্বিতীয় হইয়াও, মায়ার প্রভাবে বহুরূপে বিরাজ করিতেছেন; যিনি প্রথমত এক ব্রহ্মাকে সৃজন করিয়া, তাঁহার দ্বারা এই বিশ্ব ব্রহ্মাণ্ডের রচনা করাইতেছেন। অহো! যাঁহার অঘটন-ঘটনা-পটীয়সী দুর্জ্জয় মায়ার প্রতাপে প্রাণিমাত্রেই বিষয়ে বিক্ষিপ্তচিত্ত হওয়ায়, ভগবানের অভিপ্রায় কিছুমাত্র অবধারণ করিতে পারিতেছে না ॥ ২৭ ॥

মহাভূত বর্গ, ইন্দ্রিয়বর্গ, ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবতানিচয়, বুদ্ধিতত্ত্ব (চেতনা) এবং অহঙ্কারতত্ত্ব নামক শক্তিসমূহের বিকাশে যিনি এই ব্রহ্মাণ্ডের সৃষ্টি

আভাস।

উপদেশের পাত্র এইরূপ বলা হয়, সেই নিমিত্ত ধরণী বলিলেন, হে দয়াময়! আমাদের প্রয়োজন অনুসারে আপনাকে বলিলাম, কিন্তু কর্ত্তব্য যে কি? তাহা আপনি জানেন। আমার প্রয়োজনমত অবিবেক-পূর্ণ কর্ত্তব্যতার জ্ঞান আমাতে আছে; কিন্তু সর্ব্বজ্ঞতার বীজ আপনাতে; আপনি এক হইয়াও বহুরূপে বিরাজ করিতেছেন এবং এক ব্রহ্মাকে সৃজন করিয়াই, অনন্ত সংসারের রচনা করাইতেছেন। সুতরাং আপনার ভাব অবধারণে আমাদের সামর্থ্য নাই। আমরা অজ্ঞানে অন্ধ ॥ ২৭ ॥

তস্মৈ সমুন্নদ্ধবিরুদ্ধশক্তয়ে নমঃ পরস্মৈ পুরুষায় বেধসে ॥ ২৮ ॥
স বৈ ভবানাত্মবিনির্ম্মিতং জগদ্ ভূতেন্দ্রিয়ান্তঃকরণাত্মকং বিভো।
সংস্থাপয়িষ্যন্নজ মাং রসাতলাদভ্যুজ্জহারাম্ভস আদিশূকরঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

করোতি, তস্মৈ সমুন্নদ্ধবিরুদ্ধশক্তয়ে (সমুন্নদ্ধাঃ সমুৎকটাঃ বিরুদ্ধাঃ বন্ধমোক্ষহেতুভূতাঃ অবিদ্যাবিদ্যারূপাঃ শক্তয়ঃ যস্য তস্মৈ) বেধসে অন্তর্যামিণে পরস্মৈ পুরুষায় পুরুষোত্তমায়, নমঃ ॥ ২৮ ॥

হে বিভো! সঃ বৈ প্রসিদ্ধঃ ভবান্ আত্মবিনির্ম্মিতং (আত্মনা স্বেন বিনির্ম্মিতং) ভূতেন্দ্রিয়ান্তঃকরণাত্মকং জগৎ সংস্থাপয়িষ্যন্ আদিশূকরঃ বরাহমূর্ত্তিঃ, সন্ হে অজ! জন্মাদিরহিত! মাং অম্ভসঃ রসাতলাৎ অভ্যুজ্জহার উন্নীতবান্ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

আত্মা অহঙ্কারঃ তৈঃ স্বশক্তিস্বরূপৈঃ সমুন্নদ্ধাঃ সমুৎকটাঃ বিরুদ্ধাঃ শক্তয়ো যস্য ॥ ২৮ ॥

প্রাণিনাং ধারণার্থং মাং রসাতলাদুদ্ধৃত্য ইদানীং প্রজারক্ষণে প্রবৃত্তস্য মদ্বধো ন যুক্ত ইতি সকরুণমাহ দ্বাভ্যাং। হে অজ! যঃ সৃষ্টবান্ সএব ভবান্ স্বনির্ম্মিতং চরাচরং জগৎ সম্যক্ স্থাপয়িতুং আদিশূকরঃ সন্ মামভ্যুজ্জহার ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরস্পরবিরুদ্ধাশ্চ শক্তয়ো যস্যেতি পালনসংহারশক্তী উভে অপি প্রবলে ইত্যতঃ পালয়িতুং সংহর্ত্তুঞ্চ ত্বং প্রভু র্যথেচ্ছসি তথা কুরু। তুভ্যং নম এবেতি ভাবঃ ॥ ২৮ ॥

স্বস্মিন্ কারুণ্যমুৎপাদয়ন্তী পূর্ব্ববৃত্তং স্মারয়তি সবা ইতি দ্বাভ্যাং ॥ ২৯ ॥

স্থিতি ও প্রলয়কার্য্য সম্পাদন করিতেছেন, যাঁহাতে বিদ্যা ও অবিদ্যারূপ বিপরীত শক্তির উদয়ে বন্ধন ও মুক্তি এই উভয় কার্য্যই সাধিত হইতেছে, যিনি সর্ব্বান্তর্যামী চিদানন্দময় পরম পুরুষ, তিনিই এই পৃথুরূপে অবতীর্ণ হইয়াছেন; তাঁহাকে আমি প্রণাম করি ॥ ২৮ ॥

হে বিভো! সেই আপনি এই ভূত, ইন্দ্রিয় ও অন্তঃকরণাত্মক নিজসৃষ্ট জগতের প্রতিষ্ঠালাভার্থ, হে অজ! আপনি আদিবরাহ মূর্ত্তি পরিগ্রহ করিয়া রসাতলস্থ জলরাশি হইতে আমাকে উদ্ধার করিয়াছেন ॥ ২৯ ॥

আভাস।

সেই অচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবানই ধন্য! কেহই তাঁহার স্বরূপ অবধারণে সক্ষম হন না। তাঁহাকে কেবল প্রণাম মাত্র করিবার জন্য জীব উপযুক্ত পাত্র। পরমেশ্বর এই প্রপঞ্চ ব্রহ্মাণ্ডের সৃষ্টিতে কি অনুপম সামর্থ্যেরই পরিচয় দিয়াছেন! চেতনাশব্দে এখানে বুদ্ধিকেই লক্ষ্য হয়। সম্পূর্ণ বিপরীত শক্তিও পরস্পরে মিলিত হইয়া, অনুপম কার্য্য প্রণালীর পরিচয়

অপামুপস্থে ময়ি নাব্যবস্থিতাঃ প্রজা ভবানদ্য রিরক্ষিষুঃ কিল।
স বীরমূর্ত্তিঃ সমভূদ্ধরাধরো যো মাং পয়স্যুগ্রশরো জিঘাংসসি॥ ৩০॥

অন্বয়ঃ।

সঃ এব ধরাধরঃ বীরমূর্ত্তিঃ বরাহরূপী, ভবান্ অপাং উপস্থে জলস্যোপরি, নাবি আধারভূতায়াং, ময়ি অবস্থিতাঃ প্রজাঃ রিরক্ষিষুঃ রক্ষিতুমিচ্ছুঃ, সন্ অদ্য বীরমূর্ত্তিঃ পৃথুরূপঃ, যঃ সমভবৎ সঃ উগ্রশরঃ সন্ ত্বং অদ্য পয়সি নিমিত্তে মাং জিঘাংসসি॥ ৩০॥

শ্রীধরস্বামী।

সএব ধরাধরো বরাহঃ অদ্য অপামুপস্থে উপরি ময়ি নাবি আধারভূতায়ামবস্থিতাঃ প্রজারক্ষিতুমিচ্ছুঃ বীরমূর্ত্তিঃ পৃথুরূপঃ সমভূৎ য এবং সতু ত্বং পয়সি নিমিত্তে মাং জিঘাংসসীতি চিত্রমিত্যর্থঃ॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপস্থে উপরিস্থায়াং ময়ি নাবি নৌকারূপায়াং সএব ধরাধর আদিশূকরো মৎস্বামী ত্বং যো মাং স্বভার্য্যাং পয়সি নিমিত্তে জিঘাংসসি। অয়মর্থঃ। ইমাস্ত্বৎপ্রজা মদপত্যান্যেব মদুৎসঙ্গে স্থিতানি নিত্যমহং স্তন্যং পয়ঃ পায়য়ান্যেব সাম্প্রতমেতদ্দুর্বৃত্তমালক্ষ্য শীলং শিক্ষয়ন্তী মাতাপ্যহং ক্রুদ্ধা পয়ো ন পায়য়ামীতি ত্বং গৃহপতি মাং তাড়য়সীতি॥ ৩০॥

সেই বরাহরূপে ধরাধারী বীরবিগ্রহ আপনি জলের উপরিভাগে আমাকে স্থাপিত করত, সর্ব্বাধারভূতা নৌকাস্বরূপ আমাতেই প্রজাবর্গের পালনাভিপ্রায়ে বীরবেশে এই পৃথু মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছেন। কিন্তু কি আশ্চর্য্য! সামান্য জলের নিমিত্ত, অদ্য শরাসনহস্তে আমাকে বিনাশ করিতে উদ্যত হইয়াছেন!॥ ৩০॥

আভাস।

প্রদান করে। বহ্নি নিমেষমধ্যে স্তূপগুচ্ছকে ভস্মসাৎ করিতে পারে; তৈলও সেই বহ্নিরই সাহায্যকারী; কিন্তু বর্ত্তি, তৈল ও বহ্নি দাহদাহিকভাববিশিষ্ট সম্পূর্ণ বিপরীত এই পদার্থত্রয়ের একত্র সন্নিবেশে প্রকাশকার্য্য আলোকের উৎপত্তির ন্যায়, যে মহামহিমান্বিত পরমাত্মার প্রতাপে জন্ম মৃত্যু, ক্ষয় পুষ্টি, শোক হর্ষ, সৃষ্টি সংহার ও রাগ দ্বেষাদি সম্পূর্ণ বিপরীত শক্তিসমূহ কার্য্য করিয়া সৃষ্টির মর্য্যাদা রক্ষা করিতেছে, সেই ভূতভাবন জনার্দ্দনে কেবল প্রণাম মাত্র করিবার সামর্থ্য জীবের আছে। তিনি সমস্তই করিতে পারেন॥ ২৮॥

ধরণী সম্প্রতি পূর্ব্ববৃত্তান্ত স্মরণ করাইয়া, ভগবানের নিকট অনুগ্রহ প্রার্থনা করিতেছেন। তিনি বলিলেন, হে দয়াময়! আপনি আমাকে কারণার্ণবের অভ্যন্তর হইতে উত্তোলন করত জলের উপরিভাগে সংস্থাপন পূর্ব্বক বনিতার ন্যায়, রক্ষা করিতেছেন। গৃহিণী যেমন গৃহস্থের পুত্রাদি পোষ্যবর্গকে নিজের উৎসঙ্গে স্থাপন পূর্ব্বক ভরণ পোষণাদির দ্বারা সংসার-যাত্রা নির্ব্বাহ করে, হে প্রভো পরমেশ্বর! আমি আপনার ভার্য্যা হইয়া, আমার পুত্রস্থানীয় আপনার

নূনং জনৈরীহিতমীশ্বরাণামস্মদ্বিধৈস্তদ্গুণসর্গমায়য়া।

অন্বয়ঃ।

তদ্গুণসর্গমায়য়া (তস্য ভগবতঃ গুণানাং সত্ত্বাদীনাং যঃ সর্গঃ তস্য মায়য়া) মোহিত-চিত্তবর্ত্মভিঃ (মোহিতং বিক্ষিপ্তং চিত্তং এব বর্ত্ম জ্ঞানমার্গঃ যেষাং তৈঃ) অস্মদ্বিধৈঃ জনৈঃ ঈশ্বরাণাং ভগবদবতারাণাং, ঈহিতং চেষ্টিতং, নূনং নিশ্চিতং ন জ্ঞায়তে। বীরযশস্করেভ্যঃ

শ্রীধরস্বামী।

তস্মাদীশ্বরচেষ্টিতং দুর্জ্ঞেয়মিতি কৈমুত্যন্যায়েনোপসংহরতি নূনমিতি। তস্যেশ্বরস্য গুণসর্গরূপয়া মায়য়া মোহিতং চিত্তমেব বর্ত্ম যেষাং মোহিতানি চিত্তবর্ত্মানি যেষামিতি বা। তৈর্জনৈরীশ্বরাণাং হরিভক্তানামেব তাবদীহিতং ন জ্ঞায়তে কিং পুনস্তস্য পরমেশ্বরস্য। অতঃ পরমেশ্বরবৎ তেভ্যোঽপি নম এব কেবলং। বীরাণাং জিতেন্দ্রিয়াণাং যশঃ কুর্ব্বন্তি যে তেভ্যো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কিঞ্চ ত্বং মাং হনিষ্যসীতি বিশ্বসত্যপাহং ন বিশ্বসিমি। ঈশ্বরাণাং খলু কা স্ত্রী, কে বা পুত্রভৃত্যাদয় ইত্যাহ নূনমিতি তস্যেশ্বরস্য গুণস্বর্গমায়য়া গুণেষু দেবমনুষ্যতির্য্যগ্‌যোনিষু সর্গা যত স্তয়া মায়য়া অবিদ্যয়া মোহিতং ভ্রমিতং চিত্তবর্ত্ম ত্বচ্চরণোন্মুখং যেষাং তৈরস্মদ্বিধৈর্জনৈঃ। বীরাণাং দয়াবীরাণাং যশঃ কুর্ব্বন্তীতি তেভ্য ইতি ত্বঞ্চেন্মাং ন দয়সে তদা দয়াবীরাণাং যশ

সেই ভগবানের সত্ত্বাদি গুণত্রয়ের সৃষ্টি-কৌশলে মোহিতচিত্ত আমাদের ন্যায় জনগণ ভগবানের অবতারসমূহের অভিপ্রায় কিছুতেই অবধারণ করিতে পারে না। সেই দেহেন্দ্রিয়াদির নিগ্রহকারী বীতরাগ ভক্তগণের যশোবর্দ্ধক

আভাস।

প্রজাবর্গকে আমার ক্রোড়ে রাখিয়া প্রতিপালন করিতেছি। আমি তাহাদিগকে নিত্য স্তন্য প্রদানে পরিবর্দ্ধিত করিতেছি। সম্প্রতি তাহাদের দুর্ব্বৃত্তাচার অবলোকন করিয়া, সচ্চরিত্রের উপদেশার্থ মাতা হইয়াও ক্রোধের পরিচয়ে দুগ্ধ প্রদানে প্রতিনিবৃত্তা হইয়াছি। আপনি গৃহপতি হইয়া, তজ্জন্য আমার প্রতি বিরক্তির প্রকাশে এরূপ তাড়না করিতেছেন? ॥ ৩০ ॥

আপনি আমাকে নিহত করিতে প্রস্তুত হইয়াছেন স্পষ্টত দেখিলেও, আমি তাহা বিশ্বাস করিতে পারি না। কারণ জগদীশ্বরের আবার পুত্র কলত্র কোথায়? দেব, মনুষ্য ও তির্য্যগাদি যোনির সৃষ্টিকৌশলে জীবজগৎ মোহিত হইয়া, আপনার অনুপম সামর্থ্যের পরিচয় গ্রহণে পরাঙ্মুখ হয়। আমার ন্যায় অবলা স্ত্রী জাতি আপনার মহিমা কিরূপে অবগত হইবে? তবে এই পর্য্যন্ত বলিতে পারি যে, যাহারা পরোপকারে এবং পরের প্রতি দয়া বিতরণে বীরত্বের পরিচয় দেয়, তাহাদের মান আপনি রক্ষা করেন। অতএব যদি আমার প্রতি দয়া বিতরণে আপনি নিরস্ত থাকেন, তাহা হইলে আপনার করুণাময় নামে কি কিছু মাত্র কালিমা পতিত হইবে না? ॥ ৩১ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তদশ অধ্যায়ের আভাস সমাপ্ত।

ন জ্ঞায়তে মোহিতচিত্তবর্ত্মভি স্তেভ্যো নমো বীরযশস্করেভ্যঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে ধরানিগ্রহো নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

ইত্থং পৃথুমভিষ্টূয় রুষা প্রস্ফুরিতাধরং।

পুনরাহাবনির্ভীতা সংস্তভ্যাত্মানমাত্মনা ॥ ১ ॥

অন্বয়ঃ।

(বীরাণাং নির্জ্জিতকার্য্যকরণসঙ্ঘাতানাং বিরক্তানাং যশস্করেভ্যঃ নমঃ ॥ ৩১ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রি-কৃতান্বয়ে সপ্তদশোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। রুষা ক্রোধেন, প্রস্ফুরিতাধরং (প্রস্ফুরিতং কম্পিতং অধরং যস্য তং) পৃথুং ইত্থং প্রকারেণ অভিষ্টূয় স্তুত্বা, ভীতা অবনিঃ আত্মনা বুদ্ধ্যা, আত্মানং মনঃ, সংস্তভ্য ধৈর্য্যযুক্তং কৃত্বা, পুনঃ আহ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

যথা বীরাণাং যশো বর্দ্ধেত তথা চেষ্টিতাং নতু যথেষ্টমিতি ভাবঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে মহীবাক্যাৎ বৎসপাত্রাদিভেদতঃ।

পৃথ্বাদিভিস্তু ক্রমশঃ সাচ দুগ্ধা ইতীর্য্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এব যাস্যতীতি ভাবঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

সপ্তদশশ্চতুর্থেঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টাদশেঽবনীং কামধেনুং দুগ্ধা স্বমীপ্সিতং। বৎসপাত্রাদিভেদেন দুগ্ধং সর্ব্বেঽপি লেভিরে ॥ ১ ॥

ভগবদবতার সমূহকে আমি প্রণাম করি ॥ ৩১ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় বলিলেন, ক্রোধে কম্পিতাধর পৃথুকে এই প্রকারে স্তব করিয়া, ভীতা ধরণী বিবেক-বলে স্বকীয় চিত্তকে কথঞ্চিৎ নিরস্ত করত, মহারাজ পৃথুকে পুনরায় সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১ ॥

আভাস।

অষ্টাদশ অধ্যায়ে বৎস ও পাত্রাদিভেদে অবনীরূপ কামধেনুর দোহন-বৃত্তান্ত বর্ণিত হইয়াছে ॥

ধরণী পৃথুরাজাকে নানা প্রকার স্তব স্তুতি ও মিনতির দ্বারা সন্তুষ্ট করিতে চেষ্টা করিলেও

সংনিযচ্ছাভিভো মন্যুং নিবোধ শ্রাবিতঞ্চ মে।
সর্ব্বতঃ সারমাদত্তে যথা মধুকরো বুধঃ। ২॥
অস্মিল্লোকেঽথবামুষ্মিন্ মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ।
দৃষ্টা যোগাঃ প্রযুক্তাশ্চ পুংসাং শ্রেয়ঃপ্রসিদ্ধয়ে॥ ৩॥

অন্বয়ঃ।

হে অভিভো প্রভো! মন্যুং ক্রোধং, সংনিযচ্ছ উপসংহর! মে ময়া শ্রাবিতং জ্ঞাপিতং, চ নিবোধ অবধারয়! মধুকরঃ যথা তথা বুধঃ সর্ব্বতঃ সারং আদত্তে॥ ২॥

অস্মিন্ লোকে অথবা অমুষ্মিন্ পরলোকে, পুংসাং শ্রেয়ঃপ্রসিদ্ধয়ে (শ্রেয়সঃ ফলস্য প্রসিদ্ধয়ে প্রাপ্তয়ে) তত্ত্বদর্শিভিঃ মুনিভিঃ যোগাঃ উপায়াঃ, দৃষ্টাঃ প্রযুক্তাঃ চ অনুষ্ঠিতাঃ চ॥ ৩॥

শ্রীধরস্বামী।

হে অভিভো প্রভো! যদ্বা ভো দেব! অভি অভয়ং, যথা ভবতি এবং মন্যুং সংনিযচ্ছ শ্রাবিতং বিজ্ঞাপিতং। ন মদ্বাক্যে অনাদরঃ কর্ত্তব্য ইত্যাহ বুধোহি সর্ব্বতঃ সারমাদত্তে॥ ২॥

ময়ি জীর্ণা ওষধীরূপা গৃহাণেতি বক্তুং যেন উপায়েন সর্ব্বং সিদ্ধ্যতি নান্যথেত্যাহ অস্মিন্নিতি ত্রিভিঃ। পুংসাং শ্রেয়সঃ পুরুষার্থস্য প্রসিদ্ধয়েঽস্মিন্ লোকে কৃষ্যাদয়ঃ অমুষ্মিংশ্চ লোকেঽগ্নিহোত্রাদয়ঃ যোগা উপায়া দৃষ্টাঃ প্রযুক্তা অনুষ্ঠিতাশ্চ॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে অভিভো প্রভো সর্ব্বত ইতি যদ্যপ্যহং নিকৃষ্টা তদপি মমাপি বাচং শৃণু। মদ্বাচি সারস্তিষ্ঠতি চেত্তং গৃহাণ নান্যথেত্যর্থঃ॥ ২॥

গবাং দুগ্ধপূর্ণাদপ্যাপীনাদুপায়েন দোহনেনৈব দুগ্ধং লভ্যতে নতু গালিতাদ্বিদারিতাদ্বা তস্মাদিত্যতো ময়ি স্থিতান্যন্নানি সর্ব্বাণি ত্বমুপায়েন গৃহাণেতি বক্তুমুপায়স্য প্রামাণ্যং দর্শয়তি। অস্মিন্নিতি যোগা উপায়া অস্মিন্ লোকে কৃষ্যাদয়ঃ অমুষ্মিংশ্চ লোকে অগ্নিহোত্রাদয়ঃ দৃষ্টাঃ প্রযুক্তা অনুষ্ঠিতাশ্চ॥ ৩॥

হে মহারাজ! ক্রোধ সম্বরণ পূর্ব্বক আমার প্রস্তাবিত বিষয়ে মনঃসংযোগ করুন্! দেখুন! মধুকর যেমন সকল পুষ্প হইতে সার মধুরই সংগ্রহ করে, বুদ্ধিমান্ ব্যক্তিগণও সেইরূপ সকল বিষয়ের সার সংগ্রহ করিতে কখন ত্রুটি করেন না॥ ২॥

তত্ত্বদর্শী মুনিগণ জনগণের পুরুষার্থ প্রাপ্তির নিমিত্ত ইহলোক বা পরলোকের জন্য বিবিধ উপায় উদ্ভাবন পূর্ব্বক নিজেরাই তাহার অনুষ্ঠান করিয়া গিয়াছেন॥ ৩॥

আভাস।

যখন তাঁহার ক্রোধ উপশমিত হইল না, তখন তিনি প্রকৃত বিষয়ের উত্থাপন পূর্ব্বক কার্য্যসৌকার্য্যের উপায় প্রদর্শন করিলেন। তিনি বলিলেন, হে প্রভো! জগতে কোন বস্তুই সম্পূর্ণ

তানাতিষ্ঠতি যঃ সম্যগুপায়ান্ পূর্ব্বদর্শিতান্।
অবরঃ শ্রদ্ধয়োপেত উপেয়ান্ বিন্দতেঽঞ্জসা॥ ৪॥
তাননাদৃত্য যো বিদ্বানর্থানারভতে স্বয়ং।
তস্য ব্যভিচরন্ত্যর্থা আরব্ধাশ্চ পুনঃ পুনঃ॥ ৫॥

অন্বয়ঃ।

অবরঃ অর্ব্বাচীনঃ, অপি যঃ শ্রদ্ধয়া উপেতঃ শ্রদ্ধাবান্, ভূত্বা পূর্ব্বদর্শিতান্ (পূর্ব্বৈঃ মুনিভিঃ দর্শিতান্) উপায়ান্ সম্যক্ আতিষ্ঠতি অনুতিষ্ঠতি, সঃ অঞ্জসা অনায়াসেন, উপেয়ান্ ফলানি, বিন্দতে লভতে॥ ৪॥

যঃ বিদ্বান্ তান্ উপায়ান্ অনাদৃত্য স্বয়ং (স্বেচ্ছয়া কল্পিতান্) অর্থান্ উপায়ান্ আরভতে তস্য তে অর্থাঃ পুনঃ পুনঃ আরব্ধাঃ অপি ব্যভিচরন্তি ফলং ন সাধয়ন্তি॥ ৫॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বৈ দর্শিতান্ অবরোঽর্ব্বাচীনঃ॥ ৪॥

অবিদ্বান্ বিদ্বানপীতি বা ব্যভিচরন্তি নসিদ্ধ্যন্তি॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবরোঽর্ব্বাচীনঃ। উপেয়ান্ সাধ্যবস্তূনি॥ ৪॥ ৫॥

যে ব্যক্তি শ্রদ্ধা-সহকারে পূর্ব্ব পূর্ব্ব ঋষিগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট পন্থার অবলম্বনে কার্য্যের অনুষ্ঠান করে, সে নিতান্ত অর্ব্বাচীন ও মূর্খ হইলেও অনায়াসে যে ফললাভে সমর্থ হয়, সে বিষয়ে আর সন্দেহ নাই॥ ৪॥

আর যাহারা পাণ্ডিত্যের অভিমান বশত পূর্ব্বোক্ত উপায়সমূহকে উপেক্ষা করত, স্বেচ্ছানুসারে বিভিন্ন উপায়ের উদ্ভাবনে কার্য্যে অগ্রসর হন, তাঁহারা বারংবার কার্য্যে প্রবৃত্ত হইলেও কোনরূপ অভিপ্রেত ফলসাধনে কৃতকার্য্য হইতে পারেন না॥ ৫॥

অভ্যাস।

উৎকৃষ্ট বা সম্পূর্ণ নিকৃষ্ট নাই। উৎকৃষ্টেরও দোষ আছে এবং নিকৃষ্টেরও গুণ আছে; আমি অতি নিকৃষ্টা হইলেও আমার বাক্যে আপনার কর্ণপাত করা কর্ত্তব্য। কারণ ইহাতেও কিছু না কিছু সার অবশ্যই আছে। গাভীতে দুগ্ধ থাকিলেও কখন আপনা হইতে দুগ্ধ ক্ষরিত হয় না; এবং গাভীকে খণ্ডিত করিলেও দুগ্ধ নির্গত হয় না। উপযুক্ত উপায়ে সেই দুগ্ধকে দোহন করিতে হয়। আমাতে জীবের জন্য যাবতীয় অন্ন নিহিত থাকিলেও জীবকেই তাহা উপযুক্ত উপায়ে নিষ্কাসিত করিয়া লইতে হইবে। কর্ত্তব্য সাধনে অবহেলা করিয়া, নিশ্চিন্তের ন্যায় বৃথায় কাল অতিবাহিত করিলে, উদ্দেশ্য কখন সাধিত হয় না। স্ব স্ব কর্ম্মে সকলে নিয়োজিত থাকিলে, আর কখন অভাবে নিপতিত হইতে হয় না। কৃষি প্রভৃতি কার্য্যের দ্বারা ঐহিকের ফল এবং অগ্নিহোত্রাদি যজ্ঞের দ্বারা পরলোকে ফল লাভ হইয়া থাকে। যাহারা এই

পুরা সৃষ্টা হ্যোষধয়ো ব্রহ্মণা যা বিশাম্পতে।
ভুজ্যমানা ময়া দৃষ্টা অসদ্ভিরধৃতব্রতৈঃ ॥ ৬ ॥
অপালিতানাদৃতাচ ভবদ্ভির্লোকপালকৈঃ।
চৌরীভূতেঽথলোকেঽহং যজ্ঞার্থেঽগ্রসমোষধীঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

অতএব তুমি যখন সেই বিষ্ণুর অংশেই জন্ম গ্রহণ করিয়াছ, তখন হে প্রজাপতে! এই বিশ্ব সংসারের মঙ্গলচিন্তা করত ভৃগুপ্রভৃতি জগৎহিতৈষিগণের বাসনা পূরণ কর! হে প্রভো! যাবতীয় অধর্ম্মের যোনীভূত প্রচণ্ড বঞ্চনার উপায়স্বরূপ ইন্দ্রকৃত এই মায়ার নিবারণ কর!॥ ৩০॥

আভাস।

করা যায়, সেইরূপ মিত্র ও সাধুর বেশ পরিগ্রহ করিয়া শত্রু ও অসাধুর কার্য্য সমাধা করা দুর্ব্বল ব্যক্তির পক্ষে অনায়াস-সাধ্য, তাহাতে আর সন্দেহ নাই। স্পষ্ট শত্রু বা স্পষ্ট মিত্র হওয়া নিতান্ত বীর ও উদারচেতার কর্ম্ম; ইন্দ্রও স্বার্থের অনুরোধে এবং পৃথুর ভীম পরাক্রম সম্বন্ধে নিতান্তই দুর্ব্বল; সুতরাং কপটতার প্রথা তিনিই জগতে প্রথম প্রবর্ত্তিত করিলেন। তাঁহার অনুকরণে জগতের জীবও ক্রমশ কপটী হইতে আরম্ভ করিল। অবধূতের বেশ পরিগ্রহ করিয়া এবং সাধুর ন্যায় বাক্‌পটুতার পরিচয়ে সাধারণ লোককে প্রতারিত করা এবং তাহাদের প্রিয়পাত্র হওয়া যে অতি সুগম উপায়, তাহা কেবল এই ইন্দ্রের কার্য্যের দ্বারাই জগৎবাসী প্রথম অবগত হইল এবং তদনুসারে কার্য্যে অগ্রসর হইল। ইন্দ্র কয়েকবার পৃথুপুত্রকে প্রতারিত করিলে, স্বয়ং পৃথু যখন ইন্দ্রকে বধ করিবার জন্য অগ্রসর হইলেন, তখন ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া তাঁহাকে নিষেধ করত বলিলেন যে, ইন্দ্র দেবতা; তুমি মানব। তোমার অপেক্ষা সম্প্রতি ইন্দ্রের পরাক্রম অনেকাংশে অধিক। সুতরাং তুমি তাহাকে ওরূপ উপায়ে নিবারণ করিতে পারিবে না।। লাভের মধ্যে, অধিক কপটতার বিস্তারে জগতে আরও

মৈত্রেয় উবাচ।
ইত্থং স লোকগুরুণা সমাদিষ্টো বিশাম্পতিঃ।
তথাচ কৃত্বা বাৎসল্যং মঘোনাপিচ সন্দধে॥ ৩১॥
কৃতাবভৃথস্নানায় পৃথবে ভূরিকর্ম্মণে।
বরান্ দদুস্তে বরদা যে তদ্বর্হিষি তর্পিতাঃ॥
বিপ্রাঃ সত্যাশিষস্তুষ্টাঃ শ্রদ্ধয়া লব্ধদক্ষিণাঃ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। সঃ বিশাম্পতিঃ প্রজাপালকঃ পৃথুঃ, ইত্থং প্রকারেণ, লোকগুরুণা ব্রহ্মণা, সমাদিষ্টঃ সম্যক্ প্রতিবোধিতঃ, সন্ তথা যজ্ঞাগ্রহং হিত্বা, বাৎসল্যং স্নেহং, কৃত্বা মঘোনা ইন্দ্রেণ, অপি সহ সন্দধে সন্ধানং কৃতবান্॥ ৩১॥

তদ্বর্হিষি (তস্য পৃথোঃ বর্হিষি যজ্ঞে) তর্পিতাঃ ভাগদানেন সন্তোষিতাঃ যে দেবাঃ তে বরদাঃ সন্তঃ কৃতাবভৃথস্নানায় (কৃতং অবভৃথসম্বন্ধিস্নানং যেন তস্মৈ) ভূরিকর্ম্মণে (ভূরীণি কর্ম্মাণি যস্য তস্মৈ) পৃথবে বরান্ দদুঃ॥

হে ক্ষত্তর্ বিদুর! (তেন পৃথুনা) শ্রদ্ধয়া লব্ধদক্ষিণাঃ (লব্ধা দক্ষিণা যৈঃ তে) সংকৃতাঃ

শ্রীধরস্বামী।

তথা কৃত্বা যজ্ঞাগ্রহং চ হিত্বা বাৎসল্যং স্নেহঞ্চ কৃত্বা ইন্দ্রেন সহ সন্ধানঞ্চ কৃতবান্॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ এবার্থে যথা ব্রহ্মণ আজ্ঞা তথৈব বাৎসল্যং কৃত্বেতি যজ্ঞস্য বয়োবৃদ্ধত্বেঽপি দেবেন্দ্রত্বেঽপিচ ব্রহ্মণ এবাজ্ঞয়া তত্র পৃথো বাৎসল্যং সাচ তয়ো বিশুদ্ধসত্বেন তুল্যত্বেঽপি পৃথো-

---

মৈত্রেয় বলিলেন, প্রজাপতি পৃথু জগদ্গুরু ব্রহ্মাকর্ত্তৃক এই প্রকারে সম্যক্ প্রতিবোধিত হইয়া, যজ্ঞ সমাপনের আগ্রহ পরিত্যাগ করিলেন; এবং বাৎসল্যের প্রকাশে ত্রিদিবেশ্বর ইন্দ্রের সহিত সৌহার্দ্দ্য স্থাপন করিলেন॥৩১

হে বিদুর! মহারাজ পৃথু অতি শ্রদ্ধা এবং ভক্তিসহকারে ব্রাহ্মণগণকে

আভাস।

অধিক অনিষ্টেরই প্রবর্ত্তনা করা হইবে মাত্র। অতএব তুমি নিঃস্বার্থ হইয়া জগতের হিতার্থে উদ্যোগী হও! অশ্বমেধ যজ্ঞের পূরণে স্বর্গলাভের অপেক্ষা মোক্ষের জন্য যত্নবান্ হওয়া তোমার বিধেয়। অতএব ইন্দ্রের সহিত সখ্যতা স্থাপনপূর্ব্বক তাঁহার অনিষ্টসাধন না করিয়া, জগতে প্রকৃত পরোপকারিতারই পরিচয় প্রদান কর! তাহা হইলে, তোমার ঐহিকে যশঃ ও পরলোকে মোক্ষ অবশ্যই সাধিত হইবে। পৃথু তদনুসারে কার্য্য করিয়া, অন্তে মোক্ষ পদেরই উপযুক্ত হইলেন। সামান্য স্বর্গসুখের লালসা ত্যাগ করায়, অন্তে মোক্ষ সুখ যে লাভ হয়, তাহাও পৃথুচরিতের প্রধান উদ্দেশ্য॥ ২৪—৩০॥

আশিষো যুযুজুঃ ক্ষত্তরাদিরাজায় সৎকৃতাঃ ॥ ৩২ ॥
ত্বয়াহূতা মহাবাহো সর্ব্ব এব সমাগতাঃ।
পূজিতা দানমানাভ্যাং পিতৃদেবর্ষিমানবাঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুবিজয়ে ব্রহ্মবাক্যমেকোনবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥
ভগবানপি বৈকুণ্ঠঃ সাকং মঘবতা বিভুঃ।

অন্বয়ঃ।

অতএব তুষ্টাঃ সত্যাশিষঃ (সত্যাঃ যথার্থাঃ আশিষঃ যেষাং তে) বিপ্রাঃ তস্মৈ আদিরাজায় বরান্ দদুঃ যুযুজুঃ ॥ ৩২ ॥

হে মহাবাহো! পিতৃদেবর্ষিমানবাঃ যে অত্র আহূতাঃ সন্তঃ সমাগতাঃ তে সর্ব্বে এব ত্বয়া দানমানাভ্যাং পূজিতাঃ চ ॥ ৩৩ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। অথ ভগবান্ বিভুঃ সর্ব্বব্যাপী যজ্ঞপতিঃ যজ্ঞভুক্ বৈকুণ্ঠঃ বৈকুণ্ঠনাথঃ

শ্রীধরস্বামী।

কৃতমবভৃথসম্বন্ধি স্নানং যেন তস্মৈ ॥ ৩২ ॥ তুষ্টানাং বাক্যং ত্বয়েতি ॥ ৩৩ ॥

॥ * ॥ চতুর্থে একোনবিংশঃ ॥ * ॥

বিংশেতু বিষ্ণুনা সাক্ষাৎ পৃথোর্যজ্ঞেঽনুশাসনং।
বরদানপ্রসঙ্গেন প্রীতিশ্চান্যোন্যমীর্য্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তুংকর্ষেণাভ্যর্হিতত্বমালক্ষ্যৈব কৃত্বেতি জ্ঞেয়ং সন্দধে সন্ধিং চকার ॥ ৩১ ॥ ৩২ ॥

তুষ্টানাং বাক্যং ত্বয়েতি ॥ ৩৩ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
উনবিংশশ্চতুর্থেঽয়ং সঙ্গত সঙ্গত সতাং ॥ * ॥

যথাযোগ্য দক্ষিণা প্রাপ্তে তাঁহারা পৃথুর আচরণে বিশেষ পরিতুষ্ট হইয়া তাঁহাকে বর প্রদান পূর্ব্বক বলিলেন ॥ ৩২ ॥

হে মহাবাহো! পিতৃলোক, দেবতাগণ ঋষিবৃন্দ এবং মানবগণ যে কেহ তোমার এই যজ্ঞে আহুত হইয়া উপস্থিত হইয়াছেন, তাঁহারা সকলে তোমার দান ও গৌরবরক্ষার দ্বারা পরম পুজিত ও সম্বর্দ্ধিত হইয়াছেন, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের একোনবিংশ অধ্যায় সমাপ্ত ॥

যজ্ঞৈর্যজ্ঞপতিঃ স্বিষ্টো যজ্ঞভুক্ তমভাষত ॥ ১ ॥

এষ তেঽকারষীদ্ভঙ্গং হয়মেধশতস্য হ।

অন্বয়ঃ।

অপি মঘবতা সাকং যজ্ঞৈঃ সু সম্যক্ ইষ্টঃ পূজিতঃ সন্ তং পৃথুং অভাষত ॥ ১ ॥

যতঃ এষ ইন্দ্রঃ তে তব হয়মেধশতস্য ভঙ্গং অকারষীৎ অকার্ষীৎ, (ততঃ লজ্জিতঃ সন্)

শ্রীধরস্বামী।

মঘবতা সাকং ইন্দ্রেণ সহ বর্ত্তমানঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিংশে প্রীতিং সহেন্দ্রেণ বিষ্ণুনা বোধিতঃ পৃথুঃ।

চকার তুষ্টাবচ তং স দত্বাগাদ্বরং প্রভুঃ ॥ * ॥

ততশ্চ ভগবানপি প্রাদুর্ভূয় স্বাংশমিন্দ্রমুপানীয় সন্ধিং কারয়ন্ পৃথুং প্রবোধয়ামাসেত্যাহ ভগবানপীতি ॥ ১ ॥

মৈত্রেয় বলিলেন, অনন্তর সর্ব্বফলদাতা যজ্ঞেশ্বর সর্ব্বব্যাপী ভগবান্ বৈকুণ্ঠনাথ অমরাধিপতি ইন্দ্রের সহিত একত্র হইয়া পৃথুর যজ্ঞে উপস্থিত হইলেন এবং মহারাজ পৃথু কর্ত্তৃক সম্যক্ পূজিত হইয়া, তাঁহাকে সম্বোধন-পূর্ব্বক বলিলেন ॥ ১ ॥

হে রাজন্! এই শচীপতি তোমার শতাশ্বমেধ যজ্ঞের পূর্ণতার বিশেষ

আভাস।

বিংশ অধ্যায়ে যজ্ঞে বরদানের প্রসঙ্গে সাক্ষাৎ ভগবান্ বিষ্ণু কর্ত্তৃক পৃথুর প্রতি উপদেশ প্রদান এবং তাঁহার আজ্ঞাক্রমে ইন্দ্রের সহিত পরস্পরে প্রীতির বিষয় বর্ণিত হইয়াছে ॥

ইন্দ্রের বিদ্রোহাচরণে মহারাজ পৃথু যদিও তাঁহার শত অশ্বমেধ যজ্ঞ সমাপন করিবার সংকল্প পূরণ করিতে পারেন নাই; শেষ যজ্ঞ পণ্ড হইয়াছিল, তথাপি দেবতাগণের বরের দ্বারা তাঁহার সে অভাবও অভাবের মধ্যে গণনীয় হয় নাই। অবশেষে পাছে পৃথুর হৃদয়ে সংকল্প ভঙ্গের ভয় দৃঢ় প্রতিষ্ঠিত থাকে, এই জন্য ভগবান্ নারায়ণ স্বয়ং পৃথুর যজ্ঞে উপনীত হইয়া, বরদান দ্বারা তাঁহার মনোমালিন্য অপসারিত করিলেন। অধিকন্তু পৃথু ব্রহ্মার অনু-মত্যনুসারে শেষ যজ্ঞ সমাপনে যদিও নিরস্ত হইয়াছিলেন এবং ব্রহ্মার গৌরব রক্ষা করত ইন্দ্রের সহিত লৌকিক সখ্যতা স্থাপন করিয়াছিলেন, তথাপি মনে মনে ইন্দ্রের প্রতি তাঁহার বিদ্বেষভাব পাছে কিঞ্চিন্মাত্র থাকে, তাহার নিরসনার্থ স্বয়ং বৈকুণ্ঠনাথ দর্শন দানে পৃথুযজ্ঞে ইন্দ্রকে সঙ্গে করিয়া উপস্থিত হইলেন। পৃথু সর্ব্বান্তঃকরণে যজ্ঞের দ্বারা যজ্ঞপতি বিষ্ণুর অর্চ্চনা করিয়াছিলেন। তিনি যে অন্যান্য অনেক দেবতার আরাধনে যত্ন করিয়াছিলেন, সে সকল এক বিষ্ণুরই অর্চ্চনা; কারণ "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ" বিষ্ণুই সর্ব্বদেবময়! তিনি সর্ব্ব-ব্যাপী থাকিয়া বিভিন্ন দেবতার রূপে ও নামে একাকীই সমস্ত বলি গ্রহণ করিয়াছিলেন।

ক্ষমাপয়ত আত্মানমমুষ্য ক্ষন্তুমর্হসি । ২ ॥
সুধিয়ঃ সাধবো লোকে নরদেব নরোত্তমাঃ ।
নাভিদ্রুহ্যন্তি ভূতেভ্যো যর্হি নাত্মা কলেবরং ॥

অন্বয়ঃ।

আত্মানং (উভয়োঃ মমাবতারত্বাৎ আত্মনঃ স্বরূপভূতং ত্বাং) ক্ষমাপয়তঃ ক্ষমাং কারয়তঃ, অমুষ্য ক্ষন্তুং অর্হসি ॥ ২ ॥

হে নরদেব! লোকে যে সুধিয়ঃ (শোভনা শত্রুমিত্রাদিভেদশূন্যা ধীঃ যেষাং তে) সাধবঃ নরোত্তমাঃ তে যর্হি যস্মাৎ, কলেবরং আত্মা ন ইতি জানন্তি অতঃ ভূতেভ্যঃ ন অভিদ্রুহ্যন্তি দ্রোহং ন আচরন্তি ॥

শ্রীধরস্বামী।

আত্মানং ত্বাং ক্ষমাং কারয়তঃ অমুষ্য ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মানং ত্বাং ক্ষমাং কারয়তোঽমুষ্য ॥ ২ ॥

যর্হি যতঃ কলেবরমাত্মা ন ভবতি অতস্তত্রাভিমানানৌচিত্যাৎ। কুতো ভূতদ্রোহঃ সংভবেদিত্যর্থঃ ॥

প্রতিবন্ধক জন্মাইয়াছেন; কিন্তু এক্ষণে তজ্জন্য লজ্জিত হইয়া, তোমার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছেন! তুমি ইঁহার অপরাধ ক্ষমা কর! ॥ ২ ॥

হে নরদেব! এই জগতীতলে যাহারা প্রকৃত সাধু; শত্রু বা মিত্র বলিয়া কোনরূপ ভেদজ্ঞান যাঁহাদের হৃদয়ে স্থান পায় না, তাদৃশ শ্রেষ্ঠ ব্যক্তিগণ কখন কোন প্রাণীর বিরুদ্ধাচরণ করেন না; কারণ তাঁহারা বিশেষরূপে পরিজ্ঞাত আছেন যে, এই দেহ কখন আত্মা নহে ॥

আভাস।

ভগবান্ প্রবোধ-বাক্যে সান্ত্বনা করত পৃথুকে লোকাচার এবং ব্রহ্মজ্ঞান ও তাহার সাধন সকল উপদেশই দিয়াছিলেন। ভগবান্ বলিলেন, ইন্দ্র তোমার যজ্ঞে বিঘ্ন উৎপাদন করিয়া বিশেষ লজ্জিত হইয়াছেন; দেখ! ইন্দ্র এবং তুমি উভয়েই আমার অংশে সমুৎপন্ন হইয়াছে। তখন ইন্দ্রের প্রতি তোমার বিদ্বেষভাবের নিবারণ হওয়াই নিতান্ত প্রয়োজন; তুমি তাহাকে ক্ষমা কর ॥ ১ ॥ ২ ॥

নিঃস্বার্থ ও পরোপকারী না হইলে, জগতে কখন শ্রেষ্ঠত্বলাভ হয় না। যাহারা দেহকেই আত্মা বলিয়া মনে করে, দেহাতিরিক্ত জীবতত্ত্বের নিরূপণে পশ্চাৎপদ হয়, সুতরাং জন্মান্তর ও কর্ম্মফলের প্রতি বিশ্বাস স্থাপন করিতে পারে না, তাহারাই কেবল ঐহিক সুখের জন্য পরদ্রোহাদিতে বিরত হয় না। যাহারা কলেবরকে কেবল বাসগৃহ জ্ঞান করত, পরিণামের প্রতি দৃষ্টি করেন, তাদৃশ বুদ্ধিমান্ জনগণ আর বৃথা দৈবের প্রতিকূলে

পুরুষা যদি মুহ্যন্তি তাদৃশা দেবমায়য়া।
শ্রম এব পরং জাতো দীর্ঘয়া বৃদ্ধসেবয়া ॥ ৩ ॥
অতঃ কায়মিমং বিদ্বানবিদ্যাকামকর্ম্মভিঃ।
আরব্ধ ইতি নৈবাস্মিন্ প্রতিবুদ্ধোঽনুসজ্জতে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তাদৃশাঃ বিবেকিনঃ পুরুষাঃ যদি দেবমায়য়া (দেবস্য মম মায়য়া) মুহ্যন্তি হিংসাদিষু প্রবর্ত্তন্তে, তদা দীর্ঘয়া বহুকালাভ্যস্তয়া, বৃদ্ধসেবয়া (বৃদ্ধানাং জ্ঞানিনাং সেবয়া) তেষাং পরং কেবলং শ্রমঃ এব জাতঃ (ন কশ্চিৎ পুরুষার্থঃ) ॥ ৩ ॥

অতঃ প্রতিবুদ্ধঃ পুরুষঃ অবিদ্যাকামকর্ম্মভিঃ (অবিদ্যা স্বরূপাজ্ঞানং ততঃ কামঃ ভোগাভিলাষঃ, ততঃ তদনুরূপাণি কর্ম্মাণি তৈঃ) আরব্ধঃ অয়ং ইতি ইমং কায়ং, বিদ্বান্ জানন্, অস্মিন্ দেহাদৌ, ন অনুসজ্জতে ন আসক্তো ভবতি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যর্হি যস্মাৎ কলেবরমাত্মা ন ভবতি অতস্তদভিমানেন ভূতেভ্যো নাভিদ্রুহ্যন্তি ॥ ৩ ॥

অবিদ্যা স্বরূপাজ্ঞানং। ততঃ কামঃ ততঃ কর্ম্ম তৈরারব্ধ ইতি বিদ্বান্ অতএব প্রতিবুদ্ধঃ আত্মজ্ঞঃ। অস্মিন্নৈবানুসজ্জতে ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবন্মায়য়া মোহনাদেব ভবেদিতি চেত্তত্রাহ পুরুষা ইতি ॥ ৩ ॥

অতো বৃদ্ধসেবয়ৈব মায়ানাবরণাৎ প্রতিবুদ্ধঃ প্রতিবোধমেবাহ অবিদ্যয়ৈব কামঃ কামাদেব

তাদৃশ বিচক্ষণ ব্যক্তিগণও যদি দেবমায়ায় মোহিত হইয়া হিংসাদি লোকোৎপীড়নে প্রবৃত্ত হন, তাহা হইলে তাঁহাদিগের বহুকালব্যাপী বৃদ্ধসেবা কেবল বৃথা পণ্ডশ্রম বলিয়াই পরিগণিত হয়; সাধুসঙ্গের কোন ফলই তাঁহাদের লাভ হইল না ॥ ৩ ॥

মায়ার আবৃতি হইতে যাঁহারা জাগ্রত হইয়াছেন, তাঁহারা এই দেহকে অবিদ্যা, কাম ও তদনুরূপ কর্ম্মের দ্বারাই উৎপন্ন বলিয়া অবধারণ করিয়া থাকেন; সুতরাং দেহাদিতে আর আসক্ত হন না ॥ ৪ ॥

আভাস।

বস্তু করত অধিকতর দুরদৃষ্টের সংগ্রহ করেন না। আত্মজ্ঞান জীবের সহজে হয় না; বহুকাল সাধুসঙ্গ ও শাস্ত্রের আলোচনা করিলে, মায়াময় প্রাকৃতিক বস্তুর প্রতি যাঁহাদের অনাস্থা জন্মে তাঁহাদেরই পরম জ্ঞানের উদয় হইয়া থাকে। কিন্তু তাদৃশ পরিশ্রমের পর আবার যদি তোমার ইন্দ্রের প্রতি বিদ্রোহাচরণে প্রবৃত্তি আইসে, তবে এতকালের পরিশ্রম ত নিরর্থক হইয়া যায়। নিদ্রিতাবস্থায় স্বপ্নজন্য নানাপ্রকার ভোগই উপলব্ধ হইয়া থাকে বটে,

অসংসক্তঃ শরীরেঽস্মিন্নমুনোৎপাদিতে গৃহে।
অপত্যে দ্রবিণে চাপি কঃ কুর্য্যান্মমতাং বুধঃ॥ ৫ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ শরীরে অসংসক্তঃ কঃ বুধঃ আত্মজ্ঞানী, অমুনা শরীরেণ, উৎপাদিতে গৃহে অপত্যে দ্রবিণে চ অপি মমতাং কুর্য্যাৎ?॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তথাপি পুত্রাদিমমত্বেন ভূতদ্রোহো ভবেত্তত্রাহ অসংসক্ত ইতি॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মাণি তৈরারব্ধোঽয়মিতি ইমং কায়ং বিদ্বান্ জানন্॥ ৪॥ ৫॥

যাঁহারা আত্মজ্ঞানের আশ্রয়ে স্বীয় কলেবরে আসক্ত না হন, তাদৃশ জ্ঞানী ব্যক্তি কখন শরীরনিষ্পন্ন গৃহক্ষেত্র ও পুত্রবিত্তাদিতে যে আসক্ত হন না, তাহাতে আর সন্দেহ নাই॥ ৫ ॥

আভাস।

কিন্তু নিদ্রার ভঙ্গে কখন স্বপ্নদৃষ্ট পদার্থে কোন উদ্বেগ জন্মাইতে পারে না; অতএব তুমি যখন জানিয়াছ যে, এ দেহ কিছুই নহে; নভোমণ্ডলে জলদপটলের বিস্তারে যেমন বিচিত্র গন্ধর্ব্বনগরাদির কল্পনা হইয়া থাকে, মেঘাপগমে আর তাহার কোন চিহ্নই থাকে না, সেইরূপ পরমার্থস্বরূপ এক ব্রহ্মতত্ত্বে মায়ার বিকাশ ঘটিয়া, এই ব্রহ্মাণ্ড ও তদন্তরস্থ অনন্ত জীবদেহের কল্পনা হইয়া থাকে। এতদর্থে ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "তস্য হেতুরবিদ্যা" অবিদ্যাই জীবের সংসার-কারণ। যেমন বীজ হইতে স্কন্ধ মূল শাখা প্রশাখা ও ফল পুষ্পাদির উৎপত্তি হইয়া থাকে এবং সেই ফল হইতে আবার তাদৃশ বহু বৃক্ষের উৎপত্তি ঘটে, সেইরূপ এক অবিদ্যার বশবর্ত্তী হইয়া, জীবহৃদয়ে কামনার উদ্রেক হয় এবং কামনা হইতে পুনঃ কর্ম্মের প্রবৃত্তি এবং তন্নিষ্ঠ ফল অর্থাৎ জন্ম-জন্মান্তর জীবকে ভোগ করিতে হয়॥ ৩॥ ৪॥

ভোগ্য বিষয়কে পরিহার করা নিতান্তই দুরূহ বলিয়া সাধারণের সংস্কার থাকিলেও, তাহা যে সম্পূর্ণ ভ্রম, তাহাই ভগবান্ এই শ্লোকে প্রতিবোধিত করিয়াছেন। বিষয় কখন জীবকে আকর্ষণ করিতে পারে না; কারণ তাহা অচেতন জড় মাত্র। বিষয়েরও স্বতঃসিদ্ধ নিজের কোন সামর্থ্য নাই। জীবও বিষয়কে চাহে না; কারণ বিষয় জীবসম্বন্ধে কোন অংশে তুলনীয় নহে। সাধারণত জগতে যে স্বজাতিপ্রিয়তা ভাব সর্ব্বত্র পরিদৃষ্ট হয়, জীবের সহিত বিষয়ের সেরূপ স্বজাতীয় ভাবও কিছু দেখা যায় না; সুতরাং বিষয়ের প্রতি জীবের প্রেম ও আসক্তি আছে বলিয়া স্বীকার করা, সম্পূর্ণ অন্যায়। কিন্তু জীবের চিত্ত বিষয়াভিমুখে নিরন্তর ধাবিত যে হইতেছে, তদ্বিষয়ে আর দ্বিতীয় সাক্ষীর প্রয়োজন নাই। ইহা সকলেরই মীমাংসিত ব্যবস্থা। ইহার তথ্যে প্রবেশ করিলে বিলক্ষণ উপলব্ধ হয় যে, অধ্যাসই সকল অনিষ্টের মূল; জীবস্বরূপের অধ্যাস স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে

একঃ শুদ্ধঃ স্বয়ংজ্যোতির্নির্গুণো ঽসৌ গুণাশ্রয়ঃ।
সর্ব্বগোঽনাবৃতঃ সাক্ষী নিরাত্মাত্মাত্মনঃ পরঃ॥ ৬॥

অন্বয়ঃ।

অসৌ আত্মা আত্মনঃ দেহাদেঃ পরঃ ভিন্নঃ নির্গুণঃ গুণেভ্যঃ অতিরিক্তঃ, (দেহস্তুগুণকার্য্যঃ অয়ং তু) গুণাশ্রয়ঃ, (গুণানাং আশ্রয়ঃ) সর্ব্বগঃ ব্যাপকঃ, অতঃ অনাবৃতঃ (চেতনত্বাৎ) সাক্ষী-দ্রষ্টা, নিরাত্মা বাহ্যাভ্যন্তরভেদরহিতঃ, স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ, শুদ্ধঃ অসঙ্গঃ, একঃ অদ্বিতীয়ঃ, এব॥ ৬॥

শ্রীধরস্বামী।

প্রতিবোধক্রমং বিবৃণ্বন্ দেহেঽনুষঙ্গাভাবমাহ এক ইতি দ্বাভ্যাং। অসাবাত্মা আত্মনো দেহাৎ পরো ভিন্নঃ তত্র নবধা বৈলক্ষণ্যেন ভেদং সাধয়তি এক ইতি নবভিঃ পদৈঃ। দেহো হি বাল্যযুবাদিভেদাদনেকঃ। মলিনশ্চ জড়শ্চ সগুণশ্চ স্বকারণভূতগুণাশ্রিতশ্চ পরিচ্ছিন্নশ্চ গৃহাদিভিরাবৃতশ্চ দৃশ্যশ্চ আত্মাচ আত্মাতু নৈবং অতো ভিন্নঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনাসক্তেঃ কারণমাত্মজ্ঞানমতঃ পরমাত্মজ্ঞানমুপদিশতি এক ইতি আত্মা পরমাত্মা আত্মনো দেহাৎ জীবাচ্চ পরো ভিন্ন একঃ। দেহো জীবশ্চানেকঃ। এবমশুদ্ধঃ প্রকাশহীনঃ সগুণঃ গুণজন্যত্বাৎ গুণাধীনত্বাচ্চ গুণাশ্রিতঃ জড়ত্বাদনুরূপত্বাচ্চাসর্ব্বগঃ। দেহেন গৃহাদিভি-শ্চাবৃতঃ অচেতনত্বাৎ সলেপদ্রষ্টৃত্বাচ্চ সাক্ষী। সজীবত্বাৎ স পরমাত্মকত্বাচ্চ সাত্মেতি দেহ-জীবাভ্যাং নবধা বৈলক্ষণ্যং পরমাত্মন উক্তং। এতেনৈব জীবস্য দেহেন সহ নবধা বৈলক্ষণ্যং চ দর্শিতমিতি॥ ৬॥

আত্মা কখন দেহ নহে; ইহা গুণের অতীত, অথচ গুণময় দেহাদির আশ্রয়। গুণময় দেহাদির ন্যায়, পরিচ্ছিন্ন ও আবৃত নহেন; এবং বাহ্যাভ্যন্তর ভেদে আত্মারও কোন স্বগত বা স্বজাতীয় ভেদ নাই। আত্মা স্বপ্রকাশ নিত্যশুদ্ধ ও চৈতন্যস্বরূপ; সর্ব্বসাক্ষীভাবে এবং অদ্বিতীয়স্বরূপে তিনি নিত্য বিরাজ করিতেছেন॥ ৬॥

আভাস।

দেহত্রয়ে ক্রমান্বয়ে আরোপিত হওয়াতেই এই বিপর্য্যয়ের উৎপত্তি হইয়া থাকে। যে জীব স্বীয় কলেবরে আসক্ত নহেন, তিনি জগতের কোন বস্তুতেই লিপ্ত হন না। যিনি দেহের অধীন, তিনি জগতের অধীন; যিনি দেহে অনাসক্ত, এই সমগ্র ব্রহ্মাণ্ডে আর কোন বস্তুই তাঁহাকে শান্তিসুখ বা প্রেমের প্রলোভনে ভুলাইতে পারে না। কারণ তিনি পরমার্থস্বরূপে আত্মসমর্পণপূর্ব্বক পরমার্থভাবের যে পরম রস তাহাতেই নিমগ্ন থাকেন। সৃষ্ট জগতে এমন কোন রস নাই যে, সে রসের সহিত তুলনীয় হয়। এই শ্লোকে জগৎতত্ত্ব, জীবতত্ত্ব ও পরমার্থতত্ত্বের বৈলক্ষণ্য প্রদর্শিত হইয়াছে। রজঃ সত্ত্ব ও তমোরূপা প্রকৃতির ন্যূনাতিরিক্ত

য এবং সন্তমাত্মানমাত্মস্থং বেদ পুরুষঃ।
নাজ্যতে প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ স ময়ি স্থিতঃ ॥ ৭ ॥
যঃ স্বধর্ম্মেণ মাং নিত্যং নিরাশীঃ শ্রদ্ধয়ান্বিতঃ।

অন্বয়ঃ

যঃ পুরুষঃ এবং বর্ণিতপ্রকারকং সন্তং বিদ্যমানং, আত্মস্থং স্বশরীরে এব স্থিতং, আত্মানং বেদ জানাতি, সঃ প্রকৃতিস্থঃ (প্রকৃতিকার্য্যদেহে স্থিতঃ) অপি তদ্গুণৈঃ সুখদুঃখাদিভিঃ ন অজ্যতে লিপ্যতে। যতঃ সঃ ময়ি পরমেশ্বরে, এব স্থিতঃ ভবতি ॥ ৭ ॥

হে রাজন্! নিরাশীঃ ফলাশারহিতঃ, শ্রদ্ধয়ান্বিতঃ যঃ স্বধর্ম্মেণ স্ববর্ণাশ্রমাচারানুরূপেণ ধর্ম্মেণ

শ্রীধরস্বামী।

আত্মস্থং দেহস্থং যো বেদ স দেহস্থোঽপি তদ্বিকারৈর্ন লিপ্যতে। যতঃ স ময়ি ব্রহ্মণি স্থিতঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্রকৃতিস্থঃ দেহস্থোঽপি দেহগুণৈর্নাজ্যতে ইতি ন দেহস্থ ইত্যর্থঃ ॥ ৭ ॥

অয়মুক্তলক্ষণঃ প্রবোধো ভক্তিমিশ্রেণ জ্ঞানেন যতমানস্য ভবতীতি তৎসাধনমাহ য

যে ব্যক্তি স্বকীয় দেহমন্দিরে অন্তর্যামিরূপে নিত্য প্রতিষ্ঠিত স্বীয় আত্মভাবের অবধারণ করিতে পারেন, তিনি প্রাকৃতিক দেহে দেহীর ন্যায় বিদ্যমান থাকিয়াও দেহনিষ্ঠ সুখদুঃখ বা হ্রাস-বৃদ্ধির জন্য কখন ক্ষুণ্ণ হন না। তিনি পরমার্থস্বরূপ আমাতে চিত্ত সংযত করিয়াই, নিশ্চিন্ত থাকেন ॥ ৭ ॥

হে নরনাথ! ভাবি ফলের জন্য কোনরূপ প্রত্যাশা না করিয়া, যে ব্যক্তিবিশেষ যত্ন ও শ্রদ্ধাসহকারে স্বকীয় বর্ণাশ্রম-প্রোক্ত ধর্ম্মের অনুশীলনে নিত্য

আভাস।

পরিণামে এই বিচিত্র ভাবের উৎপত্তি হয়। কিন্তু সচ্চিদানন্দ ব্রহ্মস্বরূপ এক, অনন্ত ও স্বপ্রকাশ। গুণসমূহ সেই পরমপুরুষে আশ্রয় করিয়া, বিকাশ পায়; অথচ আত্মা কখন গুণের অধীন নহেন। বস্তু পরিচ্ছিন্ন, তিনি সর্ব্বব্যাপী; বস্তু দৃশ্য বা গ্রাহ্য, আত্মা দ্রষ্টা বা গ্রহণ কর্ত্তা। বস্তু মাত্রেরই স্বজাতীয় বিজাতীয় ও স্বগতাদি ভেদ আছে। মানব অন্য মানব হইতে ভিন্ন। মানব অশ্ব বা বৃক্ষ হইতে ভিন্ন এবং তাহার মস্তক ও পাদাদি ভিন্ন ভিন্ন অবয়বও আছে; কিন্তু পরমাত্মার এরূপ কোন ভেদ নাই। এই নয়টী উদাহরণের দ্বারা আত্মা ও অনাত্মার ভেদ এই শ্লোকে প্রদর্শিত হইয়াছে ॥ ৫ ॥ ৬ ॥

অন্যত্র বর্ণিত হইয়াছে যে, "আশা হি পরমং দুঃখং নিবৃত্তিঃ পরমং সুখং"। বিষয়-বাসনাই সংসারের কারণ; বাসনার বশবর্ত্তী হইয়া, জীব অনন্ত সংসার ভোগ করে; বাসনা বিনিবৃত্ত হইলে, আর তাহাকে ভ্রমণ করিতে হয় না। যেমন বিবিধ বস্তুর প্রতিবিম্ব দর্পণে

ভজতে শনকৈস্তস্য মনো রাজন্ প্রসীদতি ॥ ৮ ॥
পরিত্যক্তগুণঃ সম্যগ্‌দর্শনো বিশদাশয়ঃ।
শান্তিং মে সমবস্থানং ব্রহ্মকৈবল্যমশ্নুতে ॥ ৯ ॥

অন্বয়ঃ।

মাং নিত্যং ভজতে তস্য মনঃ শনকৈঃ ক্রমেণ প্রসীদতি শুদ্ধ্যতি ॥ ৮ ॥

এবং যদা বিশদাশয়ঃ বিশুদ্ধচিত্তঃ, পরিত্যক্তগুণঃ (পরিত্যক্তাঃ গুণাঃ বিষয়াঃ যেন সঃ) সম্যগ্দর্শনঃ জনঃ মে মম সমবস্থানং (সম্যক্ ঔদাসীন্যেন অবস্থানং) ব্রহ্মকৈবল্যং এব শান্তিং অশ্নুতে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

ইয়মবস্থা কস্য উৎপদ্যতে ইত্যপেক্ষায়ামাহ যঃ স্বধর্ম্মেণেতি চতুর্ভিঃ ॥ ৮ ॥

যর্হি বিশদাশয়ঃ প্রসন্নমনাঃ তদা পরিত্যক্তগুণঃ সন্ সম্যগ্দর্শনো ভূত্বা শান্তিমশ্নুতে। শান্তিমেবাহ মে মম সম্যগৌদাসীন্যেনাবস্থানমেব ব্রহ্ম তদেব কৈবল্যমশ্নুতে ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি ॥ ৮ ॥

তৎফলমাহ পরীতি সার্দ্ধাভ্যাং শান্তিং অশ্নুতে শান্তিমেবাহ মে সমবস্থানং মম সম্যক্ নির্ভেদমবস্থানং সামান্যাবস্থাং ভাগুরিমতেঽকারলোপঃ। তদ্ব্রহ্ম তদেব কৈবল্যং ॥ ৯ ॥

পরমাত্মস্বরূপ আমার অর্চ্চনা করেন, তাঁহার চিত্ত সংসারভাব পরিহারে ক্রমশ বিশুদ্ধ হইয়া আইসে ॥ ৮ ॥

ক্রমশঃ এইরূপ আচরণে চিত্ত যখন কামক্রোধাদি বিষয়ভাবের বিসর্জ্জনে নির্ম্মল ভাব ধারণ করে এবং অপরোক্ষ জ্ঞানের অনুভব করে, তখন সেই ব্যক্তি নিত্য নিরবচ্ছিন্ন পরমব্রহ্মস্বরূপ পরম শান্তি উপভোগ করেন, সন্দেহ নাই ॥ ৯ ॥

আভাস।

নিপতিত হইয়া দর্পণস্বরূপকে অন্তর্হিত করে; দর্পণ কেবল বিজাতীয় প্রতিবিম্বের প্রকাশেই আত্মপরিচয় দেয়, কিন্তু যাহার আলোকে দর্পণ আলোকিত এবং প্রতিবিম্বের প্রকাশে সমর্থ, সেই মূল সূর্য্যের প্রতিবিম্বও অন্যান্য প্রতিবিম্বের আবরণে আবৃত হইয়া যেন বিলুপ্তের ন্যায় বোধ হয়, সেইরূপ বিষয়ের বাসনারূপ প্রতিচ্ছায়া চিত্তদর্পণে নিপতিত হওয়ায়, চিত্ত চেতনাবিশিষ্ট স্বরূপের পরিচয় দিতে আর পায় না; সুতরাং চিত্তে পরমানন্দস্বরূপ চিদাভাসের পরিচয় কিরূপে হওয়া আর সম্ভব? অতএব বাসনারূপ কণ্টকবৃক্ষ সমূহকে চিত্ত হ্রদের উপকূল হইতে নির্ম্মূল করিয়া দিলে, চিত্ত নিজস্বরূপে অবস্থান করে; এবং তত্রস্থ চিদানন্দময় পরম পুরুষের সম্যক্ উপলব্ধি অবলীলাক্রমে অনুভব করে। অতএব বাসনার বিসর্জ্জনে নির্ম্মল চিত্তে সম্যক্ দর্শনের ফল হয়। এই সম্যক্ দর্শনই প্রকৃত শান্তি। যেমন তরঙ্গায়িত জলাশয়ে সূর্য্য বা চন্দ্রের প্রতিবিম্ব চঞ্চল ও কম্পিতের ন্যায় পরিলক্ষিত হয়,

উদাসীনমিবাধ্যক্ষং দ্রব্যজ্ঞানক্রিয়াত্মনাং।
কূটস্থমিমমাত্মানং যো বেদাপ্নোতি সোঽভবং॥ ১০॥

অন্বয়ঃ।

দ্রব্যজ্ঞানক্রিয়াত্মনাং (দ্রব্যং দেহঃ জ্ঞানানি জ্ঞানেন্দ্রিয়াণি ক্রিয়াঃ কর্ম্মেন্দ্রিয়াণি আত্মা মনঃ তেষাং) অধ্যক্ষং দ্রষ্টারং, অপি উদাসীনং ইব সাক্ষিমাত্রং, কূটস্থং নির্ব্বিকারং, ইব আত্মানং যঃ বেদ সঃ অভবং মোক্ষং, (অভয়ং ইতি চিৎসুখঃ শোভনমিতি গৌড়ীয়ঃ পাঠঃ) আপ্নোতি॥ ১০॥

শ্রীধরস্বামী।

সম্যগ্দর্শনমেবাহ উদাসীনমেবাত্মানং দ্রব্যজ্ঞানক্রিয়াত্মনাং দেহজ্ঞানকর্ম্মেন্দ্রিয়মনসাং অধ্যক্ষমিব স্থিতমাত্মানং যো বেদ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্যগ্দর্শনমেবাহ দ্রব্যজ্ঞানক্রিয়াত্মনাং অধিভূতাধিদৈবাধ্যাত্মমনসাং অধ্যক্ষং জীবাত্মানং উদাসীনমিব তেষ্বনাসক্তমিব যো বেদ। স ইমং কূটস্থমাত্মানং পরমাত্মানং বেদ যঃ পরমাত্মানং বেদ স অভবং প্রাপ্নোতীত্যাবৃত্ত্যান্বয়ঃ। অত্রেবকারেণ সম্যগুদাসীনত্বাভাবেঽপি সাধনদশায়াং জ্ঞানসিদ্ধিং সূচয়তি॥ ১০॥

দেহ, জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় এবং মনের দ্রষ্টা ও নেতারূপে বিদ্যমান থাকিয়াও যিনি নির্লিপ্ত এবং নির্ব্বিকার কূটস্থভাবে উদাসীন সাক্ষীর ন্যায় বিরাজ করেন, তাদৃশ আত্মস্বরূপকে যিনি অবধারণে সমর্থ, তিনি পরমপদ মোক্ষলাভে উপযুক্ত হন, সন্দেহ নাই॥ ১০॥

আভাস।

এবং জলভাগ নিস্তব্ধ হইলে, অচল চন্দ্রাদির প্রতিবিম্বও প্রকৃত জলের দোষে আর দূষিত না হইয়া, নিশ্চল ও নিষ্কম্পিত ভাবেই অবস্থান করে, সেইরূপ চিত্ত আলোড়িত না হইলে, চিদাভাসের কোন আলোড়ন থাকে না। জীবও উদ্বেগহীন উদাসীন কৈবল্যস্বরূপ পরমব্রহ্মের সাক্ষাৎ সন্দর্শন লাভ করে॥ ৯॥

এই শ্লোকে সম্যগ্দর্শনের স্বরূপ বর্ণনার্থ প্রকাশ করিয়াছেন যে, স্থূলভূতাত্মক দেহ অধিভূত দ্রব্য, জ্ঞানেন্দ্রিয় এবং কর্ম্মেন্দ্রিয়স্বরূপ অধ্যাত্মভাব জ্ঞান ও ক্রিয়া এবং তাহাদের নেতারূপে বিদ্যমান মনের অধ্যক্ষ জীবস্বরূপকে অসঙ্গ ও উদাসীনের ন্যায় যে ব্যক্তি অনুভব করিতে পারেন, তিনি পরমব্রহ্মস্বরূপ কূটস্থ ভাবকে যে অবধারণ করেন এবং অন্তে মুক্তি লাভ করেন, ইহাই সর্ব্বশাস্ত্রের মীমাংসিত অভিপ্রায়। এস্থলে উদাসীনমিব এই ইব শব্দের দ্বারা সাধনদশাতেও যে ক্রমশ জ্ঞানের স্ফূর্ত্তি হয়, তাহাই প্রকাশ করা হইয়াছে॥ ১০॥

দেহেন্দ্রিয়াদির দ্রষ্টা হইয়া কেবল ঔদাসীন্য অবলম্বনেই যে জীবের মুক্তি লাভ কি প্রকারে

ভিন্নস্য লিঙ্গস্য গুণপ্রবাহো দ্রব্যক্রিয়া-কারক-চেতনাত্মনঃ।
দৃষ্টাসু সম্পৎসু বিপৎসু সূরয়ো ন বিক্রিয়ন্তে ময়ি বদ্ধসৌহৃদাঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

দ্রব্যক্রিয়াকারকচেতনাত্মনঃ (দ্রব্যাণি মহাভূতানি, ক্রিয়াঃ ইন্দ্রিয়াণি, কারকাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবাঃ, চেতনা চিদাভাসযুক্তং অন্তঃকরণং, তদাত্মনঃ তৎসঙ্ঘাতাত্মকস্য) আত্মনঃ সকাশাৎ ভিন্নস্য লিঙ্গস্য দেহস্য এব গুণপ্রবাহঃ জন্মমরণাদিবিকারঃ ন আত্মনঃ ইতি পশ্যন্তঃ সূরয়ঃ বিবেকিনঃ, ময়ি সচ্চিদানন্দস্বরূপে বদ্ধসৌহৃদাঃ (বদ্ধং সৌহৃদং যৈঃ তে তথাভূতাঃ সন্তঃ) দৃষ্টাসু প্রাপ্তাসু সম্পৎসু বিপৎসু চ ন বিক্রিয়ন্তে হর্ষশোকাদি ন কুর্ব্বন্তি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সংসারিণঃ কথং কূটস্থত্বং অত আহ। ভিন্নস্য লিঙ্গস্য দেহস্য গুণপ্রবাহঃ সংসারো। ভিন্নত্বে হেতুঃ দ্রব্যাদ্যাত্মকস্য তত্র চেতনা চিদাভাসঃ। অতো দৃষ্টাসু প্রাপ্তাসু হর্ষশোকাদিভির্ন বিক্রিয়ন্তে ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু দ্রব্যাদীনামধ্যক্ষত্বেঽপি জীবস্য তেষ্বৌদাসীন্যমাত্র এব কথং সংসারাভাব ইত্যত আহ ভিন্নস্য জীবাদন্যস্য লিঙ্গদেহস্যৈব গুণপ্রবাহঃ সংসারভিন্নত্বে হেতুঃ দ্রব্যাদ্যাত্মকস্য অধিভূতাধ্যাত্মাধিদৈববুদ্ধ্যাদিস্বরূপস্য অয়মর্থঃ। লিঙ্গদেহস্য খল্বভিমানেনৈব জীবস্য সংসারো নত্বৌদাসীন্যেনেতি তত্রাধ্যক্ষত্বেঽপি ন জীবস্য ক্ষতি লিঙ্গস্যাপি তদেবালিঙ্গত্বমিতি। এবঞ্চ যঃ স্বধর্ম্মেণেত্যাদিনা ভক্তিমিশ্রেণ জ্ঞানেন যতমানানাং সংসারাভাবমুক্ত্বা কেষাঞ্চিৎ কেবলয়ৈব ভক্ত্যা জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথেতি ন্যায়েন সংসারনিবৃত্তয়ে যতমানানামপি সংসারাভাবমাহ। দৃষ্টাস্বিতি আসক্ত্যভাবাৎ প্রাকৃতসম্পদ্বিপদোর্নবিক্রিয়ন্তে আসক্ত্যভাবে হেতুঃ। ময়ি বদ্ধেতি সৌহৃদবন্ধস্তু কেবলয়ৈব ভক্ত্যা ভবেদিত্যুপপাদিতং তৃতীয়স্কন্ধে ॥ ১১ ॥

শব্দাদি পঞ্চ মহাভূত, একাদশ ইন্দ্রিয়, ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতানিচয় এবং চিদাভাসযুক্ত চেতনার সমষ্টিতে সমুৎপন্ন আত্মাতিরিক্ত এই কলেবরেই জন্মমরণাদি সংসারপ্রবাহ ঘটিয়া থাকে; আত্মস্বরূপে ইহার কোন সম্বন্ধ নাই। এই ভাব যে সকল বিবেকী পুরুষ অবধারণ করেন, তাঁহারা সচ্চিদানন্দস্বরূপ আমাতে প্রেমের পুলকে আত্মসমর্পণ করত উপস্থিত সম্পদ বা বিপদে কিছুমাত্র বিক্ষিপ্ত হন না; বা তজ্জন্য সুখ বা দুঃখেও কখন বিব্রত নহেন ॥ ১১ ॥

আভাস।

সম্ভব, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। জীব হইতে ভিন্ন জড়স্বরূপ লিঙ্গদেহেই গুণের প্রবাহ ঘটে এবং সংসার আইসে। তত্ত্বকৌমুদীতেও প্রকাশ আছে, "তস্মান্ন বধ্যতেঽসৌ ন মুচ্যতে ন সংসরতি চ কশ্চিৎ। সংসরতি বধ্যতে মুচ্যতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ" ॥ জীবচৈতন্য নিত্য, শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্যস্বরূপ; তাহাতে কখন কোন বিকারের উদ্ভব হয়

সমঃ সমানোত্তমমধ্যমাধমঃ সুখেচ দুঃখেচ জিতেন্দ্রিয়াশয়ঃ।
ময়োপক৯প্তাখিললোকসংযুতো বিধৎস্ব বীরাখিললোকরক্ষণং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে বীর! ময়া উপক্লৃপ্তাখিললোকসংযুতঃ (ময়া পরমেশ্বরেণ উপক্লৃপ্তাঃ সম্পাদিতাঃ যে অখিলাঃ লোকাঃ অমাত্যাদয়ঃ তৈঃ সংযুতঃ) সমানোত্তমমধ্যমাধমঃ (সমানাঃ উত্তমমধ্যমাধমাঃ যস্য সঃ তথাবিধঃ) জিতেন্দ্রিয়াশয়ঃ (জিতানি ইন্দ্রিয়াণি আশয়ঃ অন্তঃকরণং চ যেন সঃ) ত্বং সুখে চ দুঃখে চ সমঃ সন্ অখিললোকরক্ষণং (অখিলানাং লোকানাং রক্ষণং) বিধৎস্ব কুরু ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ত্বঞ্চ সুরিঃ অতএব সুখে দুঃখেচ সমঃ সন্ সমানা উত্তমমধ্যমাধমা যস্য জিতানীন্দ্রিয়াণ্যাশয়শ্চ যেন স ত্বং অখিললোকরক্ষণং বিধৎস্ব। কথমেকেন ময়া রক্ষণং কর্ত্তুং শক্যং তত্রাহ। ময়া ঈশ্বরেণ উপক৯প্তাঃ সম্পাদিতা যে অখিলা লোকা অমাত্যাদয় স্তৈঃ সংযুতঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বঞ্চ ময়ি বদ্ধসৌহৃদ ইত্যতো মন্নিদেশ এব বর্ত্তস্বেত্যাহ সম ইতি চতুর্ভিঃ। প্রাকৃতসম্পদ্বিপদোঃ সমবুদ্ধিঃ। সমানাঃ সত্ত্বাদিগুণৈরুত্তমমধ্যমাধমা যস্য সঃ। ময়েশ্বরেণোপক৯প্তাঃ সংপাদিতা যেঽখিললোকা অমাত্যাদয়স্তৈঃ সংযুতঃ। ঈশ্বরদত্তৈশ্বর্য্যোঽহমীশ্বরাজ্ঞাপালনরূপং প্রজারক্ষণং করোমীতি বুদ্ধ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

হে বীর! আমারই প্রসাদে তুমি এই সমস্ত অমাত্য ও ভৃত্যবর্গে পরিবেষ্টিত হইয়াছ। তুমি যেন কাহারও প্রতি উত্তম, মধ্যম বা অধম বলিয়া বিভিন্ন দৃষ্টি করিও না! তুমি ইন্দ্রিয়গ্রামকে পরাজয় করত, সুখ বা দুঃখে সমভাবাপন্ন হইয়া, এই নিখিল প্রজাবর্গের প্রতিপালনে যত্নবান্ হও! ॥ ১২ ॥

আভাস।

না এবং পরিণাম ও ঘটে না। লিঙ্গদেহের অভিমানেই কেবল জীবের সংসার হয়; অভিমান বিনিবৃত্ত হইলে, জীব অধ্যক্ষভাবে তথায় অবস্থান করিলেও কোন ক্ষতি নাই এবং তৎকালে লিঙ্গদেহও অলিঙ্গের মধ্যে পরিগণিত হইয়া যায়। সম্প্রতি স্বধর্ম্মের অনুশীলনে ভক্তিপূর্ব্বক জ্ঞানের চর্চ্চা করিলে, সংসারের নিবৃত্তি হয়, একথা বলা হইয়াছে; কিন্তু কেবল ভক্তিপূর্ব্বক ভগবানে নির্ভর দিয়াও যে, জীব মুক্তিলাভ করিতে পারে, তাহাই এই শ্লোকের অন্তে "বদ্ধসৌহৃদাঃ" বলিয়া ব্যাখ্যা করিয়াছেন ॥ ১১ ॥

ভগবান পৃথুকে বলিলেন যে, তোমার ন্যায় বিচক্ষণ ব্যক্তির পক্ষে সুখ বা দুঃখে অভিভূত হওয়া কর্ত্তব্য নহে। কারণ জাগতিক যাবতীয় পদার্থই গুণময়; সুতরাং সকল পদার্থ ই গুণের অনুসারে বিচিত্র ভাবের পরিচয় প্রদান করে। এদিকে পদার্থের গ্রাহক ইন্দ্রিয়বর্গও গুণময়; অতএব বিচিত্র ভাবেই সর্ব্বদা পরিণত থাকে। সুতরাং ইন্দ্রিয়ের অবস্থানুরূপ অনুকূল

শ্রেয়ঃ প্রজাপালনমেব রাজ্ঞো যৎ সম্পরায়ে সুকৃতাৎ ষষ্ঠমংশং।
হর্ত্তান্যথা হৃতপুণ্যঃ প্রজানামরক্ষিতা করহারোঽঘমত্তি॥ ১৩॥

অন্বয়ঃ।

প্রজাপালনং এব রাজ্ঞঃ শ্রেয়ঃ; যৎ যস্মাৎ সম্পরায়ে পরলোকে, প্রজাভিঃ কৃতাৎ সুকৃতাৎ ষষ্ঠং অংশং প্রজাপালকঃ হর্ত্তা হরতি, তৎ ফলং ভুঙ্‌ক্তে; অন্যথা প্রজানাং অরক্ষিতা করহারঃ, প্রজাভিঃ হৃতপুণ্যঃ সন্ প্রজানাং অঘং অত্তি ভুঙ্‌ক্তে॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ননু রক্ষণং দণ্ডাদিসাপেক্ষং অতস্ততোঽন্যদ্বা পুণ্যং করিষ্যামি ইতি চেদত আহ শ্রেয়-ইতি। যৎ যস্মাৎ সংপরায়ে পরলোকে প্রজাভিঃ কৃতাৎ সুকৃতাৎ ষষ্ঠমংশং হর্ত্তা হরতি। অরক্ষণে দোষমাহ অন্যথা প্রজাভিঃ হৃতং পুণ্যং যস্য সঃ। প্রজানামঘমত্তি পাপং ভুঙ্‌ক্তে অন্যথেত্যস্য বিবরণং করহারঃ সন্ন রক্ষিতা চেৎ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যস্যাপি রাজ্ঞঃ প্রজাপালনমেব ধর্ম্ম ইত্যাহ। সাংপরায়ে পরলোকে। প্রজানাং সুকৃতাৎ। হর্ত্তা গৃহীতা॥ ১৩॥

দেখ! প্রজাপালনই রাজার পরমধর্ম্ম; কারণ প্রজাপাল পরলোকে প্রজাগণের অনুষ্ঠিত পুণ্যের ষষ্টাংশ ফল ভোগ করিয়া থাকেন। আর যাঁহারা কেবল নামে নরপতি হইয়া, প্রজাগণের নিকট হইতে কর মাত্রই গ্রহণ করেন, তাহাদের রক্ষার প্রতি যত্ন করেন না, তিনি প্রজাগণের কৃত পাপই ভোগ করেন, অথচ প্রজাগণ তৎকৃত পুণ্য লইয়া পরলোকে গমন করে॥ ১৩॥

আভাস।

পদার্থের সংযোগে সুখ এবং প্রতিকূলের মিলনে দুঃখ অপরিহার্য্য। অতএব যদবধি দেহ ও ইন্দ্রিয় আছে এবং বিষয়ের সহিত তাহাদের সম্বন্ধ ঘটে, তদবধি সুখ ও দুঃখের হস্ত হইতে অব্যাহতি পাইবার কোন প্রত্যাশা নাই। ধীর মনীষিগণ তাদৃশ সুখদুঃখের জন্য কুণ্ঠিত বা উদ্বেল্লিত হন না; কারণ তাহারা যখন উপস্থিত হইয়াছে, তখন পরক্ষণেই চলিয়া যাইবে। ক্ষণকালের জন্য সহ্যমাত্র করাই তাদৃশ দুঃখনিবারণের উত্তম ঔষধি। অতএব তুমিও ইন্দ্রিয়গণকে স্ববশে আনয়ন করত, কেবল জগতের উপকারের জন্য যত্ন কর। দেখ! তুমি যাহাতে লোকরক্ষণে সমর্থ হও, তজ্জন্য আমি তোমার বল, বিক্রম, সামর্থ্য এবং অমাত্যাদি বন্ধুবর্গ ও রাজকোষ প্রভৃতি সমস্তই দিয়াছি। ভগবানের দ্রব্য ও সাহায্য প্রাপ্ত হইয়া, তাঁহার কার্য্য সাধনে কোন্ ব্যক্তি না অগ্রসর হয়?॥ ১২॥

দ্বিতীয়ত ইহা কেবল ঈশ্বরের সৃষ্টিকার্য্যের উৎকর্ষ সাধনে তোমার আনুকূল্য করা হইল, তাহা নহে; ইহাতে তোমার নিজেরও বিশেষ ইষ্ট ও প্রয়োজন আছে। আমি এই পরম্পরের

এবং দ্বিজাগ্র্যানুমতানুবৃত্ত ধর্ম্মপ্রধানোঽন্যতমোঽবিতাস্যাঃ।
হ্রস্বেন কালেন গৃহোপযাতান্ দ্রষ্টাসি সিদ্ধানমুরক্তলোকঃ॥ ১৪॥

অন্বয়ঃ।

এবং সতি দ্বিজাগ্র্যানুমতানুবৃত্তঃ (দ্বিজাগ্র্যাণাং বেদবাদিনাং, অনুমতঃ সম্মতঃ অনুবৃত্তঃ চ) ধর্ম্মপ্রধানোঽন্যতমঃ (ধর্ম্মঃ প্রধানঃ মুখ্যঃ যাভ্যাং অন্যতমাভ্যাং অর্থকামাভ্যাং তৌ তাদৃশৌ অর্থকামৌ যস্য সঃ) অনুরক্তলোকঃ (অনুরক্তঃ লোকঃ যস্য সঃ) অস্যাঃ পৃথিব্যাঃ, অবিতা রক্ষকঃ, চ সন্ হ্রস্বেন অল্পেন, কালেন গৃহোপযাতান্ স্বগৃহে প্রাপ্তান্, সনৎকুমারাদীন্, সিদ্ধান্ দ্রষ্টাসি দ্রক্ষ্যসি॥ ১৪॥

এবঞ্চ মোক্ষোঽপ্যনায়াসেন ভবিষ্যতীত্যাহ। দ্বিজাগ্র্যাণামনুমতশ্চাসৌ অনুবৃত্তশ্চ পরম্পরাপ্রাপ্তো যো ধর্ম্ম সএব প্রধানং অর্থকামৌ তু প্রাসঙ্গিকৌ যস্য। অন্যতমঃ অতিশয়েনান্যঃ ধর্ম্মাদিষনাসক্ত ইত্যর্থঃ। ধর্ম্মপ্রধানান্যতম ইতি পাঠে ধর্ম্মপ্রধানাবন্যতমাবর্থকামৌ যস্য ইত্যর্থঃ। অস্যাঃ পৃথিব্যা অবিতা সন্ অল্পেন কালেন গৃহাগতান্ সনকাদীন্ দ্রক্ষ্যসি। অনুরক্তো লোকো যস্মিন্ সঃ॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিজাগ্রৈঃ শাস্ত্রাভিজ্ঞৈ বিপ্রৈরনুমতোঽথচানুবৃত্তঃ পরম্পরাপ্রাপ্তো ধর্ম্মএব প্রধানং যস্য সঃ। অন্যতম স্তত্রানাসক্ত ঐকপদ্যপাঠে কর্ম্মধারয় অস্যাঃ পৃথিব্যাঃ॥ ১৪॥

অতএব বেদবিদ্ ব্রাহ্মণগণের অনুমত্যনুসারে অগ্রসর হইয়া, অর্থ ও কাম-পূরণের চিন্তা এক ধর্ম্মের উপরই নিক্ষেপ করত, লোকরঞ্জন দ্বারা এই অবনীর পালনে যত্নবান্ হও! অতি অল্পকালের মধ্যে সনৎকুমারাদি সিদ্ধ পুরুষগণকে তোমার নিজের গৃহেই প্রাপ্ত হইবে এবং তাঁহাদের উপদেশে ব্রহ্মজ্ঞান লাভ করত, কৃতার্থ হইবে; সন্দেহ নাই॥ ১৪॥

অভ্যাস।

উপকার ও প্রত্যুপকারের সাধনরূপ শ্রেষ্ঠ নিয়মের সংরক্ষণে সৃষ্টিকার্য্য সমাধা করিতেছি। নরপতি প্রজাবর্গের প্রতিপালন করিয়া, কেবল যে তাহার প্রত্যুপকারে কর মাত্র গ্রহণ করেন, তাহা নহে। তিনি প্রজাগণের পুণ্যকর্ম্মের ষষ্ঠভাগ লাভ করত, অতুল স্বর্গভোগ করিয়া থাকেন। কিন্তু যে নরপতি প্রজাগণের রক্ষণের প্রতি দৃষ্টি না করিয়া, কেবল কর মাত্র গ্রহণ করিয়া পরাক্রমের পরিচয় দেন, তিনি অন্তে কেবল পাপ ভোগ করেন, সন্দেহ নাই। কারণ রাজার ঔদাসীন্যে প্রজাগণ ধর্ম্মানুষ্ঠানে সমর্থ হয় না; সুতরাং পাপেই লিপ্ত হইয়া পড়ে। অতএব রাজার অপরাধে প্রজার পাপ জন্মে; সুতরাং প্রজাগণ করদানের সঙ্গে সঙ্গে নিজকৃত পাপও রাজাকে প্রদান করত, রাজার পুণ্যাংশ লইয়া স্বর্গে গমন করে; এবং প্রজাপালনে পরাঙ্মুখ রাজা পুণ্যহীন হইয়া, প্রজাপ্রদত্ত পাপরাশীতেই নিমজ্জিত হইয়া পড়েন॥ ১৩॥

বরঞ্চ মৎকঞ্চন মানবেন্দ্র বৃণীষ্ব তেঽহং গুণশীলযন্ত্রিতঃ।
নাহং মখৈর্বৈ সুলভস্তপোভির্যোগেন বা যৎ সমচিত্তবর্ত্তী ॥

মৈত্রেয় উবাচ ॥

স ইত্থং লোকগুরুণা বিষ্বক্সেনেন বিশ্বজিৎ।

অন্বয়ঃ।

হে মানবেন্দ্র! যৎ যস্মাৎ সমচিত্তবর্ত্তী (সমং সুখ দুঃখাদিষু বৈষম্যরহিতং চিত্তং যেষাং তেষু এব বর্ত্তিতুং শীলং যস্য সঃ) অহং (অজিতান্তঃকরণানাং) মখৈঃ যজ্ঞাদিভিঃ, তপোভিঃ আহারাদিনিয়মনপূর্ব্বকযতিধর্ম্মৈঃ, বা যোগেন যমাদিভিঃ বৈ ন সুলভঃ প্রসন্নঃ ন ভবামি; কিন্তু তে তব গুণশীলযন্ত্রিতঃ (গুণাঃ শমদমাদয়ঃ শীলং নির্বৈরম্যাদিস্বভাবঃ তৈঃ যন্ত্রিতঃ বশীকৃতঃ প্রসন্নঃ অহং) অতঃ হে মানবেন্দ্র! মৎ মত্তঃ, ত্বং কঞ্চন যথেষ্টং বরং বৃণীষ্ব গৃহাণ ॥

মৈত্রেয়ঃ উবাচ। সঃ বিশ্বজিৎ পৃথুঃ, লোকগুরুণা ব্রহ্মাদিসর্ব্বলোকপূজ্যেন বিষ্বক্সেনেন

শ্রীধরস্বামী।

মৎ মত্তঃ সকাশাৎ কঞ্চিৎ বরং বৃণীস্ব। গুণাঃ শমাদয়ঃ শীলং নির্ম্মৎসরত্বাদিস্বভাবঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্যনুকম্পাবিগতগাম্ভীর্য্য আহ। বরঞ্চেতি। গুণশীলাভ্যাং যন্ত্রিতো বশীকৃতঃ প্রাকৃতাভ্যাং তাভ্যাং বশীকারাসম্ভবাদপ্রাকৃতে ভক্তমুখে এব জ্ঞেয়ে গুণো দয়াক্ষমাদিঃ।

হে নরেন্দ্র! যে সকল সাধু সদাশয় ব্যক্তি সুখ এবং দুঃখকে সমান জ্ঞান করত কিছুতেই হৃষ্ট বা দুঃখিত হন না, আমি তাঁহাদের হৃদয়-মন্দিরেই নিয়ত বাস করিয়া থাকি। যাহারা ইন্দ্রিয়গ্রাম ও অন্তঃকরণকে বশীভূত করিতে পারেন নাই, আমি তাহাদের যজ্ঞ, তপস্যা বা প্রাণায়ামাদি যোগের অনুষ্ঠানে কখন তুষ্ট হই না; কিন্তু তোমার শমাদি গুণগ্রামে এবং সর্ব্বত্র সমদৃগ্‌দর্শনের আচরণে বিশেষ পরিতৃপ্ত হইয়াছি। অতএব তুমি অভিলষিত বর আমার নিকট প্রার্থনা কর। ।।

মৈত্রেয় বলিলেন, বিশ্বজিৎ রাজরাজ পৃথু ব্রহ্মাদি লোকপালগণেরও

আভাস।

ধর্ম্মানুষ্ঠান এবং প্রজাপালন-কার্য্যে ব্রাহ্মণগণই তোমার পথপ্রদর্শক হইবেন। তাঁহারা নিঃস্বার্থ; তাঁহাদের উপদেশ অনুসারে কার্য্য করিলে, কখন অমঙ্গলের সম্ভাবনা নাই। শাস্ত্রাচারপরায়ণ ধার্ম্মিক জ্ঞাননিষ্ঠ ব্রাহ্মণগণ জগতের উপকারার্থই বিচরণ করেন। তুমি আপনাকে সতত পবিত্র ও সাধু উদ্যোগে ব্রতী করিতে পারিলে, ব্রাহ্মণকে অন্বেষণ করিতে হইবে না; জল যেমন নিম্নস্থানেই গমন করে, সেইরূপ বেদার্থ-পারদর্শী বিপ্রগণ তোমার ন্যায় উপযুক্ত পাত্রের গৃহে আপনারাই আগমন করিবেন ॥ ১৪ ॥

অনুশাসিত আদেশং শিরসা জগৃহে হরেঃ ॥ ১৫ ॥
স্পৃশন্তং পাদয়োঃ প্রেম্না ব্রীড়িতং স্বেন কর্ম্মণা।
শতক্রতুং পরিষ্বজ্য বিদ্বেষং বিসসর্জ্জ হ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

(বিষক্ সর্ব্বেষু লোকেষু সেনা আজ্ঞা যস্য তেন) ইত্থং অনুশাসিতঃ অনুশিক্ষিতঃ সন্ তস্য হরেঃ আদেশং শিরসা জগৃহে বহুমানেনাঙ্গীচকার ॥ ১৫ ॥

তথা স্বেন কর্ম্মণা অশ্বাপহরণেন, ব্রীড়িতং লজ্জিতং (ক্ষমাপয়িতুং) পাদয়োঃ স্পৃশন্তং শতক্রতুং ইন্দ্রং, প্রেম্না পরিষ্বজ্য হ নিরবশেষং বিদ্বেষং বিসসর্জ্জ ত্যক্তবান্ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

তৈরহং যন্ত্রিতঃ বশীকৃতঃ তদ্রহিতৈস্তু মখাদিভির্নাহং সুলভঃ যতঃ সমং চিত্তং যেষাং তেষ্বেব বর্ত্তিতুং শীলং যস্য সোহহং ॥ ১৫ ॥

ক্ষমাপয়িতুং পাদয়োঃ স্পৃশন্তং স্বেন কর্ম্মণা অশ্বাপহরণেন ব্রীড়িতং প্রেম্না পরিষ্বজ্য ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শীলং বিনয়স্নেহাদিময়ঃ স্বভাবঃ। নাহমিতি ন রোধয়তি মাং যোগ ইত্যাদেঃ যদ্যস্মাৎ সমং তুল্যমেব সর্ব্বেষাং চিত্তবর্ত্তী চিত্তাধিষ্ঠাতা সর্ব্বত্রোদাসীন এব নতু কস্যাপি বশ ইত্যর্থঃ ॥ ১৫॥

স্বেনাশ্বাপহরণেন ॥ ১৬ ॥

পরমগুরু সর্ব্বেশ্বর নারায়ণকর্ত্তৃক এই প্রকারে উপদিষ্ট হইয়া, তাঁহার আজ্ঞাকে শিরোধার্য্য করিলেন ॥ ১৫ ॥

তখন ত্রিদিবেশ্বর ইন্দ্র নিজকৃত অশ্বহরণরূপ কুৎসিত ব্যবহারে লজ্জিত হইয়া, ক্ষমাপ্রার্থনায় পৃথুর পদতলে নিপতিত হইলেন; পৃথুও অতি প্রেমের সহিত ইন্দ্রকে আলিঙ্গন করত, পূর্ব্বকৃত যাবতীয় বিদ্বেষ বিসর্জ্জন করিলেন ॥ ১৬ ॥

পৃথু উত্তরোত্তর পরিবর্দ্ধমানা ভক্তিসহকারে বিবিধ পূজার সামগ্রী আনয়ন পূর্ব্বক, ভগবানের চরণে সমর্পণ করিলেন এবং প্রেমের পুলকে তাঁহার চরণ

আভাস।

মান। ব্রাহ্মণের কথা দূরে থাকুক, জগজ্জীবন আমিই তোমার সদ্গুণে আকৃষ্ট হইয়া এখানে আগমন করিয়াছি। দেখ! তোমার সৌশীল্যাদিগুণে আমি যেন বশীভূতের ন্যায় হইয়াছি। আমি সর্ব্বহৃদয়েই বিরাজ করি বটে, কিন্তু কোথাও লিপ্ত নহি; কিন্তু তোমার অকপট আচরণ আমাকেও যেন বন্ধন করিয়াছে। আমি কপটী কর্ম্মী, তপস্বী বা যোগীরও লভ্য নহি; কেবল সারল্যের এবং ভক্তির অধীন, জানিবে! এই প্রকার ভগবদ্বাক্য শ্রবণ করিয়া, মহারাজ পৃথু ইন্দ্রের সহিত অকপট সখ্যতা স্থাপন করিলেন ॥ ১৫ ॥ ১৬ ॥

ভগবানপি বিশ্বাত্মা পৃথুনোপহৃতাৰ্হণঃ।
সমুজ্জিহানয়া ভক্ত্যা গৃহীতচরণাম্বুজঃ॥
প্রস্থানাভিমুখোঽপ্যেনমনুগ্রহবিলম্বিতঃ।
পশ্যন্ পদ্মপলাশাক্ষো ন প্রতস্থে সুহৃৎ সতাং॥ ১৭॥
স আদিরাজো রচিতাঞ্জলি র্হরিং বিলোকিতুং নাশকদশ্রুলোচনঃ।
ন কিঞ্চনোবাচ চ বাষ্পবিক্লবো হৃদোপগুহ্যামুমধাদবস্থিতঃ॥ ১৮॥

অন্বয়ঃ।

পৃথুনা সমুজ্জিহানয়া প্রতীক্ষণং বৰ্দ্ধমানয়া ভক্ত্যা উপহৃতাৰ্হণঃ (উপহৃতং অৰ্পিতং অর্হণং যস্মৈ সঃ) গৃহীতচরণাম্বুজঃ (গৃহীতে চরণাম্বুজে যস্য সঃ) সতাং সুহৃৎ পদ্মপলাশাক্ষঃ (পদ্মপলাশবৎ শোভনে অক্ষিণী যস্য সঃ) বিশ্বাত্মা (বিশ্বং সর্ব্বং অপি জগৎ আত্মা যস্য সঃ) ভগবান্ অপি প্রস্থানাভিমুখঃ গমনায় উদ্যতোঽপি এনং পৃথুং, পশ্যন্ অনুগ্রহবিলম্বিতঃ (অনুগ্রহেন কৃতবিলম্বঃ সন্) ন প্রতস্থে প্রয়াণং ন কৃতবান্॥ ১৭॥

প্রেম্ণা অশ্রুলোচনঃ (অশ্রূণি লোচনয়োঃ যস্য সঃ) সঃ আদিরাজঃ পৃথুঃ হরিং বিলোকয়িতুং ন শশাক। তথা বাষ্পবিক্লবঃ (বাষ্পেনে বিক্লবঃ রুদ্ধঃ কণ্ঠঃ যস্য সঃ) এব তং কিঞ্চন ন উবাচ অপিতু অমুং হরিং, হৃদা উপগুহ্য সংশ্লিষ্য, তত্র রচিতাঞ্জলিঃ (রচিতঃ অঞ্জলি র্যেন তথা) স্থিতঃ এব অধাৎ ধৃতবান্॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ভগবান্ প্রস্থানাভিমুখোঽপি অনুগ্রহেণ বিলম্বিতঃ সন্ন প্রতস্থে প্রয়াণং ন কৃতবানিতি দ্বয়োরন্বয়ঃ। কথম্ভূত উপহৃতমৰ্পিতমৰ্হণং যস্মৈ। সমুজ্জিহানয়া সমুদ্গচ্ছন্ত্যা বৰ্দ্ধমানয়া ভক্ত্যা গৃহীতে চরণাম্বুজে যস্য। পদ্মপলাশবদক্ষিণী যস্য তথাভূতঃ সন্ এনং পৃথুং পশ্যন্॥ ১৭॥

ভগবত স্তৎকৃপাতিরেকমুক্ত্বা তস্য ভক্ত্যুদ্রেকমাহ স ইতি দ্বাভ্যাং বাষ্পবিক্লবত্বেন তুষ্ণীমবস্থিতঃ সন্ অমুং হরিং হৃদোপগুহ্যাধাৎ ধৃতবান্॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমুজ্জিহানয়া সম্যগুদয়ন্ত্যা প্রতিক্ষণং বৰ্দ্ধমানয়েত্যর্থঃ। এনং পৃথুং॥ ১৭॥

ভগবতঃ কৃপাতিরেকমুক্ত্বা তস্য পৃথো র্ভক্ত্যতিশয়মাহ স ইতি॥ ১৮॥

ধারণ করিলেন। এদিকে পদ্মপলাশলোচন সর্ব্বান্তর্যামী ভূতভাবন ভগবান্ তথা হইতে প্রস্থানে উদ্যত হইয়া, যখন পৃথুর মুখপানে অবলোকন করিলেন, তখন তাঁহার হৃদয়ে এতই অনুগ্রহ-রসের উৎপাদন হইল যে, আর তৎক্ষণাৎ তথা হইতে অন্যত্র গমন করিতে পারিলেন না; অনেকক্ষণ সেইস্থানেই অবস্থিত রহিলেন॥ ১৭॥

পৃথুর লোচনদ্বয় আনন্দাশ্রুতে এতই পরিপূর্ণ হইয়া গেল যে, তিনি আর ভগবানের প্রতি অবলোকন করিতেও পারিলেন না। বাষ্পবারিতে কণ্ঠ

অথাবমৃজ্যাশ্রুকলা বিলোকয়ন্নতৃপ্তদৃগ্ গোচরমাহ পুরুষং।
পদা স্পৃশন্তং ক্ষিতিমংস উন্নতে বিন্যস্তহস্তাগ্রমুরঙ্গবিদ্বিষঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

অথ অনন্তরং, অশ্রুকলাঃ অশ্রুবিন্দূন, অবমৃজ্য বিশোধ্য, পদা ক্ষিতিং স্পৃশন্তং উরঙ্গবিদ্বিষঃ (উরঙ্গাণাং সর্পাণাং বিদ্বিষঃ গরুড়স্য) উন্নতে অংসে স্কন্ধে, বিন্যস্তহস্তাগ্রং বিন্যস্তং হস্তাগ্রং যেন তং) অতৃপ্তদৃগ্ গোচরং (অতৃপ্তয়োঃ দৃশোঃ গোচরং বিষয়ভূতং) পুরুষং বিলোকয়ন্ আহ॥ ১৯

শ্রীধরস্বামী।

অতৃপ্তয়োর্দৃশো গোচরং বিষয়ভূতং। পদা ক্ষিতিং স্পৃশন্তমিত্যয়ং ভাবঃ। ন খলু দেবাঃ পদা ভুবং স্পৃশন্তি অতঃ কৃপাপরবশো হরিঃ নূনমাত্মানং বিস্মৃতবানিতি অতএব স্খলনপরিহারায়ৈব গরুড়স্যোন্নতে স্কন্ধে বিন্যস্তং হস্তাগ্রং যেন তং॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতৃপ্তয়োর্দৃশো র্গোচরং বিষয়ভূতং। পদা ক্ষিতিং স্পৃশন্তমিত্যত্র ভাবঃ শ্রীস্বামিচরণৈর্ব্যাখ্যাতো যথা ন খলু দেবাঃ পদা স্পৃশন্তি ভুবং অতঃ কৃপাপরবশো হরির্নমাত্মানং বিস্মৃতবানিব। অতএব স্খলনপরিহারায় গরুড়স্যোন্নতে স্কন্ধে বিন্যস্তং হস্তাগ্রং যেন তমিতি॥ ১৯॥

অবরুদ্ধ হইয়া গেল, সুতরাং বাঙ্নিষ্পাততে অসমর্থ হইয়া, ভগবদ্রূপ হৃদয়মন্দিরে গাঢ় আলিঙ্গন করত বদ্ধাঞ্জলি হইয়াই অবস্থিত রহিলেন॥ ১৮॥

ক্ষণকালের পর নয়নের অশ্রুবারি নিবারণ করত সম্মুখে দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক দেখিলেন যে, ভগবান্ গরুড়ের উন্নত স্কন্ধে হস্ত বিন্যস্ত করিয়া, পৃথুর অতৃপ্ত দৃষ্টির চরিতার্থতা-সাধনের জন্যই যেন ভূপৃষ্ঠে চরণধারণপূর্ব্বক দণ্ডায়মান রহিয়াছেন। পৃথু সেই মহাপুরুষকে অবলোকন করিয়া বলিলেন॥ ১৯॥

আভাস।

পৃথুর ভক্তিতে ভগবান্ যে কিরূপ অনুগ্রহ করিয়াছিলেন, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। ভক্তের ভাবে ভগবানের অবস্থারও পরিবর্ত্তন ঘটে। দেবতাগণ কখন ভূমিস্পর্শ করেন না; কিন্তু ভগবান্ ভক্তের অনুরোধে আত্মহারা হইয়া, সেই চিরপ্রসিদ্ধ নিয়মও উল্লঙ্ঘন করিলেন। তিনি ভূমিস্পর্শ না করিয়া, আর যেন দণ্ডায়মান হইতে পারেন নাই; এবং তাহাতেও পাছে বিবশেন্দ্রিয়ের ন্যায়, পদস্খলিত হইয়া ভূমিতে পড়েন, এই জন্যই যেন গরুড়ের স্কন্ধদেশ ধারণে দণ্ডায়মান ছিলেন; এইরূপ টীকাকারগণ ব্যাখ্যা করিয়াছেন॥ ১৯॥

বরপ্রদানার্থ ভগবান্ অনুরোধ করিলে, পৃথু বলিলেন, হে জীবনবল্লভ! আপনি যখন এই জন্মমরণরূপ বিষম সংসারস্রোত হইতে জীবের অব্যাহতি করিতে সমর্থ, তখন [illegible] বুদ্ধিমান্ ব্যক্তি আবার ভোগার্থ আপনার নিকট বরগ্রহণ করিতে ইচ্ছুক হইবে? গুণের বিক্রিয়ারূপ ভয়ানক অহঙ্কার এই জনগণকে ভীষণ সংসার-সাগরে আকর্ষণ করিতেছে। এক্ষণে যদি

পৃথুরুবাচ ।।

বরান্ বিভো ত্বদ্বরদেশ্বরাদ্বুধঃ কথং বৃণীতে গুণবিক্রিয়াত্মনাং।
যে নারকানামপি সন্তি দেহিনাং তানীশ কৈবল্যপতে বৃণে নচ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

হে বিভো কৈবল্যপতে! ত্বং ত্বত্তঃ বরদেশ্বরাৎ (বরদানাং ব্রহ্মাদীনাং অপি ঈশ্বরাৎ) বুধঃ কথং বরান বৃণীতে (ন বৃণীতে ইত্যর্থঃ) যতঃ গুণবিক্রিয়াত্মনাং (গুণৈঃ গুণকার্য্যৈঃ বিক্রিয়াত্মনাং বিষয়াবিষ্টচিত্তানাং) নারকাণাং শূকরাদিনারকীং যোনিমাপন্নানাং, অপি দেহিনাং প্রাণিনাং যে বিষয়াঃ সন্তি; অতঃ হে ঈশ! অহং তান্ ন বৃণে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

বরং বৃণীষ্বেতি যদুক্তং তদসহমান আহ হে বিভো বরদানাং ব্রহ্মাদীনাং ঈশ্বরাৎ বরপ্রদাৎ ত্বৎ ত্বত্তঃ, সকাশাৎ বুধঃ কথং বরান বৃণীতে কীদৃশান্ গুণৈ বিক্রিয়ত ইতি গুণবিক্রিয়োহহঙ্কারঃ সএব আত্মা যেষাং তেষাং ব্রহ্মাদীনাং সম্বন্ধিনঃ দেহাভিমানিনাং ভোগ্যানিতি বা তথাচেদ্বুধ এব ন ভবতীত্যর্থঃ জুগুপ্সিতত্বাদিত্যাহ য ইতি। বুধ এবাহমপি ন বৃণে ইতি সমুচ্চয়ায় চকারঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বরং বৃণীষ্বেত্যস্যোত্তরমাহ বরান বুধঃ কথং বৃণীতে কিন্ত্ববুধ এবেত্যর্থঃ। তত্রাপি গুণৈ বিক্রিয়া বিকারো যস্য তথাভূত আত্মা মনো যেষাং কর্ম্মিণাং সম্বন্ধিনঃ স্বর্গাদীনত্যর্থঃ। কৈবল্যপতে ইতি কৈবল্যকামোহপি যান্ ন বৃণীতে তানহং কৈবল্যনামাপ্যসহিষ্ণুঃ কথং বৃণে ইতি ভাবঃ ॥ ২০ ॥

হে মুক্তিদাতা প্রভো পরমেশ্বর! আপনি সর্ব্ববরদাতা ব্রহ্মাদিরও ঈশ্বর! তখন আপনাকে পাইয়া কোন্ বিজ্ঞ ব্যক্তি অকিঞ্চিৎকর বরগ্রহণে পুনরায় অগ্রসর হয়? বিষয়াবিষ্টচিত্ত দেহিগণ অতি নিকৃষ্ট শূকরাদি যোনিতেও প্রচুর বিষয়রস ভোগ করিয়া থাকে! হে জগৎগুরো! আমি আর তাদৃশ বিষয়-সম্ভোগের বর আপনার নিকট প্রার্থনা করি না! ।। ২০ ।।

আভাস।

কোন উপায়ে আপনার সন্দর্শন লাভে, সেই অহঙ্কারকে নিরস্ত করা যায়, তবে আর অনর্থক নূতন আয়োজনের প্রয়োজন কি? ভোগ সকল দেহেই আছে। শূকরাদি নরক-যোনিতেও বিষ্ঠাভোজনে বিশেষ তৃপ্তি হইয়া থাকে ॥ ২০ ॥

পৃথু পূর্ব্বশ্লোকে ভগবানকে "কৈবল্যপতে" বলিয়া সম্বোধন করায়, পাছে তাঁহার কোন প্রকারে কৈবল্যপদ প্রাপ্তির প্রার্থনাই প্রকাশ হইয়া থাকে, এই আশঙ্কায় পৃথু বলিলেন, হে জগৎপতে! আমি আপনার নিকট কৈবল্য প্রার্থনা করি নাই! যাহারা তাহার প্রার্থী, আপনি তাহাদিগকে তাহা প্রদান করুন! আমি নিতান্ত বিপদ্সাগরে নিপতিত হইলেও

ন কাময়ে নাথ তদপ্যহং কচিন্ন যত্র যুষ্মচ্চরণাম্বুজাসবঃ।

অন্বয়ঃ।

হে নাথ! অহং তৎ বিদেহকৈবল্যং অপি ক্বচিৎ কদাচিৎ, ন কাময়ে যত্র মহত্তমান্তর্হৃদয়াৎ (মহত্তমানাং যুষ্মদ্ভক্তানাং অন্তর্হৃদয়াৎ মুখচ্যুতঃ মুখদ্বারা চ্যুতঃ নির্গতঃ) যুষ্মচ্চরণাম্বুজাসবঃ

শ্রীধরস্বামী।

কৈবল্যপত ইতি সম্বোধনাৎ কৈবল্যং বরিষ্যতীতি মাশঙ্কীত্যাহ নেতি ...মহত্তমানামন্তর্হৃদয়ান্মুখদ্বারা নির্গতো ভবৎপদাম্ভোজমকরন্দো যশঃ শ্রবণাদিসুখং যত্র নাস্তি তাদৃশং চেৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিম্বা কৈবল্যপতে ইতি সম্বোধনাৎ কৈবল্যং বরিষ্যতীতি মাশঙ্কিষ্ঠাঃ কিন্তু কৈবল্যমপি যেভ্য এব রোচতে তেভ্য এব ...দীয়তামিত্যভিপ্রায়েণৈব ত ময়া তচ্ছন্দেনা...ম্বিতোঽহমীত্যাহ। নেতি বরঞ্চ মৎকঞ্চন বৃণুষ্বেতি যদুক্তং তত্র সামান্যতো বরানহং নৈব কাময়ে বিশেষতোঽপি কঞ্চন বরং কৈবল্যং তদপি ক্বচিৎ কদাচিদতিদুঃখদশায়ামপি ন কাময়ে কুতঃ যত্র কৈবল্যে যুষ্মচ্চরণাম্বুজস্য আসবো মকরন্দ স্তদীয়গুণকথামাধুর্য্যভাবো নাস্তি কীদৃশঃ মহত্তমানামন্তর্হৃদয়াৎ মুখদ্বারাচ্যুতঃ অন্তর্হৃদয়েনাস্বাদ্যানন্দোদ্রেকাৎ কীর্ত্ত্যমান ইত্যর্থঃ। শুকমুখাদমৃত দ্রবসংযুতমিতিবন্মহদাস্বাদ্যত্বে সতি তস্যাতিমাধুর্য্যমুদয়তে ইতি ভাবঃ। মধুরমপি জলং ক্ষারভূমিপ্রবিষ্টং যথা বিরসী ভবতি তথৈবাবৈষ্ণবমুখনির্গতো ভগবদ্গুণোঽপি নাতিরোচক ইতি ব্যতিরেকশ্চ গম্যঃ। তর্হি কিং কাময়সেত্যত্রাহ বিধৎস্বেতি মহতাং গুণকথানাকান্ত্যাং যত্র যত্র যৈ র্যৈ র্যা যা গুণকথাঃ কীর্ত্ত্যমানাঃ স্যু স্তাসামেকামপি কথামহং ত্যক্তুং ন-

হে নাথ! অকিঞ্চিৎকর ভোগের কথা দূরে থাকুক, যে বিদেহকৈবল্যে ভবদীয় ভক্তগণের হৃদয়গুহা হইতে প্রবাহিত ও মুখকমল হইতে বিনিঃসৃত আপনার লীলারস বিনির্গত হয় না, সে মুক্তি পর্য্যন্ত আমার অগ্রাহ্য বলিয়া

আভাস।

কোন সামান্য বা শ্রেষ্ঠ বর অথবা কৈবল্যও প্রার্থনা করি না! কারণ, যে কোন সামান্য বর প্রার্থনা করিব, কালক্রমে তাহার ক্ষয় হইবে; সুতরাং আপাতত মনোরম হইলেও পরিণামে বিষতুল্যও সম্পূর্ণ অনুপাদেয় বিবেচনায় তাহাকে উপেক্ষা করাই বিধেয়। কৈবল্যেও ভবদীয় লীলাকাণ্ডের কোন সংস্রব নাই। মহদ্ব্যক্তিগণের হৃদয়সরোবর হইতে প্রসৃত হইয়া, তাঁহাদের মুখপদ্ম বিনিঃসৃত আপনার পবিত্র গুণগাথা শ্রবণে জীবন যেমন পরিতৃপ্ত হয়, মুক্তিলাভে সেরূপ তৃপ্তিলাভের সম্ভাবনা নাই। অহো! ব্যক্তিবিশেষের মুখ হইতে নিঃসৃত, আপনার লীলাকথার মধুর্য্য যে কি অনুপম, তাহা বর্ণনাতীত! অভক্তের মুখে তাহা বিরস হইয়া যায়। যেমন সুমিষ্ট জল ক্ষারভূমিতে প্রবিষ্ট হইলে, সেই ক্ষারভাবেরই পরিচয় দেয়, সেইরূপ অভক্তের মুখে ভবদীয় লীলামাধুর্য্য তাদৃশ শান্তিপ্রদ ও রুচিকর হয় না। হে প্রভো! আপনার যশঃ শ্রবণে আমার কর্ণকে এরূপ সামর্থ্য প্রদান করুন! যেন আমার এক কর্ণে

মহত্তমান্তর্হৃদয়ান্মুখচ্যুতো বিধৎস্ব কর্ণাযুতমেষ মে বরঃ ॥ ২১ ॥
স উত্তমঃশ্লোকমহন্মুখচ্যুতো ভবৎপদাম্ভোজসুধাকণানিলঃ।

অন্বয়ঃ।

কথারসঃ, ন অস্তি। হে নাথ! কর্ণাযুতং (কর্ণানাং অযুতং বিধৎস্ব! এষঃ মে বরঃ প্রার্থনীয়ঃ ॥ ২১ ॥

হে উত্তমশ্লোক! মহন্মুখচ্যুতঃ (মহতাং সারগ্রাহিণাং ভক্তানাং মুখাৎ চ্যুতঃ নিঃসৃতঃ) ভবৎপদাম্ভোজসুধাকণানিলঃ (ভবৎপদাম্ভোজসুধায়াঃ কণা লেশঃ তৎসম্বন্ধী যঃ অনিলঃ)

শ্রীধরস্বামী।

কৈবল্যং তর্হি তৎ ক্বচিৎ কদাচিদপি ন কাময়ে। তর্হি কিং কাময়সে তদাহ। যশঃশ্রবণায় কর্ণানামযুতং বিধৎস্ব। নন্বু কোঽপ্যেবং ন বৃতবান্ কিমপ্যত্যচ্চিন্তয়েত্যাহ মম ত্বেষ এব বর ইতি ॥ ২১ ॥

নন্বু তর্হি কৈবল্যাভাবে রাগদ্বেষাদ্যাকুলানাং ভক্তিসুখমপি ন স্যাদিত্যাশঙ্ক্যাহ স ইতি ভবৎপদাম্ভোজসুধায়াঃ কণা লেশঃ তৎসম্বন্ধী যোঽনিলঃ সএব দূরাদপি কিঞ্চিদ্‌যশঃ শ্রবণ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্নোমীত্যতিলোভাৎ কর্ণানন্ত্যস্পৃহা তেন কৈবল্যকামা যেভ্যঃ শ্রোত্রাদীন্দ্রিয়েভ্যো প্রিয়েভ্যো দ্রুহ্যন্তি তান্যেবাহং কাময়ে ইতি দ্যোতিতং। নন্বু কোঽপ্যেবং ন বৃণীতে সত্যং মম ত্বেষএব বরো নান্য ইতি ॥ ২১ ॥

নন্বু মহাতত্ত্বজ্ঞৈরপি দুর্লভং কৈবল্যমপি কুতো নেচ্ছসীতি তত্র ব্যাজস্তুতিমাশ্রিত্যাহ স ইতি ভগবৎপদাম্ভোজসুধায়াঃ কণো লেশ স্তৎসম্বন্ধী তাবদনিলোঽপি কিমুত তৎকণঃ। কিমুততরাং সা সুধা। তদ্‌গুণকথালেশপ্রসঙ্গোঽপীত্যর্থঃ স্মৃতিং ত্বচ্চরণস্মরণং বিতরন্তি অতএব বিস্মৃততত্ত্বমার্গাণামিতি তয়োপদিষ্টং যন্নবধা বৈলক্ষণ্যসালক্ষণ্যাভ্যাং পরমাত্মজীবাত্ম-

প্রতীত হইতেছে। আপনি আমার কর্ণযুগলে দশ সহস্র শ্রবণের সামর্থ্য প্রদান করুন্! যেন ভবদীয় বার্ত্তা শ্রবণে চরিতার্থ হইতে পারি! আপনার চরণে এই আমার চরম ভিক্ষা জানিবেন ॥ ২১ ॥

হে উত্তমশ্লোক! সারগ্রাহী ভবদীয় ভক্তগণের মুখারবিন্দ বিনিঃসৃত ভবদীয় চরণপদ্মের সুধাসদৃশ পরাগে পবিত্রীকৃত সমীরণের কোমল স্পর্শে

আভাস।

অযুত কর্ণের সামর্থ্য যুগপৎ উদিত হয়! যে কোন স্থানে যে কোন লীলাকথা উপস্থিত হউক্! আমার শ্রবণেন্দ্রিয় যেন তাহার একটীও পরিত্যাগ না করে! ॥ ২১ ॥

কৈবল্যলাভের অভাবে রাগ ও দ্বেষাকুলিত চিত্তে ভক্তিসুখেরও সম্ভাবনা নাই, বলিয়া কোন সন্দেহ করা অনাবশ্যক। কারণ যাহারা বিষয়চিন্তায় ব্যাকুল হইয়া, পরমার্থতত্ত্বে

স্মৃতিং পুনর্বিস্মৃততত্ত্ববর্ত্মনাং কুযোগিনাং নো বিতরত্যলং বরৈঃ। ২২॥

অন্বয়ঃ।

বিস্মৃততত্ত্ববর্ত্মনাং (বিস্মৃতং তত্ত্বস্য সর্ব্বপুরুষার্থহেতোঃ ভবদ্ভজনস্য বর্ত্ম মার্গঃ যৈঃ তেষাং) কুযোগিনাং (কুৎসিতে বিষয়জন্যসুখে যোগঃ প্রযত্নঃ যেষাং তেষাং) পুনঃ স্মৃতিং বিতরতি সম্পাদয়তি; তস্মাৎ নঃ অস্মাকং, অপি অন্যৈঃ বরৈঃ অলং ন কিমপি প্রয়োজনং॥ ২২॥

শ্রীধরস্বামী

মাত্রমিত্যর্থঃ। বিস্মৃতং তত্ত্ববর্ত্ম যৈঃ কুযোগিভিঃ তেষামপি পুনঃ স্মৃতিং আত্মজ্ঞানং বিতরতি। অতো ন খলু ভক্তানাং রাগাদিসম্ভবঃ। অতো নোঽস্মাকং সারগ্রাহিণাং অন্যৈর্বরৈরলং। ভক্তাবেব মোক্ষাদিসর্ব্বসুখান্তর্ভাবাদিতি ভাবঃ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহতত্ত্বং তদধুনৈব ময়া বিস্মৃতমতএব কুযোগিনামিতি ব্যাজস্তুতিঃ। অস্মাকং বরৈরলং বিস্মৃততত্ত্ববর্ত্মত্বাৎ কৈবল্যেন ত্বৎকথাস্বাদৈকব্রতত্বাদ্বরান্তরৈরপ্যস্মাকং প্রয়োজনং নাস্তি। বয়ং কুযোগিনো নিকৃষ্টাঃ খল্বভ্যস্ততত্ত্ববর্ত্মনঃ সুযোগিনো ভবিতুং ন প্রভবামেতি কথং কৈবল্যায় স্পৃহয়াম ইতি কথং বা কীটবিশেষা মধুব্রতা ইব ত্বচ্চরণকমলমকরন্দাস্বাদমাত্রেণৈব পূর্ণা রাজ্যাদিসম্পত্তীঃ প্রাপ্তুং শক্নুম ইতি ভঙ্গ্যা স্বেষামেবোৎকর্ষো ধ্বনিতঃ॥ ২২॥

নিতান্ত কুযোগী, এমন কি! সর্ব্বপ্রকার পুরুষার্থপ্রাপ্তির নিদানভূত আপনার ভজনমার্গকে যাহারা সম্পূর্ণ বিস্মৃত হইয়া, কেবল বিষয়সুখের জন্যই যাহারা নিরন্তর যত্ন করিয়া থাকে, তাদৃশ জনের চিত্তেও পুনরায় পূজনের স্মৃতি উদিত হয়, তখন আমাদের আর অন্য বরের প্রয়োজন কি?॥ ২২॥

আভাস

উদাসীন হয়, ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধেও যাহাদের সন্দেহ উপস্থিত হয়, দেহমাত্রকে পরমার্থ বোধে আত্মস্বরূপের অনুসন্ধানেও বিমুখ হইয়া পড়ে, তাদৃশ অজ্ঞানান্ধ মনুষ্যও যদি ভবদীয় চরণকমলের সুধাপৃক্ত সমীরণমাত্রের সম্বন্ধ লাভ করে, তাহা হইলে তাহারাও পুনরায় আত্মস্বরূপের স্মরণে ভগবচ্চিন্তনে প্রবৃত্ত হয়। অতএব এতাদৃশ অনুপম সামর্থ্য যে লীলাগাথায় নিবিষ্ট রহিয়াছে, তাদৃশ লীলামাধুরী শ্রবণ করা ব্যতীত আমি অন্য কোন বরই প্রার্থনা করি না। ভক্তিতেই যাবতীয় সুখ অন্তর্লীন রহিয়াছে। হে দয়াময়, হে পতিতপাবন! আমাকে ভক্তি প্রদান করুন্! ইহাই পৃথুর প্রার্থনা॥ ২২॥

এক্ষণে ভগবান্ পাছে বলেন যে, ভক্তির ফলই মুক্তি; অতএব ফল ত্যাগ করিয়া, তোমার সাধনে যত্নবান্ হইবার কি প্রয়োজন? এতদুত্তরে পৃথু বলিলেন, হে মঙ্গলকীর্ত্তে! যদি কেহ অকস্মাৎ ভবদীয় যশঃ কখন শ্রবণ করিতে পায়, সে যদি প্রকৃত রসজ্ঞ হয়, তবে কখনই তাহা পরিত্যাগ করিতে পারিবে না। যদি সে পরিত্যাগ করে, তাহা হইলে সে ব্যক্তি মনুষ্যের মধ্যে প্রকৃতই পশু; নতুবা সে প্রকৃত পশুতুল্য হইলেও শ্রেষ্ঠ মানব বলিয়া পরিগণিত হয়,

যশঃ শিবং সুশ্রব আর্য্যসঙ্গমে যদৃচ্ছয়া চোপশৃণোতি তে সকৃৎ।

অন্বয়ঃ।

হে সুশ্রবঃ! (সুষ্ঠু সর্ব্বপুরুষার্থহেতুঃ শ্রবঃ যশঃ যস্য তৎসম্বোধনে যঃ কশ্চিৎ অপি) যদৃচ্ছয়া কেনাপি ভাগ্যোদয়েন, আর্য্যসঙ্গমে (আর্য্যাণাং মহতাং সঙ্গমে) সতি তে তব শিবং যশঃ সকৃৎ একবারমপি উপশৃণোতি প্রসঙ্গাদপি শৃণোতি, সঃ পশুৎ ঋতে বিনা নরাকার-

শ্রীধরস্বামী।

নন্বু ভক্তিমুক্তিফলৈব অতঃ ফলং বিহায় সাধনে ভবতঃ কোঽয়মাগ্রহ ইত্যাশঙ্ক্যাহ। হে সুশ্রবো মঙ্গলকীর্ত্তে তে শিবং যশঃ সতাং সঙ্গমে যঃ সকৃদপি যদৃচ্ছয়াপি উপশৃণোতি গুণজ্ঞ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু মৎকথাস্বাদাদপি বিরম্য যোগীন্দ্রস্পৃহণীয়ং কৈবল্যমেব গৃহাণেতি তত্রাহ যশ ইতি হে সুশ্রবঃ মঙ্গলকীর্ত্তে! তব যশঃ যদৃচ্ছয়া অযত্নতোঽকস্মাৎ প্রাপ্তমপি সকৃদপি যঃ শৃণোতি গুণজ্ঞশ্চেৎ স কথং তস্মাৎ বিরমেৎ পশুং বিনেতি যো বিরমেৎ স মনুষ্যেষু পশুঃ যো ন বিরমেৎ স পশুষ্বপি মনুষ্য ইতি ধ্বনিঃ। তচ্চাপি চিত্রবড়িশং শনকৈর্বিভুক্ত ইত্যাদ্যুক্ত-লক্ষণলক্ষিতাৎ যুষ্মদ্‌যশঃপীযূষাব্ধিরমতে যোগিনে ত্রৈবর্গিকাস্তে পুরুষা বিমুখা হরিমেধসঃ। কথায়ামিত্যাদ্যুক্তস্বভাবায় কর্ম্মিণেচ পশবে পিণ্যাকতুষঘাতাদিকমিব কৈবল্যাদিকং দেহি নতু মহ্যং মনুষ্যায়েত্যন্যধ্বনিঃ। নন্বু মদযশঃ স্বাদাদপি কৈবল্যাদিকমধিকং ভবেদিত্যত্র যোগী কর্ম্মীচ প্রমাণং কৈবল্যাদিভ্যোঽপি মদ্‌যশঃস্বাদোঽধিক ইতি ভবন্মতে কঃ প্রমাণমিতি তত্রাহ

হে পবিত্রকীর্ত্তে! যাঁহার যশোরাশি শ্রবণ করিলে, যাবতীয় পুরুষার্থের প্রাপ্তি ঘটে, ভাগ্যবশত মহাজনের সংসর্গে প্রসঙ্গক্রমেও কেহ কখন একবারও যদি আপনার সেই অমল কীর্ত্তিরাশি শ্রবণ করিতে পারে, সে পশুভাব বিস-র্জ্জনে গুণজ্ঞ সারগ্রাহী হইয়া, পুনরায় তাহা পরিত্যাগ করিতে সক্ষম হয়

আভাস।

সন্দেহ নাই। ফলাকাঙ্ক্ষী কর্ম্মীকে আমি পশুতুল্য জ্ঞান করি! তাঁহাদিগকে আপনি কৈবল্য প্রদান করুন্! ক্ষতি নাই! আমি কিন্তু তণ্ডুলের প্রত্যাশায় তুষাবঘাত করিবার ন্যায়, স্ফূর্ত্তিশূন্য কৈবল্যের প্রার্থনা করি না! আপনার যশঃশ্রবণরূপ ভক্তির অপেক্ষা কৈবল্যকে যে শ্রেষ্ঠ মনে করি না, স্বয়ং লক্ষ্মী কমলাই তাহার প্রধান দৃষ্টান্তস্থল। ব্রহ্মাদি লোকপাল-গণের পূজ্যা সর্ব্বগুণমণ্ডিতা হইয়াও আপনার যশকে মাত্র তিনি প্রার্থনা করিয়াছেন। আপ-নার রূপ, রস, গন্ধ, শব্দ ও স্পর্শ লীলা লাবণ্য ও কারুণ্যাদি সর্ব্বপ্রকার রসের সম্যক্ গ্রহণ-সামর্থ্য পাইবার প্রত্যাশায় চিরকাল দাসী হইয়া, আপনার চরণসেবা করিতেছেন। শুকাদি অন্যান্য সাধকগণও কৈবল্যের অপেক্ষা ভক্তিরই শ্রেষ্ঠতা ও উপাদেয়ত্ব প্রতিপাদন করিয়াছেন। নবীন কিসলয় পরিত্যাগ পূর্ব্বক উষ্ট্র যেমন কণ্টক ভোজনেই অগ্রসর হয়,

কথং গুণজ্ঞো বিরমেদৃতে পশুং শ্রীর্যৎ প্রবব্রে গুণসংগ্রহেচ্ছয়া ॥ ২৩ ॥
অথাভজে ত্বাখিলপুরুষোত্তমং গুণালয়ং পদ্মকরেব লালসঃ।

অন্বয়ঃ।

পশুস্বভাবাদিতরঃ গুণজ্ঞঃ সারগ্রাহী কথং বিরমেৎ বিরক্তঃ ভবেৎ; গুণসংগ্রহেচ্ছয়া (গুণানাং সর্ব্বপুরুষার্থানাং সংগ্রহঃ সস্মিন্ সমাহারঃ তস্য ইচ্ছয়া) শ্রীঃ লক্ষ্মীঃ, অপি যৎ যশঃশ্রবণং এব প্রবব্রে প্রকৃষ্টেন বব্রে বৃতবতী ॥ ২৩ ॥

অথ তস্মাৎ পদ্মকরা লক্ষ্মীঃ ইব লালসঃ উৎসুকঃ সন্ অহং অপি গুণালয়ং (গুণানাং আলয়ং পূর্ণগুণকং) অখিলপুরুষোত্তমং ত্বা ত্বাং এব আভজে যথা একপতিস্পৃধোঃ (একস্মিন্

শ্রীধরস্বামী।

শ্চেৎ সঃ পশুং বিনাত্যঃ কথং বিরমেৎ। গুণাতিশয়ং সূচয়তি। শ্রীর্যৎ যশ এব প্রকর্ষেণ বৃতবতী গুণানাং সর্ব্বপুরুষার্থানাং সংগ্রহঃ স্বস্মিন্ সমাহারস্তদিচ্ছয়া ॥ ২৩ ॥

অতো লক্ষ্মীরিবান্যবরত্যাগেন ত্বামেবাহং ভজ ইত্যাহ অথেতি লালসঃ উৎসুকঃ সন্ কর্ম্মণি ক্রিয়মাণে যথেন্দ্রেণ সহ কলিঃ এবং ভক্তাবপি কিং লক্ষ্ম্যা সহ কলিঃ স্যাদিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীমহালক্ষ্মী ব্রহ্মাদিসর্ব্বজগৎপূজ্যা সর্ব্বগুণমণ্ডিতাপি তদ্‌যশো বব্রে গুণানাং তদীয় রূপ রস গন্ধ শব্দ স্পর্শ লীলা লাবণ্য কারুণ্যানাং সম্যক্ গ্রহণমাস্বাদনসামর্থ্যং তদিচ্ছয়েতি সৈবাত্র প্রমাণং তদুপলক্ষিতা অন্যেঽপ্যাস্বাদিতচরকৈবল্যসুখমপি লঘুকরিষ্ণবো যশস্যেব রমমাণাঃ শুকাদয়োঽপি প্রমাণং। ঘাসবুদ্ধ্যেবেক্ষুপল্লবানি চয়ন্নপ্যন্তস্তদীয়কাণ্ডেষরুচির্ঘাসমেবাস্বাদয়ন্ বৃষ ইব যোগী সহকারপল্লবানি ত্যক্ত্বা কণ্টকমেব স্বাদয়ন্ উষ্ট্র ইব কর্ম্মী কিং প্রমাণং ভবেদিতি ভাবঃ। ভক্তাবেব মোক্ষাদি সর্ব্বসুখান্তর্ভাবাৎ গুণানাং সর্ব্বপুরুষার্থানাং সংগ্রহঃ। স্বস্মিন্ সমাহার স্তদিচ্ছয়েতি স্বামিচরণাঃ ॥ ২৩ ॥

অতঃ কেবলং ভজনমেব বৃণে নতু বরানিত্যাহ। অথ আ সম্যক্ নিষ্কাম এব কেবলামেব ভক্তিং কুর্ব্বে। নতু জ্ঞানকর্ম্মাদিসিদ্ধ্যর্থং জ্ঞানী কর্ম্মীব গুণীভূতামিত্যর্থঃ। তত্রাপি ন

না। অহো! আপনাতে যাবতীয় পুরুষার্থের সংগ্রহ-বাসনায় স্বয়ং কমলাও সেই যশঃ শ্রবণার্থ নিরন্তর উৎসুক থাকেন ॥ ২৩ ॥

অতএব কমলহস্তা কমলার ন্যায়, ঔৎসুক্য সহকারে আমিও সেই সর্ব্ব-

আভাস।

ভবদীয় ভজন পরিত্যাগ করিয়া, যোগী কর্ম্মী এবং জ্ঞানীও সেইরূপ বৃথায় ক্লেশ ও অশান্তি ভোগ করেন মাত্র। মোক্ষাদি সকল সুখই এক ভক্তির অন্তর্গত থাকায়, ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থের একত্র সংগ্রহই এই ভক্তিতে জানিতে হইবে ॥ ২৩ ॥

লক্ষ্মী জগজ্জননী বৈষ্ণবী শক্তি; ভগবানে তাঁহার যাদৃশী আসক্তি, সৃষ্ট জীব কর্ত্তৃক তাদৃশ আসক্তির পরিচয় দেওয়া অসম্ভব। কিন্তু পৃথুর প্রার্থনা যে, লক্ষ্মীর ন্যায় তাঁহারও যেন

অপ্যাবয়োরেকপতিস্পৃধোঃ কলির্ন স্যাৎ কৃতত্বচ্চরণৈকতানয়োঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

পত্যৌ স্বামিনি ত্বয়ি স্পৃধোঃ স্পর্দ্ধমানয়োঃ) কৃতত্বচ্চরণৈকতানয়োঃ (কৃতঃ ত্বচ্চরণয়োঃ একঃ অব্যবচ্ছিন্নঃ তানঃ মনোবিস্তারঃ, যাভ্যাং তয়োঃ আবয়োঃ মধ্যে কলিঃ কলহঃ, ন স্যাৎ ॥২৪॥

শ্রীধরস্বামী।

বিতর্কয়তি। একস্মিন্ পত্যৌ স্পর্দ্ধমানয়োরাবয়োরপি কিং কলি র্ন স্যাদিতি কাক্কা বিতর্কঃ। নম্বু পর্য্যায়েণ সেবায়াং ন স্যাৎ। নৈবং কৃত ত্বচ্চরণয়ো রেবৈক স্তানঃ মনোবিস্তারো যাভ্যাং তয়োঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সা (ব্রহ্মণি রতিঃ প্রপঞ্চমাত্রে অসঙ্গশ্চ) শ্রদ্ধয়া ভগবদ্ধর্ম্মচর্য্যয়া (ভগবতি সমর্পিতস্ববর্ণাশ্রমধর্ম্মাচরণেন, জিজ্ঞাসয়া, আধ্যাত্মিকযোগনিষ্ঠয়া যমনিয়মাদিপূর্ব্বক ভগবদ্ধ্যানাদিনা, যোগেশ্বরোপাসনয়া (যোগেশ্বরাণাং কপিলাদীনাং উপাসনয়া সেবয়া) নিত্যং পুণ্যশ্রবঃ কথয়া (পুণ্যশ্রবসঃ ভগবতঃ, পুণ্যয়া কথয়া চ রতিঃ অসঙ্গশ্চ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

রেতাবানেব সুনিশ্চিতঃ কোহসৌ আত্মব্যতিরিক্তে অসঙ্গো বৈরাগ্যং আত্মনিচ রতিঃ আত্মনো বিশেষণং নির্গুণে ব্রহ্মণীতি ॥ ১৯ ॥

নন্বেতাবদেব তাবদতিদুর্ল্লভমিত্যাশঙ্ক্য উত্তমাধিকারিণঃ শ্রবণমাত্রেণ তু ভবতি অন্যস্যতু চিত্তশুদ্ধ্যনুসারেণ সাধনতারতম্যাৎ বর্দ্ধমানয়া ভক্ত্যেত্যভিপ্রেত্যাহ সেতি চতুর্ভিঃ। সা ব্রহ্মণি রতি রসঙ্গশ্চ শ্রদ্ধাদিভিঃ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ। জিজ্ঞাসয়া তত্ত্ববিশেষবুভুৎসয়া পুণ্যং শ্রবো যশো যস্য তস্য হরেঃ পুণ্যয়া কথয়া ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

পুনরেতদর্থং শাস্ত্রাণি পুন র্দ্রষ্টব্যানীতি দ্যোতিতং। অসঙ্গোঽনাসক্তিঃ দৃঢ়া রতি রত্যাসক্তিঃ ক্ষেমশব্দেন সাযুজ্যশান্তরতিপ্রেমাণোঽধিকারিভেদেন দ্রষ্টব্যাঃ ॥ ১৯ ॥

তত্র প্রথমং ভক্তেঃ প্রাধান্যমাহ সেতি চতুর্ভিঃ। সা রতিঃ শ্রদ্ধাদিভিঃ স্যাদিতি চতুর্থেনান্বয়ঃ। পুণ্যং শ্রবো যশো যস্য তস্য হরেঃ পুণ্যয়া কথয়া ॥ ২০ ॥

সর্ব্বব্যাপক পরমাত্মাতে যে অত্যাসক্তি, তাহাকেই মানবগণের মোক্ষলাভের নিদান কারণ বলিয়া শাস্ত্রসমূহ একবাক্যে সিদ্ধান্ত করিয়াছেন; এবিষয়ে কাহারও কোন মতদ্বৈধ নাই ॥ ১৯ ॥

কিন্তু এই আসক্তি এবং বিষয়ে বৈরাগ্য কেবল গুরু ও বেদান্তবাক্যে বিশ্বাস, স্বকৃত সকল কর্ম্মের ফল ভগবানে সমর্পণ করা, গুরু ও শাস্ত্রের নিকট পরমাত্মতত্ত্বের অনুসন্ধানে আত্মচিন্তন, যম ও নিয়মাদির অনুশীলনে ভগবদ্ভাবের ধ্যান, কপিলাদি যোগেশ্বরগণের মতানুসরণ এবং পবিত্রকীর্ত্তি ভগবানের পুণ্য কথার আলাপনে উৎপন্ন হইয়া থাকে ॥ ২০ ॥

বিষয়াভিলাষী কামুক ও ইন্দ্রিয়পরতন্ত্র ব্যক্তিগণের সঙ্গ ও তাহাদের অভিপ্রেত বিষয়ের সংসর্গ পরিত্যাগ পূর্ব্বক একান্তে অবস্থান করত নিবৃত্ত

অর্থেন্দ্রিয়ারামসগোষ্ঠ্যতৃষ্ণয়া তৎসম্মতানামপরিগ্রহেণচ।
বিবিক্তরুচ্যা পরিতোষ আত্মনি বিনা হরে গু্ণপীযূষপানাৎ ॥ ২১ ॥
অহিংসয়া পারমহংস্যচর্য্যয়া স্মৃত্যা মুকুন্দাচরিতাগ্র্যশীধুনা।

অন্বয়ঃ।

অর্থেন্দ্রিয়ারামসগোষ্ঠ্যতৃষ্ণয়া (অর্থেষু ধনাদিষু আরমন্তীতি অর্থারামাঃ তামসাঃ, ইন্দ্রিয়েষু আরমন্তীতি কামিনঃ রাজসাঃ, তৈঃ সহ যা গোষ্ঠী তস্যাং অতৃষ্ণয়া) তৎসম্মতানাং (তেষাং অর্থেন্দ্রিয়ারামাণাং সম্মতানাং অভিপ্রেতানাং বিষয়াণাং) অপরিগ্রহেণ বিবিক্তরুচ্যা (বিবিক্তে নির্জ্জনে যা রুচিঃ তয়া) আত্মনি মনসি পরিতোষে সতি সা স্যাৎ; কিন্তু হরেঃ সর্ব্বদুঃখহরস্য, গুণপীযূষপানাৎ (গুণাঃ লীলাঃ এব পীযূষং অমৃতং তস্য পানাৎ) বিনা পূর্ব্বোক্তাঃ সর্ব্বাঃ ন কার্য্যাঃ এব ॥ ২১ ॥

অহিংসয়া পরপীড়নবর্জ্জনরূপয়া, পারমহংস্যচর্য্যয়া যদৃচ্ছালব্ধান্নেন দেহনির্বাহেন, স্মৃত্যা হিতাহিতানুসন্ধানেন, মুকুন্দাচরিতাগ্র্যশীধুনা (মুকুন্দস্য আচরিতং এব অগ্র্যং শ্রেষ্ঠং শীধু অমৃতং তেন তৎস্মরণেন) যমৈঃ অনৃতাদিবর্জ্জনৈঃ, অকামৈঃ প্রত্যাহারৈঃ, নিয়মৈঃ শৌচাদিভিঃ, অনিন্দয়া দেবতান্তরনিন্দাবর্জ্জনেন, নিরীহয়া ক্রিয়ারাহিত্যেন, দ্বন্দ্বতিতিক্ষয়া (শীতোষ্ণসুখ-

শ্রীধরস্বামী।

অর্থারামা অর্থনিষ্ঠা স্তামসাঃ ইন্দ্রিয়ারামাঃ কামনিষ্ঠা রাজসাঃ তৈঃ সহ যা গোষ্ঠী তস্যামতৃষ্ণয়া তেষাং যে সম্মতাঃ অর্থাঃ কামাশ্চ তেষামপরিগ্রহেণ বিবিক্তে বিজনে যা রুচিস্তয়া। আত্মন্যেব পরিতোষে চ সতি স্যাৎ কিন্তু হরেগু্ণপীযূষপানাদ্বিনা তস্মিন্ সতি বিবিক্তে রুচি র্ন কার্য্যা ন চাত্মনি পরিতোষঃ কার্য্য ইত্যর্থঃ ॥ ২১ ॥

পারমহংস্যচর্য্যয়া উপশমাদিপ্রধানয়া বৃত্ত্যা স্মৃত্যা আত্মহিতানুসন্ধানেন মুকুন্দাচরিতমেবাগ্র্যং শীধু শ্রেষ্ঠমমৃতং তচ্চরিতস্মৃতিসুখেনেত্যর্থঃ। মার্গান্তরস্যানিন্দয়া নিরীহয়া যোগ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্থারামা ধনসংগ্রহেচ্ছবঃ। ইন্দ্রিয়ারামা ভোগাসক্তাস্তৈঃ সহ যা গোষ্ঠী তস্যামতৃষ্ণয়া বিনেতি হরেগু্ণপীযূষপানং চেৎ লভ্যতে তদা বিবিক্তরুচিস্বতঃপরিতোষৌ বিহায় জনসংসদ্যপি পরস্মাদপি গায়কাদেঃ সকাশাদপি কৃষ্ণলীলাস্বাদার্থমাগচ্ছেদিত্যর্থঃ ॥ ২১ ॥

পারমহংস্যচর্য্যয়া উপশমপ্রধানবৃত্ত্যা। স্মৃত্যা শ্রীগুরূপদিষ্টসদাচারধারণেন মুকুন্দস্য

হইলে, তাদৃশ রতির উদয় হয় বটে; কিন্তু সকলের মূলে সর্ব্বদুঃখহারী ভগবান্ শ্রীহরির লীলামৃতে চিত্তকে নিমগ্ন করা প্রয়োজন; নতুবা সকল আয়োজনই নিরর্থক হইয়া পড়ে ॥ ২১ ॥

অহিংসা, পরমহংসাচরণে যথালাভে তুষ্টি, অপরোক্ষানুভূতি, আত্মচিন্তন, ভগবল্লীলার অনুস্মরণ, অহিংসাদি ও সত্যাদি যম, শৌচাদি নিয়ম, দেবতান্তরের নিন্দা না করা, অর্জ্জন এবং রক্ষণার্থ কোনরূপ আকাঙ্ক্ষা না করা

যমৈরকামৈ র্নিয়মৈরনিন্দয়া নিরীহয়া দ্বন্দ্বতিতিক্ষয়া চ ॥ ২২ ॥
হরেমুহুস্তৎপরকর্ণপূরগুণাভিধানেন বিজৃম্ভমাণয়া।
ভক্ত্যাহ্যসঙ্গঃ সদসত্যনাত্মনি স্যান্নির্গুণে ব্রহ্মণি চাঞ্জসা রতিঃ ॥ ২৩ ॥
যদা রতি র্ব্রহ্মণি নৈষ্ঠিকী পুমানাচার্য্যবান্ জ্ঞানবিরাগরংহসা।

অন্বয়ঃ।

পিপাসাদিসহনেন চ) ॥ ২২ ॥

তৎপরকর্ণপূরগুণাভিধানেন (তৎপরাণাং তদেকনিষ্ঠভক্তানাং কর্ণপূররূপাঃ কর্ণভূষণরূপাঃ যে গুণাঃ তেষাং অভিধানেন মুহুঃ বিজৃম্ভমাণয়া প্রতিক্ষণং বর্দ্ধমানয়া, হরেঃ ভক্ত্যা সদসতি স্থূলসূক্ষ্মাত্মকে, অনাত্মনি আত্মব্যতিরিক্তে প্রপঞ্চে, হি অসঙ্গঃ নির্গুণে ব্রহ্মণি চ রতিঃ অঞ্জসা অনায়াসেন, স্যাৎ ॥ ২৩ ॥

যদা নৈষ্ঠিকী নিশ্চলা, ব্রহ্মণি রতিঃ ভবতি তদা পুমান্ (ব্রহ্মনিষ্ঠং গুরুং প্রাপ্য) আচার্য্যবান্ সন্ জ্ঞানবিজ্ঞানরংহসা (জ্ঞানবৈরাগ্যয়োর্বেগেন তৃণাদিতঃ) উত্থিতঃ অগ্নিঃ স্বস্য যোনিং

শ্রীধরস্বামী।

ক্ষেমার্থক্রিয়ারাহিত্যেন শীতোষ্ণাদিদ্বন্দ্বসহনেন ॥ ২২ ॥

কথয়েত্যত্রোক্তমপি কথনং ভক্তাবন্তরঙ্গত্বেন পুনরুচ্যতে। তৎপরা হরিভক্তাঃ তেষাং কর্ণপূরাঃ কর্ণালঙ্কারভূতা যে হরেগুর্ণা স্তেষামভিধানেন সদসতি কার্য্যকারণরূপে ॥ ২৩ ॥

ভবত্বন্যত্রাসঙ্গ আত্মরতিশ্চ ততঃ কিমত আহ যদা নিষ্ঠাং প্রাপ্তা রতি র্ভবতি তদাচ আচার্য্যবান্ সন্ জ্ঞানবৈরাগ্যয়োর্বেগেন অবীর্য্যং নির্ব্বাসনং সৎ জীবস্য কোষমাবরকং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চরিতং চরিত্রং তদেব অগ্র্যং শীধু মধু তেন স্বাদ্যমানেনেত্যর্থঃ ॥ ২২ ॥

কথয়েত্যত্রোক্তমপি কথনং ভক্তাবন্তরঙ্গত্বেন পুনরুচ্যতে। তৎপরা হরিভক্তাস্তেষাং কর্ণপূরাঃ কর্ণালঙ্কারভূতা যে হরেগুর্ণা স্তেষামভিধানেন। অনাত্মনি আত্মব্যতিরিক্তে সদসতি ভদ্রাভদ্রে জগতি অসঙ্গোঽনাসক্তিঃ ॥ ২৩ ॥

ততঃ কিং স্যাদিত্যত আহ যদেতি আচার্য্যবান্ গুরুভক্তিমান্ রত্যাখয়ো জ্ঞানবৈরাগ্যয়ো র্বেগেন অবীর্য্যাং নিষ্প্রভাবং। জীবস্য কোষমাবরকং হৃদয়মহঙ্কারাত্মকং লিঙ্গং দেহং পুমান্

এবং শীতোষ্ণ ও সুখদুঃখাদি দ্বন্দ্বভাবের সহিষ্ণুতার দ্বারা ভগবানে রতি এবং বিষয়ে অনাসক্তি জন্মে ॥ ২২ ॥

ভক্তগণের কর্ণভূষণস্বরূপ ভগবল্লীলামৃতের নিরন্তর অনুধ্যানে ভক্তির উৎকর্ষ হইলে, কার্য্যকারণরূপ প্রপঞ্চ জগতে বৈরাগ্য এবং গুণাতীত পরমাত্মতত্ত্বে জীবের রতি অতি সহজে উৎপন্ন হয় ॥ ২৩ ॥

এইরূপ নিষ্ঠার অবলম্বনে ব্রহ্মস্বরূপে রতি জন্মিলে, আচার্য্যের সঙ্গলাভে মানব তীব্র জ্ঞান ও বৈরাগ্যের বলে, অরণি হইতে উৎপন্ন হুতাশন যেমন স্বীয়

দহত্যবীর্য্যং হৃদয়ং জীবকোষং পঞ্চাত্মকং যোনিমিবোত্থিতোঽগ্নিঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

তৃণাদিকং, ইব যথা দহতি তথা পঞ্চাত্মকং পঞ্চমহাভূতাত্মকং, জীবকোষং (জীবস্য কোষং আবরকং) হৃদয়ং অন্তঃকরণং, অবীর্য্যং পুনঃপ্ররোহাযোগ্যং, যথা ভবতি তথা দহতি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

হৃদয়মহঙ্কারং পুমান দহতি। কথম্ভূতং পঞ্চভূতপ্রধানং যদ্বা অবিদ্যাস্মিতারাগদ্বেষাভি-নিবেশাঃ পঞ্চ তদাত্মকং। উত্থিতঃ প্রজ্বলিতোঽগ্নির্যোনিমরণিমিব। যদ্বা যদা রতিরাচার্য্যানু-গ্রহশ্চ তদা জ্ঞানবিরাগবলেন উত্থিতঃ সাক্ষাৎকারঃ অবীর্য্যং পুনঃ প্ররোহাক্ষমং যথা ভবতি এবং হৃদয়ং দহতি শেষং সমানং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দহতি কথম্ভূতং পঞ্চাত্মকং অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাস্তদাত্মকং যথা অরণ্যাবুত্থিতোঽগ্নিঃ স্বযোনিমরণিমেব দহতি তথৈব প্রাকৃতবুদ্ধীন্দ্রিয়াদৌ লিঙ্গদেহ এব উত্থিতা রতিস্তমেব দহতি। বহ্নিনা কাষ্ঠং দহতীত্যুক্তৌ বহ্নিরেব কাষ্ঠং দহতীতিবদার্ষ্টান্তিক-সঙ্গতিঃ ॥ ২৪ ॥

যোনিস্থানীয় অরণিকেই ভস্মীভূত করে, তদ্রূপ জ্ঞানবান্ জীবও স্বীয় পঞ্চ-ভূতাত্মক জীবতত্ত্বের কোষস্থানীয় অন্তঃকরণকে নিঃশেষে দগ্ধ করিয়া ফেলে ॥ ২৪ ॥

আভাস।

ভগবানের প্রতি প্রেম না জন্মিলে, সদ্‌গুরুর সাক্ষাৎকার লাভ হয় না। অতএব গুরু পাইলে, ঈশ্বরচিন্তা করিব বলিয়া নিশ্চিন্ত থাকা কর্ত্তব্য নহে। যেমন ক্ষুধার উদ্রেক হইলে, অন্নদাতার অনুসন্ধান বা উপস্থিতি ঘটে; সেইরূপ ঈশ্বরে ভক্তি না জন্মিলে, গুরুর সন্দর্শন ঘটে না। গুরু কেবল পথপ্রদর্শক মাত্র। ভক্তকেই গমন করিতে হইবে; গুরুর গমনে ভক্তের গতি সিদ্ধ হইবে না। ভক্তের অন্তরস্থ প্রেম ও বৈরাগ্য গুরুর উপদেশে যখন উৎকর্ষলাভ করে, তখন তাঁহার উপাধি বা আবরণ-স্থানীয় লিঙ্গদেহ নিরর্থক হইয়া যায়। অবশ্য লিঙ্গদেহের আশ্রয়েই জ্ঞান ও জ্ঞাতার স্বরূপ জীবতত্ত্ব অবভাসিত হয়; কিন্তু তথাপি জ্ঞানের প্রকটনেই সেই লিঙ্গদেহ বিনষ্ট হইয়া যায়। ইহার উদাহরণার্থ প্রকাশ করিয়াছেন যে, বেণজাত বহ্নি যেমন সেই বেণগুচ্ছকেই ভস্মীভূত করে, সেইরূপ অন্তঃকরণে প্রকটিত আত্মজ্ঞানই অন্তঃ-করণকে বিনষ্ট করিয়া ফেলে ॥ ২৪ ॥

চিত্ত যদবধি ক্রিয়াবিশিষ্ট থাকে, তদবধি সংসার অনিবার্য্য। কর্ত্তৃত্বের অভিমান এবং বিষয়ের মমতা চিত্তে জাগরূক থাকিয়া, জীবকে সংসারে নিয়োজিত করে; সুতরাং জীব অন্তরের সুখ ও দুঃখ অনুভব করত, বাহ্য বিষয়ে অনুরক্ত হয়। চিত্তের যদি কোনরূপ উত্তেজনা না থাকে, প্রবৃত্তিরও কোনরূপ প্রশ্রয় ঘটে না। তখন নিস্তরঙ্গ সরোবরে সূর্য্য-প্রতিবিম্বের সুস্পষ্ট প্রতীতির ন্যায়, বৃত্তিশূন্য অন্তঃকরণে আত্মস্বরূপের অপরোক্ষানুভবে জীব

দগ্ধাশয়ো মুক্তসমস্ততদ্গুণো নৈবাত্মনো বহিরন্তর্বিচষ্টে।
পরাত্মনো র্যদ্ব্যবধানং পুরস্তাৎ স্বপ্নে যথা পুরুষস্তদ্বিনাশে॥ ২৫॥

অন্বয়ঃ।

স্বপ্নে স্বপ্নাবস্থায়াং (তদনুকূলে অন্তঃকরণে সতি দ্রষ্টারং আত্মানং দৃশ্যং তাৎকালীনবস্তু চ পশ্যতি) তদ্বিনাশে (তস্য স্বপ্নস্য বিনাশে যথা ন পশ্যতি এবং) দগ্ধাশয়ঃ (দগ্ধঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ) অতএব মুক্তসমস্ততদ্গুণঃ (মুক্তাঃ সমস্তাঃ তদ্গুণাঃ অহন্তাদয়ঃ যেন সঃ) পুরুষঃ পরাত্মনঃ (পরঃ আত্মব্যতিরিক্তঃ দৃশ্যঃ আত্মা চেতনঃ দ্রষ্টা তয়োঃ) যৎ ব্যবধানং ব্যবধায়কং অন্তকরণং, পুরস্তাৎ পূর্ব্বব্যবহারদশায়াং আসীৎ তস্য ইদানীং বিনাশে সতি আত্মনঃ দেহাৎ, বহিঃ গৃহাপত্যাদি অন্তঃসুখদুঃখাদি নৈব বিচষ্টে পশ্যতি॥ ২৫॥

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ। দগ্ধ আশয়ো হৃদয়মুপাধি র্যস্য। অতএব মুক্তাঃ সমস্তা স্তদ্গুণাঃ কর্ত্তৃত্বাদয়ো যেন আত্মনঃ সকাশাৎ বহির্ঘটাদি অন্তঃ সুখদুঃখাদি নৈব বিচষ্টে ন পশ্যত্যেব কুত ইত্যপেক্ষায়াং দ্রষ্টৃদৃশ্যভেদপ্রতীতে রন্তঃকরণহেতুকত্বাদিত্যাহ। পরো দৃশ্যঃ আত্মা দ্রষ্টা। তয়ো র্যদ্ব্যবধানং ভেদকং পূর্ব্বমাসীত্তস্য নিরাসে সতি। যথা স্বপ্নে রাজাহমিত্যারোপিতসৈন্যাদিদ্রষ্টারং দৃশ্যং সৈন্যঞ্চ স্বপ্নাবস্থানাশে ন পশ্যতি তদ্বৎ॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ কিমত আহ দগ্ধাশয়ো দগ্ধলিঙ্গদেহঃ। অতএব মুক্তা স্ত্যক্তাঃ সমস্তা স্তদ্গুণাঃ কর্ত্তৃত্বাদয়ো যেন সঃ। আত্মনঃ স্বস্য বহির্বাহ্যং শব্দস্পর্শাদিকং ভোগ্যমর্থং অন্তঃশোকমোহাদিকঞ্চ নৈব বিচষ্টে। পরাত্মনোঃ পরমাত্মজীবাত্মনো র্যদেব মধ্যে পুরস্তাৎ পূর্ব্বং ব্যবধানমাসীত্তন্ন পশ্যতীত্যব্যবহিতং পরমাত্মানমেব পশ্যতীত্যর্থঃ। যথা স্বপ্নে দৃষ্টং স্বপ্নবিনাশে সতি ন পশ্যতি॥ ২৫॥

স্বপ্নদর্শনকালে জীব কেবল অন্তঃকরণের আশ্রয়ে দ্রষ্টাস্বরূপ আপনাকে এবং দৃশ্যস্বরূপ স্বাপ্নিক বস্তুসমূহকে যেমন পৃথক্‌ভাবে অবলোকন করে, কিন্তু স্বপ্ন ভাঙ্গিলে যেমন তাহার কিছুই আর অবলোকন করে না, সেইরূপ ভোগদশাতে মানব যখন কামপুঞ্জের আশ্রয়স্থল অন্তঃকরণকে দগ্ধ করিতে পারেন, তখন তাঁহার অহঙ্কার ও মমাকারের যাবতীয় ব্যাপার কি নিবৃত্ত হইয়া যায়; সুতরাং ভোগকালে আত্মাতিরিক্ত ভোগ্য বস্তু এবং চৈতন্যস্বরূপ দ্রষ্টার পার্থক্য প্রতীত করিবার আশ্রয় অন্তঃকরণ যাহা পূর্ব্বে ছিল, সম্প্রতি মুক্তদশায়

আভাস।

অহং ও মমতাভাব বিস্মৃত হইয়া, সর্ব্বকারণকারণ পরমচৈতন্যস্বরূপ ব্রহ্মভাবে বিশ্রাম লাভ করে। এস্থলে গ্রন্থকার স্বপ্নবৃত্তিকেই অন্তঃকরণস্বরূপের দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন। অর্থাৎ স্বপ্নকালে অতি দীনহীন পুরুষও যেমন নিজে রাজা হইয়া, অমাত্যবর্গের পরিবেষ্টনে

আত্মানমিন্দ্রিয়ার্থঞ্চ পরং যদুভয়োরপি।
সত্যাশয় উপাধৌ বৈ পুমান্ পশ্যতি নান্যদা ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

উপাধৌ উপাধিভূতে, আশয়ে অন্তঃকরণে, সতি এব জাগ্রৎস্বপ্নয়োঃ আত্মানং দ্রষ্টারং, ইন্দ্রিয়ার্থং বিষয়ং দৃশ্যং, উভয়োঃ তয়োঃ, পরং যৎ দর্শনহেতুং অহঙ্কারং অপি পুমান পশ্যতি; অন্যদা (সুষুপ্তিসমাধাদ্যবস্থায়াং অন্তঃকরণস্য লীনত্বাৎ) ন বৈ তথা পশ্যতি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

দ্রষ্টৃদৃশ্যভেদপ্রতীতে রন্তঃকরণহেতুকত্বমন্বয়ব্যতিরেকাভ্যামুপপাদয়তি আত্মানং দ্রষ্টারং ইন্দ্রিয়ার্থং দৃশ্যং উভয়োস্তয়োঃ পরং সম্বন্ধহেতুমহঙ্কারঞ্চ আশয়ে অন্তঃকরণে সত্যেব জাগ্রৎ-স্বপ্নয়োঃ পশ্যতি নান্যদা সুষুপ্তৌ। তদুক্তং দৃশ্যানুরঞ্জিতং দ্রষ্টৃদৃশ্যং দ্রষ্ট্রনুরঞ্জিতং। অহং বৃত্ত্যোভয়রক্তং তন্নাশেঽদ্বৈততাত্মন ইতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিঙ্গদেহ এব জীবস্যোপাধিঃ সএব ব্যবধানশব্দবাচ্য স্তৎসত্বে তমেব পশ্যতি তদভাবে পরমাত্মানমেব পশ্যতীত্যাহ আত্মানং ভোক্তারমুপাধিধর্ম্মগ্রস্তং জীবং। ইন্দ্রিয়ার্থং ভোগ্যঞ্চ পরং ভোগোত্থং সুখদুঃখঞ্চ আশয়ে লিঙ্গদেহে উপাধৌ সত্যেব পুমান্ পশ্যতি নত্বন্যদা লিঙ্গ-দেহাভাবে তদা তু পরমাত্মানমেব পশ্যতীতি ভাবঃ ॥ ২৬ ॥

কেবল সেই মূল আশ্রয় অন্তঃকরণের অভাবে, জীব দেহাতিরিক্ত পুত্র গৃহাদি ও অন্তরস্থ সুখদুঃখাদি কিছুই আর অবলোকন করে না ॥ ২৫ ॥

উপাধিভূত অন্তঃকরণের অবস্থিতিতে জাগ্রৎ ও স্বপ্নকালে আত্মস্বরূপ দ্রষ্টা, ইন্দ্রিয়ের বিষয় স্বরূপ দৃশ্যজাত এবং এতদুভয় হইতে পৃথক্ তাদৃশ দর্শনের কারণস্বরূপ অহঙ্কারতত্ত্বকে মানব বিশেষরূপে উপলব্ধি করিয়া থাকে; কিন্তু সুষুপ্তিকালে যখন অন্তঃকরণ অবসন্ন হইয়া যায়, তখন এই ত্রিবিধ ভাবেরই উপলব্ধি আর থাকে না ॥ ২৬ ॥

আভাস।

রাজপ্রাসাদে অপূর্ব্ব রাজসুখের উপলব্ধি করে, কিন্তু স্বপ্নের অপগমে তাহার সকলই অলিক হইয়া যায়, সেইরূপ চিত্তের বৃত্তিদশায় জীব নানাপ্রকার ভেদ ও ভেদদর্শী আপনাকে উপলব্ধি করিলেও বৃত্তিহীন অবস্থায় শুদ্ধ চিদাত্মভাবেই বিশ্রাম করত দ্রষ্টৃদৃশ্যভাব হইতে নিষ্কৃতি লাভ করে; তখনই তাহার মুক্তি। চৈতন্যস্বরূপ জীবতত্ত্বের দ্রষ্টৃভাবে পরিণতি এবং জড়স্বরূপ বিষয়ের দৃশ্যরূপে পরিণতিই যখন সংসারভাব, তখন চৈতন্যস্বরূপ পুরুষ এবং জড়স্বরূপ দেহের সংগ্রহ কখন সংসারকারণ নহে; যে তত্ত্বে এতদুভয়ের উভয়রূপে পরিণতি ঘটে, সেই তত্ত্বই প্রকৃত সংসারকারণ উপাধি। তাহাকে শাস্ত্রে অহঙ্করতত্ত্ব বা অন্তঃকরণ নামে অভিহিত করিয়াছেন। যেমন পারদের সাহায্যে কাচ প্রতিবিম্বগ্রাহী ভাব

নিমিত্তে সতি সর্ব্বত্র জলাদাবপি পুরুষঃ।
আত্মনশ্চ পরস্যাপি ভিদাং পশ্যতি নান্যদা॥ ২৭॥

অন্বয়ঃ।

সর্ব্বত্র লোকে, নিমিত্তে উপাধিভূতে জলাদৌ সতি, এব পুরুষঃ জনঃ, আত্মনঃ বিম্বভূতস্য, পরস্য প্রতিবিম্বস্য, চ ভিদাং ভেদং, পশ্যতি অন্যদা জলাদ্যভাবাবস্থায়াং, তু ন পশ্যতি॥ ২৭॥

শ্রীধরস্বামী।

একস্মিন্নাত্মনি দৃশ্যাদিভেদপ্রতীতিরৌপাধিকীতি দৃষ্টান্তেন স্পষ্টয়তি। লোকেঽপিচ সর্ব্বত্র জলদর্পণাদৌ ভেদনিমিত্তে সত্যেব আত্মনো বিম্বভূতস্য পরস্য প্রতিবিম্বস্যচ ভেদং পশ্যতি নতু জলাদ্যভাবে॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপাধিসত্ব এবোপাধিধর্ম্মাধ্যাসঃ। সচোপাধিঃ কর্ম্মবশান্মানুষদেবতির্য্যগাদি র্ভবতি নতু তদভাব ইত্যত্র দৃষ্টান্তমাহ নিমিত্ত ইতি জলতৈলচক্ষুরাদৌ নিমিত্তে বিদ্যমানএব পুরুষঃ আত্মনঃ স্বস্য পরস্যান্যস্যচ ভিদাং উপাধে র্মধ্যমোত্তমাধমভেদং পশ্যতি তত্র জলে চাঞ্চল্যং দর্পণে নৈর্ম্মল্যঞ্চক্ষুষি মালিন্যঞ্চ যথা পশ্যতি তথৈব মানুষদেবতির্য্যক্‌শরীরেষু ভদ্রাভদ্রং কেবলভদ্রং কেবলাভদ্রঞ্চ পশ্যতি নান্যদেতি জ্ঞানেনোপাধিনাশেতু ন তথা পশ্যতি কিন্তু পরমাত্মানমেব পশ্যতি। ভক্ত্যা উপাধ্যপগমেতু শুদ্ধো জীবো রতিমহিম্নৈব লব্ধচিদ্ঘনানন্দ-বিগ্রহঃ পরমাত্মন এব তস্য নারায়ণরামকৃষ্ণাদিচিদ্ঘনানন্দাকারস্য ষড়ৈশ্বর্য্যমাধুর্য্যবতঃ সৌন্দর্য্যাদিকং স্বীয়নয়নাদিভি রাস্বাদয়েদিতি মুখ্যঞ্চ ফলং দ্রষ্টব্যং। তস্মিন্ যয়ৌ পরমহংস-মহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্নিত্যাদিঃ পূর্ব্বোক্তঃ॥ ২৭॥

সর্ব্বত্র জল বা দর্পণাদি উপাধির সদ্ভাবে পুরুষ তাহাতে প্রতিবিম্বিত নিজের ছায়া এবং তদতিরিক্ত নিজের দেহ পৃথক্‌ভাবে অবলোকন করে বটে, কিন্তু নিমিত্তের অভাবে তাহার কিছুই আর অনুভব করে না॥ ২৭॥

আভাস।

ধারণ করে, সেইরূপ চৈতন্যের অনুগ্রহে চিত্ত চেতনের ন্যায় সামর্থ্য প্রাপ্ত হইয়া, অহঙ্কার-নামে উপলব্ধ হয় এবং দ্রষ্টার রূপ ধারণ করে। দর্পণের নিকটবর্ত্তী পদার্থ যেমন দর্পণে প্রতিবিম্বিত হয়, সেইরূপ বিষয়সমূহও অহঙ্কারের দৃশ্যরূপে পরিগণিত হয়। অতএব অহঙ্কারই যাবতীয় অনর্থের মূল; তাহার বৃত্তি-নিবারণে জীব জীবন্মুক্ত এবং স্বরূপবিলোপে বিদেহ-কৈবল্য লাভ করে॥ ২৫॥ ২৬॥

উপাধিকে অনুগ্রহ করিতে গিয়াই, চৈতন্যস্বরূপ জীবকে উপাধিধর্ম্মে উপহিত হইতে হইয়াছে। যেমন জপাকুসুমের সান্নিধ্যলাভে শুদ্ধ স্ফটিককে লালবর্ণে রঞ্জিত হইতে হয়, সেইরূপ কর্ম্মের অনুসারে দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি দেহরূপ উপাধির সংশ্রবে জীবকেও তত্তদ্ধর্ম্মে অধ্যস্তের ন্যায় হইতে হয়। জল, তৈল ও চক্ষুরূপ উপাধির উপস্থিতিতে, মানব আপনার ও পরের ভেদ বিলক্ষণ উপলব্ধি করে। উপাধিরও উৎকর্ষ এবং অপকর্ষ বিবেচনা

ইন্দ্রিয়ৈ র্বিষয়াকৃষ্টৈরাক্ষিপ্তং ধ্যায়তাং মনঃ।

অন্বয়ঃ।

ধ্যায়তাং চিন্তয়তাং, পুংসাং মনঃ বিষয়াকৃষ্টৈঃ ইন্দ্রিয়ৈঃ আক্ষিপ্তং আকৃষ্টং, সৎ স্তম্বঃ কুশ-

শ্রীধরস্বামী।

তদেবং চতুর্ভিঃ অসঙ্গাত্মরত্যোর্মোক্ষহেতুত্বমুক্তং ইদানীমনাত্মরতেঃ সংসারহেতুত্বমাহ ইন্দ্রিয়ৈরিতি চতুর্ভিঃ। ধ্যায়তাং গুণারোপেণ স্মরতাং পুংসামিন্দ্রিয়াণি স্মৃতৈ র্বিষয়ৈরাকৃষ্যন্তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ইদানীমাত্মব্যতিরিক্তবস্ত্বাসক্তেঃ সংসারহেতুত্বমাহ ইন্দ্রিয়ৈরিতি চতুর্ভিঃ ধ্যাতুমনিচ্ছতামপ্যভ্যাসপারবশ্যেনৈব ধ্যায়তামরণ্যেঽপি তিষ্ঠতাং পুংসামিন্দ্রিয়াণি বিষয়ৈঃ পুত্রকলত্রাদীনাং শব্দস্পর্শাদিভিঃ স্মৃত্যারূঢ়ৈঃ প্রথমমাকৃষ্যন্তে ততো বিষয়াকৃষ্টৈরিন্দ্রিয়ৈর্মন আক্ষিপ্তং

কুশ বা মুঞ্জাদি তৃণরাশি হ্রদের অন্তরে উৎপন্ন হইয়া, স্বীয় পুষ্টিলাভার্থ হ্রদস্থ জলকেই যেমন অজ্ঞাতসারে আকর্ষণ করিয়া লয়, সেইরূপ নিরন্তর বিষয়-

আভাস।

করিতে পারে। অর্থাৎ চঞ্চল জলে প্রতিবিম্বিত চন্দ্রের যেমন চাঞ্চল্য পরিদৃষ্ট হয়, সেইরূপ বিচারদৃষ্টিতে আবার স্থির চন্দ্রের চঞ্চল প্রতিবম্ব দর্শনে, জলের চাঞ্চল্যও বিচারে নির্ণয় করিয়া থাকে। দর্পণে প্রতিবিম্ব দর্শন করিলে, দর্পণের স্বচ্ছতা বা মলিন ভাবেরও পরিচয় লোচন যেমন বিলক্ষণ অবধারণ করিয়া থাকে, সেইরূপ উপাধির দ্বারাই আবার অন্য উপাধির ভাল মন্দ ভাব বিশেষরূপে অবধারিত হইয়া থাকে। অতএব চৈতন্যস্বরূপ জীবের প্রথম উপাধিস্থানীয় বিবেকের সাহায্যে অন্যান্য নিকৃষ্ট উপাধি দেহ বা ইন্দ্রিয়াদির উৎকর্ষ বা অপকর্ষ অনায়াসে যে বিচারিত হইবে, তাহাতে আর সন্দেহ কি? বিবেক কেবল বিচার করিয়াই যে ক্ষান্ত হয়, তাহা নহে; বিবেক উপাধির কারণ অজ্ঞানকে নিরূপণ করত, কতকরেণু নির্ম্মালি যেমন জলের মালিন্য অপসারিত করত নিজেও অপসৃত হইয়া যায়, সেইরূপ বিবেকও নিজে আর উপাধিরূপে বিদ্যমান না থাকিয়া, জীবস্বরূপের উদ্ভাসন করিয়া দেয়। সর্ব্ব প্রকার উপাধির অপগমে, বিশুদ্ধ জীব সর্ব্বাশ্রয়ভূত পরমানন্দস্বরূপ পরমাত্মাতে আশ্রিত থাকিয়া, আনন্দময় চৈতন্যঘন পরম পুরুষের ষড়ৈশ্বর্য্য ও মাধুর্য্যাদি অপরোক্ষভাবে অনুভব করে ॥ ২৭ ॥

আত্মাতিরিক্ত যে কোন পদার্থে আসক্ত হইলেই সংসার যে অনিবার্য্য, তাহারই কারণ নির্ণয়ার্থ চারিটী শ্লোকে প্রকাশ করিয়াছেন যে, আসক্তি যেমন সংসারকে আনয়ন করে, আসক্তির অভ্যাসও সংসারকারণ হয়, সন্দেহ নাই। কারণ সমক্ষে বস্তু উপস্থিত না থাকিলেও তাহাতে আনুরক্তির সংস্কার বস্তুকে কল্পনা করিয়াও আসক্তির পরিচয় প্রদান করিয়া থাকে। উক্ত আছে যে, "বনেঽপি দোষাঃ প্রভবন্তি রাগিণাং, গৃহেষু পঞ্চেন্দ্রিয়সংযমং তপঃ। অকুৎসিতে কর্ম্মণি যঃ প্রবর্ত্ততে, নিবৃত্তরাগস্য গৃহং তপোবনং" ॥ বিষয়ের আসক্তি পরি-

চেতনাং হরতে বুদ্ধেঃ স্তম্বস্তোয়মিব হ্রদাৎ ॥ ২৮ ॥
ভ্রশ্যত্যনুস্মৃতিশ্চিত্তং জ্ঞানভ্রংশঃ স্মৃতিক্ষয়ে।

অন্বয়ঃ।

মুঞ্জাদিঃ, হ্রদাৎ তোয়ং ইব বুদ্ধেঃ চেতনাং হরতি ॥ ২৮ ॥

চিত্তং চেতনাং অনু (চেতনায়াং অপহৃতায়াং সত্যাং পূর্ব্বাপরানুসন্ধানলক্ষণা) স্মৃতিঃ

শ্রীধরস্বামী।

তৈশ্চ মন আক্ষিপ্যতে বিষয়াসক্তিং প্রাপ্যতে। তচ্চ বুদ্ধেঃ সকাশাৎ তদ্ধর্ম্ম চেতনাং বিচার-সামর্থ্যং হরতি। এতচ্চাবিবেকিনা ন লক্ষ্যতে ইতি দৃষ্টান্তেনাহ। তীরজঃ কুশাদিস্তম্বো যথা মূলৈঃ তোয়ং হ্রদাদপহরতি তদ্বৎ ॥ ২৮ ॥

চিত্তং চেতনামনু তস্যামপহৃতায়াং স্মৃতিঃ পূর্ব্বাপরানুসন্ধানং ভ্রশ্যতি এবং তদ্বোধং জ্ঞান-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবতি। তচ্চ বুদ্ধেশ্চেতনাং বিচারসামর্থ্যং হরতে। অলক্ষিতহরণে দৃষ্টান্তঃ। স্তম্বঃ কুশাদিগুচ্ছ স্তীরজঃ স্বমূলৈ স্তোয়ং হ্রদাদপহরতি তদ্বৎ ॥ ২৮ ॥

ততশ্চ চিত্তং চেতনামনু তস্যামপহৃতায়াং সত্যাং স্মৃতিঃ পূর্ব্বাপরানুসন্ধানং ভ্রশ্যতি।

চিন্তায় নিবিষ্টচিত্ত পুরুষের মন বিষয়াকৃষ্ট ইন্দ্রিয়ের দ্বারা আকৃষ্ট হইয়া, অবিবেকীর বুদ্ধিস্থ চেতনাকে তাহার অজ্ঞাতসারে হরণ করিয়া থাকে ॥ ২৮ ॥

চেতনার অপহরণে স্মৃতি বিলুপ্ত হইয়া যায়; তখন পূর্ব্বাপরানুসন্ধানের

আভাস।

ত্যাগ করিবার মানসে সংসারধর্ম্ম ও গৃহক্ষেত্রাদিতে জলাঞ্জলি দিয়া, বনে গমন করিলেই যে অব্যাহতি লাভ হয়, তাহা নহে। কারণ দেহ বনে যাইলেও মন যদি বনে না যায়, তবে সে বন-গমন নিরর্থক। মন যখন বস্তুর অভাবে কেবল স্বপ্নের সাবকাশ পাইয়াই আসক্তির বাজার প্রসারিত করিয়া, স্বপ্নদর্শীকে মুহূর্ত্তের মধ্যে মহাবিভ্রাটে নিক্ষেপ করত অনন্ত বিষয়কে জ্ঞানগোচর করায় এবং তজ্জন্য সুখ বা দুঃখের গভীর গহ্বরে নিপাতিত করে, তখন উপদ্রবশূন্য বনে গমনকারী জীবকে কল্পনার জাল বিস্তার করত পূর্ব্ব সংসারকে যে দ্বিগুণিত করিবে, তাহাতে আর বিচিত্র কি? অতএব মনের নিবৃত্তিই পরম শান্তির কারণ; গৃহে বসতি করত যদি মনের নিবৃত্তি করা যায়, তবে তাহাকেই তপোবন বলা যাইতে পারে। নতুবা বিষয়ের আকর্ষণে চিত্ত আকৃষ্ট হইলে, জীবের হিতাহিত বিচার করিবার সামর্থ্য বিলুপ্ত হইয়া যায়। যেমন হ্রদের অন্তরে জাত স্তম্ব এবং কুশাদি হ্রদের জল গ্রহণেই পুষ্টিলাভ করে, তদ্রূপ চিত্তে উদ্গত বিষয়বাসনা চিত্তের চেতনা হরণেই নিজেরা লব্ধপ্রতিষ্ঠ হইয়া থাকে। বিষয়াভিমুখে চিত্তের স্রোত ধাবিত হইয়া, স্বনিষ্ঠ প্রশান্ত চৈতন্যস্বরূপের আভাসনে পরাঙ্মুখ হয়। তখন তটস্থ পাদপচ্ছায়ায় প্রতিবিম্বিত তটিনীর ন্যায়, জীবের চিত্তসরোবর বাসনার ছায়াতেই সমাচ্ছন্ন হইয়া, আত্মস্বরূপের গোপন করে ॥ ২৮ ॥

তদ্রোধং কবয়ঃ প্রাহুরাত্মাপহ্নবমাত্মনঃ ।। ২৯ ।।
নাতঃ পরতরো লোকে পুংসঃ স্বার্থব্যতিক্রমঃ ।

অন্বয়ঃ।

ভ্রশ্যতি। স্মৃতিক্ষয়ে সতি জ্ঞানভ্রংশঃ ভবতি। তদ্রোধং (তস্য স্বরূপজ্ঞানস্য রোধং ভ্রংশং) এব আত্মনঃ সকাশাৎ আত্মাপহ্নবং (আত্মনঃ স্বস্য অপহ্নবং নাশং ইতি) কবয়ঃ বিবেকিনঃ, প্রাহুঃ ।। ২৯ ।।

যদধি যং অধিকৃত্য, অন্যস্য বধূবস্ত্রাদেঃ বিষয়জাতস্য, প্রেয়স্ত্বং প্রিয়তমত্বং, তস্য আত্মনঃ

শ্রীধরস্বামী।

ভ্রংশং আত্মন এব হেতো রাত্মনোঽপহ্নবং নাশং প্রাহুঃ ।। ২৯ ।।

যদধি যমধিকৃত্য অন্যস্য বিষয়স্য প্রিয়তমত্বং। আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং তদ্রোধং জ্ঞানভ্রংশং আত্মন এব হেতোরাত্মনোঽপহ্নবং নাশং প্রাহুঃ ।। ২৯ ।।

যদ্যস্মাৎ আত্মনঃ সকাশাৎ অন্যস্য দেহাদেঃ প্রেয়স্ত্বং কীদৃশং অধি অধিকং যস্মা ন বিদ্যতে ধীঃ পরামর্শো যত্র তৎ। তচ্চ স্বেনৈব স্বতএব যো ব্যতিক্রমস্তস্মাৎ নত্বন্যদত্র কারণমস্তীত্যর্থঃ। জীবস্য তস্যাবিদ্যাসংসর্গোঽনাদি র্যাদৃচ্ছিক এবেতি প্রাক্ প্রতিপাদিতং।

অভাবে জ্ঞানও বিনষ্টপ্রায় হয়। জীবের এই প্রকারে স্বরূপজ্ঞানের অবরোধকেই তাহার আত্মবিনাশ বলিয়া কবিগণ উল্লেখ করিয়াছেন ।। ২৯ ।।

হে নরনাথ! এই আত্মস্বরূপের প্রেম-নিবন্ধন জীবের অন্যান্য কামিনী কাঞ্চনাদির প্রতি প্রেম জন্মে; সুতরাং সেই আত্মস্বরূপের অপহরণে জীবের

আভাস।

হিতাহিত বিচারের অভাবে, কে আমি? কি নিমিত্ত আগমন করিয়াছি? আসিয়াই বা কি করিলাম? কোন্ অপূর্ব্ব কারণের বশবর্ত্তী হইয়া আসিয়াছি এবং কোথায়ই বা গমন করিব? ইত্যাদি পূর্ব্বপরানুসন্ধানরূপা স্মৃতির আর উদ্রেক থাকে না। জপাসন্নিহিত রক্তাভ স্ফটিকের ন্যায়, উপস্থিত বিষয়ে আকৃষ্ট হইয়া, জীবহৃদয় তদাকারেই বিমোহিত থাকে। অতএব জীব নিজের দোষে স্বীয় চৈতন্যস্বরূপ বিবেককে হারাইয়া বিনষ্ট হয়; এইরূপই বিবেকিগণ বর্ণন করিয়া থাকেন ।। ২৯ ।।

মানব অবশ্য বধূবস্ত্রাদি ও ক্ষেত্রবিত্তাদি বিবিধ বিষয়কে প্রেম করে বটে, কিন্তু সে প্রেম বস্তুর অনুরোধে নহে; কেহ কখন স্ত্রীকে বা ধনকে স্ত্রী বা ধনের অনুরোধে প্রেম করে না; সমস্তই আপনার অনুরোধে। নিজের সুখ সচ্ছন্দতার আনুকূল্য যে পদার্থে হয়, বা হইবার সম্ভাবনা থাকে, সেই সেই পদার্থে তাহার প্রেম জন্মে; নিজের উপকারী না হইলে, দুর্ল্লভ পদার্থে বীতরাগ, অথচ উপকারী হইলে, অতি সুলভ পদার্থেও বিশেষ প্রেম সর্ব্বদাই জন্মিয়া থাকে। এতদ্দ্বারা স্পষ্টই প্রতীত হয় যে, জগতের প্রেম নিজের জীবন বা দেহের

যদধ্যান্যস্য প্রেয়ন্ত্বমাত্মনঃ স্বব্যতিক্রমাৎ ॥ ৩০ ॥
অর্থেন্দ্রিয়ার্থাভিধ্যানং সর্ব্বার্থাপহ্নবোনৃণাং।

অন্বয়ঃ।

স্বব্যতিক্রমাৎ (স্বেনৈব ব্যতিক্রমঃ অপলাপঃ তস্মাৎ) স্বার্থব্যতিক্রমঃ (স্বার্থস্য ব্যতিক্রমঃ বিনাশঃ) অতঃ পরতরঃ অন্যঃ, স্বার্থনাশঃ লোকে পুংসঃ ন অস্তি ॥ ৩০ ॥

অর্থেন্দ্রিয়ার্থাভিধ্যানং (অর্থস্য ধনাদেঃ ইন্দ্রিয়ার্থস্য রূপরসাদেঃ কামস্য চ অভিধ্যানং এব) নৃণাং সর্ব্বার্থাপহ্নবঃ (সর্ব্বে অর্থাঃ যস্মৈ সঃ সর্ব্বার্থঃ আত্মা তস্য অপহ্নবঃ অপলাপ-

শ্রীধরস্বামী।

শ্রুতেঃ। তস্যাত্মনঃ স্বেনৈব যো ব্যতিক্রমঃ অপহ্নবঃ তস্মাদ্যঃ স্বার্থনাশঃ অতঃ পরতরঃ স্বার্থনাশো নাস্তি ॥ ৩০ ॥

কুত ইত্যত আহ। অর্থস্য ইন্দ্রিয়ার্থঃ কামস্তস্য চাভিধ্যানং সর্ব্বার্থনাশঃ। জ্ঞানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাজ্জীবাশ্রয়কঃ পরমাত্মবিষয়কঃ প্রীত্যতিশয়ো যুজ্যতে। তদর্থং ভক্তিরেব কর্ত্তুমুচিতেতি ভাবঃ ॥ ৩০ ॥

যত্তু অর্থস্য ধনস্য ইন্দ্রিয়ার্থানাং বিষয়াণাঞ্চ ধ্যানং তদেব সর্ব্বার্থনাশঃ। যেনাভিধ্যানেন

যেরূপ অনিষ্ট সাধিত হয়, জগতে তদপেক্ষা অধিক অনিষ্ট অন্য কিছুতেই আছে বলিয়া অনুমিত হইতে পারে না ॥ ৩০ ॥

কেবল ধনাদি ভোগ্যবিষয় এবং তদনুকূল কামনার চিন্তায় জীবের প্রকৃত পরমার্থের ব্যাঘাত ঘটে; এবং শাস্ত্রোত্থ জ্ঞান এবং আত্মসাক্ষাৎকার বিলুপ্ত

আভাস।

অনুরোধে মাত্র। আবার দেহের প্রেম অর্থাৎ দেহকে সুস্থ বা বলিষ্ঠ করিবার ইচ্ছা তদন্তরস্থ আমিস্বরূপের অনুরোধে মাত্র। অতএব আমিভাব জগতের মধ্যে প্রধান প্রেমের সামগ্রী সন্দেহ নাই। সুতরাং সমগ্র জগৎ যদি এক প্রেমময় আমিভাবের অনুরোধে এত প্রিয় বলিয়া বোধ হয়, তবে তিনি কত প্রিয়? যাঁহার অনুরোধে এই অনন্ত জীবের আমিভাব এবং তদনুরোধে এই বিশ্ব ব্রহ্মাণ্ডও এইরূপ প্রীতিপ্রদ ও সরস বলিয়া বোধ হইতেছে। সূর্য্যের আলোকে যেমন দর্পণ ও পার্শ্ববর্ত্তী ভূমি আলোকিত হইলেও, দর্পণের গুণে তথায় প্রতিবিম্বিত, অন্যকে আলোকদানে সূর্য্যদেব কেবল প্রতিভাসিত করেন মাত্র, সেইরূপ দর্পণস্থানীয় জীবের চিত্তে চেতনাদানে প্রতিবিম্বিতের ন্যায়, অন্যত্র কেবল আনন্দ ও সত্তা প্রদানে নিত্য বিরাজমান পরমপুরুষের শরণলাভার্থ ভক্তি করাই জীবের প্রধান পুরুষার্থ, সন্দেহ নাই। তিনিই পরম প্রেমের প্রকৃত পাত্র ॥ ৩০ ॥

দুইটী বিজাতীয় পদার্থকে বহুকাল একত্র রাখিলে, কালক্রমে উক্ত উভয়ের মধ্যে ক্ষুদ্রতমটী অন্য বৃহত্তম পদার্থের ভাবে পরিণত হয়; ইহা একটী স্বতঃসিদ্ধ নৈসর্গিক নিয়ম।

ভ্রংশিতো জ্ঞানবিজ্ঞানাদ্‌যেনাবিশতি মুখ্যতাং ॥ ৩১ ॥
ন কুর্য্যাৎ কর্হিচিৎ সঙ্গং তমস্তীব্রং তিতীরিষুঃ।
ধর্ম্মার্থকামমোক্ষাণাং যদত্যন্তবিঘাতকং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হেতুঃ। যেন অর্থকামাদিধ্যানেন জ্ঞানবিজ্ঞানাৎ (জ্ঞানং শাস্ত্রোত্থং বিজ্ঞানং আত্মসাক্ষাৎকারঃ তস্মাৎ) ভ্রংশিতঃ সন্ পুমান্ মুখ্যতাং স্থাবরতাং, আবিশতি বৃক্ষাদিযোনিষু জায়তে ॥৩১॥

অতঃ তীব্রং তমঃ সংসারকারণং অজ্ঞানং তিতীরিষুঃ তর্ত্তুং ইচ্ছুঃ পুরুষঃ যৎ ধর্ম্মার্থকামমোক্ষাণাং অত্যন্তবিঘাতকং তস্মিন্ কর্হিচিৎ অপি সঙ্গং আসক্তিং, ন কুর্য্যাৎ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞানঞ্চ পরোক্ষাপরোক্ষং যেন ধ্যানেন মুখ্যতাং স্থাবরতাং ॥ ৩১ ॥

অনাত্মরতেরনর্থহেতুত্বমুক্তং সঙ্গস্যাপ্যাহ নেতি। যদ্বস্তু ধর্ম্মাদীনাং বিঘাতকং। তস্মিন্ সঙ্গং। তমঃ সংসারং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানাৎ বিজ্ঞানাচ্চ ভ্রংশিতো মুখ্যতাং স্থাবরতাং ॥ ৩১ ॥

সঙ্গং ধর্ম্মশাস্ত্রনিষিদ্ধমেব নতু বিষয়াসক্তিমাত্রং নিষিদ্ধেতরবিষয়াসক্তিমতামেব ত্রিবর্গেঽধিকারাদিতি কেচিদাহুঃ। সঙ্গং বিষয়াসক্তিমাত্রমেব। ধর্ম্মাদয়োঽপ্যত্র মোক্ষস্যানুকূলা এব গ্রাহ্যাঃ। ধর্ম্মস্য হ্যাপবর্গস্যেতি ন্যায়েন ইত্যন্যে। যৎ যঃ ॥ ৩২ ॥

হইলে, জীব ক্রমশ অতি নিকৃষ্ট স্থাবরাদি যোনিতে জন্ম গ্রহণ করে ॥ ৩১ ॥

অতএব এই ভীষণ সংসারের মূলীভূত কারণ অজ্ঞানকে অতিক্রম করিতে হইলে, ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষস্বরূপ চতুর্ব্বর্গের সম্পূর্ণ ব্যাঘাতকারী বিষয়াসক্তি হইতে আপনাকে পৃথক্ রাখা জীবের অবশ্য কর্ত্তব্য ॥ ৩২ ॥

আভাস।

অতি কঠিন দৃঢ়তম লৌহ খণ্ডকে মৃত্তিকায় প্রোথিত করিয়া রাখিলে, কালক্রমে তাহা যেমন মৃত্তিকাভাবেই পরিণত হইয়া যায়, সেইরূপ চিত্তকে বহুকাল বিষয়ের সংস্রবে রাখিলে, কালক্রমে সেই বিষয়ের ভাবেই পরিণত হইয়া, স্থাবরত্ব প্রাপ্ত হইয়া থাকে; আবার ভগবানের সংস্রবে বহুকাল অবস্থান করিলে, চৈতন্যঘন আনন্দময় মূর্ত্তিতেই পরিণত হয়, সন্দেহ নাই ॥৩১

আত্মরতির পক্ষে সঙ্গই অনর্থের মূল বলিয়া সর্ব্বশাস্ত্রে অভিহিত হইলেও, প্রথম অধিকারীর পক্ষে ধর্ম্মাদি ত্রিবর্গে আসক্তি করিলে, তত দোষাবহ হয় না। তবে শাস্ত্রে নিষিদ্ধ বিষয়ের প্রতি আসক্তি করা সকলের পক্ষেই অবিধেয়। ধর্ম্মাদি ত্রিবিধ ফল মোক্ষের আনুকূল্য করায়, বর্জ্জনীয় নহে। কিন্তু মোক্ষই পরম পুরুষার্থ; তাহার আর ধ্বংস হয় না; ধর্ম্মাদি ত্রিবর্গের বিনাশ আছে; সুতরাং মোক্ষলাভের উপযোগিতা প্রাপ্ত হইলে, শাস্ত্রবিহিত ধর্ম্মাদির প্রতিও আস্থা প্রদর্শনের প্রয়োজন নাই ॥ ৩২ ॥ ৩৩ ॥

তত্রাপি মোক্ষ এবার্থ আত্যন্তিকতয়েষ্যতে।
ত্রৈবর্গ্যোঽর্থো যতো নিত্যং কৃতান্তভয়সংযুতঃ।। ৩৩।।
পরেঽবরেচ যে ভাবা গুণব্যতিকরাদনু।
ন তেষাং বিদ্যতে ক্ষেমমীশবিধ্বংসিতাশিষাং।। ৩৪।।

অন্বয়ঃ।

তত্র ধর্ম্মাদিচতুর্ষু অপি আত্যন্তিকতয়া সর্ব্বোৎকৃষ্টতয়া, মোক্ষঃ এব অর্থঃ পুরুষার্থঃ, ইষ্যতে ইষ্টো ভবতি। যতঃ যস্মাৎ ত্রৈবর্গ্যঃ ধর্ম্মার্থকামরূপঃ, অর্থঃ নিত্যং কৃতান্তভয়সংযুতঃ কালভয়ব্যাপ্তঃ॥ ৩৩॥

পরে ব্রহ্মাদয়ঃ, অবরে অস্মদাদয়ঃ, চ যে ভাবাঃ প্রাণিনঃ, গুণব্যতিকরাৎ (গুণানাং সত্ত্বাদীনাং ব্যতিকরাৎ গুণপ্রধানভাবেন পরিণামাৎ) অনু পশ্চাৎ, জাতাঃ তেষাং ঈশবিধ্বংসিতাশিষাং (ঈশেন সমর্থেন কালেন বিধ্বংসিতাঃ আশিষঃ ধর্ম্মাদয়ঃ যেষাং তেষাং) ক্ষেমং সুখং ন বিদ্যতে॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

তুল্যবন্নির্দ্দেশাৎ পুরুষার্থসাম্যভ্রান্তিং বারয়তি। তত্রাপীতি। কৃতান্তঃ কালঃ॥ ৩৩॥

ভয়সংযুতত্বমেবাহ। পরে ব্রহ্মাদয়ঃ অবরে অস্মদাদয়ঃ গুণক্ষোভাদনু পশ্চাদ্ভবন্তি। ঈশঃ কালঃ তেন বিধ্বংসিতা আশিষো যেষাং॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি তেষপি মধ্যে ত্রৈবর্গ্যঃ ত্রিবর্গভবঃ॥ ৩৩॥

ভয়সংযুতত্বমেবাহ পরে ব্রহ্মাদয়ঃ অবরে ইন্দ্রাদয়শ্চ যে গুণক্ষোভাদনু পশ্চাদ্ভবন্তি। ঈশঃ কালঃ॥ ৩৪॥

এই ধর্ম্মাদি চতুর্ব্বর্গ ফলের মধ্যে মোক্ষই পরম পুরুষার্থ; কারণ ধর্ম্ম, অর্থ ও কামরূপ অপর ফলত্রয়ে কালভয় নিরন্তরই বিদ্যমান রহিয়াছে।। ৩৩।।

কি ব্রহ্মাদি উৎকৃষ্ট দেবতাগণ! কি নিকৃষ্ট আমাদের ন্যায় জীবনিচয়! সকলেই সত্ত্বাদি গুণত্রয়ের পরিণামে যখন সমুৎপন্ন, তখন সর্ব্বশ্রেষ্ঠ কালের অধীনে থাকিয়া সকলেরই ধর্ম্মাদি ঐশ্বর্য্যের ব্যাঘাত ঘটে, সন্দেহ নাই; সুতরাং ইহাদের সুখ বা শান্তি কেবল কল্পনা মাত্র।। ৩৪।।

আভাস।

ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গই যে কেবল কালভয়ের অন্তর্গত, তাহা নহে; ব্রহ্মাদি লোকপালগণও কালের অধীন। স্মৃতিতে উক্ত আছে, "যে সমর্থা জগত্যস্মিন্ সৃষ্টিসংহারকারকাঃ। তেঽপি কালেন লীয়ন্তে কালোহি বলবত্তরঃ"॥ এই জগতের অন্তর্গত হইয়া যাঁহারা সৃষ্টি বা সংহারাদি কার্য্য সমাধা করিয়া থাকেন, তাঁহারাও কালক্রমে বিলীন হইয়া যান; কালই সকলের উপর আধিপত্য করিয়া থাকেন॥ ৩৪॥

আত্মাতিরিক্ত পদার্থে আসক্তিই অনর্থের মূল; অতএব স্থাবর জঙ্গমাত্মক প্রাণিসমূহের

তত্ত্বং নরেন্দ্র জগতামথ তস্থুষাঞ্চ দেহেন্দ্রিয়াসুধিষণাত্মভিরাবৃতানাং।

অন্বয়ঃ।

(যতঃ আসক্তিরেব দুঃখমূলং) তৎ তস্মাৎ হে নরেন্দ্র! জগতাং জঙ্গমানাং, তস্থুষাং স্থাবরাণাং, দেহেন্দ্রিয়াসুধিষণাত্মভিঃ (দেহঃ শরীরং, ইন্দ্রিয়াণি, অসুঃ প্রাণশ্চ ধিষণা বুদ্ধিঃ, আত্মা অহঙ্কারশ্চ তৈঃ) আবৃতানাং জীবানাং হৃদি ক্ষেত্রবিত্তপতয়া (ক্ষেত্রং দেহেন্দ্রিয়প্রাণাদি

শ্রীধরস্বামী।

যস্মাদনাত্মরতিরনর্থহেতুঃ তত্তস্মাজ্জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরাণাং চ দেহাদিভিঃ আত্মনা অহঙ্কারেণ চাবৃতানাং হৃদি যশ্চকাস্তি প্রকাশতে তমবেহি। কথং সোঽহস্মীতি। সোঽহস্তীতি পাঠে সএবৈকোঽহস্তি ততোঽহন্যদসদিত্যর্থঃ। নন্বু জীবো হৃদি চকাস্তি নাত্ম স্তত্রাহ। ক্ষেত্রবিদং জীবং তপতি নিয়ময়তীতি ক্ষেত্রবিত্তপঃ তস্য ভাবস্তত্তা তয়া অন্তর্যামিরূপেণ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সচ কেবলমোক্ষো ভক্তে গুণভাবেঽপি নির্ভেদব্রহ্মজ্ঞানসিদ্ধ্যা স্যাদিত্যাহ। তত্তস্মাজ্জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরাণাঞ্চ দেহেন্দ্রিয়প্রাণবুদ্ধ্যহঙ্কারৈরাবৃতানাং হৃদি যশ্চকাস্তি প্রকাশতে তং পরমাত্মানমবেহি জানীহি। জ্ঞানপ্রকারমাহ সোঽহস্মীতি। ভানুকিরণস্যাপি ভানুত্বমিব শুদ্ধপরমাত্মকিরণোঽহং পরমাত্মৈব নতু মায়েতি সোঽহস্তীতি পাঠে সএকোঽহস্তি

বিষয়াসক্তিই যখন যাবতীয় অনিষ্টের মূল, তখন হে নরেন্দ্র! স্থাবর-জঙ্গমাত্মক প্রাণিবর্গের দেহ ইন্দ্রিয় প্রাণ মন্ বুদ্ধি ও অহঙ্কারতত্ত্বের আবরণে প্রতীত জীবসমূহের হৃদয়মন্দিরে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত থাকিয়া, দেহেন্দ্রিয় ও প্রাণাদি ষড়্বর্গকে যিনি স্বয়ং অবধারণ করেন ও কার্য্যক্ষেত্রে তাহাদিগকে

আভাস।

দেহাদি ইন্দ্রিয়বর্গের অভ্যন্তরে অহঙ্কারের আবরণে হৃদয়কমল মধ্যে যিনি অন্তর্যামিরূপে নিয়ত বিরাজ করিয়া থাকেন, তাঁহাকে অবধারণ করাই মানবের প্রধান কর্ত্তব্য; কারণ তদতিরিক্ত তাঁহার নিজের অস্তিত্বও আর পৃথক্‌রূপে প্রতীত হয় না; তিনিই জীবের পরমার্থ-স্বরূপ। অর্থাৎ এই শ্লোকে শ্রুত্যুক্ত "তত্ত্বমসি" এই মহাবাক্যের অর্থ স্বরূপত নির্ণয় করিয়াছেন। অর্থাৎ প্রাণিমাত্রের অন্তরে জীবরূপে অবস্থিত পুরুষচৈতন্যই পরমাত্মা। যেমন মহাকাশে উদিত জলদ-পটলের উপর নানা রঙ্গবিশিষ্ট রামধনুর উদয় দর্শনে তরল-মতি বালক কতই আনন্দের প্রকাশ করে, সেইরূপ কূটস্থ চৈতন্যে অধ্যস্ত অন্তঃকরণে অহং-ভাবের আলোচনায় বালমতি সংসারী জীব অস্তি, নাস্তি, সৎ, অসৎ, শুভ, অশুভ ইত্যাদি নানাভাবের কল্পনা করিয়া থাকে। অনন্ত দর্পণে অনন্ত সূর্য্যপ্রতিবিম্ব প্রকাশমান থাকিলেও, আকাশস্থ প্রতিবিম্বদাতা সূর্য্য এক এবং অদ্বিতীয়, সেইরূপ অনন্ত জীবদেহ বিদ্যমান থাকিলেও, আধারভূত পরমচৈতন্য এক ও অদ্বিতীয়। দর্পণ অন্ধকারে নিপতিত থাকিলে, অন্যান্য মৃণ্ময় স্থূল পদার্থ অপেক্ষা কোন অংশে পৃথক্ নহে; সকল পদার্থের ন্যায় অচিক্কণ

যঃ ক্ষেত্রবিত্তপতয়া হৃদি বিষ্বগাবিঃ প্রত্যক্ চকাস্তি ভগবাংস্তমবেহি সোঽস্মি॥ ৩৫

অন্বয়ঃ।

ষড়্‌বর্গং বেত্তি চেতনতয়া জানাতি য জীবঃ তং তপতি প্রেরয়তি, তথা তস্য ভাবঃ তৎ তয়া অন্তর্যামিরূপেণ) যঃ প্রত্যক্ (প্রতি অঞ্চতি গচ্ছতি ইতি প্রত্যক্ বুদ্ধেরপ্যন্তর্ব্বর্ত্তী) বিষক্ সর্ব্ব-ব্যাপী, আবিঃ স্বয়ংপ্রকাশঃ, ভগবান্ চকাস্তি প্রকাশতে, সঃ এব অহং অস্মি ইতি তং ভগবন্তং এব অবেহি জানীহি॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

যদ্বা ক্ষেত্রবিত্তে অহংমমতাস্পদে পাতীতি ক্ষেত্রবিত্তপঃ তেন রূপেণ। জীবস্তু পারতন্ত্র্যান্ন পাতি নমু কর্ম্ম জীবং নিযচ্ছতি ন আবিঃ প্রত্যক্ষঃ তর্হি বুদ্ধির্ন প্রত্যক্ প্রতিলোমং চকাস্তি বুদ্ধিস্ত পরাক্। বিষয়াকারেণ তর্হ্যহঙ্কারঃ। ন বিষক্ ব্যাপকত্বেন; সতু পরিচ্ছিন্নঃ। এবম্ভূতো যো ভগবান্ তমবেহীতি॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নান্য ইত্যর্থঃ। নমু জীবো হৃদি চকাস্তি তত্রাহ বিষক্ সর্ব্বতোভাবেন আবিঃ প্রকটমেব ক্ষেত্রবিদং জীবং তপতি নিয়ময়তীতি ক্ষেত্রবিত্তপ স্তস্য ভাব স্তত্তা তয়া অন্তর্যামিরূপেণেত্যর্থঃ। কীদৃশং চকাস্তি প্রত্যক্ প্রতিলোমং॥ ৩৫॥

প্রেরণ করেন, প্রতিলোম-চিন্তনে যাঁহার সত্তা নিত্য বিদ্যমান ও স্পষ্টত উপ-লব্ধ হয়, যিনি সর্ব্বব্যাপী ও স্বপ্রকাশভাবে নিরন্তর বিরাজ করেন, সেই সর্ব্ব-জীবের অস্তিত্ব-প্রতিপাদক অহংজ্ঞানের অধিনায়ক পরমাত্মস্বরূপ ভগবানকে অবধারণ করুন্!॥ ৩৫॥

আভাস।

ও অজ্ঞাতের ন্যায় নিবিড় অন্ধকারেই পতিত থাকে, সেইরূপ চিত্ত হইতে আরম্ভ হইয়া দেহ পর্য্যন্ত সমগ্র তত্ত্বই জড়ের মধ্যে পরিগণিত; কোনটীতেও চেতনার গন্ধ পর্য্যন্ত অনুভূত হয় না। কিন্তু সূর্য্যের উদয়ে রশ্মিজাল অন্যান্য স্থূল পদার্থকে কেবল আলোকিত করিলেও, দর্পণে আলোক এবং প্রতিবিম্ব উভয় ভাব প্রদানে লোকদৃষ্টিতে অবভাসিত এবং অন্যকে কেবল আলোকিত করিবার সামর্থ্যবিশিষ্ট হইয়াই প্রতিত হয়, সেইরূপ দেহস্থ অন্যান্য তত্ত্ব অপেক্ষা চিত্তে ভগবদ্ভাবের অনুগ্রহে একটী চেতনভাবের বিকাশ হয়, যাহার প্রসাদে প্রতি-বিম্বিত দর্পণের ন্যায়, চিত্ত অহঙ্কারতত্ত্বের উদ্ভাসনে আপনাকে ও অপর তত্ত্বকে অবধারণ করে। এই অবধারণ কার্য্য অন্তঃকরণে আরোপিত হইলেও, মূলত পরমাত্মতত্ত্বের অধ্যস্তভাবের পরিচয় মাত্র। তিনিই অন্তর্যামিরূপে দেহাদি ইন্দ্রিয়বর্গকে কার্য্যকৌশল প্রদান করিতে-ছেন। অন্তঃকরণ হইতে নিম্ন স্তর অর্থাৎ মহৎ, অহঙ্কার, মন, ইন্দ্রিয় ও দেহরূপ তত্ত্বসমূহ যেমন উত্তরোত্তর স্থূলভাবে পরিণত, সেইরূপ পরমাত্মভাবের চেতনা তথায় ক্রমহ্রাসে ততই স্থূলভাবে পরিদৃষ্ট হয় মাত্র। যেমন দর্পণ ও তাহার পার্শ্ববর্ত্তী স্থান যুগপৎ সূর্য্যকিরণে অবস্থিত থাকিলেও, কিরণগ্রহণের ভাব উভয়ে উভয়ভাবে পরিদৃষ্ট হয়, সেইরূপ চিত্ত ও দেহে

যস্মিন্নিদং সদসদাত্মতয়া বিভাতি মায়াবিবেকবিধুতি স্রজিবাহিবুদ্ধিঃ।

অন্বয়ঃ।

যস্মিন্ ভগবতি, ইদং বিশ্বং, সদসদাত্মতয়া উৎকৃষ্টনিকৃষ্টভাবেন, স্থূলসূক্ষ্মতয়া কার্য্যকারণভাবেন চ, মিথ্যাভূতাপি মায়া স্রজি অহিবুদ্ধিঃ ইব বিভাতি বিবেকবিধুতি (বিবেকে সতি অধিষ্ঠানভূতে ভগবজ্জ্ঞানে সতি বিধুতিঃ নিরাসঃ যস্য তৎ তথাভূতং) তং নিত্যমুক্তপরি-

শ্রীধরস্বামী।

স্থাবরজঙ্গমানাং হৃদি চকাস্তি ইত্যুক্তে তেষাং সত্বং তৎসম্বন্ধাদীশ্বরস্য মালিন্যঞ্চ প্রসক্তং নিরাকর্ত্তুমুদ্রিক্তভক্ত্যা তং প্রণমতি। যস্মিন্নিদং বিশ্বং সদসদাত্মতয়া উৎকৃষ্টনিকৃষ্টভাবেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থাবরজঙ্গমাদীনাং হৃদি চকাস্তীত্যুক্তে স্তেষাং পৃথক্ সত্বং তৎসম্বন্ধাদীশ্বরস্যাপি মালিন্যং প্রসক্তং নিরাকুর্ব্বন্ প্রণমতি যস্মিন্নিদং বিশ্বং সদসদাত্মতয়া উৎকৃষ্টনিকৃষ্টভাবেন কার্য্য-কারণভাবেনাবস্থিতং মায়া বিভাতি ; মায়াত্বে হেতুঃ বিবেকেনৈব বিধুতি নিরাকৃতি র্যস্য তৎ। বিবেকশ্চায়ং বিশ্বস্য মায়িকত্বামায়াত্বেন মায়ায়াশ্চ পরমাত্মনো বহিরঙ্গশক্তিত্বাৎ জীবস্যচ

উৎকৃষ্ট-নিকৃষ্ট, স্থূল-সূক্ষ্ম ও কার্য্যকারণভাবে প্রতীয়মান এই মায়াময় বিশ্বব্রহ্মাণ্ড যে সত্যস্বরূপ পরমাত্মাতে সত্যের ন্যায় প্রতিভাত হইতেছে ; কিন্তু রজ্জুতে সর্পভ্রম যেমন বিচক্ষণতা পূর্ব্বক দর্শন করিলে বিনষ্ট হয়, সেইরূপ যে পরম জ্ঞানের সন্দর্শনে ভ্রান্তির অপলোপে এই মায়াময় সংসারভাবও অপসৃত

আভাস।

ভগবদ্ভাব গ্রহণের তারতম্য সুধীগণ বিচারের দ্বারা অবধারণ করিবেন। অতএব জীব অহঙ্কার ও মমতার পরিচয় দিলেও, সেই সমস্ত সামর্থ্যই তাহার আধেয় মাত্র ; পরমাত্মচৈতন্যের অনুগ্রহে তাহারা তদ্বিশিষ্টের ন্যায় পরিচিত হয় ; প্রকৃত প্রস্তাবে উষ্ণ লৌহখণ্ডের স্পর্শে হস্তদাহের ন্যায়, পরমাত্মচৈতন্যের আনুকূল্যে চিত্তাদি যাবতীয় করণগ্রামে কার্য্যকারিতা শক্তির পরিচয় হয় মাত্র। তবে অগ্নি একরূপ হইলেও বাজীকরের কার্য্যকৌশলে গন্ধ, সোরা এবং অন্যান্য লাল নীল প্রভৃতি পদার্থের আশ্রয়ে বিভিন্নরূপে প্রতীত হয়, সেইরূপ বিচিত্র উপাধির আশ্রয়ে, এক চৈতন্য বিভিন্ন বেশে এবং বিচিত্র কর্ম্মকারীর ভাবে প্রতীত হন ; তথাপি বহ্নি নিজের উপাধি (তুপাড় আদি বাজী বস্তুকে) নিঃশেষে দগ্ধ করিয়া, যেমন নিজের স্বরূপ রক্তিমভাবেই বিরাজ করে, সেইরূপ চৈতন্যস্বরূপ পরমাত্মা যাবতীয় উপাধির বিয়োগে স্বরূপেই বিরাজ করেন। বুদ্ধিপ্রভৃতি তত্ত্বগ্রাম পরিচ্ছিন্ন এবং তরল জল যেমন নিরন্তর নিম্ন প্রদেশেই মিশ্রিত হইতে অগ্রসর হয়, সেইরূপ সূক্ষ্ম চিত্তাদি তত্ত্বসমূহ ক্রমান্বয়ে তদপেক্ষা স্থূল তত্ত্বে মিলিত হইতেই অগ্রসর হয়। কিন্তু পরমাত্মচৈতন্য তত্ত্বের পরিণতি অনুসারে কখন পরিণত হন না ; স্থূল হইতে উত্তরোত্তর সূক্ষ্ম তত্ত্বকে অবলম্বন করিয়া তাঁহার অবধারণ করিতে হইবে ॥ ৩৫ ॥

তং নিত্যমুক্তপরিশুদ্ধবিশুদ্ধতত্ত্বং প্রত্যূঢ়কর্ম্মকলিলপ্রকৃতিং প্রপদ্যে ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

শুদ্ধবিশুদ্ধতত্ত্বং (নিত্যং সর্ব্বদা প্রাকৃতধর্ম্মাৎ বিনির্ম্মুক্তং অতঃ পরিশুদ্ধং বিবুদ্ধং তত্ত্বং) অতএব প্রত্যূঢ়কর্ম্মকলিলপ্রকৃতিং (প্রত্যূঢ়া অভিভূতা নিরস্তা কর্ম্মভিঃ কলিলা মলিনা প্রকৃতিঃ যেন তং) তং ভগবন্তং প্রপদ্যে শরণং ব্রজে ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

কার্য্যকারণভাবেন বা মায়ৈব বিভাতি। তং প্রপদ্যে। মায়াত্বে হেতুঃ। বিবেকেন বিধুতি নিরাকৃতি র্যস্য তৎ অজিবেতি বা শব্দো দৃষ্টান্তে নিত্যমুক্তং যতঃ পরিশুদ্ধং তৎকুতঃ বিশুদ্ধ-তত্ত্বং সত্যং অতএব প্রত্যূঢ়া অভিভূতা কর্ম্মভিঃ কলিলা মলিনা প্রকৃতি র্যেন তং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তটস্থশক্তিত্বাৎ শক্তিশক্তিমতোর্ভেদাভাবমননাৎ নির্ভেদাত্মজ্ঞানমেবেতি। অজি অহি-বুদ্ধিবেতি বা শব্দেন বিবর্ত্তবাদিনাং বিবর্ত্তবাদেন বা নির্ভেদাত্মজ্ঞানসিদ্ধিরিতি পরমতঞ্চ দর্শিতং। তং নিত্যমুক্তং। যতঃ পরিশুদ্ধং। তৎ কুতঃ যতোবিশুদ্ধং তত্ত্বং সত্যং প্রত্যূঢ়া অভিভূতা ভবতি কর্ম্মভিঃ কলিলা মলিনা প্রকৃতি র্যস্মাৎ তং প্রপদ্য ইতি প্রপত্তিরূপয়া ভক্ত্যা বিনা মোক্ষো ন ভবেদিতি ভক্তেরঙ্গত্বমভিব্যজ্য গুণভাবো দর্শিতঃ ॥ ৩৬ ॥

হইয়া যায়, সেই নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্যস্বরূপ পরমাত্মতত্ত্বে চিত্ত সমাধান করুন্! তাঁহার শরণাগত হইলে, বহু জন্মার্জ্জিত অনন্ত কর্ম্মস্রোতে মলিন চিত্তও বিশুদ্ধি লাভ করে; সেই দেবদেব পরমপুরুষ জনার্দ্দনে প্রাণ সমর্পণ পূর্ব্বক কৃতার্থতা লাভ করুন্! ॥ ৩৬ ॥

আভাস।

স্থাবরজঙ্গমাত্মক জীবমাত্রেরই অন্তরে পরমাত্মা বিরাজ করেন, এই সর্ব্বজনীন মতে পাছে জীবের ন্যায় পরমাত্মাকেও কর্ম্মাদিতে মলিন বলিয়া নির্ণয় করা হয়, এতদর্থে এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, শুদ্ধাশুদ্ধ ভাব কেবল কল্পনা মাত্র। কারণ একটী রজ্জুতে যেমন সর্পের জ্ঞান করত দর্শনকারা নানা প্রকারে বিব্রত হয়, সেইরূপ সদসৎ স্থূল সূক্ষ্ম ও কার্য্যকারণাত্মক এই অনন্ত জগৎ প্রপঞ্চ এক মায়ার প্রভাবে সেই পরমাত্মস্বরূপেহ অব-ভাসিত হইতেছে। রজ্জুভাব নিরূপিত হইলে, আর সর্পভয় থাকে না; সেইরূপ পরমাত্মভাবের স্বরূপাবধারণে এই সংসার ভাব অপহৃত হয়। শ্রুতি বলিয়াছেন, "মায়াং তু প্রকৃতিং বিদ্যা-ন্মায়িনং তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ"॥ যেমন পুরুষ হইতে তাহার শক্তি পৃথক্ নহে, পরমপুরুষ পরমাত্মা হইতেও তদায়া মায়া কখন ভিন্ন নহেন। মায়ার বিকাশে প্রতিপন্ন জগতে মায়াময় পুরুষের ভান হয় মাত্র; প্রকৃত প্রস্তাবে পুরুষ নির্লিপ্ত; অতএব যাঁহার মায়ায় এই ব্রহ্মাণ্ড মোহিত, তাঁহার শরণ লওয়াই জীবের একান্ত কর্ত্তব্য ॥৩৬॥

গীতাতে উক্ত হইয়াছে, "নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তৎ স্বয়ং যোগ-

যৎপাদপঙ্কজপলাশবিলাসভক্ত্যা কর্ম্মাশয়ং গ্রথিতমুদ্গ্রথয়ন্তি সন্তঃ।

অন্বয়ঃ।

যৎপাদপঙ্কজপলাশবিলাসভক্ত্যা (যস্য ভগবতঃ পাদপঙ্কজয়োঃ পলাশানি অঙ্গুলয়ঃ, তেষাং বিলাসঃ কান্তিঃ তস্য ভক্ত্যা স্মরণেন) সন্তঃ (কর্ম্মভিঃ) গ্রথিতং কর্ম্মাশয়ং হৃদয়গ্রন্থিং অহঙ্কারং

শ্রীধরস্বামী।

তমবেহীতি জ্ঞানমুপদিষ্টং তস্য দুঃখকরত্বেন ভক্তিমুপদিশতি দ্বাভ্যাং। যস্য পাদপঙ্কজযোঃ পলাশানি অঙ্গুলয়ঃ তেষাং বিলাসঃ কান্তিস্তস্য ভক্ত্যা স্মৃত্যা কর্ম্মাশয়ং অহঙ্কাররূপং হৃদয়-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং সা শ্রদ্ধয়েত্যাদিনা ভক্তেঃ প্রাধান্যে জ্ঞানমিশ্রয়া ভক্ত্যা সাধ্যাং মুক্তিসহিতাং শান্তরতিমুক্ত্বা তত্ত্বং নরেন্দ্রেতি শ্লোকদ্বয়েন ভক্তিমিশ্রজ্ঞানসাধ্যাং সাযুজ্যমুক্তিঞ্চ দর্শয়িত্বা তমবেহি সোহস্মীতি পদে স্তস্য শুদ্ধদাস্যভক্ত্যেকস্পৃহস্য তত্রারুচিমভিপ্রেত্য ভক্তেঃ কৈবল্যে শুদ্ধভক্ত্যা তদভীষ্টয়া সাধ্যং প্রেমাণমানুষঙ্গিকমুক্তিকং বদংস্তামেব ভক্তিং সর্ব্ব-থোৎকর্ষয়তি যৎপাদেতি দ্বাভ্যাং। যস্য পাদপঙ্কজয়োঃ পলাশান্যঙ্গুলয় স্তেষাং বিলাসভক্ত্যা বিশেষেণ লাসঃ প্রতিক্ষণবর্দ্ধমানা কান্তি র্যস্যাং তয়া সাধনরূপয়া ভক্ত্যা সাধ্যরূপয়াচ। যদ্বা বিলাসযুক্তয়া ভক্ত্যা বিবিধাদ্ভুতশিল্পয়া অভ্যঞ্জনোদ্বর্ত্তনস্নপনসচাকৃচিক্যপ্রসাধনাদি-

অহো! বিষয়াসক্তি বিসর্জ্জন পূর্ব্বক ইন্দ্রিয়বর্গের গতি নিরোধ করিয়া যতিগণ যে সংসারকারণ অভিমানকে সহজে নিরাকৃত করিতে পারেন না, এবং সাধুগণ কেবল যে বাসুদেবের চরণকমলের অপূর্ব্ব অঙ্গুলিশোভা হৃদয়ে

আভাস।

সংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি"॥ জ্ঞানের অপেক্ষা শ্রেষ্ঠ কিছুই নাই। তত্ত্বকৌমুদীতে উক্ত আছে, "ধর্ম্মেণ গমনমূর্দ্ধং গমনমধস্তাদ্ভবত্যধর্ম্মেণ। জ্ঞানেন চাপবর্গো বিপর্য্যয়াদিষ্যতে বন্ধঃ"॥ ধর্ম্মের দ্বারা ঊর্দ্ধগতি, অধর্ম্মের দ্বারা অধোগতি, জ্ঞানের দ্বারা মুক্তি এবং অজ্ঞানের প্রভাবে জীবের বন্ধন লাভ হইয়া থাকে। কিন্তু জ্ঞানই মোক্ষলাভের এক মাত্র উপায় হইলেও, তাহার প্রাপ্তি নিতান্ত সুগম নহে। কালক্রমে জ্ঞান আপনা হইতেই আপন হৃদয়ে উদয় হইয়া থাকে! এই উদয়ের প্রতি জ্ঞান নিজে কারণ হইতে পারে না। ইহার উদয়ার্থ যাহার প্রতীক্ষা, তাহাকেই ভগবানের প্রতি শ্রদ্ধা বা ভক্তিনামে নির্দ্দিষ্ট করা হইয়াছে। সকল কর্ম্ম ঈশ্বরে সমর্পণ পূর্ব্বক নিরন্তর তাঁহার নিকট প্রেমভিক্ষা করাই মুমুক্ষুর একমাত্র কর্ত্তব্য। ভগবান্ বলিয়াছেন, "ভক্ত্যা লভ্য স্ত্বনন্যয়া" অনন্যা ভক্তি দ্বারাই জীব মোক্ষ লাভ করিয়া থাকে। কিন্তু সে ভক্তিও সহেতুক নহে। জ্ঞানমিশ্রা ভক্তিই উপাদেয়। যে ভক্তিতে কোনরূপ স্বার্থের গন্ধ থাকে, সে ভক্তিতে ভগবৎপ্রাপ্তি ঘটে না; সুতরাং মুক্তিও দূর পরাহত। অতএব ভগবৎস্বরূপের সম্যক্ অবধারণে চিত্তকে নিশ্চিন্ত করত, সংসারের সকল আশার স্রোত যখন ভগবৎস্বরূপ নিস্তরঙ্গ চিদানন্দ-জলধিতে আত্মহারা হইবে, তখনই

তদ্বদরিক্তমতয়ো যতয়ো নিরুদ্ধস্রোতোগণাস্তমরণং ভজ বাসুদেবং ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

উদ্‌গ্রথয়ন্তি বিশুদ্ধং কুর্ব্বন্তি, তদ্বৎ সুখেন রিক্তমতয়ঃ (রিক্তা নির্বিষয়া মতিঃ যেষাং তে) নিরুদ্ধস্রোতোগণাঃ (নিরুদ্ধঃ স্রোতসাং ইন্দ্রিয়াণাং গণঃ বর্গঃ যৈঃ তে) যতয়ঃ অপি ন উদ্‌গ্রথয়ন্তি তং বাসুদেবং, অরণং শরণং, ভজ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

গ্রন্থিং কর্ম্মভিরেব গ্রথিতং। রিক্তা নির্ব্বিষয়া মতি র্যেষাং। নিরুদ্ধঃ প্রত্যাহৃতঃ স্রোতোগণঃ ইন্দ্রিয়বর্গো যৈঃ। অরণং শরণং ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপর্য্যয়া। যদ্বা। অঙ্গুলীনাং বিলাসঃ কান্তি স্তস্য ভক্ত্যা স্মৃত্যাপীত্যর্থঃ। কর্ম্মাশয়ং কর্ম্ম-বাসনাময়মহঙ্কারং গ্রথিতং। যেনৈব স্বকর্ম্মণা তদ্বিপরীতেন ভগবংকর্ম্মণা উদ্গ্রথয়ন্তি। সন্তো বৈষ্ণবাঃ তদ্বং যতয়ঃ সন্ন্যাসিনো ন কুতঃ। রিক্তা নির্বিষয়া অবিদ্যমানা মতির্যেষাং তে রিক্তধনা ইব নির্বুদ্ধয়োঽসন্তশ্চেত্যর্থঃ। সন্তস্ত ভগবদ্বিষয়মতয়ঃ সুবুদ্ধয় এবেতি ভাবঃ। নিরুদ্ধো নদ্যাদেঃ স্রোতসামিবেন্দ্রিয়াণাং গণো যৈঃ। নহি স্রোতাংসি নিরোদ্ধুং শক্যানি ভবন্তীতি নির্বুদ্ধিত্বচিহ্নমেতদেবেতি ভাবঃ। সন্তস্ত ভগবংসৌন্দর্য্যামৃতাদিষু প্রসারিত-চক্ষুরাদীন্দ্রিয়গণাঃ সুধিয়ঃ সুখিনশ্চেতি ভাবঃ। তং অরণং শরণং বসুদেবনন্দনং ভজ। শ্লেষেণ অরণং নিঃসংগ্রামমেব অন্যথা তব ইন্দ্রিয়ৈঃ সহ সংগ্রামো ভবিষ্যতি তত্র চ ত্বমেব পরাভূতো ভবিষ্যসীতি ভাবঃ ॥ ৩৭ ॥

ধারণা করিয়াই হৃদয়ের গ্রন্থীভূত অহঙ্কারকে অনায়াসে উন্মূলিত করিতে পারেন, তাহা সর্ব্বশাস্ত্র প্রসিদ্ধ। অতএব হে মহারাজ! আপনি সর্ব্বান্তঃকরণে সেই বাসুদেবেরই চরণে শরণাগত হউন্! ॥ ৩৭ ॥

আভাস।

জীবের মুক্তি লাভ হইয়া থাকে। এই নিমিত্ত গ্রন্থকার দুরারাধ্য জ্ঞানপ্রাপ্তির সুগম উপায়-রূপে ভক্তিরই উৎকর্ষ খ্যাপন করিয়াছেন। এ ভক্তি কোন স্বার্থের অনুরোধে নহে। ভগবৎস্বরূপের জ্ঞানই এই ভক্তি প্রদান করিয়া থাকে। ভগবানের ভাব ভক্তসন্নিধানে নিরন্তর এরূপ অভিনব বেশে প্রতীত হয় যে, সেই ভাবে বিস্মিতের ন্যায় অবস্থান করা ব্যতীত, ভক্তের হৃদয় ক্ষণকালের জন্য তাহা বিস্মৃত হইয়া ভাবান্তরের চিন্তায় অগ্রসর হইতে পারে না। বরং তাঁহার পূর্ব্বসঞ্চিত কর্ম্মবাসনা এই প্রবল ভগবংস্বরূপের আলোচনায় নির্ম্মূলিত হইয়া যায়। শ্রুতিতে উক্ত আছে, "ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাপরে" ॥ শ্রীহরিকে হৃদয়মন্দিরে অবলোকন করিলে, হৃদয়ের কর্ম্মবাসনারূপ অহঙ্কার, সত্যানৃত সংশয় এবং সঞ্চিত যাবতীয় কর্ম্মই বিনষ্ট হইয়া যায়। এস্থলে পরমাত্মস্বরূপের অপরোক্ষানুভূতিতে যে সকল ফলের উল্লেখ আছে, সেই সমস্তের প্রাপ্তিই ব্রহ্মজ্ঞানী বা মুক্তপুরুষের লক্ষণ বলিয়া স্বীকার করা হইয়াছে। বিশেষত

কৃচ্ছ্রো মহানিহ ভবার্ণবমপ্লবেশাং ষড়্‌বর্গনক্রমসুখেন তিতীর্ষয়ন্তি।

অন্বয়ঃ।

ষড়্‌বর্গনক্রং (ইন্দ্রিয়নামা ষড়্‌বর্গাঃ নক্রাঃ গ্রাহাঃ যস্মিন্ তৎ) অপ্লবেশাং (ন প্লবঃ তরণে হেতুঃ ঈট্ ঈশঃ যেষাং তেষাং) ভবার্ণবং অসুখেন (নাস্তি সুখং যস্মিন্ তদসুখং যমাদ্যষ্টাঙ্গ-যোগসাধনং তেন) যে তিতীর্ষয়ন্তি তিতীর্ষন্তি তর্ত্তুং ইচ্ছন্তি তেষাং ইহ সাধনদশায়াং মহান্

শ্রীধরস্বামী।

নন্থ ব্রহ্মবিদাপ্নোতি পরমিতি শ্রুতেঃ। কথং যতয়ো নোদ্ধ্য়ন্তীত্যুচ্যতে তত্রাহ কৃচ্ছ্র ইতি। অপ্লবেশাং ন প্লবস্তরণে হেতুঃ ঈট্ ঈশো যেষাং তেষাং মহান্ ইহ তরণে কৃচ্ছ্রঃ ক্লেশঃ তে হি অসুখেন যোগাদিনা ইন্দ্রিয়ষড়্‌বর্গগ্রাহং ভবার্ণবং তিতীর্ষন্তি। তত্তস্মাদুডুপং প্লবং দুস্তরার্ণব-

শ্রী বিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈর্যতিভিঃ সংসারতরণং ন সুকরমিত্যাহ কৃচ্ছ্র ইতি অপ্লবেশাং ন প্লবস্তরণহেতুঃ ইট্ সমর্থঃ ঈশো হরির্বা যেষাং তেষাং মহান্ ইহ কৃচ্ছ্রঃ ক্লেশঃ। যত ইন্দ্রিয়ষড়্‌বর্গনক্রং ভবার্ণবং অসুখেন তর্ত্তুমিচ্ছন্তি নতু তরন্তীত্যর্থঃ। যদি কামাদিতরঙ্গৈর্ন হন্যমানঃ ষড়িন্দ্রিয়-নক্রৈশ্চ ন চর্ব্যমাণঃ স্বয়ঞ্চ বলিষ্ঠঃ শ্রান্তোঽপ্যনলসঃ স্যাৎ তদা জ্ঞানবৈরাগ্যাভ্যাং দোর্ভ্যাং চিরেণৈব কথঞ্চিদেব তেষাং মধ্যে কোঽপি কষ্টেনৈব তরতীতি ভাবঃ। তস্মাত্ত্বং হরেরঙ্ঘ্রিং

হে নরনাথ! এই সংসারে সুখের লেশ মাত্র নাই; ষড়্‌বর্গ ইন্দ্রিয়নিচয় কুম্ভীরবেশে এই সংসার-সমুদ্রে নিরন্তর বিচরণ করিতেছে। যাঁহারা কেবল যমাদি অষ্টাঙ্গ যোগসাধনের দ্বারা এই ভীষণ সংসার-জলধিকে অতিক্রম

আভাস।

দেহাদি স্থূল তত্ত্ব হইতে আরম্ভ করিয়া, ক্রমান্বয়ে সূক্ষ্ম চিত্ত পর্য্যন্ত তত্ত্বগ্রামকে পরিত্যাগ করিলে, সর্ব্বান্তে যোগীর চিত্ত বিষয়শূন্য হইয়া পড়ে; কিন্তু ভক্তের চিত্ত কখন অবলম্বন শূন্য নিরাশ্রয় থাকে না। সগুণ ব্রহ্মের ধারণায় অগ্রসর হইয়া, একাগ্রতার গুণে অধিকারী হইলে, ভক্ত অভেদভাবে গুণাতীত পরমব্রহ্মের সাক্ষাৎকার অনায়াসে প্রাপ্ত হইয়া থাকেন। তাঁহাকে কখন নির্বিষয়ক চিন্তায় ক্লেশানুভব করিতে হয় না॥ ৩৭॥

এই ভীষণ দুস্তার সংসার পারাবারকে অতিক্রম করিতে হইলে, তদনুরূপ সুদৃঢ় তরণো-পায়কে আশ্রয় করা কর্ত্তব্য; সামান্য ভেলা অবলম্বনে ইহাকে অতিক্রম করিবার বাসনা করা নিতান্ত অবিধেয়। ভবজলধি-তরণে ভগবৎপাদপদ্মই উৎকৃষ্ট নৌকা; ইহার আশ্রয় ব্যতীত যমনিয়মাদি অষ্টাঙ্গযোগের আশ্রয়ে পারে যাইবার উদ্যম করিলে, বিষম ক্লেশই অনুভব করিতে হয়। কারণ ইন্দ্রিয়রূপ ষড়্‌বর্গ কুম্ভীরবেশে এই সংসার-সমুদ্রের অন্তরে নিরন্তর বিচরণ করিয়া থাকে। যদি কামাদি উত্তাল তরঙ্গজাল যতিকে ক্লেশ না দেয়, মন ও পঞ্চ জ্ঞানে-ন্দ্রিয় স্বরূপ নক্রের করাল কবলে যতি যদি চর্ব্বিত না হন এবং যতি যদি এরূপ বলিষ্ঠ হন যে, সন্তরণ শ্রমে ক্লান্ত না হইয়া জ্ঞান ও বৈরাগ্যরূপ হস্তদ্বয়ের সঞ্চালনে ক্রমান্বয়ে অগ্রসর হইতে পারেন, তবেই তাঁহার ভবপারে গমন সুসিদ্ধ হয়। কিন্তু এরূপ ক্লেশ স্বীকারে

তত্ত্বং হরে র্ভগবতো ভজনীয়মঙ্ঘ্রিং কৃত্বোড়ুপং ব্যসনমুত্তর দুস্তরার্ণং ॥ ৩৮ ॥

মৈত্রেয় উবাচ ॥

স এবং ব্রহ্মপুত্রেণ কুমারেণাত্মমেধসা।

দর্শিতাত্মগতিঃ সম্যক্ প্রশস্যোবাচ তং নৃপঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

কৃচ্ছ্রঃ ক্লেশঃ। তৎ তস্মাৎ ত্বং ভগবতঃ হরেঃ ভজনীয়ং অঙ্ঘ্রিং উড়ুপং প্লবং, কৃত্বা দুস্তরার্ণং দুস্তরার্ণবং ব্যসনং উত্তর ॥ ৩৮ ॥

মৈত্রেয়ঃ উবাচ। আত্মমেধসা (আত্মনি মেধা বুদ্ধিঃ যস্য তেন) ব্রহ্মপুত্রেণ কুমারেণ এবং বর্ণিতপ্রকারেণ সম্যক্ দর্শিতাত্মগতিঃ (দর্শিতা আত্মনঃ গতিঃ তত্ত্বং যস্মৈ সঃ) সঃ নৃপঃ পৃথুঃ সনৎকুমারং প্রশস্য উবাচ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

মিত্যর্থঃ। যদ্বা অর্ণঃ শব্দে সকারাভাব আর্ষঃ দুস্তরোদকরূপং ব্যসনমিত্যর্থঃ ॥ ৩৮ ॥

আত্মমেধসা ব্রহ্মবিদা দর্শিতা আত্মনো গতি স্তত্ত্বং যস্মৈ সঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উড়ুপং প্লবং কৃত্বা ব্যসনং সংসারদুস্তরার্ণবং উত্তর। অত্রোড়ুপং কৃত্বেতি সমাশ্রিতা যে পদপল্লবপ্লবমিতি ত্বৎপাদপোতেন মহৎকৃতেনেত্যাদ্যুক্তে র্হরিপদপ্লবাশ্রয়ণমাত্রেণৈব ভবার্ণবস্য গোবৎসপদপ্রমাণত্বে জাতে তত্তরণে খলু কঃ প্রয়াস ইতি প্লবারোহণং নাশঙ্কনীয়ং ॥ ৩৮ ॥

আত্মমেধসা আত্মবিদা ॥ ৩৯ ॥

করিতে বাসনা করেন, তাঁহারা সর্ব্বাশ্রয়প্রদ ঈশ্বররূপ সুদৃঢ় তরণীর অভাবে সাধন-দশায় বহুবিধ ক্লেশ সহ্য করিয়া থাকেন, সন্দেহ নাই; অতএব আপনি ভগবান্ শ্রীহরির সর্ব্বারাধ্য পদপঙ্কজকেই ভেলারূপে আশ্রয় করিয়া, এই অপার দুস্তার সংসার পারাপারকে অনায়াসে অতিক্রম করুন্ ॥ ৩৮ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! পরমাত্ম-জ্ঞান-সম্পন্ন ব্রহ্মপুত্র সনৎকুমার কর্ত্তৃক উক্তপ্রকারে অভিহিত আত্মজ্ঞানের বিষয় সম্যক্ অবগত হইয়া, মহারাজ পৃথু তাঁহাকে প্রশংসা করত বলিতে লাগিলেন ॥ ৩৯ ॥

পৃথু বলিলেন, হে সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ব্রহ্মন্! সেই দীনবন্ধু ভগবান্ শ্রীহরি আমার প্রতি পূর্ব্বেই যথেষ্ট অনুগ্রহ করিয়াছেন; এবং আপনারা যে আমার

আভাস।

অতিক্রমের অধিকারী অতি বিরল। অতএব হে নরনাথ! তুমি সেই উৎকৃষ্ট কর্ণধারের নৌকাকে আশ্রয় কর! তাঁহার পাদপদ্মরূপ তরণীকে আশ্রয় করিলে, কেবল সহজে পার হওয়া যায়, এমত নহে, সংসারসমুদ্র একটী অতি তুচ্ছ ক্ষুদ্র বৎসপদের পরিমিত সামান্য গর্ত্তের সমতুল্য হইয়া যায়; সুতরাং উত্তরণার্থ কোন উৎকণ্ঠাই আর থাকে না ॥ ৩৮ ॥

রাজোবাচ ।।

কৃতো মেঽনুগ্রহঃ পূর্ব্বং হরিণার্ত্তানুকম্পিনা।

তমাপাদয়িতুং ব্রহ্মন্ ভগবন্ যূয়মাগতাঃ ।। ৪০ ।।

নিষ্পাদিতশ্চ কাৎস্ন্যেন ভগবদ্ভির্ঘৃণালুভিঃ।

সাধূচ্ছিষ্টং হি সর্ব্বং মে আত্মনা সহ কিং দদে ।। ৪১ ।।

অন্বয়ঃ।

রাজা পৃথুঃ উবাচ। হে ব্রহ্মন্! হে ভগবন্! আর্ত্তানুকম্পিনা (আর্ত্তেষু পীড়িতেষু শরণাগতেষু অনুকম্পা যস্য তেন) হরিণা মে মমোপরি পূর্ব্বং এব অনুগ্রহঃ কৃতঃ; তং ভগবৎকৃতং অনুগ্রহং আপাদয়িতুং সম্পাদয়িতুং যূয়ং আগতাঃ ॥ ৪০ ॥

ঘৃণালুভিঃ কৃপালুভিঃ ভগবদ্ভিঃ, সঃ অনুগ্রহঃ, কাৎস্ন্যেন সাকল্যেন, নিষ্পাদিতঃ চ কিন্তু আত্মনা দেহেন, সহ সর্ব্বং রাজ্যাদিকং, সাধূচ্ছিষ্টং (সাধুভিঃ স্বীকৃতং সৎ) যে মহ্যং দত্তং অতঃ ইদানীং কিং দক্ষিণারূপেণ ভবদ্ভ্যো দদে ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মন্নিতি সম্বোধনং প্রাধান্যাদেকস্য যূয়মিত্যুক্তিঃ সর্ব্বান্ প্রতি ॥ ৪০ ॥

আত্মনা দেহেন সহ সর্ব্বং রাজ্যাদিকং সাধূচ্ছিষ্টং সাধুভিঃ স্বীকৃতং সন্মহ্যং প্রসাদত্বেন দত্তং। অতঃ তত্র মম সত্ত্বাভাবাৎ গুরুদক্ষিণার্থং কিং দদে ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মন্নিতি সনৎকুমারস্যৈকস্য প্রাধান্যাৎ যূয়মিতি সর্ব্বান্ প্রত্যুক্তিঃ ॥ ৪০ ॥

গুরুদক্ষিণার্থং দাতুং কিমপি ন পশ্যামীত্যাহ সাধূচ্ছিষ্টমিতি। সাধুভি র্ব্রাহ্মণৈরেব ভৃগ্বাদিভিঃ স্বীয়ং রাজ্যাদিকং প্রসাদীকৃত্য মহ্যং দত্তং কথং পুনর্দাস্যামি পিত্রা দত্তস্য তাম্বূলচর্ব্বিতস্য তস্মৈ প্রতিদানানৌচিত্যাৎ ॥ ৪১ ॥

নিকট উপস্থিত হইয়াছেন, ইহাও কেবল তাঁহার পূর্ব্বপ্রদত্ত অনুগ্রহেরই পরিচয়ে মাত্র, সন্দেহ নাই ।। ৪০ ।।

আপনারাও নিতান্ত সদাশয় এবং করুণাপূর্ণ! আমার প্রতি যথেষ্টই অনুগ্রহ প্রকাশ করিয়াছেন। কিন্তু আমার দেহ ও এই সমগ্র রাজ্যৈশ্বর্য্য, যাহা কিছু দেখিতেছেন! সমস্তই সাধুগণ আমাকে প্রদান করিয়াছেন; তাঁহাদের প্রদত্ত সামগ্রীই আমি ভোগ করিতেছি! ইহাতে আমার বলিবার কিছুই নাই; সুতরাং আমার প্রতি আপনাদের ঈদৃশ অনুগ্রহ প্রকাশরূপ কার্য্যের নিমিত্ত কি যে দক্ষিণাস্বরূপ প্রদান করিব, তাহার কিছুই দেখিতে পাইতেছি না ।। ৪১ ।।

অতএব হে ব্রহ্মন্! ভৃত্য যেমন প্রভুর সন্তোষার্থ প্রভুর সামগ্রীই প্রভুকে

প্রাণা দারাঃ সুতা ব্রহ্মন্ গৃহাশ্চ সপরিচ্ছদাঃ।
রাজ্যং মহী বলং কোষ ইতি সর্ব্বং নিবেদিতং ॥ ৪২ ॥
সৈনাপত্যঞ্চ রাজ্যঞ্চ দণ্ডনেতৃত্বমেবচ।
সর্ব্বলোকাধিপত্যঞ্চ বেদশাস্ত্রবিদর্হতি ॥ ৪৩ ॥
স্বমেব ব্রাহ্মণো ভুঙ্ক্তে স্বং বস্তে স্বং দদাতিচ।
তস্যৈবানুগ্রহেণান্নং ভুঞ্জতে ক্ষত্রিয়াদয়ঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! (অতো ভৃত্যো যথা স্বত্বাভাবেঽপি রাজ্ঞঃ পরিতোষার্থং তদীয়মেব স্রক্‌চন্দনাদিকং তস্মৈ নিবেদ্যতে তথা ময়াপি) প্রাণাঃ দারাঃ সুতাঃ সপরিচ্ছদাঃ গৃহাঃ রাজ্যং মহী বলং কোষঃ ইতি সর্ব্বং ভবদ্ভ্যো নিবেদিতং ॥ ৪২ ॥

সৈনাপত্যং রাজ্যং দণ্ডনেতৃত্বং সর্ব্বলোকাধিপত্যং এব চ বেদশাস্ত্রবিদ্ ব্রাহ্মণঃ এব অর্হতি ॥ ৪৩ ॥

অতঃ ব্রাহ্মণঃ স্বং স্বকীয়ং, এব অন্নাদিকং ভুঙ্ক্তে স্বমেব বস্ত্রাদিকং বস্তে পরিধত্তে, স্বমেব ধনাদিকং দদাতি চ; তস্য ব্রাহ্মনস্য অনুগ্রহেণ এব ক্ষত্রিয়াদয়ঃ অন্নং ভুঞ্জতে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

নহি পিত্রা দত্তং মোদকাদি তস্মৈ দানরূপেণ প্রত্যর্প্যতে নিবেদনন্তু তদীয়স্যৈব সমর্পণং। যথা ভৃত্যো রাজ্ঞে সেবারূপেণ তাম্বূলাদিকমর্পয়তি তথা ময়াপি সর্ব্বং নিবেদিতং স্বীকুরুতেত্যাহ প্রাণা ইতি ॥ ৪২ ॥

আত্মনঃ সত্বাভাবং প্রপঞ্চয়তি সৈনাপত্যঞ্চেতি দ্বাভ্যাং ॥ ৪৩ ॥

বস্তে পরিধত্তে। অন্নমাত্রং কেবলং ভুঞ্জতে নতু দানে স্বতন্ত্রাঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু সাধূনাং রাজ্যাদিষু কথং সত্বং জাতং তত্রাহ প্রাণা ইতি। অশ্বমেধযাগান্তে প্রাণাদিকং সর্ব্বং ময়া পূর্ব্বমেব দত্তং পুনশ্চ তৈর্নির্জ্জোচ্ছিষ্টং মহ্যমেব সমর্পিতমিতি ভাবঃ ॥ ৪২ ॥

ননু সেনাপত্যাদিভিঃ কিং ফলং ব্রাহ্মণস্যেতি তত্রাহ সৈন্যেতি মাস্তু ফলমেতৈ স্তস্য তদপি তস্যৈব দানপাত্রত্বাৎ সএব কৃপয়া গ্রহীতুমর্হতীতি ভাবঃ ॥ ৪৩ ॥

যস্মাদেবং তস্মাৎ স্বমেবেত্যাহ। বস্তে পরিধত্তে ॥ ৪৪ ॥

প্রদান করিয়া থাকে, আমারও সেইরূপ এই রাজ্যৈশ্বর্য্যে কোনরূপ অধিকার না থাকিলেও, আমি আমার প্রাণ, মন, দেহ, গেহ, দারা, পুত্র, রাজ্য, শ্রীঃ, মহী, সৈন্য এবং ধনাদি সমস্তই আপনাদিগকে সমর্পণ করিলাম। ৪২ ।

কারণ সেনা অপত্য রাজ্য দণ্ডনেতৃত্ব এবং সর্ব্বলোকের আধিপত্য পাইবার পাত্র এক বেদশাস্ত্রবিদ্ পণ্ডিতই হইয়া থাকেন ॥ ৪৩ ॥

অতএব ব্রাহ্মণ নিজের অন্নই নিজে ভোজন করেন, নিজের বস্ত্রই নিজে

যৈরীদৃশী ভগবতো গতিরাত্মবাদ একান্ততো নিগমিভিঃ প্রতিপাদিতা নঃ।
তুষ্যন্ত্বদভ্রকরুণাঃ স্বকৃতেন নিত্যং কো নাম তৎপ্রতিকরোতি বিনোদপাত্রং ॥ ৪৫
ত আত্মযোগপতয় আদিরাজেন পূজিতাঃ।

অন্বয়ঃ।

যৈঃ নিগমিভিঃ বেদবিদ্ভিঃ ভবদ্ভিঃ, আত্মবাদে বিচারে, একান্ততঃ নিশ্চয়েন, ঈদৃশী অত্যপূর্ব্বা ভগবতঃ বাসুদেবস্য, গতিঃ তত্ত্বং, নঃ অস্মান্, প্রতিপাদিতা নিরূপিতা, তে নিত্যং অদভ্রকরুণাঃ সম্পূর্ণকৃপাবন্তঃ ভবন্তঃ স্বকৃতেন অস্মদুপকারেণ, তুষ্যন্তু! উদপাত্রং অঞ্জলিং হস্তসংযোজনং বিনা অন্যং কঃ নাম তৎপ্রতিকরোতি তৎকৃতমুপকারং প্রতি স্বয়ং উপকর্ত্তুং শক্নোতি ? ॥ ৪৫ ॥

আদিরাজেন পৃথুনা পূজিতাঃ আত্মযোগপতয়ঃ আত্মজ্ঞানদানসমর্থাঃ, তে সনৎকুমারাদয়ঃ,

শ্রীধরস্বামী।

সত্যপি সত্ত্বে সর্ব্বস্বেনাপি ন গুরোঃ প্রত্যুপকর্ত্তুং শক্যমিত্যাহ যৈরিতি। আত্মবাদে অধ্যাত্মবিচারে একান্ততঃ নিশ্চয়েন নিগমিভি র্বেদবিদ্ভিঃ তে নিত্যমনল্পকরুণাঃ স্বকৃতেনৈব দীনোদ্ধরণকর্ম্মণা তুষ্যন্তু কো নাম তৎকৃতমুপকারং স্বয়মুপকরোতি উদপাত্রমঞ্জলিং বিনা ময়াঞ্জলিরেব তেভ্যো বদ্ধ ইত্যর্থঃ। যদ্বা বিনোদপাত্রং উপহাসাস্পদং প্রত্যুপকারপ্রবৃত্তো জনো জনানামুপহাসাস্পদং ভবেদিত্যর্থঃ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৈষ্কর্ম্ম্যং কর্ম্মভিরপ্যলভ্যং, ভগবৎপদং সাধয়ন্তি তেষাং বৈ মর্ত্ত্যানাং উত কিং অন্যং দুরাপং অস্তি ॥ ২২ ॥

যঃ জন্মান্তরে মহতা কৃচ্ছ্রেণ তপশ্চর্য্যাদিকষ্টেন, ভুবি অস্মিন্ জন্মনি, আপবর্গ্যং মুক্তিসাধনং, মানুষ্যং লব্ধ্বা অপি বিষয়েষু বিষজ্জতে সঃ আত্মধ্রুক্ বত খেদে বঞ্চিতঃ এব ॥

মৈত্রেয়ঃ উবাচ। অমরস্ত্রীষু এবং স্তুবতীষু সতীসু আত্মবিদাং জ্ঞানিনাং, ধূর্য্যঃ শ্রেষ্ঠঃ, অচ্যুতাশ্রয়ঃ ভগবদনন্যশরণঃ, বৈণ্যঃ পৃথুঃ, যং বৈকুণ্ঠলোকং প্রাপ তং এব পতিলোকং, বধূঃ অর্চ্চিঃ, অপি গতা ॥

শ্রীধরস্বামী।

তেষামন্যৎ দেবাদিপদং কিমু দুর্ল্লভং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ২২ ॥

অভক্তং শোচন্তি সবঞ্চিত ইতি যত আত্মনে দ্রুহ্যতি যোঽপবর্গসাধনং মানুষ্যং লব্ধ্বাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৈষ্কর্ম্যরূপং ॥ ২২ ॥ অভক্তং শোচন্তি স বঞ্চিত ইতি ॥

ননু কিং সহমরণপুণ্যলভ্যং পতিলোকং নহি নহি যং লোকং বৈ নিশ্চিতং বৈণ্যঃ প্রাপ আত্মবিদাং ধূর্য্য ইতি ন তস্য প্রাকৃতঃ পতিলোকঃ প্রাপ্ত্যর্হ ইতি ভাবঃ। অচ্যুতাশ্রয় ইতি

বা অপ্রাপ্য থাকিতে পারে?। ২২ ॥

যাহারা পূর্ব্ব পূর্ব্ব জন্মে তপস্যাদির দারুণ ক্লেশ সহ্য করিয়াছে, তাহারা যদি সেই ফলে এই জন্মে জগতে মুক্তিলাভের উৎকৃষ্ট সোপানস্বরূপ অপূর্ব্ব মানবদেহ ধারণ করিয়াও বিষয়-সম্ভোগার্থ অগ্রসর হয়, তবে তাহারাই প্রকৃত আত্মঘাতী এবং জগতে বঞ্চিত হইল, সন্দেহ নাই ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! অমরপত্নীগণ এই প্রকারে প্রশংসা করিলে, জ্ঞানী-জনাগ্রগণনীয় ভগবদ্ভক্ত পৃথু যেমন বৈকুণ্ঠধামে গমন করিলেন, পতিব্রতা অর্চ্চিও স্বামীর অনুসরণে সেই পতির ভোগ্য বৈকুণ্ঠলোকেই গমন করিলেন ॥

ঈদৃশ অলৌকিক কার্য্যকলাপের পরিচয়ে আদিরাজ পৃথু যে একজন পরম ভাগবত, তাহাতে আর সন্দেহ নাই। তাদৃশ বিপুলকীর্ত্তি পৃথুর

ইত্থং ভূতানুভাবোঽসৌ পৃথুঃ স ভগবত্তমঃ।
কীর্ত্তিতং তস্য চরিতমুদ্দামচরিতস্য তে॥
য ইদং সুমহৎ পুণ্যং শ্রদ্ধয়াবহিতঃ পঠেৎ।
শ্রাবয়েচ্ছৃণুয়াদ্বাপি স পৃথোঃ পদবীমিয়াৎ॥ ২৩॥
ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চস্বী রাজন্যো জগতীপতিঃ।
বৈশ্যঃ পঠন্ বিট্‌পতিঃ স্যাৎ শূদ্রঃ সত্তমতামিয়াৎ॥
ত্রিঃ কৃত্ব ইদমাকর্ণ্য নরো নার্য্যথ বাদৃতা।

অন্বয়ঃ।

ইত্থম্ভূতানুভাবঃ (ইত্থম্ভূতঃ অলৌকিকঃ অনুভাবঃ যস্য সঃ) অসৌ ভগবত্তমঃ ভাগবতমুখ্যঃ, এব সঃ পৃথুঃ; উদ্দামচরিতস্য বিপুলকীর্ত্তেঃ, তস্য চরিতং তে তব সন্নিধৌ কীর্ত্তিতং॥

যঃ জনঃ অবহিতঃ সাবধানঃ, সন্ সুমহৎ পুণ্যং পবিত্রং, ইদং আখ্যানং, স্বয়ং পঠেৎ অন্যান্ শ্রাবয়েৎ স্বয়ং বা শৃণুয়াৎ অপি সঃ পৃথোঃ পদবীং বৈকুণ্ঠাখ্যং, স্থানং ইয়াৎ প্রাপ্নুয়াৎ॥ ২৩॥

ব্রাহ্মণঃ এতৎ পঠন্ ব্রহ্মবর্চ্চস্বী ভবেৎ; রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, জগতীপতিঃ স্যাৎ, বৈশ্যঃ পঠন্ বিট্‌পতিঃ (বিশাং বৈশ্যানাং পতিঃ মুখ্যঃ) স্যাৎ শূদ্রঃ সত্তমতাং শ্রেষ্ঠতাং, ইয়াৎ প্রাপ্নুয়াৎ॥

নরঃ বা নারী বা আদৃতঃ শ্রদ্ধাবান্ সন্ ত্রিঃ কৃত্বঃ ত্রীন্ বারান্, ইদং আকর্ণ্য শ্রুত্বা,

শ্রীধরস্বামী।

বিষয়েষ্বাসক্তিং যাতি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাপি সাযুজ্যং লভ্যং। ন কাময়ে নাথেত্যাদি তদীয়প্রার্থনাবিরোধাৎ। অতঃ শ্রীস্বামিচরণৈরেতদধ্যায়ার্থ উক্তঃ। যথা। ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্যসমাধিতঃ। বিমানমাধরুহ্যাথ বৈকুণ্ঠগতিরীর্য্যত ইতি ভক্তভিন্নেষ্বেব পতিলোকস্য বলীয়স্ত্বং জ্ঞেয়ং॥ ২৩॥

চরিত্র আমি তোমার নিকট বর্ণন করিলাম॥

যে ব্যক্তি অতি সাবধানে এবং যত্ন-সহকারে এই সর্ব্বোৎকৃষ্ট পবিত্র পৃথু-চরিত্র স্বয়ং পাঠ বা শ্রবণ করেন, কিম্বা অন্যকে শ্রবণ করান, তিনি পৃথুর লভ্য বৈকুণ্ঠধামে গমন করেন, সন্দেহ নাই॥ ২৩॥

ইহার পাঠে ব্রাহ্মণ ব্রহ্মতেজঃসম্পন্ন হন এবং ক্ষত্রিয় জগৎপতিত্ব লাভ করিয়া থাকেন। বৈশ্য ইহা পাঠ করিয়া, বৈশ্যজনের মধ্যে শ্রেষ্ঠত্ব এবং শূদ্র উৎকৃষ্ট পদলাভ করে, সন্দেহ নাই॥

পুরুষ বা নারী যে কেহ শ্রদ্ধা সহকারে তিন বার এই আখ্যায়িকা শ্রবণ করেন, তিনি কখন অপুত্রক বা নির্ধনী থাকেন না; যথেষ্ট ধন ও সুপুত্র

অপ্রজঃ সুপ্রজতমো নির্ধনোধনবত্তমঃ ॥
অস্পষ্টকীর্ত্তিঃ সুযশা মূর্খো ভবতি পণ্ডিতঃ।
ইদং স্বস্ত্যয়নং পুংসামমঙ্গল্যনিবারণং ॥
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং কলিমলাপহং।
ধর্ম্মার্থকামমোক্ষাণাং সম্যক্ সিদ্ধিমভীপ্সুভিঃ ॥
শ্রদ্ধয়ৈতদনুশ্রাব্যং চতুর্ণাং কারণং পরং।
বিজয়াভিমুখো রাজা শ্রুত্বৈতদভিযাতি যান্ ॥
বলিং তস্মৈ হরন্ত্যগ্রে রাজানঃ পৃথবে যথা ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অপ্রজঃ পুত্রাদিরহিতঃ, সুপ্রজতমঃ বহুপুত্রবান্, নির্ধনঃ ধনসত্তমঃ বহুধনবান্ ভবতি ॥

অস্পষ্টকীর্ত্তিঃ (ন স্পষ্টা কীর্ত্তিঃ যস্য সঃ) সুযশাঃ প্রখ্যাতযশাঃ, মূর্খঃ পণ্ডিতঃ ভবতি। ইদং আখ্যানং পুংসাং অমঙ্গল্যনিবারণং (অমঙ্গল্যস্য দুঃখাদিজনকস্য দোষস্য নিবারণং স্বস্ত্যয়নং কল্যাণকরং ॥

ধন্যং ধনপ্রাপকং, যশস্যং যশঃপ্রাপকং, স্বর্গ্যং স্বর্গপ্রাপকং, কলিমলাপহং কলিমলানি অপহন্তি। ধর্ম্মার্থকামমোক্ষাণাং সিদ্ধিং সম্যক্ অভীপ্সুভিঃ ইচ্ছদ্ভিঃ চতুর্ণাং পরং শ্রেষ্ঠং কারণং এতৎ আখ্যানং শ্রদ্ধয়া অনুশ্রাব্যং শ্রোতব্যং পঠিতব্যং চ ॥

বিজয়াভিমুখঃ রাজা এতৎ শ্রুত্বা যান্ নৃপতীন্ অভিযতি, অগ্রে পৃথবে যথা তথা তস্মৈ তে রাজানঃ বলিং হরন্তি নিবেদয়ন্তি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

বিশাং পশ্বাদীনাং বৈশ্যাদীনাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশাং পশ্বাদীনাং বৈশ্যানাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

লাভে জগতে বিশেষ সুখ অনুভব করেন, সন্দেহ নাই ॥

ইহার দ্বারা লুপ্তকীর্ত্তি ব্যক্তির যশোরাশির প্রখ্যাপন এবং মূর্খের পাণ্ডিত্য প্রকাশ হয়। এই আখ্যান দ্বারা মানবের যাবতীয় দুরিত দূর হইয়া, বিশেষ কল্যাণের সংস্রব ঘটিয়া থাকে ॥

ইহার পাঠে ধন ও যশের প্রাপ্তি হইয়া থাকে এবং কলির দোষ নিবারণে জীব স্বর্গভোগী হইতে পারেন। যাঁহারা ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ফলের প্রার্থনা করেন, তাঁহাদের পক্ষে এই চতুর্ব্বর্গ সাধক পরম মঙ্গলদায়ক উপাখ্যানটী শ্রদ্ধাতিশয়ে শ্রবণ করা বিধেয় ॥

বিজয়-কামনায় রাজা এই পৃথু চরিত্র শ্রবণ করিয়া, যে রাজার অভিমুখে

মুক্তান্যসঙ্গো ভগবত্যমলাং ভক্তিমুদ্বহন্।
বৈণ্যস্য চরিতং পুণ্যং শৃণুয়াৎ শ্রাবয়েৎ পঠেৎ ॥ ২৫ ॥
বৈচিত্রবীর্য্যাভিহিতং মহন্মাহাত্ম্যসূচকং।
অস্মিন্ কৃতমতির্মর্ত্ত্যঃ পার্থবীং গতিমাপ্নুয়াৎ ॥ ২৬ ॥
অনুদিনমিদমাদরেণ শৃণ্বন্ পৃথুচরিতং প্রথয়ন্ বিমুক্তসঙ্গঃ।

অন্বয়ঃ।

মুক্তান্যসঙ্গঃ ত্যক্তফলাভিসন্ধিঃ সন্ ভগবতি অমলাং ভক্তিং উদ্বহন্ নির্ব্বহন্, বৈণ্যস্য পুণ্যং চরিতং শৃণুয়াৎ শ্রাবয়েৎ পঠেৎ চ ॥ ২৫ ॥

হে বৈচিত্রবীর্য্য (বিচিত্রবীর্য্যস্য পুত্র বিদুর) মহন্মাহাত্ম্যসূচকং (মহতো ভগবতঃ মাহাত্ম্যস্য সূচকং ইদং পৃথুচরিতং ময়া) অভিহিতং। অস্মিন্ কৃতমতিঃ মর্ত্ত্যঃ মানবঃ পার্থবীং পৃথুসম্বন্ধিনীং, গতিং আপ্নুয়াৎ ॥ ২৬ ॥

যঃ জনঃ বিমুক্তসঙ্গঃ ফলাভিসন্ধিরহিতঃ, সন্ অনুদিনং নিরন্তরং, আদরেণ ইদং পৃথুচরিতং শৃণ্বন্ প্রথয়ন্ শ্রাবণেন বিস্তারয়ন্ চ ভবতি সঃ মনুষ্যঃ ভবসিন্ধুপোতপাদে (ভবসিন্ধৌ পোতঃ

শ্রীধরস্বামী।

যদ্যপি বহূনি ফলানি ভবন্তি তথাপি মুক্তান্যসঙ্গএব শ্রবণাদি কুর্য্যাৎ ॥ ২৫ ॥

মহতো ভগবতো মাহাত্ম্যসূচকং পার্থবীং পৃথুসম্বন্ধিনীং পার্থিবীমিতিবা পাঠঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমলাং শুদ্ধাং ভক্তিং উদ্বহন্ উদ্বোঢ়ুং মুক্তান্যসঙ্গঃ ত্যক্তান্যফলএব শৃণুয়াৎ ॥ ২৫ ॥

হে বিচিত্রবীর্য্যস্য পুত্র! মহতাং মাহাত্ম্যস্য সূচকং পৃথূপাখ্যানমিদমভিহিতং। পার্থবীং

যাত্রা করিবেন, পৃথুর অগ্রে নিপতিত অন্যান্য রাজার ন্যায়, সকল রাজাই সেই নৃপতির সন্নিধানে পরাজয় স্বীকারে করাদি প্রদান করিয়া থাকে ॥ ২৪ ॥

বিষয়বাসনা পরিহারপূর্ব্বক ভগবান্ নারায়ণে ভক্তি করত এই পৃথুর চরিত্র শ্রবণ, পাঠ ও ব্যাখ্যা করা কর্ত্তব্য ॥ ২৫ ॥

হে বিচিত্রবীর্য্যনন্দন বিদুর! ভগবানের মাহাত্ম্যের পরিচায়ক অপূর্ব্ব পৃথুচরিত্র আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম; ইহাতে যাঁহাদের শ্রদ্ধা ও ভক্তি জন্মে, তাঁহারাও পৃথুসম্বন্ধিনী অনুপমা গতি লাভ করিয়া থাকেন ॥ ২৬ ॥

যে ব্যক্তি সকল বাসনা পরিহার পূর্ব্বক প্রত্যহ আদরাতিশয়ে এই পৃথু-চরিত শ্রবণ ও ব্যাখ্যার দ্বারা জগতে তাহার বিস্তার করেন, তিনি এই ভবসিন্ধু উত্তীর্ণ হইবার উৎকৃষ্ট তরণীস্থানীয় ভগবচ্চরণারবিন্দে পরম প্রীতি লাভ করেন, সন্দেহ নাই ॥ ২৭ ॥

ভগবতি ভবসিন্ধুপোতপাদে সচ নিপুণাং লভতে রতিং মনুষ্যঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

বিজিতাশ্বোঽধিরাজাসীৎ পৃথুপুত্রঃ পৃথুশ্রবাঃ।
যবীয়োভ্যোঽদদাৎ কাষ্ঠা ভ্রাতৃভ্যো ভ্রাতৃবৎসলঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

নৌঃ পাদো যস্য তস্মিন্) ভগবতি নিপুণাং উৎকৃষ্টাং রতিং প্রীতিং, লভতে ॥ ২৭ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। পৃথুশ্রবাঃ মহাযশাঃ, পৃথুপুত্রঃ বিজিতাশ্বঃ অধিরাজা আসীৎ। ভ্রাতৃবৎসলঃ সঃ যবীয়োভ্যঃ কনিষ্ঠেভ্যঃ ভ্রাতৃভ্যঃ কাষ্ঠাঃ দিশঃ, অদদাৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

প্রথয়ন্ কীর্ত্তয়ন্। ভবসিন্ধৌ পোতঃ পাদৌ যস্য ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োবিংশঃ ॥ * ॥

একাদশভিরধ্যায়ৈঃ পৃথোশ্চরিতমীরিতং।
প্রচেতসামথাষ্টাভিস্তন্মধ্যে পঞ্চভিঃ পিতুঃ ॥
চতুর্ব্বিংশে প্রপৌত্রাত্তু পৃথোঃ প্রাচীনবর্হিষঃ।
প্রচেতসাং জনি স্তেভ্যোরুদ্রগীতঞ্চ বর্ণ্যতে ॥ * ॥

অধিরাজ আসীদিত্যর্থঃ। যবীয়োভ্যঃ কনিষ্ঠেভ্যঃ কাষ্ঠা দিশঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথুসম্বন্ধিনীং ॥ ২৬ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
পৃথোঃ প্রপৌত্রাৎ প্রাচীনবর্হিষো যে প্রচেতসঃ।
চতুর্বিংশে রুদ্রগীতং ত আপুরিতি কীর্ত্ত্যতে ॥ * ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদের ত্রয়োবিংশোঽধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, পৃথুর পুত্র মহাযশাঃ বিজিতাশ্ব অধিরাজ হইলেন; ভ্রাতৃগণের উপর বাৎসল্য বশত তিনি কনিষ্ঠ ভ্রাতাগণকে এক একদিকের আধিপত্য প্রদান করিলেন ॥ ১ ॥

আভাস।

চতুর্ব্বিংশ অধ্যায়ে পৃথুর প্রপৌত্র প্রাচীনবর্হি হইতে প্রচেতাদিগের উৎপত্তি ও তাঁহাদের নিমিত্ত রুদ্রগীত বর্ণন ॥

হর্য্যক্ষায়াদিশং প্রাচীং ধূম্রকেশায় দক্ষিণাং।
প্রতীচীং বৃকসংজ্ঞায় তুর্য্যাং দ্রবিণসে বিভুঃ॥ ২॥
অন্তর্দ্ধানগতিং শক্রাল্লব্ধ্বান্তর্দ্ধানসংজ্ঞিতঃ।
অপত্যত্রয়মাধত্ত শিখণ্ডিন্যাং সুসম্মতং॥ ৩॥
পাবকঃ পবমানশ্চ শুচিরিত্যগ্নয়ঃ পুরা।
বশিষ্ঠশাপাদুৎপন্নাঃ পুনর্যোগগতিঙ্গতাঃ॥ ৪॥

অন্বয়ঃ।

হর্য্যক্ষায় প্রাচীং পূর্ব্বাং, দিশং ধূম্রকেশায় দক্ষিণাং, বৃকসঙ্গায় প্রতীচীং পশ্চিমাং, দিশং, তথা দ্রবিণসে তুর্য্যাং চতুর্থীং উত্তরাং দিশং, বিভুঃ বিজিতাশ্বঃ, দদৌ॥ ২॥

শক্রাং অন্তর্দ্ধানগতিং লব্ধ্বা অন্তর্দ্ধানসঙ্গিতঃ সঃ বিজিতাশ্বঃ স্বভার্য্যায়াং শিখণ্ডিন্যাং, সুসম্মতং অপত্যত্রয়ং আধত্ত উৎপাদয়ামাস॥ ৩॥

পুরা বশিষ্ঠশাপাং অগ্নয়ঃ এব পাবকঃ পবমানঃ শুচিঃ চ ইতি অপত্যত্রয়রূপেণ উৎপন্নাঃ সন্তঃ পুনঃ যোগগতিং গতাঃ যোগমার্গেণ বিমুক্তাঃ॥ ৪॥

শ্রীধরস্বামী।

তুর্য্যাং চতুর্থীং॥ ২॥

শক্রাল্লব্ধ্বা পৃথোরশ্বমেধে অশ্ববিজয়াবসরে॥ ৩॥

অপত্যত্রয়মেবাহ পাবক ইতি পুরা যঃ শাপস্তস্মাং মনুষ্যেষু উৎপন্নাঃ সন্তঃ যোগগতিং অগ্নিত্বং প্রাপ্তাঃ॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধিরাজঃ যবীয়োভ্যঃ স্বকনিষ্ঠেভ্যঃ॥ ১॥ ২॥

লব্ধ্বা পিতুরশ্বমেধীয়াশ্ববিজয়াবসরে ইত্যর্থঃ। অন্তর্দ্ধাননামা॥ ৩॥

যোগগতিমগ্নিত্বং॥ ৪॥

তন্মধ্যে পূর্ব্বদিক্‌স্থ দেশসমূহ হর্য্যক্ষকে, দক্ষিণদিকস্থ ধূম্রকেশকে, পশ্চিম দিক্ বৃককে এবং শেষ উত্তর দেশভাগ বিজিতাশ্বকে বিতরণ করিলেন॥ ২॥

পুরন্দরকে পরাজয় করত অশ্ব আনয়ন করায়, যেমন বিজিতাশ্ব নাম প্রাপ্ত হন, আবার বাসবকে নিহত করেন নাই এই নিমিত্ত ইন্দ্র তুষ্ট হইয়া তাঁহাকে স্বীয় বিদ্যা অন্তর্দ্ধান হইবার শক্তি প্রদান করেন; সুতরাং বিজিতাশ্বের অপর নাম অন্তর্দ্ধান। বিজিতাশ্ব স্বীয় পত্নী শিখণ্ডিনীর গর্ভে তিনটী তুল্যগুণবান্ পুত্র উৎপাদন করেন॥ ৩॥

পূর্ব্বে কশ্যপের শাপে বহ্নিত্রয়ই পাবক, পবমান ও শুচি নামে বিজিতাশ্বের তিনজন পুত্ররূপে জন্ম পরিগ্রহ করেন; কিন্তু যোগপথ অবলম্বনে তাঁহারা তিনজনই মুক্তি লাভ করিয়াছেন॥ ৪॥

অন্তর্দ্ধানো নভস্বত্যাং হবির্দ্ধানমবিন্দত।
য ইন্দ্রমশ্বহর্ত্তারং বিদ্বানপি ন জঘ্নিবান্ ॥ ৫ ॥
রাজ্ঞাং বৃত্তিং করাদান-দণ্ড-শুল্কাদি-দারুণাং।
মন্যমানো দীর্ঘসত্রব্যাজেন বিসসর্জ্জ হ ॥ ৬ ॥
তত্রাপি হংসং পুরুষং পরমাত্মানমাত্মদৃক্।

অন্বয়ঃ।

যঃ অন্তর্দ্ধানঃ, অশ্বহর্ত্তারং ইন্দ্রং, বিদ্বান্ জানন্, অপি তং ইন্দ্রং ন জঘ্নিবান্ (সঃ শক্রাৎ লব্ধান্তর্দ্ধানগতিঃ অন্তর্দ্ধানঃ) নভস্বত্যাং ভার্য্যায়াং, হবির্দ্ধানং পুত্রং অবিন্দত অলভত ॥ ৫ ॥

অন্তর্দ্ধানশ্চ করাদানদণ্ডশুল্কাদিভিঃ দারুণাং পরপীড়াত্মিকাং, রাজ্ঞাং বৃত্তিং মন্যমানঃ সঃ অন্তর্দ্ধানঃ দীর্ঘসত্রব্যাজেন তাং বৃত্তিং বিসসর্জ্জ হ ॥ ৬ ॥

তত্র সত্রে অপি আত্মদৃক্ পরমাত্মদর্শী, অন্তর্দ্ধানঃ হংসং শুদ্ধং, ভক্তদুঃখহন্তারং পুরুষং

শ্রীধরস্বামী।

নভস্বত্যাং অন্যস্যাং ভার্য্যায়াং। অন্তর্দ্ধানস্য বিশেষণং য ইতি। এতেন শক্রাদন্তর্দ্ধান-গতিলাভে কারণমুক্তং ॥ ৫ ॥

সচান্তর্দ্ধানো রাজ্ঞাং বৃত্তিং করাদানাদিভিঃ দারুণাং পরপীড়াত্মিকাং মন্যমানো বিসসর্জ্জ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নভস্বত্যামন্যস্যাং ভার্য্যায়াং যোহন্তর্দ্ধানঃ। বিদ্বানপি ন জঘ্নিবানিতি শক্রাদন্তর্দ্ধানগতি-লাভে কারণং ॥ ৫ ॥

যোহন্তর্দ্ধানো রাজ্ঞাং বৃত্তিং বিসসর্জ্জ। কুতঃ করাদানাদিভির্দারুণাং মন্যমানঃ ॥ ৬ ॥

পিতার যজ্ঞে ইন্দ্র অশ্ব অপহরণ পূর্ব্বক পলায়ন করিতেছিলেন, তাহা অবগত হইয়াও বিজিতাশ্ব ইন্দ্রকে পরাজয় করিলেন বটে, কিন্তু তাঁহাকে নিহত করেন নাই; এই নিমিত্ত ইন্দ্র প্রসন্ন হইয়া, তাঁহাকে অন্তর্দ্ধান-বিদ্যা প্রদান করেন; তদবধি তিনি অন্তর্দ্ধান নামে বিখ্যাত হন। এই অন্তর্দ্ধান তাঁহার অপরা পত্নী নভস্বতীর গর্ভে হবির্দ্ধান নামক একটী পুত্র উৎপাদন করিয়াছিলেন ॥ ৫ ॥

পরে প্রজাগণের নিকট হইতে কর গ্রহণ করা এবং তাহাদিগের প্রতি দণ্ড বিধান ও শুল্কাদি গ্রহণ কার্য্যকে রাজার পক্ষে যথেষ্ট দারুণ ও অত্যাচারপূর্ণ বলিয়া মনে করত, বিজিতাশ্ব রাজকার্য্য পরিত্যাগ করত একটী সুদীর্ঘ যজ্ঞের অনুষ্ঠানে উদ্‌যোগী হইলেন ॥ ৬ ॥

সেই পরমাত্মদর্শী মহামনা বিজিতাশ্ব সর্ব্বব্যাপী পরম পুরুষ পরমাত্মাকে

যজংস্তল্লোকতামাপ কুশলেন সমাধিনা ॥
হবির্দ্ধানাদ্ধবির্দ্ধানী বিদুরাসূত ষট্ সুতান্।
বর্হিষদং গয়ং শুক্লং কৃষ্ণং সত্যং জিতব্রতং ॥ ৭ ॥
বর্হিষংস্তু মহাভাগো হাবির্দ্ধানিঃ প্রজাপতিঃ।
ক্রিয়াকাণ্ডেষু নিষ্ণাতো যোগেষুচ কুরূদ্বহ ॥ ৮ ॥
যস্যেদং দেবযজনমনুযজ্ঞং বিতন্বতঃ।

অন্বয়ঃ।

পূর্ণং, পরমাত্মানং ভগবন্তং, যজন্ পূজয়ন্, কুশলেন নিপুণেন, সমাধিনা তল্লোকতাং বৈকুণ্ঠং, আপ প্রাপ্তবান্ ॥

হে বিদুর! হবির্দ্ধানাৎ স্বপত্যুঃ, হবির্দ্ধানী তৎপত্নী, ক্রমেণ বর্হিষদং গয়ং শুক্লং কৃষ্ণং সত্যং জিতব্রতং ইতি ষট্ সুতান অসূত ॥ ৭ ॥

হে কুরূদ্বহ বিদুর! হাবির্দ্ধানিঃ হবির্দ্ধানস্য পুত্রঃ, বর্হিষংস্তু মধ্যে ক্রিয়াকাণ্ডেষু যজ্ঞাদ্যনুষ্ঠানলক্ষণেষু যোগেষু চ নিষ্ণাতঃ কুশলঃ, মহাভাগঃ প্রজাপতিঃ পুণ্যশীলঃ জাতঃ ॥ ৮ ॥

যস্য বর্হিষদঃ অনুযজ্ঞং বিতন্বতঃ (যত্র একো যজ্ঞঃ কৃতঃ তদনন্তরং তৎসমীপ এব যজ্ঞান্তরং

শ্রীধরস্বামী।

হন্তি স্বানাং ক্লেশমিতি হংসস্তং পুরুষং পূর্ণং কুশলং পুণ্যং তদ্রূপেণ সমাধিনা ॥ ৭ ॥

হাবির্দ্ধানিঃ হবির্দ্ধানস্য পুত্রঃ। যোগেষু প্রাণায়ামাদিষু ॥ ৮ ॥

ক্রিয়াকাণ্ডে নিষ্ণাতত্বমাহ যস্যেতি। ইদং বসুধাতলং দেবযজনং যজ্ঞবাটং বিতন্বতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি দীর্ঘসত্রেঽপি কর্ম্মকুর্ব্বন্নপি হংসাবতারং যজন্ তস্য লোকএব লোকো বাসস্থানং যস্য মৃগেক্ষণেতি বং সমাসঃ তস্য ভাবস্তত্তা তাং ॥ ৭ ॥ ৮ ॥

যস্যেদং বসুধাতলং কুশৈরাস্তৃতমাচ্ছাদিতমাসীদিতি। পৃথিব্যাং তাদৃশং স্থলং নাসীদযত্র

যজ্ঞাদির অনুষ্ঠানে আরাধনা করত, তীব্র সমাধি দ্বারা ভগবল্লোক বৈকুণ্ঠধামে গমন করিয়াছিলেন ॥

হে বৎস বিদুর! হবির্দ্ধানের পত্নী হবির্দ্ধানী স্বামীর ঔরসে ক্রমান্বয়ে বর্হিষদ, গয়, শুক্ল, কৃষ্ণ, সত্য ও জিতব্রত নামে ছয়টী পুত্র প্রসব করেন ॥ ৭ ॥

এই ছয়টী পুত্রের মধ্যে বর্হিষদই সর্ব্বশ্রেষ্ঠ ও মহাভাগ্যবান্! হে কুরুকুলচূড়ামণে! প্রজাপতি বর্হিষদ ক্রিয়াকাণ্ড ও যোগপথে বিলক্ষণ পারদর্শী হইয়াছিলেন ॥ ৮ ॥

যজ্ঞান্তর যজ্ঞ করায় পার্শ্ববর্ত্তী সমগ্র স্থান তৎকর্ত্তৃক আস্তৃত প্রাগগ্র কুশার বিস্তারে সমগ্র বসুধাতলই যজ্ঞবেদিময় হইয়াছিল। সুতরাং জগতে

প্রাচীনাগ্রৈঃ কুশৈরাসীদাস্তৃতং বসুধাতলং ॥ ৯ ॥
সামুদ্রীং দেবদেবোক্তামুপযেমে শতদ্রুতিং ॥ ১০ ॥
যাং বীক্ষ্য চারুসর্ব্বাঙ্গীং কিশোরীং সুষ্ঠ্বলঙ্কৃতাং।
পরিক্রামন্তীমুদ্বাহে চকমেঽগ্নিঃ শুকীমিব ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বিস্তারয়তঃ) প্রাচীনাগ্রৈঃ পূর্ব্বমুখৈঃ, কুশৈঃ আস্তৃতং বসুধাতলং দেবযজনং যজ্ঞবাটং, আসীৎ ॥ ৯ ॥

(সঃ) সামুদ্রীং সমুদ্রস্য কন্যাং, দেবদেবেন ব্রহ্মণা উপদিষ্টাং শতদ্রুতিং নাম উপযেমে ॥ ১০

চারুসর্ব্বাঙ্গীং (চারূণি মনোহরাণি সর্ব্বাণি অঙ্গানি যস্যাঃ তাং) কিশোরীং বালাং, সুষ্ঠু অলঙ্কৃতাং তথা উদ্বাহে বিবাহসময়ে (বহ্নিং) পরিক্রামন্তীং যাং বীক্ষ্য দৃষ্ট্বা অগ্নিঃ শুকীং ইব চকমে কামিতবান্ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

যত্রৈকো যজ্ঞঃ কৃত স্তৎসমীপ এব যজ্ঞান্তরং কুর্ব্বতঃ সতঃ। অতএব প্রাচীনবর্হিরুচ্যতে ॥ ৯ ॥

সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং শতদ্রুতিং নাম ॥ ১০ ॥

কিশোরীং বালাং। পরিক্রামন্তীং প্রদক্ষিণং গচ্ছন্তীং শুকীমিবেতি। এবং ব্যাখ্যায়তে সপ্তর্ষীণাং সত্রে তদ্ভার্য্যাদর্শনেনাগ্নিঃ কামসন্তপ্তোঽভূৎ। তঞ্চ তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি-ভার্য্যারূপধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ। তাং যথা সপ্তর্ষিভার্য্যাভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বদিতি স্তুকীমিতি পাঠে স্তোক ঘৃতধারা-মিত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন যজ্ঞঃ কৃতো নাসীদিত্যত এব স প্রাচীনবর্হিরিত্যুচ্যত ইতি ভাবঃ। তত্রাপ্যনুযজ্ঞং প্রতি-যজ্ঞমেবং দেবানাং সর্ব্বেষামেব যজনং বিতন্বতঃ বিস্তার্য্য মুখ্যকল্পেনৈব কুর্ব্বতঃ ॥ ৯ ॥

সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং ॥ ১০ ॥

শুকীমিবেত্যেবং ব্যাখ্যায়তে। মহর্ষীণাং সত্রে তদ্ভার্য্যাদর্শনেনাগ্নিঃ কামার্ত্তোঽভূৎ তঞ্চ তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষিভার্য্যারূপধারিণী সতী রময়ামাস। রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ তাং যথা সপ্তর্ষিভার্য্যাভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বৎ। স্তুকীমিবেতি পাঠে স্তোক ঘৃতধারামিবেত্যর্থঃ ॥ ১১ ॥

প্রাচীনবর্হি নামেই তিনি বিখ্যাত হইয়াছিলেন ॥ ৯ ॥

দেবদেব কমলাসনের আদেশক্রমে তিনি সমুদ্রকন্যা শতদ্রুতির পাণি-গ্রহণ করেন ॥ ১০ ॥

এই সর্ব্বালঙ্কারভূষিতা চারুসর্ব্বাঙ্গী নবযৌবনসম্পন্না কামিনী এতই সর্ব্বাঙ্গ-সুন্দরী ছিলেন যে, বিবাহকালে যখন তিনি অগ্নিকে প্রদক্ষিণ করিতেছিলেন, তখন তাঁহাকে অবলোকন করিয়া, তৎপ্রতি শুকীর ন্যায় অগ্নির কামভাবের

বিবুধাসুরগন্ধর্ব্বমুনিসিদ্ধনরোরগাঃ।
বিজিতাঃ সূর্য্যয়া দিক্ষু ক্বণয়ন্ত্যৈব নূপুরৈঃ ॥ ১২ ॥
প্রাচীনবর্হিষঃ পুত্রাঃ শতদ্রুত্যাং দশাভবন্।
তুল্যনামব্রতাঃ সর্ব্বে ধর্ম্মস্নাতাঃ প্রচেতসঃ ॥ ১৩ ॥
পিত্রা দিষ্টাঃ প্রজাসর্গে তপসেঽর্ণবমাবিশন্।
দশবর্ষসহস্রাণি তপসার্চ্চংস্তপস্পতিং ॥

অন্বয়ঃ।

নূপুরৈঃ দিক্ষু ক্বণয়ন্ত্যা এব সূর্য্যয়া নবোঢ়য়া, শতদ্রুত্যা বিবুধাসুরগন্ধর্ব্বমুনিসিদ্ধনরোরগাঃ বিজিতাঃ বভূবুঃ ॥ ১২ ॥

প্রাচীনবর্হিষঃ (প্রাচীনাগ্রৈঃ বর্হিভিঃ কুশৈঃ, বসুধাতলাচ্ছাদনাৎ প্রাচীনবর্হি রিত্যপি বর্হিষদ এব নাম) শতদ্রুত্যাং তুল্যনামব্রতাঃ (তুল্যং নামব্রতং আচারশ্চ যেষাং তে তথাভূতাঃ) সর্ব্বে ধর্ম্মস্নাতাঃ ধর্ম্মেষু ভগবদারাধনলক্ষণেষু স্নাতাঃ পারংগতাঃ দশ প্রচেতসঃ পুত্রাঃ অভবন্ ॥ ১৩ ॥

যদা প্রজাসর্গে পুত্রোৎপাদনার্থং পিত্রা আদিষ্টাঃ তদা তপসে অর্ণবং সমুদ্রং, আবিশং তত্র চ পথি দৃষ্টেন প্রসীদতা গিরিশেন মহাদেবেন, যং যথা উক্তং তং তথা সংযতাঃ সন্তঃ

শ্রীধরস্বামী।

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিবুধাদয়ো বিজিতা অভিভূতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ কণয়ন্ত্যৈব ধ্বনিমাত্রেণ ইত্যর্থঃ ॥ ১২ ॥

তুল্যং নাম ব্রতমাচারশ্চ যেষাং ধর্ম্মস্নাতাঃ ধর্ম্মপারগাঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিজিতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ কণয়ন্ত্যৈব ধ্বনিমাত্রেণৈব নতু তাং কেঽপি দ্রষ্টুং শেকুরিতি ভাবঃ ॥ ১২ ॥ ১৩ ॥

তপসাং পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ। কীদৃশাঃ যদুক্তং গিরিশেন তদেব ধ্যায়ন্তঃ ॥

উদ্দীপন হইয়াছিল ॥ ১১ ॥

সেই নববধু চরণনূপুরের ধ্বনিতে দিক্‌দিগন্তস্থ দেবতা অসুর গন্ধর্ব্ব মুনি সিদ্ধ নর ও উরগগণ বিমোহিত হইয়াছিলেন ॥ ১২ ॥

শতদ্রুতির গর্ভে প্রাচীনবর্হির দশটী পুত্র উৎপন্ন হয়। সকলেই পিতার ন্যায় ব্রত ও ধর্ম্মের আচরণে প্রচেতানামেই বিখ্যাত হইয়াছিলেন ॥ ১৩ ॥

প্রাচীনবর্হি পুত্রগণকে সম্বোধন পূর্ব্বক সন্তানোৎপাদনার্থ যখন অনুমতি করিলেন, তখন তাঁহারা পিতার আজ্ঞাকে সম্যক্ পালনাভিপ্রায়ে তপস্যার্থ

যদুক্তং পথি দৃষ্টেন গিরিশেন প্রসীদতা।
তদ্ধ্যায়ন্তো জপন্তশ্চ পূজয়ন্তশ্চ সংযতাঃ।।
বিদুর উবাচ।।
প্রচেতসাং গিরিত্রেণ যথাসীৎ পথি সঙ্গমঃ।
যদ্বাপ্যাহ হরঃ প্রীতস্তন্নো ব্রহ্মন্ বদার্থবৎ।। ১৪ ।।
সঙ্গমঃ খলু বিপ্রর্ষে শিবেন হি শরীরিণাং।
দুর্ল্লভো মুনয়ো দধ্যু রসঙ্গাদ্যমভীপ্সিতং ।। ১৫ ।।

অন্বয়ঃ।

ধ্যায়ন্তঃ জপন্তঃ পূজয়ন্তঃ চ দশবর্ষসহস্রাণি তপসা তপস্পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ, ইতি দ্বয়োরন্বয়ঃ॥

বিদুরঃ উবাচ। হে ব্রহ্মন্! প্রচেতসাং গিরিত্রেণ সহ পথি যথা সঙ্গমঃ আসীৎ যদ্বা প্রীতঃ সন্ হরঃ অপি আহ তৎ অর্থবৎ নঃ অস্মাকং বদ॥ ১৪॥

হে বিপ্রর্ষে! মুনয়ঃ মননশীলাঃ অপি অসঙ্গাৎ সর্ব্বসংসারত্যাগেন অভীপ্সিতং ইষ্টং যং শিবং কেবলং দধ্যুঃ নতু প্রাপুঃ তেন শিবেন সহ শরীরিণাং হি সঙ্গমঃ খলু দুর্ল্লভঃ এব॥ ১৫॥

শ্রীধরস্বামী।

তপসা তপসাং পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ॥ ১৪॥

মুনয়োঽপি সঙ্গত্যাগেনাপ্তুমিষ্টং যং দধ্যুরেব কেবলং নতু প্রাপুঃ তেন শিবেন॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যৎ রহো রহস্যং প্রীতঃ সন্ বাচা অভিধয়ৈব আহ॥ ১৪॥

অসঙ্গাৎ সঙ্গং পরিত্যজ্য অভি সর্ব্বতো ভাবেন ঈপ্সিতং প্রাপ্তুমিষ্টং যং মুনয়োঽপি দধ্যুরেব॥ ১৫॥

সমুদ্রে প্রবেশ করিলেন; এবং গমনকালে পথিমধ্যে ত্রিলোচনের সহিত তাঁহাদের সাক্ষাৎ হয়। ভগবান্ ত্র্যম্বক সুপ্রসন্ন হইয়া, যেরূপ উপদেশ প্রদান করেন, তাঁহারা সমাহিতচিত্তে সেইরূপ ধ্যান, জপ ও পূজা করত সমুদ্রগর্ভে দশ সহস্র বৎসর ঘোরতর তপস্যার দ্বারা ভগবান্ জনার্দ্দনের আরাধনা করেন॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! পথিমধ্যে মহাদেবের সহিত প্রচেতাগণের সমাগম যেরূপে হয় এবং ভূতভাবন ভবানীপতি প্রসন্ন হইয়া তাঁহাদিগকে যেরূপ উপদেশ প্রদান করেন, সেই হিতকর সর্ব্বোপকারক উপদেশ সমূহ আমার নিকট বর্ণন করুন্!।। ১৪।।

দেখুন্! মুনিগণ সমগ্র সংসারাসক্তি বিসর্জ্জন পূর্ব্বক নির্জ্জনে উপবিষ্ট হইয়া, যে ত্রিলোচনকে কেবল হৃদয়ে চিন্তা করিতে পারেন মাত্র, সাক্ষাৎ

আত্মারামোঽপি যঃ স্বস্য লোককল্পস্য রাধসে।
শক্ত্যা যুক্তো বিচরতি ঘোরয়া ভগবান্ ভবঃ ॥ ১৬ ॥
মৈত্রেয় উবাচ ॥
প্রচেতসঃ পিতুর্ব্বাক্যং শিরসাদায় সাধবঃ।
দিশং প্রতীচীং প্রযযু স্তপস্যাদৃতচেতসঃ ॥ ১৭ ॥
সমুদ্রমুপবিস্তীর্ণমপশ্যন্ সুমহৎ সরঃ।

অন্বয়ঃ।

আত্মারামঃ অপি যঃ ভগবান্ ভবঃ স্বস্য লোককল্পস্য ভক্তজনমনোরথস্য, রাধসে সিদ্ধয়ে, ঘোরয়া ভয়ঙ্করয়া প্রলয়হেতুভূতয়া, শক্ত্যা যুক্তঃ এব বিচরতি ॥ ১৬ ॥

সাধবঃ সদাচারনিষ্ঠাঃ, প্রচেতসঃ (প্রকৃষ্টং শুদ্ধং সত্ত্বাত্মকং চেতো যেষাং তে) পিতুঃ বাক্যং শিরসা আদায় বহুমানপূর্ব্বকং অঙ্গীকৃত্য, তপসি আদৃতচেতসঃ প্রতীচীং পশ্চিমাং, দিশং প্রযযুঃ ॥ ১৭ ॥

তত্র মহন্মনঃ (মহতাং ভগবদেকনিষ্ঠানাং মনঃ) ইব স্বচ্ছং প্রসন্নসলিলাশয়ং (প্রসন্নাঃ সলিলাশয়াঃ মৎস্যাদয়ঃ যস্মিন্ তৎ) সমুদ্রমুপবিস্তীর্ণং সমুদ্রাৎ কিঞ্চিৎ ন্যূনং, সুমহৎ সরঃ

শ্রীধরস্বামী।

ননু মুনীনাং কিং তদ্ধ্যানেন ঘোরত্বাদিত্যাশঙ্ক্যাহ। আত্মারামোঽপি লোকরচনায় পালনায় ॥ ১৬ ॥

গুর্ব্বাজ্ঞাকারিণাং শিবদর্শনং স্বতএব ভবতীত্যাশয়েনাহ প্রচেতস ইতি ॥ ১৭ ॥

সমুদ্রমুপ সমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং উপোঽধিকে চেতি কর্ম্মপ্রবচনীয়ঃ প্রসন্নাঃ সলিলাশয়াঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনীনাং ধ্যানগম্যোঽপি কৃপয়া সকামানামপি কামং দাতুং দৃশ্যোঽপি ভবতীত্যাহ আত্মেতি লোককল্পস্য রাধসে লোকমনোরথকল্পনস্য সিদ্ধয়ে ॥ ১৬ ॥ ১৭ ॥

সম্বন্ধে কখন সন্দর্শনে সমর্থ হন না, তাদৃশ মহাদেবের সহিত দেহধারী মানবের সাক্ষাৎকার হওয়া নিতান্তই আশ্চর্য্যের বিষয়, সন্দেহ নাই ॥ ১৫ ॥

মহাদেব আত্মারাম ; তিনি স্বীয় ভক্তজনের মনোরথ পূর্ণ করিবার কামনায় প্রলয়কারিণী ভীষণা শক্তি লইয়া নিরন্তর বিচরণ করেন। তিনি সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন ও আপ্তকাম। জগতের সঙ্গে তাঁহার কোন স্বার্থের পরিচয় নাই ॥ ১৬

মৈত্রেয় বলিলেন, সদাচারসম্পন্ন প্রচেতাগণ পিতার আজ্ঞা শিরোধার্য্য করিয়া, তপস্যায় মনোনিবেশ পূর্ব্বক পশ্চিমদিকাভিমুখে যাত্রা করিলেন ॥১৭॥

কিয়দ্দূর গমন করিবার পর, তাঁহারা সমুদ্রের ন্যায় সুবিস্তীর্ণ ভগবন্নিষ্ঠ প্রশান্ত ভক্তহৃদয়ের ন্যায় স্বচ্ছসলিল একটী সরোবর নয়নগোচর করিলেন ॥১৮

মহন্মন ইব স্বচ্ছং প্রসন্নসলিলাশয়ং ॥ ১৮ ॥
নীলরক্তোৎপলাম্ভোজকহ্লারেন্দীবরাকরং।
হংসসারসচক্রাহ্বকারণ্ডব নিকূজিতং ॥ ১৯ ॥
মত্তভ্রমরসৌস্বর্য্যহৃষ্টরোমলতাঙ্ঘ্রিপং।
পদ্মকোশরজো দিক্ষু বিক্ষিপৎ পবনোৎসবং ॥ ২০ ॥
তত্র গান্ধর্ব্বমাকর্ণ্য দিব্যমার্গমনোহরং।

অন্বয়ঃ।

অপশ্যন্ ॥ ১৮ ॥

নীলরক্তোৎপলাম্ভোজকহ্লারেন্দীবরাণাং আকরং জন্মস্থানং, হংসসারস-চক্রাহ্ব-কারণ্ডবৈঃ পক্ষিভিঃ নিকূজিতং শব্দিতং ॥ ১৯ ॥

মত্তানাং ভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণঃ ইব মুকুলযুক্তাঃ লতাঙ্ঘ্রিপাঃ যস্মিন্ ; পদ্মকোশ-রজঃ দিক্ষু বিক্ষিপতা পবনেন উৎসবঃ যস্মিন্ তৎ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

মৎস্যাদয়ো যস্মিন্ ॥ ১৮ ॥

নীলোৎপলাদীনামাকরং জন্মস্থানং। উৎপলাম্ভোজকহ্লারাণি রাত্রিদিনসন্ধ্যাবিকাশীনি। ইন্দীবরং নীলোৎপলং তস্য পুনরুক্তিঃ প্রাচুর্য্যজ্ঞাপনার্থং। হংসাদিভির্নিকূজিতং ॥ ১৯ ॥

মত্তানাং ভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণো লতাঙ্ঘ্রিপা যস্মিন্। পদ্মকোশরজো দিক্ষু বিক্ষিপতা পবনেনোৎসবো যস্মিন্ ॥ ২০ ॥

তত্র মৃদঙ্গপণবাদি বাদ্যমনু পশ্চাৎ দিব্যৈর্মার্গৈর্ভেদৈর্মনোহরং গান্ধর্ব্বগানমাকর্ণ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

সমুদ্রমুপ সমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং। উপোহধিকে হীনেচেতি কর্ম্মপ্রবচনীয়ঃ ॥ ১৮ ॥

নীলঞ্চ তদ্রক্তঞ্চেতি তথাভূতং যদুৎপলং অতএব ইন্দীবরং নীলোৎপলমিতি ন পুনরুক্তিঃ ॥ ১৯ ॥

মত্তভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণি ইব মুকুলযুক্তা লতা অঙ্ঘ্রিপাশ্চ যত্র তৎ। পদ্ম-কোশরজো দিক্ষু বিক্ষিপতা পবনেন উৎসবো যত্র তৎ ॥ ২০ ॥

নীলোৎপল, রক্তোৎপল কমল, কহ্লার ও ইন্দিবর প্রভৃতি জলজ পুষ্প-নিকরে তাহার কি অনুপম শোভারই বর্দ্ধন করিতেছিল! হংস, কারণ্ডব, চক্রবাক ও সারসকুল কলকল ধ্বনি করত ইতস্ততঃ বিচরণ করিতেছিল ॥ ১৯ ॥

মধুমত্ত ভ্রমরের ঝঙ্কারে শব্দায়মান উপবনস্থ লতা ও পাদপশ্রেণী ফল-কুসুমে যেন নিত্য নূতন ভাব ধারণ করিতেছিল ; গন্ধবহ মৃদুমন্দগতিতে পদ্মকোশজাত পরাগসমূহ ইতস্তত বিকীরণ করত, কতই সৌন্দর্য্য ও মাধুর্য্যের পরিচয় দিতেছিল ॥ ২০ ॥

বিসিস্ম্যূরাজপুত্রাস্তে মৃদঙ্গপণবাদ্যনু ॥ ২১ ॥
তহ্যে ব সরসস্তস্মান্নিষ্ক্রামন্তং সহানুগং।
উপগীয়মানমমরপ্রবরং বিবুধানুগৈঃ ॥

অন্বয়ঃ।

তত্র স্থানে মৃদঙ্গপণবাদি অনু পশ্চাৎ, দিব্যমার্গমনোহরং (দিব্যৈঃ মার্গভেদৈঃ মনোহরং) গান্ধর্ব্বং গন্ধর্ব্বাণাং কর্ম্ম গানবিশেষং) আকর্ণ্য শ্রুত্বা, তে রাজপুত্রাঃ প্রচেতসঃ, বিসিস্ম্যূঃ বিস্ময়ং জগ্মুঃ ॥ ২১ ॥

তর্হি এব তস্মাৎ সরসঃ সকাশাৎ নিষ্ক্রামন্তং সহানুগং অনুচরসহিতং, বিবুধানুগৈঃ গন্ধর্ব্বাদিভিঃ, উপগীয়মানং, তপ্তহেমনিকায়াভং তপ্তসুবর্ণরাশিসদৃশকান্তিমন্তং, প্রসাদ-

শ্রীধরস্বামী।

বিস্ময়ং প্রাপ্তাঃ মৃদঙ্গপণবাদ্যবদিতি পাঠে মৃদঙ্গপণবাদি অবৎ রক্ষৎ তেষাং ধ্বনিমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ ॥ ২১ ॥

তেচ ত্রিলোচনং বীক্ষ্য জাতাশ্চর্য্যাঃ প্রণেমুরিত্যুত্তরেণান্বয়ঃ। তপ্তহেমরাশিসদৃশকান্তিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গান্ধর্ব্বং গানং মার্গা গানসম্বন্ধিনঃ কদা মৃদঙ্গপণবাদি বাদ্যমনু পশ্চাৎ পণবাদ্যবদিতি

তথায় উপস্থিত হইয়া রাজপুত্রগণ মৃদঙ্গ ও পণবাদির বাদ্য সহ গন্ধর্ব্বগণের মনোহর আলাপপূর্ণ গীতধ্বনি শ্রবণে নিতান্তই বিস্মিত হইলেন ॥ ২১ ॥

তৎপরেই ভূতভাবন ভগবান্ ত্রিলোচন উপগীয়মান গন্ধর্ব্বগণে ও প্রমথাদি অনুচরবর্গে পরিবেষ্টিত হইয়া, সেই সরোবর হইতে উপরে আগমন করিতেছেন, এইরূপ তাঁহারা অবলোকন করিলেন ॥

আভাস।

সৎকর্ম্মে ভগবানই সাহার্য্য করিয়া থাকেন। প্রাচীনবর্হির পুত্রগণ পিতার নিকট হইতে প্রজাজননের আদেশ প্রাপ্ত হইয়া, অতিশয় উদ্বিগ্ন হইলেন এবং কোন্ উপায়ে পিতার আজ্ঞা সম্যক্ প্রতিপালন করিবেন, এইরূপ চিন্তা করিয়া যখন তপস্যার দ্বারা সামর্থ্য লাভার্থ যত্ন করিলেন, তখন ভগবান্ ত্রিলোচনই তাহার সহজ উপায় প্রদর্শনে তাঁহাদিগের যেরূপ সাহায্য করিয়াছিলেন, তাহাই এই পরোক্ত শ্লোক কয়েকটীতে ব্যাখ্যাত হইয়াছে। প্রচেতাগণ যখন তপস্যায় চিত্ত অভিনিবেশ পূর্ব্বক বনে যাত্রা করিলেন, তখন পথিমধ্যে একটী মনোহর জলাশয় দর্শন করিলেন এবং দুন্দুভি প্রভৃতি স্বর্গবাদ্যের ধ্বনি সহ অপূর্ব্ব গীতধ্বনি শ্রবণে বিমোহিত হইলেন। পরক্ষণেই দেখিলেন যে, অনুচরবর্গে পরিবেষ্টিত দেবদেব ত্রিলোচন ঐ জলাশয় হইতে নির্গত হইয়া, ক্রমশ তাঁহাদের নিকটবর্ত্তী হইলেন। যিনি জগতের উপকারার্থ সমুদ্রমন্থনে উৎপন্ন হলাহল পান করত সেই বিষ নিরন্তর কণ্ঠে ধারণ করিতেছেন, তখন কেবল উপদেশ দ্বারা প্রচেতাগণের উপকার যে করিবেন, তাহাতে আর

তপ্তহেমনিকায়াভং শিতিকণ্ঠং ত্রিলোচনং।
প্রসাদসুমুখং বীক্ষ্য প্রণেমুর্জাতকৌতুকাঃ।
সতান্ প্রপন্নার্ত্তিহরো ভগবান্ ধর্ম্মবৎসলঃ।
ধর্ম্মজ্ঞান্ শীলসম্পন্নান্ প্রীতান্ প্রীত উবাচ হ॥ ২২॥

অন্বয়ঃ।

সুমুখং (প্রসাদে সুমুখং উদ্যুক্তং) শিতিকণ্ঠং (শিতিঃ নীলঃ কণ্ঠো যস্য তং) অমরপ্রবরং দেবশ্রেষ্ঠং, ত্রিলোচনং (ত্রীণি লোচনানি যস্য সতং) বীক্ষ্য জাতকৌতুকাঃ উৎসাহযুক্তাঃ প্রচেতসঃ প্রণেমুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ॥

প্রপন্নার্ত্তিহরঃ (প্রপন্নানাং শরণাগতানাং আর্ত্তিহরঃ ত্রিবিধতাপনিবর্ত্তকঃ) ধর্ম্মবৎসলঃ সঃ ভগবান্ হরঃ ধর্ম্মজ্ঞান্ শীলসম্পন্নান্ সচ্চরিত্রবিশিষ্টান্ অতএব প্রীতান্ তান্ প্রচেতসঃ, প্রতি উবাচ॥ ২২॥

শ্রীধরস্বামী।

শিতির্নীলঃ কণ্ঠো যস্য তং॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাঠে মতুপো জ্ঞেয়ঃ। যদ্বা মৃদঙ্গপণবাদি কীদৃশং অবং রক্ষৎ। সতু মূলধ্বনিভিরপি গানমন্তিরস্কুর্বদিত্যর্থঃ॥ ২১॥ ২২॥

তপ্তকাঞ্চনবর্ণাভ প্রসন্নবদন ত্রিপুরহারী নীলকণ্ঠ ত্রিলোচনকে দর্শন করিয়া, প্রচেতাগণের আর আনন্দের সীমা রহিল না; তাঁহারা বিনয়াবনত-কন্ধরে মহাদেবকে প্রণাম করিলেন॥

শরণাগতজনের দুঃখহর্ত্তা ধর্ম্মরক্ষক ভগবান্ শঙ্করও তাদৃশ ধর্ম্ম, জ্ঞান ও চরিত্রসম্পন্ন সেই প্রচেতাগণকে নিরীক্ষণ করিয়া, বিশেষ সন্তুষ্ট হইলেন এবং প্রীতপ্রসন্নচিত্তে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন॥ ২২ ।

আভাস।

আশ্চর্য্য কি? মহাদেব প্রচেতাগণকে অভয়প্রদান করত অভিলষিত বিষয়ের অনুষ্ঠানে উৎ-সাহ প্রদান পূর্ব্বক বলিলেন যে, তিনি তাঁহাদের সামর্থ্য ও উদ্যমের বিষয় অবগত হইয়া দুর্দ্দর্শ স্বকীয় রূপ তাঁহাদিগকে প্রদর্শন করিয়াছেন। কারণ যাঁহারা ভগবান্ বাসুদেবের শরণাগত, তাঁহারাই মহাদেবের প্রিয়পাত্র। অতএব প্রিয়সঙ্গ উভয়ের পক্ষেই প্রীতিপ্রদ; সুতরাং মহাদেবের সাক্ষাৎকার প্রচেতাগণের পক্ষে যেরূপ তৃপ্তিকর, প্রচেতাগণের সাক্ষাৎকারও মহাদেবের পক্ষে কিছু অল্প তৃপ্তিকর নহে। এক্ষণে বাসুদেবের শরণাগত ব্যক্তির লক্ষণ বলিবার অভিপ্রায়ে ত্রিলিঙ্গাৎ জীবসঙ্গিতাৎ বলিয়া জড়স্বরূপের ব্যখ্যা করা হইয়াছে। অর্থাৎ ভগবান্ প্রকৃতি ও জীবস্বরূপ পুরুষের অতীত। এতদুভয়ের নিয়ন্তাই তিনি। এক্ষণে প্রকৃতির স্বরূপ যে কতদূর পর্য্যন্ত অগ্রসর হয়, তাহারই নির্ণয়ার্থ প্রকাশ করা হইয়াছে

রুদ্র উবাচ ॥

যূয়ং বেদিষদঃ পুত্রা বিদিতং বশ্চিকীর্ষিতং।

অনুগ্রহায় ভদ্রং ব এবং মে দর্শনং কৃতং ॥ ২৩ ॥

যঃ পরং রহসঃ সাক্ষাৎ ত্রিলিঙ্গাজ্জীবসংজ্ঞিতাৎ।

অন্বয়ঃ।

শ্রীমহাদেবঃ উবাচ। যূয়ং বেদিষদঃ বর্হিষদঃ, পুত্রাঃ ইতি বঃ যুষ্মাকং চিকীর্ষিতং অভিপ্রেতং, মম বিদিতং। অতঃ বঃ যুষ্মাকং, ভদ্রং ভবতু ইতি কৃত্বা অনুগ্রহায় মে ময়া এবং দর্শনং কৃতং স্বদর্শনং দত্তং ॥ ২৩ ॥

যঃ জীবঃ রহসঃ সূক্ষ্মাৎ, ত্রিলিঙ্গাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ, জীবসংজ্ঞিতাৎ পুরুষাৎ, চ পরং

শ্রীধরস্বামী।

বেদিষদঃ বর্হিষদঃ। চিকীর্ষিতং ভগবদারাধনং বিদিতং ॥ ২৩ ॥

অনুগ্রহে কারণমাহ। যঃ সাক্ষাৎ বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ। কথম্ভূতং রহসঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিকীর্ষিতং ভগবদারাধনমেব অতএব বো যুষ্মাকমনুগ্রহায় এবং দর্শনং কৃতং দত্তং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মংকর্তৃকানুগ্রহপ্রাপ্তয়ে ময়ৈবং দর্শনং কৃতং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মাননুগ্রহীতুং যুষ্মাকং দর্শনং ময়া কৃতমিত্যর্থঃ ॥ ২৩ ॥

অনুগ্রহে কারণমাহ যঃ সাক্ষাদ্ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ। কথম্ভূতং রহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতিপুরুষয়ো র্নিয়ন্তারমিত্যর্থ ইতি স্বামিচরণাঃ। যদ্বা ত্রিগুণাম্মায়াশক্তেঃ জীবসংজ্ঞিতাৎ জীবশক্তেশ্চ রহঃ সর্ব্বদুর্লক্ষ্যং

হে বৎসগণ! তোমরা যে বর্হিষদের পুত্র, তাহা আমি জানি এবং তোমরা যে অভিপ্রায়ে এদিকে গমন করিতেছ, তাহাও আমি অবগত হইয়াছি। তোমাদের মঙ্গল হউক! তোমাদের প্রতি অনুগ্রহ প্রকাশেই দর্শন দানে আমি সমক্ষে উপনীত হইয়াছি ॥ ২৩।

দেখ! যে ব্যক্তি অকিঞ্চিৎকর ক্ষণভঙ্গুর জীবত্বের হেতুভূত ত্রিগুণময়

আভাস।

যে, দৃশ্য স্থূল জগৎভাব হইতে আরম্ভ করিয়া, সূক্ষ্ম জীবভাব পর্য্যন্ত প্রকৃতির স্তরে নিক্ষেপ করিতে হইবে। গীতাতে উক্ত আছে যে, "ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেবচ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥ অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ" ॥ অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এবং মন, বুদ্ধি ও অহঙ্কার এই অষ্টবিধ তত্ত্বকেই ভগবানের উৎপাদিকা শক্তি প্রকৃতিনামে অভিহিত করা হইয়াছে; এতদ্ব্যতীত ভগবৎপ্রতিবিম্বগ্রাহী চিদাভাসযুক্ত চিত্ত যথায় কেবল চেতনার বিকাসে জীবস্বরূপের উপলব্ধি হয়, সেই আদিভূত মূল তত্ত্বও পরম পুরুষ পরমাত্মা নহেন; তদীয়

ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ স প্রিয়ো হি মে ॥ ২৪ ॥

স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্ বিরিঞ্চতামেতি ততঃ পরং হি মাং।

অন্বয়ঃ।

ভগবন্তং বাসুদেবং, প্রপন্নঃ শরণং, আগতঃ সঃ হি নিশ্চিতং মে মম প্রিয়ঃ ॥ ২৪ ॥

স্বধর্ম্মনিষ্ঠঃ স্ববর্ণাশ্রমধর্ম্মবিশিষ্টঃ পুমান্ শতজন্মভিঃ বিরিঞ্চতাং ব্রহ্মলোকং, এতি প্রাপ্নোতি, ততঃ বিরিঞ্চাৎ, পরং শ্রেষ্ঠং (পুণ্যাতিশয়ে সতি) যথা অহং বিবুধাঃ দেবাঃ চ

শ্রীধরস্বামী।

সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতিপুরুষয়ো নির্য্যন্তারমিত্যর্থঃ ॥ ২৪ ॥

তৎ কিং তস্য মহত্তমত্বমিত্যাহ। স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভি জর্ন্মভি বিরিঞ্চতাং প্রাপ্নোতি ততোঽপি পুণ্যাতিশয়েন মামেতি ভাগবতস্তু দেহান্তে অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ নির্গুণং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতাভ্যঃ। যঃ সাক্ষাৎ প্রপন্নঃ নতু কর্ম্মার্পণদ্বারা নাপি দেবতান্তরভক্তিজ্ঞানাদিব্যবধানেনেত্যর্থঃ। সহি সহেব প্রিয় ইতি তেন মদ্ভক্তোঽপি ন মে তথা প্রিয় ইতি ভাবঃ ॥ ২৪ ॥

ব্রহ্মরুদ্রবিষ্ণূনামস্মাকং সুকৃতেঃ প্রাপ্তিতারতম্যাৎ মন্মুখাদেব যূয়ং শৃণুতেতি বদন্ বিষ্ণোঃ সর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যমাহ স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ শতজন্মভি বিরিঞ্চতাং বিরিঞ্চিপদং এতি তত্রাপ্যনিষ্টি-

---

অহংভাব পরিত্যাগ পূর্ব্বক প্রাকৃতিক সৃষ্টির অতীত সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ বাসুদেবের শরণাগত হয়, সেই আমার প্রকৃত প্রিয়পাত্র সন্দেহ নাই ।। ২৪ ॥

স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের সুষ্ঠু অনুষ্ঠানে জীব শতজন্মের পর হিরণ্যগর্ভ লোকে গমন করে; তথায় যদি পুণ্যের বিশেষ আতিশয্য থাকে, তবে ভক্ত

আভাস।

আভাসবিশিষ্ট সৃষ্ট্যুন্মুখিনী প্রকৃতি মাত্র; তাহাই স্পষ্টত প্রতিবোধিত করা হইয়াছে। এই সকল তত্ত্বই উত্তরোত্তর যতই সূক্ষ্ম হইতে সূক্ষ্মতম হউক্ না, ত্রিগুণের অতীত যে নহে, সুতরাং মায়াময় ও পরিণামশীল, তাহা সর্ব্ববাদীসম্মত। অতএব এই চতুর্বিংশতি তত্ত্বের অভিমানকে অতিক্রম করিয়া, চিত্ত যখন নির্গুণ চৈতন্যঘন বিগ্রহে সমাবিষ্ট হয়, তখনই বাসুদেব-প্রাপ্তি বা ভগবানের শরণাগত হওয়া বলা যায় ॥ ২০—২৪ ॥

ব্রহ্মা, রুদ্র ও বিষ্ণুর মধ্যে বিষ্ণুরই যে সকলের মধ্যে শ্রেষ্ঠতা, তাহা ভবানীপতি স্বয়ংই নিজমুখে বর্ণন করত বলিলেন যে, মানব স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের নিরন্তর অনুষ্ঠানে শত জন্ম অতীত করিলে, দুর্লভ বিরিঞ্চলোকে গমন করিতে পারে। এতদপেক্ষা অনেক অধিক গুণ পুণ্যের সঞ্চয় করিতে না পারিলে, আর মদীয় শিবলোকে তাহার গতি কখন ঘটে না। অতএব বিরিঞ্চলোক অপেক্ষা শিবলোক অপেক্ষাকৃত দুর্লভ, সে বিষয়ে আর সন্দেহ নাই।

অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ২৫ ॥
অথ ভাগবতা যূয়ং প্রিয়াঃ স্থ ভগবান্ যথা।
ন মদ্ভাগবতানাঞ্চ প্রেয়ানন্যোঽস্তি কর্হিচিৎ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

কলাত্যয়ে অধিকারসমাপ্তৌ, লিঙ্গভঙ্গে ভগবতঃ অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদং ততঃ এতি ॥ ২৫ ॥

অথ ভগবান্ যথা মম প্রিয়ঃ তথৈব ভাগবতাঃ ভগবদ্ভক্তাঃ যূয়ং অপি মম প্রিয়াঃ স্থ। অতঃ মদন্যঃ ভাগবতানাং চ কর্হিচিৎ প্রেয়ান্ ন অস্তি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

মেতি। যথাহং রুদ্রো ভূত্বা আধিকারিকবৎ বর্ত্তমানঃ। বিবুধা দেবাশ্চাধিকারিকাঃ কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যেষ্যন্তি ॥ ২৫ ॥

অথ ভাগবতত্বাৎ যূয়ং মে প্রিয়াঃ স্থ। ভবদ্ভিরপি ময়ি প্রীতিঃ কার্য্যেত্যাশয়েনাহ মদন্যো ভাগবতানাঞ্চ প্রেয়ান্নাস্তি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্বে শতজন্মভিরপি ন প্রাপ্নোতীত্যর্থঃ। ততো বিরিঞ্চিতোঽপি পরং শ্রেষ্ঠং মাং ততোঽপি পুণ্যাতিশয়ৈরেবেতি। ভাগবতস্তু অথ দেহান্ত এব অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদং বৈকুণ্ঠমেতি। যথাহং এমি প্রতিক্ষণমেব বৈকুণ্ঠে বসন্নেকেন প্রকাশেন ভগবন্তং ভজামীত্যর্থঃ। বিবুধাশ্চাধিকারিকভক্তাঃ কলা লিঙ্গং তস্যা অত্যয়ে স্বস্বাধিকারান্তেঽপি লিঙ্গভঙ্গে এবৈষ্যন্তীতি ভক্তেঃ সাধনসাধ্যসমন্বানাং সুখলভ্যত্বেনাপি সর্ব্বোৎকর্ষো দর্শিতঃ ॥ ২৫ ॥

অথ অতএব ভাগবতানাঞ্চেতি চকারেণ যথেত্যস্যান্বয়াৎ ভাগবতানাং যথা ভগবতোঽন্যঃ প্রেয়ান্নাস্তি তথা মৎ মত্তোঽপীত্যর্থঃ ॥ ২৬ ॥

শিবলোকে গমন করে; কিন্তু সর্ব্বাভিমানের বিনিবৃত্তিতে যখন স্থূল, সূক্ষ্ম ও কারণ এই ত্রিবিধ দেহেরই ভঙ্গ ঘটে, তখন আমি মহাদেব বা অন্যান্য দেবতার ন্যায়, মায়ানির্ম্মুক্ত হইয়া, জীব প্রপঞ্চের অতীত বিষ্ণুর বৈকুণ্ঠলোকে গমন করিতে পারে ॥ ২৫ ॥

অহো! তোমরা সকলেই যখন ভগবানের ভক্ত, তখন ভগবানের ন্যায় তোমাদের সকলকেই আমি প্রেম করি! এবং তোমাদের ন্যায়, ভক্তজনের সমীপে আমার ন্যায় প্রিয়পাত্রও আর কেহই নাই ॥ ২৬ ॥

আভাস

কিন্তু বিষ্ণুলোকের সহিত ইহাদের তুলনা হয় না এবং ভগবদ্ভক্ত সাধকেরও মাহাত্ম্য বর্ণনাতীত। আমি যেমন কাল ও অধিকার অনুসারে সংহারমূর্ত্তি ধারণে রুদ্ররূপে আগমন করিয়াছি এবং কার্য্যান্তে সেই বিষ্ণুতেই বিলীন হইব এবং অপরাপর দেবতাগণও ঐরূপ

ইদং বিবিক্তং জপ্তব্যং পবিত্রং মঙ্গলং পরং।
নিঃশ্রেয়সকরঞ্চাপি শ্রূয়তাং যদ্বদামি বঃ।
মৈত্রেয় উবাচ॥
ইত্যনুক্রোশহৃদয়ো ভগবানাহ তাঞ্ছিবঃ।
বদ্ধাঞ্জলীন্ রাজপুত্রান্নারায়ণপরং বচঃ॥ ২৭॥
রুদ্র উবাচ॥
জিতং ত আত্মবিদ্বর্য্য স্বস্তয়ে স্বস্তিরস্তু মে।

অন্বয়ঃ।

ইদং বক্ষ্যমাণং জপ্তব্যং জপযোগ্যং, পবিত্রং পরং মঙ্গলং নিঃশ্রেয়সকরং পরমানন্দকরং, বিবিক্তং যথা ভবতি তথা জপ্তব্যং যং তং বঃ যুষ্মাকং বদামি তৎ শ্রূয়তাং॥

মৈত্রেয়ঃ উবাচ। অনুক্রোশহৃদয়ঃ (অনুক্রোশঃ কৃপা হৃদয়ে যস্য সঃ) ভগবান্ শিবঃ বদ্ধাঞ্জলীন্ অতিনম্রীভূতান্ তান্ রাজপুত্রান্ নারায়ণপরং বচঃ আহ॥ ২৭॥

শ্রীরুদ্রঃ উবাচ। আত্মবিদ্বর্য্যস্বস্তয়ে (আত্মবিদাং মধ্যে যে বর্য্যাঃ শ্রেষ্ঠাঃ তেষাং স্বস্তয়ে

শ্রীধরস্বামী।

অত ইদং জপ্তব্যং শ্রূয়তামিতি বিবিক্তমসংকীর্ণং যথা ভবতি॥ ২৭॥

সৃষ্ট্যাদৌ ব্রহ্মণা সৃষ্ট্বা পুত্রেভ্যঃ প্রোক্তমিষ্টদং। স্তোত্রং প্রাহ প্রচেতোভ্যঃ কৃপয়া ভগবান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুক্রোশঃ কৃপা হৃদয়ে যস্য সঃ॥ ২৭॥

ভগবন্তং স্তুবানো ভক্তঃ প্রথমং জয়জয়েতি বদেদিত্যাহ। আত্মবিদ্বর্য্যাণামাত্মারামাণাং

অতএব যে পবিত্র মঙ্গলাবহ ও সুস্পষ্ট বিষয়ের জপ করিলে, জীব মুক্তি লাভ করিতে পারে, আমি তাহা তোমাদিগের নিকট বর্ণন করিতেছি; সাবধানে শ্রবণ কর।॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ভগবান্ ত্রিলোচন ঐ প্রচেতাগণের উপকারার্থ প্রসন্ন হইয়া, কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান সেই রাজপুত্রগণকে নারায়ণের আরাধনা-সম্বন্ধীয় বিবিধ উপদেশ বাক্য বলিয়াছিলেন। ২৭॥

আভাস।

কার্য্যাবসানে পরমাত্মাতে বিলীন হইবেন, সেইরূপ ভক্তও স্থূল, সূক্ষ্ম ও কারণ দেহের ত্যাগে অন্য কোথায়ও বিশ্রাম বা ভোগ না করিয়া, একেবারে সেই ব্রহ্মপদবীতেই বিলীন হন। আমরা সকলে কার্য্য, কাল ও অধিকারের অধীন; ইহার কোনটীর উল্লঙ্ঘন করিতে আমরা সক্ষম নহি! ভক্ত কিন্তু কেবল সাধনের অধীন; সুতরাং আমাদের অপেক্ষা ভক্তের জীবন সুখময়, ইহাই প্রকাশ করা হইয়াছে। ২৫॥

ভবতা রাধসা রাদ্ধং সর্ব্বস্মা আত্মনে নমঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

শোভনসত্তায়ৈ পরমানন্দলাভায়) তে ত্বয়া জিতং সোৎকর্ষঃ আবিষ্কৃতঃ। অতো মে স্বস্তিঃ অস্তু। ভবতা রাধসা স্বানন্দরূপেণ, রাদ্ধং ত্বং ; অতএব সর্ব্বস্মৈ সর্ব্বরূপায়, আত্মনে তে তুভ্যং নমঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

শিবঃ। তে জিতং তবোৎকর্ষঃ আত্মবিদ্বর্য্যাণাং স্বস্তয়ে শোভনসত্তায়ৈ স্বানন্দলাভায়েত্যর্থঃ। অতো মে স্বস্তিঃ স্বানন্দসত্তাস্তু। নমু মমোৎকর্ষো মদর্থ এব কিং ন স্যাৎ তত্রাহ। ভবতা রাধসা স্বানন্দরূপেণ রাদ্ধং ত্বং নিরতিশয়পরমানন্দরূপেণৈব নিত্যং স্থিত ইত্যর্থঃ। অত এবং-ভূতায়াত্মনে তুভ্যং নমঃ। সর্ব্বস্মৈ সর্ব্বরূপায় ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বস্তয়ে শোভনসত্তায়ৈ ত্বয়া জিতং স্বোৎকর্ষ আবিষ্কৃতঃ। ইকশতিপৌ ধাতুনির্দ্দেশ ইতি শাতপ্ শোভনসত্তাচ ভগবদ্গুণমাধুর্য্যাকৃষ্টতয়া সাযুজ্যস্পৃহারাহিত্যেন শুকাদীনামিব তদ্ভক্তত্বেন সনাতনী স্থিতিঃ। যদুক্তং। তথা পরমহংসানাং মুনীনামমলাত্মনাং। ভক্তি-যোগবিধানার্থমিতি কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিরিতিচ। অতো মে মম স্বস্তি শোভনসত্তা অস্তু। ভবতা প্রযোজকেন যং আরাধঃ আরাধনং তেন রাদ্ধং তস্য সিদ্ধি রস্ত নমু শ্রীগুরুণা মদ্ভক্তেনান্যেন বা মদারাধনং ভবতি নতু ময়েতি তত্রাহ সর্ব্বস্মৈ সর্ব্বস্বরূপায় আত্মনে ত্বমেব গুরুবৈষ্ণবাদিরূপঃ স্বভজনং কারয়সীতি ভাবঃ ॥ ২৮ ॥

মহাদেব ভগবানকে স্তব করিয়া বলিলেন, আত্মজ্ঞানী বিবেকিগণের পরমানন্দপ্রাপ্তির জন্যই আপনি নিত্যসিদ্ধরূপে বিদ্যমান রহিয়াছেন। অতএব আমাকেও সেই পরমানন্দ রসে নিমজ্জিত করুন্। আপনি নিজের স্বরূপা-নন্দেই নিত্য বিরাজমান, হে সর্ব্বময়! আপনাকে প্রণাম করি! ॥ ২৮ ॥

আভাস।

সৃষ্টির আরম্ভে ব্রহ্মা পুত্রগণকে উৎপাদন করত যে সর্ব্বাভিষ্টপ্রদ ভগবৎস্তুতি বাক্যের দ্বারা তাঁহাদিগকে উপদেশ প্রদান করিয়াছিলেন, সম্প্রতি মহাদেব অনুগ্রহ পূর্ব্বক প্রচেতা-গণকেও সেই স্তবের উল্লেখ করত তাঁহাদিগকে সৎপথ প্রদর্শন করিয়াছেন। এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, আত্মজ্ঞানীর অন্তরস্থ পরমানন্দই ভগবানের অস্তিত্ব ও স্বরূপানন্দের পরিচয়। অতএব হে দীনবন্ধো! আপনি যখন সর্ব্বত্র সর্ব্বতোভাবে বিদ্যমান, তখন যেন আমাকে আপনার পরমানন্দে বঞ্চিত হইতে না হয়। আপনার ঔজ্জ্বল্য কখন আপনার স্বার্থের জন্য নহে; কারণ আপনি নিরতিশয় পরমানন্দে নিয়ত বিরাজ করিয়া থাকেন। যখন যে মূর্ত্তিকে যে ভাবে আরাধনা করা যায়, সর্ব্বত্র এক আপনারই আরাধনা হইয়া থাকে; আপনিই সর্ব্বময় ও সর্ব্বব্যাপী ॥ ২৮ ॥

নমঃ পঙ্কজনাভায় ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মনে ॥ ২৯ ॥
বাসুদেবায় শান্তায় কূটস্থায় স্বরোচিষে ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

পঙ্কজনাভায় (পঙ্কজং জগদাত্মকঃ পদ্মঃ নাভৌ যস্য তস্মৈ) অতএব ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মনে (ভূতানি স্থূলানি, সূক্ষ্মাণি তন্মাত্রাণি তেষাং আত্মনে নিয়ন্ত্রে) নমঃ ॥ ২৯ ॥

কূটস্থায় নির্ব্বিকারায়, শান্তায় সর্ব্ববিক্ষেপশূন্যায়, স্বরোচিষে স্বপ্রকাশত্বেন সর্ব্বপ্রকাশকত্বেন চ সিদ্ধায়, বাসুদেবায় চিত্তাধিষ্ঠাত্রে ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বরূপত্বং প্রপঞ্চয়ন্ প্রণমতি সার্দ্ধৈর্দশভিঃ। পঙ্কজং লোকাত্মকং নাভৌ যস্য তস্মৈ কারণাত্মনে নমঃ। কারণত্বাদেব সৃজ্যানাং প্রাণিনাং যে উপাধয়ঃ ভূতানি সূক্ষ্মাণি তন্মাত্রাণি ইন্দ্রিয়াণিচ তেষামাত্মনে নিয়ন্ত্রে ॥ ২৯ ॥

অন্তঃকরণচতুষ্টয়াধিষ্ঠাতৃত্বেন প্রণমতি চতুর্ভিঃ শ্লোকার্দ্ধৈঃ। বাসুদেবায় চিত্তাধিষ্ঠাত্রে। কূটস্থায় নির্ব্বিকারায় চিত্তস্যৈকরূপত্বাৎ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ ত্বদ্বিষয়কঃ সর্ব্বেন্দ্রিয়ব্যাপার এব ত্বদ্ভক্তিঃ সর্ব্বেন্দ্রিয়াণিচ ত্বদধীনান্যতঃ কৃপয়া মদিন্দ্রিয়াণি স্ববিষয়ব্যাপারবন্তি সংপাদয়েতি প্রণমতি নম ইতি ভূতসূক্ষ্মাণি শব্দাদিতন্মাত্রাণিচ তেষামাত্মনে নিয়ন্ত্রে পঙ্কজনাভায়েতি হে পঙ্কজনাভ তব নাভিপঙ্কজোদ্ভবাদ্ ব্রহ্মত এব মদীয়স্যাস্য মর্ত্ত্যদেহস্যোদ্ভুতত্বাদিমং স্বভক্ত্যুন্মুখং কুরু তুভ্যং নম ইতি ভাবনাভিপ্রেতা॥২৯॥

এবং ভক্ত্যুপযোগার্থং দেহেন্দ্রিয়াণি সমাসেন সংশোধ্য পুনঃ প্রত্যেকমপি শোধয়িতুং প্রথমং চিত্তাধিষ্ঠাতারং বাসুদেবং প্রণমতি বাসুদেবায়েতি। ভো বাসুদেব মচ্চিত্তং শান্তং নির্ব্বিকারং কৃত্বা স্বরোচিষা প্রকাশ্যভক্তাবেব চেতয় তুভ্যং নম ইতি ॥ ৩০ ॥

হে ভগবন্! এই সমগ্র ব্রহ্মাণ্ডের প্রকাশস্থান আধারপদ্ম আপনার নাভিকমল হইতে উৎপন্ন হইয়াছে। এবং জীবের উপাধিভূত পঞ্চ মহাভূত, পঞ্চ তন্মাত্র এবং ইন্দ্রিয়নিচয় এক আপনার নির্দ্দেশে সংসারক্ষেত্রে কার্য্য করিতেছে; আপনিই ইহাদের সার ও সর্ব্বস্ব; আপনাকে প্রণাম করি! ॥২৯॥

আপনি স্বপ্রকাশ নির্ব্বিকারভাবে নিয়ত বিরাজ করিতেছেন; সর্ব্বপ্রকার বিক্ষেপ আপনার নিকট উপশমিত রহিয়াছে। আপনি জীবের চিত্তে অধিষ্ঠান করত বাসুদেব-মুর্ত্তিতে বিরাজ করিতেছেন ॥ ৩০ ॥

আভাস।

সংক্ষেপত ভগবৎস্বরূপের প্রণাম করিয়া বিস্তৃত ও প্রপঞ্চভাবে ভগবৎস্বরূপের নির্দ্দেশ পূর্ব্বক প্রণাম করিতেছেন। শ্রুতি বলিয়াছেন, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই সার্ব্বভৌম ঈশ্বরস্বরূপের অবস্থিতি সর্ব্বত্র লক্ষ্য করত প্রণাম করা হইয়াছে। অর্থাৎ ব্রহ্মাণ্ডে পরমাত্মা

সঙ্কর্ষণায় সূক্ষ্মায় দুরন্তায়ান্তকায়চ।
নমো বিশ্বপ্রবোধায় প্রদ্যুম্নায়ান্তরাত্মনে ।। ৩১ ।।

অন্বয়ঃ।

সূক্ষ্মায় দুর্লক্ষ্যায়, দুরন্তায় অবিনাশিনে, অন্তকায় (মুখাগ্নিনা দাহকত্বেন বিশ্বসংহারকায়), অহঙ্কারাধিষ্ঠাত্রে সঙ্কর্ষণায় নমঃ। তথা বিশ্বপ্রবোধায় (বিশ্বস্য প্রাণিজাতস্য প্রকৃষ্টঃ বোধঃ যস্মাৎ তস্মৈ) অন্তরাত্মনে বুদ্ধ্যধিষ্ঠাত্রে প্রদ্যুম্নায় নমঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অহঙ্কারাধিষ্ঠাত্রে সঙ্কর্ষণায় সূক্ষ্মায় অব্যক্তায় দুরন্তায় অনন্তায় অন্তকায় মুখাগ্নিনা লোকদাহকায় বিশ্বস্য প্রকর্ষেণ বোধো যস্মাৎ। অন্তরাত্মনে বুদ্ধ্যধিষ্ঠাত্রে ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূক্ষ্মায় অব্যক্তায় দুরন্তায় অনন্তায় অন্তকায় মুখাগ্নিনা লোকদাহকায়। ভোঃ সঙ্কর্ষণদেব মমাহন্তামমতয়ো র্বৃত্তীনাং দেহগেহাদিনিবন্ধানামনন্তানাং তদ্বন্ধনং সন্দহ্য তা স্ততো বিচ্যুতীকৃত্য ভক্তাশ্রয়বিষয়য়োর্নিবধান তুভ্যং নম ইতি ॥ ৩১ ॥

হে ভগবন্! আপনি অনন্ত ও অনির্দ্দেশ্যভাবে অহঙ্কারতত্ত্বে অধিষ্ঠান করত সঙ্কর্ষণমূর্ত্তিতে বিরাজ করিতেছেন! আপনার মুখনিঃসৃত হুতাশনজ্যোতিতে এই বিশ্ব সংসার সংদহ্যমান হওত বিলীন হইয়া থাকে। আপনাকে প্রণাম করি! আপনিই আবার প্রদ্যুম্নমূর্ত্তিতে বুদ্ধিতে অধিষ্ঠিত হইয়া, বিশ্বস্থ প্রাণিনিচয়ের প্রকৃষ্ট বোধের উৎপাদন করিতেছেন। আপনাকে প্রণাম করি ॥ ৩১ ॥

আভাস।

হইতে প্রসূত হইয়া পৃথক্‌ভাবে কখন থাকে না; ব্রহ্মাণ্ডময়ই তিনি। ইন্দ্রিয়, ইন্দ্রিয়ের ব্যাপার এবং ইন্দ্রিয়ের বিষয় যাহা কিছু অবলোকন বা অনুভূত করা যায়, সকলই তিনি। অতএব হে পঙ্কজনাভ! যে কোন ইন্দ্রিয়াদি বস্তু লাভে জীব চেতন ও ভোক্তা বলিয়া পরিগণিত হইতেছে, সে সমস্ত আপনারই সম্পত্তি; জীব যেন কখন আপনার ন্যায় জগৎস্বামীকে বিস্মৃত না হয়, ইহাই প্রার্থনীয়। অতএব সকল তত্ত্বের শোধন কার্য্য যখন আপনার উপরই নির্ভর করে, তখন বাসুদেবমূর্ত্তিতে মূল তত্ত্ব চিত্তে অধিষ্ঠান করত, আপনি জীবকে সৎপথে প্রবর্ত্তিত করেন, ইহাই একান্ত প্রার্থনা ॥ ২৯ ॥ ৩০ ॥

দেহাভিমান ও বিষয়াসক্তির নিবারণ না হইলে, জন্মমরণাদি সংসারপ্রবাহের নিবৃত্তি ঘটে না; এবং ভগবৎকৃপা ব্যতীত সংসারাসক্তি ও অভিমানেরও বিনিবৃত্তি হয় না; সুতরাং পরমানন্দ-প্রাপ্তি জীবের পক্ষে দুর্ঘট হইয়া উঠে। অতএব তাদৃশ অভিমান ও মমতার নিরসনার্থ অহঙ্কারতত্ত্বে উপাস্য সঙ্কর্ষণদেবকে প্রণাম করত, প্রকাশ করিয়াছেন যে, অতি সূক্ষ্ম নিয়ামকভাবে যিনি অহঙ্কারে অধিষ্ঠান পূর্ব্বক জীবকে কার্য্যক্ষেত্রে প্রেরণ

নমো নমোঽনিরুদ্ধায় হৃষীকেশেন্দ্রিয়াত্মনে ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হৃষীকেশেন্দ্রিয়াত্মনে (হৃষীকাণাং ঈশং যৎ ইন্দ্রিয়ং মনঃ তস্য আত্মনে মনসঃ অধিষ্ঠাত্রে) অনিরুদ্ধায় নমো নমঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

হৃষীকাণামীশং যদিন্দ্রিয়ং মন স্তদাত্মনে ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম ইতি ভোঃ প্রদ্যুম্নদেব মদ্বুদ্ধিং তথা প্রবোধয় যথা সা ভক্ত্যাবেব মাং দধাতি তুভ্যং নম ইতি ॥

হৃষীকাণাং যদীশমিন্দ্রিয়ং মন স্তদাত্মনে তন্নিয়ন্ত্রে। হে অনিরুদ্ধ দেব মন্মনো ভক্ত্যাবেবানুরঞ্জয় তুভ্যং নম ইতি ॥ ৩২ ॥

এদিকে আবার ইন্দ্রিয়বর্গের নেতারূপে বিদ্যমান মনস্তত্ত্বের অন্তরে অধিষ্ঠান করত অনিরুদ্ধ-বেশে একাকী আপনিই বিরাজ করিতেছেন; আপনাকে প্রণাম করি! ॥ ৩২ ॥

আভাস।

করিতেছেন; আমি (অহং) বলিয়া উপলব্ধি করিলেও, প্রয়োজনানুসন্ধী চিত্তবৃত্তি ব্যতীত নিরপেক্ষ যে প্রেরকশক্তিকে অবধারণ করা নিতান্তই দুরূহ; প্রয়োজন-বোধের ব্যত্যয় হইলেও সাক্ষিরূপে যিনি সর্ব্বদা বিরাজমান থাকেন, যাঁহার কখন অভাব হয় না, তিনিই সঙ্কর্ষণ-মূর্ত্তিতে এই জীবদেহে বিদ্যমান রহিয়াছেন। বিরাট্ মূর্ত্তিতে তিনিই কালানলের উৎপাদন করত সৃষ্ট জগৎকে ধ্বংস করিতেছেন। অতএব হে দেব সঙ্কর্ষণ! আমার মমাকার ও অহঙ্কারের বৃত্তিসমূহকে বিদগ্ধ করত দেহগেহাদির বন্ধন হইতে আমাকে নির্ম্মুক্ত করুন্! আপনি প্রদ্যুম্নরূপে আমার বুদ্ধিকে এরূপ ভাবে প্রণোদিত করুন্! যেন সে ভক্তির অভিমুখেই আমার প্রবৃত্তিকে পরিচালিত করে, নিরর্থক বিষয়ের আলোচনায় যেন কালাতিপাত না করে। কারণ আপনিই অন্তরাত্মা! জ্ঞানপ্রদানে বিশ্ব সংসারের জীবনিচয়কে আপনিই প্রবোধিত করিতেছেন। আপনাকে প্রণাম করি! ॥ ৩১ ॥

কিন্তু হে দীনবন্ধো! স্থিরপ্রজ্ঞ হইতে হইলে, ইন্দ্রিয় ও মনের নিগ্রহ করা আবশ্যক। কারণ, "ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ। তানি সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ॥ বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা"। ইন্দ্রিয়গ্রাম বিষয়াভিমুখে নিরন্তর ধাবিত থাকায়, মনের চাঞ্চল্য উপস্থিত হয়; সুতরাং তদনুরোধে বুদ্ধিও কখন প্রতিষ্ঠা লাভে সমর্থ হয় না। অতএব বুদ্ধিকে প্রতিষ্ঠিত করিতে হইলে, ইন্দ্রিয় ও মনের নিগ্রহ করা সর্ব্বতোভাবে প্রয়োজন। হে অনিরুদ্ধ! আপনি ইন্দ্রিয়শ্রেষ্ঠ মনে নিরন্তর অধিষ্ঠান করেন; অতএব অনুগ্রহ পূর্ব্বক আমার মনকে ভক্তির স্রোতেই ভাসমান করুন্! সে যেন পুনরায় অকিঞ্চিৎকর বিষয়মদে উন্মত্ত না হয় ॥ ৩২ ॥

নমঃ পরমহংসায় পূর্ণায় নিভৃতাত্মনে।
স্বর্গাপবর্গদ্বারায় নিত্যং শুচিষদে নমঃ॥ ৩৩॥

অন্বয়ঃ।

নিত্যং নিরন্তরং, শুচিষদে (শুচিনি অন্তঃকরণে সীদতীতি তস্মৈ) পূর্ণায় তেজসা বিশ্বব্যাপিনে, নিভৃতাত্মনে ক্ষয়বৃদ্ধিশূন্যায়, স্বর্গাপবর্গদ্বারায় (কর্ম্মজ্ঞানফলভূতস্বর্গমোক্ষয়োর্দ্বারভূতায় ত্রয়ীময়ত্বাদিত্যর্থঃ) পরমহংসায় সূর্য্যরূপায়, নমঃ॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

সূর্য্যরূপেণ প্রণমতি পরমহংসায় সূর্য্যরূপায়। পূর্ণায় তেজসা বিশ্বব্যাপিনে। নিভৃতাত্মনে ক্ষয়বৃদ্ধিশূন্যায়। স্বর্গায় অপবর্গদ্বারায় চ শুচিনি অন্তঃকরণে নিষীদতীতি শুচিষৎ তস্মৈ। হংসঃ শুচিষদিতি শ্রুতেঃ॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমন্তঃকরণচতুষ্টয়ং তদুপাস্যদৈবতবাসুদেবাদিপ্রণতিভিঃ সংশোধ্য বহিঃকরণানি তথা দেহারম্ভকাণি পঞ্চভূতানিচ শোধয়িতুমধিষ্ঠাতৃরূপত্বেনচ প্রণমতি। নমঃ পরমেতি চতুর্ভিঃ পরমহংসায় সূর্য্যায় নিভৃতাত্মনে নিতরাং ভৃতা বৃষ্ট্যাদিভিঃ পালিতা আত্মানো জীবা যেন তস্মৈ শুচিনি অন্তঃকরণে সীদতীতি শুচিষৎ হংসঃ। শুচিষদিতি শ্রুতেঃ। তস্মৈ ভোঃ সূর্য্যাত্মক দেব মচ্চক্ষুঃ শ্রীমূর্ত্তিসৌন্দর্য্য এব প্রবর্ত্তয়। দেহগতং সূর্য্যাত্মকং তেজশ্চ শুদ্ধ্যতু তুভ্যং নম ইতি॥ ৩৩॥

আপনি বিশুদ্ধসত্ত্ব অন্তঃকরণে নিরন্তর বিরাজিত থাকিয়া, স্বকীয় বিশ্বব্যাপক তেজোরাশিতে এই ব্রহ্মাণ্ডকে নিত্য প্রকাশমান করিতেছেন। কোন সময়ে আপনার এই ঐশ্বর্য্যের হ্রাস বা বৃদ্ধি হয় না। বেদোক্ত কর্ম্মকাণ্ডের সাহায্যে জীবগণকে স্বর্গ এবং মোক্ষ প্রদান করত, পরমহংস ভাস্কররূপে আপনিই বিরাজ করিতেছেন! আপনাকে প্রণাম করি॥ ৩৩॥

আভাস।

চিত্ত, অহঙ্কার, বুদ্ধি ও মন এই ব্যূহচতুষ্টয়ে অধিষ্ঠাত্রীভাবে অবস্থিত বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চারি দেবতাকে প্রণাম করিয়া, বহিঃকরণ ইন্দ্রিয়বর্গ এবং দেহারম্ভক ভূতপঞ্চকের পরিশুদ্ধি-বাসনায় ইন্দ্রিয় ও পঞ্চমহাভূতাদিরূপে ভগবানকেই প্রণাম করা হইয়াছে। হে ভগবন্! দিবাকরমূর্ত্তিতে আপনিই প্রাণ ও বৃষ্টি প্রভৃতির প্রদানে এই জীবসমূহকে এবং জগৎকে যেমন প্রতিপালন করিতেছেন, আবার জীবের অন্তঃকরণে অধিষ্ঠান করত অজ্ঞানের নিবারণে চিত্তের বিশুদ্ধিসাধনও করিতেছেন। হে সূর্য্যরূপী জগচ্চক্ষুঃ দেব বিশ্বম্ভর! আমার দৃষ্টিদোষ বিনষ্ট করিয়া, লোচনকে ত্বদভিমুখে প্রবর্ত্তিত করুন্! এবং মদীয় দেহগত তপনজ্যোতিকে পরিশুদ্ধ করুন্!॥ ৩৩॥

আপনিই হিরণ্যরেতা! হুতাশনবিগ্রহে চাতুর্হোত্রাদি যজ্ঞাঙ্গের সমাপন করিতেছেন।

নমো হিরণ্যবীর্য্যায় চাতুর্হোত্রায় তন্তবে।
নম উর্জ্জ ইষে ত্রয্যাঃ পতয়ে যজ্ঞরেতসে ॥ ৩৪ ॥
তৃপ্তিদায়চ জীবানাং নমঃ সর্ব্বরসাত্মনে।

অন্বয়ঃ।

হিরণ্যবীর্য্যায় (হিরণ্যং বীর্য্যং শুক্রং যস্য তস্মৈ) চাতুর্হোত্রায় (চাতুর্হোত্রং কর্ম্ম তস্মৈ তৎ-সাধনায়) তন্তবে বাগ্‌বিস্তারায়, অগ্নয়ে নমঃ। তথা উর্জ্জে পিতৃণাং অন্নায়, ইষে দেবানা-মন্নায়, যজ্ঞরেতসে (যজ্ঞঃ রেতঃ যস্য তস্মৈ স্বরেতসা বীর্য্যেণ অমৃতলেশেন যজ্ঞসামগ্রী-সম্পাদনাৎ) ত্রয্যাঃ পতয়ে সোমায় নমঃ ॥ ৩৪ ॥

জীবানাং তৃপ্তিদায় সর্ব্বরসাত্মনে (সর্ব্বেষাং মাধুর্য্যাদিষট্ প্রকারাণাং রসানাং আত্মনে

শ্রীধরস্বামী।

হিরণ্যং বীর্য্যং যস্য তস্মৈ অগ্নিরূপায় চাতুর্হোত্রং কর্ম্ম তস্মৈ তৎসাধনায়েত্যর্থঃ। কুতঃ তন্তবে তদ্বিস্তারকায়। সোমত্বমাহ উর্জ্জে পিতৃণামন্নায়। ইষে দেবানামন্নায়। যজ্ঞরেতসে সোমায়। স হি পিতৃণাং দেবানাং চান্নং এবং রূপায় ত্রয্যাঃ পতয়ে হরয়ে নমঃ ॥ ৩৪ ॥

সূর্য্যাগ্নিসোমত্বেনৈব তেজস্ত্বমুক্তং। জলত্বমাহ .সর্ব্বরসাত্মনে জলরূপায় বিশেষায় পৃথ্বী-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

হিরণ্যবীর্য্যায় অগ্নিরূপায় চাতুর্হোত্রকর্ম্মসাধনায় কুতঃ তন্তবে তদ্বিস্তারকায়। ভো বহ্ন্যাত্মক দেব যথান্যেষাং কর্ম্ম প্রবর্ত্তয়সি তথৈব মম বাচং কীর্ত্তনভক্তৌ প্রবর্ত্তয় বহ্ন্যাত্মকং তেজশ্চ শুদ্ধ্যতু তুভ্যং নম ইতি। উর্জ্জে পিতৃণামন্নায়। ইষে দেবানামন্নায়। যজ্ঞরেসসে সোমায় ভোঃ সোমাত্মক দেব মম দেবর্ষ্যাদি ঋণং পরিশোধ্য মন্মনো ভক্তাবেবাসঞ্জয় সোমাত্মকং তেজশ্চ শুদ্ধ্যতু তুভ্যং নম ইতি পূর্ব্বমুপাস্যদৈবতপ্রণত্যা সংশোধ্যাপি মনসো দুর্দ্দমত্বাদ-ধিষ্ঠাতৃদৈবতপ্রণত্যাপি পুনঃ সংশোধ-মিদং জ্ঞেয়ং ॥ ৩৪ ॥

এবং সূর্য্যাগ্নিসোমরূপং তেজশ্চ তদ্রূপেণ প্রণত্যা সংশোধ্য রসনেন্দ্রিয়ং রসঞ্চ সংশোধ-

---

আপনি হিরণ্যবীর্য্য অগ্নি! চাতুর্হোত্র কর্ম্ম আপনার প্রসাদেই সাধিত হইতেছে এবং তাহার প্রচয়ও ঘটিতেছে! আপনাকে প্রণাম! আপনিই উর্জ্জ, অর্থাৎ পিতৃলোকের অন্ন এবং ইষ নামক দেবলোকের অন্নও একা আপনি মাত্র। আপনি ত্রয়ীপতি, আপনি সোম এবং যজ্ঞরেতা; ত্বদীয় বীর্য্যরূপ অমৃতলেশের দ্বারা যজ্ঞের সামগ্রী সকল সম্পাদিত ও পবিত্র হইতেছে; আপনাকে প্রণাম করি! ॥ ৩৪ ॥

আভাস।

উর্জ্জনামক পিতৃলোকের অন্ন এবং ইষনামে দেবলোকের অন্ন সমস্তই এক আপনি! অতএব দেবলোক ও পিতৃলোকের ঋণ হইতে আপনি আমাকে বিমুক্ত করত মদীয় সোমা-ত্মক তেজের বৃদ্ধি করুন! ॥ ৩৩ ॥

সর্ব্বসত্ত্বাত্মদেহায় বিশেষায় স্থবীয়সে ॥ ৩৫ ॥
নমস্ত্রৈলোক্যপালায় সহওজোবলায়চ।

অন্বয়ঃ।

আধারভূতায় জলস্বরূপায় তুভ্যং ভগবতে নমঃ। তথা সর্ব্বসত্ত্বাত্মদেহায় (সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং যে আত্মানঃ স্বরূপাণি তেষাং দেহায়) স্থবীয়সে অতিস্থূলায় বিরাট্‌দেহায়, বিশেষায় পৃথ্বীরূপায় তে নমঃ ॥ ৩৫ ॥

ত্রৈলোক্যপালায় (প্রাণরূপেণ ত্রৈলোক্যং তত্রত্যং প্রাণিজাতং পালয়তীতি তস্মৈ) বায়্বাত্মনে, সহ ওজ বলায় চ (সহঃ মনসঃ সামর্থ্যং, ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং, বলং দেহসামর্থ্যং, তেষাং

শ্রীধরস্বামী।

রূপায় সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং যে আত্মানঃ তেষাং দেহায় স্থবীয়সে বিরাড়্‌দেহায়চ ॥ ৩৫ ॥

ত্রৈলোক্যপালায় বায়বে। সহ আদিরূপায়। স হি প্রাণরূপেণ ত্রৈলোক্যং পালয়তি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

য়িতুং রসরূপেণ প্রণমতি তৃপ্তিদায়েতি হে রসাত্মক দেব হরে মম রসনাং ভবদীয়বস্তুমাধুর্য্য এব স্বাদং প্রাপয় দৈহিকা আপশ্চ শুদ্ধ্যন্তু তুভ্যং নমঃ ॥

সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং যে আত্মান স্তেষাং দেহায় স্থবীয়সে বিরাড়্ দেহায় চেতি হে পৃথিব্যাত্মক হরে মম ঘ্রাণেন্দ্রিয়ং ভবদীয়সৌরভ্য এব প্রবর্ত্তয়ন্ দেহঞ্চ স্বীয় পরিচর্য্যাদিষু প্রবর্ত্তয়েতি ॥ ৩৫ ॥

ত্রৈলোক্যপালায় প্রাণবায়ুস্বরূপায় সহওজোবলায় মনইন্দ্রিয়দেহেষু সহওজোবলরূপেণ প্রবিশ্য তত্তৎপাটবঃ কর্ত্তব্য ইত্যর্থঃ। হে বায়ুস্বরূপ হরে মম ত্বগিন্দ্রিয়ং ত্বদীয়সৌকুমার্য্যাদাবেবোল্লাসয়ন্ দেহেন্দ্রিয়মনাংস্যপি ভজনসামর্থ্যবন্তি কুরু তুভ্যং নম ইতি।

মাধুর্য্যাদি ষড়্‌বিধ রসের আধারভূত জীবগণের তৃপ্তিদাতা জলও আপনারই স্বরূপ; আপনাকে প্রণাম করি! যাবদীয় প্রাণিবর্গের দেহরূপে এবং এই পৃথিবীরূপ অতি স্থূলতম বিরাট্ কলেবরে এক আপনিই বিরাজ করিতেছেন! আপনাকে প্রণাম করি ॥ ৩৫ ॥

বায়ুমূর্ত্তি ধারণে এই ত্রিভুবনকে ও তত্রত্য প্রাণিসমূহকে আপনি প্রতিপালন করিতেছেন; মনের সামর্থ্য সহঃ, ইন্দ্রিয়সামর্থ্য ওজঃ এবং দেহসামর্থ্য বল, এই তিনই আপনা হইতে প্রাপ্ত হইয়া, জীব তদ্বিষয়ের পরিচালনা

আভাস।

এই শ্লোকে রসরূপে ভগবানকে প্রণাম করত, রসনেন্দ্রিয়ের বিশুদ্ধি ও মধুর রসের প্রার্থনা করা হইয়াছে। স্থূল দেহরূপ ও সমষ্টি ক্ষিতিতত্ত্বও ভগবদৈশ্বর্য্যের বিকাশ; সুতরাং স্থূল দেহ, বিশেষত ঘ্রাণেন্দ্রিয় এবং ভোগ্য ভূমির সংশুদ্ধি প্রার্থনা করা হইয়াছে ॥ ৩৫ ॥

ভগবানকে বায়ুরূপে প্রণাম করিয়া মনের সামর্থ্য সহঃ, ইন্দ্রিয়সামর্থ্য ওজঃ এবং দেহ-

অর্থলিঙ্গায় নভসে নমোঽন্তর্ব্বহিরাত্মনে ॥ ৩৬ ॥
নমঃ পুণ্যায় লোকায় অমুষ্মৈ ভূরিবর্চ্চসে।
প্রবৃত্তায় নিবৃত্তায় পিতৃদেবায় কর্ম্মণে ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

হেতুভূতায়) তথা অন্তর্বহিরাত্মনে অন্তর্বহির্ব্যবহারকারণায়, অর্থলিঙ্গায় স্বগুণশব্দদ্বারা লৌকিকসর্ব্বপদার্থজ্ঞাপকায়, নভসে আকাশরূপায়, ভগবতে তে নমঃ ॥ ৩৬ ॥

অমুষ্মৈ পুণ্যায় পুণ্যেন প্রাপ্যায়, ভূরিবর্চ্চসে প্রকাশবহুলায়, লোকায় স্বর্গবৈকুণ্ঠাদিরূপায়, নমঃ। তথা প্রবৃত্তায় দেবপিতৃলোকাদিপ্রাপ্তিসাধনভূতায় নিবৃত্তায় বৈকুণ্ঠাদিপ্রাপ্তিসাধনরূপায়, পিতৃদেবায় পিতৃদেবপ্রাপকায় কর্ম্মণে তে তুভ্যং নমঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

সহ আদিধর্ম্মায়চ। নভসে আকাশায়চ। অর্থানাং লিঙ্গায় জ্ঞাপকায় শব্দগুণত্বাৎ। অন্তর্ব্বহি র্ব্যবহারালম্বনায়। এবং মহাভূতরূপত্বমুক্তং ॥ ৩৬ ॥

অমুষ্মৈ স্বর্গায় ভূরিবর্চ্চসে। এষ বৈ জ্যোতিষ্মন্তং পুণ্যং লোকং প্রয়াতীতি শ্রুতেঃ। প্রবৃত্তায় নিবৃত্তায়চ কর্ম্মণে। পিতৃদেবায় যথাক্রমং পিতৃদেবপ্রাপ্তিফলায় ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্থানাং লিঙ্গায় জ্ঞাপকায় শব্দগুণত্বাৎ। অন্তর্বহিরাত্মনে অন্তর্ব্বহির্ব্যবহারালম্বনায় ভো নভঃস্বরূপ হরে মম শ্রোত্রং ভবৎসৌস্বর্য্য এব প্রবর্ত্তয়ন্ স্বীয়নামমন্ত্রভক্তিশাস্ত্রার্থং স্ফোরয়। মম নভস্তত্ত্বং চ শুদ্ধাতু তুভ্যং নম ইতি ॥ ৩৬ ॥

এবং স্বীয়ভূতেন্দ্রিয়মনাংসি ভগবদুপাসনোন্মুখীকৃত্য উপাসনাং প্রাপ্য বৈকুণ্ঠলোকস্বরূপত্বেন প্রণমতি নম ইতি পুণ্যায় সর্ব্বোত্তমায়। পুণ্যস্তু চার্ব্বপীতাম্বরঃ। ভূরিবর্চ্চস ইতি লোকান্তরব্যাবৃত্তিঃ। ধর্ম্মান্তরস্যাপি প্রযোজকত্বেন প্রণমতি প্রবৃত্তায়েত্যাদি পিতৃদেবতায় পিতৃদেবপ্রাপকায় ॥ ৩৭ ॥

করিতেছে; আপনি অন্তরে ও বাহিরে নিত্য বিরাজ করিতেছেন। আপনি স্বকীয় গুণ শব্দের দ্বারা লৌকিক সকল পদার্থের পরিচয় দিতেছেন; অথচ আকাশরূপেও বিরাজ করিতেছেন; আপনাকে প্রণাম করি ।। ৩৬ ।।

পুণ্যের দ্বারা অর্জ্জিত প্রকাশবহুল স্বর্গ বা বৈকুণ্ঠাদি ভুবনও আপনি

আভাস।

সামর্থ্য বলের প্রার্থনা করা হইয়াছে। হে বায়ুরূপি হরে! আমার ত্বগিন্দ্রিয়ের সৌকুমার্য্য সাধন করত দেহ, ইন্দ্রিয় ও মনকে সাধনের উপযুক্ত করুন্! আপনি আকাশরূপে আমার অন্তরে ও বাহিরে বিদ্যমান রহিয়াছেন। আকাশের গুণ শব্দতন্মাত্রকে পরিচালিত করত আমার শ্রোত্রেন্দ্রিয়কে কার্য্যক্ষম করুন্! যেন আমার অন্তঃকরণ মন্ত্রাদি শ্রবণে ভবদীয় সাধনার্থ অগ্রসর হয় ॥ ৩৬ ॥

নমোঽধর্ম্মবিপাকায় মৃত্যবে দুঃখদায় চ।
নমস্ত আশিষামীশ মনবে কারণাত্মনে ॥ ৩৮ ॥
নমো ধর্ম্মায় বৃহতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে।

অন্বয়ঃ।

অধর্ম্মবিপাকায় (অধর্ম্মস্য বিপাকায় ফলরূপায়) দুঃখদায় মৃত্যবে তে নমঃ। হে ঈশ! আশিষাং অভীষ্টফলানাং, কারণাত্মনে দাত্রে, মনবে সর্ব্বজ্ঞায়, তে তুভ্যং, নমঃ ॥ ৩৮ ॥

নমো বৃহতে ধর্ম্মায় অকুণ্ঠমেধসে (ন কুণ্ঠা লুপ্তা মেধা জ্ঞানশক্তিঃ যস্য তস্মৈ) কৃষ্ণায় (কৃষি ভূর্বাচকঃ শব্দো নশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়ত ইতি)

শ্রীধরস্বামী।

অধর্ম্মফলরূপায় মৃত্যবে। হে ঈশ আশিষাং কারণাত্মনে সর্ব্বকর্ম্মফলদাত্রে। মনবে সর্ব্বজ্ঞায় মন্ত্রাত্মকায়েতি বা ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিষিদ্ধকর্ম্মফলদায়িত্বেন প্রণমতি নমোঽধর্ম্মেতি অধর্ম্মস্য বিপাকঃ ফলং যস্মাত্তস্মৈ। বিহিতকর্ম্মফলদায়িত্বেন প্রণমতি নমস্ত ইতি। হে আশিষামীশ স্বর্গাদিফলদায়িন্ মনবে সর্ব্বমন্ত্ররূপায় কারণাত্মনে কর্ম্মকারকস্বরূপায় ॥ ৩৮ ॥

ভক্তিরূপত্বেন তদ্বিষয়ত্বেন প্রণমতি নমো ধর্ম্মায়েতি। অধিকারিভেদেষু কপিলদত্তাত্রে-

---

এবং প্রবৃত্তিপরতন্ত্র দেবলোক ও পিতৃলোক এবং নিবৃত্তিপরতন্ত্র বৈকুণ্ঠ-লোকে গমনের সাধনভূত কর্ম্মস্বরূপে আপনিই বিরাজ করিতেছেন ॥ ৩৭ ॥

আবার অধর্ম্মের ফলস্বরূপ দুঃখদাতা দণ্ডধারী কৃতান্তরূপে আপনিই দণ্ডায়মান রহিয়াছেন। হে জগতীপতে! অভিলষিত ফলপ্রদানার্থ সর্ব্বজ্ঞ কারণমূর্ত্তি মনুরূপে আপনিই সর্ব্বত্র বিরাজিত। আপনাকে প্রণাম! ॥ ৩৮ ॥

আপনি সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্ম; আপনার জ্ঞানশক্তি কোথায়ও কুণ্ঠিত হয় না; কৃষ্ণশব্দবাচক সচ্চিদানন্দ পরমব্রহ্ম, সাংখ্যাচার্য্য কপিল এবং যোগপন্থাব-

আভাস।

এই শ্লোকে সাধনার প্রণালী এবং সাধনোপায় ইন্দ্রিয়াদির বিশুদ্ধি প্রার্থনা করিয়া, সাধ্য বৈকুণ্ঠাদি ভোগ্য উপাদেয় লোকসমূহও যে ভগবানের স্বরূপ, তাহাই প্রতিপাদন করা হইয়াছে। এতদ্ব্যতীত ভোগ্যলোকের প্রাপ্তির উপায় ধর্ম্ম এবং তদ্ব্যাঘাতক অধর্ম্মও যে ভগবান্ মাত্র, তাহা স্পষ্টত প্রকাশ করিয়া, অধর্ম্মের প্রতিকূলে ধর্ম্মপ্রবৃত্তির প্রার্থনা করিয়াছেন। কারণ ভগবান্ই সর্ব্বময়; বৈকুণ্ঠাদি ধর্ম্মফল প্রদানে তিনি যেমন জীবকে সুখী করিতেছেন, আবার কৃতান্তমূর্ত্তিতে বহির্ম্মুখ জীবকে নরকাদি দুঃখার্ণবে নিপাতিত করিয়া, শাসনের দ্বারা সৎপথে আনয়ন করিতেছেন ॥ ৩৭ ॥ ৩৮ ॥

ভগবান্ কৃপাময়! জীবের উপকারার্থ তিনি যে বিবিধ মূর্ত্তি পরিগ্রহে ধর্ম্মপথের দ্বার

পুরুষায় পুরাণায় সাংখ্যযোগেশ্বরায়চ ॥ ৩৯ ॥
শক্তিত্রয়সমেতায় মীঢ়ুষেঽহংকৃতাত্মনে।
চেতআকূতিরূপায় নমো বাচো বিভূতয়ে ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

সাংখ্যযোগেশ্বরায় পুরাণায় পুরুষায় নমঃ ॥ ৩৯ ॥

অহংকৃতাত্মনে (অহংকৃতং অহঙ্কারঃ তদাত্মনে তৎস্বরূপায়) শক্তিত্রয়সমেতায় সত্ত্বরজস্তমঃস্বরূপশক্তিত্রয়যুক্তায়, মীঢ়ুষে অহঙ্কারাধিষ্ঠাত্রে রুদ্রায় নমঃ। তথা চেতঃ চক্ষুরাদীন্দ্রিয়পঞ্চকজন্যং জ্ঞানং; আকূতিঃ বাগাদীন্দ্রিয়পঞ্চকজন্যা ক্রিয়া, তদ্রূপায়) বাচো বিভূতয়ে (বাচঃ শব্দস্য বিবিধা ভূতিঃ উৎপত্তিঃ যস্মাৎ তস্মৈ) নমঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

বিষ্ণুত্বেন প্রণমতি বৃহতে ধর্ম্মায় পরমধর্ম্মাত্মনে কৃষ্ণায় ॥ ৩৯ ॥

রুদ্ররূপেণ প্রণমতি। মীঢ়ুষে রুদ্রায় অহস্কৃতমহঙ্কার স্তদাত্মনে। সচ কর্ত্তৃকরণকর্ম্মশক্তিত্রয়সমেত স্তস্মৈ। ব্রহ্মত্বেন প্রণমতি। চেতো জ্ঞানং আকূতিঃ ক্রিয়া তদ্রূপায়। বাচো বিবিধা ভূতিঃ সৃষ্টি র্যস্মাৎ তস্মৈ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাদ্যবতারভেদেন সাঙ্খ্যযোগয়োরপি প্রবর্ত্তকায় ॥ ৩৯ ॥

অহঙ্কারস্যাধিদৈবাদিভেদত্রয়সহিতস্য পুনরপি তদধিষ্ঠাতৃদৈবতস্বরূপপ্রণত্যা সংশোধনমাহ শক্তীতি কর্ত্তৃকর্ম্মকরণশক্তিত্রয়সমেতায়। মীঢ়ুষে রুদ্রস্বরূপায়। অহস্কৃতমহঙ্কারস্তদাত্মনে। ভো রুদ্রস্বরূপ হরে মমাহন্তামমতয়োর্বৃত্তয়ঃ শুদ্ধ্যন্তু ভক্তিময্যো ভবন্তু। তুভ্যং নম ইতি ॥

জ্ঞানেন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়াণাং শুদ্ধিমাহ। চেতো জ্ঞানং আকূতিঃ ক্রিয়া তদ্রূপায় ব্রহ্মস্বরূপায় বাচো বেদলক্ষণায়া বিবিধা ভূতিঃ সৃষ্টি র্যস্মাত্তস্মৈ তথা বাচ ইতি তদুপলক্ষিতানাং কর্ম্মেন্দ্রিয়াণাং শুদ্ধি র্ব্যঞ্জিতা জ্ঞানেন্দ্রিয়াণামপি শুদ্ধিঃ পূর্ব্বমুক্তাপি পুনরনয়া প্রণত্যাপি জ্ঞেয়া। হে রুদ্রস্বরূপ হরে মম বুদ্ধিপ্রাণবৃত্তী ভক্ত্যুন্মুখী কুরু। তুভ্যং নম ইতি ॥ ৪০ ॥

ভাসকাদি মূর্ত্তিতে অদ্বিতীয় পুরাণ পুরুষ আপনিই অধিষ্ঠান করিতেছেন ॥ ৩৯

অহঙ্কারতত্ত্ব এবং তদীয় সত্ত্ব রজঃ ও তমোগুণে অধিষ্ঠিত সেই অহংমূর্ত্তি ত্রিলোচন রুদ্রও আপনি। চক্ষুরাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়-জনিত জ্ঞান এবং বাগাদি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়-জনিত জ্ঞান আপনারই স্বরূপ মাত্র; এবং বাক্য-জনিত শব্দের বিচিত্রা গতিও এক আপনা হইতেই উৎপন্ন হইতেছে ॥ ৪০ ॥

আভাস।

উন্মোচন করেন, তাহাই কৃষ্ণ, বিষ্ণু, কপিল ও পতঞ্জলি প্রভৃতির নামোল্লেখে নিরূপণ করা হইয়াছে ॥ ৩৯ ॥

দর্শনং নো দিদৃক্ষূণাং দেহি ভাগবতার্চ্চিতং।
রূপং প্রিয়তমং স্বানাং সর্ব্বেন্দ্রিয়গুণাঞ্জনং॥ ৪১॥
স্নিগ্ধপ্রাবৃড়্ঘনশ্যামং সর্ব্বসৌন্দর্য্যসংগ্রহং।

অন্বয়ঃ।

সর্ব্বেন্দ্রিয়গুণাঞ্জনং (সর্ব্বেষাং ইন্দ্রিয়াণাং যে গুণাঃ বিষয়াঃ রূপাদয়ঃ তেষাং অঞ্জনং ব্যঞ্জকং) স্বানাং ভক্তানাং প্রিয়তমং রূপং দর্শয় ভাগবতার্চ্চিতং (ভাগবতৈঃ ত্বদ্ভক্তৈঃ অর্চ্চিতং বহুমানেন অঙ্গীকৃতং) দর্শনং দিদৃক্ষূণাং নঃ অস্মাকং, দেহি॥ ৪১॥

স্নিগ্ধপ্রাবৃড়্ঘনশ্যামং (স্নিগ্ধঃ চিক্কণঃ প্রাবৃষি বর্ষকালে ঘনবচ্ছ্যামং) সর্ব্বসৌন্দর্য্যসংগ্রহং (সর্ব্বেষাং সৌন্দর্য্যাণাং সংগ্রহঃ যস্মিন্ তৎ) চার্ব্বায়তচতুর্ব্বাহুং (চারবঃ মনোহরাঃ আয়তাঃ

শ্রীধরস্বামী।

এবং নমস্কৃত্য দর্শনং প্রার্থয়তে দর্শনমিতি নবভিঃ। ভাগবতৈঃ সৎকৃতং দর্শনং দেহীত্যস্য বিবরণং রূপমিত্যাদি প্রদর্শয়েত্যন্তং। স্বানাং ভক্তানাং প্রিয়তমং রূপং প্রদর্শয়েতি নবমেনান্বয়ঃ। সর্ব্বেষামিন্দ্রিয়াণাং যে গুণা বিষয়া স্তেষাং অঞ্জনং ব্যঞ্জকং সর্ব্বেন্দ্রিয়বিষয়বিষয়িরূপমিত্যর্থঃ। সর্ব্বেন্দ্রিয়াণি স্বগুণৈ র্বনক্তি ব্যঞ্জয়তীতি বা॥ ৪১॥

স্নিগ্ধঃ প্রাবৃষি যো ঘন স্তদ্বৎ শ্যামং সর্ব্বেষাং সৌন্দর্য্যাণাং সংগ্রহো যস্মিন্। চারবঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং স্মরন্ প্রণতিভিরেব স্বস্য দেহেন্দ্রিয়মনসাং শুদ্ধ্যা যোগ্যতামাপাদ্য দর্শনং প্রার্থয়তে নবভিঃ দর্শনং দেহীতি। ননু কীদৃশং দর্শনং ভবদভিমতং দদানি তত্রাহ ভাগবতৈরর্চ্চিতং নতু বৌদ্ধাদ্যৈরিত্যর্থঃ॥

রূপং রূপবৎ স্বানাং প্রিয়তমমিতি বৈরাজদর্শনং ব্যাবৃতং। সর্ব্বেন্দ্রিয়গুণৈ রূপাদিভিঃ অঞ্জনং ব্রহ্মণমত্যাসক্তির্যত্র তদিতি ব্রহ্মদর্শনমপি ব্যাবৃত্তং। যদ্বা সর্ব্বেন্দ্রিয়াণাং গুণাঞ্জনং গুণযুক্তং হিতকরমঞ্জনং মনআদিসর্ব্বেন্দ্রিয়াণি যত্র ত্বদ্বিষয়গ্রহণরূপমাধ্ব্যং পরিত্যজ্য স্ব স্ব চক্ষুঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। চক্ষুষশ্চক্ষুরিত্যাদি শ্রুতেঃ॥ ৪১॥

কিঞ্চ তত্রাপি স্নিগ্ধেতি স্নেহবত্ত্বস্নেহজনকত্বচিক্কণত্বান্যুক্তানি প্রাবৃণ্মেঘেতি রসবর্ষিত্ব-সর্ব্বতাপোপশমকত্ব-মনশ্চাতকহর্ষতাপোপশমকত্ব-মনশ্চাতকহর্ষত্বানি প্রেষেণ প্রকর্ষেণ আ সম্যগেব বর্ষতি ভক্তমনোরথমিতি প্রাবৃট্ ঘনশ্যামমতিনিবিড়শ্যামং। সর্ব্বেষামেব প্রাকৃতা-

---

ইন্দ্রিয়ের বিষয় রূপাদি আপনার মহিমাবলেই বিষয়রূপে পরিচিত হইতেছে; জগতের যাবতীয় পদার্থের অবভাসক একা আপনি মাত্র। আপনার ভক্তগণের নয়নাভিরাম এবং তাঁহাদের অর্চ্চিত পরমদুর্ল্লভ অপূর্ব্ব মূর্ত্তি আমাদিগকে প্রদর্শন করুন! ॥ ৪১॥

প্রাবিট্কালীন নবীন জলধরের ন্যায় শ্যামসুন্দর সর্ব্বসৌন্দর্য্যসার

চার্ব্বায়তচতুর্ব্বাহুং সুজাতরুচিরাননং ॥ ৪২ ॥
পদ্মকোশপলাশাক্ষং সুন্দরভ্রূ সুনাসিকং।
সুদ্বিজং সুকপোলাস্যং সমকর্ণবিভূষণং ॥ ৪৩ ॥
প্রীতিপ্রহসিতাপাঙ্গমলকৈরুপশোভিতং।

অন্বয়ঃ।

দীর্ঘাঃ চত্বারঃ বাহবঃ যস্মিন্ তৎ) সুজাতরুচিরাননং সুজাতং সর্ব্বাবয়বযুক্তং রুচিরং আননং যস্মিন্ তৎ) ॥ ৪২ ॥

পদ্মকোশপলাশাক্ষং (পদ্মস্য কোশে মধ্যে যানি পলাশানি পত্রাণি তদ্বদ্রক্তরেখাযুক্তে অক্ষিণী যস্মিন্ তৎ) সুন্দরভ্রূ (সুন্দরৌ ভ্রুবৌ যস্মিন্ তৎ) সুনাসিকং (শোভনা নাসিকা যস্মিন্ তৎ) সুদ্বিজং (শোভনাঃ দ্বিজাঃ দন্তাঃ যস্মিন্ তৎ) সুকপোলাস্যং (সুকপোলং আস্যং যস্মিন্ তৎ) ॥ ৪৩ ॥

প্রীতিপ্রহসিতাপাঙ্গং (প্রীত্যা প্রহসিতৌ অপাঙ্গৌ নেত্রপ্রান্তে যস্য তৎ) অলকৈঃ কেশৈঃ উপশোভিতং লসৎপঙ্কজকিঞ্জল্কদুকূলং (লসন্তঃ শোভমানাঃ যে পঙ্কজস্য কিঞ্জল্কাঃ কেশরাঃ

শ্রীধরস্বামী।

আয়তাশ্চত্বারো বাহবো যস্মিন্। সুজাতং যথোচিতসর্ব্বাবয়বং রুচিরমাননং যস্মিন ॥ ৪২ ॥

পদ্মস্য কোশে মধ্যে যানি পলাশানি পত্রাণি তদ্বদক্ষিণী যস্মিন্। সুকপোলমাস্যং যস্মিন্। সমৌ কর্ণৌ বিভূষণং যস্য কুণ্ডলয়োরগ্রে বক্ষ্যমাণত্বাৎ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাকৃতবস্তুনিষ্ঠানাং সৌন্দর্য্যাণাং সংগ্রহো যত্র তৎ। যদ্বা সৌন্দর্য্যকর্ত্তৃকং সম্যক্ গ্রহণমাকর্ষণং যত্র তদিত্যত এবান্যত্র তাদৃশসৌন্দর্য্যং নাস্তীত্যর্থঃ। যদ্বা সর্ব্বসৌন্দর্য্যেণ কর্ত্রা সম্যগাসক্ত্যৈব গ্রহণং যস্যেতি সর্ব্বসৌন্দর্য্যমপি স্বং সফলয়িতুং যদেব গৃহ্ণাতীতি ভাবঃ। চতসৃষু দিক্ষু ভুজা যস্যেতি পদ্মনাভোপাসকাঃ। চত্বারো ভুজা যস্যেতি বৈকুণ্ঠনাথোপাসকাঃ। প্রেয়সীসাহিত্যাদেব চতুর্ভুজত্বমিতি শ্রীকৃষ্ণোপাসকাঃ। সুজাতকমলমিব রুচিরমাননং যস্য তৎ ॥ ৪২ ॥

পদ্মকোশস্থে কোমলে পলাশে ইবাক্ষিণী যত্র তৎ ॥ ৪৩ ॥

আজানুলম্বিত মনোহর চতুর্ভুজবিশিষ্ট ও সুচারু বদনকমলবিশিষ্ট ॥ ৪২ ॥

কমলের গর্ভস্থ সুকোমল ঈষৎ রক্তিমাভ পত্রসদৃশ লোচনযুগলবিশিষ্ট সুন্দর ভ্রূযুগল, উন্নত নাসিকা, শোভন দন্তপংক্তি, মোহন গণ্ডস্থল এবং উভয় পার্শ্বে সমান কর্ণবিশিষ্ট মধুর মূর্ত্তি আমাদিগকে প্রদর্শন করান্ ॥ ৪৩ ॥

মধুর হাস্যবিকাসে অপাঙ্গ দৃষ্টির বিস্ফুরণে, অলকাজাল-শোভিত মুখপদ্মের বিকাশে এবং পদ্মকোশরের ন্যায় শোভাবিশিষ্ট পীতকৌশেয় বস্ত্র

লসৎপঙ্কজকিঞ্জল্কদুকূলং মৃষ্টকুণ্ডলং ॥ ৪৪ ॥
স্ফুরৎ কিরীটবলয়হারনূপুরমেখলং।
শঙ্খচক্রগদাপদ্মমালামণ্যুত্তমর্দ্ধিমৎ ॥ ৪৫ ॥
সিংহস্কন্ধত্বিষোবিভ্রৎ সৌভগগ্রীবকৌস্তুভং।

অন্বয়ঃ।

তৎসদৃশে পীতে দুকূলে বস্ত্রে যস্মিন্ তৎ) মৃষ্টকুণ্ডলং (মৃষ্টে উজ্জ্বলে কুণ্ডলে যস্মিন্ তৎ) ॥ ৪৪ ॥

স্ফুরন্তি দেদীপ্যমানানি কিরীটাদীনি যস্মিন্ তত্র কিরীটং শিরোভূষণং। শঙ্খাদীনি চত্বারি চতুর্ষু ভুজেষু আয়ুধানি তথা বনমালা মণয়শ্চ এতৈঃ উত্তমা ঋদ্ধিঃ শোভা যস্য তৎ ॥ ৪৫ ॥

সিংহস্কন্ধসদৃশৌ দ্বৌ স্কন্ধৌ তয়োঃ ত্বিষঃ কুণ্ডলহারাদিদীপ্তিঃ বিভ্রৎ, সৌভগযুক্তা গ্রীবা

শ্রীধরস্বামী।

প্রীত্যা প্রহসিতাবিবাপাঙ্গৌ যস্মিন্ ॥ ৪৪ ॥

স্ফুরন্তি কিরীটাদীনি যস্মিন্ শঙ্খাদিমৎ উত্তমর্দ্ধি লক্ষ্মীঃ যদ্বা এতৈরুত্তমা ঋদ্ধিরুৎকর্ষো যস্যাস্তি তৎ ॥ ৪৫ ॥

সৌভগযুক্তা গ্রীবা যেন। সিংহস্য স্কন্ধে পরিতঃ প্রসরন্তঃ কেশরাঃ এব ত্বিষঃ। তাদৃশীঃ সর্ব্বতস্ত্বিষো বিভ্রচ্চাসৌ সৌভগগ্রীবশ্চ কৌস্তুভো যস্মিন্। যদ্বা সিংহস্যেব স্কন্ধৌ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রীতিব্যঞ্জকং প্রহসিতমপাঙ্গে বামনেত্রান্তে যস্যেতি প্রেয়সীসাহিত্যং সূচয়তি ॥ ৪৪ ॥

শঙ্খচক্রগদাপদ্মানি করচতুষ্টয়ে। করতলদ্বয়ে বা রেখারূপাণি জ্ঞেয়ানি। মালাশ্চ আভরণস্থা মণয়শ্চ উত্তমর্দ্ধিঃ শোভা সম্পচ্চ তদ্বৎ ॥ ৪৫ ॥

সিংহস্যেব যৌ স্কন্ধৌ তয়োস্ত্বিষো হারকুণ্ডলাদিদীপ্তীর্বিভ্রৎ। সৌভগযুক্তা গ্রীবা যেন তথাভূতং কৌস্তুভো যত্র তৎ। অনপায়িন্যা শ্রিয়া লক্ষ্মীরেখয়া হেতুভূতয়া আক্ষিপ্ত স্তিরস্কৃতো

পরিধানে ও উজ্জ্বল কুণ্ডল ধারণে আপনি আমাদের সমক্ষে বিরাজ করিবেন ॥ ৪৪ ॥

মস্তকে কিরীট, প্রকোষ্ঠে বলয়, গলদেশে হার, চরণে নূপুর এবং কটিতে মণিময় মেখলা শোভা পাইতেছে; শঙ্খ, চক্র, গদা ও পদ্ম ভুজচতুষ্টয়ে ধারণ করায় এবং গলদেশে বনমালা ও মণিসমূহে কি অপূর্ব্ব শোভারই প্রকাশ হইয়া থাকে ॥ ৪৫ ॥

সিংহের স্কন্ধদেশে কেশরজালের বিকীরণে যেমন ঔজ্জ্বল্যের বিকাশ হয়, সেইরূপ আপনার উন্নত স্কন্ধদেশে সুশোভিত কুণ্ডল, হার ও কৌস্তুভ মণির শোভায় তাদৃশ অপূর্ব্ব সৌন্দর্য্যের বিকাস হইয়া থাকে। আপনার

শ্রিয়ানপায়িন্যাক্ষিপ্তনিকষাশ্মোরসোল্লসৎ ॥ ৪৬ ॥
পূররেচকসংবিগ্নবলিবল্গুদলোদরং।
প্রতিসংক্রাময়দ্বিশ্বং নাভ্যাবর্ত্তগভীরয়া ॥ ৪৭ ॥
শ্যামশ্রোণ্যধিরোচিষ্ণু দুকূলস্বর্ণমেখলং।

অন্বয়ঃ।

যেন সকৌস্তুভঃ যস্মিন্ তৎ; অনপায়িন্যা শ্রিয়া লক্ষ্মীরেখয়া, আক্ষিপ্তঃ তিরস্কৃতঃ, নিকষাশ্মা স্বর্ণরেখাঙ্কিতঃ নিকষণপাষাণঃ যেন তাদৃশেন উরসা উল্লসৎ শোভমানং ॥ ৪৬ ॥

পূররেচকাভ্যাং শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সংবিগ্নাঃ চঞ্চলাঃ, বলয়ঃ রেখাঃ, তাভিঃ বল্গু মনোহরং, দলবৎ অশ্বত্থপত্রবৎ, উদরং যস্মিন্ তৎ; তথা আবর্ত্তগম্ভীরয়া গম্ভীরয়া নাভ্যা বিশ্বং প্রতিসংক্রাময়ৎ পুনঃ প্রবেশয়ৎ ইব ॥ ৪৭ ॥

শ্যামশ্রোণ্যা শ্যামনিতম্বেন, অধি অধিকং, রোচিষ্ণু যৎ দুকূলং পীতাম্বরং, তস্মিন্ স্বর্ণ-

শ্রীধরস্বামী।

তয়ো স্তিষঃ কুণ্ডলহারাদিদীপ্তীঃ বিভ্রদিতি পৃথগ্বিশেষণং। সৌভগযুক্তা গ্রীবা যেন সকৌস্তুভো যস্মিন্ শ্রিয়া হেতুভূতয়া ক্ষিপ্ত স্তিরস্কৃতো নিকষাশ্মা স্বর্ণরেখাঙ্কিতো নিকষপাষাণো যেন তাদৃশেনোরসা উল্লসচ্ছোভমানং ॥ ৪৬ ॥

শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সংবিগ্নাশ্চঞ্চলা বলয়স্তাভি র্বল্গুদলবদশ্বত্থপত্রসদৃশং উদরং যস্মিন্। প্রতিসংক্রাময়ৎ যতো নির্গতং তেনৈব দ্বারেণ পুনঃ প্রবেশয়দিব ॥ ৪৭ ॥

শ্যামশ্রোণ্যাধিকং রোচিষ্ণু যৎ পীতং দুকূলং তত্র স্বর্ণময়ী মেখলা যস্মিন্। অভ্যাচ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিকষাশ্মা স্বর্ণরেখাঙ্কিতো নিকষপাষাণো যেন তাদৃশেন উরসা উল্লসচ্ছোভমানং ॥ ৪৬ ॥

পূররেচকাভ্যাং শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সংবিগ্না শ্চঞ্চলা যা বলয়স্তাভির্বল্গু দলবদশ্বত্থপত্রসদৃশমুদরং যত্র তৎ। আবর্ত্তবদ্গাম্ভীরয়া নাভ্যা বিশ্বং প্রতিসংক্রাময়ৎ। তস্মৈবোদ্ভূতং পুনস্তস্যৈব যস্মিন্ প্রবেশয়দিব স্বসৌন্দর্য্যেণাকর্ষদিব ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

বক্ষদেশে অম্লান স্বর্ণরেখারূপে স্থিরা লক্ষ্মী নিকষপ্রস্তরে কষিত স্বর্ণরেখাকেও যেন তিরস্কার করিতেছে ॥ ৪৬ ॥

শ্বাসপ্রশ্বাসের বেগে ভবদীয় উদরস্থ ত্রিবলির চাঞ্চল্যে অশ্বত্থপত্রসদৃশ ভবদীয় উদরপত্রে কি মনোহর শোভাই পরিলক্ষিত হইতেছে! তাহাতে আবার আবর্ত্তের ন্যায় গভীর নাভিদেশে যেন প্রকাশমান এই বিশ্ব সংসার পুনঃ প্রবেশেরই উদ্যম করিতেছে ॥ ৪৭ ॥

শ্যামবর্ণ নিতম্বদেশে পরিহিত পীতাম্বরের উপরে স্বর্ণময় মেখলা বিরাজমান; সমানাবয়ব মনোহর অঙ্ঘ্রিযুগল ও নিম্নজানুতে অতি দর্শনীয়তম

সমচার্ব্বঙ্‌ঘ্রিজঙ্ঘোরু নিম্নজানুসুদর্শনং। ৪৮ ॥

পদা শরৎপদ্মপলাশরোচিষা নখদ্যুভির্নোঽন্তরঘং বিধুন্বতা।
প্রদর্শয় স্বীয়মপাস্তসাধ্বসং পদং গুরো মার্গগুরুস্তমোজুষাং ॥ ৪৯ ॥

অন্বয়ঃ।

মেখলা যস্মিন্ তৎ; সমাঃ অন্যূনাধিকাঃ চারবঃ অঙ্‌ঘ্র্যাদয়ঃ যস্মিন্ তৎ; নিম্নজানু (নিম্নে জানুনী যস্মিন্ তৎ) সুদর্শনং শোভনং দর্শনং যস্য তৎ ॥ ৪৮ ॥

যতঃ তমোজুষাং অজ্ঞানাং, মার্গগুরুঃ সৎপথপ্রবর্ত্তকঃ, অতঃ হে গুরো! নখদ্যুভিঃ নখদীপ্তিভিঃ, নঃ অস্মাকং, অন্তরঘং অন্তর্নিহিতং অজ্ঞানং, বিধুন্বতা দূরীকুর্ব্বতা, শরৎপদ্মপলাশরোচিষা (শরদি যৎপদ্মং তস্য যৎ পলাশং তদ্বৎ রোচিঃ শোভা যস্য তেন) পদা চরণেন, অপাস্তসাধ্বসং (অপাস্তং দূরীকৃতং সাধ্বসং সংসারদুঃখং যেন তৎ) স্বীয়ং পদং স্বরূপং প্রদর্শয় ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

জঙ্ঘেচ উরূচ নিম্নে অনুন্নতে জানুনীচ সমৈশ্চারুভি রেতৈঃ শোভমানং দর্শনং যস্য। সমাশ্চারবোঽঙ্‌ঘ্র্যাদয়ো যস্মিন্। নিম্নে জানুনী যস্মিন্ শোভমানং দর্শনং যস্যেতি পদত্রয়ং বা ॥ ৪৮ ॥

পদা দীপস্থানীয়েন। যদ্বা এবম্ভূতেন পদোপলক্ষিতং রূপং প্রদর্শয়েত্যর্থঃ। শরদি যৎ পদ্মং তস্য পলাশং তদ্বৎ রোচি র্যস্য তেন নখদীপ্তিভি রন্তর্ভবং নোঽঘমজ্ঞানং বিধুন্বতা স্বীয়ং রূপং পদং শরণং প্রদর্শয়। অপাস্তং প্রহ্লাদাদীনাং সাধ্বসং যেন তৎ। হে গুরো যতস্ত্বমেব তমোজুষাং অজ্ঞানাং মার্গপ্রদর্শকো গুরুঃ ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্যামশ্রোণ্যা অধিকং রোচিষ্ণু তৎ কান্ত্যুচ্ছলনযুক্তং যৎ পীতদুকূলং তত্র স্বর্ণময়ী মেখলা যস্মিং স্তৎ। সমং তুল্যপ্রমাণঞ্চ চারু সুন্দরঞ্চ অঙ্‌ঘ্রি জঙ্ঘোরু যত্র তৎ ॥ ৪৮ ॥

নখদ্যুভি র্নখানাং কান্তিভিরেব অঘমন্ধকারং দূরীকুর্ব্বতা পদা দীব্যদীপকেনৈব স্বীয়ং পদং স্বরূপং স্থানং বা। যদ্বা হে প্রভো তব সর্ব্বাঙ্গলাবণ্যদর্শনং প্রাপ্তং কিন্তু চরণতলমাধুর্য্যং নোপলব্ধং তত্র যদ্যপি মহাযোগপীঠে তিষ্ঠত স্তব দ্বয়োঃ পদয়োঃ সামস্ত্যেন দর্শনাসম্ভব স্তদপি একেন পদা ভুবমবষ্টভ্যাপরং পদং কিঞ্চিদুন্নময্য দর্শয়েত্যাহ। পদা এব পদং দর্শয় বামপদা ভুবমবষ্টভ্য দক্ষিণপদং কিঞ্চিত্তিরশ্চিনীকৃতমুন্নময্য প্রদর্শয় যথা চক্রধ্বজ-

---

ভাব হইয়াছে ॥ ৪৮ ॥

আপনি অজ্ঞানান্ধ প্রাণিবর্গের পথ-প্রদর্শক গুরু; অতএব হে জগদ্‌গুরো! ভবদীয় চরণ-নখরের দীপ্তিতে আমাদের অন্তর্নিহিত তমোরাশিকে নিবারণ করুন্! শরৎকালীন সুশোভন কমলপত্রের ন্যায় আভাবিশিষ্ট সংসারদুঃখের নিবারণক ভবদীয় চরণকমলরূপ (পরম তত্ত্ব) আমাদিগকে প্রদর্শন করুন্। ৪৯॥

এতদ্রূপমনুধ্যেয়মাত্মশুদ্ধিমভীপ্সতা।
যদ্ভক্তিযোগোঽভয়দঃ স্বধর্ম্মমনুতিষ্ঠতাং ॥ ৫০ ॥
ভবান্ ভক্তিমতাং লভ্যো দুর্ল্লভঃ সর্ব্বদেহিনাং।

অন্বয়ঃ।

আত্মনঃ শুদ্ধিং অভীপ্সতা ইচ্ছতা, জনেন এতৎরূপং অভিধ্যেয়ং এব। যৎ যস্মাৎ স্বধর্ম্মং অনুতিষ্ঠতাং যদ্ভক্তিযোগঃ (যস্য তব ভক্তিযোগঃ) এব অভয়দঃ জন্মমরণাদিসংসার-নিবর্ত্তকঃ ॥ ৫০ ॥

স্বারাজ্যস্য (স্বর্গে রাজ্যং যস্য তস্য) অপি অভিমতঃ সম্মতঃ, একান্তেন স্বর্গাদিতোঽপি বিরক্তত্বেন যঃ আত্মবিদ্গতিঃ আত্মবিদাং গতিঃ গম্যঃ, সঃ ভবান্ সর্ব্বদেহিনাং বিষয়াবিষ্ট-

শ্রীধরস্বামী।

অতিদুর্ল্লভমিদং ময়া প্রার্থিতমিতি স্তোত্রৈরাহ। এতদ্রূপমনুধ্যেয়ং ধ্যানার্হমেব নতু প্রত্যক্ষতঃ প্রাপ্যমিত্যর্থঃ ॥ ৫০ ॥

তর্হি কিং কেনাপি ন প্রাপ্যতে তত্রাহ ভবানিতি দুর্ল্লভত্বমেবাহ। স্বর্গে রাজ্যং যস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বজ্রাঙ্কুশাদি দর্শনেন সংসারভয়ং নিবর্ত্তত ইত্যাহ অপাঙ্গেতি নন্থ কথমীদৃশীমতি তত্র শ্রীগুরু-প্রসাদাদিত্যাহ হে গুরো। তমোজুষামজ্ঞান-তিমিরান্ধ-চক্ষুষামস্মাকং মার্গগুরু র্ভক্তিমার্গো-পদেষ্টা ত্বমেব গুরুরূপধারীত্যর্থঃ ॥ ৪৯ ॥

শ্রীরুদ্র এব বিশেষং জ্ঞাপয়িতুমেতদিতি পদ্যমাহ যাবৎ দর্শনং ন লভ্যেত সাধকভক্তেন তাবদেতদ্রূপমেব পুনঃ পুনর্ধ্যেয়ং আত্মনো জীবস্য শুদ্ধিমবিদ্যামালিন্যক্ষালনং ইচ্ছতেতি নতু প্রকারান্তরেণ ত্বংপদার্থশুদ্ধি র্ভক্তানামুচিতেতি ভাবঃ। যথা বাসুদেবাদিপ্রণতিভি-দে'হদ্বয়শুদ্ধিরুক্তা তথা স্নিগ্ধপ্রাবৃড়িত্যাদি ধ্যানপৌনঃপুণ্যেন জীবস্যচ শুদ্ধিরিয়মুক্তা। ততো দর্শনং ততঃ পার্ষদত্বপ্রাপ্তিরিতি শুদ্ধভক্তমতং দর্শিতং। অত্র কিং মাহাত্ম্যং বাচ্যং যতঃ স্বস্বধর্ম্মমনুতিষ্ঠতামাশ্রমিণামপি যস্য ভক্তিযোগ এবাভয়দো নতু কর্ম্মজ্ঞানাদিরিত্যর্থঃ ॥৫০॥

পুনরপ্যেবং স্তবীতেত্যাহ ভবানিতি স্বর্গেষু রাজ্যং রাজত্বং যস্য তস্য ব্রহ্মণোঽপ্যভিমতঃ

স্বকীয় বিশুদ্ধি-কামনায় এই প্রকার ভগবদ্রূপের চিন্তা করা সর্ব্বতোভাবে বিধেয়। স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের অনুশীলনে এই ভগবন্মূর্ত্তির অনুধ্যানে নিরন্তর ভক্তি করিলে, জন্মমরণাদি সংসার-প্রবাহ বিনিবৃত্ত হয় ॥ ৫০ ॥

যাঁহারা স্বর্গরাজ্যের ও অধিকারী, তাঁহাদের পক্ষেও এই রূপই অভিমত, সন্দেহ নাই; যাঁহারা স্বর্গরাজ্যকেও তুচ্ছ করত কেবল ভগবত্তত্ত্বে নিমগ্ন হইতে প্রার্থনা করেন, তাঁহাদের পক্ষেও এইরূপই সর্ব্বতোভাবে অবলম্বনীয়। হে ভগবন্! আপনি বিষয়াবিষ্টচিত্ত সাংসারিক সকল জীবের দুর্ল্লভ হইলেও

স্বারাজ্যস্যাপ্যভিমত একান্তেনাত্মবিদ্গতিঃ ॥ ৫১ ॥
তং দুরারাধ্যমারাধ্য সতামপি দুরাপয়া।
একান্তভক্ত্যা কো বাঞ্ছেৎ পাদমূলং বিনা বহিঃ ॥ ৫২ ॥
যত্র নির্ব্বিষ্টমরণং কৃতান্তো নাভিমন্যতে।
বিশ্বং বিধ্বংসয়ন্ বীর্য্যশৌর্য্যবিস্ফূর্জ্জিতভ্রুবা ॥ ৫৩ ॥

অন্বয়ঃ।

চিন্তানাং, দুর্লভঃ অপি ভক্তিমতাং লভ্যঃ ॥ ৫১ ॥

(অতঃ তাদৃশং) দুরারাধ্যং তং ভগবন্তং, সতাং সদাচারবতাং, অপি দুরাপয়া দুর্লভয়া, একান্তয়া, ভক্ত্যা আরাধ্য প্রসাদ্য, তস্য পাদমূলং বিনা ততঃ বহিঃ বিষয়সুখং, কঃ পণ্ডিতঃ বাঞ্ছেৎ ॥ ৫২ ॥

বীর্য্যশৌর্য্যবিস্ফূর্জ্জিতভ্রুবা (বীর্য্যং প্রভাবঃ, শৌর্য্যং উৎসাহঃ, তাভ্যাং বিস্ফূর্জ্জিতয়া ক্ষুভিতয়া ভ্রুবা) বিশ্বং বিধ্বংসয়ন্ নাশয়ন্ স্থিতোঽপি কৃতান্তঃ যমঃ, যত্র ভগবৎপাদমূলে অরণং শরণং, নির্ব্বিষ্টং প্রবিষ্টং, জনং (মমায়ং বশ্যঃ ইতি) ন অভিমন্যতে অভিমানং করোতি ॥ ৫৩ ॥

শ্রীধরস্বামী।

তস্যাপ্যভিমতঃ স্পৃহণীয়ঃ। কিঞ্চ একান্তেন য আত্মবিৎ তস্যাপিচ গতি র্গম্যঃ ॥ ৫১ ॥

অতস্ত্বদর্চ্চনব্যতিরেকেণ ন কিঞ্চিৎ বাঞ্ছামীত্যাহ। তং ত্বামেকান্তভক্ত্যা আরাধ্য বহিঃ স্বর্গাদিসুখং ॥ ৫২ ॥

অত্র হেতুঃ যত্র পাদমূলে শরণং প্রবিষ্টং কৃতান্তঃ কালো মমায়ং বশ্য ইতি নাভিমানং করোতি। কিং কুর্ব্বন্ বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যমুৎসাহঃ তাভ্যাং বিস্ফূর্জ্জিতয়া ক্ষুভিতয়া ভ্রুবা বিশ্বংবিধ্বংসয়ন্নপি ॥ ৫৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পৃহণীয়ঃ। আত্মবিদাং সনকাদীনামপি গতিরূপঃ ॥ ৫১ ॥

পুনরপি শ্রীরুদ্রএব শ্লোকত্রয়মাহ তমিতি বহিঃ স্বর্গাদি সুখং ॥ ৫২ ॥

সংসারভয়ন্ত তস্য নাস্ত্যেবেতি কিং তৎপ্রার্থনেনেত্যাহ যত্র পাদমূলে অরণং শরণং প্রবিষ্টং জনং কৃতান্তঃ কালো মমায়মিতি নাভিমন্যতে। বীর্য্যং প্রভাবং। শৌর্য্যমুৎসাহ স্তাভ্যাং বিস্ফূর্জ্জিতয়া ভ্রুবা বিশ্বং ধ্বংসয়ন্নপি ॥ ৫৩ ॥

ভক্তিমানের সম্পূর্ণ সুলভ, সন্দেহ নাই ॥ ৫১ ॥

অতএব তাদৃশ দুরারাধ্য আপনাকে সদাচারী সাধুগণেরও দুর্লভ অহৈতুকী ভক্তির দ্বারা প্রসন্ন করিয়া, পুনরায় ভবদীয় চরণকমল ব্যতীত তদতিরিক্ত অন্য বিষয়সুখের আকাঙ্ক্ষা কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি করিয়া থাকে ? ॥ ৫২ ॥

অতুল বীর্য্য ও উৎসাহের সহিত ভ্রুকুটি করত বিশ্ব ব্রহ্মাণ্ডকে বিধ্বস্ত

ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥ ৫৪॥
অথানঘাঙ্ঘ্রে স্তব কীর্ত্তিতীর্থয়োরন্তর্ব্বহিঃ স্নানবিধূতপাপ্মনাং।

অন্বয়ঃ।

ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবতঃ যে সঙ্গিনঃ ভক্তাঃ তেষাং সঙ্গস্য) ক্ষণার্দ্ধেন অপি ন স্বর্গং ন অপুনর্ভবং মোক্ষং, চ অহং তুলয়ে তুল্যং ন গণয়ামি; মর্ত্ত্যানাং মনুষ্যাণাং আশিষঃ রাজ্যাদ্যাঃ উত কিং॥ ৫৪॥

অথ তস্মাৎ, অনঘাঙ্ঘ্রেঃ (অনঘৌ সংসারহেতুভূতসর্ব্বানর্থনিবারকৌ অঙ্ঘ্রী যস্য তস্য) তব কীর্ত্তিতীর্থয়োঃ (কীর্ত্তিঃ যশঃ, তীর্থং গঙ্গা তয়োঃ) যথাক্রমেণ অন্তর্ব্বহিঃ স্নানবিধূতপাপ্মনাং (স্নানাভ্যাং বিধূতঃ নিরস্তঃ পাপ্মা যেষাং তেষাং) অতএব ভূতেষু সর্ব্বপ্রাণিষু অনুক্রোশ-

শ্রীধরস্বামী।

ত্বৎপাদমূলে প্রবিষ্টস্য কৃতান্তভয়াভাবঃ কিয়াননয়ং লাভঃ। যাবতা ত্বদ্ভক্তসঙ্গএব সকল পুরুষার্থশ্রেণিশিরসি নরীনর্ত্তি ইত্যাহ ভগবত স্তব সঙ্গিনাং সঙ্গস্য ক্ষণার্দ্ধেনাপি ন স্বর্গং তুলয়ে সমং ন গণয়ামি। নচ অপুনর্ভবং মোক্ষং। মর্ত্ত্যানামাশিষো রাজ্যাদ্যাঃ কিমুত॥ ৫৪॥

অথ অতো হেতোঃ অনঘৌ অঘহরাবঙ্ঘ্রী যস্য তস্য তব কীর্ত্তির্যশঃ তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্ব্বহিঃ স্নানাভ্যাং বিধূতঃ পাপ্মা যেষাং অত এবংভূতেষু অনুক্রোশঃ কৃপা সুসত্ত্ব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সৎসঙ্গং তু বাঞ্ছেদেবেত্যাহ ক্ষণার্দ্ধেনেতি ভগবৎসঙ্গিনাং সঙ্গস্য ক্ষণার্দ্ধেন কিমুত দ্বিত্রাদি-ক্ষণেন কিমুততরাং তৎফলভূতয়া ভক্ত্যা কিমুততমাং ভক্তিফলেন প্রেম্নেতি কৈমুত্যাতিশয়ো দ্যোতিতঃ। স্বর্গং কর্ম্মফলং অপুনর্ভবং মোক্ষং জ্ঞানফলমপি ন তুলয়ে কিমুত জ্ঞানং কিমুত-তরাং কর্ম্ম কিমুততমাং রাজ্যাদ্যা দৃষ্টা আশিষঃ॥ ৫৪॥

তস্মাদেবং প্রার্থনয়া যঃ স্তবীতেত্যাহ। অথেতি অনঘাঙ্ঘ্রেঃ পাপহরণচরণকমলস্য তব কীর্ত্তির্যশস্তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্ব্বহিঃ স্নানাভ্যাং বিধূতঃ পাপ্মা যেষাং অতএব ভূতেষনু-

---

করিয়াও কৃতান্ত কখন ভগবচ্চরণারবিন্দে আশ্রিত ব্যক্তিকে নিজের অধিকার-ভুক্ত বলিয়া মনে করেন না॥ ৫৩॥

অহো! ভবদীয় ভক্তগণের সংসর্গের সহিত আমি স্বর্গ বা মোক্ষকেও যখন সমানবোধে তুলনা করিতে বাসনা করি না, তখন মরণধর্ম্মশীল মানবের লভ্য সামান্য রাজ্যাদি উপভোগের কথা আর কি বর্ণন করিব?॥ ৫৪॥

সংসারের হেতুভূত যাবতীয় অনর্থের নিবারক আপনার চরণকমলের কীর্ত্তি ও তীর্থভূতা গঙ্গায় অবগাহনের দ্বারা যাঁহাদের আন্তরিক ও বাহ্যিক সর্ব্ববিধ মলই দূরীভূত হইয়াছে, তাদৃশ বিমলচেতা সর্ব্বভূতের হিতকামী সদাচার-সম্পন্ন নির্ম্মলস্বভাব ভক্তগণের সহিত যেন আমাদের সাক্ষাৎকার

ভূতেষ্বনুক্রোশসুসত্ত্বশীলিনাং স্যাৎ সঙ্গমোঽনুগ্রহ এষ নস্তব ॥ ৫৫ ॥
ন যস্য চিত্তং বহিরর্থবিভ্রমং তমোগুহায়াঞ্চ বিশুদ্ধমাবিশৎ।

অন্বয়ঃ।

সুসত্ত্বশীলিনাং (অনুক্রোশঃ কৃপা, সুসত্ত্বং কামক্রোধাদিরহিতং চিত্তং শীলং আর্জবাদি বিদ্যতে যেষাং তেষাং) সংগমঃ নঃ অস্মাকং স্যাৎ এষঃ এব তব অনুগ্রহঃ ॥ ৫৫ ॥

যদ্ যদা ভক্তিযোগানুগৃহীতং (ভক্তিযোগেন অনুগৃহীতং সৎ) যস্য চিত্তং বিশুদ্ধং ভবতি তথা তমোগুহায়াং তমোরূপায়াং গুহায়াং দৃষ্টাদৃষ্টসর্ব্বব্যবহারলোপহেতুভূতায়াং, আবিশৎ

শ্রীধরস্বামী।

রাগাদিরহিতং চিত্তং শীলঞ্চ আর্জবাদি বিদ্যতে যেষাং তেষাং সঙ্গমোঽস্মাকং স্যাৎ এষ এব নঃ ত্বদনুগ্রহঃ ॥ ৫৫ ॥

তত্ত্বজ্ঞানঞ্চ ত্বদ্ভক্তসঙ্গাদেব ভবতীত্যাহ ন যস্যেতি যেষাং সতাং ভক্তিযোগেনানুগৃহীতং বিশুদ্ধং সৎ যস্য চিত্তং বাহ্যার্থবিক্ষিপ্তং ন ভবতি তমোরূপায়াং গুহায়াঞ্চ নাবিশৎ লয়ং ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রোশঃ কৃপা সুসত্ত্বঞ্চ শুদ্ধমন্তকরণং শীলঞ্চার্জবাদি বিদ্যতে যেষাং তেষাং সঙ্গমো নোঽস্মাকং স্যাৎ এষ এব নস্ত্বদনুগ্রহঃ ॥ ৫৫ ॥

ত্বদীয়সাধুসঙ্গাদেব চিত্তং বিশেষতঃ শুদ্ধ্যেৎ। বিশুদ্ধেচ চিত্তে ত্বদ্রূপলীলালাবণ্যানুভবঃ স্যাদিতি বিশুদ্ধমেব চিত্তং লক্ষয়তি যস্য চিত্তং বহিরর্থবিভ্রমং নত্বদীয়স্মরণশ্রবণাদিসময়ে বাহ্যার্থবিক্ষিপ্তং ন ভবতি তমোগুহায়াঞ্চ নাবিশৎ সুপ্তিগহ্বরেঽপ্যপ্রবিষ্টং ত্বদীয়শ্রবণ-স্মরণাদিসময়ে যচ্চিত্তং লয়বিক্ষেপযুক্তং ন ভবতীত্যর্থঃ। তত্র হেতুঃ যৎ খলু ভক্তিযোগেনানু-গৃহীতং তৎ শুদ্ধং ভবতি অয়মাশয়ঃ দশনামাপরাধা এব লয়বিক্ষেপকারকাঃ তেষামপগমে এব ভক্তিদেবী প্রসীদতি। প্রসীদন্ত্যা এব তস্যা অনুগ্রহঃ স্যাৎ সচ ভক্তিসময়গতলয়-

---

লাভ হয়, তাহা হইলেই আমাদের প্রতি আপনার প্রচুর দয়ারই পরিচয় হইল ॥ ৫৫ ॥

ভক্তিযোগের সাহায্যে যাহার চিত্ত যখন বিশুদ্ধ হয়, দৃষ্টাদৃষ্ট শুভাশুভ ব্যাপারের বিচারে প্রতিবন্ধককারী তমোগহ্বরে চিত্ত আর অভিনিবিষ্ট না হয়, সুতরাং সাংসারিক বিষয়ভোগের জন্য মন আর অগ্রসর হয় না, হে দয়াময়!

আভাস।

সাধু ভক্তগণের সংসর্গে চিত্ত যত সহজে বিশুদ্ধ হয়, সেরূপ বিশুদ্ধভাব কর্ম্ম বা জ্ঞানের প্রসাদে কখন ঘটে না। অতএব ক্ষণার্দ্ধ কালও সাধুর সঙ্গ স্বর্গ বা মুক্তির অপেক্ষাও শ্রেষ্ঠ বলিয়া পরিগণিত। বিশুদ্ধ চিত্তের স্বরূপ এই শ্লোকের প্রতিপাদিত হইয়াছে। অর্থাৎ ভগবৎ-স্বরূপের পরিচিন্তন-কালে চিত্ত যদি বিষয়ান্তরের চিন্তায় ব্যাকুল হইয়া ঘোর অজ্ঞান-গহ্বরে নিপতিত না হয়, ভ্রমবিচারে ভ্রান্ত হইয়া সত্যপথ হইতে বিচ্যুত না হয়, অবিরলধারে ভগবদ্ভাব

যদ্ভক্তিযোগানুগৃহীতমঞ্জসা মুনির্বিচষ্টে ননু তত্র তে গতিং ॥ ৫৬॥
যত্রেদং ব্যজ্যতে বিশ্বং বিশ্বস্মিন্নবভাতি যং।
তত্ত্বং ব্রহ্ম পরং জ্যোতিরাকাশমিব বিস্তৃতং। ৫৭॥

অন্বয়ঃ।

লয়প্রাপ্তং তথা বহিরর্থবিভ্রমং বাহ্যেষু বিষয়েষু আসক্তং যদা ন ভবতি তত্র তদা, অঞ্জসা অনায়াসেন, সঃ মুনিঃ মননশীলঃ, সন্ তে তব, গতিং তত্ত্বং, বিচষ্টে পশ্যতি ॥ ৫৬॥

যত্র ইদং বিশ্বং ব্যজ্যতে প্রকাশতে, বিশ্বস্মিন্ চ যং (সচ্চিদানন্দরূপেণ) অবভাতি তং আকাশং ইব বিস্তৃতং পরং জ্যোতিঃ ব্রহ্ম ত্বং এব ॥ ৫৭॥

শ্রীধরস্বামী।

প্রাপ তত্র তদা স মুনিঃ তব গতিং তত্ত্বং পশ্যতি ॥ ৫৬॥

কীদৃশং তত্ত্বং তদাহ যত্রেতি ॥ ৫৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিক্ষেপাভাবগম্য ইত্যত স্তত্র শুদ্ধে চিত্তে মুনির্মননশীলঃ সন্ তব গতিং চেষ্টাং লীলা-লাবণ্যাদিকং বিচষ্টে পশ্যতি ॥ ৫৬॥

যত্তু কশ্চিন্মুনি স্তব ব্রহ্মস্বরূপং বিচষ্টে তদপি ত্বমেব তদৈব পরমমহত স্তম্মহিমাব্যাপক-স্তেজ ইত্যাহ যত্রেতি ॥ ৫৭॥

তখনই তাদৃশ মহামনা ব্যক্তিকে মননশীল মুনিনামে অভিহিত করা হয়; এবং তিনিই আপনার পরম তত্ত্ব অবগত হইতে পারেন ॥ ৫৬॥

যাঁহার উপর নির্ভর করত এই বিশ্ব সংসার প্রকাশমান হইতেছে, এবং সর্ব্বব্যাপী মহাকাশের ন্যায় যিনি এই সমগ্র ভুবনে সচ্চিদানন্দ বিগ্রহে বিরাজ করিতেছেন, সেই স্বপ্রকাশ পরমব্রহ্মই আপনি! ॥ ৫৭॥

আভাস।

হৃদয়ে জাগরূক থাকে, তখনই লয়বিক্ষেপশূন্য-ভাবে চিত্ত অবস্থান করে। তৎকালে ভক্তিদেবী স্বয়ং প্রসন্না হইয়া, ভক্তের হৃদয়ে ভগবানের লীলা ও লাবণ্যাদির প্রকাশ করেন ॥ ৫৬॥

ভগবত্তত্ত্বের স্বরূপবর্ণনার্থ প্রকাশ করা হইয়াছে যে, মহাকাশে মেঘের উদয় হইলে, মেঘস্বরূপ তুষাররাশিতেই আবার আকাশের প্রতিবিম্ব যেমন হয়; এস্থলে আকশই মেঘের আশ্রয় এবং উলুত প্লুত ভাবে আকাশই মেঘের সর্ব্বত্র ব্যপ্ত, সেইরূপ কূটস্থ ব্রহ্মে এই বিশ্ব অবভাসিত এবং বিশ্ব সংসারে ব্রহ্মচৈতন্যই প্রতিবিম্বিত হইয়া ভোক্তা জীবরূপে বিদ্যমান রহিয়াছেন ॥ ৫৭॥

জগদুৎপাদনের উপাদন এবং নিমিত্ত কারণ যে পরম ব্রহ্ম, তাহাই এই শ্লোকে প্রতি-পাদিত হইয়াছে। কুম্ভকার মৃত্তিকারূপ উপাদান লইয়া, ঘট প্রস্তুত করে। কিন্তু ভগবান্ জগৎকে রচনা করিবার জন্য তদতিরিক্ত পৃথক্ পদার্থ উপাদানরূপে গ্রহণ করেন না। তিনি

যো মায়য়েদং পুরুরূপয়াসৃজদ্বিভর্ত্তি ভূয়ঃ ক্ষপয়ত্যবিক্রিয়ঃ।
যদ্ভেদবুদ্ধিঃ সদিবাত্মদুঃস্থয়া তমাত্মতন্ত্রং ভগবন্ প্রতীমহি ॥ ৫৮ ॥

অন্বয়ঃ।

হে ভগবন্। যঃ ভগবান্ স্বয়ং অবিক্রিয়ঃ বিকাররহিতঃ, এব পুরুরূপয়া বিবিধপ্রকাশন-যোগ্যয়া, তথাপি আত্মদুঃস্থয়া (আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্ত্তুং অসমর্থয়া) কিন্তু যদ্ভেদবুদ্ধিঃ (যয়া মায়য়া অন্যেষাং ভেদবুদ্ধিঃ ভবতি; তাদৃশয়া মায়য়া) ইদং বিশ্বং অসৃজৎ তথা বিষ্ণ্বাদি-রূপেণ বিভর্ত্তি পালয়তি, রুদ্ররূপেণ ক্ষপয়তি সংহরতে, তং আত্মতন্ত্রং স্বতন্ত্রং, ভগবন্তং বয়ং প্রতীমহি জানীয়াম ॥ ৫৮ ॥

শ্রীধরস্বামী।

জগত উপাদানত্বেন তত্ত্বং লক্ষিতং নিমিত্তত্বেনাপি তদেব লক্ষয়ন্নাহ। য ইদং বিশ্বং সদিব পরমার্থমিবাসৃজৎ। কথম্ভূতয়া যয়া ভেদবুদ্ধিরন্যেষাং ভবতি তয়া আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া তং ত্বাং নিরস্তভেদং প্রতীমহি জানীয়াম ॥ ৫৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়ন্তু ত্বাং ভগবৎস্বরূপমেবানুবুভূষাম ইত্যাহ যো ভবান্ ইদং বিশ্বং পুরুষরূপেণাসৃজৎ বিষ্ণুরূপেণ বিভর্ত্তি সঙ্কর্ষণরূপেণ ক্ষপয়তি মায়য়া কীদৃশ্যা আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া যদ্যস্যা মায়ায়াঃ ভেদে ভেদপ্রভেদরূপে জগত্যেব বুদ্ধির্জ্ঞানং লোকানাং স্যাৎ তচ্চ জ্ঞানং সদিব প্রশস্তমিব নতু প্রশস্তমিত্যর্থঃ। ক্লীবত্বমার্ষং। হে ভগবন্ শ্রীকৃষ্ণ তং ত্বামাত্মতন্ত্রং প্রতীমহি সাক্ষাদনুভবেমেতি প্রার্থনেয়ং ॥ ৫৮ ॥

হে ভগবন্! আপনি স্বয়ং অপ্রমত্ত ও অবিক্রিয়ভাবে নিরন্তর বিদ্যমান থাকিয়া, স্বকীয় অচিন্ত্যশক্তি এবং প্রকাশবহুল মহামায়ার প্রভাবে এই পরিদৃশ্যমান বিশ্ব ব্রহ্মাণ্ডকে রচনা করিয়াছেন এবং বিষ্ণুমূর্ত্তিতে ইহার পালন ও রুদ্ররূপে ইহার সংহার কার্য্য নির্ব্বাহ করিতেছেন। অহো! যে মহা-মায়ার প্রভাবে জীবসমূহের হৃদয়ে এতাদৃশ ভেদবুদ্ধির উদয় হইতেছে, সে মায়া কিন্তু আপনার নিকট নিজের কোনরূপ প্রতিপত্তি সংস্থাপনে কখন সমর্থা হন না। আপনি স্বতন্ত্র ও সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন! আপনাকে প্রণাম করি! ॥ ৫৮ ॥

আভাস।

নিজ অচিন্ত্যশক্তি মায়াকেই উদ্দীপিত করিয়া, স্বয়ং জগৎ সৃজন করিয়াছেন এবং যেন সম্পূর্ণ পৃথক্ ভাবে অবস্থান করত, ব্রহ্মাণ্ডের পালন এবং সংহার কার্য্য সাধিত করিতেছেন। শ্রুতি বলিয়াছেন, "যথোর্ণনাভঃ সৃজতে গৃহ্নতে চ যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বং"। মাকড়্শা যেমন স্বকীয় উদরস্থ লালা মুখের দ্বারা নির্গত করিয়া, জাল প্রস্তুত করে এবং সেই জালের মধ্যস্থলে নিজেই উপবিষ্ট থাকে;

ক্রিয়াকলাপৈরিদমেব যোগিনঃ শ্রদ্ধান্বিতাঃ সাধু যজন্তি সিদ্ধয়ে।
ভূতেন্দ্রিয়ান্তঃকরণোপলক্ষণং বেদেচ তন্ত্রেচ ত এব কোবিদাঃ॥ ৫৯॥

অন্বয়ঃ।

যোগিনঃ ভগবদ্ভক্তাঃ, শ্রদ্ধান্বিতাঃ সন্তঃ সিদ্ধয়ে পরমানন্দপ্রাপ্তয়ে, ক্রিয়াকলাপৈঃ ইদং ভূতেন্দ্রিয়ান্তঃকরণোপলক্ষণং (ভূতানি ইন্দ্রিয়াণি অন্তঃকরণানিচ তৈঃ উপলক্ষ্যতে তৎপ্রবর্ত্তক-চেতনত্বেন জ্ঞায়তে তৎ) যথা বর্ণিতং পুরুষোত্তমরূপং সাধু যথা ভবতি তথা যজন্তি তে এব বেদে চ তন্ত্রে আগমে, চ কোবিদাঃ তত্ত্বজ্ঞাঃ॥ ৫৯॥

শ্রীধরস্বামী।

যদ্যপি ত্বমেবং নির্ভেদং ব্রহ্ম তথাপি প্রাগুক্তং সাকারং তব রূপং যে যজন্তি তএব বেদাগমতত্ত্বজ্ঞা ইত্যাহ। ক্রিয়াকলাপৈ র্যে কর্ম্মযোগিনঃ পূজয়ন্তি তএব কোবিদাঃ। নত্বেতদনাদৃত্য কেবলজ্ঞানে প্রবৃত্তাঃ। তন্ত্রে আগমে কথম্ভূতমিদং ভূতেন্দ্রিয়ান্তঃকরণৈরস্বতন্ত্রৈ র্যদুপলক্ষ্যতে তৎ নিয়ন্তৃরূপং॥ ৫৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেচিৎ কর্ম্মযোগিনোঽষ্টাঙ্গযোগিনশ্চ সর্ব্বভূতান্তর্যামিনং প্রথমং পুরুষং ত্বাং যজন্তীতি তন্ত্রেণৈবাহ ক্রিয়েতি ইদমেব কিং তত্রাহ ভূতেন্দ্রিয়ান্তঃকরণৈরস্বতন্ত্রৈ র্যদুপলক্ষ্যতে জ্ঞাপ্যতে তন্নিয়ন্তৃ রূপং। তএব কর্ম্মিণাং যোগিনাং চ মধ্যে কোবিদাঃ নান্যে॥ ৫৯॥

ভগবদ্ভক্ত যোগিগণ অতি শ্রদ্ধা ও বিনয়-সহকারে পরমানন্দপ্রাপ্তির অভিলাষে নিত্য নৈমিত্তিকাদি বিবিধ ক্রিয়াকলাপের অনুষ্ঠানে দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণোপলক্ষিত তত্তৎপ্রবর্ত্তক চেতনারূপে পরিজ্ঞাত পূর্ব্ববর্ণিত ভবদীয় পুরুষোত্তম রূপের যথাশক্তি পূজা ও আরাধনা করিয়া থাকেন বলিয়াই, তাঁহাদিগকে বেদ এবং আগমাদিতে পারদর্শী তত্ত্বজ্ঞনামে অভিহিত করা হয়॥ ৫৯॥

আভাস।

কিন্তু ঊর্ণাতন্তুর স্পর্শে তাহার নিজের গাত্রকে জড়ীভূত করে না; কিন্তু মক্ষিকাদি অন্য যে কোন ক্ষুদ্র জীব সেই জালকে স্পর্শ করে, অমনি জালের তন্তু তাহার পক্ষ বা দেহে নির্য্যাস স্পৃষ্টের ন্যায় জড়িত হয়; মক্ষিকার আর অন্যত্র পলাইবার সামর্থ্য থাকে না, সেইরূপ যে শক্তির প্রচয়ে ভগবান এই বিশ্বসংসার রচিত করিয়াছেন, সে শক্তি অন্য সকল জীবকেই নিজ কুহকে মোহিত করে বটে, কিন্তু মূল প্রকাশক পরমাত্মার সন্নিধানে তাঁহার কোন গুণপনাই থাকে না। তিনি পরমেশ-সত্তায় সৎ বলিয়া পরিদৃষ্ট হইলেও, পরমার্থ দৃষ্টিতে সম্পূর্ণ অসৎ; তবে যিনি সদসৎ রূপে পরিদৃশ্যমান জগতের আদিতে এবং অন্তে নিরঞ্জন ভাবে ও নিত্য চৈতন্যবেশে অবস্থান করেন, তিনিই পরাৎপর পরম ব্রহ্ম॥ ৫৮॥

কিন্তু হে কৃপানিধে! আপনি গুণাতীত সচ্চিদানন্দস্বরূপ হইলেও আপনার সগুণ সাকার

ত্বমেক আদ্যঃ পুরুষঃ সুপ্তশক্তি স্তয়া রজঃসত্ত্বতমোবিভিদ্যতে।

অন্বয়ঃ।

আদ্যঃ ত্বং একঃ এব সুপ্তশক্তিঃ (সুপ্তা মায়াখ্যা শক্তিঃ যস্য সঃ) পুরুষঃ এব (পশ্চাৎ; উত্থিতয়া) তয়া মূলশক্ত্যা, রজঃসত্ত্বতমঃ ইতি শক্তিত্রয়ং বিভিদ্যতে পৃথক্ ভবতি। যতঃ রজঃ

শ্রীধরস্বামী।

নম্বভিন্নে ময়ি ভেদং কুর্ব্বন্তঃ সন্তঃ কথং তে কোবিদাঃ। নহি তৈর্ভেদঃ ক্রিয়তে ত্বয়ৈব ক্রীড়ার্থং চেতনাচেতনাত্মকভেদঃ কৃত ইত্যাহ ত্বমিতি। আদ্য স্ত্বমেক এব। সুপ্তা মায়াখ্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৈশ্চিত্তু ত্বং প্রকৃত্যন্তর্যামী প্রথমপুরুষোঽনুভূয়সে ইত্যাহ ত্বমিতি সুপ্তা মায়াখ্যা শক্তি

যে পরমকারণে মায়ানাম্নী মহাশক্তি নিদ্রিতের ন্যায় অবস্থান করেন, সেই অদ্বিতীয় অনাদি পরম পুরুষই আপনি মাত্র। আপনার ক্রোড়স্থিতা মহাশক্তির উদ্দীপনে প্রথম সত্ত্ব, রজঃ ও তমোনামে ত্রিবিধা শক্তির ভেদ প্রতিপন্ন হয় এবং এই মহাশক্তির পরিণামে রজঃ প্রভৃতির বিকারে মহত্তত্ত্ব, অহঙ্কার,

আভাস।

ভাব অবলম্বনে যাঁহারা আরাধনা করেন, তাহারাই প্রকৃত তত্ত্বজ্ঞ। বেদও আগমের গূঢ় মর্ম্ম তাঁহারাই প্রকৃত প্রস্তাবে অবধারণ করিয়াছেন। আপনার জীব-নিস্তারক সগুণ শক্তিময় ভাবকে অনাদর করিয়া, যাঁহারা কেবল জ্ঞানময় ভাবকে অবলম্বন করেন, তাঁহারা ফল লাভে বঞ্চিত হন, সন্দেহ নাই। কর্ম্মের অগাধ গহ্বরে অবগাহন করিয়া, জীব যখন কর্ম্মফলই ভোগ করিতেছে, তখন ঈশ্বরের ফলদাতৃভাবকে উপেক্ষা করিয়া, কেবল জ্ঞানভাবকে অবলম্বন করা তাহাদের পক্ষে নিতান্তই অসম্ভব; সুতরাং তদ্দ্বারা ফললাভের বিশেষ সম্ভাবনা নাই। ভগবানের সগুণভাবের পরিচয়ার্থ শ্লোকে প্রকাশ করা হইয়াছে, 'ভূতেন্দ্রিয়ান্তঃকরণোপলক্ষণং" অর্থাৎ বায়ু ও অগ্নি প্রভৃতি ভূতগ্রাম, ইন্দ্রিয়বর্গ এবং অন্তঃকরণের অধিষ্ঠাতা ও নিয়ামকভাবেই পরমাত্মাকে পরিচিন্তন করা প্রয়োজন। সেই সেই রূপে ও সেই সেই শক্তিতে তিনি জগতে আত্মকর্তৃত্বের পরিচয় দিতেছেন। সুতরাং দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণের পরিশুদ্ধি বাসনায় তত্তদধিষ্ঠিত পরমেশ্বরের সমষ্টি ভাবকেই আশ্রয় করা বিধেয়; নতুবা কেবল জ্ঞান কল্পনায় পরিণত হয় মাত্র ॥ ৫৯ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, যে পরম পুরুষে কোন ভেদজ্ঞানের সম্ভাবনা নাই, তাঁহাতে আবার ভেদজ্ঞান করিয়া শাস্ত্রজ্ঞগণ কি প্রকারে তত্ত্বজ্ঞনাম প্রাপ্ত হইতে পারেন? তদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, শাস্ত্রজ্ঞগণ ভগবানে ভেদব্যবহার করেন নাই; ভগবানই কেবল ক্রীড়ার্থই এই চেতন ও অচেতনাত্মক বিবিধ ভেদ নিজেই করিয়াছেন; তত্ত্বজ্ঞগণ কেবল তৎকৃত ভেদভাবের নিরূপণ করিয়াছেন মাত্র। কারণ সৃষ্টির আদিতে জগৎপ্রসবিনী মহাশক্তি নিদ্রিতার ন্যায়, সেই পরমব্রহ্মে লীনই ছিলেন। তাঁহার আর ব্রহ্মাতিরিক্ত পৃথক্

মহানহং খং মরুদগ্নিবার্ধরাঃ সুরর্ষয়ো ভূতগণা ইদং যতঃ ॥ ৬০ ॥

অন্বয়ঃ।

আদেঃ সকাশাৎ মহান্ মহত্তত্ত্বং, অহং অহঙ্কারঃ, খং আকাশঃ, মরুৎ পবনঃ, অগ্নিঃ বাঃ জলং, ধরা পৃথ্বী, সুরাঃ দেবদেহাঃ, ঋষয়ঃ ঋষিদেহাঃ, ভূতগণাঃ প্রাণিদেহাঃ, তথা ইদং সর্ব্বং জগৎ ত্বং সৃজসি ॥ ৬০ ॥

শ্রীধরস্বামী।

শক্তির্যস্য পশ্চাত্তয়া শক্ত্যা রজঃসত্ত্বতমসাং দ্বন্দ্বৈক্যাৎ। যতো রজআদেঃ মহানহঙ্কারঃ খঞ্চ মরুদগ্নির্বার্ধরাশ্চ বারিতি উদকং সুরাশ্চ ঋষয়শ্চ ভূতগণাশ্চ। এবমিদং জগৎ যতো ভবতি তদ্বিভিদ্যত ইত্যন্বয়ঃ ॥ ৬০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্য পশ্চাত্তয়ৈব শক্ত্যা প্রবুদ্ধয়া ত্বত্ত এব রজ আদিকং বিভিদ্যতে যতো রজ আদে মহানহ-মিত্যাদি ॥ ৬০ ॥

আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, দেবদেহ, ঋষিদেহ এবং সমগ্র প্রাণিগণের দেহবিশিষ্ট এই সমগ্র জগৎকে আপনিই উত্তরোত্তর পরিণামে সৃজন করিয়াছেন ॥ ৬০ ॥

আভাস।

সত্তা ছিল না। পরে পরমব্রহ্মই স্বীয় শক্তি মায়াকে উদ্রিক্ত করিয়া, তাঁহাতে সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিবিধ শক্তির বিভাগ করিলেন এবং এই গুণত্রয়ের পরিণতিতে স্থূল, সূক্ষ্ম ও কারণ এই ত্রিবিধ সৃষ্টির রচনা করিলেন। সুতরাং লোকব্যবহারে যেমন শক্তি ও শক্তিমানে যথেষ্ট ভেদ থাকিলেও কার্য্যকালে শক্তিতে শক্তিমানকে স্পষ্টত সংসৃষ্ট প্রতীত হয়, সেইরূপ জ্ঞানে কোন ক্রিয়া না থাকিলেও. ক্রিয়াতে যে জ্ঞান আছেন, তদ্বিষয়ে আর সন্দেহ নাই। তুর্ব্বচন প্রয়োগকালে কেবল বাগিন্দ্রিয়েরই যে প্রয়োগ হয় তাহা নহে, তৎসঙ্গে কর্ত্তাস্বরূপ জ্ঞানের নিয়ন্তৃত্ব থাকে এবং কার্য্যাবসানেও নিরীহ জ্ঞানভাব থাকে, সেইরূপ পরমাত্মা নিরীহ হইলেও সর্ব্বত্র নিয়ন্তৃত্বের অনুরোধে তদ্ভাবে তাঁহাতেও ভেদভাব অপরিহার্য্য ॥ ৬০ ॥

ঈশ্বরসৃষ্ট জীবশরীর জরায়ুজাদি ভেদে চারি প্রকার; যাহারা গর্ব্ভ হইতে পূর্ণাবয়বে প্রসূত হয়, তাহাদিগকে জরায়ুজ বলে; যথা মনুষ্য পশু প্রভৃতি। যাহারা ডিম্ব হইতে জন্মগ্রহণ করে, তাহাদিগকে অণ্ডজ বলে; যথা পক্ষী সর্প প্রভৃতি। মষকাদি স্বেদ হইতে উৎপন্ন হয়; সুতরাং তাহাদিগকে স্বেদজ বলে। বৃক্ষ লতা প্রভৃতি মৃত্তিকা ভেদ করত জন্মগ্রহণ করে, এই নিমিত্ত তাহাদিগকে উদ্ভিদ নামে অভিহিত করা হয়। চৈতন্যজ্যোতিঃ প্রতি-বিম্ব ভাবে এই সমস্ত জীবদেহের অন্তরে অবস্থান করায়, চিৎপ্রতিবিম্বই জীবনামে অভিহিত হন; কিন্তু কূটস্থবেশে সকল তত্ত্বের আশ্রয়রূপে স্বরূপে বিদ্যমান থাকায়, অন্তর্যামী নামে অভি-হিত হন। পঞ্চদশীতে উক্ত হইয়াছে, "কূটস্থে কল্পিতা বুদ্ধি স্তত্র চিৎপ্রতিবিম্বকঃ। প্রাণানাং ধারণাজ্জীবঃ সংসারেণ স যুজ্যতে" ॥ যেমন আকাশে মেঘের উদয় হয় এবং সেই মেঘে

সৃষ্টং স্বশক্ত্যেদমনুপ্রবিষ্টশ্চতুর্ব্বিধং পুরমাত্মাংশকেন।
অথো বিদুস্তং পুরুষং সন্তমন্তর্ভুঙ্‌ক্তে হৃষীকৈর্ম্মধুসারঘং যঃ॥ ৬১॥

অন্বয়ঃ।

এব স্বশক্ত্যা মায়য়া ইদং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদেন চতুর্ব্বিধং সৃষ্টং পুরং আত্মাংশকেন জীবান্তর্যামিভেদেন দ্বিবিধরূপেণ ভবান্ অনুপ্রবিষ্টঃ। অথ তস্মাৎ পুরিশয়নাৎ অন্তঃ সন্তং তং দ্বিবিধং পুরুষং (তত্ত্বজ্ঞাঃ) বিদুঃ জানন্তি। (তত্র) যঃ সারঘঃ (সরঘাভিঃ মধুমক্ষিকাভিঃ সৃষ্টং তৎ) মধু তদ্বত্তুচ্ছং বিষয়সুখং হৃষীকৈঃ ইন্দ্রিয়ৈঃ, যঃ ভুঙ্‌ক্তে সঃ জীবঃ যস্তু অভোক্তা সর্ব্বজ্ঞঃ জীবনিয়ন্তা স ভগবান্ ইতি॥ ৬১॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি সৃষ্টমিতি পুরং শরীরং চতুর্ব্বিধং। জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপেণ স্বাংশেন প্রবিষ্টঃ। অথো ইতি হেতৌ পুরস্যান্তঃ সন্তমংশং চিদাভাসং পুরিশয়নাৎ পুরুষং বিদুঃ। তর্হি কিমীশ্বরমেব সংসারিণং বিদুঃ নেত্যাহ। সরঘা মধুমক্ষিকাঃ তাভিঃ সৃষ্টং মধ্বিব ক্ষুদ্রকং বিষয়সুখং অবিদ্যাবৃতঃ সন্ যো ভুঙ্‌ক্তে তং জীবং বিদুঃ। তথাচ শ্রুতিঃ। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি নিণীতঞ্চ গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি তদ্দর্শনাদিত্যত্র॥ ৬১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্ত্বন্তর্যামী সঙ্গী পুরুষো জীবঃ সতু নোপাস্য ইত্যাহ সৃষ্টমিতি ইদং চতুর্বিধং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপং আত্মা অন্তর্যামী অংশকেন যেন নিকৃষ্টাংশেন সহ প্রবিষ্ট স্তমপি অন্তঃ সন্তং অন্তরেব নতু বহিঃ সন্তং জীবং পুরুষং বিদুঃ যঃ সারঘং সরঘাভি র্ম্মধুমক্ষিকাভিঃ সৃষ্টং মধু হৃষীকৈর্ভুঙ্‌ক্তে। সারঘদৃষ্টান্তেন তন্মক্ষিকাবংশসন্ততত্বেঽপি তদ্ভোজনাত্যাগাদাসক্তির্দ্যোতিতা ততশ্চাতিশয়োক্ত্যলঙ্কারেণাভক্ত্যা সদুঃখং বিষয়সুখং তুচ্ছমবিদ্যাকৃতো যো ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতীতি॥ ৬১॥

স্বকীয় মায়াশক্তিবলে জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ পুরস্থানীয় দেহের রচনা করিয়া, নিজের অংশেই জীব ও তদন্তর্যামী এই উভয় ভাবেই তদন্তরে বিরাজ করিতেছেন। দেহরূপ পুরীর অন্তরে অবস্থান করায়, আপনাকে পুরুষ বলিয়া তত্ত্বজ্ঞগণ নিরূপণ করেন। কিন্তু মধুমক্ষিকা যেমন বিবিধ পুষ্প হইতে অতি অল্প বিন্দুপরিমাণে মধু সংগ্রহ করে, সেইরূপ

আভাস।

আবার আকাশের প্রতিবিম্ব নিপতিত হয়, সেইরূপ কূটস্থচৈতন্যে বুদ্ধির কল্পনা হয় এবং সেই বুদ্ধিতে প্রতিবিম্বিত চিদাভাসই জীবনামে অভিহিত। এই চিদাভাসেরই সংসার কূটস্থ চৈতন্যে সংসারের কোন সংস্রব ঘটে না। তিনি নিয়ামকভাবে সকল তত্ত্বকেই স্ব স্ব সামর্থ্য প্রদানে কার্য্যে প্রণোদিত করিতেছেন। বুদ্ধিতে প্রতিবিম্বিত চিদাভাস

স এষ লোকানতিচণ্ডবেগো বিকর্ষসি ত্বং খলু কালযানঃ।

অন্বয়ঃ।

যথা অবিষহ্যঃ সোঢ়ুমশক্যঃ বেগবান্ বায়ুঃ ঘনাবলীঃ (ঘনানাং আবলীঃ ইতস্ততঃ কালয়ানঃ বিনাশয়তি) ইব তদ্বং অতিচণ্ডবেগঃ তথাপি অনুমেয়তত্ত্বঃ অলক্ষ্যস্বরূপঃ এষঃ সঃ ত্বং লোকান্ চতুর্দ্দশভুবনাত্মকান্ কালযানঃ ইতস্ততঃ চালয়মানঃ, বিনাশং প্রাপয়মানঃ, ভূতৈঃ জলাগ্নিব্যাঘ্রচৌরশস্ত্রবাতপিত্তশ্লেষ্মাদিভিঃ দ্বারভূতৈঃ এব ভূতানি তত্রত্যানি স্থাবর-

শ্রীধরস্বামী।

তবতু স্বর্কনিয়ন্তঃকুতঃ সংসার ইত্যাহ। যঃ স্বশক্ত্যেদং সৃষ্টবান্ স এষ ত্বং খলু ভূতৈরেব ভূতানি মেঘপঙ্‌ক্তী র্বায়ুরিব কালয়ন্ বিচালয়ন্ লোকান্ বিকর্ষসি সংহরসি অনুমেয়ঃস্তত্ত্বঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমেব ভক্তিহীনং জীবং সপরিচ্ছদমেব কালস্বরূপ স্বমাকর্ষসীত্যাহ সএষ ইতি দ্বাভ্যাং কালয়ানশ্চালয়ন্ লোকান্ ভোগস্থানান্যপি ভূতানি ভূতৈরিতি জীবো জীবস্য জীবনমিতি

দেহান্তর্ব্বর্ত্তী যে পুরুষ ইন্দ্রিয়গ্রামের সাহায্যে অকিঞ্চিৎকর বিবিধ বিষয় হইতে মধুর ন্যায় কণাপরিমাণে সুখের সংগ্রহে তাহার ভোগের জন্য প্রবৃত্ত হন, তিনিই জীব এবং যিনি স্বয়ং ভোগ না করিয়া, সর্ব্বজ্ঞভাবে অবস্থান পূর্ব্বক জীবের নিয়মন করেন, তিনিই সাক্ষীভূত ভগবান্।। ৬১ ।।

হে ভগবন্! আপনার স্বরূপকে কেহ লক্ষ্য করিতে সক্ষম হন না! অতি বেগবান্ বায়ু যেমন জলদপটলকে ইতস্ততঃ সঞ্চালিত ও বিচ্ছিন্ন করত বিনষ্ট করে, সেইরূপ নিজপরাক্রমে আপনি এই চতুর্দ্দশ ভুবনাত্মক ব্রহ্মাণ্ডকে ইতস্ততঃ সঞ্চালিত করত জল, অগ্নি, ব্যাঘ্র, চৌর, অস্ত্র, বাত, পিত্ত ও শ্লেষ্মাদি

আভাস।

ভোগ্য ও ভোক্তৃভাবের অনির্ব্বচনীয় সম্বন্ধে অহঙ্কারগ্রস্ত হইয়া, ভোগে লিপ্ত হন; কূটস্থচৈতন্য সাক্ষিরূপে বিদ্যমান থাকিয়া, জীবের শুভাশুভ ভাবের প্রতি দৃষ্টি করত তদনুরূপ ফল প্রদান করিয়া থাকেন মাত্র। এই প্রদান কার্য্যও তাঁহার ঈক্ষণে প্রকৃতির দ্বারা সাধিত হইয়া থাকে; তিনি কেবল উপলক্ষ মাত্র। এতদর্থে শ্রুতিও প্রকাশ করিয়াছেন যে, একটী বৃক্ষে দুইটী পক্ষী বাস করে; তন্মধ্যে একটী পক্ষী বৃক্ষের স্বাদু ফল সমূহ ভোজন করে, অপরটী কেবল সাক্ষী থাকিয়া ভোক্তা পক্ষীর কার্য্যকলাপ কেবল অবলোকন করেন মাত্র ॥ ৬১ ॥

হে হৃষীকেশ! অশ্বচালক যেমন ঘোটককে বিবিধ সাজে সজ্জিত করিয়া, রথাকর্ষণে নিযুক্ত করে, আপনি সেইরূপ মায়ার সাজে জীবগণকে সজ্জিত করত, এই সংসার-ভোগে আকর্ষণ করিতেছেন। যাহারা প্রেম ও ভক্তিসহকারে আপনার অনুগত হইতে শিক্ষা করিয়াছে, তাহাদিগকে আর জনমমরণরূপ সংসার-বিড়ম্বনায় বিড়ম্বিত হইতে হয় না; নিষ্কৃতিলাভে চিরকৃতার্থতা লাভ করে॥ ৬২ ॥

ভূতানি ভূতৈরনুমেয়তত্ত্বো ঘনাবলীর্ব্বায়ুরিবাবিষহ্যঃ ॥ ৬২ ॥

প্রমত্তমুচ্চৈ রিতিকৃত্যচিন্তয়া প্রবৃদ্ধলোভং বিষয়েষু লালসং।

ত্বমপ্রমত্তঃ সহসাভিপদ্যসে ক্ষুল্লেলিহানোঽহিরিবাখুমন্তকঃ ॥ ৬৩ ॥

অন্বয়ঃ।

জঙ্গমাত্মকানি, খলু নিশ্চিতং বিকর্ষসি উপসংহরসি ॥ ৬২ ॥

ইতিকৃত্যচিন্তয়া এবং ইদং কর্ত্তব্যং ইতি চিন্তয়া, উচ্চৈঃ অতিশয়েন, প্রমত্তং অসাবধানং, প্রবৃদ্ধলোভং (প্রবৃদ্ধঃ লোভঃ যস্য তং) বিষয়েষু লালসং (লালসা যস্য তং অতিকামুকং) জনং আখুং মুষিকং, ক্ষুল্লেলিহানঃ (ক্ষুধা লেলিহানঃ) অহিঃ সর্পঃ, ইব অন্তকঃ অপ্রমত্তঃ ত্বং সহসা অভিপদ্যসে অকস্মাৎ আক্রামসি ॥ ৬৩ ॥

শ্রীধরস্বামী।

অলক্ষ্যস্বরূপঃ ॥ ৬২ ॥

বিকর্ষণপ্রকারমাহ প্রমত্তমিতি ইতিকৃত্যং এবমিদং কর্ত্তব্যমিতি চিন্তয়োচ্চৈঃ প্রমত্তং। তত্র হেতুঃ বিষয়েষু লালসং অতিকামুকং প্রাপ্তেঽপি বিষয়ে প্রবৃদ্ধলোভং অন্তকস্ত্বমভিপদ্যসে আক্রামসি ক্ষুধা লেলিহানঃ জিহ্বয়ৌষ্ঠপ্রান্তৌ স্পৃশন্ সর্পো মুষিকমিব ॥ ৬৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন্যায়েনেত্যর্থঃ অনুমেয়তত্ত্বঃ অলক্ষ্যস্বরূপঃ ॥ ৬২ ॥

বিকর্ষণপ্রকারমাহ প্রমত্তমিতি ইতিকৃত্যং এবমেবমিদং কর্ত্তব্যমিতি তচ্চিন্তয়া প্রমত্তং। অভিপদ্যসে আক্রামসি ক্ষুধা লেলিহানঃ জিহ্বয়া ওষ্ঠপ্রান্তৌ অতিশয়েন স্পৃশন্ সর্পঃ আখুং মুষিকমিব ॥ ৬৩ ॥

ভূতগ্রামের দ্বারা ভুবনস্থ স্থাবরজঙ্গমাত্মক ভূতগ্রামকে বিচ্ছিন্ন ও বিনষ্ট করিতেছেন ॥ ৬২ ॥

এই কার্য্য এই প্রকারে নির্ব্বাহ করিতে হইবে, এইরূপ উৎকট বিষয়-চিন্তায় উন্মত্তপ্রায় জীবগণ অভিলষিত ভোগের প্রাপ্তিকামনায় নিতান্ত প্রলোভিত হয় বটে, কিন্তু কণলোভী মুষিক যেমন ক্ষুধায় লেলিহান কালসর্পের গ্রাসেই অসাবধানতাবশত নিপতিত হয়, সেইরূপ পূর্ব্বোক্ত প্রমত্ত জীবনিচয় ভবদীয় করাল কবলেই অকস্মাৎ নিপতিত হয়, সন্দেহ নাই ॥ ৬৩ ॥

আভাস।

প্রারব্ধলব্ধ ভোগে সন্তুষ্টচিত্ত ব্যক্তির হৃদয়ে নিরন্তর শান্তি বিরাজ করে। তাঁহারাই মুক্তিপথের পথিক হইতে পারেন। কারণ প্রারব্ধভোগে তাঁহাদের পূর্ব্বার্জ্জিত কর্ম্ম সকল ক্ষীণ হইয়া যায়; আর নূতন সংস্কারের সঞ্চয় হয় না। কিন্তু যাহারা লব্ধভোগে সন্তুষ্ট না হইয়া, উত্তরোত্তর নূতন ভোগের জন্য আকাঙ্ক্ষা করে, তাহাদের কর্ম্মাশয়ও উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া, সংসারদশার বৃদ্ধি করে। সুতরাং মুষিক যেমন কণার অন্বেষণে প্রমত্তভাবে বিচরণ

কস্ত্বৎপদাব্জং বিজহাতি পণ্ডিতো যস্তেঽবমানব্যয়মানকেতনঃ।
বিশঙ্কয়াস্মদ্গুরু রর্চ্চতিস্ম যদ্বিনোপপত্তিং মনবশ্চতুর্দ্দশ ॥ ৬৪ ॥

অন্বয়ঃ।

অতঃ যঃ তে তব, অবমানব্যয়মানকেতনঃ (অবমানঃ অনাদরঃ তেন ব্যয়মানং কম্পমানং কেতনং শরীরং যস্য সঃ) পণ্ডিতঃ জ্ঞানবান্ কঃ ত্বৎপদাব্জং বিজহাতি ত্যজতি? অতএব বিশঙ্কয়া (কালাদ্বিনাশশঙ্কয়া) অস্মদ্গুরুঃ পূজ্যঃ ব্রহ্মা যচ্চরণারবিন্দং অর্চ্চতিস্ম তথা উপপত্তিং যুক্ত্যা দৃঢ়নিশ্চয়ং, বিনাপি চতুর্দ্দশ মনবঃ অপি পূর্ব্বাচারবিশ্বাসেন চ যৎ অর্চ্চন্তি স্ম ॥ ৬৪ ॥

শ্রীধরস্বামী।

অতস্ত্বৎপদাব্জং কস্ত্যজেৎ পণ্ডিতশ্চেৎ। কথম্ভূতঃ যস্তবাবমানোঽনাদরস্তেন ব্যয়মানং কেতনং শরীরং যস্য সঃ। যদস্মাকং গুরুর্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৃণাং বাক্যং বিশঙ্কয়া নাশশঙ্কয়া। বিনোপপত্তিমিতি দৃঢ়বিশ্বাসেন মনবশ্চার্চ্চন্তিস্ম ॥ ৬৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

এবম্ভূতং ত্বাং নির্বুদ্ধিরেব ন ভজেদিত্যাহ ক ইতি। অবমানো দুষ্টজনকৃতোঽনাদরস্তেন ব্যয়মানং কেতনং নাশং প্রাপ্তমিব শরীরং যস্য সঃ। যদস্মদ্গুরু ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৃণাং বাক্যং। বিশঙ্কয়া ভববন্ধশঙ্কয়া মনবোঽপি উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবতএব বিশ্বাসদার্ঢ্যেন। যদ্বা কামনাং বিনা ॥ ৬৪ ॥

হে জগদীশ্বর! আপনাকে অনাদর করিলে, এই জীবদেহের রক্ষার কোন উপায়ই নাই; অতি অল্পকাল মধ্যে বিশীর্ণ হয়, ইহা যাঁহারা অবগত আছেন, এরূপ কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি ভবদীয় চরণকমল বিসর্জ্জনে প্রবৃত্ত হয়? অতএব ভীষণ কালের করাল কবলের ভয়ে ভীত হইয়া, আমাদের সর্ব্বপূজ্য গুরু কমলাসনও যে চরণের অর্চ্চনা করিতেছেন এবং কোনরূপ বিচারের প্রতি দৃষ্টি না করিয়া, চতুর্দ্দশ মনুও পূর্ব্বাচার অনুসারে প্রণিহিতমনে যে চরণের আরাধনা করিয়াছেন, সামান্য জীব যে তাঁহার আরাধনা করিবে, সে বিষয়ে আর সন্দেহ কি? ॥ ৬৪ ॥

আভাস।

করায়, অকস্মাৎ বিষম বিষধরের কবলস্থ হয়, সেইরূপ পরমার্থের অন্বেষণে প্রবৃত্ত হইয়া মানব ভ্রমে তুচ্ছ বিষয়সুখে প্রমত্ত হওয়ায়, অকস্মাৎ সর্ব্বসংহর্ত্তা মহাকালরূপী আপনার করাল কবলে নিপতিত হয়। শ্রুতি বলিয়াছেন, "ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম" ॥ সেই মহাপুরুষের ভয়ে ভীত হইয়া ইন্দ্র, বায়ু, সূর্য্য, অগ্নি এমন কি! যমরাজও দণ্ড ধারণে তাঁহার নিয়তির অনুসরণে নিরন্তর স্ব স্ব কার্য্য করিতেছেন, তখন মনুষ্যের পক্ষে তাঁহার আজ্ঞা পালন করার সম্বন্ধে আর বক্তব্য কি? ॥ ৬৩ ॥ ৬৪ ॥

অথ ত্বমসি নো ব্রহ্মন্ পরমাত্মন্ বিপশ্চিতাং।
বিশ্বং রুদ্রভয়ধ্বস্তমকুতশ্চিদ্ভয়া গতিঃ ॥
ইদং জপত ভদ্রং বো বিশুদ্ধা নৃপনন্দনাঃ।
স্বধর্ম্মমনুতিষ্ঠন্তো ভগবত্যর্পিতাশয়াঃ ॥
তমেবাত্মানমাত্মস্থং সর্ব্বভূতেষবস্থিতং।
পূজয়ধ্বং গৃণন্তশ্চ ধ্যায়ন্তশ্চাসকৃদ্ধরিং ॥ ৬৫ ॥

অন্বয়ঃ।

যস্মাৎ বিশ্বং রুদ্রভয়ধ্বস্তং গ্রস্তং, অথ তস্মাৎ হে ব্রহ্মন্ পরমাত্মন্! বিপশ্চিতাং (কালাদি-ভয়নিবর্ত্তকং ত্বচ্চরণমিতি জানতাং) নঃ অস্মাকং, ত্বং অকুতশ্চিদ্ভয়া, (ন কুতশ্চিৎ ভয়ং যস্যাং এতদ্ভূতা) গতিঃ শরণং অসি ভবসি ॥

হে নৃপনন্দনাঃ বিশুদ্ধাঃ! স্বধর্ম্মং অনুতিষ্ঠন্তঃ ভগবতি অর্পিতাশয়াঃ সন্তঃ ইদং উপদিষ্টং স্তোত্রং জপতঃ বঃ যুষ্মাকং, ভদ্রং কল্যাণং, ভবিষ্যতি ॥

সর্ব্বভূতেষু অবস্থিতং তং এব আত্মস্থং অন্তর্যামিণং আত্মানং হরিং অসকৃৎ নিরন্তরং, ধ্যায়ন্তঃ গৃণন্তঃ স্তুবন্তঃ চ পূজয়ধ্বং ॥ ৬৫ ॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি অথেতি। রুদ্রভয়েন ধ্বস্তং। অতো ন কুতশ্চিদ্ভয়ং যস্যাং তাদৃশী গতি-রসি ॥ ৬৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপসংহরতি অথেতি বিপশ্চিতাং গতিরসি নত্ববিপশ্চিতাং যতো বিশ্বং রুদ্রভয়ধ্বস্তং বিশ্ববর্ত্তিনোহজ্ঞা জীবাঃ কালভয়ধ্বস্তা এবেত্যর্থঃ ॥

স্বধর্ম্মমনুতিষ্ঠন্ত ইতি প্রচেতসাং কর্ম্মমিশ্রভক্তিমত্ত্বমালক্ষ্যোক্তিঃ ॥ ৬৫ ॥

হে ব্রহ্মন্! রুদ্ররূপ কালের ভয়ে এই বিশ্ব সংসার সততই ভীত! হে পরমাত্মন্! আপনার চরণ যে, কালভয়ের নিবর্ত্তক তাহা আমরা বিলক্ষণ অবগত আছি! অতএব আপনি আমাদের কালভয়হারী অগতির গতিরূপে দণ্ডায়মান হউন্! ॥

হে সরলহৃদয় নৃপনন্দনগণ! স্ব স্ব ধর্ম্মের অনুষ্ঠানে ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক মদুপদিষ্ট এই পবিত্র স্তোত্র নিয়ত পাঠ কর! ইহাতে তোমাদের বিশেষ মঙ্গললাভ হইবে, সন্দেহ নাই ॥

ভগবান্ সকল জীবের হৃদয়ে অন্তর্যামিরূপে নিয়ত বিরাজ করিতেছেন; সেই আত্মস্বরূপ প্রাণপ্রিয় শ্রীহরিকে নিরন্তর ধ্যান ও তাঁহার গুণকীর্ত্তন করত তাঁহাকেই পূজা কর! ॥ ৬৫ ॥

যোগাদেশমুপাসাদ্য ধারয়ন্তো মুনিব্রতাঃ।
সমাহিতধিয়ঃ সর্ব্ব এতদভ্যসতাদৃতাঃ॥ ৬৬॥
ইদমাহ পুরাস্মাকং ভগবান্ বিশ্বসৃক্পতিঃ।
ভৃগ্বাদীনামাত্মজানামাসিসৃক্ষুঃ সিসৃক্ষতাং॥ ৬৭॥
তে বয়ং চোদিতাঃ সর্ব্বে প্রজাসর্গে প্রজেশ্বরাঃ।
অনেন ধ্বস্ততমসঃ সিসৃক্ষ্ম বিবিধাঃ প্রজাঃ॥ ৬৮॥

অন্বয়ঃ।

যোগাদেশং নাম ইদং স্তোত্রং উপাসাদ্য ধারয়ন্তঃ মুনিব্রতাঃ সমাহিতধিয়ঃ, সাবধানান্তঃকরণাঃ, আদৃতাঃ সাদরাঃ চ সন্তঃ ভবন্তঃ সর্ব্বে এব এতৎ অভ্যসত অভ্যাসেন জপত॥ ৬৬॥

ইদং স্তোত্রং পুরা সৃষ্ট্যাদৌ অস্মাকং সিসৃক্ষতাং ভৃগ্বাদীনাং আত্মজানাং বিশ্বসৃজাং আসিসৃক্ষুঃ পতিঃ মুখ্যঃ ভগবান্ ব্রহ্মা আহ॥ ৬৭॥

তে সর্ব্বে প্রজেশ্বরাঃ বয়ং ব্রহ্মণা প্রজাসর্গে চোদিতাঃ (নোদিতাঃ অনেন স্তোত্রাভ্যাসেন ধ্বস্ততমসঃ নিরস্তদোষাঃ সন্তঃ বিবিধাঃ প্রজাঃ সিসৃক্ষ্ম সৃষ্টবন্তঃ॥ ৬৮॥

শ্রীধরস্বামী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য মনসা ধারয়ন্তঃ অভ্যসং জপৎ॥ ৬৬॥

বিশ্বসৃজাং পতির্ব্রহ্মা॥ ৬৭॥

সিসৃক্ষ্ম সৃষ্টবন্তঃ॥ ৬৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য॥ ৬৬॥

অস্মাকং অস্মান্॥ ৬৭॥ ৬৮॥

যোগের উপদেশস্বরূপ এই অপূর্ব্ব স্তোত্র হৃদয়ে অবধারণ পূর্ব্বক মৌনাবলম্বনে ও সমাহিতচিত্তে এবং আদর পূর্ব্বক তোমরা সকলে এই স্তোত্রটী সর্ব্বদা অভ্যাস কর!॥ ৬৬॥

সৃষ্টির পূর্ব্বে ভগবান্ কমলযোনি ভৃগুপ্রভৃতি বিশ্বস্রষ্টা পুত্রগণকে সৃষ্টি করিবার বাসনায় এই স্তোত্র পাঠ করিয়াছিলেন॥ ৬৭॥

সেই প্রজাপতিগণ আমরাও ব্রহ্মার আদেশে প্রজাসৃষ্টির জন্য অনুদিত হইয়া, এই স্তোত্র পাঠ করিয়াছিলাম; ইহার ফলে আমাদের তমোগুণের বিধ্বংসে প্রচুর সামর্থ্য লাভ করি এবং তাহার ফলে এই অনন্ত প্রজা সৃষ্টি করিয়াছি॥ ৬৮॥

অথেদং নিত্যদা যুক্তো জপন্নবহিতঃ পুমান্।
অচিরাচ্ছ্রেয় আপ্নোতি বাসুদেবপরায়ণঃ ॥ ৬৯ ॥
শ্রেয়সামিহ সর্ব্বেষাং জ্ঞানং নিঃশ্রেয়সং পরং।
সুখং তরতি দুষ্পারং জ্ঞাননৌ র্ব্যসনার্ণবং ॥ ৭০ ॥
য ইদং শ্রদ্ধয়া যুক্তো মদ্গীতং ভগবৎস্তবং।
অধীয়ানো দুরারাধ্যং হরিমারাধয়ত্যসৌ ॥ ৭১ ॥

অন্বয়ঃ।

অথ ইদানীং অপি যঃ পুমান্ যুক্তঃ প্রযত্নবান্, অবহিতঃ সাবধানঃ, এব বাসুদেবপরায়ণঃ সন্ নিত্যদা জপন্ অচিরাৎ অল্পেনৈব কালেন, শ্রেয়ঃ ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং চতুর্ব্বিধং ফলং, আপ্নোতি ॥ ৬৯ ॥

ইহ ভাগবতে শ্রেয়সাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং, সর্ব্বেষাং মধ্যে জ্ঞানং এব পরং শ্রেষ্ঠং, নিঃশ্রেয়সং ফলং; যতঃ জ্ঞাননৌঃ (জ্ঞানং নৌঃ যস্য সঃ জনঃ) দুষ্পারং ব্যসনার্ণবং দুঃখ-সাগরং সংসারং, সুখং অনায়াসেন, তরতি ॥ ৭০ ॥

যঃ পুমান্ শ্রদ্ধয়া যুক্তঃ মদ্গীতং ইমং ভগবৎস্তবং অধীয়ানঃ ভবতি অসৌ প্রকারান্তরেণ দুরারাধ্যং হরিং এব আরাধয়তি ॥ ৭১ ॥

শ্রীধরস্বামী।

যুক্ত একাগ্রচিত্তঃ ॥৬৯॥ জ্ঞানমেব নৌর্যস্য ॥৭০॥ যোঽধীয়ানো ভবত্যসৌ ॥ ৭১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ অতঃ ॥ ৬৯ ॥

জ্ঞানং প্রস্তুতত্বাৎ ভগবদ্রূপগুণৈশ্বর্য্যজ্ঞানমেব। সুখং তরতীতি জ্ঞাননৌরিত্যাভ্যাং কৈবল্যোপযোগিজ্ঞানস্যতু ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসামিতি কৃচ্ছ্রো মহানিহ ভবার্ণবমপ্লবেশষড়্বর্গনক্রমসুখেন তিতীর্ষন্তীত্যাভ্যাং দুঃখবহুলত্বস্যাপ্লবত্বস্যাচ শ্রবণাৎ ॥ ৭০ ॥

অতএব ভক্তিমেবাহ য ইমমিতি যোঽধীয়ানো ভবেদসৌ ॥ ৭১ ॥

সম্প্রতি যে ব্যক্তি সমাহিতচিত্তে ও সাবধানের সহিত ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক নিত্য এই স্তোত্র পাঠ করেন, তিনি অতি অল্পকাল মধ্যে ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ এই চতুর্ব্বিধ ফল লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ৬৯ ॥

হে রাজপুত্রগণ! সংসারমার্গে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষাদি যে কোন শ্রেয়ঃপ্রদ ফলের বিষয় উল্লেখ আছে, তন্মধ্যে জ্ঞানই সর্ব্বশ্রেষ্ঠ ফল; কারণ জ্ঞানরূপ তরীর সাহায্যে এই অনন্ত দুঃখসঙ্কুল সংসারজলধিকে অবলীলাক্রমে জীব উত্তীর্ণ হইতে পারে ॥ ৭০ ॥

যে ব্যক্তি বিশেষ শ্রদ্ধাসহকারে মৎকথিত এই ভগবানের স্তব পাঠ করেন,

বিন্দতে পুরুষোঽমুষ্মাদ্ যদ্‌যদিচ্ছত্যসত্বরন্ ।
মদ্গীতগীতাৎ সুপ্রীতাচ্ছ্রেয়সামেকবল্লভাৎ ॥ ৭২ ॥
য ইদং কল্য উত্থায় প্রাঞ্জলিঃ শ্রদ্ধয়ান্বিতঃ ।
শৃণুয়াচ্ছ্রাবয়েন্মর্ত্ত্যো মুচ্যতে কর্ম্মবন্ধনৈঃ ॥ ৭৩ ॥

অন্বয়ঃ।

তথা চ মদ্গীতগীতাৎ (ময়া যঃ গীতঃ স্তবঃ তেন গীতাৎ স্তুতাৎ অতএব) সুপ্রতীতাৎ শ্রেয়সাং ধর্ম্মাদীনাং একবল্লভাৎ (একঃ এব বল্লভঃ প্রিয়ঃ আশ্রয়ঃ যঃ তস্মাৎ) অমুষ্মাৎ হরেঃ, সকাশাৎ অসৌ পুরুষঃ যৎ যৎ ফলং ইচ্ছতি অসংত্বরন্ স্থিরঃ সন্, তত্তৎ বিন্দতে প্রাপ্নোতি ॥৭২

যঃ মর্ত্ত্যঃ মানবঃ, কল্যে উষসি, উত্থায় শ্রদ্ধয়া অন্বিতঃ প্রাঞ্জলিঃ সন্ ইদং স্তোত্রং শৃণুয়াৎ অন্যান্ চ শ্রাবয়েৎ বা সঃ কর্ম্মবন্ধনৈঃ সংসারহেতুভিঃ, মুচ্যতে ॥ ৭৩ ॥

শ্রীধরস্বামী ।

অমুষ্মাৎ হরেঃ। অসংত্বরন্ স্থিরঃ সন্। মদ্গীতং স্তোত্রং তেন গীতাৎ স্তুতাৎ। একএব বল্লভঃ প্রিয়ঃ আশ্রয়স্তস্মাৎ ॥ ৭২ ॥

কল্যে উষসি ॥ ৭৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অসংত্বরন্নিতি আচারকিবস্তৎ স্থির ইত্যর্থঃ। মদ্গীতগীতাৎ ময়া গীতোঽয়ং স্তবো যদি গীতঃ স্যাত্তদা অমুষ্মাৎ শোভনং প্রীণাতীতি সুপ্রীত স্তস্মাৎ স্তব এবায়ং তং প্রতি প্রীতো ভবতীত্যর্থঃ ॥ ৭২ ॥ ৭৩ ॥

তিনি প্রকারান্তরে দুরারাধ্য ভগবান্ শ্রীহরিরই আরাধনা করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ৭১ ॥

আমার দ্বারা উপদিষ্ট এই স্তবের দ্বারা স্তুত সর্ব্বশ্রেয়ঃপ্রদ ভগবান্ প্রসন্ন হইয়া, ভক্তকে দর্শন দেন। এবং ভক্ত যে কোন ফলের প্রার্থনা করেন, পরম পুরুষ শ্রীহরির নিকট হইতে সেই সকল ফলই তিনি লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ৭২ ॥

এই জননমরণরূপ সংসারক্ষেত্রে আগমন করিয়া, যে মানব প্রত্যূষে গাত্রোত্থান করত বিশেষ শ্রদ্ধাপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে এই স্তোত্র শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি কর্ম্মবন্ধন হইতে নিষ্কৃতি লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ৭৩ ॥

অতএব হে নৃপনন্দনগণ ! পরম পুরুষ পরমাত্মার যে স্তবটী আমি তোমাদিগের নিকট কীর্ত্তন করিয়াছি, তোমরা একান্তচিত্তে তাহা জপ করত মহৎ তপস্যার অনুষ্ঠান কর ! পরিণামে তোমাদের মনোভীষ্ট পূর্ণ হইবে ! ভগবান্

গীতং ময়েদং নরদেবনন্দনাঃ পরস্য পুংসঃ পরমাত্মনস্তবং।
জপন্ত একাগ্রধিয়ো মহত্তপশ্চরধ্বমন্তে তত আপ্স্যথেপ্সিতং॥ ৭৪॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে রুদ্রগীতং চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥
মৈত্রেয় উবাচ ॥
ইতি সংদিশ্য ভগবান্ বার্হিষদৈরভিপূজিতঃ।
পশ্যতাং রাজপুত্রাণাং তত্রৈবান্তর্দ্দধে হরঃ॥

অন্বয়ঃ।

অতঃ হে নরদেবনন্দনাঃ! যৎ ইদং ময়া পরস্য পুংসঃ পরমাত্মনঃ স্তবং ভবদ্ভ্যঃ গীতং উপদিষ্টং, তৎ একাগ্রধিয়ঃ (একস্মিন্ ভগবতি এব অগ্রা সমর্পিতাত্মা ধীঃ যেষাং তথাভূতাঃ এব) যূয়ং জপন্তঃ মহৎ তপঃ চরধ্বং; ততঃ অন্তে (ভগবতঃ সকাশাৎ) ঈপ্সিতং অভীষ্টং, ফলং আপ্স্যথ॥ ৭৪॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্বিংশোঽধ্যায়ঃ॥

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবম্প্রকারেণ স্তবং সংদিশ্য উপদিশ্য বার্হিষদৈঃ বর্হিষদপুত্রৈঃ, অভিপূজিতঃ ভগবান্ হরঃ রাজপুত্রাণাং পশ্যতাং এব সতাং তত্র এব অন্তর্দ্দধে॥

শ্রীধরস্বামী।

তপশ্চরতঃ তপসোঽন্তে ঈপ্সিতং প্রাপ্স্যথ॥ ৭৪॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্বিংশঃ ॥ * ॥

প্রচেতঃস্ত তপস্যৎসু তৎপিত্রে নারদো ঘৃণী। প্রাচীনবর্হিষেঽধ্যাত্মং পরোক্ষেণাহ পঞ্চভিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈপ্সিতমাপ্স্যথেতি তেষাং সকামত্বং ব্যঞ্জিতং॥ ৭৪॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্বিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
প্রাচীনবর্হিষং কর্ম্মমগ্নং রাজকথামিষাং।
নারদঃ পঞ্চবিংশাদ্যৈঃ পঞ্চভিঃ প্রত্যবোধয়ৎ॥ * ॥

তোমাদিগকে অভিলষিত বিষয় প্রদান করিবেন॥ ৭৪॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

মৈত্রেয়মুনি বলিলেন, হে বিদুর! ভগবান্ রুদ্র বর্হিষদের পুত্রগণকে এই স্তবের বিষয় উপদেশ করিলে, তাঁহারা বিশেষ সন্তুষ্ট হইয়া রুদ্রদেবের অর্চ্চনা করিলেন; তখন রুদ্রদেব তাঁহাদের সমক্ষেই অন্তর্হিত হইয়া গেলেন॥

অনন্তর সেই প্রচেতাগণ জলে অবগাহন পূর্ব্বক রুদ্রকর্ত্তৃক পরিকীর্ত্তিত

রুদ্রগীতং ভগবতঃ স্তোত্রং সর্ব্বে প্রচেতসঃ।
জপন্তস্তে তপস্তেপু র্বর্ষাণামযুতং জলে ॥ ১॥
প্রাচীনবর্হিষং ক্ষত্তঃ কর্ম্মস্বাসক্তমানসং।
নারদোঽধ্যাত্মতত্ত্বজ্ঞঃ কৃপালুঃ প্রত্যবোধয়ৎ ॥ ২॥

অন্বয়ঃ।

রুদ্রগীতং (রুদ্রেণ গীতং) ভগবতঃ স্তোত্রং জপন্তঃ তে সর্ব্বে প্রচেতসঃ জলে স্থিতাঃ বর্ষাণাং অযুতং দশসহস্রবর্ষপর্য্যন্তং, তপঃ তেপুঃ কৃতবন্তঃ ॥ ১ ॥

হে ক্ষত্তঃ! অধ্যাত্মতত্ত্বজ্ঞঃ কৃপালুঃ নারদঃ কর্ম্মসু আসক্তমানসং প্রাচীনবর্হিষং প্রত্যবোধয়ৎ অধ্যাত্মতত্ত্বং উপদিদেশ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

পুরঞ্জন কথাব্যাজাৎ পঞ্চবিংশেতু নারদঃ। আত্মনো বুদ্ধিসঙ্গেন বিবিধামাহ সংসৃতিং। প্রচেতঃসু তপস্তীব্রং তপ্যমানেষু নারদঃ। পুরঞ্জনকথাকূটং প্রাহ প্রাচীনবর্হিষে ॥ ১ ॥

প্রচেতঃসু তপশ্চরৎসু নারদঃ প্রাচীনবর্হিষং বোধিতবান্। অতঃ প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎপিতুর্ব্বৃত্তমাহ প্রাচীনবর্হিষমিতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চবিংশে পুরঞ্জন্যাঃ সঙ্গং প্রাপ্য পুরঞ্জনঃ। নবদ্বারে পুরে তস্যা রেমে ইত্যনুবর্ণ্যতে ॥ ১ ॥

যদৈব রুদ্রঃ স্বগীতং স্তোত্রং প্রচেতস উপদিদেশ। তদৈব তৎপিতরং প্রাচীনবর্হিষং নারদোঽপি পুরঞ্জনোপাখ্যানেন জ্ঞানবৈরাগ্যভক্তীরুপদিদেশেতি প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎপিতুঃ কথামাহ প্রাচীনেতি হন্ত হন্ত মৎপ্রিয়শিষ্যস্য ধ্রুবস্য বংশোঽয়ং কর্ম্মণি নিমজ্জতি তদিমমুদ্ধরামীতি কৃপালুঃ ॥ ২ ॥

ভগবানের সেই স্তব জপ করত, দশসহস্র বৎসর কাল অতি উগ্র তপস্যার অনুষ্ঠান করিলেন ॥ ১ ॥

হে বৎস বিদুর! এই সময়ে প্রচেতাগণের পিতা প্রাচীনবর্হি কাম্যকর্ম্মের অনুষ্ঠানেই কালাতিপাত করিতেছিলেন; অধ্যাত্মতত্ত্বজ্ঞ সর্ব্বভূতোপকারী দেবর্ষি নারদ তথায় উপস্থিত হইয়া, প্রাচীনবর্হিকে অধ্যাত্মতত্ত্বের উপদেশ প্রদান করিলেন ॥ ২ ॥

আভাস।

পঞ্চবিংশ অধ্যায়ে প্রচেতাগণ তপস্যার অনুষ্ঠান করিলে, তাঁহাদের জনক প্রাচীনবর্হিকে দেবর্ষি নারদ কর্ত্তৃক অধ্যাত্মতত্ত্বের উপদেশ এবং পুরঞ্জনকথাচ্ছলে জীবের বিবিধ গতির বিষয় উক্ত হইয়াছে ॥

ভগবান্ রুদ্রদেব যখন প্রচেতাগণকে স্তবের দ্বারা উপদেশ প্রদান করেন, তখন দেবর্ষি

শ্রেয়স্ত্বং কতমদ্রাজন্ কর্ম্মণাত্মন ঈহসে ।
দুঃখহানিঃ সুখাবাপ্তিঃ শ্রেয়স্তন্নেহ চেষ্যতে ॥ ৩ ॥
রাজোবাচ ॥
ন জানামি মহাভাগ পরং কর্ম্মাপবিদ্ধধীঃ ।
ব্রূহি মে বিমলং জ্ঞানং যেন মুচ্যেয় কর্ম্মভিঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ ।

হে রাজন্ ! কর্ম্মণা কাম্যকর্ম্মানুষ্ঠানেন, ত্বং আত্মনঃ কতমৎ শ্রেয়ঃ ফলং, ঈহসে ইচ্ছসি ? দুঃখহানিঃ সুখাবাপ্তিঃ বা শ্রেয়ঃ ফলং ইহ প্রবৃত্তিমার্গে কাম্যকর্ম্মানুষ্ঠানলক্ষণে বিদ্বদ্ভিঃ চ ন ইষ্যতে ॥ ৩ ॥

রাজা উবাচ । হে মহাভাগ ! কর্ম্মাপবিদ্ধধীঃ (কর্ম্মভিঃ অপবিদ্ধা বিক্ষিপ্তা ধীঃ যস্য তথাভূতঃ) অহং পরং মোক্ষাখ্যং ফলং ন জানামি ; বিমলং মোক্ষসাধকং, জ্ঞানং মে ব্রূহি যেন জ্ঞানেন অহং কর্ম্মভিঃ কর্ম্মজনিতপুণ্যপাপাদিভিঃ মুচ্যেয় ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

শ্রেয়ঃ ফলং ঈহসে ইচ্ছসি । ইহ কর্ম্মণি তদুভয়ং নেষ্যতে বিচারজ্ঞৈঃ ॥ ৩ ॥
পরং শ্রেয়ো মোক্ষং কর্ম্মভিরপবিদ্ধা বিক্ষিপ্তা ধীর্যস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শ্রেয়ো নেষ্যতে ইহ কর্ম্মণি ন লক্ষ্যতে কর্ম্মসংপাদ্যস্য সুখস্যাপি দুঃখমিশ্রত্বাৎ নশ্বরত্বাচ্চ ॥ ৩ ॥
কর্ম্মভিরপবিদ্ধধী বিক্ষিপ্তবুদ্ধিঃ ॥ ৪ ॥

নারদ তখন প্রাচীনবর্হি‌কে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্ ! কাম্য কর্ম্মের অনুষ্ঠান দ্বারা আপনি নিজের কি ফল প্রত্যাশা করিতেছেন ? দুঃখের নিবৃত্তি বা পরম সুখের প্রাপ্তি এই কর্ম্মানুষ্ঠানের দ্বারা লাভ হয় বলিয়া, বিদ্বান্‌গণ কেহ কখন স্বীকার করেন না ॥ ৩ ॥

রাজা প্রাচীনবর্হি বলিলেন, হে মহাভাগ ! কাম্যকর্ম্মের পরিচিন্তায় আমার চিত্ত নিতান্তই বিক্ষিপ্ত হইয়াছে ; সুতরাং মোক্ষের স্বরূপ আমি কিছুমাত্র অবগত নহি ! যাহাতে আমি এই ভীষণ কর্ম্মজাল হইতে নিষ্কৃতি

আভাস ।

নারদ প্রাচীনবর্হিকে কাম্যকর্ম্মাদিতে নিতান্ত আসক্তচিত্ত অবলোকন করিয়া, মনে মনে সাতিশয় ক্ষুব্ধ হইলেন এবং প্রিয় শিষ্য ধ্রুবের বংশে পাছে এরূপ কর্ম্মপ্রিয়তার প্রশ্রয় হয়, এই নিমিত্ত স্বয়ং প্রাচীনবর্হি সন্নিধানে উপনীত হইয়া, পুরঞ্জনের উপাখ্যান প্রসঙ্গে জ্ঞান, বৈরাগ্য ও ভক্তির বিষয় উপদেশ প্রদান করিয়াছেন ॥ ২ ॥

গৃহেষু কূটধর্ম্মেষু পুত্রদারধনার্থধীঃ।
ন পরং বিন্দতে মূঢ়ো ভ্রাম্যন্ সংসারবর্ত্মসু ॥ ৫ ॥
নারদ উবাচ ॥
ভোভোঃ প্রজাপতে রাজন্ পশূন্ পশ্য ত্বয়াধ্বরে।
সংজ্ঞপিতান্ জীবসঙ্ঘান্ নির্ঘৃণেন সহস্রশঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কূটধর্ম্মেষু কাম্যকর্ম্মাদ্যনুষ্ঠানপ্রচুরেষু, গৃহেষু পুত্রদারধনার্থধীঃ মূঢ়ঃ জনঃ সংসারবর্ত্মসু ভ্রাম্যন্ পরং শ্রেষ্ঠং, পুরুষার্থং মোক্ষং, ন বিন্দতে প্রাপ্নোতি ॥ ৫ ॥

নারদঃ উবাচ। ভোঃ ভোঃ প্রজাপতে রাজন্! নির্ঘৃণেন নির্দয়েন ত্বয়া অধ্বরে যজ্ঞে যান্ সহস্রশঃ জীবসঙ্ঘান্ সংজ্ঞপিতান্ মারিতান্ তান্ পশ্য ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ গৃহেষু স্থিতং পুত্রাদিষ্বেব পুরুষার্থধী র্যস্য ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদ্য ব্রহ্মবিদ্যামুপদেষ্টুং যোগানুভাবেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভোভো ইতি। সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহস্থঃ সর্ব্বএব মাদৃশ ইত্যাহ গৃহেষ্বিতি ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদয়িতুং যোগবলেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভো ভো ইতি সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

লাভ করিতে পারি, তজ্জন্য সেই পরম পবিত্র মোক্ষসাধক জ্ঞানের বিষয় আমাকে উপদেশ করুন্! ॥ ৪ ॥

গার্হস্থ ধর্ম্মে অবস্থান পূর্ব্বক মানব পুত্র, দারা ও ধনাদির প্রাপ্তিকামনায় কাম্যকর্ম্মের অনুষ্ঠানে নিতান্ত মোহিত হইয়াই পড়ে; সুতরাং সংসারস্রোতে ভাসমান হইয়া, পরমপুরুষার্থস্বরূপ মোক্ষকে কখনই লাভ করিতে পারে না ॥ ৫ ॥

নারদ বলিলেন, ওহে রাজন্ প্রজাপতে! আপনি নিষ্করুণভাবে ভবদীয় যজ্ঞে যে সহস্র সহস্র জীবের প্রাণবধ করিয়াছ, সেই সকল প্রাণীর প্রতি সম্প্রতি একবার অবলোকন কর! ॥ ৬ ॥

আভাস।

কর্ম্মফলের প্রতি রাজার বৈরাগ্য উৎপাদনার্থ যোগবলে তদীয় যজ্ঞে নিহত পশুসমূহকে প্রত্যক্ষে প্রদর্শন করাইয়া দেবর্ষি নারদ প্রাচীনবর্হিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! তুমি স্বীয় মঙ্গলকামনায় ইহাদিগকে যেমন অস্ত্রাঘাতে ছিন্ন বিচ্ছিন্ন করিয়াছ, এক্ষণে ইহারা

এতে ত্বাং সংপ্রতীক্ষন্তে স্মরন্তো বৈশসং তব।
সংপরেতময়ঃকূটৈশ্ছিন্দন্ত্যুত্থিতমন্যবঃ ॥ ৭ ॥
অত্র তে কথয়িষ্যেঽমুমিতিহাসং পুরাতনং।
পুরঞ্জনস্য চরিতং নিবোধ গদতো মম ॥ ৮ ॥

অন্বয়ঃ।

এতে পশ্বাদয়ঃ তব বৈশসং ত্বৎকৃতাং পীড়াং, স্মরন্তঃ অতএব উত্থিতমন্যবঃ ত্বাং প্রতীক্ষন্তে; যতঃ সম্পরেতং মৃতং, ত্বাং অয়ঃকূটৈঃ লৌহময়শৃঙ্গৈঃ ছিন্দন্তি ॥ ৭ ॥

অত্র এবং সংসারদুঃখনিস্তারকে উপায়ে, পুরঞ্জনস্য চরিতং পুরাতনং ইতিহাসং তে তুভ্যং, অহং কথয়িষ্যে; তং অমুং গদতঃ বদতঃ, মম সকাশাৎ নিবোধ শৃণু ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

এতে ত্বাং সংপরেতং মৃতং সংপ্রতীক্ষন্তে। বৈশসং তৎকৃতাং পীড়াং স্মরন্তঃ ততশ্চ অয়ঃকূটৈঃ লৌহময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি ছেৎস্যন্তি ॥ ৭ ॥

অত্র অস্মিন্ সঙ্কটে নিস্তারকমমুমিতিহাসং কথয়িষ্যামি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কদায়ং মরিষ্যতীতি ত্বাং প্রতীক্ষন্তে। বৈশসং ত্বৎকৃতং স্বশরীরচ্ছেদং। অতঃ সংপরেতং ত্বাং অয়ঃকূটৈর্লৌহযন্ত্রময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি বর্ত্তমাননির্দ্দেশেনাবিলম্বত এব ছেৎস্যন্তি ॥ ৭ ॥

বৈষয়িককথাপ্রিয়মিমং বৈষয়িককথয়ৈব প্রবোধয়ামীতি মনসি বিচার্য্য তস্যৈব প্রাচীনবর্হিষঃ কথামেব কথান্তরকল্পনয়া অপ্রস্তুতপ্রশংসালঙ্কারেণ তৎপ্রবোধে কারণীকুর্ব্বন্নাহ। অত্রেতি স্পষ্টং বস্তুতস্তু তে তবৈব চরিতং কীদৃশস্য পুরমেতৎ শরীরং স্বকর্ম্মণা জনয়তীতি তস্য পুরঞ্জনস্য পুরাতনং মাতৃগর্ভপ্রবেশাৎ পূর্ব্বমপ্যারভ্যোত্যর্থঃ ॥ ৮ ॥

ইহারা সকলে তোমার কৃত অত্যাচারকে স্মরণ করত, ক্রোধ-প্রদীপ্ত-হৃদয়ে তোমার মৃত্যুরই অপেক্ষা করিতেছে; তোমার মৃত্যু হইলে, ইহারা সকলে লৌহময় শৃঙ্গাস্ত্রের দ্বারা তোমাকে ছিন্ন বিচ্ছিন্ন করিবে, সন্দেহ নাই ॥ ৭ ॥

এই অপরিহার্য্য সংসারদুঃখ হইতে নিস্তীর্ণ হইবার উপায় সম্বন্ধে আমি তোমার নিকট পুরঞ্জনের চরিত্র-সম্বন্ধীয় প্রাচীন একটী ইতিহাস কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ॥ ৮ ॥

আভাস।

প্রত্যেকে তোমার মৃত্যুর জন্য অপেক্ষা করিতেছে। তুমি মৃত্যুমুখে পতিত হইবা মাত্র, ইহারা সকলে অতি তীব্র লৌহময় অস্ত্রের দ্বারা তোমাকে বিদীর্ণ এবং বিচ্ছিন্ন করিবে, তজ্জন্য প্রতীক্ষা করিতেছে ॥ ৬ ॥ ৭ ॥

কেবল বেদোক্ত যজ্ঞাদির অনুষ্ঠানে মানব কখন মুক্তিলাভ করিতে পারে না; কারণ

আসীৎ পুরঞ্জনো নাম রাজা রাজন্ বৃহচ্ছ্রবাঃ।
তস্যাবিজ্ঞাতনামাসীৎ সখাবিজ্ঞাতচেষ্টিতঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! বৃহচ্ছ্রবাঃ মহাযশাঃ, পুরঞ্জনঃ নাম কশ্চিৎ রাজা আসীৎ। তস্য পুরঞ্জনস্য অবিজ্ঞাতচেষ্টিতঃ (ন বিজ্ঞাতং চেষ্টিতং যস্য সঃ) তথা অবিজ্ঞাতনামা কশ্চিৎ সখা আসীৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

তত্র জীবস্য বিষয়াসক্ত্যা সংসারঃ সচ ঈশ্বরানুগ্রহান্নিবর্ত্তত ইতি বক্তুং বিপর্য্যয়গ্রহ-গৃহীতস্য সাক্ষাদ্বোধয়িতুমশক্তেঃ রাজবৃত্তান্তমিবাহ আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতি। তথাপি সুখগ্রহণায় যথোপযোগং কিঞ্চিৎ কিঞ্চিৎ ব্যাখ্যা-স্যামঃ। তত্র স্বকর্ম্মভিঃ পুরং শরীরং জনয়তীতি পুরঞ্জনো জীবঃ ন বিজ্ঞাতং নাম যস্য নচ বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বরঃ তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিলক্ষণং যস্য জীবপারতন্ত্র্যস্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতে তদপি সুখগ্রহণায় যথোপস্থিতি ব্যাখ্যাস্যামঃ। পুরঞ্জনো জীবঃ অধ্যাত্মাদিভি বিরাজমানত্বাদ্রাজা। শ্রবো যশঃ দৃষ্টাদৃষ্টসুখসাধনকর্ম্মাদি শুশ্রুষুত্বাৎ শ্রবঃ শ্রবণঞ্চ। অবিজ্ঞাতং নাম যস্য ন বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বর স্তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিকং যস্য জীবপারতন্ত্র্য-স্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ১ ॥

হে নরনাথ! পূর্ব্বে পুরঞ্জননামে একজন মহাযশস্বী রাজা ছিলেন। এবং অবিজ্ঞাতনামে তাঁহার একজন সখা ছিলেন। এই অবিজ্ঞাত সখার কর্ম্ম কেহ অনুভব করিতে পারিতেন না ॥ ১ ॥

আভাস।

তাহাতেও জীবহিংসাদিজনিত পাপের সঞ্চয় হয় এবং তন্নিমিত্ত বিলক্ষণ যাতনা জীবকে ভোগ করিতে হয়; যজ্ঞসম্পাদনজনিত প্রচুর পুণ্যেও সে পাপের ক্ষয় হয় না। এই স্থলে প্রাচীন-বর্হিকে এই ব্যাপারটী প্রত্যক্ষত অবধারণ করাইবার অভিপ্রায়ে ভগবান্ নারদ ঋষি পুরঞ্জন-চরিত নামক প্রথিত ইতিহাসের উল্লেখ করিয়াছেন। এতদ্দ্বারা তিনি স্পষ্টত বুঝাইয়াছেন যে, বিষয়াসক্তিই জীবের পক্ষে সংসারের প্রধান কারণ; এই আসক্তি পরিত্যাগ করিতে হইলে, পরমেশ্বরে প্রেম ও ভক্তি করা প্রয়োজন। তাঁহার অনুগ্রহে জীব সংসারদশা হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে। কিন্তু বিষয়ের প্রতি আসক্তিজনিত চিত্তের মালিন্য সহজে উপলব্ধ না হওয়ায়, রাজার বৃত্তান্তের ন্যায় কেবল পুরঞ্জনের নাম করিয়া, জীবের মাতৃগর্ভে প্রবেশের পূর্ব্ব হইতে স্বীয় কর্ম্মফলের পরিচয় প্রদান করিয়াছেন। অর্থাৎ যে পুরীতে অবস্থান করত জীব কর্ম্ম-ফল ভোগ করে, তাহার নামই শরীর। সে শরীর বিনা কারণে জীব প্রাপ্ত হয় না। কর্ম্মের

সোঽন্বেষমাণঃ শরণং বভ্রাম পৃথিবীং প্রভুঃ।
নানুরূপং যদাবিন্দদভূৎ স বিমনা ইব ॥ ১০ ॥
ন সাধু মেনে তাঃ সর্ব্বা ভূতলে যাবতীঃ পুরঃ।

অন্বয়ঃ।

সঃ প্রভুঃ সমর্থঃ, পুরঞ্জনঃ শরণং বাসস্থানং, অন্বেষমাণঃ পৃথিবীং সর্ব্বাং বভ্রাম। কিন্তু যদা অনুরূপং স্বাভিলষিতং, স্থানং ন অবিন্দৎ তদা সঃ বিমনাঃ ইব অভূৎ ॥ ১০ ॥

কামান্ বিষয়োপভোগান্, কাময়মানঃ অসৌ পুরঞ্জনঃ তস্য তস্য কামভোগস্য উপপত্তয়ে

শ্রীধরস্বামী।

শরণং ভোগায়তনং দেহং ॥ ১০ ॥

যাবত্যঃ পুরঃ তাস্তস্য তস্য কামস্যোপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। গবাদি দেহানামৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শরণং বাসস্থলং সুখভোগায়তনং দেহঞ্চ। বভ্রামেতি নানাজন্মবত্ত্বাৎ নানুরূপমিতি ক্বাপি জন্মনি স্বাভীপ্সিতসমস্তসুখপ্রাপ্ত্যদর্শনাৎ ইবেতি শূকরাদিজন্মন্যপি বিষয়ানন্দপ্রাপ্ত্যা বস্তুতো বিমনস্ত্বাভাবাৎ ॥ ১০ ॥

যাবতী র্যাবত্যঃ সর্ব্বত্র বিষয়ানন্দপ্রাপ্তাবপি তস্য তস্য কামস্য উপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। গবাদিদেহানাং ভোগসাধনযোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ তাভ্যো গামানয়ন্ তা অব্রুবন্ নবৈ নোঽয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ন্ তা অব্রুবন্ ন বৈ নোঽয়মলমিতীতি।

প্রবলপরাক্রম পুরঞ্জন স্বকীয় বাসস্থানার্থ সমগ্র পৃথিবীর সমস্ত স্থান পর্য্যটন করিয়াও বাসোপযোগী কল্যাণকর স্থান নয়নগোচর না করিয়া, বিশেষ দুঃখিত হইলেন ॥ ১০ ॥

যত প্রকার কামভোগের অভিলাষ হয়, সেই সমস্ত কামনার চরিতার্থ হইতে পারে, এরূপ আয়তন তিনি সমগ্র ধরণী অন্বেষণ করিয়াও নিরীক্ষণ

আভাস।

দ্বারা জীব নিজেই তাহার জন্ম প্রদান করে; সুতরাং জীবই পুরঞ্জন নামে অভিহিত। যদিও একোনত্রিংশ অধ্যায়ে গ্রন্থকার নিজেই পুরঞ্জন-বৃত্তান্তের অধ্যাত্মব্যাখ্যা প্রকাশ করিবেন, তথাপি পূর্ব্ব হইতেই সেই ভাবের সামান্য ব্যাখ্যার দ্বারা আমরা বিষয়টীকে সুগম করিবার চেষ্টা করিব। জীবতত্ত্বই পুরঞ্জন; তাঁহার বন্ধুই ঈশ্বর। তিনি জ্ঞানের অতীত এবং নাম রূপাদি শূন্য; তবে জীব যে তাঁহার অধীন হইয়া কর্ম্মফল ভোগ করে, তাহাতে ঈশ্বরই কর্ম্মের ফলদাতা, তাহা জীবেরই অনুভবসিদ্ধ ॥ ৮ ॥ ৯ ॥

শরণশব্দে বাসস্থান বলিলেও এস্থলে ভোগায়তন দেহকেই লক্ষ্য করিতে হইবে। পৃথিবীতে অর্থাৎ সংসারপ্রবাহে নানাজন্ম পরিগ্রহ করিয়া, এমন কোন উৎকৃষ্ট ভোগায়তন দেহ পুরঞ্জন প্রাপ্ত হন নাই, যাহার কল্যাণে সর্ব্ববিধ ভোগ তাঁহার সাধিত* হইতে পারে। যখন

কামান্ কাময়মানোঽসৌ তস্য তস্যোপপত্তয়ে ॥ ১১ ॥
স একদা হিমবতো দক্ষিণেষ্বথ সানুষু।
দদর্শ নবভির্দ্বার্ভিঃ পুরং লক্ষিতলক্ষণাং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

সিদ্ধয়ে, ভূতলে যাবতীঃ যাবত্যঃ পুরঃ স্থানানি, তাঃ সর্ব্বাঃ, সাধু যোগ্যাঃ ন মেনে ॥ ১১ ॥

অথ একদা হিমবতঃ হিমালয়স্য, দক্ষিণেষু সানুষু নবভিঃ দ্বার্ভিঃ যুক্তাং লক্ষিতলক্ষণাং (লক্ষিতানি দৃষ্টানি লক্ষণানি তত্তদ্বিষয়ভোগোপযোগিচিহ্নানি যস্যাং তাং) পুরং স দদর্শ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

হিকপারলৌকিকভোগযোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ। তাভ্যো গামানয়ং তা অব্রুবন্নবৈ নোঽয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ৎ তা অব্রুবন্ নবৈ নোঽয়মলমিতি ॥ ১১ ॥

হিমবতো দক্ষিণেষু সানুষু কর্ম্মক্ষেত্রে ভারতবর্ষে পুরং মনুষ্যশরীরং লক্ষিতানি দৃষ্টানি সর্ব্বাণি লক্ষণানি যস্যাং অন্ধপঙ্গুত্বাদিদোষরহিতামিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তদ্দেহানামসাধুমননঞ্চ গর্ব্ভদশায়ামেব মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি শ্রুতে স্তত্রৈব বিবেকোৎপত্তেঃ ॥ ১১ ॥

হিমবতো হিমালয়স্য দক্ষিণেষু সানুষু ভারতভূমৌ কর্ম্মক্ষেত্রে তত্রত্যমনুষ্যদেহস্যৈব ফলসাধনত্বাৎ পুরং মনুষ্যদেহং লক্ষিতানি দৃষ্টানি লক্ষণানি যস্যামিতি পঙ্গ্বন্ধাদি দেহস্য ম্লেচ্ছান্ত্যজাদি দেহস্যচ ব্যাবৃত্তিঃ ॥ ১২ ॥

করিলেন না; যত কিছু অবলোকন করিলেন, কোনটীতেই তাঁহার সাধ পূরণ হয়, এরূপ বিবেচনা করিলেন না ॥ ১১ ॥

এক দিবস হিমগিরির দক্ষিণপ্রান্তে বিচরণ করিতে করিতে, সর্ব্বলক্ষণলক্ষিত নবদ্বারবিশিষ্ট একটী অপূর্ব্ব পুরী অবলোকন করিলেন ॥ ১২ ॥

আভাস।

যে কোন দেহ প্রাপ্ত হন, তাহাতে তদুচিত ভোগ লাভ হয় বটে, কিন্তু অন্য দেহোচিত ভোগের অভিলাষ করিলে, তৎপ্রাপ্তির কোন প্রত্যাশা থাকে না। গবাদি যোনিতে ঐহিক বা পারলৌকিক ভোগযোগ্যতা থাকে না। শ্রুতিতেও উক্ত আছে যে, জীবাত্মা গাভী এবং অশ্বাদি বিবিধ যোনিতে প্রবিষ্ট হইয়া, কোনটীকে ভাল বলিয়া মনে করিলেন না। গর্ব্ভদশাতে জীব যখন অবস্থান করে, তখন তাহার সম্যক্ আত্মজ্ঞানের উদয় থাকে; তখন সেই জ্ঞানের প্রভাবে গর্ব্ভস্থ জীব আপনার মৃত্যু ও জন্মের বিষয় আলোচনা করিয়া থাকে ॥১০॥১১॥

পুরঞ্জন পুরুষ হিমগিরির দক্ষিণপ্রান্তে কর্ম্মক্ষেত্র ভারতভূমে মানবশরীর অবলোকন করিয়াছেন এবং তাহাতে সর্ব্বলক্ষণলক্ষিত বলিয়া, পঙ্গু অন্ধ প্রভৃতি অন্ত্যজ দেহনিষ্ঠ দোষের পরিহার করা হইয়াছে ॥ ১২ ॥

প্রাকারোপবনাট্টালপরিখৈরক্ষতোরণৈঃ।
স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ সঙ্কুলাং সর্ব্বতোগৃহৈঃ॥ ১৩॥
নীল-স্ফটিক-বৈদূর্য্যমুক্তামরকতারুণৈঃ।

অন্বয়ঃ।

প্রাকারোপবনাট্টালপরিখৈঃ (প্রাকারাঃ উপবনানি অট্টালঃ প্রবেশদ্বারং পরিখাঃ নিষেধদ্বারাণি তৈঃ) অক্ষতোরণৈঃ (অক্ষাঃ গবাক্ষাঃ তোরণানি দ্বারাণি তৈঃ) স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ শিখরৈঃ গৃহৈঃ চ সর্ব্বতঃ সঙ্কুলাং॥ ১৩॥

নীলস্ফটিকবৈদূর্য্যমুক্তামরকতারুণৈঃ (অরুণং মাণিক্যং) ক্লৃপ্তহর্ম্ম্যস্থলীং (ক্লৃপ্তাঃ হর্ম্ম্য-

শ্রীধরস্বামী।

তামনুবর্ণয়তি ত্রিভিঃ। অত্র কিঞ্চিৎ কিঞ্চিৎ সাদৃশ্যমবলম্ব্য কথাসৌন্দর্য্যায় প্রাকারাদীনি বর্ণ্যন্তে পরিখৈরিতি পুংস্ত্বমার্ষং। অক্ষাণি গবাক্ষাঃ ত্বগাদয়ঃ শরীরাবয়বাঃ প্রাকারাদি পুরাবয়বত্বেন নিরূপ্যন্তে। স্বর্ণাদিময়ৈঃ শৃঙ্গৈঃ শিখরৈ র্যুক্তা যে গৃহাস্তৈঃ সঙ্কুলামিতি। আধারাদি চক্রাণি গৃহাঃ শৃঙ্গাণিচ রাজসাদিস্বভাবা বিবক্ষিতাঃ॥ ১৩॥

নীলাদিভিঃ ক৯প্তা হর্ম্ম্যস্থলী যস্যাং অরুণং মাণিক্যং স্থলী হৃদয়ং নাড্যো নীলাদিভাবেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাকারাস্ত্বচঃ উপবনানি বহির্বিষয়াঃ অট্টালো মুখং। পরিখা গুণাঃ। পরিখৈরিতার্ষং। অক্ষা গবাক্ষা রোমরন্ধ্রাণি তোরণানি নেত্রাদীনি দ্বারাণি স্বর্ণাদ্যৈঃ শৃঙ্গৈঃ পিত্তকফবাতৈর্ধাতুভিঃ রাজসসাত্ত্বিকতামসৈঃ স্বভাবৈর্বা গৃহৈরাধারচক্রাদ্যৈঃ সংকুলাং ব্যাপ্তাং॥ ১৩॥

ইন্দ্রনীলাদিভিঃ রত্নৈঃ ক৯প্তা হর্ম্ম্যস্থল্যো যস্যাং সমাসান্তবিধেরনিত্যত্বান্ন কপ্। অরুণ-

---

পুরীর সর্ব্বদিক্ প্রাচীরে বেষ্টিত; তন্মধ্যে উপবন! তদন্তরে অট্টালিকা এবং পরিখাদি শোভা পাইতেছিল। প্রশস্ত গবাক্ষসমূহ এবং প্রবেশদ্বার, স্বর্ণময়, রৌপ্যময় এবং লৌহময় শিখরযুক্ত গৃহ সকল সর্ব্বতোভাবে শোভা প্রদান করিতেছিল॥ ১৩॥

নীলকান্তমণি স্ফটিক বৈদূর্য্য মুক্তা মরকত ও বিচিত্র মাণিক্য সকল হর্ম্ম্য-

আভাস।

মনুষ্যদেহের সহিত পুরীর যথাসঙ্গত সাদৃশ্যে বাক্যের সৌন্দর্য্যার্থ প্রাকারাদির বর্ণন করা হইয়াছে। পুরীর পরিবেষ্টিত প্রাচীরই দেহের ত্বক্; ভোগ্য বিষয়ই উপবন, অট্টাল মুখবিবর, পরিখা গুণ; গবাক্ষসমূহ ইন্দ্রিয়গোলক এবং রোমকূপ ও তোরণ সমুহই দেহের নেত্রাদি দ্বারস্বরূপ। স্বর্ণময়, রৌপ্যময় ও লৌহময় শৃঙ্গই দেহের বাতপিত্ত ও কফনামে পরিগৃহীত। অথবা রাজসিক, সাত্ত্বিক ও তামসিক গুণ বলিয়া অভিহিত। গৃহ বা প্রকোষ্ঠ বলিতে, দেহস্থ আধারাদি সপ্ত চক্রকেই লক্ষ্য করিতে হইবে॥ ১৩॥

নীলাদি মণির্বা নাড়ীসমূহকেই অবধারণ করিতে হইবে। তাহারা হর্ম্ম্যস্থলীরূপ হৃদয়,

কহ্নপ্তহর্ম্ম্যস্থলীং দীপ্তাং শ্রিয়া ভোগবতীমিব ॥ ১৪ ॥
সভাচত্বররথ্যাভিরাক্রীড়ায়তনাপণৈঃ।
চৈত্যধ্বজপতাকাভির্যুক্তাং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

স্থলাঃ যস্যাং তাং) দীপ্তাং প্রকাশমানাং শ্রিয়া শোভয়া ভোগবতীং নাগানাং পুরীং ইব দদর্শ ॥ ১৪ ॥

সভাচত্বররথ্যাভিঃ (সভা রাজোপবেশস্থানং চত্বরং চতুষ্পথং, রথ্যাঃ রাজমার্গাঃ তৈঃ) আক্রীড়ায়তনাপণৈঃ (আক্রীড়ায়তনানি দ্যূতাদিস্থানানি আপণঃ হট্টঃ তৈঃ) চৈত্যধ্বজপতাকাভিঃ (চৈত্যং বিশ্রামস্থানং ধ্বজেষু যাঃ পতাকাঃ তৈঃ) বিদ্রুমবেদিভিঃ যুক্তাং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নিরূপ্যন্তে। তত্তদ্বিষয়বাসনা বা ভোগবতীং নাগানাং পুরীমিব ॥ ১৪ ॥

সভা সমাজস্থানং। চত্বরং চতুষ্পথং। রথ্যা রাজমার্গঃ। আক্রীড়ায়তনং দ্যূতাদিস্থানং। আপণো হট্টঃ তৈঃ চৈত্যং জনানাং বিশ্রামস্থানং। ধ্বজেষু যাঃ পতাকা স্তাভিশ্চ যুক্তাং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাণিক্যং স্থল্যো হৃদয়কণ্ঠভ্রূমধ্যস্থানানি নীলাদয় স্তদ্বর্ণা নাড্যো জ্ঞেয়াঃ। ভোগবতীং নাগানাং পুরীং। পক্ষে ভোগবতীমিবেতি বস্তুবিচারতো ভোগা অপি তত্র ন সন্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

সভা রাজোপবেশস্থানং সা চাত্র হৃদয়ং তত্রৈব রাজ্ঞঃ পুরঞ্জনস্য জীবস্য স্থিতেঃ। চত্বরং চতুষ্পথং তচ্চাত্র তাল্বধঃস্থলং তত্রৈব মুখনাসানয়নকর্ণমার্গাশ্চত্বারঃ রথ্যা রাজমার্গঃ ইড়াপিঙ্গলাসুষুম্নাঃ। আক্রীড়ায়তনানি দ্যূতাদিস্থানানি ইন্দ্রিয়গোলকাঃ। অপণো হট্টো মনোগোলকঃ চৈত্যং বিশ্রামস্থানং চিত্তমধ্যং ধ্বজে ভগবদ্বৈমুখ্যরূপে সংযুক্তাঃ পতাকাঃ পঞ্চক্লেশাঃ। বিদ্রুমবেদয় আধারাদিচক্রমধ্যস্থলভেদাঃ ॥ ১৫ ॥

স্থলে বিবিধভাবে খচিত ছিল। সেই অপূর্ব্ব পুরীটী সৌন্দর্য্যে যেন নাগলোক ভোগবতীকেও অতিক্রম করিয়া বিরাজমান পরিদৃষ্ট হইল ॥ ১৪ ॥

পুরীর মধ্যে রাজসভা, চতুষ্পথ, রাজমার্গ, দ্যূতক্রীড়ার স্থান, হট্ট, বিশ্রামভবন এবং ধ্বজা ও পতাকাদিতে পরিশোভিত এবং স্থানে স্থানে বিদ্রুমবেদি সকল লক্ষিত হইতেছিল ॥ ১৫ ॥

আভাস।

কণ্ঠ ও ভ্রূমধ্যস্থানে নিযোজিত রহিয়াছে। অন্য দেহের অপেক্ষা মনুষ্যকলেবর অতীব সুন্দর; এবং ভোগবতী নামক নাগলোকের ন্যায় ভোগপ্রদ বলিয়া অনুভূত হইলেও, অভিলাষানুরূপ ভোগ যে তাহাতেও নাই, তাহা এক ইবশব্দের দ্বারাই স্পষ্টত প্রকাশ করা হইয়াছে ॥ ১৪ ।

সভাশব্দে জীবের উপবেশনস্থান অন্তঃকরণ; চতুষ্পথ চত্বর অর্থে তালুর অধঃস্থল; তথায় মুখ, নাসিকা, নয়ন ও কর্ণ এই চারিটীর পথ প্রশস্ত আছে বলা হইল। রথ্যা অর্থাৎ

পূর্য্যাস্তু বাহ্যোপবনে দিব্যদ্রুমলতাকুলে।
নদদ্বিহঙ্গালিকুল-কোলাহল-জলাশয়ে।। ১৬।।

অন্বয়ঃ।

দিব্যদ্রুমলতাকুলে (দিব্যৈঃ মনোহরৈঃ দ্রুমৈঃ লতাভিঃ চ আকুলে ব্যাপ্তে) নদদ্বিহঙ্গালিকুল-কোলাহলজলাশয়ে (নদতাং বিহঙ্গালিকুলানাং কোলাহলঃ যেষু তে জলাশয়াঃ যস্মিন্ তস্মিন্) পূর্য্যাঃ বাহ্যোপবনে তু ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অত্রচ বিষয়নিষ্ঠবুদ্ধিযোগেন জীবস্য দেহসম্বন্ধ ইতি বিবক্ষয়া বিষয়বর্গং বাহ্যোপবনত্বেন রূপয়তি। তদ্বিশেষান্ স্রক্‌চন্দনাদীন্ দ্রুমলতাদিভাবেন শেষঃ কথালঙ্কারঃ। বাহ্যোপবনে প্রমদোত্তমাং দদর্শেতি চতুর্থেনান্বয়ঃ। নদতাং বিহঙ্গানিকুলানাং কোলাহলো যেষু তে জলাশয়া যস্মিন্ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র বিষয়নিষ্ঠবুদ্ধিযোগেন জীবস্য দেহসম্বন্ধ ইতি বিবক্ষয়া বাহ্যোপবনভূতং বিষয়বর্গং বিশিষ্য বর্ণয়তি পূর্য্যা ইতি ত্রিভিঃ বাহ্যোপবনে প্রমদোত্তমাং অবিদ্যাবৃত্তিং যদৃচ্ছয়ৈব পুরঞ্জনো রাজা দদর্শেতি তয়োঃ প্রাথমিকসম্বন্ধস্য নির্হেতুত্বমুক্তং তেন কথাপক্ষে হে রাজন্ যুষ্মদ্বিধৈরুপবনে প্রমদোত্তমা কদাপি নানেতব্যা কথঞ্চিৎ স্বত এব প্রাপ্তা দৃষ্টা স্পৃষ্টা বা স্যাচ্চেদাত্মধিকারঃ কর্ত্তব্যঃ। অধ্যাত্মপক্ষে শব্দস্পর্শাদিভোগ্যবস্তুষু বুদ্ধি ন দেয়া। দৈবাদ্‌গতা চেদনুতপনীয়মিতি বিধির্ব্যঞ্জিতঃ। কীদৃশে নদদিতি দিব্যদ্রুমেতি রূপবৈচিত্র্যং নদবিহঙ্গেতি শব্দবৈচিত্র্যং ॥ ১৬ ॥

মনোহর লতা ও পাদপসমূহে সঙ্কীর্ণ একটী উপবন ঐ পুরীর বাহিরে বিরাজিত ছিল; তথায় স্বচ্ছসলিল সরোবর সমূহ অবলোকন করিলেন; স্থলচর এবং জলচর পক্ষিকুলের কাকলিতে এবং ভৃঙ্গকুলের মধুর ঝঙ্কারে ঐ উপবনটী নিয়ত নিনাদিত হইত।। ১৬।।

আভাস।

রাজমার্গ অর্থে ইড়া, পিঙ্গলা এবং সুষুম্নাকেই লক্ষ্য করিতে হইবে। দ্যূতস্থান ইন্দ্রিয়গোলক; হট্ট (বাজার) অর্থে মনোগোলক। চৈত্যনামক বিশ্রামস্থানকে চিত্ত বলিতে হইবে। ভগবানে বৈমুখ্যই ধ্বজা এবং অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশকেই তাহার পতাকানামে অভিহিত করিতে হইবে। বিদ্রুমবেদি অর্থে আধারাদি চক্র মধ্যবর্ত্তি স্থান-সমূহই কল্পনীয় ॥ ১৫ ॥

পূর্য্যাঃ বলিয়া শ্লোকত্রয়ে প্রকাশ করা হইয়াছে যে, মায়াময় বিষয়ের অভিমুখে প্রবৃত্তা বুদ্ধির দোষে জীবের আমি ও আমার ইত্যাদি সাংসারিক ভেদবুদ্ধি জন্মে ; সুতরাং তাদৃশ বুদ্ধির সম্বন্ধে মোহিত জীবের অন্তঃকরণে, প্রাণে, ইন্দ্রিয়বর্গে এবং দেহে আত্মার অধ্যাস বশত আত্মবিস্মৃতি ঘটে ; সুতরাং সংসার অপরিহার্য্য। এই নিমিত্ত পূর্ব্ববুদ্ধির বিষয়ভূত

হিমনির্ঝরবিপ্রুষ্মৎকুসুমাকরবায়ুনা।
চলৎপ্রবালবিটপনলিনীতটসম্পদি ॥ ১৭ ॥
নানারণ্যমৃগব্রাতৈরনাবাধে মুনিব্রতৈঃ।
আহূতং মন্যতে পান্থো যত্র কোকিলকূজিতৈঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

হিমনির্ঝরবিপ্রুষ্মৎকুসুমাকরবায়ুনা (হিমনির্ঝরাণাং বিপ্রুষঃ বিন্দবঃ তদ্বতা কুসুমাকর-সম্বন্ধিবায়ুনা) চলৎপ্রবালবিটপনলিনীতটসম্পদি (চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাঃ চ যেষাং তৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধিঃ যস্মিন্ তস্মিন্) ॥ ১৭ ॥

মুনিব্রাতৈঃ অহিংস্রৈঃ নানারণ্যমৃগব্রাতৈঃ অনাবাধে বাধারহিতে যত্র উপবনে, কোকিল-কূজিতৈঃ পান্থঃ পথিকঃ, আত্মানং আহূতং মন্যতে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

হিমনির্ঝরাণাং বিপ্রুষো বিন্দবঃ তদ্বতা কুসুমাকরসম্বন্ধিনা বায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈর্বৃক্ষৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধির্যস্মিন্ ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃতবাধারহিতে। মুনিব্রতৈরহিংস্রৈঃ আত্মানমাহূতং মন্যতে যত্র ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হিমনির্ঝরাণাং বিপ্রুষো বিন্দব স্তদ্বতা কুসুমাকরবায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈঃ বৃক্ষৈ র্নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধি র্যস্মিন্ অত্র হিমনির্ঝরেতি রসঃ কুসুমাকরেতি গন্ধঃ। বায়ুনেতি স্পর্শঃ চলৎপ্রবালেতি ব্যঞ্জিতস্য পক্ষিপুষ্পফলাদিসত্তা-বস্যাবশ্যকত্বাৎ শব্দাদিবিষয়পঞ্চকবৈচিত্র্যমেব জ্ঞেয়ং ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃতবাধারহিতে মুনিব্রতৈঃ অহিংস্রৈঃ। পক্ষে পুরঞ্জনস্য পুণ্যবত্ত্বাৎ পাপা-ভাবাচ্চ ভোগাঃ নিষ্কণ্টকা এব কোকিলকূজিতৈঃ পান্থঃ আত্মানমাতিথ্যদানার্থং আহূতং মন্যতে। অধ্যাত্মপক্ষেঽপি তান্নিষ্কণ্টকান্ ভোগান্ স্বীয় কুটুম্ববন্ধুব্রাহ্মণাতিথ্যাদিভ্যঃ বিভজ্যৈব যত্র ভুঙ্ক্তে ইত্যর্থঃ। কূজিতৈঃ যশোভিঃ ॥ ১৮ ॥

সরোবরের তটস্থ তরু ও পল্লবরাজির শাখা এবং পত্রের অগ্রভাগ দিয়া হিমকণার বিন্দুসমূহ ধীরে ধীরে নিপতিত হইতেছিল; গন্ধবহ মৃদুমন্দ সঞ্চালনে শাখা প্রশাখাদিকে ঈষৎ সঞ্চালন করত ইতস্ততঃ কুসুমগন্ধ বিকীরণ করিতেছিল; অহো! এতাদৃশ সৌন্দর্য্য দর্শনে দর্শকমাত্রেরই চিত্ত যে তৎপ্রতি আকৃষ্ট হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ১৭ ॥

আরণ্য পশুকুল হিংসাবৃত্তি পরিত্যাগ পূর্ব্বক তথায় অবস্থান করায়

আভাস।

ভোগ্য পদার্থসমূহকে বাহ্যোপবনরূপে এস্থলে ব্যাখ্যা করা হইয়াছে। তথায় শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ ও স্রক্‌চন্দন বনিতাদিকে তরু, লতা ও জলাশয়রূপে বর্ণন করিয়াছেন; রস,

যদৃচ্ছয়াগতাং তত্র দদর্শ প্রমদোত্তমাং।
ভৃত্যৈ র্দশভিরায়ান্তীমেকৈকশতনায়কৈঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

একৈকশতনায়কৈঃ (প্রত্যেকং শতানাং অনন্তানাং নায়কৈঃ স্বামিভিঃ) দশভিঃ ভৃত্যৈঃ সহ যদৃচ্ছয়া আয়ান্তীং তত্র উপবনে আগতাং প্রমদোত্তমাং দদর্শ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তত্র প্রমদোত্তমাং বিষয়বিবেকবতীং বুদ্ধিং দদর্শ। যদৃচ্ছয়াগতামিতি তয়োঃ সম্বন্ধস্য ত্বনির্ূপত্বং দর্শয়তি তামনুবর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। দশভির্জ্ঞানকর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়ঃ তাসাং নায়কৈঃ পতিভিঃ সহ। একৈকশতনায়িকৈরিতিপাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীদৃশৈঃ দশভির্জ্ঞানকর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়স্তাসাং নায়কৈঃ। নায়িকৈরিতি পাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

তন্মধ্যে অন্যের প্রবেশের কোনরূপ প্রতিবন্ধকই ছিল না; কোকিলের কূজনধ্বনিতে যেন নিকটবর্ত্তী পথিককে তন্মধ্যে প্রবেশার্থই আহ্বান করিতেছে ॥ ১৮

পুরঞ্জন উপবনের মধ্যে প্রবেশ পূর্ব্বক একটী অপূর্ব্ব সুন্দরী নারীকে তৎসমীপে যদৃচ্ছাক্রমে আগমন করিতে অবলোকন করিলেন। ঐ কামিনীর সঙ্গে দশ জন ভৃত্য সহচররূপে আগমন করিতেছিল এবং ঐ প্রত্যেক ভৃত্যও শত শত বনিতায় পরিবেষ্টিত ॥ ১৯ ॥

আভাস।

ভোক্তা ও শব্দকারী অলিকুল এবং বিহঙ্গমগণকে পুত্রমিত্রাদির স্থলে গ্রহণ করত জীবের প্রতি আনুগত্য ও আধিপত্যের পরিচয়ে বিহারের কথা বর্ণিত হইয়াছে। প্রমদোত্তমা শব্দে মূলা অবিদ্যাকেই পুরঞ্জন দর্শন করিয়াছেন। দশ ইন্দ্রিয়ই তাঁহার ভৃত্যস্থানীয় এবং সেই সকল ইন্দ্রিয়ের মধ্যে প্রত্যেক ইন্দ্রিয়ের অনন্তবৃত্তিই এখানে ভৃত্যবনিতা বুঝিতে হইবে। এস্থলে পুরঞ্জন রাজাকে উপলক্ষ করিয়া, মহারাজ বর্হিষদকে প্রতিবোধিত করা হইয়াছে যে, অবিদ্যার বশবর্ত্তী হওয়া কোনমতে সঙ্গত নহে। যদি অবিদ্যা স্বয়ং উপনীত হন, আত্মধিক্কারের দ্বারা তাঁহার প্রতিবন্ধক করা বিধেয়। ভোগ্য বিষয়ে চিত্তের অভিনিবেশ যাহাতে না হয়, তদ্বিষয়ে বিলক্ষণ যত্ন করা কর্ত্তব্য। দৈবযোগে যদি চিত্ত কখন বিষয়রসে ভ্রমণ করে, তাহা হইলে, যে প্রণালীতে পদার্থের যোজনা ঘটে, তাহারই বর্ণনচ্ছলে হিমনির্ঝরাদির উল্লেখ করিয়াছেন। অর্থাৎ হিমবিন্দুই মধুর রস; কুসুমাকর গন্ধসম্পত্তি; সমীরণের সঞ্চালনে স্পর্শানুভূতি; নলিনীতটের সৌন্দর্য্যে রূপমাধুরী এবং কোকিলকূজনে দিব্য শব্দের উপস্থিতি বর্ণ ন করা হইয়াছে। মুনিব্রত বলায়, অশ্ব গবাদি প্রভুভক্ত অনুকূলাচারী পশুর ন্যায় স্বামীর

পঞ্চশীর্ষাহিনা গুপ্তাং প্রতীহারেণ সর্ব্বতঃ।
অন্বেষমাণামৃষভমপ্রৌঢ়াং কামরূপিণীং ॥ ২০ ॥
সুনাসাং সুদতীং বালাং সুকপোলাং বরাননাং।
সমবিন্যস্তকর্ণাভ্যাং বিভ্রতীং কুণ্ডলশ্রিয়ং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

পঞ্চশীর্ষাহিনা (পঞ্চ শীর্ষাণি যস্য তাদৃশেন অহিনা) প্রতিহারেণ সর্ব্বতঃ গুপ্তাং রক্ষিতাং, ঋষভং পতিং, অন্বেষমাণাং কামরূপিণীং নানাশৃঙ্গারধারিণীং অপ্রৌঢ়াং যুবতীং ॥ ২০ ॥

সুনাসাং সুদতীং সুকপোলাং বরাননাং সমবিন্যস্তকর্ণাভ্যাং (সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং) কুণ্ডলশ্রিয়ং বিভ্রতীং বালাং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চশীর্ষাণি বৃত্তয়ো যস্য তেন অহিনা প্রাণেন প্রতীহারেণ দ্বারপালকেন গুপ্তাং ঋষভং ভর্ত্তারং ॥ ২০ ॥

গন্ধজ্ঞানাদিভির্বুদ্ধ্যবয়বৈঃ সুনাসত্বাদি নিরূপ্যতে। সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং দধতীং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চশীর্ষা অহিঃ পঞ্চবৃত্তিঃ প্রাণঃ তেন প্রতীহারেণ দ্বারপালেন গুপ্তাং রক্ষিতাং ॥

ঋষভং স্বস্যোপভোক্তারং পতিং জীবং অপ্রৌঢ়ামিত্যপ্রৌঢ়েব কান্তা যথা পতিং মোহয়তি তথৈবাবিদ্যাবৃত্তিবুদ্ধির্জীবমিত্যর্থঃ। কামরূপিণীং নিত্যবিবিধশৃঙ্গারধারিণীং। পক্ষে বিবিধ বাসনাবতীং গন্ধজ্ঞানাদিভি র্বুদ্ধের্বৃত্তিভিরেবাবয়বৈঃ সুনাসত্বাদিরূপ্যতে ॥ ২০ ॥

রসাস্বাদচর্ব্বণাশক্তয়ো দন্তাঃ শুকপোলত্বং বুদ্ধেঃ স্বচ্ছতা আননং বুদ্ধেরগ্রভাগঃ সমং যথাস্যাত্তথা ধাত্রৈব কৌশলেন বিন্যস্তাবিব যৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং বিভ্রতীং প্রবৃত্তি-নিবৃত্তিশাস্ত্রার্থমবধারয়ন্তীং ॥ ২১ ॥

পঞ্চশিরা এক সর্প দ্বারপালরূপে ঐ কামিনীকে সর্ব্বতোভাবে রক্ষা করিতে-ছিল। ঐ নবযৌবনসম্পন্না কামচারিণী কামিনী স্বামীলাভের প্রত্যাশায় সেই উপবনে বিচরণ করিতেছিল ॥ ২০ ॥

সেই নবীনার সুন্দর নাসিকা, শোভন দন্তপংক্তি, মনোহর গণ্ডস্থল, সমবিন্যস্ত শ্রবণযুগলে দোদুল্যমান কুণ্ডলদ্বয়ের শোভায় বদনমণ্ডলে কি অনুপম সৌন্দর্য্যেরই পরিচয় হইয়াছিল ! ॥ ২১ ॥

আভাস।

চিত্তানুকারী ভৃত্যবর্গের পরিচয় হইয়াছে। কোকিলকূজনের দ্বারা আত্মীয়বর্গ মধুর বচনে মানবকে বৈরাগ্য বা ঈশ্বরারাধন হইতে প্রতিনিবৃত্ত করিয়া, ভোগের অভিমুখেই আকর্ষণ করিতেছে ॥ ১৬—১৯ ॥

পঞ্চশীর্ষ অহি অর্থে পঞ্চ বৃত্তিবিশিষ্ট প্রাণকেই অবধারণ করিতে হইবে। অবিদ্যা

পিশঙ্গনীবীং সুশ্রোণীং শ্যামাং কনকমেখলাং।
পদ্ভ্যাং ক্বণদ্ভ্যাং চলতীং নূপুরৈর্দেবতামিব ॥ ২২ ॥

অন্বয়ঃ।

পিশঙ্গনীবীং পীতাম্বরাং, সুশ্রোণীং শোভননিতম্ববতীং, শ্যামাং কিশোরাবস্থাপন্নাং, কনকমেখলাং (কনকস্য মেখলা কটিভূষণং যস্যাঃ তাং) নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং পদ্ভ্যাং চলতীং দেবতাং ইব শোভমানাং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অন্নময়ং হি সৌম্য মন ইতি যৎ কৃষ্ণং তদন্নস্য ইত্যাদি শ্রুত্যনুসারেণ শ্যামামিত্যুক্তং। নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং নূপুরেণ পদাঙ্গুলীয়কানামপ্যুপলক্ষণাদ্বহুবচনং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিশঙ্গনীবীং পীতাম্বরাং রজোগুণময়সমস্তকর্ম্মাবৃতাং শ্যামামিতি বুদ্ধেঃ শ্যামত্বাং তচ্চ তস্যা জীবান্ প্রতি সূর্য্যস্থানীয়েশ্বরাবরকমেঘস্থানীয়ত্বাং ক্বণদ্ভ্যামিতি চলন্তী-মিত্যাভ্যাং বুদ্ধেরস্থৈর্য্যমেব শাস্ত্রেষু শব্দিতমিতি দ্যোতিতং নূপুরৈরিতি বহুবচনেন পাদাঙ্গু-লীয়াদীন্যপ্যুপলক্ষিতানি ॥ ২২ ॥

নিবিড় নিতম্বোপরি পীতাম্বর বসন ও সুবর্ণময় মেখলা কটিদেশে ধারণ করত সেই কিশোরবয়স্কা কামিনী গমনকালে চরণনূপুরের ক্বণধ্বনিতে সাক্ষাৎ দেবতার ন্যায় পরিদৃষ্ট হইয়াছিলেন ॥ ২২ ॥

আভাস।

জীবরূপ স্বামীকে অন্বেষণ করিয়া থাকেন এবং স্বীয় বৃত্তিরূপা বুদ্ধির বেশে বিচিত্র ভোগ জীবকে প্রদান করেন। কামরূপিণী বলায় পুরুষকে বিবিধ ভোগ প্রদান করিবার উপযোগিনী বুদ্ধিবৃত্তিকে নারীর নাসিকাদি বিভিন্ন অবয়বের কল্পনা করা হইয়াছে ॥ ২০ ॥

আনন অর্থে বুদ্ধির অগ্রভাগ; স্বচ্ছতাই তাহার সুন্দর গণ্ডস্থল; কুণ্ডলবিশিষ্ট কর্ণদ্বয়ের পরিচয়ে শাস্ত্রার্থ অবধারণ করিবার প্রবৃত্তি ও নিবৃত্তিকেই লক্ষ্য করা হইয়াছে ॥ ২১ ॥

নারী পীত বসন পরিধান করিয়াছিলেন বলায়, রজোগুণময় কর্ম্মবসনে বুদ্ধি আবৃত। সূর্য্যস্থানীয় পুরুষের পক্ষে প্রকৃতি শ্যামবর্ণ আত্মাবরক মেঘের কার্য্য করিতেছেন। নূপুর-ধ্বনি বিশিষ্ট পাদবিক্ষেপে প্রতিপদে সুখপ্রদ প্রার্থনায় বুদ্ধির চাঞ্চল্যেরই পরিচয় দেওয়া হইয়াছে ॥ ২২ ॥

কামিনীর কুচযুগলেই বুদ্ধির রাগ ও দ্বেষের পরিচয়। বৃদ্ধও কুচ দর্শনে কামাতুর হইয়া থাকে। পয়োধরের বর্ত্তুলাকারে ও তুল্যরূপে প্রতীতিই পুরুষমাত্রের মোহনের পরিচয়। ঐ দুইটীর পীন উন্নত এবং পরস্পরের মধ্যে অবকাশশূন্য একত্রাবস্থানভাবের দ্বারা অবিনা-ভাবেরই পরিচয় হইয়াছে। গীতাতে উক্ত হইয়াছে, "কাম এষ ক্রোধ এষ রজোগুণ-সমুদ্ভব ইতি"। কাম এবং ক্রোধ এতদুভয়ের নামান্তর এবং রূপান্তর আছে মাত্র; বৃত্তিতে

স্তনৌ ব্যঞ্জিতকৈশোরৌ সমবৃত্তৌ নিরন্তরৌ।
বস্ত্রান্তেন নিগূহন্তীং ব্রীড়য়া গজগামিনীং ॥ ২৩ ॥
তামাহ ললিতং বীরঃ সব্রীড়স্মিতশোভিনা।

অন্বয়ঃ।

ব্যঞ্জিতকৈশোরৌ (ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং তৌ) সমবৃত্তৌ (সমৌ তুল্যৌ বৃত্তৌ বর্ত্তুলৌ) নিরন্তরৌ মধ্যব্যবধানরহিতৌ, স্তনৌ ব্রীড়য়া লজ্জয়া বস্ত্রান্তেন নিগূহন্তীং আচ্ছাদয়ন্তীং গজগামিনীং (গজবৎ মন্থরগমনং যস্যাঃ তাং) ॥ ২৩ ॥

প্রেমোদ্ভ্রমদ্ভ্রুবা (প্রেম্না উচ্চৈঃ ভ্রমন্তী ভ্রূঃ ধনুঃস্থানীয়া যস্মিন্ তেন) অপাঙ্গপুঙ্খেন (অপাঙ্গঃ এব পুঙ্খঃ মূলপ্রান্তঃ যস্য কটাক্ষলক্ষণস্য বাণস্য তেন) স্নিগ্ধেন স্নেহযুক্তেন স্পৃষ্টঃ

শ্রীধরস্বামী।

ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং। সমৌচ বৃত্তৌচ ॥ ২৩ ॥

তামাহেতি তয়োঃ সম্বাদোক্তং সম্বন্ধদার্ঢ্যায় অপাঙ্গ এব পুংখো মূলপ্রান্তো যস্য কটাক্ষ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তনৌ রাগদ্বেষৌ। যদুক্তং ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। ন তয়ো র্বশমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনাবিতি। ব্যঞ্জিতকৈশোরাবিত্যত এব বৃদ্ধস্যাপি রাগদ্বেষৌ নিত্যতরুণাবেব লোকে দৃশ্যেতে সমৌচ বৃত্তৌ বর্ত্তুলৌচ পক্ষে সমং তুল্যমেব বৃত্তং পুংমাত্র-মোহনং চরিত্রং যয়োস্তৌ। নিরন্তরাবতিপীনত্বান্মূলদেশেঽবকাশশূন্যৌ। পক্ষে বস্তু-তস্তয়োরৈক্যেন নির্ভেদৌ। যদুক্তং কামএষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভব ইতি নিগূহন্তীমিতি রাগদ্বেষাবপি শিষ্টজনৈর্হ্রীবিনয়াভ্যাং নিহ্নূয়েতে এব ॥ ২৩ ॥

অবিদ্যা বৃত্ত্যা জীবঃ স্বমিচ্ছয়ৈব বধ্নাতি। নতু তমীশ্বর স্তয়া বলাৎকারেণ বধ্নাতীতি বক্তুং তয়োঃ সম্বন্ধস্য প্রকারমাহ তামাহেতি স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধভঙ্গেন অপাঙ্গরূপেণ পুংখেন

যৌবনপদবীর প্রধান পরিচায়ক ব্যবধান-ব্যতীত বর্ত্তুলাকারে উদ্গত পীনোন্নত পয়োধরযুগলকে বস্ত্রাঞ্চলে আবরণ করত লজ্জাবনতমুখে এবং গজেন্দ্রগমনে আগমন করিতে লাগিলেন ॥ ২৩ ॥

শরাসনতুল্য বঙ্কিম ভ্রূযুগলের নিশিত বাণতুল্য কামিনীর অপাঙ্গশরে বিদ্ধ-

আভাস।

ও উপাধিতে উভয়েই এক আধারে তুল্যরূপে বিদ্যমান থাকে। নিজের স্ত্রী বা পুত্রে যেমন তীব্র প্রেম বা কামবৃত্তির উদয় হয়, তাহার সঙ্গে সঙ্গে তীব্র দ্বেষবুদ্ধিরও উদয় হইয়া থাকে। তবে একটীর তীব্র মূর্ত্তিতে অপরটী অবলোকিত হয় না। নিজ পত্নীতে যেমন তীব্র অনু-রাগ, আবার পত্নীর অসচ্চরিত্র দর্শনে তেমনি তীব্র দ্বেষ উপস্থিত হয়; অন্য নারীর প্রতি সেরূপ দ্বেষ বা আনুরক্তির সম্ভব নহে। অতএব রাগের বিপরীত মূর্ত্তিই ক্রোধ। কুচদ্বয়ই এতদুভয়ের অনুরূপ মীত্র ॥ ২৩ ॥

স্নিগ্ধেনাপাঙ্গপুঙ্খেন স্পৃষ্টঃ প্রেমোদ্ভ্রমদ্ভ্রুবা ॥ ২৪ ॥
কা ত্বং কঞ্জপলাশাক্ষি কস্যাসীহ কুতঃ সতি।
ইমামুপপুরীং ভীরু কিঞ্চিকীর্ষসি শংস মে ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

বিদ্ধঃ বীরঃ পুরঞ্জনঃ সব্রীড়স্মিতশোভনাং (সব্রীড়েন স্মিতেন শোভনাং) তাং প্রমদাং ললিতং মনোহরং, যথাস্যাং তথা আহ ॥ ২৪ ॥

হে কঞ্জপলাশাক্ষি! হে সতি! হে ভীরু! ত্বং কা? কস্য (কন্যা পত্নী বা ত্বং) অসি; ইহ স্থানে, কুতঃ আগতাসি? ইমাং উপপুরীং (পুর্য্যাঃ সমীপস্থাং ভুবং, আলক্ষ্য কিং চিকীর্ষসি কর্ত্তুং ইচ্ছসি, তং মে মহ্যং, শংস কথয় ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

বাণস্য তেন স্পৃষ্টো বিদ্ধঃ। প্রেম্না উচ্চৈ র্ভ্রমন্তী ভ্রূর্ধনুঃস্থানীয়া যস্মিন্ তেন ॥ ২৪ ॥

কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরীভূঃ তামালম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তং পর্য্যন্তেনাপি কটাক্ষশরেণ বিদ্ধ ইত্যর্থঃ। যতো বীরঃ বীরত্বাদেব তদপ্যক্লান্ত ইত্যর্থঃ। পক্ষে ভোগোৎসাহবত্ত্বাদ্বীরঃ। অয়মর্থঃ। অবিদ্যা খলু ভোগ্যপদার্থভূতং স্বং দর্শয়তি জীবস্তত্র সুরসবুদ্ধ্যা ভোক্তৃত্বমঙ্গীকুর্ব্বন্ অনুরজ্যতি। ঈশ্বরস্তু তত্র বিরসবুদ্ধ্যা ততো বিরজ্যতীতি ॥ ২৪ ॥

যদ্যপি বুদ্ধ্যাদিভিঃ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতি স্তথাপি মনুষ্যশরীরসম্বন্ধিন স্তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীত্যনুরাগেণচ তাং বুদ্ধিমপরিচিবন্নিব পৃচ্ছতি কা ত্বমিতি কুত স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরী ভূমি স্তামবলম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসি ॥ ২৫ ॥

হৃদয় বীরবর পুরঞ্জন কামে জর্জ্জরিত হইয়া, মধুরভাববিশিষ্ট লজ্জাবনতমুখী সেই ললনাশ্রেষ্ঠাকে প্রেম সম্ভাষণে বলিলেন—। ২৪ ॥

হে পদ্মপলাশলোচনে সাধ্বি! তোমার নাম কি? তুমি কাহার কন্যা এবং পতিরূপে কাহাকেই বা বরণ করিয়াছ? হে চারুশীলে! তুমি কোথা হইতেই বা এখানে আগমন করিয়াছ? এবং এই পুরীর সমীপবর্ত্তী উপবনে কি নিমিত্তই বা বিচরণ করিতেছ? এই সকল বিষয় আমার নিকট আনুপূর্ব্বিক বর্ণন কর! ॥ ২৫ ॥

আভাস।

তমো মোহ মহামোহ তামিস্র ও অন্ধতামিস্র নামে অবিদ্যার পঞ্চ বৃত্তি আছে। এই পঞ্চ বৃত্তির দ্বারা অবিদ্যা জীবরূপী পুরুষকে বন্ধন করে। অবিদ্যার এই পঞ্চ বৃত্তিই এখানে অপাঙ্গদৃষ্টি প্রভৃতির অনুরূপে উল্লেখ করা হইয়াছে। জীব বিবেকবিশিষ্ট চৈতন্যস্বরূপ

ক এতেঽনুপথা যে ত একাদশ মহাভটাঃ।
এতা বা ললনাঃ সুভ্রু কোঽয়ং তেঽহিঃ পুরঃসরঃ ॥ ২৬ ॥
ত্বং হ্রীর্ভবান্যস্যথ বাগ্রমাপতিং বিচিন্বতী কিং মুনিবদ্রহো বনে।

অন্বয়ঃ।

তব অনুপথাঃ অনুবর্ত্তিনঃ, যে এতে একাদশঃ মহাভটাঃ তে কে? হে সুভ্রু। এতাঃ ললনাঃ স্ত্রিয়ঃ বা কাঃ? তে তব পুরঃসরঃ অগ্রচরঃ, অয়ং অহিঃ বা কঃ? ॥ ২৬ ॥

মুনিবৎ বশীকৃতান্তঃকরণা ত্বং রহঃ একান্তে, বনে কিং হ্রীঃ অসি? যতঃ ধর্ম্মং পতিং অথবা ভবানী? যতঃ শিবং পতিং অথবা বাক্ সরস্বতী কিং ত্বং? যতঃ স্বপতিং ব্রহ্মাণং কিং বা

শ্রীধরস্বামী।

তব যে অনুপথা অনুবর্ত্তিনঃ এতে কে একাদশো মহাভটা বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণো যেষু দশসু তে। বুদ্ধের্মনসঃ পৃথগুপাদানং বুদ্ধিপরিচারকেন্দ্রিয়সহায়তয়া তৎপরিচারকত্ব-বিবক্ষয়া ॥ ২৬ ॥

ত্বং হ্রীঃ কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অথবা ভবানী পতিং শিবং বিচিন্বতী কিম্বা বাক্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুপথা অনুবর্ত্তিনঃ একাদশো মহাভটা যেষ্বিতি বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণং মন আলক্ষ্য ললনাশ্চেট্য ইতীন্দ্রিয়বৃত্তীরালক্ষ্য অহিঃ ক্রীড়োপকরণীভূত ইতি প্রাণমালক্ষ্য প্রশ্নঃ ॥ ২৬ ॥

লোকে হ্যবিবেকাৎ স্বস্য বুদ্ধিরুৎকৃষ্টেতি সর্ব্বস্যাভিমতিরিতি পুরঞ্জনবাক্যেনাভি-ব্যঞ্জয়তি। ত্বং হ্রীরিতি তস্যা মুখনেত্রাদ্যাবরণবাঞ্ছিতাং হ্রিয়মালক্ষ্য ন ত্বং হ্রীমতী কিন্তু

তোমার অনুচররূপে বিদ্যমান এই একাদশ ভৃত্যই বা কে? হে সুভ্রু! এই যে নারীগণকে অবলোকন করিতেছি এবং তোমার অগ্রভাগে এই যে সর্পকে অবলোকন করিতেছি, ইহারা সকলে কে? এবং কেনই বা তোমার সহিত বিচরণ করিতেছে? ॥ ২৬ ॥

হে সাধ্বি! তুমি কি ধর্ম্মপত্নী হ্রী? না শিবসিমন্তিনী ভবানী অথবা ব্রহ্মার অঙ্কশোভিনী বাগ্‌দেবী বা কমলা মুনিবৃত্তি অবলম্বনে অন্তঃকরণ ও ইন্দ্রিয়গ্রামকে সংযত করত এই নির্জ্জন উপবনে স্বকীয় পতির অন্বেষণ করি-

আভাস।

হইলেও ভ্রমে অবিদ্যার কুহকে যে নিপতিত হয়, তাহাই পুরঞ্জনের প্রকৃতিতে প্রদর্শন করান হইয়াছে। ঈশ্বর কিন্তু বুদ্ধিতে আসক্ত না থাকায়, বদ্ধ হন না; জীব বুদ্ধির অতীত চৈতন্য স্বরূপ হইলেও, জপাসন্নিহিত স্ফটিকের ন্যায় রঞ্জিত হইয়া, অজ্ঞানীর ন্যায় প্রকৃতির সন্নিধানে বেশ ভূষার পরিচয় লইয়া থাকে। সুতরাং পুরঞ্জন সেই নারীর পরিচয় জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ২৪ ॥ ২৫ ॥

ত্বদঙ্ঘ্রিকামাপ্তসমস্তকামং ক্ব পদ্মকোশঃ পতিতঃ করাগ্রাৎ ২৭ ॥
নাসাং বরোর্ব্বন্যতমা ভুবিস্পৃক্ পুরীমিমাং বীরবরেণ সাকং।

অন্বয়ঃ।

তদঙ্ঘ্রিকামাপ্তসমস্তকামং স্বপতিং বিষ্ণুং, বিচিন্বতী লক্ষ্মীরসি তথা চেৎ করাগ্রাৎ পদ্ম-কোশঃ লীলাকমলঃ, ক্ব পতিতঃ ॥ ২৭ ॥

হে বরোরু! যতঃ ত্বং ভুবিস্পৃক্ অতঃ আসাং হ্র্যাদীনাং মধ্যে ত্বং অন্যতমা অপি ন

শ্রীধরস্বামী।

সরস্বতী পতিং ব্রহ্মাণং, রমা লক্ষ্মীর্ব্বা পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথংভূতং পতিং ত্বদঙ্ঘ্রিকামেনৈব প্রাপ্তাঃ সমস্তাঃ কামা যেন তং॥ ২৭ ॥

হে বরোরু আসাং মধ্যে ত্বমন্যতমাপি ন ভবসি। যতো ভুবিস্পৃক্ নহি দেবতা ভুবং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাক্ষাৎ স্বয়ং হ্রীরেব মাং মোহয়ন্তী সতী কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অত্র বনে রহো বর্ত্তসে ইতি স্ববুদ্ধিবৃত্তিমাধুর্য্যৈঃ স্বমোহনপ্রপঞ্চঃ। অথবা ভবানীতি সৌন্দর্য্যমালক্ষ্যোক্তিঃ পতিং শিবং বিচিন্বতী কিং বাক্ সরস্বতীতি তস্যা মহাবুদ্ধিমত্ত্বমালক্ষ্য পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীরিতি মহাসম্পত্তিমভিলক্ষ্য পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথম্ভূতং পতিং ত্বদঙ্ঘ্রিকামনয়ৈব প্রাপ্তাঃ সমস্তা কামা যেন তং। লোকেঽপি স্ববুদ্ধিবলাধীনমেব সর্ব্বমৈশ্বর্য্যং সর্ব্বস্যেতি ব্রুবতে। ক্বেতি পদ্মকোশো লীলাকমলং সচ জীবস্য বিবেক এব তয়া তদলক্ষিতমেব স্বহস্ত-বশীকৃত্য দূরতঃ ক্ষিপ্ত ইতি জ্ঞেয়ং॥ ২৭ ॥

ত্বদনুরূপোঽহমেবেতি বক্তুং স্বকৃতং সন্দেহং স্বয়মেব নিরস্যতি নাসামিতি। হে বরোরু

তেছ কি না? ইহার কিছুই আমি নিরূপণ করিতে পারিতেছি না। কিন্তু যাঁহার চরণ-প্রসাদে ব্রহ্মাদি দেবতাগণও পূর্ণমনোরথ হন, সেই কমলাই যদি তুমি হইবে, তবে তোমার হস্তস্থিত লীলাকমল কোথায় নিক্ষেপ করিয়া আসিয়াছ? ॥ ২৭ ॥

হে বরবর্ণিনি! তুমি যখন পৃথিবীস্পর্শে দণ্ডায়মান রহিয়াছ, তখন পূর্ব্বোক্ত দেবীগণের মধ্যে তুমি কেহ নহ! তুমি মানবী এবং মনুষ্যেরই ভোগ্য সম্পত্তি! অতএব কমলা যেমন বিষ্ণুর সহিত বৈকুণ্ঠধামে বিরাজ করেন, আমার

আভাস।

পুরঞ্জন বলিলেন, হে সুন্দরি! তোমার ভাব দর্শনে প্রতীতি হইতেছে যে, লজ্জা যে কেবল তোমার অঙ্গে আশ্রয় লইয়াছেন, তাহা নহে; তুমিই সাক্ষাৎ লজ্জারই স্বরূপ; আমাকে বিমোহিত করিবার জন্য এই নবীন মূর্ত্তি ধারণ করিয়াছ। কিন্তু আমার বোধ হয়, তুমি স্বীয় পতি ধর্ম্মকে অন্বেষণার্থ ই পর্য্যটন করিতেছ! অথচ আমরা তোমার রূপ দেখিয়া বিমোহিত

অর্হস্যলঙ্কর্ত্তুমদভ্রকর্ম্মণা লোকং পরং শ্রীরিব যজ্ঞপুংসা ॥ ২৮ ॥

যদেষ তেঽপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং সব্রীড়ভাবস্মিতবিভ্রমদ্ভ্রুবা।

অন্বয়ঃ।

ভবসি (অপি তু মনুষ্যভোগযোগ্যা) অতঃ যজ্ঞপুংসা বিষ্ণুনা, সহ পরং লোকং, বৈকুণ্ঠং, ইব অদভ্রকর্ম্মণা ভোগসাধনদক্ষেণ, বীরবরেণ ময়া, সাকং সহ ইমাং পুরীং, অলঙ্কর্ত্তুং ত্বং অর্হসি ॥২৮

যৎ যস্মাৎ, তে তব অপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং (অপাঙ্গেন কটাক্ষেণ বিখণ্ডিতং মোহিতং

শ্রীধরস্বামী।

স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং ॥ ২৮ ॥

যদ্‌যস্মাৎ তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং মনো যস্য তং মাং মনোভবো বাধতে। অথ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতস্ত্বং ভুবিস্পৃক্; নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং পক্ষে কিঞ্চিদ্বিবেকপ্রাপ্ত্যা স্ববুদ্ধিং ন সর্ব্বোৎকৃষ্টাং মন্যতে লোকঃ কিন্তু স্বান্বরূপামেবেতি ভাবঃ ॥ ২৮ ॥

যদ্‌যস্মাত্তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং চক্ষুর্যস্য তং মাং মনোভবো মদন স্বয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ সন্ বাধতে। পক্ষে বিখণ্ডিতজ্ঞানচক্ষুষং। মনোভবো বৈষয়িকী বাসনা। উপসৃষ্ট

ইচ্ছা, তুমিও সেইরূপ আমার ন্যায় ভোগসাধনে দক্ষ বীর পুরুষের সহিত এই পুরোবর্ত্তী পুরীকে সুশোভিত কর ! ॥ ২৮ ॥

দেখ ! তোমার কটাক্ষবাণে আমার ইন্দ্রিয়গ্রাম অবশপ্রায় হইয়াছে; মধুর প্রেমব্যঞ্জক হাস্য ও ভ্রূযুগলের কৌটিল্য প্রকাশে মনোভব কাম আমাকে

আভাস।

হইতেছি। কিন্তু তোমার রূপ দর্শনে শিবপত্নী উমা বলিয়াও আমার ভ্রম জন্মিয়াছে। এদিকে তোমার বুদ্ধি ও নৈপুণ্যের প্রতি দৃষ্টি করিলে, আমার বোধ হয় যেন, স্বয়ং সরস্বতী ঐ বিগ্রহ ধারণে স্বীয় পতি ব্রহ্মার অনুসন্ধানে এই দিকে পর্য্যটন করিতেছেন। সমগ্র জগতের ঐশ্বর্য্যের বিষয় স্মরণ হইলে, তোমার এই মনোমোহিনী মূর্ত্তিতেই তাহার যুগপৎ সমাবেশ বিলক্ষণ প্রতীত হইতেছে। অতএব তুমি বাণী বা ভবানী নহ! তুমি নারায়ণের লক্ষ্মী! কিন্তু এরূপ বেশে তোমার পতির অন্বেষণ করা উচিত হয় নাই। কারণ তুমি যাঁহাদের অঙ্কলক্ষ্মী, তাঁহারা তোমাকে পাইয়াই এইরূপ ঐশ্বর্য্যের অভিমানী হইয়াছেন; তাঁহাদের পক্ষেই তোমার অনুসন্ধান করা বিধেয়; তোমার অনুসন্ধান করা নিষ্প্রয়োজন ॥ ২৭ ॥

কিন্তু যত প্রকার সন্দেহ আমি করিলাম, সে সকল গুলিই ভ্রমাত্মক; কারণ তুমি যখন ভূমিস্পর্শে দণ্ডায়মান রহিয়াছ, তখন কখনই দেবতা নহ! তখন আমাদের ন্যায় জীবের ভোগ্যা কেন হইবে না? তোমার সংসর্গে যদি আমাদের পরস্পরের স্বর্গসুখের অনুরূপ ভোগ উৎপন্ন হয়, তখন তোমার সে বিষয়ে যত্ন করা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২৮ ॥

পুরঞ্জন বলিলেন, হে সুভ্রু! তোমার সৌন্দর্য্যে আমার ইন্দ্রিয়গ্রাম বিশেষত লোচনদ্বয়, সম্পূর্ণ বিমুগ্ধ হইয়া গিয়াছে; অন্যত্র পরিচালিত হইবার আর শক্তি নাই। এরূপ অবস্থায়,

ত্বয়োপসৃষ্টো ভগবান্ মনোভবঃ প্রবাধতেঽথানুগৃহাণ শোভনে ॥ ২৯ ॥
ত্বমাননং সুভ্রু সুতারলোচনং ব্যালম্বিনীলালকবৃন্দসংবৃতং।

অন্বয়ঃ।

ইন্দ্রিয়ং মনো যস্য তং মাং) সব্রীড়ভাবস্মিতবিভ্রমদ্ভ্রুবা (সব্রীড়ং যদ্ভাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূঃ তয়া) ত্বয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ এষঃ ভগবান্ সমর্থঃ, মনোভবঃ কামঃ, প্রবাধতে প্রপীড়য়তি। অথ তস্মাৎ হে শোভনে! ত্বং অনুগৃহাণ ॥ ২৯ ॥

হে শুচিস্মিতে (শুচি শান্তিকরং স্মিতং যস্যাঃ তৎসম্বোধনে) ব্রীড়য়া লজ্জয়া, যৎ অভি-মুখং মম সম্মুখং ন ভবতি তৎ সুভ্রু (শোভনে ভ্রুবৌ যস্মিন্ তৎ) সুতারলোচনং (সুতারে শোভনকনীনিকে লোচনে যস্মিন্ তৎ) ব্যালম্বিনীলালকবৃন্দসংবৃতং (ব্যালম্বিনো দীর্ঘা যে

শ্রীধরস্বামী।

তস্মাদনুগৃহাণ সব্রীড়ং যদ্ভাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূস্তয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ ॥ ২৯ ॥

যদ্ব্রীড়য়া সংমুখং ন ভবতি তদাননমুন্নীয় মে দর্শয়। শোভনে ভ্রুবৌ যস্মিন্, সুতারে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়ৈবাধিক্যেন নির্ম্মিতো মাং বাধতে অতোঽনুগৃহাণ ত্বদীয়ান্ শব্দস্পর্শাদীনুপভোক্তুং লভেয়েত্যর্থঃ। বস্তুতস্ত্বনুগৃহাণ স্বভগিনীং বিদ্যাং সন্দর্শয়েতি দৈবঘটিতোঽর্থঃ ॥২৯॥

স্মৃতিভ্রষ্টস্য কামিনো জীবস্য বৈয়গ্র্যং দর্শয়তি ত্বমিতি বস্তু মনোহরং যথাস্যাত্তথা বক্তীতি তৎ। যদাননং তবেদং ন মমাভিমুখমিতি ভগবত্যবিদ্যে দেবি মদীয় চিন্ময়জ্ঞানানন্দভোগা-দহং ত্বয়া বঞ্চিত এব কিন্তু স্বীয়াং রূপাদিবিষয়সম্পত্তিং সংপ্রতি মদ্ভোগাত্বেনাপকল্পয় অল-

সাতিশয় ব্যথিত করিতেছে। হে সুলোচনে! অনুগ্রহ পূর্ব্বক আমার প্রতি একটু কৃপাদৃষ্টি কর! ॥ ২৯ ॥

তোমার মধুর হাস্যবিলাসে আমাদের ন্যায় কামসন্তপ্ত জনের হৃদয় প্রকৃতই শান্তিলাভ করিতেছে! শরাসন সদৃশ তোমার ভ্রূযুগল, সুনীল তারকাবিশিষ্ট লোচনদ্বয় এবং অর্দ্ধস্ফুট সুমধুর বাণী ও অলকাজাল-বেষ্টিত

আভাস।

কামদেবকে আমার প্রতি অত্যাচার করিবার জন্য আর প্রেরণ করা তোমার কর্ত্তব্য নহে। এতদর্থে জীবকে উপদেশ দেওয়া হইয়াছে যে, অবিদ্যা যখন মোহন বেশে তোমার নিকট উপস্থিত হইবেন, তখন কাতরভাবে প্রার্থনা করত তাঁহাকে বলিবে যে, বিষয় বাসনায় চিত্তত একত ব্যাকুল, তাহার উপর ভ্রম ও প্রমাদের দ্বারা আমাকে আর অবসন্ন করিবেন না! ভোগ্যের স্বরূপ আমাকে প্রদর্শন করান্! এবং ভবদীয়া ভগ্নী বিদ্যাকে আমার নিকট আনয়ন করুন্ ॥ ২৯ ॥

এই শ্লোকে ভ্রান্ত জীবের দুর্গতি বর্ণিত হইয়াছে, হে দেবি! আমার অভিমুখে তোমার মুখ

উন্নীয় মে দর্শয় বল্গুবাচকং যদ্ব্রীড়য়া নাভিমুখং শুচিস্মিতে ॥ ৩০ ॥
ইত্থং পুরঞ্জনং নারী যাচমানমধীরবৎ।
অভ্যনন্দত তং বীরং হসন্তী বীরমোহিতা ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

নীলালকাঃ তেষাং বৃন্দেন সংবৃতং) বল্গুবাচকং (বল্গূনি বাচকানি বাক্যানি যস্মিন্ তৎ) তব আননং উন্নীয় মে মহ্যং, দর্শয় ॥ ৩০ ॥

ইত্থং অধীরবৎ যাচমানং প্রার্থয়মানং পুরঞ্জনং সা নারী বীরমোহিতা এব হসন্তী তং বীরং অভ্যনন্দত ভর্তৃত্বেন অঙ্গীচকার ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

শোভনে কণীনিকে লোচনে যস্মিন্। ব্যালম্বিনো দীর্ঘা যে নীলা অলকা স্তেষাং বৃন্দেন সম্বৃতং বল্গূনি বাচকানি বাক্যানি যস্মিন্ ॥ ৩০ ॥

হে বীর! সাপি তং দৃষ্ট্বা মোহিতা সতী তমাহ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেতাবতা বাক্যেন তত্রাননমিত্যাদিনা রূপরসগন্ধস্পর্শানাং বাচকমিতি শব্দস্যচ ভোগ-প্রার্থনাভি র্ব্যঞ্জিতা ॥ ৩০ ॥

অধীরবৎ বস্তুতস্তু চিদ্রূপত্বাদ্ধীরমেব হে বীরেতি ভবৈব কথেয়ং কথ্যত ইতি ধ্বনিঃ। মোহিতেতি যথা বিষয়মাধুর্য্যে ত্বয়া জীবোঽনুরঞ্জিত স্তথা চিন্মাধুর্য্যে জীবেনাপি সানুরঞ্জিতে-ত্যর্থঃ ॥ ৩১ ॥

বদনকমলকে আর লজ্জায় অবনত রাখিও না! মুখকমল উত্তোলন পূর্ব্বক আমাকে প্রদর্শন করাও! ॥ ৩০ ॥

বীরবর পুরঞ্জন কামজর্জ্জরিত হইয়া কাতরভাবে প্রার্থনা করিলে, সেই কামিনীও তাঁহার অঙ্গসৌষ্ঠবাদি ভোগযোগ্যতায় বিশেষ সন্তুষ্ট হইলেন এবং কামপ্রেরিতার ন্যায় হাস্য প্রকাশে পুরঞ্জনকে স্বামীরূপে স্বীকার করিলেন ॥ ৩১ ॥

আভাস।

ফিরাও। বলায় প্রকাশ করা হইয়াছে যে, হে দেবি! তোমার প্রসাদে আমি স্বকীয় চিন্ময় জ্ঞানানন্দস্বরূপে বঞ্চিত হইয়াছি! সম্প্রতি তোমার রূপাদি বিষয় সম্পত্তি প্রদানে আমার কথঞ্চিৎ ভোগ সম্পাদনের ব্যবস্থা কর! এখানে আনন অর্থে শব্দ স্পর্শাদি ভোগ্য বিষয়কেই লক্ষ্য করা হইয়াছে ॥ ৩০ ॥

পুরুষ চৈতন্যস্বরূপ দ্রষ্টা, প্রকৃতি অচেতনা ও দৃশ্য। পুরুষের অনুগ্রহে জড়া প্রকৃতিও অজড় ও দ্রষ্টার ন্যায় পরিণত হন এবং পুরুষ প্রকৃতির সংসর্গে ভোক্তা বলিয়া আপনাকে জ্ঞান করেন। অতএব বিষয়মাধুর্য্যে পুরুষ যেমন অনুরঞ্জিত হন, সেইরূপ চৈতন্যমাধুর্য্যে প্রকৃতিও অনুরঞ্জিতা হইয়া থাকেন ॥ ৩১ ॥

ন বিদাম বয়ং সম্যক্ কর্ত্তারং পুরুষর্ষভ।
আত্মনশ্চ পরস্যাপি গোত্রং নামচ যৎকৃতং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হে পুরুষর্ষভ! যৎকৃতং যেন কৃতং উভয়োঃ নাম গোত্রং চ ভবতি তং আত্মনঃ মম, পরস্য তব, অপি কর্ত্তারং বয়ং সম্যক্ ন বিদাম ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

যৎপৃষ্টং কস্যাসীত্যনেন কস্য পুত্রী গোত্রজা চেতি কাত্বমিতিচ কিং নামাসীতি তত্রাহ। আত্মনো মম পরস্য তবাপি কর্ত্তারং ন সম্যগ্বিদ্মঃ গোত্রং নামচ যৎকৃতং ভবতি তঞ্চ নবিদ্মঃ ॥৩২

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যৎ পৃষ্টং কস্যাসি কাসীতি তত্রাহ নবিদামেতি কথাপক্ষে কস্যচিন্মুনেমে হনার্থমায়াতায়াঃ কস্যাশ্চিদপ্সরস ইয়ং কন্যেতি রাজা জানীতেস্ম। অধ্যাত্মপক্ষে যা জীবজ্ঞানমাবৃণীতে সা কথমীশ্বরমহং জানামীতি ব্যাহর্ত্তুমর্হতু গোত্রমিতি কিং গোত্রজাহং নামেতি কিং নাম্নী চাহমিতি ন বিদাম ॥ ৩২ ॥

নারী তখন পুরঞ্জনকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে পুরুষশ্রেষ্ঠ! আপনি আমার নাম ধামাদির বিষয় জিজ্ঞাসা করিয়াছেন বটে, কিন্তু আমাকে বা আপনাকে যিনি উৎপাদন করিয়াছেন, সেই জনকের বিষয়ত আমরা কেহই অবগত নহি; সুতরাং উভয়ের নাম বা গোত্রের বিষয় বর্ণনা করা কিরূপে সম্ভব হইতে পারে? ॥ ৩২ ॥

আভাস।

পুরঞ্জন নারীর নাম ও গোত্রাদি জিজ্ঞাসা করিয়াছিলেন; কিন্তু সেই ললনা এতদুত্তরে বলিলেন যে, জীবের জ্ঞানকেও যিনি আবরণ করেন, সেই তমোরূপা বুদ্ধি ঈশ্বরসম্বন্ধীয় সংবাদ কি প্রকারে প্রদান করিবেন। যে পরম পুরুষ পরমাত্মা হইতে প্রকৃতি ও পুরুষের উৎপত্তি হইয়াছে, প্রকৃতি বা পুরুষ, তাঁহাকে অবধারণ করিতে পারে না। মনুসংহিতায় উক্ত আছে, "দ্বিধা কৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোহভবদ্। অর্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ" ॥ প্রভু পরমাত্মা স্বকীয় দেহকে (সচ্চিদানন্দ স্বরূপকে) ব্যবহারত দুই ভাগে বিভক্ত করিয়া প্রকৃতি নাম্নী একটী স্ত্রী এবং পুরুষ নামক চিদাভাস উৎপাদন করিলেন। এবং এতদুভয়ের সংযোগে প্রকৃতির গর্ব্ভে বিরাটের জন্ম হইল। সুতরাং অনির্দ্দেশ্য ও অনির্ব্বচনীয় পরমাত্মার স্বরূপ নির্ণয়ে উভয় প্রকৃতি এবং পুরুষ যে অসমর্থ, তাহারই পরিচয় বুদ্ধিরূপা নারী প্রদান করিয়াছেন। তবে পরমাত্মায় আত্মসমর্পণ করাই, উভয়ের পরম শান্তির কারণ। তাহা হইলে পরস্পরকে আর নূতন তৃপ্তির অনুসন্ধান করিতে হয় না ॥ ৩২ ॥

সেই পরমাত্মার কল্পনায় এই নামরূপাত্মক সমষ্টি জগৎ পুরী এবং ব্যষ্টি জীবদেহ সমস্তই রচিত হইয়াছে। ভৃত্য সম্বন্ধীয় প্রশ্নের উত্তরে প্রকাশ করা হইয়াছে যে, ভৃত্যস্থানীয়

ইহাদ্যসন্তমাত্মানং বিদাম ন ততঃ পরং।
যেনেয়ং নির্ম্মিতা বীর পুরী শরণমাত্মনঃ॥ ৩৩॥
এতে সখায়ঃ সখ্যো মে নরা নার্য্যশ্চ মানদ।
সুপ্তায়াং ময়ি জাগর্ত্তি নাগোঽয়ং পালয়ন্ পুরীং॥ ৩৪॥

অন্বয়ঃ।

যেন আত্মনঃ মম শরণং আশ্রয়ং স্থানং ইয়ং পুরী নির্ম্মিতা হে বীর! ইহ অস্যাং পুর্য্যাং আদ্যসন্তং তথাপি ততঃ পুর্য্যাঃ পরং, আত্মানং ন বিদাম॥ ৩৩॥

এতে অনুপথাঃ নরাঃ মে সখায়ঃ এতাঃ নার্য্যঃ চ মে সখ্যঃ এব; হে মানদ! ময়ি সুপ্তায়াং অয়ং নাগঃ পুরীং পালয়ন্ জাগর্ত্তি॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

আত্মনো মম শরণমিয়ং পুরী যেন নির্ম্মিতা তঞ্চ ন বিদ্মঃ॥ ৩৩॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি কিং জানাসীত্যত আহ ইহাদ্যেতি যেনাত্মনঃ স্বস্য মম বা শরণমাস্পদং পুরীনির্ম্মিতা তং নবিদামেতি কথাপক্ষে তেনৈব কেনচিন্মুনিনা কর্দ্দমেনৈব বিষয়ভোগার্থং পুরীয়ং যোগবলেন নির্ম্মিতেতি রাজা জানীতে স্ম॥ ৩৩॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি। সখায় ইন্দ্রিয়াণি সখ্যস্তদ্বৃত্তয়ঃ। নাগঃ প্রাণঃ। ময়ি সপরিকরায়াং সুপ্তায়াং সত্যাং জাগর্ত্তি। স্বপ্নে ইন্দ্রিয়াণাং লয়ে সুষুপ্তৌ মনোবুদ্ধ্যোরপি লয়ে প্রাণো বিরাজত এব॥ ৩৪॥

হে বীর! যিনি আমার এই পুরী নির্ম্মাণ পূর্ব্বক ইহার অন্তরে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, অথচ এই পুরীরূপে পরিণত হন নাই, তাঁহাকে আমি এপর্য্যন্ত অবগত হইতে পারি নাই। ৩৩॥

এই যে দশজন ভৃত্য দেখিতেছেন, ইহারা আমার সখা এবং এই যে অনন্ত নারী দেখিতেছেন, ইহারা প্রকৃতপক্ষে আমারই সেবিকা সখী। যে নাগকে অবলোকন করিতেছেন, আমি নিদ্রিতা হইলেও ইনি নিরন্তর জাগ্রত থাকিয়া, এই পুরীকে রক্ষা করিয়া থাকেন। ৩৪।

আভাস।

একাদশ ইন্দ্রিয়ের অনন্ত বৃত্তিই তাহাদের প্রত্যেকের পত্নীস্থানীয়। জীবদেহস্থ ইন্দ্রিয়বর্গও বহির্ম্মুখা বৃত্তি হইতে প্রতিনিবৃত্ত হইয়া, স্বরূপে বিশ্রাম করিলেও প্রাণবায়ু কখন দেহ পোষণে ক্ষান্ত হয় না। প্রাণশক্তি প্রাণ, অপান, সমান, উদান ও ব্যানমূর্ত্তিতে সমগ্র দেহে ব্যাপ্ত থাকিয়া, জীবের অজ্ঞাতসারে তাহার দেহকে উপযুক্ত অবস্থায় রক্ষা করে; অকস্মাৎ

দিষ্ট্যাগতোঽসি ভদ্রং তে গ্রাম্যান্ কামানভীপ্সসে।
উদ্বহিষ্যামি তান্ স্নেহাৎ স্ববন্ধুভিররিন্দম।। ৩৫।।
ইমাং ত্বমধিতিষ্ঠস্ব পুরীং নবমুখীং বিভো।
ময়োপনীতান্ গৃহ্লানঃ কামভোগান্ শতং সমাঃ।। ৩৬।।

অন্বয়ঃ।

হে অরিন্দম! দিষ্ট্যা মম ভাগ্যেনৈব ত্বং আগতঃ অসি! ত্বং গ্রাম্যান্ যান্ কামান্ বিষয়-ভোগান্ অভীপ্সসে ইচ্ছসি, তান্ সর্ব্বান্ স্ববন্ধুভিঃ চ সহ অহং স্নেহাৎ উদ্বহিষ্যামি প্রাপয়িষ্যামি॥ ৩৫॥

হে বিভো! তথা ময়া উপনীতান্ প্রাপিতান্ কামভোগান্ বিষয়ান্ গৃহ্লানঃ উপভুঞ্জানঃ সন্ শতং সমাঃ সম্বৎসরশতপর্য্যন্তং কালং ত্বং ইমাং নবমুখীং নবদ্বারবিশিষ্টাং, পুরীং অধি-তিষ্ঠস্ব॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

আস্তাং নাম গোত্রাদি যদত্রাগতোঽসি এতং দিষ্ট্যা ভদ্রং তাবৎ। গ্রাম্যান্ ইন্দ্রিয়গ্রামার্হান্ উদ্বহিষ্যামি স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ॥ ৩৫॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাৎ শতমিত্যুক্তং॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিষ্ট্যা ভাগ্যেনৈব আগতঃ মনুষ্যশরীরং প্রাপ্তোঽসীতি। উদ্বহিষ্যামি সংপাদয়িষ্যামি। স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ॥ ৩৫॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাচ্ছতমিত্যুক্তং॥ ৩৬॥

আমার নিতান্ত সৌভাগ্যবশতই অদ্য আপনি এখানে সমাগত হইয়াছেন। হে শত্রুনিসূদন! আপনার মঙ্গল হউক! ইন্দ্রিয়চরিতার্থ আপনি যে কোন কামনার প্রার্থনা করেন, এই সমস্ত সখীবর্গে মিলিত হইয়া, অতি যত্নসহকারে আপনার সকল প্রার্থনাই পূরণ করিব।। ৩৫।।

হে বিভো! এই নবদ্বারবিশিষ্ট পুরীতে আপনি অধিষ্ঠান করুন! এবং আমার প্রদত্ত কাম্য বিষয়সমূহ ভোগ করত, শত বৎসরকাল বাস করুন্!।।৩৬।

আভাস।

পোষণের অভাবে দেহ বিহ্বল বা বিনষ্ট হয় না। স্বপ্ন বা সুষুপ্তিকালে মন এবং বুদ্ধি লীন হইলেও প্রাণ নিরন্তর বিরাজ করে; তাহাকেই এস্থলে নাগনামে আখ্যাত করা হইয়াছে॥৩৩ ৩৪

ইন্দ্রিয়নিচয় বাহ্যবিষয় সমূহকে সংগ্রহ করত, বুদ্ধির নিকট আনয়ন করে। বুদ্ধি সেই সমস্ত লইয়া জীবরূপী পুরুষকে প্রদর্শন করান। পুরুষের সঙ্গ ব্যতীত প্রকৃতির কোন কার্য্য-কারিতা শক্তি থাকে না; তাঁহাকে নিশ্চল ভাবে অবস্থান করিতে হয়। অতএব পুরুষের সঙ্গই প্রকৃতির পক্ষে নিতান্তই প্রার্থনীয়; নতুবা তাঁহার প্রকৃতিভাবের পরিচয় দিবারও কোন

কং নু ত্বদন্যং রময়ে হ্যরতিজ্ঞমকোবিদং।
অসম্পরায়াভিমুখমশ্বস্তনবিদং পশুং ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

ত্বং ত্বত্তঃ, অন্যং কং অকোবিদং মূর্খং, অরতিজ্ঞং রতিরসানভিজ্ঞং নু অসম্পরায়াভিমুখং পরলোকসুখসাধনানুষ্ঠানরহিতং, অশ্বস্তবিদং (শ্বঃ কিং ভবিষ্যতি ইতি দেহনির্ব্বাহার্থচিন্তা-শূন্যং পশুং পশুতুল্যং, নু রময়ে ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

প্রবৃত্তিস্বভাবত্বাৎ নিবৃত্তিনিন্দাপূর্ব্বকং তৎসঙ্গমভিনন্দতি পঞ্চভিঃ। ত্বত্তোঽন্যং কং নু রময়ে অরতিজ্ঞং নৈষ্ঠিকং। অকোবিদং অনিষিদ্ধসুখত্যাগিনং। সম্পরায়ো মৃত্যু স্তদমভিমুখং পরলোকচিন্তাশূন্যং। অশ্বস্তনবিদং শ্ব ইদং কর্ত্তব্যমিতি ইহলোকচিন্তাশূন্যং পশুতুল্যং ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কথাপক্ষে সংপ্রতি পতিম্বরৈবাহমকস্মাৎ প্রাপ্তং স্বসদৃশং ত্বাং পশ্যন্তী নান্যমন্বেষয়ামীত্যাহ কমিতি। অধ্যাত্মপক্ষে তু বুদ্ধিরিয়ং রাজসী কিঞ্চিৎ সত্ত্বমিশ্রত্বাদ্ধার্ম্মিকৈবেতি তামস্যা সাত্ত্বিক্যা চ বুদ্ধ্যা আবৃতং পুমাংসং নিন্দতি কমিতি পঞ্চভিঃ। স্থাবরযোনিগতত্বাদরতিজ্ঞং পশ্বাদিযোনিগতত্বেন রতিজ্ঞত্বেঽপ্যকোবিদং। বিপ্রবণিজাদিজাতিত্বেন কোবিদত্বেঽপি সংপরায়ো যুদ্ধং তদনভিমুখমবীরমিত্যর্থঃ। ক্ষত্রিয়জাতিত্বেন বীরত্বেঽপি অশ্বস্তনবিদং শ্বঃ পরশ্বো বা মরণানন্তরং মে কিং ভবিষ্যতীতি জ্ঞানশূন্যত্বাদধার্ম্মিকমিত্যর্থঃ। পশুতুল্যত্বাৎ পশুং ॥ ৩৭ ॥

হে প্রাণপ্রিয়! আপনার ন্যায় পরমসুন্দর সর্ব্বরসজ্ঞ পুরুষকে পরিত্যাগ করিয়া, কোন্ রমণী রতিতত্ত্বানভিজ্ঞ পরলোকের সুখসাধনানুষ্ঠানে পরাঙ্মুখ ভবিষ্যৎচিন্তাশূন্য পশুতুল্য অজ্ঞানী পুরুষের সহিত রমণ প্রার্থনা করে? ॥৩৭

আভাস।

যোগ্যতা নাই। সুতরাং তিনি পুরঞ্জনকে বলিয়াছেন যে, আমার নিতান্ত সৌভাগ্য বশত আপনি আমার সঙ্গ স্বীকার করিয়াছেন ॥ ৩৫ ॥ ৩৬ ॥

এই শ্লোকে প্রবৃত্তিস্বভাববিশিষ্ট পুরুষের নিন্দা এবং নিবৃত্তিস্বভাববিশিষ্ট পুরুষের সুখ্যাতি করত পুরাধিষ্ঠাত্রী কামিনী পরবর্ত্তী পাঁচটী শ্লোকের দ্বারা পুরঞ্জনের সংসর্গের প্রশংসা করিয়াছেন। অর্থাৎ পুরঞ্জন যেমন গুণবান্ তাদৃশ পুরুষ আর নয়নগোচর হয় না। অরতিজ্ঞাদি বিশেষণ পদের দ্বারা নিবৃত্তিমার্গের অনুকূলে অর্থ প্রকাশ করিয়াছেন যথা; রতি-শাস্ত্রানভিজ্ঞ পরমাত্মজ্ঞানে প্রতিষ্ঠিত। অকোবিদং; অর্থাৎ শাস্ত্রবিহিত সুখকেও যিনি উপেক্ষা করিয়া থাকেন। "অসম্পরায়াভিমুখং"; সম্পরায় শব্দে মৃত্যু; অতএব যিনি জন্ম মৃত্যুর অতীত থাকায়, মৃত্যু বা পরলোকজনিত ব্যাপারে আকুল না হন "অশ্বস্তনবিদং" শ্ব অদ্য পরশ্ব বা এই কর্ম্ম করিতে হইবে বলিয়া, ঐহিক ভোগে যিনি উৎকণ্ঠিত না হন, তাদৃশ

ধর্ম্মোহত্রার্থকামৌচ প্রজানন্দোঽমৃতং যশঃ।
লোকা বিশোকা বিরজা যান্ন কেবলিনো বিদুঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

অত্র গার্হস্থ্যে, ধর্ম্মঃ অর্থকামৌ প্রজানন্দঃ পুত্রসুখং, অমৃতং মোক্ষঃ, যশঃ, বিরাজাঃ শুদ্ধাঃ, বিশোকাঃ দুঃখরহিতাঃ, লোকাঃ স্বর্গাদয়ঃ, সিদ্ধ্যন্তি ; যান্ কেবলিনঃ সন্ন্যাসিনঃ ন বিদুঃ ॥৩৮॥

শ্রীধরস্বামী।

অত্র গার্হস্থ্যে প্রজানন্দঃ পুত্রসুখং। অমৃতং মোক্ষঃ। কেবলিনো যতয়ঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিবর্গসাধকং গার্হস্থ্যমভিনন্দতি ধর্ম্ম ইতি প্রজার্থকরত্ব্যথ আনন্দঃ পুত্রপৌত্রাদিলালন-রূপ আনন্দো বা অমৃতং অদনীয়ং যজ্ঞশিষ্টাদি। অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযুষে সলিলে ঘৃত ইতি মেদিনী। লোকা যাগাদিপ্রাপ্যাঃ। কেবলিনো যতয়ো যান্ন বিদুরিত্যতিদুঃখপ্রাপ্যস্য চতুর্থপুরুষার্থস্যানভিনন্দনাৎ সাত্ত্বিকী বুদ্ধিরপি নিন্দিতা। অধ্যাত্মপক্ষে ত্রিবর্গস্যোপপাদন-মবিদ্যয়ৈবেত্যুক্তং ॥ ৩৮ ॥

দেখুন্! গৃহস্থাশ্রমের নিদানস্থল এই পুরীর মধ্যে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ ও পুত্রলাভের সুখ, যশঃ এবং বিশুদ্ধ ও নিষ্কলঙ্ক স্বর্গলোকাদি সাধনের তৃপ্তি সমস্তই প্রাপ্ত হওয়া যায়। অহো! সন্ন্যাসিগণও এ সুখ কখন অনুভব করিতে পারেন না ॥ ৩৮ ॥

আভাস।

নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্য স্বরূপ পুরঞ্জনের সংসর্গ অপেক্ষা বুদ্ধির পক্ষে বিসদৃশ পুরুষের সংসর্গ কখনই প্রার্থনীয় নহে। সাংখ্যাচার্য্য বলিয়াছেন, "যথা সর্ব্বং পুরুষোপভোগং সাধয়তি বুদ্ধিঃ। সৈব চ বিশিনষ্টি পুনঃ প্রধানপুরুষান্তরং সূক্ষ্মং" ॥ পুরুষের যাবতীয় ভোগ যেমন বুদ্ধি প্রদান করে, আবার প্রকৃতিপুরুষের মধ্যবর্ত্তী অতি সূক্ষ্ম পার্থক্যভাবের পরিচয়ও সেই বুদ্ধিই প্রদান করিয়া থাকে। অতএব মোক্ষস্বরূপ প্রকৃতিপুরুষের পার্থক্য প্রতিবোধিত করাইবার জন্য নিবৃত্তি-পথাবলম্বী পূর্ব্বোক্ত গুণসম্পন্ন পুরুষই বুদ্ধিস্থানীয় নারীর সমীপে নিতান্তই আদরের পাত্র, সন্দেহ নাই। কিন্তু ভোগ প্রদানে যাহাকে সুখী করিতে হইবে, তাদৃশ পুরুষের সেবা যদি বুদ্ধিকে করিতে হয়, তাহা হইলে প্রবৃত্তি-পথাবলম্বী পুরুষই বুদ্ধির নিকট আদরের পাত্র হইয়া থাকেন। স্থাবর যোনিতে বাসকালে পুরুষ যেমন রতিজ্ঞানে বঞ্চিত থাকেন এবং পশ্বাদি যোনিতে রতিজ্ঞ হইলেও বিচার ব্যতীতও সুখভোগে অগ্রসর হন, তাদৃশ পুরুষ কখন বুদ্ধির প্রিয়পাত্র নহেন। অতএব সর্ব্বশ্রেষ্ঠ মনুষ্যযোনিতে প্রবিষ্ট পুরুষই সম্ভোগের উপযুক্ত পাত্র। মনুষ্যের মধ্যে ব্রাহ্মণ ও বৈশ্য বীরত্বের অভাবে বসুন্ধরাভোগের উপযুক্ত পাত্র নহেন। ক্ষত্রিয়ই বীর এবং পরিণাম বা পরলোকের বিষয় চিন্তা না করিয়া, ঐহিকের ভোগেই অনভিজ্ঞ পশুর ন্যায় অগ্রসর হয় ; সুতরাং ক্ষত্রিয় পুরঞ্জনই বুদ্ধির সমীপে ভোগলাভের উপযুক্ত ও আদরের পাত্র, সন্দেহ নাই ॥ ৩৭ ॥

পিতৃদেবর্ষিমর্ত্ত্যানাং ভূতানামাত্মনশ্চ হ।
নন্বহং ভবানিতি ত্বদুক্তিরেব সোঢ়ুমশক্যা তত্র মাকুপ্যাবধেহীত্যাহ যথেতি পুরুষো জীব আত্মানং স্বং একমপি মোক্ষদশায়াং বন্ধদশায়াঞ্চ ক্রমেণ আদর্শচক্ষুষোর্দ্বিধাভূতং আদর্শে মণিময়দর্পণে যথোচিতপ্রমাণং সংপূর্ণতেজস্কং মহান্তমচঞ্চলং ঈক্ষেত চক্ষুষিতু অত্যল্প-প্রমাণং অল্পতেজস্কং অতি ক্ষুদ্রং চঞ্চলঞ্চ ঈক্ষেত যথেতি যথা একস্যাপি দ্বিধাভূতত্বং উপাধি-ধর্ম্মালিপ্তত্বালিপ্তত্বাভ্যাং ভেদমীক্ষেত তথৈব আবয়োঃ পরমাত্মজীবাত্মনোঃ সদৈব ভেদং ঈক্ষেত। অন্তরমবকাশাবধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ইত্যমরঃ। অহং দেহমধ্যে পরমাত্ম-স্বরূপেণ বর্ত্তে ত্বঞ্চ জীবো বর্ত্তসে তত্রাহ স্বতোনিরুপাধিরপি স্বৈরতয়া সকললোকদেহগতঃ সন্নন্তর্যামী স্বসমুচিতপ্রমাণঃ সংপূর্ণতেজস্কো মহানিশ্চলো মুক্তজীব ইব সদৈব নির্লেপ এব ত্বন্ত জীবঃ অত্যল্পপ্রমাণ এব অত্যল্পতেজস্কোঽতিক্ষুদ্রঃ সদৈব উপাধিধর্ম্মগ্রস্তঃ কদাচি-

---

যেমন কোন ব্যক্তি স্বকায় দেহকে নির্ম্মল দর্পণে সুস্পষ্ট এবং অপরের সমল চক্ষুতে অস্পষ্ট এবং মলিনের ন্যায় উপলব্ধি করেন, সেইরূপ অবিদ্যাতে উপহিত হওয়ায় তুমি এবং বিদ্যাতে উপহিত হওয়ায় আমি, এই উভয় রূপে যেন উভয়ে বিভিন্ন ভাবে আমরা প্রতীত হইতেছি॥ ৫৬॥

আভাস।

দেখ! আমি কূটস্থ চৈতন্য! আমার আশ্রয়ে প্রকটিত বুদ্ধিতে আমার বিম্বভূত ভাবই তুমি। অতএব চৈতন্যাংশে আমার সহিত তোমার কোন পার্থক্য ও বিভিন্ন ভাব নাই। যে আমি, সেই তুমি; তুমি প্রকৃতির অধীনে যতই বিপন্ন হইয়া, আমাকে বিস্মৃত হও! বা নিকৃষ্টতা লাভ কর, আমি তোমাকে কখন পরিত্যাগ করিতে পারি না; তুমি আমার ছায়া হইলেও পরম হিতৈষী আশ্রয়রূপে আমি নিরন্তর তোমার নিকটেই অবস্থান করিতেছি। মূর্খই আমাদের পরস্পরের মধ্যে পার্থক্য মনে করে; পণ্ডিতগণ কখন ভেদ দর্শন করেন না। মূলের ভেদ না থাকিলেও, দশার ভেদ অবশ্য স্বীকার্য্য। যেমন কোন ব্যক্তি নিজের

এবং স মানসো হংসো হংসেন প্রতিবোধিতঃ।
স্বস্থস্তদ্ব্যভিচারেণ নষ্টামাপ পুনঃ স্মৃতিং ॥ ৫৭ ॥

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ বৈদর্ভীত্বেন চোক্তঃ সঃ মানসঃ হংসঃ মানসসরোনিবাসী হংসঃ বিশুদ্ধচৈতন্যস্বরূপঃ জীবঃ, হংসেন অবিজ্ঞাতনাম্না সখ্যা, প্রতিবোধিতঃ অতঃ স্বস্থঃ অব্যাকুলিতচিত্তঃ সন্ তদ্ব্যভিচারেণ (তেন সখ্যা সহ বিভাগেন বিয়োগেন) নষ্টাং স্মৃতিং স্বরূপজ্ঞানং পুনঃ আপ প্রাপ্তবান্ ॥ ৫৭ ॥

শ্রীধরস্বামী।

তদ্ব্যভিচারেণ ঈশ্বরবিয়োগেন ॥ ৫৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেব মুক্তিদশায়ামলিপ্ত ইতি সদেবাবয়োর্ভেদং জানীয়াদিত্যর্থঃ। যদুক্তং অহং ভবান্ন চান্য ইতি তং খলু অহং যথা চিং তথামদ্ভক্তো ভবানপি চিন্ন তু জড়ো মায়েত্যর্থঃ। এতং পদ্যয়োরর্থান্তরন্তু শাস্ত্রস্যাস্য মোহিনীত্বখ্যাপকমসুরৈরেব গ্রাহ্যং একাত্মবাদস্য ভগবদনভিমতত্বাৎ যদুক্তং তৃতীয়ে ভগবতৈব যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাদ্ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ। অপ্যাত্মত্বেনাভিমতাৎ যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ। ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানাজ্জীব-সংজ্ঞিতাৎ। আত্মা তথা পৃথগ্দ্রষ্টা ভগবান্ ব্রহ্মসংজ্ঞিত ইতি শ্রুত্যাচ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা বুচ্চরন্তীতি স্মৃত্যাচ একদেশে স্থিতস্যাগ্নে র্জ্যোৎস্নাবিস্তারিণী যথেতি। তথা সচ্চিদানন্দবিগ্রহো ভগবান্ নিরুপাধিরেব তস্য বিদ্যোপাধিত্বমপ্যসুরমতেনৈবোক্তমিতি জ্ঞেয়ং ॥ ৫৬ ॥

উপসংহরতি এবমিতি স্বস্থঃ প্রাধানিকাবেশরহিতঃ। তদ্ব্যভিচারেণ ভগবদ্বৈমুখ্যেন নষ্টাং স্মৃতিং পুনরমেব শ্রীগুরুভক্ত্যা প্রাপ্তমেব পুনঃ প্রাপ অত্রাস্য সাযুজ্যকথনাৎ সুপর্ণশ্রুতের্বলবত্ত্বাচ প্রেমবৎপার্ষদত্বপ্রাপ্তিরেব শ্রীনারদেন পরমপুরুষার্থোঽভিমতো জ্ঞেয়ঃ ॥ ৫৭ ॥

সম্প্রতি বৈদর্ভী নামে অভিহিত মানস-সরোবরচারী বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জীব অবিজ্ঞাতনামা সখা কর্ত্তৃক পূর্ব্বোক্ত-প্রকারে উপদিষ্ট হইয়া, শান্ত হইলেন; তাঁহার চিত্তের মালিন্য বিদূরিত হইল এবং পরম সুহৃদ্ ঈশ্বরের বিয়োগে যে স্মৃতিভ্রংশ ঘটিয়াছিল, সম্প্রতি কূটস্থ ভাবের সংস্রবে তাঁহার স্বরূপজ্ঞানের উদয় হইল ॥ ৫৭ ॥

আভাস।

প্রতিবিম্ব যখন স্বচ্ছ দর্পণে অবলোকন করেন, তখন তথায় তাঁহার স্বরূপের কোনরূপ ব্যাঘাত পরিদৃষ্ট হয় না; কিন্তু আবার অন্য লোকের চক্ষুতেও নিজের প্রতিবিম্ব দর্শন করিবার কালে, আপনার স্বরূপকে খর্ব্বাদি বিকৃতাঙ্গের ন্যায় উপলব্ধি করেন। এস্থলে দর্পণ ও চক্ষুর গুণের তারতম্যে তাঁহার দেহের তারতম্য পরিদৃষ্ট হইলেও, প্রকৃত প্রস্তাবে তাঁহার দেহের যেমন কোন তারতম্য থাকে না, বা ঘটে না, সেইরূপ বিদ্যার আধারে আমার ভাব এবং অবিদ্যার

বর্হিষ্মন্নেতদধ্যাত্মং পারোক্ষ্যেণ প্রদর্শিতং।
যৎপরোক্ষপ্রিয়ো দেবো ভগবান্ বিশ্বভাবনঃ॥ ৫৮॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানেঽষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৮ ॥ * ॥

অন্বয়ঃ।

হে বর্হিষ্মন্! যৎ যস্মাৎ বিশ্বভাবনঃ (বিশ্বং ভাবয়তীতি) দেবঃ (দীব্যতীতি দেবঃ) ভগবান্ এব পরোক্ষপ্রিয়ঃ (পরোক্ষং এব তস্য প্রিয়ঃ) অতঃ এতৎ অধ্যাত্মং শরীরাদি-বিবেকেন আত্মতত্ত্বং, পারোক্ষ্যেণ রাজকথামিষেণ, প্রদর্শিতং॥ ৫৮॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাবিংশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

কথামাত্রমিতি বুদ্ধিং বারয়তি বর্হিষ্মন্নিতি। পারোক্ষ্যেণ রাজকথামিষেণ তত্র হেতু র্যদ্যস্মাৎ॥ ৫৮॥

॥ * ॥ ইতি চতুর্থেঽষ্টাবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথামাত্রমিদমিতি বুদ্ধিং মা কৃথা ইত্যাহ বর্হিষ্মন্নিতি পারোক্ষ্যেণ রাজকথামিষেণ তত্র হেতুঃ। যদ্যস্মাৎ তবৈব ত্রৈকালিকীয়ং কথা কথিতেতি ভাবঃ॥ ৫৮॥

॥ * ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টাবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে বর্হিষ্মন্! রাজকথাচ্ছলে আপনার নিকট অধ্যাত্মতত্ত্ব যদিও পরোক্ষভাবে বর্ণিত হইল বটে, কিন্তু তাহাতে আপনি অশ্রদ্ধা করিবেন না! কারণ ভূতভাবন ভগবান্ জনার্দ্দনও পরোক্ষবাদের পক্ষপাতী॥ ৫৮॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

আভাস।

আধারে তোমার ভাব ঘটায়; মূল পরমাত্মভাবে আমাদের উভয়ের মধ্যে কোন ভেদ নাই। আমি দেহমধ্যে পরমাত্মস্বরূপে অবস্থান করি; তুমি জীবরূপে বিদ্যমান রহিয়াছ। উপাধির বিসর্জ্জনে আমরা উভয়ে এক। উপাধির দোষে তুমি বদ্ধ; আসক্তির বিনিগমে উপাধি পরিত্যক্ত হইলে, তুমি আমার স্বরূপে বিশ্রাম করিবে। বহ্নি যেমন ভিন্ন ভিন্ন কাষ্ঠাদিতে বিভিন্ন প্রকারে উপলব্ধ হইলেও বহ্নিত্বসামান্যভাবে এক, সেইরূপ প্রকৃত্যাদি বিচিত্র ক্ষুদ্র বৃহৎ প্রভৃতি উপাধির আশ্রয়ে বিভিন্ন বেশে পরিচিত হইলেও, পরমার্থত এক ও অভিন্ন। আমার উপদেশটীকে কেবল কথাজ্ঞানে উপেক্ষা করিও না! কথার তাৎপর্য্যের প্রতি লক্ষ্য করত, আত্মস্বরূপের প্রতি চিত্ত নিবেশ কর!॥ ৫৫—৫৮॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাবিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

প্রাচীনবর্হিরুবাচ ॥
ভগবংস্তে বচোঽস্মাভির্ন সম্যগবগম্যতে।
কবয়স্তদ্বিজানন্তি ন বয়ং কর্ম্মমোহিতাঃ।। ১ ।।
নারদ উবাচ।।
পুরুষং পুরঞ্জনং বিদ্যাদ্‌যদ্ব্যনক্ত্যাত্মনা পুরং।
এক দ্বি ত্রি চতুষ্পাদং বহুপাদমপাদকং ॥ ২ ॥

অন্বয়ঃ।

প্রাচীনবর্হিঃ উবাচ। হে ভগবন্! তে তব বচঃ অস্মাভিঃ ন সম্যক্ অবগম্যতে; কবয়ঃ বিবেকিনঃ, খলু তৎ বিজানন্তি; কর্ম্মমোহিতাঃ বয়ং ন অবধারণ-ক্ষমাঃ ॥ ১ ॥

নারদঃ উবাচ। পুরুষং জীবং, পুরঞ্জনং বিদ্যাৎ জানীয়াৎ, যৎ যস্মাৎ সঃ আত্মনঃ স্বস্য এক দ্বিত্রি চতুষ্পাদং বহুপাদং অপাদকং পুরং শরীরং ব্যনক্তি স্বকর্ম্মণা প্রকটয়তি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

উনত্রিংশে পরোক্ষার্থব্যাখ্যানেনোপসংহৃতিঃ।
স্ত্রীসঙ্গতোঽভবৎ স্ত্রীশসঙ্গান্মুক্তিরিতি স্ফুটং ॥ * ॥

কবয়ঃ অধ্যাত্মবিদঃ ॥ ১ ॥

ব্যনক্তি লিম্পতি চেতনীকরোতীত্যর্থঃ। যদ্বা ব্যনক্তি প্রকটয়তি। ততশ্চ স্বকর্ম্মণা পুরং জনয়তীতি পুরঞ্জনপদং ব্যাখ্যাতং ভবতি। একদ্ব্যাদয়ঃ পাদা যস্য ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একোনত্রিংশকেঽধ্যাত্মপক্ষব্যাখ্যানমুচ্যতে।
কর্ম্মপ্রশ্নোত্তরং রাজ্ঞো বৈরাগ্যার্থং কথা পরা ॥ * ॥

সম্যগিতি কিঞ্চিদবগতঞ্চেত্যর্থঃ ॥ ১ ॥ পুরুষং জীবং ॥ ২ ॥

প্রাচীনবর্হি বলিলেন, হে ভগবন্! আপনার কথার তাৎপর্য্য আমি সম্যক্ অবধারণে সক্ষম হইলাম না; কারণ এ সকল তত্ত্ব বিবেকিগণের আলোচ্য বিষয়; আমার ন্যায় কর্ম্মান্ধ ব্যক্তি কিরূপে অবধারণ করিবে? ॥১॥

নারদ বলিলেন, হে রাজন্! পুরঞ্জনশব্দে এখানে জীবাত্মাকেই লক্ষ্য করা হইয়াছে; কারণ তিনি স্বকীয় কর্ম্মের অনুসারে ফলভোগার্থ তদনুরূপ একপাদ, দ্বিপাদ, ত্রিপাদ, চতুষ্পাদ, বহুপাদ এবং পদহীন প্রভৃতি বিচিত্র কলেবর প্রকাশে তদন্তরে বাস করিয়া থাকেন ॥ ২ ॥

আভাস।

উনত্রিংশ অধ্যায়ে পরোক্ষার্থের ব্যাখার দ্বারা জীবের স্ত্রীসঙ্গে স্ত্রীত্ব প্রাপ্তি এবং ঈশ্বর-চিন্তনে মুক্তিলাভ বর্ণিত হইয়াছে॥

যোঽবিজ্ঞাতাহৃতস্তস্য পুরুষস্য সখেশ্বরঃ।
যন্ন বিজ্ঞায়তে পুংভির্নামভি র্বা ক্রিয়াগুণৈঃ॥ ৩॥
যদা জিঘৃক্ষন্ পুরুষঃ কাৎস্নে্যন প্রকৃতেগুণান্।
নবদ্বারং দ্বিহস্তাঙ্ঘ্রি তত্রামনুত সাধ্বিতি॥ ৪॥
বুদ্ধিন্তু প্রমদাং বিদ্যান্মমাহমিতি যৎকৃতং।

অন্বয়ঃ।

যঃ চ অবিজ্ঞাতাহৃতঃ (অবিজ্ঞাতশব্দেন আহৃতঃ কথিতঃ সঃ তস্য পুরুষস্য পুরঞ্জনস্য সখা ঈশ্বরঃ ইতি জ্ঞেয়ঃ) যৎ যস্মাৎ (সর্ব্বস্য শরীরে এব অন্তর্যামিত্বেন নিত্যং বিদ্যমনোঽপি) পুংভিঃ জ্ঞাতৃভিঃ, নামভিঃ ঈশ্বরাদিভিঃ ক্রিয়াভিঃ ফলদানাদিভিঃ গুণৈঃ ক্রিয়াগুণৈঃ ন বিজ্ঞায়তে অতঃ অবিজ্ঞাতঃ॥ ৩॥

যদা পুরুষঃ জীবঃ কাৎস্নে্যন সাকল্যেন, প্রকৃতেঃ গুণান্ জিঘৃক্ষন্ গ্রহিতুং ইচ্ছন্, জাতঃ তদা তত্র তেষু শরীরেষু মধ্যে নবদ্বারং (নব ইন্দ্রিয়চ্ছিদ্রানি দ্বারাণি যস্মিন্ তৎ) দ্বিহস্তাঙ্ঘ্রি (দ্বৌ হস্তৌ অঙ্ঘ্রী চ যস্মিন্ তৎ মনুষ্যশরীরং সাধু সর্ব্ববিষয়ভোগোপয়িকং, ইতি অমনুত॥ ৪॥

প্রমদাং তু বুদ্ধিং বিদ্যাৎ; যৎকৃতং (যয়া বুদ্ধ্যা কৃতং) মমাহং ইতি। তথা যাং বুদ্ধিং,

শ্রীধরস্বামী।

অবিজ্ঞাতশব্দেন আহৃতঃ ব্যাহৃতঃ উক্তো যঃ স ঈশ্বরঃ। অবিজ্ঞাতনাম নিরুক্তিঃ। যদ্‌যস্মাৎ পুংভির্নামাদিযোগেন ন বিজ্ঞায়তে॥ ৩॥

তত্র তেষু পুরেষু মধ্যে॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিজ্ঞাতশব্দেন আহৃতো ব্যাহৃতো যঃ স ঈশ্বরঃ॥ ৩॥

তত্র তেষু পুরেষু তির্য্যগাদিষু মধ্যে॥ ৪॥

পুরঞ্জনের অবিজ্ঞাতনামা সখা বলিয়া যাঁহার নাম উল্লেখ করা হইয়াছে, তিনি অন্তর্যামী ঈশ্বর; তিনি অন্তর্যামিরূপে জীবমাত্রেরই শরীরে বিদ্যমান থাকিলেও, তিনি যে সর্ব্বসাক্ষী ও সর্ব্বফলদাতা তাহা ভোক্তা জীব অবধারণ করিতে পারে না॥ ৩॥

পুরুষরূপী জীব যখন প্রকৃতির গুণগ্রামকে সম্যক্ সম্ভোগার্থ অগ্রসর হয়, তখন যাবতীয় জীবদেহের মধ্যে উৎকৃষ্ট নবদ্বাররূপ ইন্দ্রিয়চ্ছিদ্র-বিশিষ্ট সর্ব্বপ্রকার ভোগের উপযুক্ত মনুষ্য-কলেবরকেই আকাঙ্ক্ষা করিয়া থাকে॥ ৪॥

প্রমদাশব্দে বুদ্ধিকেই অবধারণ কর! এই বুদ্ধির প্রভাবেই জীবের অহঙ্কার ও মমতার উদয় হয়; এবং এই বুদ্ধিকে আশ্রয় করিলে, জীব

যংমধিষ্ঠায় দেহেঽস্মিন্ পুমান্ ভুঙ্‌ক্তেঽক্ষিভির্গুণান্ ॥ ৫ ॥
সখায় ইন্দ্রিয়গণা জ্ঞানং কর্ম্মচ যৎকৃতং।
সখ্যস্তদ্বৃত্তয়ঃ প্রাণঃ পঞ্চবৃত্তি র্যথোরগঃ ॥ ৬ ॥
বৃহদ্বলং মনো বিদ্যাদুভয়েন্দ্রিয়নায়কং।
পঞ্চালাঃ পঞ্চবিষয়া যন্মধ্যে নবখং পুরং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

অধিষ্ঠায় আশ্রিত্য, অস্মিন্ দেহে, পুমান্ জীবঃ, অক্ষিভিঃ ইন্দ্রিয়ৈঃ, গুণান্ শব্দাদিবিষয়ান্, ভুঙ্‌ক্তে ॥ ৫ ॥

ইন্দ্রিয়গণাঃ দশসখায়ঃ; যৎকৃতং (যৈঃ ইন্দ্রিয়ৈঃ কৃতং জনিতং) জ্ঞানং কর্ম্ম চ ভবতি ইতি সখ্যঃ তদ্বৃত্তয়ঃ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণাং বৃত্তয়ঃ জ্ঞেয়াঃ। পঞ্চবৃত্তিঃ (প্রাণাপানসমানোদান-ব্যানভেদেন পঞ্চ বৃত্তয়ঃ যস্য সঃ) প্রাণঃ এব যথা পঞ্চশিরাঃ উরগঃ নাগঃ জ্ঞেয়ঃ ॥ ৬ ॥

উভয়েন্দ্রিয়নায়কং দশেন্দ্রিয়াধ্যক্ষং বৃহদ্বলং (বৃহৎ বলং যস্য তৎ) মহাবলং মনঃ এব বিদ্যাৎ। পঞ্চবিষয়াঃ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ ইতি জ্ঞানেন্দ্রিয়বিষয়াঃ এব পঞ্চালাঃ; যন্মধ্যে (যৎ যেষাং ইন্দ্রিয়াণাং মধ্যে নবখং নবেন্দ্রিয়দ্বারবিশিষ্টং পুরং শরীরং ভবতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অক্ষিভিরিন্দ্রিয়ৈঃ ॥ ৫ ॥ পঞ্চবৃত্তিত্বাৎ পঞ্চশিরাঃ সর্প ইব প্রাণঃ ॥ ৬ ॥

একাদশ মহাভটা ইত্যনেন একাদশো মহাভটো নায়ক ইত্যুক্তং তদ্দর্শয়তি বৃহদ্বলং যস্য তৎ মনঃ নব খানি দ্বারাণি যস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বুদ্ধিমবিদ্যাৎ। অক্ষিভিরিন্দ্রিয়ৈঃ ॥ ৫ ॥ পঞ্চবৃত্তিত্বাৎ পঞ্চশিরাঃ সর্প ইব ॥ ৬ ॥

একাদশ মহাভটা ইত্যনেনৈকাদশো মহাভটো নায়ক ইত্যুক্তং। তং ব্যাচষ্টে বৃহদ্বলং যস্য তন্মনঃ নব খানি দ্বারাণি যস্য ॥ ৭ ॥

ভোগায়তন কলেবরে ইন্দ্রিয়গণের সাহায্যে প্রাকৃতিক শব্দাদি বিষয়সমূহকে উপভোগ করে ॥ ৫ ॥

দশবিধ ইন্দ্রিয়ই এখানে দশজন সখা বলিতে হইবে। এই ইন্দ্রিয়ের সাহায্যে জীবের পদার্থজ্ঞান ও তৎ প্রতি প্রবৃত্তিরূপ কার্য্যের প্রকটন ঘটে। জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়ের বৃত্তিসমুদায়ই তাহাদের বনিতানামে বর্ণিত হইয়াছে। পুররক্ষক পঞ্চশিরা সর্প বলিয়া যাহার নাম উল্লেখ করা হইয়াছে, তাহা প্রাণশক্তি; প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান বৃত্তিতে সেই প্রাণশক্তি সমগ্র দেহে ও ইন্দ্রিয়াদিতে বল প্রদানে রক্ষা করিতেছে ॥৬॥

জ্ঞান ও কর্ম্মভেদে দশবিধ ইন্দ্রিয়ের নায়ক মনই মহাপরাক্রমশালী

অক্ষিণী নাসিকে কর্ণৌ মুখং শিশ্নগুদাবিতি।
দ্বে দ্বে দ্বারৌ বহির্যাতি যস্তদিন্দ্রিয়সংযুতঃ ॥ ৮ ॥
অক্ষিণী নাসিকে আস্যমিতি পঞ্চপুরঃ কৃতাঃ।
দক্ষিণা দক্ষিণঃ কর্ণ উত্তরা চোত্তরঃ স্মৃতঃ ॥
পশ্চিমে ইত্যধো দ্বারৌ গুদং শিশ্নমিহোচ্যতে ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তত্র অক্ষিণী নাসিকে কর্ণৌ ইতি দ্বে দ্বে দ্বারৌ; মুখং শিশ্নং গুদং চ ইতি ত্রয়ঃ; তদিন্দ্রিয়সংযুতঃ যঃ জীবঃ সঃ তৈঃ ইন্দ্রিয়ৈঃ বহিঃ বিষয়দেশে, যাতি ॥ ৮ ॥

অক্ষিণী নাসিকে আস্যং ইতি পঞ্চ পুরঃ কৃতাঃ অগ্রভাগে কৃতাঃ; দক্ষিণঃ কর্ণঃ দক্ষিণা দ্বাঃ, উত্তরঃ কর্ণঃ উত্তরা দ্বাঃ স্মৃতা। যে দ্বে দ্বারৌ পশ্চিমে ইতি উক্তে তে ইহ অধো গুদং শিশ্নং চ উচ্যতে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

দ্যুমৎসখ ইত্যাদেরর্থং সংক্ষেপেণাহ। যস্তদিন্দ্রিয়সংযুতঃ স আত্মা তাভির্দ্বাভির্বহির্যাতীতি ॥ ৮ ॥

পুরঃ পূর্ব্বভাগে কৃতাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বে দ্বে দ্বারৌ মুখাদিকমেকৈকাচ দ্বাস্তাভির্দ্বাভির্বহির্যাতি কঃ যস্তত্তদিন্দ্রিয়যুক্তো জীব ইত্যর্থঃ ॥ ৮ ॥

পুরঃ প্রাঙ্মুখস্য পুরঞ্জনপুরস্য পূর্ব্বভাগে কৃতাঃ ॥ ৯ ॥

সেনাপতিনামে আখ্যাত হইয়াছে। পঞ্চালনামক উপবন অর্থে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চবিষয়কে লক্ষ্য হয়; এই বিষয় পঞ্চকের স্থূল সূক্ষ্মক্রমে ইন্দ্রিয়গণের মধ্যে নবদ্বারবিশিষ্ট পুরী নামক দেহ প্রস্তুত হইয়াছে ॥ ৭ ॥

তন্মধ্যে অক্ষি, নাসিকা ও কর্ণের প্রত্যেকে দুইটী করিয়া ইন্দ্রিয়চ্ছিদ্র থাকায় ছয়টী দ্বার এবং মুখ, শিশ্ন ও গুহ্যদ্বার এই তিন লইয়া, দেহে নয়টী মাত্র ইন্দ্রিয়দ্বার পরিগণিত। দেহে অধিষ্ঠিত জীব সেই সেই ইন্দ্রিয়ের সাহায্যে বাহ্যবিষয়ের সহিত মিলিত হইয়া থাকেন ॥ ৮ ॥

চক্ষু, নাসিকা ও মুখ এই পাঁচটী শরীরের সম্মুখের দ্বার; অর্থাৎ পুরোবর্ত্তী ছিদ্র। দক্ষিণদ্বার ইহার দক্ষিণ কর্ণ এবং উত্তরদ্বার বাম কর্ণ। পুরীর পশ্চিমাভিমুখে যে দুই দ্বারের কথা উল্লেখ করা হইয়াছে, তাহা দেহের অধশ্ছিদ্র, শিশ্ন ও গুহ্যদ্বার ॥ ৯ ॥

খদ্যোত ও আবিমুখী নামে পুরীর সম্মুখবর্ত্তী একত্র অবস্থিত যে দুইটী

খদ্যোতাবির্ম্মুখী চাত্র নেত্রে একত্রনির্ম্মিতে।
রূপং বিভ্রাজিতং তাভ্যাং বিচষ্টে চক্ষুষেশ্বরঃ॥ ১০॥
নলিনীনালিনী নাসে গন্ধঃ সৌরভ উচ্যতে।
ঘ্রাণোঽবধূতো মুখ্যাস্যং বিপণো বাগ্রসবিদ্রসঃ॥ ১১॥

অন্বয়ঃ।

যে চ খদ্যোতাবির্ম্মুখী একত্রনির্ম্মিতে দ্বারৌ উক্তে তে অত্র শরীরে নেত্রে জ্ঞেয়ে। বিভ্রাজিতং জনপদং যং উক্তং তং রূপং জ্ঞেয়ং; যং দ্যুমাংসখা উক্তঃ তং চক্ষুরিন্দ্রিয়ং; তৎসখা পুরঞ্জনঃ এব ঈশ্বরঃ জীবঃ জ্ঞেয়ঃ; তাভ্যাং নেত্রাভ্যাং ঈশ্বরঃ জীবঃ, চক্ষুষা রূপং বিচষ্টে॥ ১০॥

যে নলিনীনালিনী দ্বে দ্বারৌ একত্রোক্তে তে নাসে নাসাচ্ছিদ্রে জ্ঞেয়ে; যঃ সৌরভঃ দেশঃ উক্তঃ সঃ গন্ধঃ উচ্যতে। অবধূতঃ সখাঃ, অত্র ঘ্রাণঃ ইন্দ্রিয়ং জ্ঞেয়ং; মুখ্যা দ্বাঃ আস্যং মুখং, জ্ঞেয়ং; বিপণঃ বাক্ ইন্দ্রিয়ং, তথা রসবিদ্ ইতি রসঃ রসনেন্দ্রিয়ং, জ্ঞেয়ং॥ ১১॥

শ্রীধরস্বামী।

নেত্রে ইতি রূপমিতি চক্ষুষেতিচ খদ্যোতাদীনাং ব্যাখ্যানং। শেষোঽনুবাদঃ ঈশ্বরঃ পুরঞ্জনঃ॥ ১০॥

নাসে ইতি ব্যাখ্যা অবধুনোতীতি অবধূতো বায়ুঃ তদাত্মকেনোচ্ছ্বাসেন সহ একস্থানত্বাৎ ঘ্রাণোঽপ্যবধূতঃ। আস্যমিতি ব্যাখ্যা রসজ্ঞ বিপণান্বিত ইত্যত্র রসজ্ঞশব্দনির্দ্দিষ্টস্য রসবিদিত্যনুবাদঃ। রস ইতি ব্যাখ্যা রসনেন্দ্রিয়মিত্যর্থঃ। বিপণোবাগ্রসবিদ্রস ইত্যেব পাঠঃ। আর্ষত্বান্ন দোষশ্ছন্দোভঙ্গে॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

খদ্যোতাদীনাং ব্যাখ্যা নেত্রে ইতি রূপমিতি চক্ষুষেতি দ্যুমদিত্যস্য ব্যাখ্যা॥ ১০॥

অবধুনোত্যবধূতো বায়ুস্তদাত্মকেনোচ্ছ্বাসেন সহৈকস্থানত্বাদ্ঘ্রাণোঽপ্যবধূত উচ্যতে মুখ্যা ইত্যস্য ব্যাখ্যা আস্যমিতি রসনবিপণান্বিত ইত্যস্য ব্যাখ্যা বাগিতি রসজ্ঞ ইত্যস্য ব্যাখ্যা, রসবিদিত্যনুবাদ রস ইতি। ব্যাখ্যা তু রসনেন্দ্রিয়ং। নবাক্ষরৈকপাদোঽয়মনুষ্টুভেদঃ॥ ১১॥

দ্বারের নাম করা হইয়াছে, সেই দুইটী নরদেহের দুইটী চক্ষু; পুরোবর্ত্তী বিরাজমান জনপদই সংসারের রূপরাশী; দ্যুমানসখাই দর্শনেন্দ্রিয়; ইন্দ্রিয়সখা পুরঞ্জনই সর্ব্বসামর্থ্যবান্ জীব নেত্র যুগলের আনুকূল্যে দর্শনশক্তির দ্বারা রূপসমূহ গ্রহণ করিয়া থাকেন॥ ১০॥

নলিনী ও নালিনী নামক যে দুই দ্বারের কথা অভিহিত হইয়াছে, তাহারা দুই নাসাচ্ছিদ্র; সৌরভবিশিষ্ট প্রদেশই দেহের সমীপে গন্ধগ্রাম; এবং অবধূতসখাই ঘ্রাণেন্দ্রিয়। পুরীর প্রধান প্রবেশদ্বার বদন এবং বাগিন্দ্রিয়ই তাহার বিপণস্থানীয়। রসবিদ্ শব্দে রসনেন্দ্রিয়কেই লক্ষ্য করা হইয়াছে॥ ১১

আপণো ব্যবহারোঽত্র চিত্রমন্ধো বহূদনং।
পিতৃহূর্দক্ষিণঃ কর্ণ উত্তরো দেবহূঃ স্মৃতঃ ॥
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শাস্ত্রং পঞ্চালসঞ্জিতং।
পিতৃযানং দেবযানং শ্রোত্রাচ্ছ্রুতধরাদ্ ব্রজেৎ ॥ ১২ ॥
আসুরী মেঢ্রমর্ব্বাগ্দ্বা ব্যবায়ো গ্রামিণাং রতিঃ।
উপস্থো দুর্ম্মদঃ প্রোক্তো নির্ঋতি র্গুদ উচ্যতে ॥

অন্বয়ঃ।

আপণঃ অত্র ব্যবহারঃ বাগ্ব্যাপারঃ ভাষণং; বহূদনং এব চিত্রং নানাবিধং, অন্ধঃ অন্নং, জ্ঞেয়ং; পিতৃহূঃ নাম দক্ষিণঃ কর্ণঃ, দেবহূঃ উত্তরঃ কর্ণঃ স্মৃতঃ ॥

(দক্ষিণপঞ্চালং যাতি ইতি যৎ উক্তং তত্র) পঞ্চালসঙ্গিতং প্রবৃত্তং শাস্ত্রং কর্ম্মকাণ্ডাত্মকং তথা উত্তরপঞ্চালং নিবৃত্তং জ্ঞানকাণ্ডাত্মকং শাস্ত্রং জ্ঞেয়ং। শ্রুতধরশব্দেন শ্রোত্রেন্দ্রিয়ং জ্ঞেয়ং। শ্রুতধরাৎ শ্রোত্রাৎ (প্রবৃত্তং শাস্ত্রং শ্রুত্বা তদুক্তং কর্ম্ম অনুষ্ঠায় পিতৃযানং, তথা নিবৃত্তং শাস্ত্রং শ্রুত্বা পুমান্ দেবযানং ব্রজেৎ ॥ ১২ ॥

অর্ব্বাক্ আসুরী দ্বাঃ ইতি মেঢ্রং জ্ঞেয়ং; গ্রামিণাং রতিঃ ব্যবায়ঃ স্ত্রীসঙ্গঃ জ্ঞেয়ঃ, দুর্ম্মদঃ ইতি উপস্থঃ প্রোক্তঃ; নির্ঋতিঃ ইতি গুদঃ উচ্যতে ॥

বৈশসং নরকং জ্ঞেয়ং; পায়ুশ্চ লুব্ধকঃ জ্ঞেয়ঃ। অন্ধৌ তু হস্তপদৌ ইতি মে মতঃ শৃণু

শ্রীধরস্বামী।

অন্ধঃ অন্নং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিত্রমন্ধশ্চতুর্বিধমন্নং। যাতি শ্রুতধরান্বিতঃ শ্রুতধরপদব্যাখ্যা শ্রোত্রাদিতি ॥ ১২ ॥

বাগ্ব্যাপাররূপ কথনোপকথনই পূর্ব্বোক্ত বিপণের পণ্য; বহূদন-শব্দে নানাপ্রকার মধুরাদি রসবিশিষ্ট বিচিত্র অন্ন; দক্ষিণ কর্ণের নাম পিতৃহূ এবং দেবহূ নামে উত্তর (বাম) কর্ণকেই অভিহিত করা হইয়াছে ।।

পুরঞ্জন দক্ষিণ পঞ্চালে গমন করেন বলায়, পঞ্চালনামক কর্ম্মকাণ্ড সম্বন্ধীয় প্রবৃত্তিশাস্ত্র এবং উত্তর পঞ্চালনামক জ্ঞানকাণ্ড-সম্বন্ধীয় নিবৃত্তিপ্রদ শাস্ত্রকেই লক্ষ্য করা হইয়াছে। গুরুপরম্পরায় সমাগত প্রবৃত্তিমূলক বেদশাস্ত্রকে শ্রবণ করিয়া এবং তদনুসারে কর্ম্ম করিয়া, জীব পিতৃলোকে গমন করে এবং বেদের নিবৃত্তিমূলক অংশ শ্রবণে ও তদনুসারে কর্ম্ম করিয়া, দেবলোকে গমন করে ।।১২

পশ্চিম দিক্স্থ আসুরী দ্বার অর্থে মেঢ্র; গ্রাম্য ভোগীর রতি এস্থলে স্ত্রীসঙ্গ; দুর্ম্মদশব্দে উপস্থই অভিহিত হইয়াছে; এবং নির্ঋতি অর্থাৎ অন্তকারী অপানশক্তি গুহ্যদেশে অধিষ্ঠিত আছে ॥

বৈশসং নরকং পায়ুর্লুব্ধকোঽন্ধৌ তু মে শৃণু।
হস্তপাদৌ পুমাংস্তাভ্যাং যুক্তো যাতি করোতিচ॥ ১৩॥
অন্তপুরঞ্চ হৃদয়ং বিষূচির্মন উচ্যতে।
তত্র মোহং প্রসাদং বা হর্ষং প্রাপ্নোতি তদ্গুণৈঃ॥ ১৪॥
যথা যথা বিক্রিয়তে গুণাক্তো বিকরোতি বা

অন্বয়ঃ।

তাভ্যাং হস্তপদাভ্যাং যুক্তঃ পুমান্ (পাদেন যাতি হস্তেন কর্ম্ম) করোতি॥ ১৩॥

অন্তঃপুরং চ হৃদয়ং জ্ঞেয়ং, বিষূচিঃ মনঃ উচ্যতে; তত্র তদ্গুণৈঃ তমসা মোহং সত্ত্বেন প্রসাদং, রজসা চ হর্ষং প্রাপ্নোতি॥ ১৪॥

যথা যথা বুদ্ধিঃ স্বপ্নে বিক্রিয়তে জাগ্রতি বা বিকরোতি ইন্দ্রিয়াণি পরিণাময়তি তদা তস্যাঃ গুণাক্তঃ (গুণৈঃ রক্তঃ লিপ্তঃ) আত্মা তদ্বৃত্তিঃ তস্যাঃ বৃত্তীঃ দর্শনাদ্যাঃ কেবলং উপদ্রষ্টা

শ্রীধরস্বামী।

গ্রামকমিত্যস্যানুবাদঃ গ্রামিণাং রতিরিতি তস্য ব্যাখ্যা ব্যবায় ইতি॥ ১৩॥

বিষূচীনপদার্থানুবাদো বিষূচিরিতি। তদ্গুণৈঃ মনোগুণৈঃ তমঃসত্ত্বরজোভিঃ॥ ১৪॥

মহিষী যদ্যদীহেতেত্যাদেরর্থং সংগৃহ্ণাহ যথা যথা বুদ্ধিঃ স্বপ্নে বিক্রিয়তে জাগ্রতি বিকরোতি বা ইন্দ্রিয়াণি পরিণাময়তি তস্যা গুণৈরক্তো লিপ্তঃ আত্মা তথা তথা তস্যা বৃত্তী-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গ্রামকং নাম বিষয়মিত্যস্য গ্রামিণাং রতিরিত্যনুবাদঃ। ব্যাখ্যাতু ব্যবায় ইতি॥ ১৩॥

বিষূচীন ইত্যনুবাদো বিষূচিরিতি ব্যাখ্যাতু মন ইতি। তদ্গুণৈ র্মনোগুণৈ স্তমসত্ত্বর-জোভিঃ॥ ১৪॥

মহিষী যদ্যদীহেতেত্যাদের্ব্যাখ্যানমাহ যথা বুদ্ধিঃ স্বপ্নে বিক্রিয়তে জাগরে বিকরোতি ইন্দ্রিয়াণি বিপরিণময়তি তথা তথা গুণাক্ত স্তস্যা গুণৈর্লিপ্ত আত্মা তস্যা বৃত্তীর্দর্শনস্পর্শনাদ্যাঃ

বৈশস-শব্দে নরক; এবং লুব্ধক নামে পায়ুই কথিত হইয়াছে। অন্ধদ্বয় বলিতে হস্ত ও পদকে লক্ষ্য করা হইয়াছে। দেহী জীব হস্তের সাহায্যে কর্ম্ম করে এবং চরণের সাহায্যে অন্যত্র গমন করে॥ ১৩॥

হৃদয়মন্দিরই দেহপুরীর অন্তঃপুর এবং মনই বিষূচি নামে অভিহিত। জীব দেহনিষ্ঠ তমোগুণে মোহ, সত্ত্বগুণে প্রসন্নতা এবং রজোগুণে হর্ষ অনুভব করিয়া থাকে॥ ১৪॥

স্বপ্নকালে বুদ্ধিতে যেরূপ বিকার উপস্থিত হয়, বা জাগ্রতকালে বুদ্ধি যেরূপ ইন্দ্রিয়নিচয়কে বিষয়াভিমুখে পরিণত করে, তদ্গুণযুক্ত জীবাত্মা বুদ্ধি-বৃত্তির সাক্ষী হইলেও কর্ত্তা এবং অনুমন্তার ন্যায় প্রতীত হন॥ ১৫॥

তদা তদোপদ্রষ্টাত্মা তদ্বৃত্তিরনুকার্য্যতে ॥ ১৫ ॥
দেহো রথস্ত্বিন্দ্রিয়াশ্বঃ সম্বৎসররয়ো গতিঃ।
দ্বিকর্ম্মচক্রস্ত্রিগুণধ্বজঃ পঞ্চাসুবন্ধুরঃ ॥ ১৬ ॥
মনো রশ্মি র্বুদ্ধিসূতো হৃন্নীড়ো দ্বন্দ্বকূবরঃ।

অন্বয়ঃ।

সন্ তয়া বুদ্ধ্যা অনুকার্য্যতে ॥ ১৫ ॥

রথঃ ইতি স্বপ্নে দেহঃ জ্ঞেয়ঃ; সঃ তু ইন্দ্রিয়াশ্বঃ (পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি অশ্বাঃ যস্মিন্ সঃ) সম্বৎসররয়ঃ (সম্বৎসরস্য ইব অপ্রতিহতঃ রয়ঃ বেগঃ প্রতীতিতঃ যস্য সঃ বস্তুতস্তু) অগতিঃ দ্বিকর্ম্মচক্রঃ দ্বে পুণ্যপাপাত্মকে কর্ম্মণী চক্রে যস্য সঃ) ত্রিগুণধ্বজঃ (ত্রয়ো গুণাঃ এব ধ্বজাঃ যস্য সঃ) পঞ্চাসুবন্ধুরঃ (পঞ্চ অসবঃ প্রাণাঃ বন্ধুরাণি বন্ধনানি যস্য সঃ) ॥ ১৬ ॥

মনঃ রশ্মিঃ প্রগ্রহঃ যস্য সঃ; বুদ্ধিঃ এব সূতঃ সারথিঃ যস্য সঃ; হৃন্নীড়ঃ (হৃৎ হৃদয়ং এব নীড়ং রথিনঃ উপবেশস্থানং যস্য সঃ) পঞ্চেন্দ্রিয়ার্থপ্রক্ষেপঃ (পঞ্চেন্দ্রিয়ার্থাঃ বিষয়াঃ

শ্রীধরস্বামী।

দর্শনস্পর্শনাদ্যাঃ কেবলমুপদ্রষ্টা এব সন্ বলাদনুকার্য্যতে ॥ ১৫ ॥

আশুগমিত্যেতৎ ব্যাচষ্টে। সম্বৎসরস্যেবাপ্রতিহতো রয়ো বেগঃ প্রতীতিতো যস্য স সম্বৎসররয়ঃ। বস্তুতস্তু অগতিঃ স্বপ্নশরীরাদে র্বুদ্ধাবেব নিবৃত্তত্বেন দেশান্তরগত্যভাবাৎ। সম্বৎসররয়োগতিরিতি পাঠে সম্বৎসরশ্চ তৎ কৃতং রয়শ্চ তাভ্যাং গতির্যস্যেতি দ্বীশমিত্যস্য ব্যাখ্যা পূর্ব্বমুক্তা দ্বিকর্ম্মচক্র ইতি দ্বিচক্রমিত্যস্য ব্যাখ্যা ত্রিগুণধ্বজ ইতি ত্রিবেণুপদ ব্যাখ্যা ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেবলমুপদ্রষ্টৈবাপি সন্ বলাদনুকার্য্যতে বুদ্ধ্যৈব হেতুকর্ত্র্যেত্যর্থঃ ॥ ১৫ ॥

সম্বৎসরস্য রয়ো বেগ এব গতিরিত্যাশুগপদব্যাখ্যা পাঠান্তরে সম্বৎসরশ্চ তৎ কৃতং রয়শ্চ তে এব গতির্যস্য ত্রিগুণধ্বজ ইতি ত্রিবেণুপদব্যাখ্যা ত্রয়ো গুণাঃ সত্ত্বাদয়ঃ ধ্বজো যস্য ॥ ১৬ ॥

পঞ্চপ্রহরণ ইত্যস্য ব্যাখ্যা পঞ্চানামিন্দ্রিয়াণামর্থেষু শব্দাদিষু স্বস্বব্যাপারাণাং প্রক্ষেপঃ।

দেহই স্বপ্নের রথ এবং জ্ঞানেন্দ্রিয়বর্গই তাহার অশ্বনিচয়। সম্বৎসরই সেই রথের গতি। পুণ্য ও পাপ নামক কার্য্যদ্বয়ই সেই রথের দুইখানি চক্র; সত্ত্ব, রজঃ ও তমোনামক গুণত্রয়ই এই রথের ধ্বজা; এবং পঞ্চপ্রাণ গ্রন্থি-বন্ধনের দ্বারা সেই দেহরথকে তদাকারে গ্রথিত করত কার্য্য করাইতেছে ॥১৬

বুদ্ধিরূপ সারথি রথে উপবেশন পূর্ব্বক, মনরূপ বল্‌গা ধারণে জ্ঞানেন্দ্রিয়-রূপ অশ্বগণকে শব্দাদি বিষয়পঞ্চকের পথে চালিত করিতেছে। ত্বগাদি সপ্ত ধাতু বরূথা অর্থাৎ আবরণরূপে দেহরথকে সমাচ্ছাদিত করিয়া রাখে ॥ ১৭ ॥

পঞ্চেন্দ্রিয়ার্থপ্রক্ষেপঃ সপ্তধাতুবরূথকঃ ॥ ১৭ ॥
আকূতি বিক্রমো বাহ্যো মৃগতৃষ্ণাং প্রধাবতি।
একাদশেন্দ্রিয়চমূঃ পঞ্চসূনাবিনোদকৃৎ ॥ ১৮ ॥
সম্বৎসরশ্চণ্ডবেগঃ কালো যেনোপলক্ষিতঃ।
তস্যাহানীহ গন্ধর্ব্বা গন্ধর্ব্ব্যো রাত্রয় স্মৃতাঃ ॥
হরন্ত্যায়ুঃ পরিস্থত্যা ষষ্ট্যুত্তরশতত্রয়ং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

প্রক্ষিপ্যন্তে অস্মিন্ ইতি তথা সঃ) সপ্তধাতবঃ ত্বগাদয়ঃ বরূথাঃ আবরণানি, যস্য সঃ ॥ ১৭ ॥

আকূতিঃ কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং বাহ্যঃ বিক্রমঃ জ্ঞেয়ঃ; মৃগতৃষ্ণাং স্বপ্নে মিথ্যাভূতান্ বিষয়ান্, প্রতি ধাবতি। একাদশেন্দ্রিয়াণি এব চমূঃ যস্য সঃ; তথা পঞ্চসূনাবিনোদকৃৎ (পঞ্চভিঃ ইন্দ্রিয়ৈঃ সূনা বিনোদমিব অন্যায়েন বিষয়ভোগং করোতি ॥ ১৮ ॥

যেন কালঃ উপলক্ষিতঃ সঃ চণ্ডবেগঃ সম্বৎসরঃ। তস্য সম্বৎসরস্য অহানি ইহ কথা-পক্ষে গন্ধর্ব্বাঃ রাত্রয়ঃ চ গন্ধর্ব্য্যঃ স্মৃতাঃ তে ষষ্ঠ্যুত্তরশতত্রয়ং পরিস্থত্যা পরিভ্রমণেন, পুরুষস্য আয়ুঃ হরন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চ প্রহরণমিত্যেতদ্ব্যাচষ্টে পঞ্চেন্দ্রিয়ার্থপ্রক্ষেপ ইতি ॥ ১৭ ॥

পঞ্চেন্দ্রিয়ৈঃ সূনাবিনোদমিবন্যায়েন বিষয়সেবাং করোতীতি পঞ্চসূনাবিনোদকৃৎ। অনেন চচার মৃগয়াং তত্রেত্যাদি ব্যাখ্যাতং ॥ ১৮ ॥

পরিস্থত্যা পরিভ্রমেন ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রবণাদীনি পঞ্চ প্রহরণানীত্যর্থঃ ॥ ১৭ ॥

আকূতিঃ কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং বিক্রমমিতি পঞ্চবিক্রমমিত্যস্য ব্যাখ্যা পঞ্চেন্দ্রিয়ৈঃ সূনা-বিনোদমিবন্যায়েন বিষয়সেবাং করোতি ইতি পঞ্চসূনাবিনোদকৃৎ। অনেন চচার মৃগয়াং তত্রেতি ব্যাখ্যাতং ॥ ১৮ ॥

পরিস্থত্যা পরিভ্রমণেন ॥ ১৯ ॥

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ই আকূতি অর্থাৎ বাহ্য বিক্রম; স্বপ্নকালীন বস্তুনিচয় প্রকৃত প্রস্তাবে মিথ্যা হইলেও, স্বপ্নদর্শী যেমন সত্যজ্ঞানে তাহাতে অভিভূত হয়, সেইরূপ মৃগতৃষ্ণা সদৃশ মায়াময় বিষয়ের অভিমুখে কর্ম্মেন্দ্রিয়গণ সত্যবোধে অগ্রসর হইয়া থাকে ॥ ১৮ ॥

যে প্রচণ্ডবেগ কালের কথা উল্লেখ করা হইয়াছে, তাহার নাম সম্বৎসর; সেই সম্বৎসরের দিবাসমূহই গন্ধর্ব্ব এবং রাত্রিসমূহই গন্ধর্ব্বীনামে আখ্যাত হইয়াছে। এক সম্বৎসরে তিন শত ষাইট দিবস ও তৎসংখ্যক রাত্রি

কালকন্যা জরা সাক্ষাল্লোকস্তাং নাভিনন্দতি।
স্বসারং জগৃহে মৃত্যুঃ ক্ষয়ায় যবনেশ্বরঃ ॥ ২০ ॥
আধয়ো ব্যাধয়স্তস্য সৈনিকা যবনাশ্চরাঃ।
ভূতোপবর্গাশুরয়ঃ প্রজ্বারো দ্বিবিধোজ্বরঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

জরা এব কালকন্যা; লোকঃ তাং সাক্ষাৎ ন অভিনন্দতি অঙ্গীকরোতি। অতঃ যবনেশ্বরঃ মৃত্যুঃ এব (লোকস্য) ক্ষয়ায় স্বসারং স্বস্থত্বেন তাং জরাং জগৃহে ॥ ২০ ॥

তস্য যবনেশ্বরস্য, চরাঃ সঞ্চারিণঃ আজ্ঞাকারিণঃ, সৈনিকাঃ যবনাঃ, এব আধায়ঃ মনোব্যথা-হেতবঃ, ব্যাধয়ঃ দেহব্যথাহেতবঃ জ্ঞেয়াঃ; ভূতোপসর্গাশুরয়ঃ (ভূতানাং উপসর্গে পীড়ায়াং আশুঃ শীঘ্রঃ মৃত্যুহেতুঃ রয়ঃ বেগঃ যস্য সঃ) দ্বিবিধঃ (শীতোষ্ণরূপভেদেন) জ্বরঃ প্রজ্বারঃ উক্তঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ভগিনীত্বেন জগৃহে লোকানাং ক্ষয়ায় ॥ ২০ ॥

চরাঃ সঞ্চারিণঃ ভূতানামুপসর্গে পীড়ায়াং আশু শীঘ্রো মৃত্যুহেতুঃ রয়ো বেগো যস্য প্রজ্বারস্যেতি প্রশব্দব্যাখ্যা। ভূতোপসর্গাস্তরয় ইতি পাঠে ভূতকৃতা অরয়ঃ। অনেনচ অরিভিরুপরুদ্ধ ইত্যরিপদং ব্যাখ্যাতং। দ্বিবিধঃ শীতোষ্ণরূপেণ প্রবেশভেদাৎ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকানাং ক্ষয়ায় স্বসারং স্বস্থত্বেন জগৃহে। পক্ষে স্বস্য ক্ষয়ায় স্বসারমপি তাং জগৃহে অধর্ম্মবংশোদ্ভবত্বাৎ স্বসুরপি তস্যাঃ স্বয়মেব পতিরভূদিতি কালকন্যা বৈষ্ণবজনেষ্বতিকৃপালোনারদস্যাজ্ঞয়া মৃত্যুমেব তরয়তীতি ॥ ২০ ॥

চরাঃ সঞ্চারিণঃ ভূতসম্বন্ধ্যুপবর্গাঃ। পবনজলহিমাগ্নিসূর্য্যাতপকুপথ্যাদিকৃতাঃ শ্বাসতন্দ্রাপ্রলাপাদয়ঃ আশুরয়াঃ শীঘ্রবেগা যস্য সঃ। দ্বিবিধোজ্বরঃ শীতোষ্ণভেদাৎ। ভূতোপসর্গাস্তরয় ইতি পাঠে ভূতকৃতাঃ রাজচৌরকৃমিজলাদিকৃতা উপসর্গাঃ পীড়াস্ত অরয়ঃ অনেন-অরিভিরুপরুদ্ধ ইত্যরিপদব্যাখ্যা ॥ ২১ ॥

পরিগণিত। ইহারা নিরন্তর পরিভ্রমণ পূর্ব্বক পুরুষের পরমায়ু হরণ করিতেছে ॥ ১৯ ॥

হে নরনাথ! পূর্ব্বে যে কাল-কন্যার কথা উল্লেখ করিয়াছি, তাহার নাম জরা; তাহাকে প্রত্যক্ষে দর্শন করিয়া, কেহই তাহাকে গ্রহণে স্বীকার করে নাই; এই হেতু যবনেশ্বর মৃত্যু জগতের সংহারার্থ সেই জরাকে স্বকীয় ভগ্নিরূপে স্বীকার করিলেন ॥ ২০ ॥

মনোব্যথারূপ আধি এবং শারীরিক দুঃখপ্রদ পীড়াসমূহই এই যবনরাজের আজ্ঞানুকারী যবনসৈন্য; তন্মধ্যে প্রাণিগণের মৃত্যু যাঁহাতে অতি

এবং বহুবিধৈর্দুঃখৈ র্দৈবভূতাত্মসম্ভবৈঃ।
ক্লিশ্যমানঃ শতং বর্ষং দেহে দেহী তমোবৃতঃ॥
প্রাণেন্দ্রিয়মনোধর্ম্মানাত্মন্যধ্যস্য নির্গুণে।
শেতে কামলবান্ ধ্যায়ন্ মমাহমিতি কর্ম্মকৃৎ॥ ২২॥

অন্বয়ঃ।

এবং দেবভূতাত্মসম্ভবৈঃ আধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিকভেদৈঃ বহুবিধৈঃ দুঃখৈঃ ক্লিশ্যমানঃ দেহী তমোবৃতঃ (তমসা অজ্ঞানেন আবৃতঃ সন্) দেহে শতং বর্ষং শেতে ইত্যুভয়োরন্বয়ঃ॥
প্রাণেন্দ্রিয়মনোধর্ম্মান্ (অশনাপিপাসাদীন্ প্রাণধর্ম্মান্, অন্ধত্বাদীন্ ইন্দ্রিয়ধর্ম্মান্ তথা কামাদীন্ মনোধর্ম্মান্) নির্গুণে আত্মনি অধ্যস্য আরোপ্য (দেহাদৌ) মম অহং ইতি কৃত্বা কামলবান্ সুখলেশান্, ধ্যায়ন্ চিন্তয়ন্, কর্ম্মকৃৎ এব দেহে শেতে॥ ২২॥

শ্রীধরস্বামী।

এবং পরোক্ষত্বেনোক্তমর্থং ব্যাখ্যায় সর্ব্বকথাতাৎপর্য্যমাহ এবমিত্যাদিনা বিরম ক্রমেণেত্যন্তেন আধিদৈবিকাদিভির্দুঃখৈঃ ক্লিশ্যমানো মমাহমিতি দেহে শতং বর্ষাণি শেতে বর্ত্তত ইতি দ্বয়োরন্বয়ঃ। অশনায়াঃ পিপাসাদীন্ প্রাণধর্ম্মান্ অন্ধত্বাদীন্ ইন্দ্রিয়ধর্ম্মান্ কামাদীন্ মনোধর্ম্মাংশ্চ নির্গুণেঽপ্যাত্মনি অধ্যস্য কামলবান্ বিষয়সুখলেশান্ ধ্যায়ন্ কর্ম্মকৃৎ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথেয়ং বৈরাগ্যার্থেত্যাহ এবমিতি। দেবেত্যাধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিকৈঃ প্রাণধর্ম্মান্ ক্ষুৎপিপাসাদীন্ ইন্দ্রিয়ধর্ম্মান্ অন্ধত্বাদীন্ মনোধর্ম্মান কামাদীন্। নির্গুণেঽপ্যাত্মন্যধ্যস্য॥২২

সত্বর ঘটে এরূপ প্রচণ্ড বেগবান্ শীতোষ্ণভেদে দুই প্রকার জ্বরই পূর্ব্বে প্রজ্বার নামে অভিহিত করা হইয়াছে। রাজা তস্কর, কৃমি ও জলাদি বিবিধ উৎপাত এবং রোগাদি জনিত নানাপ্রকার অনর্থই এস্থলে অরিনামে অভিহিত হইয়াছে॥ ২১॥

এই প্রকারে আধিভৌতিক, আধিদৈবিক এবং আধ্যাত্মিকভেদে বহুবিধ দুঃখে প্রপীড়িত দেহী ঘোর অজ্ঞানে আবৃত হইয়া, শত সম্বৎসর কাল এই দেহপুরে অবস্থান করে॥

ক্ষুৎপিপাসাদি প্রাণের ধর্ম্ম, অন্ধত্ব-বধিরত্বাদি ইন্দ্রিয়ধর্ম্ম এবং অভিলষিত কামনার আকাঙ্ক্ষারূপ মানসিক ধর্ম্মসমূহ নির্গুণ আত্মস্বরূপে আরোপ করিয়া, দেহাদিতে অভিমান বশত তুচ্ছ সুখের চিন্তায় বিচিত্র কর্ম্ম করত দেহমন্দিরে শয়ান থাকে॥ ২২॥

জীবভূত পুরুষ স্বয়ংপ্রকাশস্বরূপ হইলেও যখন নিজের এবং পরম

যদাত্মানমবিজ্ঞায় ভগবন্তং পরং গুরুং।
পুরুষস্তু বিসজ্জেত গুণেষু প্রকৃতেঃ স্বদৃক্ ॥ ২৩ ॥
গুণাভিমানী স তদা কর্ম্মাণি কুরুতেঽবশঃ।
শুক্লং কৃষ্ণং লোহিতং বা যথাকর্ম্মাভিজায়তে ॥ ২৪ ॥
শুক্লাৎ প্রকাশভূয়িষ্ঠাল্লোকানাপ্নোতি কর্হিচিৎ।

অন্বয়ঃ।

পুরুষঃ জীবঃ তু স্বদৃক্ স্বপ্রকাশস্বরূপঃ অপি যদা আত্মানং তথা পরং গুরুং ভগবন্তং অবিজ্ঞায় প্রকৃতেঃ গুণেষু বিসজ্জেত আসক্তঃ ভবতি ॥ ২৩ ॥

তদা গুণাভিমানী (গুণকার্য্যদেহেন্দ্রিয়াদিষু অহং মম ইত্যভিমানবান্ এব) অবশঃ দেহেন্দ্রিয়াদিপরতন্ত্রঃ সন্, শুক্লং সাত্ত্বিকং পুণ্যজনকং, কৃষ্ণং তামসং পাপজনকং, লোহিতং রাজসং উভয়জনকং বা এবং ত্রিবিধানি কর্ম্মাণি কুরুতে; তথা যথাকর্ম্ম কর্ম্মানুসারেণ অভি-জায়তে জন্ম প্রাপ্নোতি ॥ ২৪ ॥

শুক্লাৎ কর্ম্মণঃ প্রকাশভূয়িষ্ঠান্ (প্রকাশঃ ভূয়িষ্ঠঃ, যেষু তান্) লোকান্ কর্হিচিৎ প্রাপ্নোতি লোহিতাৎ কর্ম্মণঃ দুঃখোদর্কান্ (দুঃখং উদর্কং উত্তরফলং যেষু তান্) তথা ক্রিয়ায়াসান্ (ক্রিয়য়া আয়াসঃ ক্লেশঃ যেষু তান্ মনুষ্যাদিলোকান্) তথা কৃষ্ণাৎ কর্ম্মণঃ তমঃশোকোৎকটান্ (তমঃ

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ যদেতি। স্বদৃক্ স্বপ্রকাশস্বভাবোঽপি ॥ ২৩ ॥

শুক্লং সাত্ত্বিকং কৃষ্ণং তামসং লোহিতং রাজসং যথাকর্ম্ম তথা জায়তে ॥ ২৪ ॥

তদেবাহ শুক্লাদিতি দ্বাভ্যাং। প্রকাশো ভূয়িষ্ঠো যেষু। দুঃখমুদর্কমুত্তরফলং যেষু ক্রিয়য়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মানং পরমাত্মানং ॥ ২৩ ॥

শুক্লং সাত্ত্বিকং কৃষ্ণং তামসং লোহিতং রাজসং ॥ ২৪ ॥

দুঃখমুদর্কং উত্তরফলং যেষু সুখপদার্থেষু তান্ ক্রিয়য়া আয়াসশ্চ যেষু তান্ লোহিতানাপ্নোতি

গুরু পরমাত্মস্বরূপ ভগবানকে অবগত না হইয়া প্রকৃতির গুণভূত দেহেন্দ্রিয়াদি ও পার্থিব বিষয় সমূহে আসক্ত হয় ॥ ২৩ ॥

তখনই গুণকার্য্য দেহেন্দ্রিয়াদিতে আমি ও আমার ইত্যাদি অভিমান বশত অবশভাবে তাহাদেরই বশীভূত হইয়া, পুণ্যজনক সাত্ত্বিক, পাপজনক তামসিক এবং উভয়াত্মক পাপ ও পুণ্যজনক রাজসিক প্রভৃতি বিবিধ কার্য্য করে এবং কর্ম্মানুসারে পুনরায় জন্ম পরিগ্রহ করিয়া থাকে ॥ ২৪ ॥

পুণ্যপ্রদ পবিত্র কর্ম্মের অনুষ্ঠানে প্রকাশবহুল স্বর্গাদি লোকে কখন গমন করে; আবার ক্রিয়াদুষ্ট পাপকর্ম্মের ফলরূপে কখন অতি দুঃখপ্রদ

দুঃখোদর্কান্ ক্রিয়াযাসাং তমঃ শোকোৎকটান্ ক্বচিৎ ॥ ২৫ ॥
ক্বচিৎ পুমান্ ক্বচিচ্চ স্ত্রী ক্বচিন্নোভয়মন্ধধীঃ।
দেবো মনুষ্যস্তির্য্যগ্বা যথা কর্ম্মগুণং ভবঃ ॥ ২৬ ॥
ক্ষুৎপরীতো যথা দীনঃ সারমেয়ো গৃহং গৃহং।
চরন্ বিন্দতি যদ্দিষ্টং দণ্ডমোদনমেব বা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

অজ্ঞানং শোকঃ চ উৎকটঃ যেষু তান্ তির্য্যগাদিলোকান্) ক্বচিৎ কর্হিচিৎ আপ্নোতি ॥ ২৫ ॥

এবং অন্ধধীঃ (অন্ধা অজ্ঞানাবৃতা ধীঃ যস্য সঃ এক এব জীবঃ) ক্বচিৎ পুমান্ ভবতি ক্বচিৎ স্ত্রী ক্বচিৎ নোভয়ং নপুংসকং ভবতি; তথা ক্বচিৎ দেবঃ মনুষ্যঃ তির্য্যক্ বা ভবতি। এবং তস্য যথা কর্ম্মগুণং (কর্ম্মগুণৌ অনতিক্রম্য) ভবঃ জন্ম ভবতি ॥ ২৬ ॥

ক্ষুৎপরীতঃ (ক্ষুধা পরীতঃ ব্যাপ্তঃ) অতএব দীনঃ সারমেয়ঃ শ্বা যথা গৃহং গৃহং চরন্ দণ্ডং তাড়নং, মোদনং বা যদ্দিষ্টং স্বপ্রারব্ধানুসারেণ নির্ম্মিতং তদেব বিন্দতি লভতে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

আয়াসো যেষু তান্ লোহিতং তমঃশোকাবুৎকটৌ যেষু তান্ কৃষ্ণানিতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

নোভয়ং নপুংসকং যথা কর্ম্মগুণং কর্ম্ম গুণাবনতিক্রম্য ॥ ২৬ ॥

তেষু দৈববশেন সুখদুঃখে প্রাপ্নোতীতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। ক্ষুধাপরীতো ব্যাপ্তঃ সারমেয়ঃ শ্বা দণ্ডং দণ্ডেন তাড়নং ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমঃশোকাবেব উৎকটৌ যেষু তান্ কৃষ্ণানিতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

পুরঞ্জনঃ পরস্মিন্ জন্মনি স্ত্রী কথং বভূবেত্যত আহ ক্বচিদিতি নোভয়ং নপুংসকং কর্ম্ম-গুণাবনতিক্রম্য যথাকর্ম্মগুণং ॥ ২৬ ॥

তেষু জন্মসু দৈববশাদেব সুখদুঃখে প্রাপ্নোতীতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং দীন ইতি রাজকীয়

লোকে এবং কখন বা তামসিক কর্ম্মের ফলে অতি উৎকট শোকপ্রদ নরকাদি লোকে গমন করিয়া থাকে ॥ ২৫ ॥

যাহাদের বুদ্ধি অজ্ঞানে অভিভূত, তাদৃশ জীব গুণ ও কর্ম্মের অনুসারে কখন পুরুষ, কখন নারী, কখন ক্লীব, কখন দেবতা বা মনুষ্য ও তির্য্যগাদি যোনিতে জন্ম ধারণ করত অনন্ত সংসারের পরিচয় দেয় ॥ ২৬ ॥

ক্ষুধায় কাতর দীনহীন সারমেয় যেমন গৃহস্থের দ্বারে দ্বারে পরিভ্রমণ করত কোথায়ও বা দণ্ড এবং কোথায় বা পুরস্কার অনিয়তভাবে প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৭ ॥

সেইরূপ কামকলুষিত-চিত্ত জীব স্বীয় প্রারব্ধের অনুসারে উৎকৃষ্ট ও

তথা কামাশয়ো জীব উচ্চাবচপথা ভ্রমন্ ।
উপর্য্যধো বা মধ্যে বা যাতি দিষ্টং প্রিয়াপ্রিয়ং ॥ ২৮ ॥
দুঃখেষ্বেকতরেণাপি দৈবভূতাত্মহেতুষু ।
জীবস্য ন ব্যবচ্ছেদঃ স্যাচ্চেত্তত্তৎপ্রতিক্রিয়া ॥ ২৯ ॥

অন্বয়ঃ ।

তথা কামাশয়ঃ (কামঃ আশায়ে অন্তঃকরণে যস্য সঃ) জীবঃ উচ্চাবচপথা বিহিতপ্রতিষেধ-লক্ষণেন উচ্চনীচমার্গেণ, উপরি দেবলোকে, অধঃ নরকাদিযোনৌ, মধ্যে মনুষ্যাদিলোকে ভ্রমন্ গচ্ছন্, দিষ্টং প্রিয়াপ্রিয়ং সুখদুঃখে, যাতি প্রাপ্নোতি ॥ ২৮ ॥

দৈবভূতাত্মহেতুষু আধিদৈবিকাদিষু দুঃখেষু মধ্যে একতরেণ দুঃখেন অপি জীবস্য ব্যবচ্ছেদঃ বিয়োগঃ, ন অস্তি ; স্যাৎ চেৎ তত্তৎপ্রতিক্রিয়া এব দুঃখরূপা ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী ।

কামব্যাপ্ত আশয়ো যস্য ॥ ২৮ ॥

ননু তর্হি সুখস্য সম্ভবাৎ দুঃখস্যচ প্রতীকারসম্ভবাৎ নৈকান্ততো হেয়ত্বং তত্রাহ দুঃখে-ষ্বিতি । দুঃখস্য প্রতীকারস্তাবন্নাস্তি স্যাচ্চেৎ তস্য তস্য প্রতিক্রিয়া তথাপি ত্রিবিধেষু দুঃখেষু মধ্যে একতরেণাপি দুঃখেন ব্যবচ্ছেদো বিয়োগো নাস্তি প্রতিক্রিয়াণামপি দুঃখরূপত্বাৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সারমেয়ব্যাবৃত্ত্যর্থং সারমেয়ঃ শ্বা ॥ ২৭ ॥ ২৮ ॥

ননু নির্বুদ্ধি শ্বা দণ্ডপ্রহারং প্রাপ্নোতি বুদ্ধিমাংস্তু দুঃখস্য কারণমেব ন করোতি দৈবাৎ প্রাপ্তো রোগাদিদুঃখস্য প্রতিকারঞ্চ করোতীতি তত্রাহ দুঃখেষু ত্রিবিধেষু মধ্যে একতরেণাপি ন ব্যবচ্ছেদো ন বিরহঃ । তত্তদ্দুঃখস্য প্রতিক্রিয়াপি স্যাচ্চেত্তদপি ন । প্রতিক্রিয়াণামপি দুঃখরূপত্বাদিতি ভাবঃ ॥ ২৯ ॥

নিকৃষ্ট পথে পর্য্যটন করত ঊর্দ্ধে দেবলোক, অধঃ নরকাদি লোক এবং মনুষ্যাদি মধ্যলোকে বিচরণ করে এবং স্বীয় অদৃষ্টের বশবর্ত্তী হইয়া সুখ এবং দুঃখকে ভোগ করিয়া থাকে ॥ ২৮ ॥

আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক প্রভৃতি দুঃখরাশি কেবল প্রারব্ধকর্ম্মের অনুসারেই উপস্থিত হয় এবং জীব কোন প্রকার প্রযত্নেই

আভাস ।

পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফলে জীবের সুখ বা দুঃখ যে অনিয়তভাবে উপস্থিত হয়, তাহাই সারমেয়-দৃষ্টান্তে প্রদর্শন করাইয়াছেন ॥ ২৭ ॥ ২৮ ॥

এক্ষণে পাছে আশঙ্কা হয় যে, কুক্কুর অতি নির্ব্বোধজাতি, সুতরাং সে দণ্ড বা প্রহার সময়ে সময়ে ভোগ করিয়া থাকে ; বুদ্ধিমান্ ব্যক্তি সাবধানে কার্য্য করিলে, দুঃখের কারণই

যথাহি পুরুষো ভারং শিরসা গুরুমুদ্বহন্।
তং স্কন্ধেন সমাধত্তে তথা সর্ব্বাঃ প্রতিক্রিয়াঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

যথা পুরুষঃ গুরুং ভারং শিরসা উদ্বহন্ হি (যদা শ্রান্তঃ ভবতি তদা) তং ভারং স্কন্ধেন আধত্তে তথা সর্ব্বাঃ প্রতিক্রিয়াঃ সর্ব্বদুঃখনিবৃত্ত্যুপায়াঃ ক্লেশমূলাঃ এব ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সদৃষ্টান্তমাহ যথাহীতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র দৃষ্টান্তঃ যথাহীতি ॥ ৩০ ॥

তাদৃশ কর্ম্মের হস্ত হইতে অব্যাহতি পায় না। যদিও শাস্ত্রাদিতে সেই সকল দুঃখ-প্রতিকারের উপায়ের উল্লেখ আছে বটে, কিন্তু সে প্রতিকার-ক্রিয়াও দুঃখ ব্যতীত সাধিত হয় না ॥ ২৯ ॥

যেমন গুরুতর ভার মস্তকে বহন করত কাতর হইলে, কথঞ্চিৎ শ্রমাপনোদনার্থ ভারবাহী পুরুষ মস্তকের ভার স্কন্ধে নামাইয়া মস্তকের ক্লেশ ক্ষণিক নিবারণ করে, প্রকৃত প্রস্তাবে তাহাতে তাহার ভারবহন ব্যাপারের নিবৃত্তি হয় না, সেইরূপ একটী দুঃখের নিবারণার্থ অন্য একটী দুঃখপ্রদ ব্যাপারের অনুষ্ঠানে জীব প্রবৃত্ত হয় মাত্র ॥ ৩০ ॥

আভাস।

তৎসন্নিধানে উপস্থিত না হইতে পারে; এবং যদিবা দৈবাৎ কোনরূপ রোগাদি দুঃখের উপস্থিতি ঘটে, তাহা হইলে তিনি বুদ্ধিপূর্ব্বক অনায়াসে তাহার প্রতিকার করিতেও পারেন; এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, সমুদ্রগর্ত্তে নিপতিত মানবের পক্ষে যেমন জলশূন্য হইয়া থাকা অসম্ভব, সেইরূপ সংসার-জলধির আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক প্রভৃতি দুঃখতরঙ্গ হইতে নিষ্কৃতি লাভও সাংসারিক জীবের পক্ষে অসম্ভব। ত্রিবিধ তাপের মধ্যে কোন এক প্রকার তাহাকে যে ভোগ করিতে হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। দুঃখ-প্রতিকারার্থ যে সকল উপায়েয় কথা বর্ণিত আছে, তাহার অনুষ্ঠানেও অন্যবিধ দুঃখ প্রচুর পরিমাণে অনুভূত হইয়া থাকে। গুরুভার পদার্থ মস্তকে করিয়া, বহনকালে শিরোগ্লানি নিবারণার্থ ভারবাহী মস্তকের ভার মধ্যে মধ্যে স্কন্ধে নামান বটে; কিন্তু ভার-বহন ব্যাপার নির্দ্দিষ্ট স্থানে উপস্থিত না হওয়া পর্য্যন্ত ক্ষান্ত হয় না; সেইরূপ সংসারের পর পারে উত্তীর্ণ না হওয়া পর্য্যন্ত, মানব এক জাতীয় দুঃখের প্রতীকারার্থ অন্যতর দুঃখসাধ্য ব্যাপারের অনুষ্ঠান করেন মাত্র। কারণ এমন কোন সৎকর্ম্ম জগতে হইতে পারে না, যদ্দ্বারা নিঃশেষে দুঃখের নিবৃত্তি হইতে পারে। যেহেতুক "অপূর্ব্বেয়ং হরের্মায়া ত্রিগুণা রজ্জুরূপিণী। যয়া মুক্তো ন চলতি বদ্ধো ধাবতি ধাবতি"॥ ভগবানের মায়ার সামর্থ্য অনির্ব্বচনীয়। ত্রিগুণা রজ্জুর ন্যায়,

নৈকান্ততঃ প্রতীকারঃ কর্ম্মণাং কর্ম্ম কেবলং।
দ্বয়ং হ্যবিদ্যোপসৃতং স্বপ্নে স্বপ্ন ইবানঘ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

কেবলং জ্ঞানরহিতং কর্ম্ম কর্ম্মণাং দুঃখহেতুদুরিতানাং একান্ততঃ অত্যন্তং, প্রতীকারঃ নিবর্ত্তকং, ন ভবতি। যতঃ দ্বয়ং দুরিতলক্ষণং তন্নিবর্ত্তকং চ উভয়ং হে অনঘ! নিষ্পাপ! স্বপ্নে দৃষ্টঃ স্বপ্নঃ ইব অবিদ্যোপসৃতং (অবিদ্যয়া অধ্যাসলক্ষণয়া উপসৃতং ব্যাপ্তং) এব ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

দুঃখস্য মূলভূতানি তু কর্ম্মাণি প্রতিক্রিয়াদি কর্ম্মভির্নৈব নিবর্ত্তন্ত ইত্যাহ নৈকান্তত ইতি অত্যন্তং সবাসনং কেবলং জ্ঞানরহিতং অবিদ্যয়া উপসৃতং প্রাপ্তং। অতো বিরোধান্ন নির্বর্ত্ত্য নিবর্ত্তকত্বমিতি ভাবঃ। অত্র দৃষ্টান্তঃ স্বপ্নে দৃষ্টঃ স্বপ্নঃ প্রবোধং বিনা যথা তং স্বপ্নমত্যন্তং ন প্রতিকরোতীত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু যস্মাদ্দুঃখস্য কারণং দুষ্কৃতকর্ম্মৈব তস্মাৎ সর্ব্বদুষ্কৃতক্ষয়কামনয়া কস্মিংশ্চিদ্বৃহতি যাগকর্ম্মণি কৃতে সর্ব্বদুঃখনাশঃ স্যাদেবেতি তত্রাহ নৈকান্তত ইতি। দ্বয়ং দুষ্কৃতং কর্ম্ম দুষ্কৃত-নিবর্ত্তকঞ্চ কর্ম্মেতি দ্বিতয়ং অবিদ্যানুপসৃতমাশ্রিতং। তদ্দ্বয়স্য তমোরজোগুণজনকত্বাদিতি ভাবঃ। তদ্যথা রজসি সত্ত্বাংশেন তমসো নিবর্ত্তকেঽপি তমোঽংশ স্তিষ্ঠতি তথা সর্ব্বদুষ্কৃত-নিবর্ত্তকেঽপি যাগকর্ম্মণি পশুহিংসালক্ষণংদুষ্কৃতং তিষ্ঠত্যেবেত্যত্র দৃষ্টান্তঃ স্বপ্নে পুত্রো মৃত ইতি দুঃখপ্রাপ্তি স্তৎ স্বপ্নমধ্যএব পুনঃ স্বপ্নে পুত্রো জীবতীতি তদ্দুঃখোপশমঃ। কিঞ্চ তদৈব তং পুত্রং সর্পো দশতীতি পুনর্দুঃখপ্রাপ্তিরিতি প্রবোধং বিনা যথা স্বাপ্নিকং দুঃখং ন নিবর্ত্ততে তথা সংসারনিবৃত্তিং বিনা সাংসারিকং দুঃখং ন নিবর্ত্তত ইত্যুক্তং ॥ ৩১ ॥

জ্ঞান বা ভক্তিশূন্য কর্ম্মের দ্বারা কখন দুঃখশোকাদির নিদানভূত দুর-দৃষ্টের নিঃশেষে খণ্ডন হয় না; কারণ স্বপ্নাবস্থায় দৃষ্ট স্বপ্নবিষয়ক জ্ঞানে যেমন স্বপ্নজনিত দুঃখের নিবারণ হয় না, সেইরূপ এক প্রকার দুরিত নিবারণের উপায়ভূত অন্যপ্রকার কর্ম্মও দুঃখপ্রদ; অবিদ্যা উভয়েরই মূল ॥ ৩১ ॥

আভাস।

সত্ত্ব, রজঃ ও তমোগুণে ইহা গঠিত বটে; কিন্তু রজ্জুবদ্ধ পশুর চলচ্ছক্তি থাকে না; বন্ধনমুক্ত হইলে, সে যথেচ্ছ গমনে সমর্থ হয়। কিন্তু এই মায়ারজ্জুর বন্ধনে যে জীব আবদ্ধ হয়, সে যথেচ্ছ কর্ম্ম ও ভ্রমণ করে; মুক্ত হইলে আর তাহার কর্ম্ম বা ভ্রমণ থাকে না। তখন তিনি অকর্ম্মস্বরূপ ব্রহ্মময়ভাবে অবস্থান করেন। অতএব মায়াই কর্ম্মের হেতু, তবে মোক্ষের অনুকূল বা প্রতিকূল বলিয়া সৎ বা অসৎ নামে এক কর্ম্মই অভিহিত হইয়াছে মাত্র। কিন্তু কোন প্রকারই সম্পূর্ণ দোষবর্জ্জিত নহে। সর্ব্বপ্রকার দুঃখনিবৃত্তি পূর্ব্বক সুখলাভের কামনায় যদি বিপুল যজ্ঞেরও অনুষ্ঠান করা যায়, তাহাতেও পশুবধ বা বীজধ্বংস-জনিত পাপ স্বল্প পরিমাণেও

অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
মনসা লিঙ্গরূপেণ স্বপ্নে বিচরতো যথা ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

মনসা লিঙ্গরূপেণ আত্মত্বেন অধ্যস্তেন সহ স্বপ্নে বিচরতঃ পুরুষস্য অসত্যব্যাঘ্রাদিজনিতং দুঃখং ন নিবর্ত্ততে, তথা জাগরণে অর্থে দুঃখাদৌ অবিদ্যমানে অপি অহন্তামমতাজনিতা সংসৃতিঃ সংসারদুঃখং, ন নিবর্ত্ততে ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

নন্বহং জ্ঞানবিলসিতত্বেন সংসৃতের্হেতো র্দেহাদেরপ্যসত্ত্বাৎ কিং তন্নিবর্ত্তন-প্রয়াসেন ইত্যত আহ অর্থেহীতি। লিঙ্গরূপেণ উপাধিভূতেন ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্ন সুখদুঃখাদে র্দেহধর্ম্মত্বাদ্বস্তুত স্ত্বসঙ্গস্য জীবাত্মনো দুঃখাদিকং নৈব বিদ্যত ইত্য-বিদ্যমানস্য দুঃখস্য কিং নিবর্ত্তনপ্রয়াসেনেত্যত আহ। অর্থে দুঃখাদৌ জীবাত্মনোঽবস্তু-ভূতেঽপি তন্নিবর্ত্তনং বিনা সংসৃতি র্ন নিবর্ত্ততে যথা স্বপ্নে লিঙ্গরূপেণোপাধিভূতেন মনসা সহ বিচরতো জীবস্যাসত্যমপি সর্পাদিকং বস্তু দুঃখদমেব প্রবোধং বিনা ॥ ৩২ ॥

মনোরূপ উপাধিতে আত্মাভিমান বশত স্বপ্নকালে প্রকৃত প্রস্তাবে স্বাপ্নিক ব্যাঘ্র চৌরাদির অভাবেও তজ্জনিত দুঃখ যেমন প্রতীত হয়, দুঃখাদি বস্তুত না থাকিলেও অবিদ্যার প্রভাবে আমি ও আমার-জ্ঞানেই জীব বদ্ধ হইয়া থাকে। বাহ্য বস্তু না থাকিলেও, মনোরাজ্যেই তাহার বন্ধন এবং সংসারের যথেষ্ট কারণ হইয়া উঠে ॥ ৩২ ॥

আভাস।

আছে এবং তজ্জন্য তদুচিত ভোগ অপরিহার্য্য। যেমন কোন এক অপুত্রক ব্যক্তি স্বপ্নে পুত্রের জন্ম এবং তাহার মৃত্যু দেখিয়া আনন্দ এবং রোদন করে, নিদ্রাভঙ্গে তাহার হর্ষ ও শোক উভয়ই বিনিবৃত্ত হইয়া যায়, আর প্রবোধের প্রয়োজন থাকে না, সেইরূপ মায়াযুক্ত হইলে, দুঃখ বা তৎ প্রতিকারের যেন প্রয়োজন হইতেছিল; বস্তুত নিরর্থক। নিদ্রাভঙ্গই একমাত্র উপায়, সেইরূপ দুঃখ-প্রতিকারের চেষ্টা নিরর্থক। জ্ঞানই শান্তির একমাত্র হেতু ॥ ২৯—৩১ ॥

দেহনিষ্ঠ ব্যাপারই সুখদুঃখ; আত্মার সহিত দেহ বা সুখাদির কোন সম্বন্ধই নাই। ইহারা মায়াময় ও অনিত্য; অতএব অনিত্য মিথ্যাভূত পদার্থের নিবারণার্থ প্রয়াসের কোন প্রয়োজন নাই; তদ্দ্বারা জীবের কোন অনিষ্ট ঘটিবার সম্ভাবনা নাই, একথা অসঙ্গত। কারণ স্বপ্নকালে বস্তুত কোন পদার্থই থাকে না; অথচ কেবল মনস্বরূপ উপাধিতে অধিষ্ঠিত থাকিয়া, আত্মস্বরূপ জীব যখন মনোময় সংস্কারমূলক কাল্পনিক পদার্থ লইয়াই বিমোহিত হয়, তখন স্থূল দেহে অধিষ্ঠান করত, জাগতিক স্থূল পদার্থের আলোচনায় জীবাত্মা কেন ব্যাকুল হইবেন না?

অথাত্মনোঽর্থভূতস্য যতোঽনর্থপরম্পরা।
সংস্মৃতি স্তদ্ব্যবচ্ছেদো ভক্ত্যা পরময়া গুরৌ ॥ ৩৩ ॥
বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ সমাহিতঃ।

অন্বয়ঃ।

যতঃ যস্মাৎ অর্থভূতস্য সর্ব্বপুরুষার্থস্বরূপস্য আত্মনঃ জীবস্য, যতঃ অজ্ঞানাৎ, অনর্থ-পরম্পরা জন্মমরণাদিদুঃখসন্ততিলক্ষণা সংস্মৃতিঃ ভবতি অতঃ গুরৌ ভগবতি, জ্ঞানপ্রকাশকে পরময়া ভক্ত্যা এব তৎ তস্য অজ্ঞানস্য, ব্যবচ্ছেদঃ বিনাশঃ ভবতি ॥ ৩৩ ॥

ভগবতি বাসুদেবে সমাহিতঃ সমর্পিতঃ ভক্তিযোগঃ সধ্রীচীনেন সমীচীনেন প্রকারেণ

শ্রীধরস্বামী।

তদেবং সংস্মৃতিপ্রকারমুক্ত্বা তন্নিবৃত্তিপ্রকারমাহ অথ তস্মাৎ পুরুষার্থভূতস্যৈব আত্মনঃ যতোঽজ্ঞানাৎ মনসো বা অনর্থপরম্পরা রূপা সংস্মৃতি র্ভবতি। তস্য ব্যবচ্ছেদো গুরুরূপে বাসুদেবে ভক্ত্যৈব ॥ ৩৩ ॥

ননু সংস্মৃতিনিবৃত্তিঃ বৈরাগ্যপূর্ব্বকাৎ জ্ঞানাদেব নতু ভক্ত্যা তরতি শোকমাত্মবিদিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি সংসারনিবৃত্তিরেব কথং ভবেত্তত্রাহ অথেতি ভক্তিপ্রকরণারম্ভে আত্মনো জীবস্য পরমার্থভূতস্য যত এবাবিদ্যাতোঽনর্থপরম্পরা সংস্মৃতি স্তস্যাবিচ্ছেদো গুরৌ ভক্ত্যেতি গুরু র্ন স স্যাদিত্যাদিনা হরিভক্ত্যুপদেশকস্যৈব গুরুত্ববিধানাদ্গুরৌ হরৌ চ ভক্ত্যেত্যায়াতং ততশ্চ পুরঞ্জনস্যাপরস্মিন জন্মনি গুরৌ হরৌ চ ভক্ত্যা নিস্তারো ব্যাখ্যাতঃ ॥ ৩৩ ॥

সাধনভক্ত্যা প্রেমপর্য্যন্তা ভক্তি র্ভবতীত্যাহ বাসুদেব ইতি দ্বাভ্যাং ভক্তিযোগঃ প্রেমা

অতএব যখন অজ্ঞান-নিবন্ধনই জন্ম-মরণাদি দুঃখসমূহরূপ সংসার সর্ব্ব-পুরুষার্থ-স্বরূপ জীবের ঘটিয়া থাকে, তখন সর্ব্বজ্ঞান-প্রকাশক পরমগুরু ভগবানে অহৈতুকী ভক্তি করিলে, তাহার অজ্ঞানের নিবারণ হইয়া থাকে, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আভাস।

অতএব পদার্থের বিয়োগ প্রয়োজন; নতুবা শান্তিলাভের সম্ভাবনা নাই। কিন্তু ঈশ্বর-সৃষ্ট পদার্থকে জীব কখন ধ্বংস করিতে পারে না। মুক্ত হইতে হইলে, সমগ্র সংসারের প্রকৃতত বিলোপ আবশ্যক করে না; তাহা হইতে নিজের আসক্তিকে সরাইলেই প্রকৃত ফললাভ হয়। কিন্তু চিত্ত যে, আসক্তি-মৃত্তিকায় গঠিত; আসক্তির কোন একটী বিষয় না লইয়া, থাকিতে পারে না। তখন তাহাকে মায়াময় পদার্থ না দিয়া, মায়াতীত এমন কি! মায়ারও সৃষ্টিকর্ত্তা পরমগুরু ভগবানের স্বরূপটীকে প্রদর্শন করান বিশেষরূপে কর্ত্তব্য। তাহা হইলে, মায়ার সংস্রব অতিক্রম করিয়া, সে জীব অমায়াময় হইতে পারে ॥ ৩২ ॥ ৩৩ ॥

সধ্রীচীনেন বৈরাগ্যং জ্ঞানঞ্চ জনয়িষ্যতি ॥ ৩৪ ॥
সোঽচিরাদেব রাজর্ষে স্যাদচ্যুতকথাশ্রয়ঃ।
শৃণ্বতঃ শ্রদ্দধানস্য নিত্যদা স্যাদধীয়তঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

বৈরাগ্যং জ্ঞানং চ জনয়িষ্যতি ॥ ৩৪ ॥

নিত্যদা নিরন্তরং, শ্রদ্দধানস্য শ্রদ্ধাবতঃ (শ্রদ্ধয়া ভগবৎকথাঃ শৃণ্বতঃ অধীয়তঃ অধীয়ানস্য, জনস্য হে রাজর্ষে! সঃ অচ্যুতকথাশ্রয়ঃ ভক্তিযোগঃ, অচিরাৎ এব স্যাৎ। স্যাৎ ইতি পুনরুক্তিঃ নিশ্চয়ার্থে ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

শ্রুতেঃ। অত আহ বাসুদেব ইতি। সধ্রীচীনেন সমীচীনেন প্রকারেণ ॥ ৩৪ ॥

নন্বসৌ মহাফলো ভক্তিযোগঃ কথং স্যাদত আহ সহ্ অচ্যুতস্য কথামাশ্রিত্য বর্ত্তমানোঽচিরাৎ স্যাৎ কস্য স্যাৎ তত্রাহ। শৃণ্বতঃ অধীয়ানস্যচ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবত্যেব সম্যগাহিত ইতি ভজনস্য তৎসুখে তাৎপর্য্য নতু স্বসুখে সধ্রীচীনেন সমীচীনেন প্রকারেণ যজ্জ্ঞানং বৈরাগ্যঞ্চ তদিতি সাযুজ্যপ্রয়োজনকয়োর্জ্ঞানবৈরাগ্যয়োর্ব্যাবৃত্তিঃ। যদুক্তং বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকমিতি তত্রাপ্যহৈতুকপদোপন্যাসেন অতএব জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্ত্যুত্থত্বাত্তদর্থং ভক্তের্ন পৃথক্ প্রযতনীয়ত্বমিতি দ্যোতিতং ॥ ৩৪ ॥

অস্য ভক্তিযোগস্য সাধনমপি ভক্তিযোগ এবেত্যাহ সোঽচিরাদিতি অচ্যুতকথামাশ্রয়ত ইতি তজ্জন্য ইত্যর্থঃ। কস্য স্যাত্তদাহ শৃণ্বত ইতি। অধীয়তঃ ভগবদ্ধর্ম্মানধীয়ানস্য শ্রবণাদি ভক্তিত্রয়াত্মকমাত্রং জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

ভগবান্ বাসুদেবে সমর্পিত ভক্তিযোগই সম্যক্ প্রকারে জ্ঞান এবং বৈরাগ্যের উদয় করিয়া থাকে।। ৩৪ ।।

যে ব্যক্তি নিরন্তর শ্রদ্ধাসহকারে ভগবৎকথা শ্রবণ ও অধ্যয়ন করেন, হে রাজর্ষে! অতি অল্পকালের মধ্যে ভগবৎকথায় তাঁহার ভক্তি জন্মে।। ৩৫ ।।

আভাস।

অগ্নিতে নিপতিত কাষ্ঠখণ্ড যেমন অগ্নিময় হইয়া যায়, তাহার আর কাষ্ঠত্ব থাকে না, সেইরূপ সচ্চিদানন্দ পরমপুরুষে সমর্পিত জীবস্বরূপ সচ্চিদানন্দ ভাবেই পরিণত হইয়া যায়। সংসার-নিবর্ত্তক স্বকীয় জ্ঞানের পক্ষে আর আরাধনার অপেক্ষা থাকে না ॥ ৩৪ ॥

সর্ব্বপাপ-বিনাশন এই অপূর্ব্ব ভক্তিযোগ অন্যত্র অন্বেষণ করিলে পাওয়া যায় না। দধি সম্মুখে থাকিতে নবনীর জন্য ক্রন্দন করা অবিধেয়। উপযুক্তকালে যথানিয়মে মন্থন দণ্ডযোগে দীর্ঘকাল যত্ন পূর্ব্বক মন্থন করিলে, নবনী আপনা হইতে ভাসিয়া উঠে; সেইরূপ ভগবানের

যত্র ভাগবতা রাজন্ সাধবো বিশদাশয়াঃ।
ভগবদ্‌গুণানুকথনশ্রবণব্যগ্রচেতসঃ ॥ ৩৬ ॥
তস্মিন্মহন্মুখরিতামধুভিচ্চরিত্রপীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।

অন্বয়ঃ।

হে রাজন্! ভগবদ্‌গুণানুকথনশ্রবণব্যগ্রচেতসঃ (ভগবতঃ গুণানাং অনুকথনে শ্রবণে চ ব্যগ্রং চেতঃ যেষাং তে) যতঃ বিশদাশয়াঃ বিশুদ্ধান্তঃকরণাঃ, ভাগবতাঃ সাধবঃ তিষ্ঠন্তি তত্র শ্রবণাদিকং স্যাৎ ॥ ৩৬ ॥

তস্মিন্ ভাগবতসমাজে তৈঃ মহদ্ভিঃ মুখরিতাঃ কীর্ত্তিতাঃ, মধুভিদঃ ভগবতঃ, চরিত্রং এব

শ্রীধরস্বামী।

কুত্র স্যাত্তদাহ যত্রেতি ভগবতো গুণানামনুকথনে শ্রবণেচ ব্যগ্রং সত্বরং চেতো যেষাং তে ॥ ৩৬ ॥

নমু সাধুসঙ্গং বিনা স্বয়মেব হরিকথাচিন্তনাদিনা ভক্তির্ভবেদেবেত্যাশঙ্ক্যাহ দ্বাভ্যাং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কুত্র স্যাত্তদাহ যত্রেতি যথৈব গৃহাসক্তা গৃহকর্ম্মব্যগ্রা স্তথৈব হন্তায়মনুকথনস্য সময়ঃ হা হা শ্রবণস্য সময়ো ব্যতীতঃ সংপ্রতি কীর্ত্তনস্য সময়োঽভ্যেতি। হাহন্ত মন্দভাগ্যোঽহং নিদ্রালস্য ক্ষুদৈহিককৃত্যগমিতসময়ঃ শীঘ্রগতিরেব ভক্তসমাজং কেন প্রকারেণ গচ্ছামী-ত্যেবং ব্যগ্রং চেতো যেষাং তে ॥ ৩৬ ॥

যত্র ভাগবত স্তত্রৈব ভগবৎকথা ইতি কোঽয়ং নিয়ম ইতি চেত্তত্রাহ তস্মিন্ মহৎ সদসি মুখং রান্তি গৃহ্নন্তীতি মুখরাঃ মহদ্ভির্মুখরাঃ কৃতা ইতি মুখরিতাঃ স্বয়মেব মুখপ্রাপ্তীকৃতাঃ যা

হে নরনাথ! ভগবৎকথার অনুকথনে এবং শ্রবণে যাঁহাদের চিত্ত সতত উৎকণ্ঠিত, তাদৃশ বিমলহৃদয় ভগবদ্ভক্ত সাধু ব্যক্তিগণ যে স্থানে বাস করেন, সেই স্থানেই ভগবৎকথার শ্রবণ ঘটে॥ ৩৬॥

ভক্ত সমাজে সেই মহদ্ব্যক্তিগণের মুখারবিন্দবিনিসৃত ভগবচ্চরিত্ররূপ অশেষ পীযূষপূর্ণ স্রোতস্বতী সমূহ নিরন্তর চতুর্দ্দিকে প্লাবিত হইয়া থাকে।

আভাস।

লীলা ও নামগুণাদিরূপ মন্থনদণ্ডের যোগে যদি জীব আদর পূর্ব্বক চিত্তরূপ দধিভাণ্ডে মন্থন করে, ভগবদ্ভক্তি আপনা হইতেই উদ্ভাসিত হয়। দধি হইতে উৎপন্ন নবনী যেমন দধির কোন গুণ ধরে না এবং পুনরায় দধিতে আর মিলিত হয় না, সেইরূপ ভগবদ্ভক্তি একটী অপূর্ব্ব ব্যাপার, চিত্ত হইতে উদিত হইলেও চিত্ত বা তদন্তরস্থ সংস্কার-সমূহের কোন সম্পর্ক রাখে না; সুতরাং বিষয়াসক্তি ঈশ্বরপ্রমের কোন পরিচয় দিতে পারে না॥ ৩৫ ॥

ভক্তি করিতে হইলে, শিক্ষার প্রয়োজন। ভক্তসমাজই শিক্ষা প্রদানে গুরু। কেবল নিজের চেষ্টায় তাদৃশ ভক্তির উদ্দীপন করান সঙ্গত নহে। ঘনীভূত দধিকে মন্থন করা যায়

তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈস্তান্ন স্পৃশন্ত্যশনতৃড়্ভয়শোকমোহাঃ ॥ ৩৭ ॥
এতৈরুপদ্রুতো নিত্যং জীবলোকঃ স্বভাবজৈঃ।

অন্বয়ঃ।

পীযূষং অমৃতং, তদেব শিষাতে ইতি শেষঃ যাসু তাঃ কথালক্ষণাঃ সরিতঃ নদ্যঃ, পরিতঃ সর্ব্বতঃ, স্রবন্তি বহন্তি তাঃ সরিতঃ, যে অবিতৃষঃ অলং বুদ্ধিরহিতাঃ, সন্তঃ গাঢ়কর্ণৈঃ (গাঢ়ৈঃ সাবধানৈঃ শ্রোত্রৈঃ পিবন্তি শৃণ্বন্তি, তান্ হে নৃপ! অশনতৃড়্ভয়শোকমোহাঃ ন স্পৃশন্তি ॥ ৩৭ ॥

এতৈঃ অশনাদিভিঃ স্বভাবজৈঃ স্বতঃ সিদ্ধৈঃ, নিত্যং উপদ্রুতঃ অভিভূতঃ, জীবলোকঃ নূনং

শ্রীধরস্বামী।

তস্মিন্ স্থানে মহদ্ভির্মুখরিতাঃ কীর্ত্তিতাঃ মধুভিচ্চরিত্রমেব পীযূষং তদেব শিষ্যত ইতি শেষো যাসু অসারাংশরহিতাঃ শুদ্ধা মৃতবাহিন্য ইত্যর্থঃ। অবিতৃষঃ অলং বুদ্ধিশূন্যাঃ সন্তঃ গাঢ়ৈঃ সাবধানৈঃ কর্ণৈ র্যে তাঃ সরিতঃ পিবন্তি সেবন্তে অশনশব্দেন ক্ষুল্লক্ষ্যতে অশনাদয়স্তান্ন স্পৃশন্তি ভক্তিরসিকান্ ন বাধন্ত ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

সৎসঙ্গমন্তরেণ স্বয়মেব কথাচিন্তনাদাবালস্যাদিনা রসাবেশাভাবাচ্চ ক্ষুৎপিপাসাদ্যভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহতাং মুখে সদা তিষ্ঠন্তীত্যর্থঃ। তাএব কা তত্রাহ মধুভিচ্চরিত্রপীযূষাণাং যে শেষাঃ মহদ্ভিরাস্বাদ্যাস্বাদ্য মহাপ্রসাদীকৃতা স্তএব সরিতো মহানদ্যঃ পরিতশ্চতুর্দ্দিক্ষু প্রতিভক্তাএব স্রবন্তি তা যে পিবন্তীতি তাসাং স্বাদাধিক্যাৎ তেষাঞ্চ কৃষ্ণাধিক্যং সূচিতং। তা ইতি তাসামেকমপি কণং পরিত্যক্তুং নশক্নুবন্তীত্যনুরাগো ব্যঞ্জিতঃ। অবিতৃষঃ অলংবুদ্ধিশূন্যা গাঢ়ৈরিতি দৃঢ়ত্বেন শ্রবসংভাবনাশূন্যৈঃ। অশনতৃট্ কুত্রাদ্যভুঞ্জে ইতি ভোজনাকাঙ্ক্ষা ভয়াদয়শ্চ ন স্পৃশন্তীতি ভক্তেরেব কৃপয়া পরস্পরং ভোজিতত্বাৎ। আকিঞ্চন্যেনৈব ভয়াভাবাৎ তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মিত্যাদ্যুক্ত্যা বিস্মৃতমমতাস্পদত্বেনৈব শোকমোহাদ্যভাবাদিতি ॥ ৩৭ ॥

সৎসঙ্গমন্তরেণ স্বয়মেব হরিকথা চিন্তনাদালস্যাদিনা রসাবেশাভাবাচ্চ ক্ষুৎপিপাসাদ্যভি-

যাহারা উপেক্ষাবুদ্ধি পরিত্যাগ পূর্ব্বক অপরিতৃপ্তের ন্যায়, অতি সাবধানে সেই অমৃতরাশিকে শ্রবণেন্দ্রিয়ের দ্বারা সংগ্রহ করিতে পারেন, তাঁহাদিগকে আর ক্ষুৎপিপাসা, দুঃখভয় এবং শোকমোহ স্পর্শ করিতে পারে না ॥ ৩৭ ॥

এই সমস্ত ক্ষুৎপিপাসাদি স্বভাবনিষ্ঠ ষড়্বর্গে যাহারা সতত অভিভূত তাদৃশ প্রপীড়িত জীবগণ ভগবানের পীযূষপূর্ণ কথা বারিধিতে কখন অবগাহন

আভাস।

না এবং তাহা হইতে নবনীও মিলে না; সুতরাং মন্থন করিবার পূর্ব্বে সলিলাদির যোগে তাহাকে তরল করিয়া লইতে হয়; সেইরূপ সংসার-দাবানলে চিত্তের রস শুষ্ক হইলে, সহজে তাহাতে ভক্তির উদয় হয় না। ভক্তের রসে তাহাকে সরস করিতে হইবে; তবে তাহা মন্থনযোগ্য হয়; নতুবা পরিশ্রম নিস্ফল হইয়া যায়। দধি হইতে নবনী পৃথক্ হইলে, দধির

ন করোতি হরের্নূনং কথামৃতনিধৌ রতিং ॥ ৩৮ ॥
প্রজাপতিপতিঃ সাক্ষাদ্ভগবান্ গিরিশো মনুঃ।
দক্ষাদয়ঃ প্রজাধ্যক্ষা নৈষ্ঠিকাঃ সনকাদয়ঃ ॥ ৩৯ ॥
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুর্ব্বশিষ্ঠ ইত্যেতে মদন্তা ব্রহ্মবাদিনঃ ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

নিশ্চিতং এব হরেঃ কথামৃতনিধৌ (কথা এব অমৃতস্য নিধিঃ সমুদ্রঃ তস্মিন্) রতিং প্রীতিং ন করোতি ॥ ৩৮ ॥

প্রজাপতীনাং অপি পতিঃ ব্রহ্মাদিঃ সাক্ষাৎ ভগবান্ গিরিশঃ মহাদেবঃ, প্রজাধ্যক্ষাঃ প্রজাপতয়ঃ, নৈষ্ঠিকাঃ জন্মারভ্য ঊর্দ্ধরেতসঃ, সনকাদয়ঃ ॥ ৩৯ ॥

মদন্তাঃ (অহং নারদঃ অন্তে পশ্চাৎ যেষাং তে) এতে মরীচ্যাদিব্রহ্মবাদিনঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

ভূতস্য ভক্তির্নসম্ভবতীত্যাহ এতৈরিতি ॥ ৩৮ ॥

ভগবদনুগ্রহমন্তরেণতু ন কস্যাপি জ্ঞানসম্ভব ইতি কৈমুত্যন্যায়েনাহ চতুর্ভিঃ। প্রজাপতিপতির্ব্রহ্মা ॥ ৩৯ ॥

মদন্তা অহং নারদোঽন্তে যেষাং তে ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতস্য ভক্তি র্নপ্রায়ো বিকসতীতি ব্যঞ্জিতমেবার্থমভিধয়াপ্যাহ এতৈরিতি ॥ ৩৮ ॥

নমু তরতি শোকমাত্মবিদিতি শ্রুতে জ্ঞানিনাং কিং ভক্ত্যেতি তত্র কৈমুত্যন্যায়েন জ্ঞানিনো নৈব জানন্তীত্যাহ প্রজেতি চতুর্ভিঃ। ভগবান্ সর্ব্বজ্ঞঃ মদন্তা ইতি ন কেবলং তানেব নিন্দামি অপি স্বাত্মানমপি এতে তপো বিদ্যা সমাধিভি র্নপশ্যন্তীতি ভক্ত্যাতু পশ্যন্তীত্যর্থঃ। এতেষাং ভক্তিমত্ত্বস্যাপি প্রসিদ্ধেঃ এতে বয়ং ভক্ত্যা বিনা কে বরাকা ইতি ভাবঃ। বাচস্পতয় ইতি অন্যান্ প্রতি শাস্ত্রার্থমুপদেষ্টুং সরস্বতীপতয়ো ভবন্তি স্বয়ন্ত শাস্ত্রার্থং নৈব

করিতে পারে না এবং কোনরূপ প্রীতি বিশেষও প্রতীত করে না ॥ ৩৮ ॥

ভগবানের অনুগ্রহ ব্যতীত কাহারও জ্ঞান হওয়া সম্ভব নহে। এমন কি ! প্রজাপতি ব্রহ্মা, ভগবান্ ত্র্যম্বক, মনু এবং দক্ষাদি প্রজাপতিগণ এবং সনকাদি নৈষ্ঠিক ব্রহ্মচারিগণ ॥ ৩৯ ॥

মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু এবং বশিষ্ঠাদি ব্রহ্মবাদী ঋষিগণ ও আমি নারদ ॥ ৪০ ॥

আভাস।

যেমন ঘৃতাক্ত ভাব থাকে না; তক্রে পরিণত হইয়া যায়, সেইরূপ ভক্তহৃদয়ে বিষয়াসক্তি, এমন কি ! ক্ষুধাপিপাসার চেষ্টাও নিবৃত্ত হইয়া যায় ॥ ৩৬—৩৮ ॥

অদ্যাপি বাচস্পতয়স্তপোবিদ্যাসমাধিভিঃ।
পশ্যন্তোঽপি ন পশ্যন্তি পশ্যন্তং পরমেশ্বরং ॥ ৪১ ॥
শব্দব্রহ্মণি দুষ্পারে চরন্ত উরু বিস্তরে।
মন্ত্রলিঙ্গৈর্ব্যবচ্ছিন্নং ভজন্তো ন বিদুঃ পরং ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

বাচস্পতয়ঃ তপোবিদ্যাসমাধিভিঃ পশ্যন্তং সাক্ষিণং, পরমেশ্বরং পশ্যন্তঃ অপি অদ্যাপি সৃষ্টিমারভ্য ন পশ্যন্তি ॥ ৪১ ॥

দুষ্পারে অর্থতঃ পারশূন্যে, উরু বিস্তরে গ্রন্থতঃ অতিবিততে, শব্দব্রহ্মণি বেদাখ্যে, চরন্তঃ অপি (শ্রমেণ তদর্থং বিচারয়ন্তঃ অপি মন্ত্রলিঙ্গৈঃ মন্ত্রপ্রতিপাদিতৈঃ ইন্দ্রাদিস্বরূপৈঃ ব্যবচ্ছিন্নং পরিচ্ছিন্নং, পরং পরমাত্মানং ভজন্তঃ (অপি তত্ত্বতঃ) ন বিদুঃ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

বাচাং পতয়োঽপি তপোবিদ্যাসমাধিভিঃ উপায়ৈঃ পশ্যন্তোঽপি বিচিন্বন্তোঽপি পশ্যন্তং সর্ব্বসাক্ষিণং ন পশ্যন্তি ॥ ৪১ ॥

কুত ইত্যত আহ। শব্দব্রহ্মণি বেদে উরুর্বিস্তারো যস্য। অর্থতোঽপি পারশূন্যে তস্মিন্ বর্ত্তমানাঃ মন্ত্রাণাং লিঙ্গৈঃ বজ্রহস্তত্বাদিগুণযুক্তবিবিধদেবতাভিধানসামর্থ্যৈঃ পরিচ্ছিন্নমেবেন্দ্রাদিরূপং তত্তৎ কর্ম্মাগ্রহেণ ভজন্তঃ পরমেশ্বরং ন বিদুঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জানন্তি ভক্তিং বিনা ব্যাখ্যানাদিতি ভাবঃ অদ্যাপীতি তপ আদীনাং পরিপাকশ্চ জ্ঞাপিতঃ। অজ্ঞানস্য লক্ষণং পশ্যন্তোঽপি বিচিন্বন্তোঽপি ন পশ্যন্তীতি ॥ ৩৯—৪১ ॥

কর্ম্মিণস্তু সুতরামেব ন জানন্তীত্যাহ শব্দব্রহ্মণি বেদে দুষ্পারে অর্থতঃ উরু বিস্তর ইতি শব্দতোঽপি দুষ্পারে মন্ত্রলিঙ্গৈর্ব্বজ্রহস্তত্বাদিচিহ্নৈর্বিশিষ্টমিন্দ্রাদিকং ভজন্তঃ পরং পরমেশ্বরং ন বিদুঃ ॥ ৪২ ॥

ইহাঁরা সকলে শব্দব্রহ্মের পরপারে গমন করিয়াও এবং তপস্যা, বিদ্যা ও সমাধি দ্বারা বিশেষ যত্ন করিয়াও সর্ব্বসাক্ষী সর্ব্বান্তর্যামী ভগবানকে অদ্যাবধি দেখিয়াও দেখিতে পান নাই ॥ ৪১ ॥

অর্থত দুরবগাহ্য অতি বিস্তৃত বেদশাস্ত্রে যাহারা বিশেষ পরিশ্রমের সহিত অর্থ সংগ্রহ করিয়া থাকেন এবং মন্ত্রপ্রতিপাদিত ইন্দ্রাদি দেবতাগণের উপাসনায় যথেষ্ট যত্ন করিয়া থাকেন, তাহারাও সেই পরমাত্মস্বরূপ ভগবানের পরম তত্ত্ব অবধারণে সক্ষম হন না ॥ ৪২ ॥

আভাস।

জ্ঞানের দ্বারা মুক্তিলাভ হয় বটে, কিন্তু সে জ্ঞান ঈশ্বরে ভক্তি ও তাঁহার অনুগ্রহ ব্যতীত তাঁহার সৃষ্ট জীবে কখনই হওয়া সম্ভব নহে। সকলেই ভগবানকে ভজনা করিয়া,

যদা যস্যানুগৃহ্ণাতি ভগবানাত্মভাবিতঃ।
স জহাতি মতিং লোকে বেদেচ পরিনিষ্ঠিতাং ॥ ৪৩ ॥
তস্মাৎ কর্ম্মসু বর্হিষ্মন্নজ্ঞানাদর্থকাশিষু।
মার্থদৃষ্টিং কৃথাঃ শ্রোত্রস্পর্শিষ্বস্পৃষ্টবস্তুষু ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

আত্মভাবিতঃ (আত্মনি অন্তঃকরণে ভাবিতঃ চিন্তিতঃ) ভগবান্ যদা যস্য যং, অনুগৃহ্ণাতি সঃ লোকে লোকমর্য্যাদায়াং, বেদে বেদমর্য্যাদায়াং, পরিনিষ্ঠিতাং মতিং জহাতি ॥ ৪৩ ॥

হে বর্হিষ্মন্! তস্মাৎ অজ্ঞানাৎ অর্থকাশিষু পরমফলহেতুত্বেন প্রকাশমানেষু স্বর্গাদি-সাধনত্বেন শ্রোত্রপ্রিয়েষু শ্রোত্রস্পর্শিষু বস্তুতস্ত অস্পৃষ্টবস্তুষু (ন স্পৃষ্টং বস্ত পরমতত্ত্বং যৈঃ তেষু) কর্ম্মসু অর্থদৃষ্টিং পরমার্থসাধনবুদ্ধিং, মা কৃথাঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তর্হ্যন্যঃ কোনাম কর্ম্মাদ্যাগ্রহং হিত্বা পরমেশ্বরমেব ভজেদত আহ যদা যমনুগৃহ্ণাতি অনুগ্রহে হেতুঃ আত্মনি ভাবিতঃ সন্ স তদা লোকে লোকব্যবহারে বেদেচ কর্ম্মমার্গেচ পরিনিষ্ঠিতাং মতিং ত্যজতি ॥ ৪৩ ॥

অর্থকাশিষু পরমার্থতয়া প্রকাশমানেষু পুরুষার্থবুদ্ধিং মা কৃথাঃ প্ররোচনায় কেবলং শ্রোত্র-প্রিয়েষু নস্পৃষ্টং বস্তু যৈঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু যদি জ্ঞানিনঃ কর্ম্মিণশ্চ ন জানন্তি তদা কস্তং জানাতি ভক্ত এবেতি চেৎ স ভক্ত এব কথং স্যাৎ কেন বা চিহ্নেন স জ্ঞেয় ইত্যত আহ যদেতি আত্মনি মনসি ভাবিতঃ অর্থাদ্ভক্তৈ-রেব হে ভগবন্নিমং জনং সংসারাদুদ্ধরত্বঙ্গীকুর্ব্বিতি স্বভক্তৈর্ম্মনসি নিবেদিতো ভগবান্ যদা যস্য যমনুগৃহ্ণাতি তদৈব স ভক্তঃ লোকে লৌকিকব্যবহারে বেদেচ কর্ম্মকাণ্ডে পরিনিষ্ঠিতা-মপি মতিং ত্যজতি ॥ ৪৩ ॥

অর্থা ইব প্রকাশন্ত ইত্যর্থকাশিন স্তেষু অর্থদৃষ্টিং পুরুষার্থবুদ্ধিং প্ররোচনায় কেবলং শ্রোত্রপ্রিয়েষু ন স্পৃষ্টং বস্তু যৈস্তেষু॥ ৪৪ ॥

হৃদয়-মন্দিরে নিরন্তর চিন্তা করিলে, ভগবান্ প্রসন্ন হইয়া যাঁহাকে অনু-গ্রহ করেন, সেই ব্যক্তি লৌকিক আচরণ বা বৈদিক কর্ম্মকলাপের প্রতি যাবতীয় আকাঙ্ক্ষা পরিত্যাগ করে ॥ ৪৩ ॥

হে বর্হিষ্মন্! বেদোক্ত যজ্ঞাদি কর্ম্মকলাপে স্বর্গাদি আপাতত মনোরম বিবিধ ফলের কথা উক্ত আছে বটে, কিন্তু তাহার সহিত পরমার্থ ফলের

আভাস।

এবং তাঁহারই প্রসাদে জ্ঞানের সাক্ষাৎকারে যে সকলেই মুক্তিলাভ করিয়া থাকে, তাহাই এই শ্লোকদ্বয়ে গ্রন্থকার প্রকাশ করিয়াছেন ॥ ৩৯—৪১ ॥

স্বং লোকং নবিদুস্তে বৈ যত্র দেবো জনার্দ্দনঃ।
আহুর্ধূম্রধিয়ো বেদং সকর্ম্মকমতদ্বিদঃ॥ ৪৫॥
আস্তীর্য্য দর্ভৈঃ প্রাগগ্রৈঃ কাৎস্নেন ক্ষিতিমণ্ডলং।
স্তব্ধো বৃহদ্বধান্মানী কর্ম্মণাবৈষি যৎপরং॥ ৪৬॥

অন্বয়ঃ।

যেতু বেদং সকর্ম্মকং স্বর্গাদিসাধনকর্ম্মবোধকং এব আহুঃ তে অতদ্বিদঃ বেদার্থানভিজ্ঞাঃ, ধূম্রধিয়ঃ (ধূম্রা রাগাদিনা অচ্ছন্না ধীঃ যেষাং তে এব ভবন্তি) যতঃ যত্র আত্মতত্ত্বে বিদিতে দেবঃ জনার্দ্দনঃ বৈ বিদিতঃ ভবতি তং স্বং লোকং তে ন বিদুঃ জানন্তি॥ ৪৫॥

প্রাগগ্রৈঃ দর্ভৈঃ কুশৈঃ কাৎস্নেন সাকল্যেন, ক্ষিতিমণ্ডলং আস্তীর্য্য আচ্ছাদ্য, বৃহদ্বধাৎ

শ্রীধরস্বামী।

নমু বেদে স্বর্গাদিসাধনত্বেন উক্তানি কর্ম্মাণীত বেদবাদিনো বদন্তি কথমস্পৃষ্টবস্তুমিতি উচ্যতে তত্রাহ। যে ধূম্রধিয়ো মলিনবুদ্ধয়ঃ সকর্ম্মকং কর্ম্মপরং বেদমাহুঃ তে অতদ্বিদঃ অবেদজ্ঞাঃ যতঃ তে স্বং স্বরূপভূতং লোকং আত্মতত্ত্বং বেদতাৎপর্য্যগোচরং ন বিদুঃ যত্র দেবোঽস্তি॥ ৪৫॥

ত্বন্ত মহামূর্খ ইত্যাহ আস্তীর্য্যেতি। বৃহদ্বধাৎ বহুপশুবধাৎ মানী মহাযজ্ঞাহমিত্যহঙ্কারী। অতঃ স্তব্ধঃ অবিনীতঃ সন্ কর্ম্ম ন অবৈষি পরং বিদ্যাস্বরূপং তচ্চ ন বেৎসি॥ ৪৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু তর্হি কথমেতে মৎপুরোধসো মুনয়ো বিদ্বাংসো মাং যাগাদি কর্ম্মৈব কারয়ন্তীতি তত্রাহ স্বমিতি যত্র জনার্দ্দনো দেবো বর্ত্ততে তং লোকং বৈকুণ্ঠং স্বং স্বীয়ং স্বপ্রাপ্যং ন বিদুঃ কিন্তু স্বর্গমেব স্বং বিদুরিত্যর্থঃ। যতো ধূম্রধিয়ো মলিনবুদ্ধয়ো বেদং সকর্ম্মকং কর্ম্মপরমেবাহুঃ। অতদ্বিদঃ বেদার্থানভিজ্ঞাঃ॥ যদুক্তং ভগবতা কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি॥ ৪৫॥

ত্বন্তু তৈরনভিজ্ঞৈরধ্যাপিতো মহামূর্খ এবেত্যাহ আস্তীর্য্যেতি। বৃহদ্বধাৎ বৃহৎপশুবধাৎ। মানী মহাযজ্ঞাহমিত্যহঙ্কারী স্তব্ধোঽবিনীতঃ॥ ৪৬॥

কোন সম্পর্ক নাই। তাহারা কেবল শ্রুতিসুখকর মাত্র; সুতরাং তুমি তাদৃশ ফলোপধায়ক বেদোক্তিকে পরমার্থ সাধক বলিয়া বিবেচনা করিও না!॥ ৪৪॥

যাহাদের বুদ্ধি নিতান্ত মলিন তাহারাই কেবল বেদকে স্বর্গাদিসাধক কর্ম্মকাণ্ডের প্রবর্ত্তক মাত্র বলিয়া স্বীকার করেন; প্রকৃত প্রস্তাবে তাঁহারা বেদার্থে সম্পূর্ণ অনভিজ্ঞ। বেদোক্ত যে আত্মতত্ত্ব অবধারণ করিতে পারিলে, ভগবান্ জনার্দ্দনকে পরিজ্ঞাত হওয়া যায়, তাঁহারা বেদোক্ত সে তাৎপর্য্যের প্রতি প্রণিধান করেন না॥ ৪৫॥

তৎ কর্ম্ম হরিতোষং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া ॥ ৪৭ ॥
হরির্দেহভৃতামাত্মা স্বয়ং প্রকৃতিরীশ্বরঃ ।
তৎপাদমূলং শরণং যতঃ ক্ষেমো নৃণামিহ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ ।

বহুপশুবধাৎ, মানী মহাযজ্ঞা অহং ইতি স্তব্ধঃ অবিনীতঃ, ত্বং কর্ম্ম তথা যৎ পরং বিদ্যাস্বরূপং চ তৎ ন অবৈষি ন বেৎসি। যতঃ হরিতোষং (হরিং তোষয়তি ইতি) যৎ তৎ কর্ম্ম ; যয়া তন্মতিঃ (তস্মিন্ হরৌ মতিঃ) ভবতি সা বিদ্যা ॥ ৪৬ ॥ ৪৭ ॥

হরিঃ দেহভৃতাং প্রাণিনাং, আত্মা স্বরূপং ; ঈশ্বরঃ শুভাশুভনিয়ন্তা, স্বয়ংপ্রকৃতিঃ (তস্য অন্যঃ নিয়ন্তা নাস্তি) অতঃ তৎপাদমূলং তস্য পাদমূলং ইহ সংসারে নৃণাং শরণং আশ্রয়ঃ, যতঃ ক্ষেমং কালাদিভয়নিবৃত্তিঃ ভবেৎ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী ।

নারদঃ স্বয়ং কৃপয়া তৎ স্বয়ং নিরূপয়তি হরিং তোষয়তীতি হরিতোষং যৎ তদেব কর্ম্ম। যয়া তস্মিন্ হরৌ মতির্ভবেত্ত সৈব বিদ্যা মহাফলত্বাৎ ॥ ৪৭ ॥

কুত ইত্যপেক্ষায়াং হরেঃ পরমফলত্বং দর্শয়ন্নাহ দ্বাভ্যাং। হরির্দেহভৃতামাত্মা ঈশ্বরশ্চ। তত্র হেতুঃ স্বয়ং স্বাতন্ত্র্যেণ প্রকৃতিঃ কারণং অতস্তেষাং তৎপাদমূলমেব শরণং আশ্রয়ঃ যতো যস্মিন্ ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু তর্হি পরমেশ্বরকর্ম্ম কিং তদ্দর্শিত কৃপয়া ত্বমেব ব্রূহীত্যত আহ তদিতি অন্যৎ পুনঃ কর্ম্মৈব নোচ্যত ইতি ভাবঃ। সেতি অন্যা পুনর্বিদ্যৈব নোচ্যত ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

দেহভৃতামাত্মেতি তত্তোষং বিনা স্বস্য কথং সন্তোষো ভবিষ্যতি ভাবঃ। প্রকৃতিরীশ্বর ইতি প্রকৃতিপুরুষৌ সর্ব্বজগন্মাতাপিতরাবপি হরিরেবেত্যর্থঃ ॥ ৪৮ ॥

পূর্ব্বাগ্র কুশের দ্বারা সমগ্র ধরণীমণ্ডল সমাচ্ছাদিত করত প্রচুর পশু-হনন-বিশিষ্ট বৃহৎ যজ্ঞের অনুষ্ঠানে তুমি আপনাকে বিশেষ যশস্বী জ্ঞানে দর্পিত হইয়াছ বটে, কিন্তু প্রকৃত কর্ম্ম বা পরা বিদ্যার স্বরূপ কিছুমাত্র অবগত হইতে সক্ষম হও নাই। কারণ যে কর্ম্মের দ্বারা ভগবান্ শ্রীহরিকে পরি-তুষ্ট করা যায়, তাহাই প্রকৃত কর্ম্ম এবং যে জ্ঞানের দ্বারা ভগবানের প্রতি প্রীতি জন্মে, তাহাই যথার্থ বিদ্যা ॥ ৪৬ । ৪৭ ॥

দেহধারী প্রাণিমাত্রের অন্তরাত্মাই শ্রীহরি ; তিনিই সকলকে শুভা-শুভ ফল প্রদান করিয়া থাকেন। তাঁহার আর অন্য কেহ নিয়ন্তা নাই। এই ভীষণ সংসার-ক্ষেত্রে পতিত মানবের পক্ষে তাঁহার চরণে শরণ লইলে, অনিবার্য্য কালভয়েরও নিবারণ হইয়া থাকে ॥ ৪৮ ॥

স বৈ প্রিয়তমশ্চাত্মা যতো ন ভয়মণ্বপি।
ইতি বেদ স বৈ বিদ্বান্ যো বিদ্বান্ স গুরুর্হরিঃ ॥ ৪৯ ॥
প্রশ্ন এবং হি সংছিন্নো ভবতঃ পুরুষর্ষভ ॥ ৫০ ॥
অত্র মে বদতো গুহ্যং নিশাময় সুনিশ্চিতং ॥ ৫১ ॥

অন্বয়ঃ।

যতঃ ভগবতঃ, সকাশাৎ অণু অপি ভয়ং ন ভবতি সঃ আত্মা বৈ এব প্রিয়তমঃ, ইতি যঃ বেদ সঃ এব বিদ্বান্ সঃ এব গুরুঃ সঃ এব হরিঃ ॥ ৪৯ ॥

এবং উক্তপ্রকারেণ হি ভবতঃ প্রশ্নঃ সংছিন্নঃ দত্তোত্তরঃ; হে পুরুষর্ষভ পুরুষশ্রেষ্ঠ! অত্র ভবোদ্ধারার্থং কর্ত্তব্যনির্দ্ধারণে বিষয়ে সুনিশ্চিতং মহদ্ভির্নির্দ্ধারিতং, গুহ্যং অপ্রসিদ্ধং, উপায়ং বদতঃ মে বচনং নিশাময় শৃণু ॥ ৫০ ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

নচ তদ্ভজনেঽন্যভজন ইব দুঃখং ভয়ঞ্চেতি আহ স ইতি। ইতি যো বেদ স এব বিদ্বান্ স গুরুরেব হরিশ্চ ॥ ৪৯ ॥

উক্তমুপসংহরতি। এবং ভবতঃ প্রশ্নঃ সংচ্ছিন্নঃ পরিহৃতঃ ॥ ৫০ ॥

তদেবমাত্মনো বন্ধমোক্ষপ্রকারে কথারূপকেণ কথিতেঽপি নাতিনির্ব্বিন্নচিত্তং পুত্রাগমনং প্রতীক্ষমাণং সন্তং তৎক্ষণমেব মহাভয়প্রকম্পিতসকলগাত্রং গৃহান্নির্ব্বাসয়িতুং হরিণরূপকমাহ অত্রেতি বদতো মে বচঃ শৃণু ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স হরিরেব প্রিয়তম আত্মা অসৌ জীবস্ত প্রিয় এবেত্যর্থঃ। তত্র হেতুঃ যতো যদ্ভজনাৎ অস্য জীবাত্মনস্য স্বর্গাদিভোগপ্রদানরূপাদ্ভজনাদ্দুঃখমেব ভবতীত্যর্থঃ। ইতি বিভেদেনৈবাত্মদ্বয়ং যো বেদ সএব বিদ্বান্ ত্বয়া জ্ঞেয়ঃ। য এবং বিদ্বান্ সএব ত্বয়া গুরুরাশ্রয়ণীয়ঃ। য এবং গুরুঃ সএব হরি স্তুয়োপাসনীয় ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

উক্তমর্থমুপসংহরতি প্রশ্নঃ সংছিন্নঃ পরিহৃতঃ ॥ ৫০ ॥

তদেবং পুরঞ্জনোপাখ্যানেন বৈরাগ্যভক্তিভ্যামাত্মন উদ্ধারপ্রকারমবগম্যাপি প্রস্থাপ্যমানৈর্দূতৈঃ পুত্রানানীয় রাজ্যেঽভিষিচ্য প্রব্রজিষ্যামীতি মনসি বিচারয়ন্তং রাজানমভিমৃশ্য তং সদ্যএব গৃহান্নিঃসারয়িতুং পুনর্হরিণরূপককথামাহ অত্র বদতো মে গুহ্যং বচঃ শৃণু ॥ ৫১ ॥

ভগবান্ জীবের অন্তরাত্মা এবং তাহার প্রাণ অপেক্ষাও প্রিয়তম; তৎসমীপে জীবের কণামাত্র ভয়েরও সম্ভাবনা নাই, এরূপ যিনি পরিজ্ঞাত হইয়াছেন, তিনিই প্রকৃত পণ্ডিত; তিনিই যথার্থ গুরু এবং ভগবান্ শ্রীহরির স্বরূপ ॥ ৪৯ ॥

হে বর্হিষ্মন্! এতদ্দ্বারা আমি তোমার প্রশ্নের যথাযথ উত্তর প্রদান করিলাম। সম্প্রতি তোমার উদ্ধারের উপায় অবধারণার্থ মহাজনোক্ত অতি

ক্ষুদ্রংচরং সুমনসাং শরণে মিথিত্বা রক্তং ষড়ঙ্‌ঘ্রিগণসামসু লুব্ধকর্ণং।
অগ্রে বৃকানসুতৃপোঽবিগণয্য যান্তং পৃষ্ঠে মৃগং মৃগয় লুব্ধকবাণভিন্নং ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

ক্ষুদ্রংচরং (ক্ষুদ্রং অল্পং চরতীতি তং) সুমনসাং পুষ্পাণাং, শরণে আশ্রমে বাটিকায়াং, মিথিত্বা মিথঃ পরস্পরং স্ত্রিয়া সহ মিলিত্বা, রক্তং আসক্তং, ষড়ঙ্‌ঘ্রিগণসামসু (ষড়ঙ্‌ঘ্রিগণানাং ভ্রমরসমূহানাং সামসু গীতেষু লুব্ধকর্ণং (লুব্ধঃ কর্ণঃ যস্য তং) অসুতৃপঃ (পরেষাং মাংসাদিভিঃ স্বকীয়ান্ অসূন্ তর্পয়ন্তি যে তান্) বৃকান্ অগ্রে অবিগণয্য অগণয়িত্বা, যান্তং বিচরন্তং, পৃষ্ঠে পৃষ্ঠতঃ, লুব্ধকবাণভিন্নং (লুব্ধকবাণেন ভিন্নং বিদীর্ণং) মৃগং মৃগয় ত্বং অন্বেষয় ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

ক্ষুদ্রমল্পং চরতীতি তথা তং অলুক। সুমনসাং পুষ্পাণাং শরণে আশ্রমে বাটিকায়াং মিথিত্বা মিথঃ পরস্পরং স্ত্রিয়া সহ মিলিত্বা তত্রৈব রক্তমাসক্তং ষড়ঙ্‌ঘ্রয়ো ভ্রমরাস্তেষাং গণাঃ তেষাং সামসু গীতেষু লুব্ধঃ কর্ণো যস্য তং। পরেষামসুভির্জ্জৈঃ স্বীয়ানসূন্ তর্পয়ন্তীত্য-সুতৃপঃ তান্ অবিগণয্য অগণয়িত্বা লুব্ধকস্য বাণেন ভিন্নং মৃগং মৃগয় অন্বেষয় ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষুদ্রমিতি মৃগং হরিণং মৃগয়স্ব বিপত্তিমজানন্তং সদ্য এব মরিষ্যন্তং অন্বেষয়। কীদৃশং ক্ষুদ্রং দূর্ব্বাদযবসং চরতীতি তথা তং। মুমাগম আর্ষঃ। সুমনসাং পুষ্পাণাং শরণে উদ্যানে মিথিত্বা স্ত্রিয়া সহ মিথুনীভূয় রক্তমাসক্তং সামসু সঙ্গীতেষু অগ্রে তং ভক্ষয়িতুমেব নিলীনান্ বৃকান্। অজ্ঞানাদেব অবিগণয্য যান্তং পৃষ্ঠেতু নিলীয় বর্ত্তমানস্য লুব্ধকস্য বাণৈ-র্ভিন্নং ভিন্নপ্রায়ং অন্বেষয়। তেন শীঘ্রমিমং পুষ্পোদ্যানাদন্যত্র নয় অন্যথা বৃকা লুব্ধকাশ্চৈনং হনিষ্যন্তোবেতি ভাবঃ ॥ ৫২ ॥

গুহ্য উপায় বলিতেছি, তুমি বিশেষ সতর্কতার সহিত আমার উপদেশ-বাক্যের প্রতি মনোযোগ কর ॥ ৫০ ॥ ৫১ ॥

হে মহারাজ! ঐ সামান্য তৃণভোজন-প্রার্থী মৃগের প্রতি দৃষ্টিপাত কর! ঐ দেখ! মৃগটী হরিণীর সহিত মিলিত হইয়া, ভ্রমরকুল-নিনাদিত পুষ্প-বাটিকার অভিমুখে ধাবিত হইতেছে, অথচ সম্মুখে মাংস-লোলুপ ব্যাঘ্রসমূহ যে বিচরণ করিতেছে এবং পশ্চাতে কালান্তক সদৃশ ব্যাধ বাণপ্রহারে তাহার জীবন যে হরণ করিবার উদ্‌যোগ করিতেছে, এতদুভয়ের প্রতি তাহার কোনরূপ ভ্রূক্ষেপও নাই ॥ ৫২ ॥

হে নরনাথ! সামান্য মৃগকে লক্ষ্য করিয়া, বলিতেছি না! ঐ মৃগই জীব! পুষ্পের তুল্য ধর্ম্মবিশিষ্ট নারীকুলের আশ্রমে আনন্দ-ভিক্ষায় অগ্রসর হইতেছে; পুষ্পমধুর গন্ধসদৃশ অতি তুচ্ছ অকিঞ্চিৎকর কাম্য কর্ম্মের ভোগ-

সুমনঃসধর্ম্মণাং স্ত্রীণাং শরণ আশ্রমে পুষ্পমধুগন্ধবৎ ক্ষুদ্রতমং কাম্যকর্ম্ম-বিপাকজং কামসুখলবং জিহ্বোপস্থাদিভি র্বিচিন্বন্তং মিথুনীভূয় তদভি-নিবেশিতমনসং ষড়ঙ্ঘ্রিগণসামগীতবদতিমনোহর-বনিতাদি-জনালাপেষ্বতি-তরাং প্রলোভিতকর্ণমগ্রে বৃকযূথবদাত্মন আয়ুর্হরতোঽহোরাত্রাদি-কাল-বিশেষানবিগণয্য গৃহেষু বিহরন্তং পৃষ্ঠত এব পরোক্ষমনুপ্রবৃত্তো লুব্ধকঃ কৃতান্তোঽন্তঃ শরেণ্যমিহ পরাবিধ্যতি তমিমমাত্মানমহো রাজন্ ভিন্নহৃদয়ং দ্রষ্টুমর্হসীতি যথা মৃগয়ুহতং মৃগমিতি ॥ ৫৩ ॥

অন্বয়ঃ।

সুমনঃসধর্ম্মণাং (সুমনোভিঃ সমানঃ পরিণামবিরসত্বাদিধর্ম্মঃ যাসাং তাসাং) স্ত্রীণাং শরণে গৃহে, ক্ষুদ্রতমং অতিতুচ্ছং অভিনিবেশিতমনসং (তাসু স্ত্রীষু অভিনিবেশিতং মনো যেন তং) লুব্ধকঃ যমঃ, অন্তঃ অন্তঃকরণে হৃদয়ে, শরেণ অলক্ষিতমরণব্যাপারেণ, অহোরাত্রাদি কালঃ এব অগ্রতঃ আয়ুঃ হরতঃ বৃকান্ ॥ ৫৩ ॥

শ্রীধরস্বামী।

শ্লোকং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে সুমনোভিঃ সমানো ধর্ম্মঃ পরিণামবিরসত্বং যাসাং স্ত্রীণাং মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহ ইতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাস্বভি-নিবেশিতং মনো যেন। অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা অয়ুর্হরত ইতি। যান্তমিত্যস্য ব্যাখ্যা বিহ-রন্তমিতি। অন্তর্নালিকায়াং গূঢ়েন শরেণ পরাবিধ্যতি দূরাদেব তাড়য়তি ॥ ৫৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্লোকমিমং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে। অত্র সুমনসাং শরণে ইত্যস্য ব্যাখ্যা সুমনঃ-সধর্ম্মণামিতি পরিণামবিরসত্বাৎ নবমালিকাপুষ্পতুল্যানাং ক্ষুদ্রংচরন্তমিত্যস্য ব্যাখ্যা পুষ্পমধ্বিত্যাদি মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহেতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাসু স্ত্রীষ্বেব অভিনিবেশিতচিত্তং অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা আয়ুর্হরত ইতি যান্তমিত্যস্য ব্যাখ্যা বিহরন্তমিতি অতিতরামিত্যস্যৈব বিশেষণং। অন্তঃ শরেণ অন্তর্নালিকায়াং গূঢ়েন শরেণ অল-ক্ষিতেন মরণব্যাপারেণেত্যর্থঃ। দ্রষ্টুমর্হসীতি দৃষ্ট্বা চ শীঘ্রমিমমঙ্গনাশ্রমাদ্বাহিষ্কুরু। তদৈ-বান্তকহস্তাদসৌ চ্যুতো ভবিষ্যতীতি ভাবঃ ॥ ৫৩ ॥

জনিত কামভোগোৎপন্ন রসনা ও উপস্থাদি ইন্দ্রিয়ের চরিতার্থতার জন্য ব্যাকুলহৃদয়ে বনিতার সমীপে অগ্রসর হইতেছে। ভ্রমরকুলের মধুর গুঞ্জনের কথা যাহা বলিয়াছি, তাহা জীবের পক্ষে পুত্র কলত্রাদি স্বজনবর্গের আত্মীয়তা-সূচক কলভাষণই বুঝিবেন। অহো! বৃককুল যেমন হরিণের প্রাণহরণার্থ ইতস্তত বিচরণ করে, সেইপ্রকার দিবারাত্রিরূপ কাল নিরন্তর পরিভ্রমণ করত জীবের আয়ু হরণ করিয়া থাকে; কিন্তু জীব দিন দিন নিজের আয়ুহ্রাসের

স ত্বং বিচক্ষ্য মৃগচেষ্টিতমাত্মনোঽন্তশ্চিত্তং নিযচ্ছ হৃদি কর্ণধুনীঞ্চ চিত্তে।
জহ্যঙ্গনাশ্রমমসত্তমযূথগাথং প্রীণীহি হংসশরণং বিরম ক্রমেণ ॥ ৫৪ ॥

অন্বয়ঃ।

সঃ ত্বং মৃগচেষ্টিতং বিচক্ষ্য (তথা তেন মৃগবৃত্তান্তেন) আত্মনঃ অন্তঃ হৃদি, চিত্তং নিযচ্ছ (বহির্বিষয়াৎ নিবৃত্তং কৃত্বা স্থাপয়)। কর্ণধুনীং (কর্ণয়োঃ ধুনীং বহির্বৃত্তিং) চিত্তে নিযচ্ছ। অসত্তমযূথগাথং (অসত্তমানাং ভগবদ্বিমুখানাং যানি যূথানি তেষাং গাথা বার্ত্তা যস্মিন্ তৎ) অঙ্গনাশ্রমং স্ত্রীপ্রধানং গৃহং, জহি পরিত্যজ। হংসানাং শুদ্ধানাং শরণং আশ্রয়ং ভগবন্তং প্রীণীহি প্রসাদয়। এবং ক্রমেণ (সংসারদুঃখাৎ) বিরম নিবৃত্তঃ ভব ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

উপদেশসারমাহ স ইতি বিচক্ষ্য বিচার্য্য অন্তর্হৃদি চিত্তং কর্ণয়োর্ধুনীং নদীমিব বহির্বৃত্তিং চিত্তে নিযচ্ছ। এতচ্চ সর্ব্বেন্দ্রিয়োপলক্ষণার্থং গৃহাশ্রমঞ্চ জহি কীদৃশং অসত্তমানামতিকামুকানাং যানি যূথানি তেষাং গাথা বার্ত্তা যস্মিন্। হংসানাং জীবানাং শরণমীশ্বরং এবং ক্রমেণ সর্ব্বতো বিরম ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যঞ্জিতমর্থমভিধয়াপি স্পষ্টমাহ স ত্বমিতি বিচক্ষ্যেত্যার্থং বিচার্য্য অন্তর্হৃদি চিত্তং মনো-নিযচ্ছ কর্ণয়োর্ধুনীং নদীমিব অপাম সোমমমৃতা অভূমেত্যাদি ফলশ্রুতিং চিত্তে নিযচ্ছ লীনী কুর্ব্বিতি ফলশ্রুতে র্বিচারাসহত্বেন বৈয়র্থ্যাদিতি ভাবঃ। হংসানাং শরণং পর্ণশালাং ভগবন্তং প্রতি প্রীণীহি। প্রীণয়েতি বা ক্রমেণ বিষয়ানন্দাদ্বিরম ॥ ৫৪ ॥

প্রতি দৃষ্টি করিতেছে না; এবং কৃতান্ত যে পৃষ্ঠদেশে রোগাদির প্রদানে জীবন হরণ করিবে, তাহাও একবার স্মরণ না করিয়া, কেবল অকিঞ্চিৎকর ভোগের প্রতিই ধাবিত হয় ॥ ৫৩ ॥

হে রাজেন্দ্র! আপনি ঐ মৃগতুল্য জীবের আচরণের প্রতি দৃষ্টি করুন্! মৃগব্যাপার হৃদয়ে আলোচনা করিয়া, বহির্বিষয় হইতে চিত্তকে আকৃষ্ট করত, অন্তরে স্থাপন করুন্! মনোমধ্যে শ্রুত বিষয়ের বিশেষ আলোচনা করত চিত্তকে সমাহিত করুন্! ভগবদ্বিমুখ বিষয়লম্পট ব্যক্তিগণের বার্ত্তায় ব্যাপৃত স্ত্রীপ্রধান গৃহকে সত্বর পরিহার পূর্ব্বক, বিশুদ্ধচেতা পরম-হংসগণের একান্ত-শরণ ভগবানে চিত্ত সমর্পণ করুন্! তাঁহাকে প্রসন্ন করিবার নিমিত্ত যত্ন করুন্! এইরূপ আচরণ করিলে, ক্রমশ এই অনন্ত সংসারদুঃখ হইতে নিষ্কৃতি লাভে সমর্থ হইবেন ॥ ৫৪ ॥

আভাস।

মৃগ-দৃষ্টান্তের সার উপদেশ এই যে, হে নরনাথ! জীবের পরিণাম চিন্তা করিয়া, আপনাকে নিরয়-গমন হইতে রক্ষা করুন! বিষয়াসক্তিই অধোগমনের প্রধান কারণ! অতএব

রাজোবাচ ॥

শ্রুতমন্বীক্ষিতং ব্রহ্মন্ ভগবান্ যদভাষত।

নৈতজ্জানন্ত্যুপাধ্যায়াঃ কিং ন ব্রূয়ুর্বিদুর্যদি ॥ ৫৫ ॥

সংশয়োঽত্র তু মে বিপ্র সংছিন্নস্তৎকৃতো মহান্।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! ভগবান্ সর্ব্বজ্ঞঃ ভবান্, যৎ আত্মতত্ত্বং অভাষত তৎ ময়া শ্রুতং অন্বীক্ষিতং বিচারিতং চ। এতৎ ত্বদুক্তং আত্মতত্ত্বং মম উপাধ্যায়াঃ কর্ম্মোপদেষ্টারঃ যে আচার্য্যাঃ, তে ন জানন্তি, যদি তে জানন্তি বিদুঃ, তর্হি কিং ন ব্রূয়ুঃ ॥ ৫৫ ॥

হে বিপ্র! অত্র আত্মতত্ত্বে তৎকৃতঃ (তৈঃ উপাধ্যায়ৈঃ বাক্যবিরোধেন কৃতঃ অসম্ভাবনাদি-

শ্রীধরস্বামী।

অর্থান্তরং প্রষ্টুং পূর্ব্বোক্তমর্থমনুবদতি শ্রুতমিতি। অন্বীক্ষিতং বিচারিতং চ ব্রহ্মন্ নারদ। এতৎ ত্বদুক্তমাত্মতত্ত্বমুপাধ্যায়া যে মম কর্ম্মোপদেষ্টার আচার্য্যা স্তে ন জানন্তি ॥ ৫৫ ॥

অতস্তৎকৃত উপাধ্যায়কৃতঃ তদ্বাক্যবিরোধেনাত্মতত্ত্বেঽসম্ভাবনারূপো মহান্ সংশয়ঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্ভগবানভাষত তৎশ্রুতং অনু পশ্চাদীক্ষিতং বিচার্য্য সাক্ষাৎকৃতং চ যে মুনয়োঽত্রত্যা মাং কর্ম্মাধ্যাপয়ন্তি তে এতন্ন জানন্তি। যদিচ জানন্তি তর্হি কিং নব্রূয়ুরতোঽদ্যারভ্য ত্বমেব মে গুরুরভূরিতি ভাবঃ ॥ ৫৫ ॥

অত স্তৎকৃত উপাধ্যায়কৃতঃ তদ্বাক্যবিরোধেন ভক্তিজ্ঞানবৈরাগ্যেষ্বসংভাবনারূপো যঃ

রাজা প্রাচীনবর্হি বলিলেন, হে ব্রহ্মন্! আপনি সর্ব্বজ্ঞ! আপনার কিছুই অবিদিত নাই; আপনি যে আত্মতত্ত্বের বিষয় আমাকে উপদেশ দিলেন, আমি তাহা শ্রবণ করিলাম এবং মনে মনে বিচারও করিলাম বটে; কিন্তু এক্ষণে দেখিতেছি যে, আমার কর্ম্মোপদেষ্টা আচার্য্যগণ এই আত্মতত্ত্ব সম্বন্ধে সম্পূর্ণ অনবগত; কারণ যদি তাঁহারা ইহা জানিতেন, তাহা হইলে তাঁহারা আমাকেও ইহার উপদেশ প্রদান করিতেন ॥ ৫৫ ॥

আভাস

আপনার চিত্তরূপ হ্রদের সলিলকে আর ইন্দ্রিয়-প্রণালিকাযোগে বাহিরে নির্গত হইতে দিবেন না! বেদোক্ত কর্ম্মকাণ্ডের মন্ত্রে যে সকল ফলশ্রুতির কথা উক্ত আছে, তাহার প্রতি আস্থা করিবেন না; সে কেবল কামুক জনের চিত্তবিনোদনার্থ মাত্র। যাহাতে তাহারা তাদৃশ ফলপ্রাপ্তির উপলক্ষেও ভগবানকে ভজনা করে, সেই নিমিত্ত ভগবান্ তাদৃশ কর্ম্মীকে ফল প্রদান করিয়া থাকেন মাত্র। তুমি যদি এই সংসার হইতে অব্যাহতিলাভের বাসনা কর, তবে নিষ্কামভাবে কর্ম্মের অনুষ্ঠান কর এবং ভক্ত পরমহংসগণের পর্ণশালায় উপস্থিত হইয়া, ভগবানের অন্বেষণ কর এবং এই প্রকারে বিষয়ানন্দ হইতে ক্রমশঃ নিবৃত্ত হও! ॥ ৫৪ ॥

ঋষয়োঽপি হি মুহ্যন্তি যত্র নেন্দ্রিয়বৃত্তয়ঃ ॥ ৫৬ ॥
কর্ম্মাণ্যারভতে যেন পুমানিহ বিহায় তৎ ।
অমুত্রান্যেন দেহেন জুষ্টান্যসকৃদশ্নুতে ॥ ৫৭ ॥

অন্বয়ঃ ।

রূপঃ) মহান্ মে মম সংশয়ঃ তু ত্বয়া সংছিন্নঃ নিরস্তঃ, যত্র আত্মতত্ত্বে ঋষয়ঃ অপি মুহ্যন্তি যত্র চ ইন্দ্রিয়বৃত্তয়ঃ ন প্রভবন্তি ॥ ৫৬ ॥

যেন দেহেন, ইহ অস্মিন্ লোকে পুমান্ কর্ম্মাণি আরভতে করোতি, তৎ দেহং, অত্রৈব বিহায় অমুত্র স্বর্গনরকাদৌ লোকান্তরে, অন্যেন কর্ম্মোপস্থাপিতেন, দেহেন জুষ্টানি কর্ম্ম-ফলানি সুখদুঃখাদীনি, সঃ জীবঃ অশ্নুতে ইতি যৎ ॥ ৫৭ ॥

শ্রীধরস্বামী ।

সংছিন্ন স্বয়া, অত্র কশ্চিৎ সংশয়ো বর্ত্ততে যত্রেন্দ্রিয়বৃত্তীনামপ্রবৃত্তে র্মুহ্যন্তি ॥ ৫৬ ॥

সংশয়মাহ দ্বাভ্যাং । কর্ম্মাণি যেন দেহেন করোতি তমত্রৈব বিহায় অমুত্র লোকান্তরে কর্ম্মোপস্থাপিতেনান্যেন দেহেন জুষ্টান্যুপভুক্তানি জীবোঽশ্নুতে প্রাপ্নোতি ॥ ৫৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সংশয় আসীৎ স ত্বয়া বিশেষেণ প্রকর্ষেণ সম্যক্ প্রকারেণ ছিন্নঃ যত্র যেষু ইন্দ্রিয়বৃত্তয়োঽপি ন প্রভবন্তি যে জিতেন্দ্রিয়া ইত্যর্থঃ । তে ঋষয়োঽপি হি নিশ্চিতং মুহ্যন্তি মোহাদেব কর্ম্ম কুর্ব্বন্তি মদ্বিধান্ কর্ম্মকারয়ন্তি চ তর্হি মদ্বিধানাং কা বার্ত্তেতি ভাবঃ ॥ ৫৬ ॥

কিঞ্চ কর্ম্মবর্ত্মন্যেকঃ সংশয়ো বর্ত্ততে তমপি সংছিন্ধীত্যাহ কর্ম্মাণি যেন দেহেন কুরুতে পুমান্ জীবস্তং দেহমিহৈব বিহায় অমুত্র লোকান্তরে অন্যেন দেহেন জুষ্টানি উপভুক্তানি স্বর্গনরকাদীনি অশ্নুতে প্রাপ্নোতি ইতি বাদঃ শ্রূয়তে স কথং সঙ্গচ্ছতে নহ্যন্যেন ক্রিয়তে-ঽন্যেন ভুজ্যতে ইত্যুচিতমিতি ভাবঃ ॥ ৫৭ ॥

হে বিপ্র ! আচার্য্যগণের বাক্যভেদ-প্রসঙ্গে এই আত্মতত্ত্ব-সম্বন্ধে আমার বিলক্ষণ সন্দেহ ছিল। সম্প্রতি আপনার কথায় আমার সেই সকল সন্দেহ অদ্য অপনোদিত হইল। ইহা অতি গুরুতর বিষয়; ইহাতে ইন্দ্রিয় প্রবেশ করে না; অধিক কি ! ঋষিগণও এই আত্মতত্ত্বের উপযুক্ত মীমাংসা করিতে সমর্থ হন না ॥ ৫৬ ॥

এক্ষণে আপনার নিকট জিজ্ঞাস্য এই যে, মানব এই জগতে যে দেহের দ্বারা কর্ম্মের অনুষ্ঠান করে, মৃত্যুকালে সে দেহ এই স্থানেই পরিত্যাগ পূর্ব্বক লোকান্তরে গমন করে; এবং তথায় অন্যবিধ দেহ ধারণে এই সকল কর্ম্মের ফল ভোগ করে, এইরূপ— ॥ ৫৭ ॥

বেদান্তবাদিগণের যে মত শুনা যায়, তাহা কিরূপে সঙ্গত হইতে পারে?

ইতি বেদবিদাং বাদঃ শ্রূয়তে তত্র তত্রহ ॥ ৫৮ ॥
কর্ম্ম যৎ ক্রিয়তে প্রোক্তং পরোক্ষং ন প্রকাশতে ॥ ৫৯ ॥

অন্বয়ঃ।

বেদবিদাং ইতি বাদঃ যৎ শ্রূয়তে; তত্র তত্র চ প্রোক্তং বেদোক্তং কর্ম্ম যৎ ক্রিয়তে তৎ (ক্ষণান্তরে) পরোক্ষং অদৃশ্যং সৎ ন প্রকাশতে (সূক্ষ্মরূপত্বেন অন্যত্র সঞ্চারণাসম্ভবাৎ কথমন্যেন দেহেন তদ্ভোগঃ সম্ভবতি) ॥ ৫৮ ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

ইতি বাদঃ শ্রূয়তে। প্রাপ্য পুণ্যকৃতাং লোকানিতি। শরীরজৈঃ কর্ম্মদোষৈর্যাতি স্থাবরতাং নর ইতি। ত্বয়া চোক্তং শাশ্বতীরনুভূয়ার্ত্তিমিতি। এতচ্চ কর্ত্তৃভোক্তৃদেহভেদেন কৃতনাশাকৃতাভ্যাগমপ্রসঙ্গান্ন সংগচ্ছত ইতি ভাবঃ ॥ ৫৮ ॥

সংশয়ান্তরমাহ প্রোক্তং বেদোক্তং কর্ম্ম ক্রিয়তে জনৈঃ তচ্চ অনন্তরক্ষণএব পরোক্ষং অদৃশ্যং সন্ন প্রকাশতে অতঃ কর্ম্মণো নষ্টত্বাৎ তৎভোগোহপ্যতিদুর্ঘট ইতি ভাবঃ ॥ ৫৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংশয়ান্তরমাহ কর্ম্মপ্রোক্তং বেদোক্তং ক্রিয়তে জনৈঃ। তচ্চ সমনন্তরক্ষণএব পরোক্ষং স্যাত্তজ্জনামদৃষ্টং যত্তস্যাপি সত্বে প্রমাণাদর্শনাত্তদপি ন প্রকাশতে অতো লোকান্তরে কথং তৎফলস্য ভোগ ইতি ॥ ৫৮ ॥ ৫৯ ॥

কারণ পূর্ব্বজন্মে বেদোক্ত বা বিহিত যে কোন কর্ম্মের অনুষ্ঠান করা যায়, ক্রিয়াসমাপনান্তে তৎক্ষণাৎ তাহার ধ্বংস উপস্থিত হয়। পুনরায় তাহার উদয়ের সম্ভাবনা থাকে না। ক্রিয়াসমূহ সূক্ষ্ম মূর্ত্তিতে অন্যত্র সঞ্চারিত হয়, এরূপ প্রমাণও কোথায় দেখা বা শুনা যায় না। তখন অন্য দেহে যে সেই ক্রিয়ার ফল উপভুক্ত হইবে, কি প্রকারে ইহার সঙ্গতি হওয়া সম্ভব ? ॥ ৫৮ ॥ ৫৯ ॥

আভাস।

রাজা প্রাচীনবর্হি নারদের বাক্যে বিশেষ সন্তুষ্ট হইয়াছিলেন বটে, কিন্তু তথাপি তাঁহার সকল সংশয় দূর হয় নাই। তিনি অশ্রুতপূর্ব্ব আত্মতত্ত্বের বিষয় শ্রবণ করিয়া, যেমন প্রসন্ন ও আশ্বস্ত হইলেন, কিন্তু কর্ম্মের ফল জীব যে কি প্রকারে ভোগ করে, তাহার ক্রম অবধারণ করিতে সক্ষম না হইয়া, কিছু বিষণ্ণও হইলেন; সেই জন্য দেবর্ষি নারদকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! জীব যে দেহে কর্ম্ম করে, মৃত্যুর পর আবার অন্য দেহে তাহার ফলভোগ করে, একথা কিরূপে সঙ্গত হয়। আপনিই বলিয়াছেন, দেহান্তে স্বর্গাদি পুণ্যভূমে জন্ম পরিগ্রহ করত বিবিধ পুণ্যফল এবং নরকাদি যোনিতে বিবিধ যাতনা জীব ভোগ করিয়া থাকে। এইরূপ উক্তিতে কৃতকর্ম্মের নাশ এবং অকৃত কর্ম্মের ফলপ্রাপ্তি ঘটিয়া যায়। কারণ কর্ত্তৃদেহ ও ভোক্তৃদেহ সম্পূর্ণ পৃথক্। দ্বিতীয়ত কর্ম্মও ক্ষণধ্বংসি; কার্য্যকাল অতীত হইলে, কর্ম্মের আর স্বরূপ থাকে না; তখন সে উত্তরকালে কি প্রকারে ফল-প্রসবের দ্বারা জীবের

নারদ উবাচ ।

যেনৈবারভতে কর্ম্ম তেনৈবাঽমুত্র তৎপুমান্।
ভুঙ্‌ক্তে হ্যব্যবধানেন লিঙ্গেন মনসা স্বয়ং ॥ ৬০ ॥

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। হি যস্মাৎ, যেন এব মনসা মনঃপ্রধানেন, লিঙ্গেন লিঙ্গদেহেন, বিশিষ্টঃ, পুমান্ জীবঃ ইহ কর্ম্ম আরভতে করোতি, অব্যবধানেন বিচ্ছেদশূন্যেন, তেন এব লিঙ্গদেহেন বিশিষ্টঃ স্বয়ং কর্ত্তা অমুত্র স্বর্গনরকাদৌ পরলোকাদৌ, তৎ কর্ম্মফলং, ভুঙ্‌ক্তে ॥ ৬০ ॥

শ্রীধরস্বামী।

প্রথমস্যোত্তরমাহ যেনৈবেতি। অব্যবধানেন কর্ত্তৃভোক্তৃদেহবিচ্ছেদং বিনা স্থূলদেহ-নাশেঽপি মনঃপ্রধানস্য লিঙ্গদেহস্যানাশান্নোক্তদোষপ্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ৬০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রথমস্যোত্তরমাহ যেনৈবেতি লিঙ্গেন লিঙ্গদেহেন মনসা মনঃপ্রধানেন পাপপুণ্যয়োর্মনঃ-প্রধানৈরিন্দ্রিয়ৈরেব করণাৎ তৎফলয়োঃ স্বর্গনরকয়োরপীন্দ্রিয়ৈরেব ভোগাৎ ন বিদ্যতে ব্যবধানং যস্য তেনাব্যবধানেন লিঙ্গেনেতি স্থূলদেহস্য তত্র ব্যবধায়কত্বাশক্তেঃ ॥ ৬০ ॥

এতদুত্তরে নারদ বলিলেন, হে নরনাথ! জীব যে মনঃপ্রধান লিঙ্গদেহের সাহায্যে অর্থাৎ তৎসহ অভেদচিন্তনে কার্য্যের অনুষ্ঠান করে, মৃত্যুর পর লোকান্তরে গমন করিলেও সেই লিঙ্গদেহের সহিত তাহার বিয়োগ ঘটে না; সুতরাং লিঙ্গদেহের আশ্রয়ে অভিমানবশত যেমন পূর্ব্বজন্মে আপনাকে কর্ত্তা বলিয়া জ্ঞান করিয়াছিল, পরে জন্মান্তরে সেইরূপ পূর্ব্বকৃত কর্ম্মের ফল-ভোক্তা হইতে তাহার পক্ষে কোনরূপ প্রতিবন্ধক থাকে না। ৬০ ॥

আভাস।

গতির ব্যবস্থা করিতে পারে ॥ ৫৭—৫৯ ॥

এতদুত্তরে নারদ প্রথম প্রশ্নের মীমাংসার্থ বলিলেন যে, মৃত্যুতে জীবের স্থূলদেহ বিনষ্ট হইলেও সূক্ষ্ম লিঙ্গদেহের বিনাশ হয় না। যেমন যুদ্ধক্ষেত্রে সংগ্রামকারী সৈন্যকুলের মৃত্যু প্রভৃতিতে জয় বা পরাজয় রাজাকেই স্পর্শ করে, সেইরূপ দেহের অভ্যন্তরে বিদ্যমান থাকিয়া যে লিঙ্গদেহ স্থূল ইন্দ্রিয়বর্গকে কার্য্য করায়, মৃত্যুতে উপস্থিত স্থূলদেহের বিনাশ হইলেও, ভোগার্থ সে লিঙ্গদেহ চিরকাল বিদ্যমান থাকে। তবে রাজা যেমন এক কর্ম্মচারীর দ্বারা প্রজাবর্গকে ধন দান করেন এবং অপরের দ্বারা কর গ্রহণ করেন, সেইরূপ লিঙ্গদেহ ভৃত্যরূপ স্থূলদেহের দ্বারা কর্ম্ম সম্পাদন করে এবং তজ্জাতীয় অন্য স্থূল দেহের দ্বারা তাহার ফল ভোগ করে। স্থূল দেহ স্বয়ং কর্ত্তাও নহে এবং স্বয়ং ভোক্তাও নহে। সুতরাং এক জন কর্ম্ম করে, ও অন্য জন ফল ভোগ করে, এরূপ অসামঞ্জস্য এস্থলে স্বীকার্য্য নহে। জাগ্রদ্দেহ ব্যতীত লিঙ্গদেহেই প্রকৃত ভোগ ঘটে; স্বপ্নই তাহার উত্তম প্রমাণস্থল। স্বপ্নকালে জীব স্বীয়

শয়ানমিমমুৎসৃজ্য শ্বসন্তং পুরুষো যথা।
কর্ম্মাত্মন্যাহিতং ভুঙ্‌ক্তে তাদৃশেনেতরেণ বা ॥ ৬১ ॥
মমৈতে মনসা যদ্‌যদসাবহমিতি ব্রুবন্‌।

অন্বয়ঃ।

যথা পুরুষঃ প্রাণী, শয়ানং অপি শ্বসন্তং জীবন্তং, ইমং দেহং উৎসৃজ্য তদনুসন্ধানং ত্যক্ত্বা, তাদৃশেন ইতরেণ অন্যপ্রকারকর্ম্মোপস্থাপিতেন পশ্বাদিদেহেন, আত্মনি মনসি, আহিতং স্ফুরিতং, কর্ম্মফলং সুখদুঃখাদিকং, ভুঙ্‌ক্তে ॥ ৬১ ॥

মম এতে পুত্রগৃহাদয়ঃ, অসৌ অহং অমুকনামা ইতি ব্রুবন্‌ মনসা যৎ যৎ দেহং

শ্রীধরস্বামী।

লিঙ্গদেহবিশিষ্টস্য ভোক্তৃত্বং স্বপ্নদৃষ্টান্তেন স্পষ্টয়তি। শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কাররূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ানদেহসদৃশেন কর্ম্মোপস্থাপিতেন দেহেন অন্যেন বা পশ্বাদিদেহেন তথা লোকান্তরেঽপীতি ভাবঃ ॥ ৬১ ॥

ননু ভবতু নাম লিঙ্গবিশিষ্টস্যানেন দৃষ্টান্তেন ভোক্তৃত্বং কর্ত্তৃত্বন্তু দানপ্রতিগ্রহাদিষু স্থূল-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিঙ্গদেহেনৈব যদ্যপি কর্ত্তৃত্বভোক্তৃত্বে ভবতস্তদপি স্থূলদেহং বিনা ন সিদ্ধ্যত ইতি চেৎ সত্যং সতু স্থূলদেহো যঃ কশ্চন কর্ম্মণৈবাপস্থাপ্যতে ইতি সদৃষ্টান্তমাহ শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কাররূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ানদেহসদৃশেন কর্ম্মোপস্থাপিতেন স্থূলদেহেন অন্যেন বা পশ্বাদিদেহেন তথা লোকান্তরেঽপীতি ভাবঃ ॥ ৬১ ॥

স্থূলদেহে কেবলমভিমানমাত্রং তেন চ যৎ সহায়কং জীবস্য তদ্দর্শয়তি মমৈতে যাগাঃ

যেমন কোন একজন ব্যক্তি নিদ্রাকালে স্বকীয় জীবিত দেহকে বিস্মৃত হইয়া, স্বপ্নে জাগ্রতের ন্যায় অন্যপ্রকার দেহে অভিমানবশত তদ্রূপ আপনাকে চিন্তা করে এবং তৎকালে কর্ম্মানুসারে প্রাপ্ত স্বকীয় পশ্বাদি বা রাজাদি স্বাপ্নিক দেহে তৎকাল-প্রেরিত সুখদুঃখাদি-ভোগকে জাগ্রদ্দশার ন্যায় উপভোগ করে ॥ ৬১ ॥

আভাস।

দেহ বিস্মৃত হয় এবং কল্পনাবশে আনিত দেহে আত্মস্বরূপের চিন্তা করত "আমি রাজা হইয়াছি, আমার এই পুত্র কলত্র ও সাম্রাজ্য" এইরূপ প্রত্যক্ষের ন্যায় উপলব্ধি করিয়া, বিচিত্র সুখ বা দুঃখ উপলব্ধি করিয়া থাকে এবং তজ্জন্য হর্ষ বা ক্রন্দনেরও যথেষ্ট পরিচয় পাওয়া যায়। এস্থলে জাগ্রতকালীন কর্ম্মের সংস্কার মনোমধ্যে লীন থাকে; স্বপ্নকালে জাগ্রত-কালীন বিষয়াভিনিবেশরূপ প্রতিবন্ধকের অভাবে, মন পূর্ব্বসঞ্চিত নিজ ভাণ্ডার প্রকাশে

গৃহ্ণীয়াত্তৎ পুমান্ রাদ্ধং কর্ম্ম যেন পুনর্ভবঃ ॥ ৬২ ॥
যথানুমীয়তে চিত্তমুভয়ৈরিন্দ্রিয়েহিতৈঃ।

অন্বয়ঃ।

আত্মত্বেন গৃহ্ণীয়াৎ গৃহ্ণাতি তৎ ততঃ, দেহাৎ রাদ্ধং সিদ্ধং, কর্ম্ম অপি পুমান্ গৃহ্ণাতি স্বীকরোতি। যেন এবমহঙ্কারগৃহীতেন কর্ম্মণা অস্য পুনর্ভবঃ দেহান্তরসম্বন্ধঃ ভবতি ॥ ৬২ ॥

যথা উভয়ৈঃ জ্ঞানকর্ম্মলক্ষণৈঃ ইন্দ্রিয়েহিতৈঃ (ইন্দ্রিয়াণাং ঈহিতৈঃ) যুগপৎ অপ্রবৃত্তেঃ

শ্রীধরস্বামী।

দেহবিশিষ্টস্যৈব দৃশ্যতে তত্রাহ মমৈতে পুত্রাদয়ঃ অসাবহং ব্রাহ্মণ ইতি ব্রুবন্ মনসা যদ্‌যদ্দেহং গৃহ্ণীয়াৎ ততস্ততো দেহাৎ রাদ্ধং সিদ্ধং কর্ম্ম পুমান্ গৃহ্ণীয়াৎ যেন কর্ম্মণা এবমহঙ্কার-গৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা জন্মানুপপত্তেঃ। অতোঽভিমন্তুর্মনোবিশিষ্টস্যৈব কর্ত্তৃত্বং অভিমানবিষয়স্য তু দেহস্য পুত্রাদিবৎ দ্বারমাত্রত্বমিতি ভাবঃ ॥ ৬২ ॥

যদুক্তং কর্ম্মণো নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ যথেতি। উভয়ৈর্জ্ঞানকর্ম্মরূপৈ-রিন্দ্রিয়াণামীহিতৈঃ কদাচিৎ ক্বচিৎ কর্ম্মপ্রবৃত্তিভিশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয়বিষয়-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বর্গফলা ইতি। অয়মহং কর্ম্ম করোমীতি ব্রুবন্ মনসা যদ্‌যদ্দেহং স্থূলং গৃহ্ণীয়াদভিমান-বিষয়ী কুর্য্যাৎ। ততো দেহাদ্রাদ্ধং সিদ্ধং কর্ম্মৈব সালঙ্গো জীবো গৃহ্ণীয়াৎ নতু তৎ স্থূলদেহং প্রয়োজনাভাবাদেবেতি ভাবঃ। ততশ্চ তেন কর্ম্মণৈবমহঙ্কারগৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা জন্মানুপপত্তেঃ ॥ ৬২ ॥

যৎ পৃষ্টং কর্ম্মণ স্তৎকাল এব নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ। যথেতি উভয়ৈ-র্জ্ঞানকর্ম্মরূপৈরিন্দ্রিয়াণামীহিতৈর্যুগপদনুত্থিতৈশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয়বিষয়সম্বন্ধে

এই সমস্ত পুত্র কলত্র গৃহক্ষেত্র যাহা কিছু দেখিতেছি, সকলই আমার! আমি অমুক! ইত্যাদি বলিয়া মনে মনে যে যে দেহ স্বপ্নে জীব আপনার বলিয়া স্বীকার করে, তৎকালে তত্তৎ দেহানুরূপ যাবতীয় ভোগই উপভোগ করিয়া থাকে; সেইরূপ এক অহঙ্কারের বশবর্ত্তী হইয়া, জীব যেমন এক দেহ হইতে দেহান্তরে গমন করে, তৎসহ পূর্ব্বকৃত কর্ম্মেরও ফল ভোগ করিয়া থাকে ॥ ৬২ ॥

এক্ষণে স্থূল দেহ ব্যতিরিক্ত জীবের যে আর একটী সূক্ষ্মদেহ অন্তরে চিত্তরূপে অবস্থিত থাকে, তাহার প্রমাণার্থ বলিতেছি, শ্রবণ কর! জীবের

আভাস।

বুদ্ধিস্থ জীবের সন্নিধানে তাহার পরিচয় দেয় মাত্র। অতএব স্থূল দেহ কর্ত্তা বা ভোক্তা নহে; অন্তর্নিহিত অভিমানই কর্ত্তা এবং ভোক্তা নামে সর্ব্বত্র অভিহিত হইয়াছে। স্থূল দেহ কেবল অভিমানের দ্বারস্বরূপ মাত্র ॥ ৬০—৬২ ॥

এবং প্রাগ্‌দেহজং কর্ম্ম লক্ষ্যতে চিত্তবৃত্তিভিঃ ।। ৬৩ ।।

অন্বয়ঃ।

চিত্তং অনুমীয়তে এবং চিত্তবৃত্তিভিঃ (বিচিত্রৈঃ) প্রাগ্‌দেহজং কর্ম্ম পুণ্যপাপাত্মকং লক্ষ্যতে অনুমীয়তে ॥ ৬৩ ॥

শ্রীধরস্বামী।

সম্বন্ধে যুগপজ্‌জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্‌জ্ঞানানুপপত্তির্মনসো লিঙ্গমিতি এবং চিত্তবৃত্তিভিরপি পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে তাসামপি যুগপদনুৎপত্তেঃ ॥ ৬৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুগপজ্‌জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্‌জ্ঞানানুপপত্তির্মনসো লিঙ্গমিতি। তস্মাদযদা যেনেন্দ্রিয়েণ মনসো যোগ স্তদা তস্যেন্দ্রিয়স্যৈব বিষয়জ্ঞানমিতি। এবমেব চিত্তস্য সর্ব্বাভির্বৃত্তিভি র্যুগপদনুদ্ভূতাভিঃ পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে। যেন যেন কর্ম্মণা যদা যদা যা যা চিত্তবৃত্তি র্যুজ্যতে সা সৈব ভদ্রা অভদ্রা বাপ্যুদ্ভবতীত্যর্থঃ। তেন কর্ম্মণঃ সমনন্তরক্ষণ এবোপরতত্বেঽপি তৎসংস্কার স্তদ্রূপস্তিষ্ঠেদেবেতি সিদ্ধান্তো দর্শিতঃ ॥ ৬৩ ॥

ইন্দ্রিয়-চেষ্টার মধ্যে জ্ঞান ও কর্ম্মভেদে দ্বিবিধ চেষ্টা বা ব্যাপারের পরিচয় পাওয়া যায়। ইন্দ্রিয়ের ক্রিয়া দর্শন ও তজ্জনিত জ্ঞান বা দর্শনের ইচ্ছা এই দুইটী ব্যাপার স্পষ্টত পৃথক্ ভাবে উপলব্ধ হইয়া থাকে। এস্থলে দর্শনাদি ক্রিয়া মাত্র ইন্দ্রিয়ের ব্যাপার হইলেও, তদতিরিক্ত জ্ঞানের অস্তিত্বানুমানে ইন্দ্রিয়াতিরিক্ত একটী পৃথক্ বস্তু বলিয়া চিত্ত অনুমিত হয়; আবার চিত্তেরও বিচিত্র বৃত্তি দর্শনে স্পষ্টই প্রতীত হয় যে, যাহার বিচিত্রতায় চিত্তের এইরূপ বিচিত্র বৃত্তি উৎপন্ন হইতেছে, তাহাই পূর্ব্বদেহ-সম্পন্ন কর্ম্মের পুণ্য ও পাপবহ ফল সংস্কাররূপে চিত্তে প্ররূঢ় রহিয়াছে ।। ৬৩ ।।

আভাস।

ইন্দ্রিয়ের কার্য্য হইলেই যে তন্নিষ্ঠ জ্ঞান তৎসঙ্গে উদিত হয়, এরূপ নহে; এবং জ্ঞানের উদয় হইবামাত্র যে, স্থূল দেহে বা ইন্দ্রিয়াদিতে তৎসমকালে কার্য্যের অভিব্যক্তি হয়, তাহাও নহে; অতএব অনুভূতি এবং ক্রিয়া দুইটী সম্পূর্ণ পৃথক্ ব্যাপার। কিন্তু ক্রিয়া যখন স্থূল দেহ ও ইন্দ্রিয়াদিতেই অভিব্যক্ত হয়, তখন অনুভূতির আশ্রয়ার্থ ইন্দ্রিয়াতিরিক্ত অন্য একটী তত্ত্ব অবশ্য স্বীকার করিতে হইবে; যাহাকে তত্ত্ববিদ্‌গণ চিত্তনামে অভিহিত করিয়াছেন। এই চিত্তমধ্যে জীবের বিবিধ ভাবের সংস্কার উদিত হইয়া, কখন সুখময় ও কখন দুঃখময় ভাবে জীবকে প্রণোদিত করে। এতদ্দ্বারা আরও প্রমাণীকৃত হইল যে, সংস্কারময় চিত্তের ভাবানুসারে যেমন ইন্দ্রিয়বর্গ কার্য্যে প্রণোদিত হয় বলিয়া চিত্তকে ইন্দ্রিয় হইতে পৃথক্ বলিয়া স্বীকার করা যায়, সেইরূপ চিত্তে বিচিত্র ভাবের উদয় যে করিয়া দেয়, সেও চিত্ত হইতে পৃথক্ কেন না হইবে? শাস্ত্রকারগণ তাহাকেই পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্ম বলিয়া স্বীকার করেন, যাহা চিত্তমধ্যে স্বস্বরূপানুকূল বৃত্তির উদয় একে একে করিয়া দেয় ॥ ৬৩ ॥

নানুভূতং ক্বচানেন দেহেনাদৃষ্টমশ্রুতং।
কদাচিদুপলভ্যেত যদ্রূপং যাদৃগাত্মনি।। ৬৪ ।।

অন্বয়ঃ।

অনেন বর্ত্তমানেন দেহেন, ক্বচ কুত্রচিৎ যৎ ন অনুভূতং অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টং বা অশ্রুতং যদ্রূপং যদাত্মকং, যাদৃক্ যৎপ্রকারকং চ তং কদাচিৎ স্বপ্নমনোরথাদিষু আত্মনি মনসি উপলভ্যেত স্ফুরতি ॥ ৬৪ ॥

শ্রীধরস্বামী।

ইতোঽপি কর্ম্ম লক্ষ্যতে ইত্যাহ নানুভূতমিতি দ্বাভ্যাং। অনেন বর্ত্তমানেন দেহেন ক্বচ কুত্রচিদপি নানুভূতং অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ যদ্রূপং যদাত্মকং যাদৃক্ যৎপ্রকারঞ্চ তং কদাচিৎ স্বপ্নমনোরথাদিষু আত্মনি মনসি উপলভ্যেত ॥ ৬৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু স্থূলদেহনাশেঽপি লিঙ্গদেহো যন্ন নশ্যতীত্যেতৎ কথং প্রতীমস্তত্রাহ নানুভূতমিতি দ্বাভ্যাং অনেন বর্ত্তমানেন দেহেন ক্বচিৎ চ কদাপি অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ পূর্ব্বদেহগতং বস্তু স্বপ্নমনোরথাদৌ উপলভ্যেত তচ্চ যদ্রূপং যাদৃক্ যৎপ্রকারকঞ্চ আত্মনি মনসি উপলভ্যেত তদ্রূপং তাদৃগেব পূর্ব্বদেহসম্ভবং। লিঙ্গিনোঽস্য জীবস্য শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন

অনেক সময়ে এরূপ ঘটে যে, বর্ত্তমান দেহে কুত্রাপি যে বস্তু কখন দর্শন বা অনুভব করা হয় নাই, তাদৃশ অননুভূত, অশ্রুত ও অদৃষ্টপূর্ব্ব বস্তু বা ব্যাপার স্বপ্নকালে বা চিন্তার স্রোতে ভাসমান হইয়া, মনোমধ্যে উদিত হয় ।। ৬৪ ।।

আভাস।

মৃত্যুতে স্থূল দেহের বিনাশ হইলেও সূক্ষ্ম দেহের যে বিনাশ হয় না, তাহার পরিচয়ার্থ আমাদের স্বপ্নের প্রতি লক্ষ্য করা বিধেয়। স্বপ্নে আমরা যে সকল বিষয়ের উপলব্ধি করি, সে সমস্তই আমাদের পূর্ব্বানুভূত বিষয়। বাল্যাবস্থায়, কৌমারে বা যৌবনে জাগ্রদ্দশায় যে সকল বিষয় আমরা ইন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষত অনুভব করি, স্বপ্নকালে ইন্দ্রিয়ের উপরমে সংস্কাররূপে কেবল মনোমধ্যে বিদ্যমান সেই সকল বিষয় আমরা সত্যবৎ প্রতীতি করি। তৎকালে মন সেই সেই ভাবে পরিণত হইয়া, বুদ্ধির নিকট প্রতীয়মান হয়। স্বপ্নে প্রকৃত রাজদেহ বা বধূবস্ত্রাদি না থাকিলেও, মন নিজে বধূবস্ত্রাদির মূর্ত্তি ধারণ করত, বুদ্ধিস্থ চৈতন্যের নিকট প্রতীত হয়। যেমন প্রণিহিতমনা হইয়া, কেবল কল্পনার স্রোতে ভাসমানকালে জীব পুরোবর্ত্তী পদার্থসমূহের প্রতি লক্ষ্য করে না, মনোময়ী কল্পনাই তাঁহার ভোগ্য বিষয়রূপে দণ্ডায়মান থাকে, সেইরূপ দৃঢ় সংস্কাররূপে বদ্ধমূল মনোময়ভাব সমূহই স্বপ্নের ব্যবহার্য্য বিষয়রূপে প্রতীত হয়। তবে দৃষ্ট বা শ্রুত পদার্থের আংশিক মিলন যখন মনে মনে উদয় হয়, তখন তাহাকে কল্পনা বলা যায়, কিন্তু ইন্দ্রিয়ের সাহায্যে বাহিরে উপলব্ধ বিষয়ের স্বরূপ বস্তুর অভাবেও অবিলুপ্তভাবে মনোমধ্যে পুনরায় উদিত হইবার নামই স্মৃতি। কল্পনার

তেনাস্য তাদৃশং রাজন্ লিঙ্গিনো দেহসম্ভবং।
শ্রদ্ধৎস্বাননুভূতোহর্থো ন মনঃ স্প্রষ্টুমর্হতি ॥ ৬৫ ॥

অন্বয়ঃ।

তেন উপলম্ভেন হেতুনা, অস্য লিঙ্গিনঃ লিঙ্গবিশিষ্টস্য, পূর্ব্বসংস্কারাশ্রয়স্য, তাদৃশং স্ফুরণজনকং দেহসম্ভবং অনুভবাদিকং শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব! যতঃ অননুভূতঃ অর্থঃ মনঃস্প্রষ্টুং মনসি স্ফুরিতু ন অর্হতি ॥ ৬৫ ॥

শ্রীধরস্বামী।

তেন হেতুনা অস্য লিঙ্গিনো বাসনাশ্রয়স্য জীবস্য তাদৃশং তদনুভবাদিযুক্তং পূর্ব্বদেহ-সম্ভবং শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব। ন হ্যননুভূতোহর্থো মনঃ স্প্রষ্টুং মনসি স্ফুরিতু-মর্হতি ॥ ৬৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্যস্ব হে রাজন্ নহ্যননুভূতোহর্থো মনঃ স্প্রষ্টুং মনসি স্ফুরিতুমর্হতি তস্মাদ্বাল্যে দৃষ্টশ্রুতং বস্তু যথা বার্দ্ধক্যে স্ফুরতি তথৈব পূর্ব্বপূর্ব্বস্থূলদেহগতমেতদ্দেহস্থে মনসি স্ফুরতি চেত্ত-দেবেদং মনো নান্যদিতি জানীয়াদিতি ভাবঃ ॥ ৬৪ ॥ ৬৫ ॥

এইরূপ উপলব্ধিতে স্পষ্টই বুঝা যায় যে, পূর্ব্বজন্মের সংগৃহীত কর্ম্মরাশি সংস্কাররূপে মনোমধ্যে নিহিত রহিয়াছে এবং সেই মনোরূপ লিঙ্গদেহ লইয়াই জীব জন্মান্তরে আগমন করিয়া থাকে। হে নরনাথ! অননুভূত বিষয় কখন স্বপ্নকালে মনোমধ্যে উদিত হয় না। ৬৫ ॥

আভাস।

বিষয়ের কেবল উচ্ছ্বাস ব্যতীত, তাহার আদ্যন্ত সুস্পষ্ট প্রতীত হয় না; স্মৃতিতে পূর্ব্বানুভূত বিষয়ের ভাব প্রত্যক্ষবৎ প্রতীত করায়। প্রতীতির তারতম্যে স্মৃতির তারতম্য অবশ্য স্বীকার্য্য। অতএব সুস্পষ্ট প্রতীতিই স্মৃতির পরিচয় এবং অস্পষ্ট বা আংশিক প্রতীতিই আমা-দের কল্পনার পরিচয়। আমরা যখন স্বপ্ন দেখি, তখন অনেক সময় অস্পষ্ট প্রতীতি-নিবন্ধন তাৎকালিক অনুস্মরণকে কল্পনা বলা হয়, ক্ষতি নাই; কিন্তু স্পষ্ট প্রত্যক্ষবৎ প্রতীত ভাবসমূহ যে পূর্ব্বানুভূত বিষয়ের সুস্পষ্ট স্মৃতি বলিয়া স্বীকার করিতে হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। যোগসূত্রে ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "অনুভূতবিষয়াসংপ্রমোষঃ স্মৃতিঃ"। যে বিষয় আমরা পূর্ব্বে প্রত্যক্ষে অনুভব করি, অন্য সময়ে সেই বস্তুর অসদ্ভাবেও যদি তাহাকে প্রত্যক্ষের ন্যায় মনোমধ্যে দর্শন করিতে পারি, তখন সেই দর্শনকে স্মৃতি নামে অভিহিত করা যায়। ব্যবহারিক দশায়, অর্থাৎ জাগ্রতকালে এইরূপ দর্শনকে স্মৃতি এবং শয়ানকালে এইরূপ দর্শনকে স্বপ্ন বলা যায়। অতএব ব্যবহারিক দশার স্মৃতির ন্যায়, শয়ানকালের স্বপ্নও পূর্ব্বানুভূতি-মূলক। অনুভূতিসমূহ সংস্কাররূপে মনোমধ্যে বিলীন ছিল, সম্প্রতি অন্য বিড়ম্বনার অভাবে, একে একে মনোমধ্যে উদিত হইতে থাকে। যেমন বাল্য বা যৌবনের

মন এব মনুষ্যস্য পূর্ব্বরূপাণি শংসতি।
ভবিষ্যতশ্চ ভদ্রন্তে তথৈব ন ভবিষ্যতঃ ॥ ৬৬ ॥

অন্বয়ঃ।

মনুষ্যস্য মনঃ এব পূর্ব্বরূপাণি পূর্ব্বপূর্ব্বশরীরাণি, শংসতি কথয়তি, ভবিষ্যতঃ তস্য ভাবীনি শরীরাণি তথা ন ভবিষ্যতঃ পুন র্জনিষ্যমাণস্য মুক্তিঃ ভবিষ্যতি ইতি মনঃ এব জ্ঞাপয়তি। এবং জানতঃ তে তব ভদ্রং ভবিষ্যতি ॥ ৬৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণি শুভাশুভনিমিত্তানি শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মন এবেতি। ভদ্রন্ত ইতি সম্যগবধানার্থমাশিষাভিনন্দতি। ভবিষ্যতঃ উদ্ভবং প্রাপ্স্যতঃ, ন ভবিষ্যতঃ নীচত্বং প্রাপ্স্যতোঽপি ভাবীনি রূপাণি শংসতি মন এবৌদার্য্যকার্পণ্যাদিবৃত্তিভিঃ পূর্ব্বমপ্যেবমাসীৎ পশ্চাদপ্যেবমেব ভবিষ্যতীতি জ্ঞাপয়তীত্যর্থঃ ॥ ৬৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণ্যশুভানি শুভানিচ শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মনএব কর্ত্তৃ উগ্রত্বশান্তত্বাদিভিঃ কার্পণ্যৌদার্য্যাদিভিশ্চ মনুষ্যস্য পূর্ব্বরূপাণি পূর্ব্বপূর্ব্বশরীরাণি পূর্ব্বমপ্যয়মেবাসীদিতি শংসতি কথয়তি ভবিষ্যতশ্চ তস্য ভাবীনি শরীরাণি এবমেবায়ং ভবিষ্যতীতি তথা জ্ঞানবৈরাগ্যাদিদৃষ্ট্যা পূর্ব্বমপ্যস্য শমদমাদ্যাসীৎ ন ভবিষ্যত ইতি পুনর্জনিষ্যমাণস্যাস্য মুক্তি র্ভবিষ্যতীতি মনএব জ্ঞাপয়ত্যত একমেব মনোময়ং লিঙ্গশরীরং ন পুনঃ পুনর্জাতমিত্যর্থঃ। ভদ্রন্ত ইত্যেতৎ ত্বং বুদ্ধ্যস্বেতি কৃপয়া আশীর্ব্বাদঃ ॥ ৬৬ ॥

মানবের মনই পূর্ব্ব পূর্ব্ব শরীরের পরিচয় দিয়া থাকে। হৃদয়স্থ সংস্কারকে লক্ষ্য করিতে পারিলে, স্পষ্টই বুঝা যায় যে, তিনি পূর্ব্ব জন্মে কিরূপ যোনি

আভাস।

অনুভূত বিষয়জাল বার্দ্ধক্যে স্মৃতিরূপে অগ্রসর হয়, সেইরূপ শায়ানকালে তাহারা স্বপ্নরূপে পরিণত হয়। এবং যখন স্বপ্নে এরূপ বিষয় সকল প্রতীত হয়, যাহা বর্ত্তমান জন্মে কখন অনুভূত করা হয় নাই, তখন তাহাদিগকে পূর্ব্বজন্মের অনুভূত বিষয় বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। অতএব তাদৃশ বর্ত্তমান জন্মে অননুভূত বিষয়ের সংস্কার যে মনোভূমে গ্রোথিত থাকে, সে মনোভূমের অস্তিত্ব বর্ত্তমান দেহের উৎপত্তির পূর্ব্বে বিদ্যমান স্বীকার করিতে হয়। এবং তীব্র সংস্কারের অনুসারে যখন সেই মনোভূমি ভোগার্থ এই ভোগায়তন দেহের নির্ম্মাণ করিয়াছে, তখন তাহার অন্যান্য সংস্কার বা ভোগপ্রদ ভাব সত্ত্বে, কেবল এই দেহের বিনাশেই যে তাহার বিনাশ হইবে, তাহা কখনই সম্ভব নহে। সংস্কারানুরূপ সে এইরূপ ভোগায়তন আরও অনেক দেহের রচনা করিবে, সন্দেহ নাই ॥ ৬৩ ॥ ৬৫ ॥

ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন যে, "সংস্কারসাক্ষাৎ-করণাৎ পূর্ব্বজাতি-জ্ঞানং"। পূর্ব্ব জন্মে আমি কি ছিলাম; কিরূপ কার্য্য করিয়াছি; অভ্যাসময়ী মনোবাসনাই

অদৃষ্টমশ্রুতঞ্চাত্র ক্বচিন্মনসি দৃশ্যতে।

অন্বয়ঃ।

অত্র লোকে, ক্বচিৎ স্বপ্নাদ্যবস্থাবিশেষে, দেশকালক্রিয়াশ্রয়ং (অন্যদেশাশ্রয়ং সমুদ্রাদিকং অন্যকালাশ্রয়ং নক্ষত্রাদিকং, অন্যক্রিয়াশ্রয়ং স্বশিরশ্ছেদনাদিকং), অশ্রুতং অদৃষ্টং চ ব্যাপারং

শ্রীধরস্বামী।

নমু কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদি তত্রাহ অদৃষ্টমিতি। অন্যদেশাশ্রয়ঃ পর্ব্বতাগ্রে সমুদ্রঃ নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কথং কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদীন্যত আহ অদৃষ্টং দর্শনানর্হং অশ্রুতং শ্রবণানর্হং যথা যেন প্রকারেণ

লাভে কিদৃশ কর্ম্ম করিয়াছেন এবং বর্ত্তমান আচরণের পরিচয়ে পরেই বা কিরূপ যোনিতে জন্মগ্রহণ করিবেন বা মুক্তিলাভ করিবেন, মনই তাহার প্রচুর প্রমাণ দিয়া থাকে ॥ ৬৬ ॥

বর্ত্তমান দেহে যখন স্বপ্ন দেখা যায়, তখন হয়ত যিনি কখন সমুদ্র দেখেন নাই, তিনি এক পূর্ব্বপরিচিত সমুদ্রের উপকুলে দণ্ডায়মান রহিয়াছেন; কিম্বা এ জগতে দেখা যায় না, এরূপ এক নক্ষত্র স্পষ্টত অবলোকন করিলেন বা কেহ তাহার মস্তক-চ্ছেদন করিতেছে, এরূপ অশ্রুত অদৃষ্ট ব্যাপারসমূহ স্বপ্নকালে সময়ে সময়ে মনোমধ্যে উদিত হইয়া থাকে। এ সমস্ত ব্যাপার পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের ফলে সুখ ও দুঃখরূপে জীবের নিকটে আগমন করিয়া

আভাস।

তাহার যথেষ্ট পরিচয় দিয়া থাকে। যেমন যে উত্তরীয়-বসনে চম্পক-পুষ্প চয়ন করিয়া আনা হয়, গৃহে আগমন পূর্ব্বক বস্ত্র হইতে পুষ্প পৃথক্ করিলেও, পুষ্পগন্ধ বস্ত্র হইতে তৎক্ষণাৎ বিদূরিত হয় না; বস্ত্রের সূত্রে সূত্রে চম্পকগন্ধ যেমন অদৃশ্যভাবে সংলগ্ন থাকে, সেইরূপ পূর্ব্বজন্মের আচরিত শুভাশুভ কর্ম্ম এবং কর্ম্মানুরূপ ভোগায়তন দেহ বর্ত্তমান জন্মে সাক্ষাৎ সম্বন্ধে দৃষ্ট বা অনুভূত না হইলেও, চম্পক-গন্ধের ন্যায় তাহাদের সংস্কার মনোমধ্যে স্পষ্টত জাগুরূক থাকে। গন্ধের দ্বারা যেমন চম্পকের অনুমান করা যায়, সেইরূপ বর্ত্তমান জন্মে অভিব্যক্ত শান্ত উগ্র কার্পণ্য ঔদার্য্য পরোপকারিতা এবং পরদ্রোহতাদি বৃত্তির পরিচয়ে ও অন্য-তুলনায় বৃত্তির বিচারাদির দ্বারা স্বকীয় বা পরকীয় সংস্কারের প্রতি বিশেষ মনোযোগ করিলে, পূর্ব্ববর্ত্তী জন্ম বা কর্ম্মের পরিচয় পাওয়া যায়। এবং বর্ত্তমান জন্মের সংস্কারের দ্বারা ভাবি জন্মের পরিচয়ও পাওয়া যায়। যদি শমদমাদির অনুষ্ঠান করা থাকে, যদি আত্মচিন্তার উদ্রেকে বিষয়বাসনা হৃদয় হইতে বিলুপ্ত উপলব্ধ হয়, তবে ভবিষ্যতে আর জন্মপরিগ্রহ করিতে হইবে না; সে পরিচয় এই মনই দিয়া থাকে ॥ ৬৬ ॥

যথা তথানুমন্তব্যং দেশকালক্রিয়াশ্রয়ং ॥ ৬৭ ॥
সর্ব্বে ক্রমানুরোধেন মনসীন্দ্রিয়গোচরাঃ।

অন্বয়ঃ।

মনসি স্ফুরিতং দৃশ্যতে (তদপি সুখদুঃখহেতু-প্রাচীন-কর্ম্মণৈব ইতি মন্তব্যং অন্যথা নিদ্রাদি-দোষাৎ সর্ব্বদা সর্ব্বজনসাধারণত্বাৎ সর্ব্বদৈব সর্ব্বস্যৈব তৎ স্যাৎ)। যথা স্বস্যৈব দর্শনং তথান্যেষামপি প্রাচীনকর্ম্মবশাৎ তথা অনুমন্তব্যং ॥ ৬৭ ॥

যতঃ সর্ব্বে জনাঃ সমনসঃ অনেকজন্মসঞ্চিতাদৃষ্টসংস্কৃতমনোবন্তঃ, অতঃ ইন্দ্রিয়গোচরাঃ ইন্দ্রিয়বিষয়াঃ, সুখদুঃখপ্রদক্রমানুরোধেন পুণ্যপাপানুসারেণ বহুশঃ (বর্গশঃ যূথশঃ ইত্যপি

শ্রীধরস্বামী।

দিবা অভ্যঙ্গাদি ক্রিয়াশ্রয়ং শিরশ্ছেদনাশ্রয়ং নিদ্রাদোষেণ প্রতীয়ত ইত্যনুমন্তব্যং পরস্যাপি মতে তদনুপপত্তে স্তুল্যত্বাদিতি ভাবঃ ॥ ৬৭ ॥

ননু দরিদ্রঃ কচিদাত্মানং মহারাজং পশ্যতি রাজাচ রঙ্কমাত্মানং পশ্যতি 'তৎকথমসম্ভাবিতং সঙ্গচ্ছেত তত্রাহ সর্ব্ব ইতি। আয়াস্তি ভোগ্যত্বেন প্রাপ্নুবন্তি যান্তিচ ভোগানন্তরং যদি কশ্চিদমনা ভবেৎ তর্হ্যেবং ন স্যাৎ। নত্বেতদস্তীত্যাহ সর্ব্বে সমনস ইতি। অতঃ সর্ব্বেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃশ্যতে তথা তেনৈব প্রকারেণ দেশকালক্রিয়াশ্রয়ং তত্তদনুমন্তব্যং। তত্র অন্যদেশাশ্রয়ঃ সমুদ্রঃ পর্ব্বতাগ্রে। নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং। দিবা অভ্যঙ্গাদি। ক্রিয়াশ্রয়ং শিরঃ খলু ছেদন-ক্রিয়ায়াং ধাতুবৈষম্যপ্রযুক্তয়া স্বপ্নগতয়া ভ্রান্ত্যা প্রতীতং ॥ ৬৭ ॥

একেনৈব লিঙ্গদেহেন পরঃসহস্রান্ স্থূলদেহান প্রবিশ্য কালভেদেন এক এব যঃ কোঽপি

থাকে। বিনা হেতুতে ইহাদের উপস্থিতি কখনই স্বীকার করা যাইতে পারে না; এবং কেবল নিদ্রাকেও স্বপ্নের কারণ বলা অসঙ্গত; তাহা হইলে সকলের পক্ষে সকল সময় ঐরূপ ব্যাপার ঘটিতে পারিত। অতএব স্বকীয় স্বপ্ন-দর্শনে পূর্ব্বার্জ্জিত কর্ম্মের অনুমান করার ন্যায়, অন্যের পক্ষেও সেইরূপ প্রাচীন কর্ম্মের নিরূপণ কর। ॥ ৬৭ ॥

জীবমাত্রই অন্তঃকরণাদি লিঙ্গদেহে উপহিত; ইন্দ্রিয়ের গোচরীভূত পদার্থনিচয় সংস্কাররূপে মনোমধ্যে নিহিত থাকে; সুতরাং জাগ্রতকালীন বাহ্য বৃত্তির বিনিবৃত্তি ঘটিলে, পূর্ব্বসঞ্চিত যাবতীয় সংস্কার পর্য্যায়ক্রমে স্বপ্ন-

আভাস।

যদি শারীরিক অসুস্থতা থাকে, তাহা হইলে নিদ্রাদোষ-জনিত অসঙ্গত কাল্পনিক ভাব-সমূহও স্বপ্নে উপলব্ধ হইয়া থাকে। এক লিঙ্গদেহের সাহায্যে অন্যান্য স্থূল দেহের ভোগ হইয়া থাকে। যেমন মনে মনে কল্পনার বলে আপনাকে রাজা বা নিঃস্ব বলিয়া স্থির করা যায়, সেইরূপ যথা অভীষ্ট স্থূলদেহে লিঙ্গদেহ গমন করিতে পারে। মনোরূপী লিঙ্গদেহের

আয়ান্তি বহুশো যান্তি সর্ব্বে সমনসো জনাঃ ॥ ৬৮ ॥
সত্ত্বৈকনিষ্ঠে মনসি ভগবৎপার্শ্ববর্ত্তিনি।
তমশ্চন্দ্রমসীবেদমুপরজ্যাবভাসতে ॥ ৬৯ ॥

অন্বয়ঃ।

পাঠঃ) সর্ব্বে এব মনসি আয়ান্তি স্ফুরন্তি, যান্তি বিস্মৃতাশ্চ ভবন্তি ॥ ৬৮ ॥

সত্ত্বৈকনিষ্ঠে ভগবৎপার্শ্ববর্ত্তিনি ভগবদ্ধ্যানপরে মনসি চন্দ্রমসি তমঃ রাহুঃ ইব, ইদং বিশ্বং, উপরজ্য সংযোগং ইব প্রাপ্য, অবভাসতে ॥ ৬৯ ॥

শ্রীধরস্বামী।

সমনস্কত্বাৎ মনসিচ সর্ব্বার্থানাং ক্রমেণ প্রবেশাৎ নাত্যন্তাদৃষ্টচরঃ কস্যাপি কশ্চিদর্থো-হস্তীত্যর্থঃ ॥ ৬৮ ॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্বদর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বৈকনিষ্ঠ ইতি ভগবৎপার্শ্ববর্ত্তিনি ভগবদ্ধ্যানপরে মনসি ইদং বিশ্বং উপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে প্রতীত্যনর্হস্যাপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ, চন্দ্রমসি উপরজ্য তমোরাহুরিব। তদিদং শুদ্ধে মনসি সর্ব্ববিষয়স্ফুরণং যোগিপ্রত্যক্ষসিদ্ধমিতি প্রসিদ্ধং ॥ ৬৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবঃ সর্ব্বানেব বিষয়ভোগান্ ভুঙ্‌ক্তে ইত্যাহ সর্ব্বে ইতি সমনসঃ সলিঙ্গদেহাঃ ॥ ৬৮ ॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্বদর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বে শুদ্ধসত্ত্বে চিদ্বিভূতাবেব একা নিষ্ঠা নিতরাং স্থিতির্যস্য তথাভূতে মনসি ভগবৎপার্শ্ববর্ত্তিনি সতি ইদং বিশ্বমুপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে ভগবান্ যথা বিশ্বং পশ্যতি তদা তদিচ্ছাবশাত্তদ্ভক্তোঽপি পশ্যতি যথা ব্রজেশ্বরী মৃদ্ভক্ষণলীলায়ামিত্যর্থঃ। প্রতীত্যনর্হস্যাঽপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ। চন্দ্রমসি উপরজ্য তমঃ রাহুরিব ॥ ৬৯ ॥

কালে উদিত হইবার ন্যায়, এক লিঙ্গদেহই সংস্কার বা কর্ম্মের অনুসারে বিবিধ ভোগদেহে প্রবেশ ও ভোগান্তে তাহাকে পরিত্যাগ করিয়া থাকে ॥ ৬৮

পরমাত্মস্বরূপের সাক্ষাৎকারে যাঁহাদের চিত্ত অধিকারী হইয়াছে, তাদৃশ বিশুদ্ধ সাত্ত্বিক হৃদয়ের অধিকার অনন্ত! পূর্ণশশধরে যেমন রাহুর স্বরূপ পরিদৃষ্ট হয়, সেইরূপ বিশুদ্ধসত্ত্ব পরমাত্মৈকনিষ্ঠ জীব-হৃদয়ে এই সমগ্র বিশ্বসংসারের যুগপৎ উদয় হইতে পারে ॥ ৬৯ ॥

আভাস।

সামর্থ্যে স্থূল জগতের যাবতীয় পদার্থ আয়ত্তাধীন করা যাইতে পারে। এস্থলে ইহা যে কেবল একে একে পদার্থের সংগ্রহ করিতে পারে, তাহা নহে; যুগপৎ অনন্ত ব্রহ্মাণ্ডের ভাবও এক সময় ধারণ করিতে পারে। কারণ বুদ্ধিস্থ সত্ত্বগুণের উদ্ভাসনে যখন রজঃ ও তমো গুণের

নাহং মমেতি ভাবোঽয়ং পুরুষে ব্যবধীয়তে।

অন্বয়ঃ।

হি যতঃ অনাদিমান্ অবিজ্ঞাতাদিকালঃ, বুদ্ধিমনোঽক্ষার্থগুণব্যূহঃ (বুদ্ধিঃ মনঃ অক্ষাঃ ইন্দ্রিয়াণি চ অর্থাঃ পঞ্চতন্মাত্রাণি ইতি গুণানাং ব্যূহঃ কার্য্যরূপঃ লিঙ্গদেহঃ) যাবৎ অস্তি

শ্রীধরস্বামী।

তদেবং স্থূলদেহনাশেঽপি লিঙ্গদেহস্যানাশাৎ অন্যঃ কর্ত্তা অন্যো ভোক্তেতি দোষো নাস্তীত্যুক্তং। তত্রৈবং শঙ্কতে। ননু লিঙ্গদেহস্য স্থূলদেহদ্বারেণৈব কর্ত্তৃত্বভোক্তৃত্বে নতু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং স্থূলদেহনাশেঽপি লিঙ্গদেহস্যানাশাদন্যঃ কর্ত্তান্যো ভোক্তেতি দোষো নাস্তীত্যুক্তং। তত্রৈবং শঙ্কতে ননু লিঙ্গদেহস্য স্থূলদেহদ্বারেণৈব কর্ত্তৃত্বভোক্তৃত্বে দৃশ্যেতে নতু কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্ত্তৃত্বাদ্যভাবান্মুক্তিঃ প্রসজ্যেতেতি তত্রাহ নাহমিতি অহং

পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চ তন্মাত্র এবং মন ও বুদ্ধি এই সপ্তদশ অবয়বে বিরচিত উপাধিভূত লিঙ্গদেহ যদবধি বিদ্যমান থাকে, তদবধি অহঙ্কার

আভাস।

নিঃশেষে নিবৃত্তি হইয়া যায়, তখন তাদৃশ বিশুদ্ধ হৃদয়-দর্পণে ভগবদ্ভাবের প্রতিবিম্ব নিপতিত হইয়া থাকে। যেমন একখানি স্বচ্ছ দর্পণে সাভ্রনক্ষত্র আকাশের প্রতিবিম্ব নিপতিত হওয়ায়, অনন্ত চন্দ্রাদি নক্ষত্রপুঞ্জের প্রবেশ দর্পণে স্বীকার করা যায়, সেইরূপ ব্রহ্মাণ্ডভাণ্ডোদরকে যে হৃদয় গ্রহণে সমর্থ হয়, তাহারও অনন্ত ব্রহ্মাণ্ডই হৃদয়ে গ্রহণ করা হয়। ব্রজেশ্বরী যশোদা শ্রীকৃষ্ণকে মৃত্তক্ষণের অপরাধে যখন ভৎ'সনা করিতে গেলেন, তখন শ্রীকৃষ্ণ মুখব্যাদান করিয়া, তাঁহাকে ত্রিভুবন প্রদর্শন করাইয়াছিলেন। তিনি শ্রীকৃষ্ণকে পুত্ররূপে পাওয়াতেই, ত্রিভুবন পাইবার ফল একত্র লাভ করিয়াছিলেন। ঈশ্বরচিন্তায় বা বিশুদ্ধ হৃদয়ে জগদ্ভাবের প্রতীতি অন্যায় বটে, কিন্তু সে অবলোকনে তাচ্ছিল্য করা ব্যতীত কোনরূপ আসক্তির পরিচয় থাকে না। যেমন চন্দ্রগ্রহণকালে পূর্ণচন্দ্রের কলেবরে রাহুর দর্শন হয়, সেইরূপ বিশ্বাধারের স্বরূপে বিশ্বের রচনা প্রতীত হয় মাত্র ॥ ৬৭—৬৯ ॥

অতএব "মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ", মনই জীবের বন্ধন এবং মুক্তির কারণ। "মনঃকৃতং কৃতং কর্ম্ম ন শরীরকৃতং কৃতং। যেনৈবালিঙ্গ্যতে কান্তা তেনৈবালিঙ্গ্যতে সুতা" ॥ মনই কর্ম্ম করে এবং মনই ভোগ করে; স্থূলদেহ কেবল ক্রিয়া বা ভোগের আনুকূল্য সাধন করে মাত্র। কারণ ব্যবহারিক দশায় দেখা যায়, যে দেহে যুবতী কন্যাকে আলিঙ্গন করা যায়, সেই দেহেই আবার যুবতী ভার্য্যাকে আলিঙ্গন করা যায়। কিন্তু মানসিক ভাবের দ্বৈবিধ্যে উভয়ত্র উভয় কার্য্য ঘটে। কেবল দেহের দ্বারা কার্য্য হয় না। এই মনোময় দেহই জীবের প্রকৃত দেহ; যাহা কখন দেবতা বা মনুষ্যাদি স্থূলদেহে প্রবিষ্ট হইয়া কার্য্য বা ভোগ করে। এই মনোময় দেহ একাদশ ইন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র ও বুদ্ধি এই সপ্তদশ

যাবদ্বুদ্ধি মনোঽক্ষার্থগুণব্যূহো হ্যনাদিমান্ ॥ ৭০ ॥
সুপ্তি মূর্চ্ছোপতাপেষু প্রাণায়নবিঘাততঃ।

অন্বয়ঃ।

তাবৎ অহং মম ইতি অয়ং অধ্যাসলক্ষণঃ ভাবঃ স্থূলদেহসম্বন্ধঃ, পুরুষে জীবে, ন ব্যবধীয়তে ন বিচ্ছিন্নঃ ভবতি ॥ ৭০ ॥

সুপ্তিমূর্চ্ছোপতাপেষু (সুষুপ্তৌ মূর্চ্ছায়াং উপতাপে ইষ্টবিয়োগাদিজনিতে অত্যন্তদুঃখেষু) মৃত্যুপ্রজ্বারয়োঃ (মৃত্যৌ মরণসময়ে, প্রজ্বারে অত্যন্তজ্বরাবেশদশায়াং) প্রাণায়ন-বিঘাততঃ

শ্রীধরস্বামী।

কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্তৃত্বভোক্তৃত্বাভাবাৎ মুক্তিঃ প্রসজ্যেত তত্রাহ। অহং মমেতি ভাবঃ স্থূলদেহসম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে নবিচ্ছিন্নো ভবতি। কিং পর্য্যন্তং বুদ্ধ্যাদীনাং ব্যূহঃ পরিণামো লিঙ্গং যাবদস্তি। ন আদিমান্ অনাদিমান্ ॥ ৭০ ॥

স্বাপাদাবহঙ্কারাদ্যভাবাৎ তৎবিচ্ছেদমাশঙ্ক্যাহ দ্বাভ্যাং। সুপ্ত্যাদিষু উপতাপঃ ইষ্ট-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মমেতি ভাবঃ স্থূলদেহসম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে ন বিচ্ছিন্নো ভবতি কিং পর্য্যন্তং বুদ্ধিমনোক্ষার্থরূপো গুণব্যূহো গুণপরিণামো লিঙ্গং যাবদস্তি। নন্বয়ং কদারভ্য প্রবৃত্তস্তত্রাহ অনাদিমান্ অবিজ্ঞাতাদিকালঃ ॥ ৭০ ॥

নন্থ লিঙ্গদেহসদ্ভাবে এব পরঃ সহস্রাণাং স্থূলদেহানাং নাশ উদ্ভবশ্চ যথা ভবতি তথা-স্থূলদেহসদ্ভাবেঽপি প্রতিসুষুপ্তি সূক্ষ্মদেহানাং নাশং সুষুপ্ত্যন্তে চোদ্ভবঞ্চ কথং ন ব্রূমস্তত্রাহ সুপ্তীতি দ্বাভ্যাং উপতাপ ইষ্টবিয়োগাদি দুঃখং সুপ্ত্যাদিষু প্রাণানাং অয়নং ইন্দ্রিয়েষু সঞ্চলনং তস্য বিঘাতাৎ বিঘাতজন্যাদিন্দ্রিয়াণাং স্বস্বব্যাপারাসামর্থ্যাৎ অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ অহমমুক ইতি জ্ঞানং নেহতে ন প্রকাশতে তত্র সুষুপ্তৌ মন আদি সর্ব্বেন্দ্রিয়েষু

ও মমতার অধ্যাসে জীবের স্থূলদেহের সহিত সম্বন্ধ কিছুতেই নিবৃত্ত হয় না। এই লিঙ্গদেহের আরম্ভকাল কোনমতে নিরূপণ করা যায় না ॥ ৭০ ॥

সুষুপ্তি, মূর্চ্ছা ও ইষ্টবিয়োগাদি-জনিত দারুণ দুঃখের সময়ে, মৃত্যুকাল উপস্থিত হইলে এবং ভীষণ জ্বরাদি রোগের উপস্থিতিতে ইন্দ্রিয়গণ যখন

আভাস।

অবয়বে উপচিত; এবং ইহার সৃষ্টি যে কোন সময় আরম্ভ হইয়াছে, তাহা নিরূপণ করা অসম্ভব। উত্তর-মীমাংসায় উক্ত আছে, "সৃষ্টেরসকৃদুপদেশাৎ" অনন্তকাল হইতে সৃষ্টি চলিয়া আসিতেছে। অতএব কেবল স্থূলদেহের অভিমান বিনিবৃত্ত হইলেই, কখন নিষ্কৃতি নাই; সূক্ষ্ম দেহের অভিমান বিনিবৃত্ত হওয়া প্রয়োজন ॥ ৭০ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, লিঙ্গদেহ যেমন ভাব অনুসারে অন্যান্য সহস্র স্থূল-দেহের উৎপাদন এবং বিনাশ করিয়া দেয়, সেইরূপ কেবল স্থূলদেহের বিদ্যমানতাতেই

নেহতেঽহমিতি জ্ঞানং মৃত্যুপ্রজ্বারয়োরপি ॥ ৭১ ॥

অন্বয়ঃ।

(প্রাণায়নানাং ইন্দ্রিয়াণাং বিঘাততঃ ব্যাকুলত্বাৎ অহং ইতি জ্ঞানং ন ঈহতে ন প্রকাশতে। (নতু অধ্যাসাভাব এব তৎ ইতি) ॥ ৭১ ॥

শ্রীধরস্বামী।

বিয়োগাদি দুঃখং তেষু অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ নেহতে ন প্রকাশতে প্রাণায়নামিন্দ্রিয়াণাং বিঘাতাৎ। ইন্দ্রিয়ৈরিদমহঙ্কারাস্পদবস্তুগ্রহণে হ্যহঙ্কারঃ স্ফুরতি নান্যথেত্যর্থঃ ॥ ৭১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণসঞ্চারণাভাবঃ স্বপ্নে বহির্জ্ঞানেন্দ্রিয়েষ্বেবেতি জ্ঞেয়ং। মৃত্যুপ্রজ্বারাভ্যাং জনিতে কষ্টেঽপি সুষুপ্ত্যাদিষু যথাপূর্ব্বং বিঘাতাধিক্যং নতু লিঙ্গস্যাভাবঃ ॥ ৭১ ॥

ব্যাকুল হয়, তখন জীবের অহংজ্ঞান বিলুপ্ত হইলেও দেহদ্বয়ে অধ্যাসের নিবৃত্তি হয় না ॥ ৭১ ॥

আভাস।

প্রতি সুষুপ্তিকালে সূক্ষ্মদেহের বিনাশ এবং উৎপত্তি কেন স্বীকার করা যাইবে না? এতদুত্তরে প্রকাশ করিয়াছেন যে, মৃত্যুকালে সংস্কার অনুসারে উপস্থিত দেহাদিতে মুমূর্ষু জীবের যেরূপ অভিমান বর্ত্তে, শয়ানকালে স্বপ্নদৃষ্ট পদার্থে সেরূপ অভিমানের উদয় হয় না। স্বপ্নদৃষ্ট পদার্থে স্মৃতির বিশদতা হয় বটে, কিন্তু যে অবস্থায় থাকিয়া স্বপ্নদর্শন হয়, সে অবস্থার সম্পূর্ণ বিস্মৃতি হয় না। কারণ সুপ্তি, মূর্চ্ছা বা ইষ্টবিয়োগাদিজনিত ক্লেশের সময় জীবের ইন্দ্রিয়বর্গ অবসন্ন হইয়া পড়ে; কিন্তু মৃত্যুকালে ব্যবহারিক দৃষ্টিতে স্থূলদেহে ইন্দ্রিয়বর্গের ম্লানভাব উপলব্ধ হইলেও, প্রকৃত প্রস্তাবে সূক্ষ্মদেহনিষ্ঠ ইন্দ্রিয়শক্তির কিছুমাত্র হ্রাস বা অবসন্ন ভাব উপস্থিত হয় না। বরং কর্দ্দমনির্ম্মুক্ত কলেবরের ঔজ্জ্বল্যসম্পাদনের ন্যায়, পীড়িত সুতরাং বিকৃত স্থূলদেহ হইতে নিষ্কৃতিলাভে সূক্ষ্মদেহগত ইন্দ্রিয়নিচয় সবল ও প্রকৃত অবস্থায় উপস্থিত হয়। সুতরাং মৃত্যুর পর লব্ধব্য দেহে তাহার অভিমান করিবার কোন প্রতিবন্ধক ঘটে না; অতএব লিঙ্গদেহ স্থূলদেহের উৎপাদন করিতে পারে; কিন্তু স্বপ্নাদিতে দৃষ্ট বস্তুর প্রতি যখন অভিনিবেশ জন্মে না, তখন সূক্ষ্মদেহের উৎপাদন বা বিনাশ করিতে স্থূলদেহ কখন সমর্থ হয় না। এতদ্ব্যতীত স্বপ্নাদিকালে স্থূলদেহের কার্য্য-শৈথিল্য হওয়া ব্যতীত, উপলব্ধির স্থান লিঙ্গদেহে কোন নূতন বৈচিত্র সাধনে যোগ্য হয় না ॥ ৭১ ॥

বৃক্ষ যেমন কারণস্থানীয় বীজেরই পরিচায়ক, সেইরূপ স্থূলদেহ কেবল লিঙ্গদেহের পরিচায়ক মাত্র। বীজ হইতে অঙ্কুরিত বৃক্ষ যেমন উৎপন্ন হইবা মাত্র বা প্রাচীন হইলেও আর ফলপ্রসবে সমর্থ হয় না, কেবল মধ্যাবস্থায় তাহার যাবতীয় শক্তির পরিচয় দেয়, সেইরূপ জীবের অভিমান-ভাব সকল অবস্থায় সম্পূর্ণ প্রকাশ পায় না। যোগসূত্রে উক্ত আছে যে, "অবিদ্যা ক্ষেত্রমুত্তরেষাং প্রসুপ্ততনুবিচ্ছিন্নোদারাণাং"। অবিদ্যাই যাবতীয় সংস্কার অর্থাৎ

গর্ভেবাল্যে হ্যপ্যপৌষ্কল্যাদেকাদশবিধং তদা।
লিঙ্গং ন দৃশ্যতে যূনঃ কুহ্বাং চন্দ্রমসো যথা ॥ ৭২ ॥

অন্বয়ঃ।

কুহ্বাং অমাবস্যায়াং, সতঃ এব চন্দ্রমসঃ লিঙ্গং রূপং, যথা ন দৃশ্যতে তথা যূনঃ তরুণস্য তৎ একাদশবিধং (একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং) লিঙ্গং অহঙ্করণং, বাল্যে গর্ভে অপৌষ্কল্যাৎ অসম্পূর্ণত্বাৎ, এব তথা ন দৃশ্যতে, অপি তদা অধ্যাসোঽস্ত্যেব ইতি ॥ ৭২ ॥

শ্রীধরস্বামী।

অপৌষ্কল্যাৎ অসংপূর্ণত্বাৎ প্রাণায়নানামিতি শেষঃ। যূনস্তরুণস্য যদেকাদশবিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গমহঙ্করণং তন্ন দৃশ্যতে। সতোঽপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসো লিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপৌষ্কল্যাৎ অসম্পূর্ণত্বাৎ ইন্দ্রিয়ায়তনানামিতি শেষঃ। যূন স্তরুণস্য যদেকাদশবিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গদেহমহঙ্কারকারণং তন্ন দৃশ্যতে। সতোঽপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ। কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসো লিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥

অমাবস্যাতে শশধর বিদ্যমান থাকিতেও যেমন তাহার প্রতীতি ঘটে না, সেইরূপ তরুণ-কালোচিত একাদশ ইন্দ্রিয়ের স্ফূর্ত্তিভাব বাল্যাবস্থায় বা গর্ভবাসকালে অপরিপক্বতা-নিবন্ধন তাদৃশ উপলব্ধ হয় না বটে, কিন্তু তখনও অভিমানের অধ্যাস বিলক্ষণ থাকে ॥ ৭২ ॥

আভাস।

বৃত্তির মূল; সেই সকল বৃত্তি প্রসুপ্ত, তনু, বিচ্ছিন্ন ও উদারভাবে জীবহৃদয়ে নিত্য বিদ্যমান থাকে। একটী ক্ষুদ্র সদ্যপ্রসূত বালককে অবলোকন করিয়া, কখন বুঝা যায় না যে, তাহার হৃদয়ে বনিতা-সম্ভোগের সংস্কার নিদ্রিতের ন্যায় লীন আছে। কিন্তু নবীন কিশলয়-বিশিষ্ট অম্রের অঙ্কুর যেমন কালক্রমে পুষ্টিলাভ করিয়া বীজসদৃশ লক্ষ লক্ষ আম্র প্রসব করে, কারণ তাদৃশ শক্তি তাহাতে বিলীন ছিল; যেমন গুহার অন্তরে নিদ্রিত সিংহের নিকট মেষশাবকও নিরাপদে বিচরণ করিতে পারে, সেইরূপ জীবের হৃদয়ে নানাপ্রকার অভিমানের বৃত্তি সত্ত্বেও সহায়তার অভাবে উদ্দ্রিক্ত না হইয়া, অনেকগুলি নিদ্রিতের ন্যায় অবস্থান করে। দেহ বা ইন্দ্রিয়ের অপরিপক্বতা-নিবন্ধন যে সকল বৃত্তির উদয় হইতে বিলম্ব হয়, তাহাদিগকে নিদ্রিত বৃত্তি বলা যায়। নানাপ্রকার কার্য্যে বিব্রত থাকিলে, যেমন ক্ষুধা বা পিপাসার বৃত্তি ক্ষীণতা লাভে অবসন্নপ্রায় থাকে, সেইরূপ লিঙ্গদেহের আপাতত প্রকাশ-মান অন্যান্য অভিমানের অনেক কারণ থাকায়, অবশিষ্ট অভিমানের বৃত্তি তনুভাব অবলম্বনে আত্মপরিচয়ের সামর্থ্য পায় না। তাহারা ক্ষীণভাবেই অন্তরে নিহিত থাকে। কোন বিপরীত বৃত্তির উদয়ে যে বৃত্তির পরিচয় থাকে না, তাহাকে বিচ্ছিন্না বলে. যথা পত্নীতে প্রেম-

অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥ ৭৩ ॥

অন্বয়ঃ।

যথা স্বপ্নকালে অর্থে স্বশিরশ্ছেদাদিলক্ষণে ব্যাপারে, অবিদ্যমানে অপি অনর্থাগমঃ (অনর্থস্য সুখদুঃখভাবস্য আগমঃ উপস্থিতিঃ ভবতি তথা জাগরণং বিনা ন সঃ নিবর্ত্ততে) তথা বিষয়ান্ ধ্যায়তঃ অস্য পুরুষস্য, অর্থে অবিদ্যমানে অপি আত্মজ্ঞানসাধনং বিনা সংসৃতিঃ সংসারঃ, ন নিবর্ত্ততে ॥৭৩

শ্রীধরস্বামী।

তস্মাদহঙ্কারাস্পদস্য স্থূলদেহস্যাবিচ্ছেদাদ্বস্তুভূতার্থাভাবেঽপি সংসৃতিনিবৃত্তির্নাস্তীত্যাহ অর্থে হীতি ॥ ৭৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং সুষুপ্ত্যাদিষু লিঙ্গস্য বিবাতএব ন ত্বভাবঃ। যেচ সুষুপ্তিপ্রলয়য়োর্লিঙ্গস্য প্রকৃতৌ লয়াদভাবমাহু স্তন্মতেঽপি জীবস্য তদা ন মুক্তিঃ কিন্তু সংসার এবেতি সদৃষ্টান্তমাহ; অর্থে লিঙ্গ-শরীরে বিষয়ধ্যানাদনিবৃত্তস্য পুংসঃ স্বপ্নে বিষয়াভাবেঽপি বিষয়গ্রহণরূপস্যানর্থস্য যথা আগমনং তথৈব সুষুপ্তৌ লিঙ্গলয়েঽপি অবিদ্যা তৎসংস্কারাণামপগমাৎ ন মুক্তিঃ কিন্তু সংসার এবেত্যর্থঃ ॥ ৭৩ ॥

স্বপ্নকালে স্বীয় মস্তক-চ্ছেদনাদি দুঃখদায়ক ব্যাপার বস্তুত না থাকিলেও তন্নিষ্ঠভাব সত্যবৎ প্রতীত হইবার কোন প্রতিবন্ধক নাই; এবং জাগ্রত হওয়া ব্যতীত তাদৃশ দুঃখপ্রদ ব্যাপারের হস্ত হইতে নিষ্কৃতিও যেমন হয় না, সেইরূপ বিষয়-চিন্তায় নিরন্তর ব্যাকুল-হৃদয় ব্যক্তির সমীপে বস্তুসমূহ না থাকিলেও, আত্মজ্ঞানের উদয় না হওয়া পর্য্যন্ত, অন্তরের সংসার কোনমতে বিনিবৃত্ত হয় না ॥ ৭৩ ॥

আভাস।

ভাবের উদয়-কালে বিদ্বেষ-ভাব লুক্কায়িত, যেন তাহা নাই, এই ভাবেই হৃদয়ে নিহিত থাকে; কিন্তু তাহার অস্তিত্ব নাই, তাহা বলা যায় না। কারণ নিজের পুত্র বা বনিতার অসদাচরণ নিরীক্ষণ করিলে, যাদৃশ বিরক্তি ও বিদ্বেষের উদয় হয়, তাহা পরবনিতাদির প্রতি কখন হয় না। অতএব যে পরিমাণে অনুরাগ প্রতীত হয়, তাহার অভ্যন্তরে সেই পরিমাণের বিপরীত বৃত্তি বিদ্বেষ বিচ্ছিন্নভাবে অবস্থান করে। কেবল একজাতীয় বৃত্তি যাহা সম্প্রতি কার্য্যের পরিচয় দেয়; সুতরাং তাহাদিগকে শাস্ত্রে উদার অর্থাৎ স্পষ্টনামে অভিহিত করিয়াছেন। অতএব অমাবস্যা তিথিতে চন্দ্র পরিদৃষ্ট না হইলেও, যেমন কুহুনাম্নী ছায়ায় আবৃত স্বীকার করা হয়, সেইরূপ বিবিধ কারণে লিঙ্গদেহস্থ অভিমানরাশির এককালে উদয় দেখিতে না পাইলেও, পূর্ব্বোক্ত ভাবত্রয়ের অন্তরে যে নিহিত রহিয়াছে, তাহা অবশ্য স্বীকার্য্য। সুতরাং স্বপ্নে সুখাদির উপলব্ধির ন্যায়, বাহিরে বস্তুর অভাব থাকিলেও, মনোময় বস্তুনিষ্ঠ সংস্কারের সদ্ভাবে জীবের সংসার অপরিহার্য্য ॥ ৭২ ॥ ৭৩ ॥

এবং পঞ্চবিধং লিঙ্গং ত্রিবৃৎ ষোড়শবিস্তৃতং।
এষ চেতনয়া যুক্তো জীব ইত্যভিধীয়তে॥
অনেন পুরুষো দেহানুপাদত্তে বিমুঞ্চতি।
হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখঞ্চানেন বিন্দতি॥ ৭৪॥
যথা তৃণজলৌকেয়ং নাপযাত্যপয়াতিচ।

অন্বয়ঃ।

এবং পঞ্চবিধং পঞ্চতন্মাত্রাত্মকং, ষোড়শবিস্তৃতং (একাদশেন্দ্রিয়ৈঃ সহ ষোড়শাত্মনা বিস্তৃতং) ত্রিবৃৎ ত্রিগুণকার্য্যভূতং, যৎ লিঙ্গং লিঙ্গদেহঃ স এষ চেতনয়া যুক্তঃ জীবঃ ইতি অভিধীয়তে॥

অনেন লিঙ্গদেহেন যুক্তঃ এব পুরুষঃ দেহী দেহান্ দেবমনুষ্যাদীন্ স্থূলান্, উপাদত্তে গৃহ্লাতি, বিমুঞ্চতি চ তথা হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখং চ অনেন লিঙ্গেন বিন্দতি প্রাপ্নোতি॥৭৪

যথা ইয়ং প্রসিদ্ধা তৃণজলৌকা কীটবিশেষঃ (পূর্ব্বশ্রিততৃণং ত্যক্ত্বা) ন অপযাতি ন গচ্ছতি,

শ্রীধরস্বামী।

যাবল্লিঙ্গং স্থূলদেহাবিচ্ছেদাৎ সংসারানিবৃত্তিরিত্যেতৎ প্রপঞ্চয়তি এবমিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। পঞ্চ তন্মাত্রাত্মকং ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শবিকারাত্মনা বিস্তৃতং॥ ৭৪॥

নম্বেকং দেহং বিসৃজ্য দেহান্তরপ্রবেশাৎ পূর্ব্বং বিদেহতা স্যাদেব অত আহ যথেতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিঙ্গশরীরমেব কিং তত্রাহ এবমিতি পঞ্চবিধং পঞ্চপ্রাণা বিধা বিদধত শ্চেষ্টাং কুর্ব্বন্তো যত্র তৎ। ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শবিকারাত্মনা বিস্তৃতং জীবো লিঙ্গদেহঃ॥ ৭৪॥

দেহত্যাগ-দেহান্তরপ্রবেশয়ো র্মধ্যক্ষণেঽপ্যভিমানাবিচ্ছেদমাহ যথেতি নাপযাতি পূর্ব্ব-

---

অতএব পঞ্চতন্মাত্র এবং একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ অবয়বে বিস্তৃত যে ত্রিগুণাত্মিকা বুদ্ধি লিঙ্গদেহ নামে অভিহিত, কেবল চৈতন্যের যোগে তাহাই আবার জীবনামে শব্দিত হইয়া থাকে॥

এই লিঙ্গদেহে সমাবিষ্ট দেহী পুরুষ দেব-মনুষ্যাদি বিচিত্র স্থূলদেহ কেবল ভোগের অনুরোধে ধারণ করে এবং ভোগান্তে তাহাকে আবার পরিত্যাগ করে; এবং এই লিঙ্গ-দেহের সাহায্যেই হর্ষ, শোক, সুখ, দুঃখ এবং ভয় প্রভৃতি অনুভব করিয়া থাকে॥ ৭৪॥

তৃণ-জলৌকা যেমন আশ্রয়-তৃণকে কোনমতে পরিত্যাগ করে না, অথচ

আভাস।

সুতরাং লিঙ্গদেহ একটী স্থূলদেহ পরিত্যাগ করিয়া, অপর স্থূলদেহ অবলম্বন করিয়া থাকে; তৃণ-জলৌকাই তাহার একটী প্রধান দৃষ্টান্তস্থল। যমলোকে যে সকল যাতনার

ন ত্যজেন্ম্রিয়মাণোঽপি প্রাগ্দেহাভিমতিং জনঃ ॥
যাবদন্যং ন বিন্দেত ব্যবধানেন কর্ম্মণাং ॥ ৭৫ ॥
মনএব মনুষ্যেন্দ্র ভূতানাং ভবভাবনং ॥ ৭৬ ॥

অন্বয়ঃ।

(তথা তৃণান্তরস্য ধারণাৎ) অপযাতি গচ্ছতি চ তথা অয়ং জনঃ জীবঃ, কর্ম্মণাং (দেহারম্ভকাণাং) ব্যবধানেন বিশেষতো ধারণেন অন্যং দেহং যাবং ন বিন্দেত তাবৎ ম্রিয়মাণঃ অপি আসন্ন-মৃত্যুকালে অপি প্রাগ্‌দেহাভিমতিং ন ত্যজেৎ ॥ ৭৫ ॥

হে মনুষ্যেন্দ্র! মনঃ এব ভূতানাং প্রাণিনাং ভবভাবনং (জন্মমরণাদি-সংসারদুঃখস্য কারণং ॥ ৭৬ ॥

শ্রীধরস্বামী।

নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তরধারণাৎ তথা ন ত্যজেৎ অন্যং দেহং কর্ম্মণাং প্রাগ্দেহারম্ভকাণাং ব্যবধানেন বিচ্ছেদেন সমাপ্ত্যা ॥ ৭৫ ॥

প্রকরণার্থমুপসংহরতি মন এবেতি। ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তরধারণাৎ কর্ম্মণামুত্তরদেহারম্ভকাণাং ব্যবধানেন বিশেষতো ধারণেন ॥ ৭৫ ॥

প্রকরণমুপসংহরতি মন এবেতি ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

অন্য একটী তৃণকে অবলম্বন করিবা মাত্র পূর্ব্বতৃণকে পরিত্যাগ করে, সেইরূপ জীব যখন যে দেহকে আশ্রয় করিয়া থাকে, আসন্ন-মৃত্যুর অবস্থাতেও সে দেহকে পরিত্যাগ করিতে বাসনা করে না; কিন্তু কোনরূপ দেহান্তর প্রাপ্ত হইবা মাত্র, পূর্ব্ব দেহের ব্যাপার আর আলোচনা করে না ॥ ৭৫ ॥

হে মনুজেশ্বর! মনই মনুষ্যগণের জন্মমরণাদি সংসার-দুঃখের মূলীভূত কারণ ॥ ৭৬ ॥

অবিদ্যার প্রভাবে যাহার আত্মানুসন্ধান বিলুপ্ত হয়, সুতরাং শুভাশুভ বিচিত্র কর্ম্মের সংস্রব তৎসন্নিধানে উপস্থিত থাকে। কর্ম্ম করিলেই তন্নিমিত্ত

আভাস।

কথা উল্লেখ আছে, তাহাও প্রেতাদি দেহ অবলম্বন না করিয়া হইতে পারে না; কারণ কেবল লিঙ্গদেহে কোন প্রকার ভোগ নাই। সাংখ্যকার বলিয়াছেন, "অষ্টোবিকল্পো দৈব স্তৈর্য্যক্ যোনয়শ্চ পঞ্চধা ভবতি। মানুষ্য শ্চৈকবিধঃ সমাসতো ভৌতিকঃ সর্গঃ" ॥ যক্ষ, রাক্ষস, ঐন্দ্র, পিশাচ, পৈত্র্য, গন্ধর্ব্ব, প্রাজাপত্য ও ব্রাহ্ম এই আট প্রকার দেবযোনি; তির্য্যক্ যোনি পাঁচ প্রকার এবং মনুষ্য এক প্রকার। সর্ব্বসমেত এই চতুর্দ্দশ প্রকার স্থূলদেহ আছে; যাহার অন্তরে লিঙ্গদেহ প্রবেশ পূর্ব্বক ভোগ করিয়া থাকে ॥ ৭৪ ॥ ৭৫ ॥

যদাক্ষৈশ্চরিতান্ ধ্যায়ন্ কর্ম্মাণ্যারভতেঽসকৃৎ।
সতি কর্ম্মণ্যবিদ্যায়াং বন্ধঃ কর্ম্মণ্যনাত্মনঃ ॥ ৭৭ ॥
অতস্তদপবাদার্থং ভজ সর্ব্বাত্মনা হরিং।
পশ্যংস্তদাত্মকং বিশ্বং স্থিত্যুৎপত্ত্যপ্যয়া যতঃ ॥ ৭৮ ॥
মৈত্রেয় উবাচ ॥
ভাগবতমুখ্যো ভগবান্নারদো হংসয়োর্গতিং।

অন্বয়ঃ।

অবিদ্যায়াং সত্যাং অনাত্মনঃ আত্মানুসন্ধানশূন্যস্য, শুভাশুভকর্ম্ম ভবতি। তস্মিন্ কর্ম্মণি সতি (তন্নৈমিত্তিকো ভোগো ভবতি) ততশ্চ অক্ষৈঃ ইন্দ্রিয়ৈঃ চরিতান্ বিষয়ান্ মনসা ধ্যায়ন্ যদা কর্ম্মণি আচিনুতে আরভতে, তদা তস্মিন্ কর্ম্মণি সতি অসকৃৎ অস্য বন্ধঃ সংসারঃ, ভবতি ॥ ৭৭ ॥

অতঃ তদপবাদার্থং (তস্য সর্ব্বানর্থমূলস্য অধ্যাসস্য অপবাদার্থং নিবৃত্ত্যর্থং) সর্ব্বাত্মনা একাগ্রেণ মনসা, হরিং ভজ। যতঃ বিশ্বস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়াঃ (স্থিতিঃ পালনং উৎপত্তিঃ চ অপ্যয়ঃ বিনাশশ্চ) ভবন্তি অতঃ ইদং বিশ্বং তদাত্মকং পশ্যন্ হরিং ভজ ॥ ৭৮ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ভাগবতমুখ্যঃ ভক্তশ্রেষ্ঠঃ, ভগবান্ নারদঃ (প্রাচীনবর্হিষে) হংসয়োঃ

শ্রীধরস্বামী।

কথং সতি তদাহ যদেতি চরিতান্ উপভুক্তান্ যতঃ কর্ম্মণি সতি। নন্বসঙ্গস্য কুতঃ কর্ম্ম তত্রাহ অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি ॥ ৭৭ ॥

বিশ্বস্থিত্যাদয়ো যতো হরের্ভবন্তি ॥ ৭৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন প্রকারেণেত্যত আহ যদেতি। চরিতান্ উপভুক্তান্ পদার্থান্ যতঃ কর্ম্মণি একস্মিন্নপি বীজরূপে স্থিতে সতি অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি ॥ ৭৭ ॥

হংসয়োর্জীবেশ্বরয়োঃ ॥ ৭৮ ॥

ভোগ উপস্থিত হয়; এবং ইন্দ্রিয়বর্গের দ্বারা ভোগ্য বিষয়ের চিন্তা মনোমধ্যে উদয় হইলে, তৎপ্রাপ্তির আশায় পুনরায় কর্ম্মের আয়োজন করে। অতএব পুনর্ভোগ পুনঃ কর্ম্ম এই প্রকারে সংসারবন্ধন অপরিহার্য্য হইয়া উঠে। ৭৭ ॥

অতএব অভিমানরূপ বৃথা অধ্যাসই যখন সংসারের কারণ, তখন তাহার নিবৃত্তির জন্য সর্ব্বতোভাবে ও সর্ব্বান্তঃকরণে ভগবান্ শ্রীহরির আরাধনা করাই শ্রেয়ঃ! এই বিশ্ব সংসারের সৃষ্টি, স্থিতি ও পালন যে ভূতভাবন ভগবান্ হইতে সম্পাদিত হইতেছে, এই সংসারের এক মাত্র সার ও সর্ব্বস্ব জ্ঞানে তাঁহার অর্চ্চনা করা ব্যতীত জীবের আর উপায়ান্তর নাই ॥ ৭৮ ॥

প্রদর্শ্য নৃপমামন্ত্র্য সিদ্ধলোকং ততোঽগমৎ ॥ ৭৯ ॥
প্রাচীনবর্হী রাজর্ষিঃ প্রজাসর্গাভিরক্ষণে।
আদিশ্য পুত্রানগমৎ তপসে কপিলাশ্রমং ॥
তত্রৈকাগ্রমনা ধীরো গোবিন্দচরণাম্বুজং।
বিমুক্তসঙ্গোঽনুভজন্ ভক্ত্যা তৎসাম্যতামগাৎ ॥
এতদধ্যাত্মপারোক্ষ্যং গীতং দেবর্ষিণানঘ।

অন্বয়ঃ।

জীবেশ্বরয়োঃ, গতিং তত্ত্বং, প্রদর্শ্য নিরূপ্য, তং নৃপং আমন্ত্র্য ততঃ স্থানাৎ সিদ্ধলোকং অগমৎ গতবান্ ॥ ৭৯ ॥

প্রাচীনবর্হীঃ রাজর্ষিঃ অপি প্রজাসর্গাভিরক্ষণে (প্রজাসর্গস্য অভিরক্ষণে) পুত্রান্ আদিশ্য তপসে তপস্যার্থং, কপিলাশ্রমং অগমৎ ॥

তত্র কপিলাশ্রমে ধীরঃ বা বীরঃ অতিপ্রযত্নবান্ বিমুক্তসঙ্গঃ প্রত্যাহৃতেন্দ্রিয়বর্গঃ, একাগ্রমনাঃ রাজা গোবিন্দচরণাম্বুজং ভক্ত্যা অনুভজন্ ধ্যায়ন্, তৎসাম্যতাং অগাৎ গতবান্ ॥

হে অনঘ নিষ্পাপ! দেবর্ষিণা নারদেন, গীতং উক্তং, এতৎ অধ্যাত্মপারোক্ষ্যং যঃ শ্রাবয়েৎ

শ্রীধরস্বামী।

হংসয়ো র্জীবেশ্বরয়োঃ ॥ ৭৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রানাদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা পুত্রাণাং তদা তত্রানাগমনাৎ ॥ ৭৯
সাম্যতাং সাম্যং সারূপ্যং ॥
এতদুপাখ্যানং মুকুন্দযশসা কর্ম্মাদিভ্যো ভক্ত্যুৎকর্ষরূপেণ তস্মিন্মহন্মুখরিতামধুভি-

---

মৈত্রেয় বলিলেন, ভক্তশ্রেষ্ঠ সর্ব্বতত্ত্বজ্ঞ দেবর্ষি নারদ মহারাজ প্রাচীনবর্হীর সমীপে জীবেশ্বরস্বরূপ হংসদ্বয়ের পরমতত্ত্ব নিরূপণ পূর্ব্বক রাজাকে সমাদর করিলেন এবং কথান্তে তথা হইতে সিদ্ধাশ্রমে গমন করিলেন ॥ ৭৯ ॥

প্রাচীনবর্হী রাজত্ব করিলেও ধর্ম্মানুষ্ঠানে একজন ঋষি ছিলেন। তিনি পুত্রগণের প্রতি প্রজাপালনের ভার সমর্পণ করত, তপস্যার জন্য কপিলাশ্রমে যাত্রা করিলেন ॥

ধর্ম্মানুষ্ঠানে বিশেষ যত্নশীল বিষয়াসক্তিশূন্য রাজর্ষি প্রাচীনবর্হী কপিলাশ্রমে উপনীত হইয়া, বিশেষ যত্ন ও ভক্তি-সহকারে ভগবান্ গোবিন্দদেবের চরণারবিন্দের অনুধ্যানে প্রণিহিতমনা হইলেন এবং একাগ্রতার সহিত নিরন্তর চিন্তা করিয়া ভগবৎপদবীই লাভ করিয়াছিলেন ॥

হে অনঘ বিদুর! ঋষিশ্রেষ্ঠ দেবর্ষি নারদ কর্ত্তৃক অভিহিত এই অধ্যাত্মতত্ত্ব

যঃ শ্রাবয়েৎ যঃ শৃণুয়াৎ স লিঙ্গেন বিমুচ্যতে ॥ ৮০ ॥
এতন্মুকুন্দযশসা ভুবনং পুনানং দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতমাত্মশৌচং।
যঃ কীর্ত্ত্যমানমধিগচ্ছতি পারমেষ্ঠ্যং নাস্মিন্ ভবে ভ্রমতি মুক্তসমস্তবন্ধঃ॥ ৮১ ॥
আধ্যাত্মপারোক্ষ্যমিদং ময়াধিগতমদ্ভুতং।

অন্বয়ঃ।

যঃ শৃণুয়াৎ সঃ লিঙ্গেন (সংসারহেতুনা) লিঙ্গদেহেন, বিমুচ্যতে ॥ ৮০ ॥

দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতং (দেবর্ষিবর্য্যস্য নারদস্য মুখাৎ নিঃসৃতং) এতৎ মুকুন্দযশসা (মুকুন্দস্য মুক্তিদাতুঃ ভগবতঃ যশসা) ভুবনং পুনানং চতুর্দ্দশভুবনস্থজনানাং পবিত্রকরং, আত্মশৌচং (আত্মনঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদ্যধ্যাসনিবর্ত্তকতয়া শোধকং অতএব পারমেষ্ঠ্যং ব্রহ্মপ্রাপকং (মহদ্ভিঃ) কীর্ত্ত্যমানং আখ্যানং যঃ অধিগচ্ছতি (হৃদি অবধারয়তি) সঃ বিমুক্তসমস্তবন্ধঃ নিবৃত্তদেহাদ্যধ্যাসঃ, সন্ অস্মিন্ ভবে সংসারে, ন ভ্রমতি অপি তু মুক্তো ভবতি ॥ ৮১ ॥

ইদং অদ্ভুতং অধ্যাত্মপারোক্ষ্যং ময়া (গুরোঃ কৃপয়া) অধিগতং নিঃসন্দিগ্ধং শ্রুতং (তৎ তুভ্যং কথিতং) এবং উক্তপ্রকারেণ স্ত্রিয়া সহ পুংসঃ শ্রমঃ দেহাদ্যধ্যাসঃ সংসারে ভ্রমণক্লেশঃ

শ্রীধরস্বামী।

পুত্রান্ আদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা ॥ ৮০ ॥

আত্মশৌচং মনঃশোধকং পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টফলদং ॥ ৮১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ্চরিত্রেত্যাদিনা ব্যঞ্জিতেন বা পারমেষ্ঠ্যং পরমেষ্ঠিনঃ কর্ম্ম। পরমেষ্ঠিনাপ্যেতন্নিত্যং কীর্ত্ত্যত ইত্যর্থঃ তৎকৃতং বা ॥ ৮০ ॥

স্ত্রীবুদ্ধিস্তৎসহিতস্যাশ্রমোঽহঙ্কারঃ পক্ষে গার্হস্থ্যলক্ষণঃ অমুত্র কর্ম্মফলভোগঃ কথমিতি

যে ব্যক্তি নিজে শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি সংসারের নিদান কারণীভূত লিঙ্গদেহ হইতে নিষ্কৃতি লাভে বিমুক্ত হন, সন্দেহ নাই ॥ ৮০ ॥

দেবর্ষি-প্রধান নারদের মুখারবিন্দ হইতে বিনির্গত ভগবান্ মুক্তিদাতার যে পবিত্র যশোরাশি দ্বারা চতুর্দ্দশ ভুবনস্থ জীবলোকের পবিত্রতা সাধনে দেহ ইন্দ্রিয় ও অন্তঃকরণাদির অধ্যাস বিদূরিত হয়, তাহা যে পরমব্রহ্মের প্রাপক, সে বিষয়ে আর সন্দেহ নাই। সেই মহাজনগণের পরিকীর্ত্তিত বিমল আখ্যায়িকা যে ব্যক্তি নিয়ত হৃদয়ে অবধারণ করেন, তিনি কর্ম্মবন্ধন হইতে নিষ্কৃতি লাভে মুক্ত হন; পুনরায় আর এ সংসারে তাঁহাকে ভ্রমণ করিতে হয় না ॥ ৮১ ॥

পরোক্ষভাবে এই অধ্যাত্মতত্ত্বের অদ্ভুত বর্ণন আমি গুরুর কৃপায় আনুপূর্ব্বিক শ্রবণ করিয়াছি এবং যথাযথ তোমার নিকটও বর্ণন করিলাম। পূর্ব্বোক্ত প্রকারে নারী-সহবাসে পুরুষের সংসার-ভ্রমণের ক্লেশ, পরলোকে

এবং স্ত্রিয়া শ্রমঃ পুংসশ্ছিন্নোঽমুত্রচ সংশয়ঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে শ্রীনারদ প্রাচীনবর্হিঃ সম্বাদে পুরঞ্জনোপাখ্যানে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

বিদুর উবাচ ॥

যে ত্বয়াভিহিতা ব্রহ্মন্ সুতাঃ প্রাচীনবর্হিষঃ ।

অন্বয়ঃ ।

তথা অমুত্র কর্ম্মফলভোগঃ সংশয়ঃ চ ছিন্নঃ নিরস্তঃ। সন্ত্র্যাশ্রয়ঃ ইতি পাঠে স্ত্রীবুদ্ধিঃ তৎ-সহিতস্যাত্মনঃ আশ্রয়ঃ অহঙ্কারঃ ছিন্নঃ ॥ ৮২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥

বিদুরঃ উবাচ। হে ব্রহ্মন্! যে প্রাচীনবর্হিষঃ সুতাঃ প্রচেতসঃ, তে ত্বয়া, অভিহিতাঃ

শ্রীধরস্বামী ।

স্ত্রীবুদ্ধি স্তৎসহিতস্যাত্মন আশ্রয়োঽহঙ্কারশ্ছিন্নো ভবতি। অমুত্র কর্ম্মফলভোগঃ কথ-মিতি সংশয়শ্ছিন্নঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একোনত্রিংশঃ ॥ * ॥

প্রসঙ্গাৎ পঙ্‌ক্তিঃ প্রোক্তং বৃত্তং প্রাচীনবর্হিষঃ ।
বর্ণ্যতেচ পুনর্দ্বাভ্যাং প্রস্তুতং তৎ প্রচেতসাং ॥
তত্র ত্রিংশে তপস্তুষ্টাদীশাল্লব্ধবরাস্ততঃ ।
আগত্য বার্ক্ষীমুদ্বাহ্য রাজ্যং চক্রুরিতীর্য্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সংশয়শ্চ ছিন্নঃ ॥ ৮১ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
চতুর্থ একোনত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ত্রিংশে প্রচেতসোলব্ধবরাঃ স্তুত্যা হরের্জনাৎ ।
গত্বা দগ্ধ্বা তরূন্ বার্ক্ষীং লব্ধ্বা রাজ্যং মুদা ব্যধুঃ ॥ * ॥

কর্ম্মফলের ভোগ এবং তত্ত্ববিষয়ক সমগ্র সংশয় সম্পূর্ণ অপনোদিত হয় এবং স্ত্রীরূপা বুদ্ধির সংশ্রবে জাত পুরুষের অভিমানও বিনিবৃত্ত হইয়া যায় ॥ ৮২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! প্রাচীনবর্হীর পুত্র প্রচেতাগণ রুদ্রগীতের

আভাস।

ত্রিংশদধ্যায়ে তপস্যায় তুষ্ট পরমেশ্বরের সন্নিধানে বরলাভানন্তর প্রচেতাগণ প্রত্যাগমন পূর্ব্বক বৃক্ষোৎপন্না কন্যার পানিগ্রহণ এবং প্রাচীনবর্হীঃ পুত্রদের রাজ্যভার প্রদান বর্ণিত হইয়াছে ॥

তে রুদ্রগীতেন হরিং সিদ্ধিমাপুঃ প্রতোষ্য কাং ॥ ১ ॥
কিং বার্হস্পত্যেহ পরত্র বাথ কৈবল্যনাথপ্রিয়পার্শ্ববর্ত্তিনঃ।
আসাদ্য দেবং গিরিশং যদৃচ্ছয়া প্রাপুঃ পরং নূনমথ প্রচেতসঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

কথিতাঃ, তে রুদ্রগীতেন হরিং প্রতোষ্য কাং সিদ্ধিং, কিং ফলং, আপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য! তে প্রচেতসঃ যদৃচ্ছয়া দেবং গিরিশং আসাদ্য প্রাপ্য, তদুপদেশেন কৈবল্যনাথপ্রিয়পার্শ্ববর্ত্তিনঃ (কৈবল্যনাথস্য মুক্তিদাতুঃ ভগবতঃ প্রিয়স্য পার্শ্ববর্ত্তিনঃ ধ্যানপরাঃ জাতাঃ) অথ তস্মাৎ নূনং নিশ্চিতং পরং পরমাত্মানং, প্রাপুঃ। পরং তু ততঃ পূর্ব্বং ইহ অস্মিন্ লোকে, পরত্র লোকান্তরে, বা অথবা কিং ফলং প্রাপুঃ তৎ ব্রূহি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য কস্যাঞ্চিদ্বিদ্যায়াং বৃহস্পতের্মৈত্রেয়ঃ শিষ্য ইতি জ্ঞাতব্যং। তে যদৃচ্ছয়া গিরিশং প্রাপ্য তস্যৈব কৈবল্যনাথপ্রিয়স্য গিরিশস্য পার্শ্ববর্ত্তিনস্তদনুগৃহীতাঃ সন্তো নূনং পরং মোক্ষং প্রাপুরেব ততঃ পূর্ব্বন্তু ইহ অথবা পরত্র কিং প্রাপুঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রচেতসাং কথামধ্যে এব তৎপিতুঃ প্রাচীনবর্হিষঃ। নারদোপদেশাদুদ্ধারমাকর্ণ্য পুনস্তেষামেবাবশিষ্টাং কথাং শুশ্রূষতে বৈ ইতি। হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য। কস্যাঞ্চিদ্বিদ্যায়ামুদ্ধবমৈত্রেয়ৌ বৃহস্পতেঃশিষ্যাবিতি প্রসিদ্ধেঃ। প্রচেতসঃ ইহলোকে পরত্রচ কিং পরং শ্রেষ্ঠং বস্তু প্রাপুঃ কিং কৃত্বা যদৃচ্ছয়ৈব গিরিশং দেবমাসাদ্য কীদৃশাঃ কৈবল্যনাথস্য প্রিয়াঃ পার্শ্ববর্ত্তিনশ্চ ॥ ২ ॥

দ্বারা ভগবান্ শ্রীহরিকে প্রসন্ন করিয়া কি কি ফল লাভ করিয়াছিলেন, তাহা আপনি অনুগ্রহ পূর্ব্বক আমার নিকট বর্ণন করুন্! ॥ ১ ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! আপনি বৃহস্পতির নিকটেও কোন কোন বিষয় অধ্যয়ন করিয়াছেন! আপনার জ্ঞানের ইয়ত্তা নাই। এক্ষণে সেই প্রচেতাগণ যদৃচ্ছাক্রমে দেবদেব ত্রিলোচনের সন্নিধানে উপস্থিত হইয়া, তাঁহার উপদেশ অনুসারে কৈবলপতি ভগবানের প্রিয়পাত্র হইলেন এবং সেই পরম পুরুষ পরমাত্মাকেই প্রাপ্ত হইয়াছিলেন। কিন্তু তৎপূর্ব্বে ইহলোক বা পরলোকে তাঁহারা যে কিরূপ ভোগফল প্রাপ্ত হইয়াছিলেন, তাহা আমার নিকট কীর্ত্তন করুন্! ॥ ২ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, প্রচেতাগণ পিতার অনুমতি অনুসারে প্রজাসৃষ্টির বাসনায় সমুদ্রগর্ভে অবস্থান করত রুদ্রগীত উচ্চারণরূপ যজ্ঞ এবং

মৈত্রেয় উবাচ ॥

প্রচেতসোঽন্তরুদধৌ পিতুরাদেশকারিণঃ।
জপযজ্ঞেন তপসা পুরঞ্জনমতোষয়ন্ ॥ ৩ ॥
দশবর্ষ-সহস্রান্তে পুরুষস্তু সনাতনঃ।
তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা ॥ ৪ ॥
সুপর্ণস্কন্ধমারূঢ়ো মেরুশৃঙ্গমিবাম্বুদঃ।
পীতবাসা মণিগ্রীবঃ কুর্ব্বন্ বিতিমিরা দিশঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। পিতুঃ আদেশকারিণঃ প্রজাসৃষ্টিকামাঃ সন্তঃ, প্রচেতসঃ অন্তরুদধৌ সমুদ্রমধ্যে, স্থিতাঃ জপযজ্ঞেন (রুদ্রগীতজপরূপেণ যজ্ঞেন) তপসা আহারাদিনিয়মেন, চ পুরঞ্জনং ভগবন্তং, অতোষয়ন্ ॥ ৩ ॥

দশবর্ষসহস্রান্তে সনাতনঃ পুরুষঃ ভগবান্ তু রুচা কান্ত্যা, তেষাং কৃচ্ছ্রং তপঃক্লেশং শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা, আবিরভূৎ ॥ ৪ ॥

মেরুশৃঙ্গং আরূঢ়ঃ অম্বুদঃ মেঘঃ, ইব সুপর্ণস্কন্ধং আরূঢ়ঃ পীতবাসা (পীতে বাসসী যস্য সঃ) মণিগ্রীবঃ (মণিঃ কৌস্তুভঃ গ্রীবায়াং যস্য সঃ ভগবান্) দিশঃ বিতিমিরাঃ অন্ধকাররহিতাঃ কুর্ব্বন্ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

রুদ্রগীতজপরূপেণ যজ্ঞেন তপসাচ পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥

তেষাং কৃচ্ছ্রং তপঃক্লেশং। রুচা কান্ত্যা। শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা আবির্ভূতঃ ॥ ৪ ॥

সুপর্ণস্কন্ধমারূঢ় ইত্যাদীনাং বর্হিষ্মতঃ সুতানাহেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রুদ্রগীতরূপেণ জপযজ্ঞেন পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥ শান্তেন শান্তয়া রুচা ॥ ৪ ॥ ৫ ॥

আহারাদির নিয়মনরূপ তপস্যার অনুষ্ঠানে ভগবান্ পুরঞ্জনকে প্রসন্ন করিয়াছিলেন ॥ ৩ ॥

দশ সহস্র বৎসরের পর সনাতন পরমপুরুষ স্বীয় সত্ত্বময় দেহের ঔজ্জ্বল্য বিকাসে তাঁহাদের তপঃক্লেশ নিবারণ করত তথায় আবির্ভূত হইলেন ॥ ৪ ॥

মেরুশৃঙ্গোপরি সংলগ্ন নবীন জলদপটের ন্যায়, গরুড়ের পৃষ্ঠে সমারূঢ় পীতবসনধারী ভগবান্ জনার্দ্দন গলদেশে কৌস্তুভমণি ধারণ করত দিক্‌দিগন্তের অন্ধকার নিবারণ করিয়া, আবির্ভূত হইলেন ॥ ৫ ॥

সুবর্ণময় উজ্জ্বল অলঙ্কারে তাঁহার মুখমণ্ডল ও গণ্ডস্থলে বিশেষ শোভা পরিদৃষ্ট হইতেছিল। মস্তকে উজ্জ্বল কিরীট, অষ্টভুজে অষ্ট আয়ুধ; পার্ষদ-

কাশিষ্ণুনা কনকবর্ণবিভূষণেন ভ্রাজৎকপোলবদনো বিলসৎকিরীটঃ।
অষ্টায়ুধৈরনুচরৈর্মুনিভিঃ সুরেন্দ্রৈরাসেবিতো গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ ॥ ৬ ॥
পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা স্পর্দ্ধৎশ্রিয়া পরিবৃতো বনমালয়াদ্যঃ।
বর্হিষ্মতঃ পুরুষ আহ সুতান্ প্রপন্নান্ পর্জন্যনাদরুতয়া সঘৃণাবলোকঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

কাশিষ্ণুনা প্রকাশমানেন, কনকবর্ণবিভূষণেন স্বর্ণময়কুণ্ডলাদিনা, ভ্রাজৎকপোলবদনঃ (ভ্রাজৎকপোলং বদনং যস্য সঃ) বিলসৎকিরীটঃ (বিলসৎ শোভমানং কিরীটং যস্য সঃ) অষ্টায়ুধৈঃ (অষ্টসু ভুজেষু অষ্টভিঃ আয়ুধৈঃ যুক্তঃ) অনুচরৈঃ পার্ষদৈঃ, মুনিভিঃ সুরেন্দ্রৈঃ ইন্দ্রাদিভিঃ, আসেবিতঃ গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ (গরুড়ঃ এব কিন্নরঃ তেন স্বপক্ষস্বনেন গীতা কীর্ত্তিঃ যস্য সঃ) ॥৬॥
পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা (পীনাঃ আয়তাঃ যে অষ্টৌ ভুজাঃ তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা সহ) স্পর্দ্ধৎশ্রিয়া (স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া) বনমালয়া পরিবৃতঃ সঘৃণাবলোকঃ (সঘৃণঃ অবলোকঃ যস্য সঃ) আদ্যঃ আদিভূতঃ, পুরুষঃ পর্জ্জন্যনাদরুতয়া (পর্জ্জন্যস্য মেঘস্য নাদঃ ইব রুতং নাদঃ যস্যাঃ তয়া বাচা) প্রপন্নান্ শরণাগতান্, বর্হিষ্মতঃ পুত্রান্ আহ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কনকময়েন বর্ণবতা বিভূষণেন ভ্রাজমানং কপোলং বদনং চ যস্য। অষ্টভিরায়ুধৈঃ গরুড় এব কিন্নরঃ তেন পক্ষস্বনৈ গীতা কীর্ত্তির্যস্য ॥ ৬ ॥
পীনাশ্চ যে আয়তা অষ্টৌ ভুজা স্তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া বনমালয়া পরিবৃতঃ আদ্যঃ পুরুষঃ আহ। পর্জ্জন্যস্য নাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা সঘৃণোঽবলোকো যস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কনকময়েন বর্ণবতা নানারত্নজটিতত্বেন নানাবর্ণবতা বিভূষণেন কুণ্ডলাদিনা ভুজমণ্ডলমধ্যে লক্ষ্মীঃ শোভা যস্যা স্তয়া। স্পর্দ্ধন্তী স্পর্দ্ধমানা শ্রীর্লক্ষ্মীর্যয়া তয়া। আদ্যঃ পুরুষঃ।

বর্গ, মুনিগণ এবং ইন্দ্রাদি লোকপালসমূহ তাঁহাকে বেষ্টন করত অবস্থান করিতেছিলেন। তৎকালে পতগরাজ গরুড়ই কেবল পক্ষবিস্তারের ধ্বনি দ্বারাই ভগবানের যশোরাশি কীর্ত্তন করিতেছিলেন ॥ ৬ ॥

স্থূল অথচ সুদীর্ঘ অষ্টভুজের মধ্যস্থলে বনমালা সর্ব্বাতিরেকে সুশোভিত বোধ হইতেছিল। পরমকারুণিক ভগবান্ নারায়ণ তাদৃশ বেশ ধারণে এবং কৃপাপূর্ণ দৃষ্টির বিতরণে ও জলদগম্ভীর-বচনে শরণাগত বর্হিষ্মতের পুত্রগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৭ ॥

হে রাজকুমারগণ! তোমরা কার্য্যোদ্ধার-মানসে যেরূপ কৃতসংকল্প হইয়া

ভগবানুবাচ।

বরং বৃণীধ্বং ভদ্রং বো যূয়ং মে নৃপনন্দনাঃ।
সৌহার্দ্দেনাপৃথগ্ধর্ম্মা স্তুষ্টোঽহং সৌহৃদেন বঃ॥ ৮॥
যোঽনুস্মরতি সন্ধ্যায়াং যুষ্মাননুদিনং নরঃ।
তস্য ভ্রাতৃষ্বাত্মসাম্যং তথা ভূতেষু সৌহৃদং॥ ৯॥
যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ।
স্তুবন্ত্যহং কামবরান্ দাস্যে প্রজ্ঞাঞ্চ শোভনাং॥ ১০॥

অন্বয়ঃ।

হে নৃপনন্দনাঃ! যূয়ং যতঃ সৌহার্দ্দেন প্রেম্না, অপৃথগ্ধর্ম্মাঃ মদারাধনলক্ষণৈকধর্ম্মনিরতাঃ অতঃ বঃ যুষ্মাকং, সৌহৃদেন অহং তুষ্টঃ, বঃ যুষ্মাকং, ভদ্রং ভবতুঃ; মে মত্তঃ, বরং বৃণীধ্বং॥৮॥

অনুদিনং প্রতিদিনং, সন্ধ্যায়াং যঃ নরঃ যুষ্মান্ অনুস্মরতি অনুস্মরিষ্যতি, তস্য ভ্রাতৃষু তথা ভূতেষু সর্ব্বপ্রাণিষু, আত্মসাম্যং ভগবৎসারূপ্যং, সৌহৃদং মৈত্র্যং, চ (ভবিষ্যতি)॥ ৯॥

যে তু সমাহিতাঃ সাবধানাঃ, সন্তঃ সায়ং প্রাতঃ রুদ্রগীতেন মাং স্তুবন্তি স্তোষ্যন্তি, অহং তুষ্টঃ সন্ তেভ্যঃ কামবরান্ অভিলষিতভোগান্ শোভনাং প্রজ্ঞাং বুদ্ধিং চ দাস্যে॥ ১০॥

শ্রীধরস্বামী।

যূয়ং মে মত্তো বৃণীধ্বং সৌহার্দ্দেন হেতুনা অপৃথগ্ধর্ম্মো যেষাং তেষাং সম্বোধনং বঃ পরস্পরং সৌহৃদেন তুষ্টোঽহং॥ ৮॥

ভূতেষু সৌহৃদঞ্চ ভবিষ্যতি॥ ৯॥ তেভ্যোঽপি দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি শেষঃ॥১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্জ্জন্যনাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা আহ। স কৃপাবলোকঃ॥ ৬—৯॥

তেভ্যো দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি ভাবঃ॥ ১০॥

আমার প্রতি প্রেমের পরিচয় দিতেছ, তাহাতে আমি তোমাদের প্রতি বিশেষ সন্তুষ্ট হইয়াছি; তোমাদের মঙ্গল হউক! আমার নিকট বর প্রার্থনা কর! আমি তোমাদের মনোরথ পূরণ করিব॥ ৮॥

যে ব্যক্তি প্রাতঃকালে ও সায়ংকালে তোমাদিগকে স্মরণ করিবে, তাহাদিগের ভ্রাতৃগণের মধ্যে এবং সমস্ত জীবনিচয়ে পরমা প্রীতি এবং আত্মতুল্য দৃষ্টি জন্মিবে; সন্দেহ নাই॥ ৯॥

যে ব্যক্তি সায়ংপ্রাতর্ এই উভয় সন্ধ্যায় সমাহিতচিত্তে এই রুদ্রগীতের দ্বারা আমাকে স্তব করিবে, তাহার সকল কামনা আমি পূরণ করিব! এবং শোভনা বুদ্ধি তাহাকে প্রদান করিব, সন্দেহ নাই॥ ১০॥

তোমরা যখন বিশেষ আনন্দসহকারে পিতার আজ্ঞাকে শিরোধার্য্য

যদ্‌যূয়ং পিতুরাদেশমগ্রহীষ্ট মুদান্বিতাঃ।
অথো ব উশতী কীর্ত্তি লোকাননুভবিষ্যতি ॥ ১১ ॥
ভবিতা বিশ্রুতঃ পুত্রোঽনবমো ব্রহ্মণো গুণৈঃ।
য এতামাত্মবীর্য্যেণ ত্রিলোকীং পূরয়িষ্যতি ॥ ১২ ॥
কণ্ডোঃ প্রম্লোচয়া লব্ধা কন্যা কমললোচনা।
তাঞ্চাপবিদ্ধাং জগৃহুর্ভূরুহা নৃপনন্দনাঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ, যূয়ং মুদান্বিতাঃ হর্ষযুক্তাঃ সন্তঃ পিতুঃ আদেশং অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ, অথ তস্মাৎ বঃ যুষ্মাকং, উশতী কমনীয়া, কীর্ত্তিঃ লোকান্ অনুভবিষ্যতি ব্যাপ্স্যতি ॥ ১১ ॥

তথা গুণৈঃ ব্রহ্মণঃ সকাশাৎ, অনবমঃ অন্যূনঃ, অতঃ বিশ্রুতঃ প্রখ্যাতঃ, যুষ্মাকং পুত্রঃ ভবিতা ভবিষ্যতি, যঃ আত্মবীর্য্যেণ স্বসন্তানেন, এতাং ত্রিলোকীং, পূরয়িষ্যতি ॥ ১২ ॥

হে নৃপনন্দনাঃ! কণ্ডোঃ ঋষেঃ সকাশাৎ প্রম্লোচয়া অপ্‌সরসা কমললোচনা কন্যা লব্ধা। স্বর্গং গচ্ছন্ত্যা তয়া প্রম্লোচয়া, গর্ভদশায়াং এব অপবিদ্ধাং ত্যক্তাং, তাং কন্যাং, ভূরুহাঃ বৃক্ষাঃ জগৃহুঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ। অথো ইতি হেতোঃ। লোকান্ অনু লোকেষু ভবিষ্যতি। যদ্বা লোকাননুভবিষ্যতি দ্রক্ষ্যতি ব্যাপ্স্যতীত্যর্থঃ ॥ ১১ ॥

অনবমঃ অন্যূনঃ। আত্মনো বীর্য্যেণ সন্তানেন ॥ ১২ ॥

পুত্রার্থমাদৌ ভার্য্যাং সম্পাদয়তি কণ্ডোরিতি ত্রিভিঃ। তপোনাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি বহুকালং রেমে। সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগাম। তদেতদুক্তং অপবিদ্ধাং ত্যক্তাং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকান্ অনু লক্ষ্যীকৃত্য ॥ ১১ ॥ গুণৈর্ব্রহ্মণঃ সকাশাদনবমঃ অন্যূনঃ ॥ ১২ ॥

ননু কস্যাং ভার্য্যায়াং পুত্রো ভবিতেত্যত আহ কণ্ডোরিতি ত্রিভিঃ তপোনাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি র্বহুকালং রেমে সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগামেত্যত আহ অপবিদ্ধাং ত্যক্তাং হে নৃপনন্দনাঃ ॥ ১৩ ॥

করিয়াছ, তখন এই সমগ্র জগতে তোমাদের পবিত্র কীর্ত্তি বিস্তৃত হইবে॥১১॥

তোমাদের একটী পুত্র হইবে, যিনি বিশ্ববিধাতা কমলাসনের অপেক্ষা গুণে কোন অংশে ন্যূন হইবেন না। এবং তাঁহারই সন্তান সন্ততি দ্বারা এই ত্রিভুবন পরিব্যাপ্ত হইবে, সন্দেহ নাই ॥ ১২ ॥

মহর্ষি কণ্ডু ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিলে, পুরন্দর তাঁহার তপো-

ক্ষুৎক্ষামায়া মুখে রাজা সোমঃ পীযূষবর্ষিণীং।
দেশিনীং রোদমানায়া নিদধে স দয়ান্বিতঃ॥ ১৪॥
প্রজাবিসর্গ আদিষ্টাঃ পিত্রা মামনুবর্ত্ততা।
তত্র কন্যাং বরারোহাং তামুদ্বহত মাচিরং॥ ১৫॥

অন্বয়ঃ।

ক্ষুৎক্ষামায়াঃ ক্ষুধাপীড়িতায়াঃ, অতএব রোদমানায়াঃ তস্যাঃ কন্যায়াঃ মুখে দয়ান্বিতঃ (বনস্পতীনাং) রাজা সঃ সোমঃ পীযূষবর্ষিণীং অমৃতস্রাবিণীং দেশিনীং স্বতর্জ্জনীং, নিদধে॥১৪

মাং অনুবর্ত্ততা মৎপ্রেরিতেন, যুষ্মাকং পিত্রা যতঃ প্রজাসর্গে আদিষ্টাঃ নিযুক্তা. অতঃ তত্র প্রজাসর্গে কার্য্যে বরারোহাং সর্ব্বলাবণ্যযুক্তাং তাং কন্যাং উদ্বহত পত্নীত্বে গৃহ্লীত মা চিরং বিলম্বঃ ন কার্য্যঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

স প্রসিদ্ধো বনস্পতীনাং রাজা সোমঃ অমৃতস্রাবিণীং দেশিনীং তর্জ্জনীং রুদন্ত্যা স্তস্যা মুখে নিদধে। অনেনাপ্সরোগর্ভসম্ভবেনামৃতাহারেণচ তস্যা লাবণ্যং ক্লমস্বেদদৌর্গন্ধ্যাদি-রাহিত্যং চোক্তং॥ ১৪॥

মামনুবর্ত্তমানেন পিত্রা নিযুক্তাঃ সন্তঃ তত্র প্রজাসর্গে নিমিত্তে তামুদ্বহত॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোমো বনস্পতীনাং রাজা স প্রসিদ্ধঃ॥ ১৪॥

পিত্রা প্রাচীনবর্হিষা মামনুবর্ত্তমানেন তত্র গত্বা॥ ১৫॥

বিঘ্নার্থ প্রম্লোচানাম্নী অপ্সরাকে প্রেরণ করেন। অপ্সরার রূপে মোহিত হইয়া, কণ্ডুমুনি তপস্যা পরিত্যাগে প্রম্লোচাতেই বহুকাল আসক্ত থাকেন। পরে প্রম্লোচার গর্ভ হইলে, সেই অপ্সরা দেবভয়ে ভীতা হইয়া, গর্ভস্থ শিশুকে পাদপ-সন্নিধানে পরিত্যাগপূর্ব্বক স্বর্গপুরে গমন করিলেন। হে নৃপনন্দনগণ! সেই গর্ভে একটী অপূর্ব্ব রূপলাবণ্যসম্পন্না কন্যা জন্ম গ্রহণ করিয়াছে॥ ১৩॥

সেই কন্যাটী যখন ক্ষুধায় কাতর হইয়া রোদন করিতেছিল, তখন বনস্পতি রাজা সোম সেই কন্যার বদনে পানার্থ তাঁহার অমৃতবর্ষিণী তর্জ্জনী প্রদান করিয়াছিলেন। বালিকা তাঁহার দয়ায় অমৃতপানের দ্বারা অলোক-সামান্য রূপ ধারণ করিয়াছে॥ ১৪॥

আমার অভিপ্রায় অনুসারেই তোমাদের পিতা তোমাদিগকে প্রজা উৎ-পাদনার্থ অনুমতি করিয়াছেন। এই কার্য্য সাধনার্থ তোমরা অবিলম্বে সেই লাবণ্যযুতা কামিনীর পাণিগ্রহণ কর!॥ ১৫॥

তোমরা যেমন একটী উদ্দেশ্য সাধনের জন্য সকল ভ্রাতা একত্র মিলিত

অপৃথগ্ধর্ম্মশীলানাং সর্ব্বেষাং বঃ সুমধ্যমা।
অপৃথগ্ধর্ম্মশীলেয়ং ভূয়াৎ পত্ন্যর্পিতাশয়া ॥ ১৬ ॥
দিব্যবর্ষসহস্রাণাং সহস্রমহতৌজসঃ।
ভৌমান্ ভোক্ষ্যথ ভোগান্ বৈ দিব্যাংশ্চানুগ্রহান্মম ॥ ১৭ ॥
অথ ময্যনপায়িন্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ।

অন্বয়ঃ।

অপৃথগ্ ধর্ম্মশীলানাং প্রজাসৃষ্টৈকধর্ম্মাণাং, বঃ যুষ্মাকং, সর্ব্বেষাং এব ইয়ং অর্পিতাশয়া অতএব অপৃথগ্ ধর্ম্মশীলা সতী সুমধ্যমা পত্নী ভূয়াৎ ॥ ১৬ ॥

যূয়ং চ মম অনুগ্রহাৎ অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ, সন্তঃ দিব্যবর্ষসহস্রাণাং সহস্রং ভৌমান্ (ভুবি ভবান্) দিব্যান্ (দিবি ভবান্) ভোগান্ চ ভোক্ষ্যথ ॥ ১৭ ॥

অথ অনন্তরং ময়ি অনপায়িন্যা অব্যভিচারিণ্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ (পক্বগুণঃ দগ্ধকামাদিমলঃ আশয়ঃ অন্তঃকরণং যেষাং তে তাদৃশাঃ সন্তঃ) অতঃ নিরয়াৎ নরকতুল্যাৎ, নির্ব্বিদ্য বিরজ্য,

শ্রীধরস্বামী।

ননু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ। অপৃথক্ ধর্ম্মঃ শীলঞ্চ যেষাং তেষাং বঃ পত্নী ভূয়াৎ। অর্পিতো ভবৎসু আশয়ো যয়া ধর্ম্মশীলয়োরৈক্যাৎ মদ্বাক্যাচ্চ ন দৃষ্টাদৃষ্টবিরোধ ইতি ভাবঃ ॥ ১৬ ॥

অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ সন্তঃ ॥ ১৭ ॥

পক্বগুণো দগ্ধকামাদিমল আশয়ো যেষাং অতো লোকদ্বয়ভোগাৎ নিরয়প্রায়াৎ নির্ব্বিদ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ অপৃথগিতি ভূয়াদিতি মদাশীর্ব্বাদ এব দৃষ্টাদৃষ্টদোষমুপশমযিষ্যতীতি ভাবঃ ॥ ১৬ ॥

দিব্যানাং বর্ষসহস্রাণাং সম্বন্ধিনং কালমভিব্যাপ্য সহস্রমনন্তান্ ভোগান্ ভোক্ষ্যথেত্যন্বয়ঃ। সহস্রাণামিতি কপিঞ্জলানালভেতেতিবৎ ত্রয়াণামিত্যর্থঃ ॥ ১৭ ॥

হে ভক্ত্যা পক্বগুণাশয়াঃ। অথ ভৌমভোগান্তে মদ্ধাম যাস্যথেত্যন্বয়ঃ। নতু ভবিষ্যন্ত্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ সন্ত এবেতি ব্যাখ্যেয়ং। অপক্বকষায়াণাং ভগবদ্দর্শনাসম্ভবাৎ।

হইয়াছ, ঐ নারীও সেইরূপ তোমাদের সকলের প্রতি অনন্যভাবে ভক্তি করত চিত্ত সমর্পণে চিত্তানুকারিণী হইবেন ॥ ১৬ ॥

তোমরা আমার অনুগ্রহে অপ্রতিহত-বিক্রমে দেবপরিমাণে বহু সহস্র সম্বৎসর কাল পার্থিব ও পারলৌকিক স্বর্গাদি ভোগ সমূহ সম্ভোগ করত বিচরণ কর ॥ ১৭ ॥

অনন্তর আমার প্রতি অনন্যা ভক্তিযোগে যখন তোমাদের হৃদয়-গ্লানি ও

উপযাস্যথ মদ্ধাম নির্বিদ্য নিরয়াদতঃ ।। ১৮ ।।
গৃহেষ্বাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাং ।
মদ্বার্ত্তাযাতযামানাং ন বন্ধায় গৃহা মতাঃ ।। ১৯ ।।

অন্বয়ঃ।

মদ্ধাম মৎস্বরূপং উপযাস্যথ প্রাপ্স্যথ ॥ ১৮ ॥

কুশলকর্ম্মণাং (কুশলং ময়ি সমর্পিতং, কর্ম্ম যেষাং তেষাং) অতএব মদ্বার্ত্তাযাতযামানাং (মদ্বার্ত্তয়া যাতঃ গতঃ যামঃ কালঃ যেষাং তেষাং) পুংষাং গৃহেষু আবিশতাং প্রবিষ্টানাং অপি গৃহাঃ বন্ধায় ন মতাঃ ন ভবন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

মৎস্থানং প্রাপ্স্যথ ॥ ১৮ ॥

ননু গৃহেষু প্রবিষ্টানাং অস্মাকং তদাসক্ত্যা বন্ধ এব স্যাৎ কুতস্তদ্ভক্তি নির্ব্বেদো বা তত্রাহ গৃহেষ্বিতি কুশলং ময্যর্পিতং কর্ম্ম যেষাং মদ্বার্ত্তয়া যাতো যামঃ কালো যেষাং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদুক্তং অবিপক্ককষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনামিতি। অতঃ ইদন্তাস্পদত্বাৎ পারমেষ্ঠ্যাদি-পদাদপি নিরয়তুল্যান্নির্বিদ্য ॥ ১৮ ॥

ননু তর্হি ভৌমান্ ভোক্ষ্যথ ভোগানিত্যুক্ত্যা নিরয়তুল্যে বিষয়ভোগে ত্বদ্ভক্তিপ্রতিকূলে কথমস্মান্নিক্ষিপসীতি তত্রাহ গৃহেষু আবিশতাং প্রাপ্তাবেশানামপি কুশলং মৎপরিচরণমেব কর্ম্ম যেষাং মৎকথয়া যাতো যামো প্রহরোঽপি যেষাং। প্রহরমধ্যে মৎকথা যেষামবশ্যমেব ভবতীত্যর্থঃ। অয়মর্থঃ কর্ম্মজন্যানামেব ভোগানাং বন্ধকত্বং নিরয়তুল্যত্বং ভক্তিপ্রাতিকূল্যঞ্চ নতু মদনুগ্রহজন্যানাং অতএব মমানুগ্রহাদ্ভৌমান্ ভোক্ষ্যথেতি ময়োক্তমতোঽন্যত্রাপি যত্র বিষয়ভোগেঽপি মদ্ভক্তেরসংকোচঃ প্রত্যুত বৃদ্ধিরেব দৃশ্যতে চেত্তদা সবিষয়ভোগো মদনুগ্রহ-জন্য এবানুমেয়ো ন বন্ধকঃ। পৃথুপ্রহ্লাদধ্রুবমন্বাদিষু তথা দর্শনাৎ। অবিপক্ককষায়েষু তু ভক্তেষু মদনুগ্রহো ভোগচ্যাবক এব দ্রষ্টব্যো যদুক্তং যস্যাহমনুগৃহ্ণামি হরিষ্যে তদ্ধনং শনৈরিত্যাদি ॥ ১৯ ॥

বিষয়-লালসা অপনোদিত হইবে, তখন এই নিরয়তুল্য সংসার-ভোগ হইতে নিষ্কৃতিলাভে মদীয় বৈষ্ণব ধামে গমন করিবে ।। ১৮ ।।

সে সকল ব্যক্তি ভগবৎপ্রীতির নিমিত্তই নিষ্কামভাবে বিহিত কর্ম্মকলাপের অনুষ্ঠান করিয়া থাকেন এবং অন্য সাংসারিক বার্ত্তা পরিত্যাগ পূর্ব্বক কেবল ঈশ্বরবিষয়ক মদীয় কথালাপেই সময়কে অতিবাহিত করেন, তাঁহারা গৃহকর্ম্মে নিবিষ্ট হইবার ন্যায় প্রতীত হইলেও, তাঁহাদের গৃহ তাঁহাদিগকে বন্ধনে সমর্থ হয় না ।। ১৯ ।।

যাঁহারা মদীয় কথালাপে কালাতিপাত করেন, সর্ব্বজ্ঞস্বরূপ আমি তাঁহা-

নবাবদ্ধৃদয়ে যজ্‌জ্ঞো ব্রহ্মৈতদ্ব্রহ্মবাদিভিঃ।
ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতো গতাঃ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ মৎকথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞঃ অহং (শ্রোতৄণাং হৃৎ হৃদয়ং নিত্যং নব্যবৎ নূতনবৎ অয়ে প্রাপ্নোমি) যতঃ যৎ, মাং গতাঃ প্রাপ্তাঃ, সন্তঃ জনাঃ পুনঃ ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতঃ এতৎ মম সন্দর্শনং এব ব্রহ্মসাক্ষাৎকারঃ ইতি ব্রহ্মবাদিভিঃ ব্যপদিশ্যতে॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ত্বদ্বার্ত্তাশ্রোতৄণাং গৃহে ন বন্ধ ইতি কুতস্তত্রাহ নব্যবদিতি। যদ্‌যস্মাৎ কথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞোহহমীশ্বরঃ ব্রহ্মবাদিভির্বক্তৃভির্নিমিত্তভূতৈঃ শ্রোতৄণাং হৃৎ হৃদয়ং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি। ব্রহ্মসাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ। ননু ত্বৎকথাশ্রবণে কথং ব্রহ্মসাক্ষাৎকার স্তত্রাহ যোহহং এতদেব ব্রহ্ম তত্র হেতুঃ যতোগতাঃ যং মাং প্রাপ্তাঃ সন্তো ন মোহশোকহর্ষান্ প্রাপ্নুবন্তি। অতো মৎকথাশ্রবণেন নব্যবৎ মম হৃদ্যাবির্ভাবাৎ অস্যৈব ব্রহ্মসাক্ষাৎকারত্বাৎ গৃহে বসতামপি ন বন্ধ ইত্যর্থঃ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং ভক্তানাং কুতো বন্ধদুঃখং যতস্তেষাং হৃদয়েঽহমপি সুখং প্রাপ্তুং নিত্যং বসামীত্যাহ নব্যেতি এতন্মৎস্বরূপং ব্রহ্মবাদিভি র্ব্রহ্ম উচ্যত ইতি শেষঃ। যতো যত্র ব্রহ্মণি গতা লীনা ন মুহ্যন্তি মোহশোকহর্ষান্ন প্রাপ্নুবন্তি সোঽহং জ্ঞোবিজ্ঞোঽপি যদ্‌যস্মাত্তেষাং কুশলকর্ম্মণাং হৃৎ হৃদয়কমলং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি জানামীতি বা তেষাং হৃদয়ে নব্যবদহং ভামীতি সন্দর্ভঃ॥ ২০ ॥

দের হৃদয়ে নিত্য অভিনব বেশে আবির্ভূত হইয়া থাকি। আমার স্বরূপ-সাক্ষাৎকারকেই ব্রহ্মবাদিগণ ব্রহ্মস্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। ব্রহ্ম-স্বরূপে লীন হইলে, জীবের আর শোক বা মোহ থাকে না এবং অকিঞ্চিৎকর বিষয়সুখের প্রতিও তাহার লালসা জন্মে না॥ ২০ ॥

আভাস।

প্রচেতাগণ বলিলেন, হে ভগবন্! সংসারে বিষয়সম্ভোগই জীবের পক্ষে বিষবৎ কার্য্য করে। অতএব বিষয়ভোগই যখন প্রকৃত নরকের কারণ, তখন তাদৃশ বিষয়সম্ভোগার্থ আপনি আমাদিগকে কেন উৎসাহ প্রদান করিতেছেন? ইহার দ্বারা ঈশ্বরভক্তি বিলুপ্ত হইয়া যায়; অতএব আমাদিগকে ভোগাভিমুখে প্রেরণ করিবার প্রয়োজন নাই। এতদুত্তরে ভগবান্ বলিলেন যে, ভোগ যেমন বন্ধের কারণ, ইহার দ্বারা মুক্তির দ্বারও সেইরূপ প্রশস্ত হইয়া থাকে। অন্ধের ন্যায় হিতাহিত বিচারে জলাঞ্জলি দিয়া, যাহারা কামাসক্ত-হৃদয়ে কেবল ভোগাভিমুখেই ধাবিত হয়, ভোগদাতা বা ভোগের দোষগুণের প্রতি লক্ষ্য করে না, তাহারাই সংসারে বদ্ধ হয়; কিন্তু যাহারা বিচারশক্তিকে প্রধান সম্বলরূপে গ্রহণ করত, ঐহিক বা আমুষ্মিক যে

মৈত্রেয় উবাচ ॥

এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং জনার্দ্দনং প্রাঞ্জলয়ঃ প্রচেতসঃ।
তদ্দর্শনধ্বস্ততমোরজোমলা গিরাগৃণন্ গদ্গদয়া সুহৃত্তমং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। তদ্দর্শনধ্বস্ততমোরজোমলাঃ (তস্য ভগবতঃ দর্শনেন ধ্বস্তং নিরস্তং তমোরজোমলং যেষাং তে) প্রচেতসঃ এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং (পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তং) সুহৃত্তমং পরমহিতকর্ত্তারং, জনার্দ্দনং (জনয়তি সংসারং ইতি জনা অবিদ্যা তাং অর্দ্দয়তি নাশয়তি ইতি তথা তং) গদ্গদয়া স্খলিতাক্ষরয়া, গিরা বাচা, অগৃণন্ অস্তবন্ ॥২১

শ্রীধরস্বামী।

পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তথা তং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষার্থানাং ভাজনং পাত্রং। ধ্বস্ততমোরজসোঽপি যদ্দর্শনাৎ অমলাঃ। অদর্শনদুঃখমালিন্যরহিতা ইত্যর্থঃ ॥ ২১ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ভগবৎস্বরূপের সন্দর্শন-লাভে প্রচেতাগণের হৃদয়স্থ রাজসিক ও তামসিক মালিন্য অপনোদিত হইল। তাঁহারা সর্ব্বপুরুষার্থপ্রদ পরম-কারুণিক ভগবানের তাদৃশ বচনামৃত শ্রবণে পুলকিত হইলেন এবং গদ্গদ স্বরে সর্ব্বসংসারহারী জনার্দ্দনকে স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২১ ॥

আভাস।

কোন ভোগেই অগ্রসর হউক্ না, তাহারা কখন সংসারে বদ্ধ হয় না। বরং বিষয়ের দোষ দেখিয়া এবং সর্ব্বফলদাতার অনুসন্ধান করিয়া, বিষয়ের বিরুদ্ধে ভগবানেই আসক্ত হইয়া থাকে। কর্ম্ম এবং ভোগ ভগবানকেই লক্ষ্য করায়; কিন্তু যাহারা নিতান্ত অনভিজ্ঞ ও বিষয়লম্পট, তাহাদের সেরূপ লক্ষ্য কিছু বিলম্বে হয়; এবং যাহারা সেই লক্ষ্যকেই লক্ষ্য করিয়া কার্য্যক্ষেত্রে অগ্রসর হইতে থাকে, তাহাদের সে লক্ষ্য অতি সত্বর বিশদ মূর্ত্তিতে নিকটে আগমন করে। পৃথু প্রহ্লাদ ধ্রুব ও মনু প্রভৃতিও এইরূপ আচরণে মুক্তিপদবী লাভ করিয়াছেন। ভগবানের অনুগ্রহ আরম্ভ হইলে, ভক্তকে আর বিষয়ের জন্য বিব্রত হইতে হয় না। তাঁহাদের আর বন্ধনের ভয় থাকে না। কারণ ভগবান্ তাঁহাদের হৃদয়মন্দিরে অবস্থান করত, নিত্য নবীন প্রেমপূর্ণ মূর্ত্তিতে দেখা দিয়া থাকেন। তাঁহার উৎসাহবর্দ্ধক আনন্দরসময় বিগ্রহ দর্শন করিলে, বিষয়ানন্দ তুচ্ছ হইয়া যায়। ভক্তহৃদয়ে এই সচ্চিদানন্দ বিগ্রহের আরোহণ করাকেই জ্ঞানিগণ ব্রহ্মজ্ঞান নামে উল্লেখ করিয়া থাকেন। জীব যদি পরমানন্দস্বরূপ সচ্চিদানন্দ বিগ্রহকে হৃদয়ে ধারণ করিতে পারে, তাহা হইলে তাহার "অস্তি, নাস্তি" প্রভৃতি সকল সন্দেহই অপনোদিত হয় এবং শোক, মোহ, হর্ষ, বিষাদও নিবৃত্ত হয় ॥ ১৯॥২০ ॥

প্রচেতস ঊচুঃ ॥
নমোনমঃ ক্লেশবিনাশনায় নিরূপিতোদারগুণাহ্বয়ায়।
মনোবচোবেগপুরোজবায় সর্ব্বাক্ষমার্গৈরগতাধ্বনে নমঃ ॥ ২২ ॥
শুদ্ধায় শান্তায় নমঃ স্বনিষ্ঠয়া মনস্যপার্থং বিলসদ্দ্বয়ায়।
নমো জগৎস্থানলয়োদয়েষু গৃহীতমায়াগুণবিগ্রহায় ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

প্রচেতসঃ ঊচুঃ। নমোনমঃ ক্লেশবিনাশনায়(ভক্তানাং ক্লেশং বিনাশয়তীতি তস্মৈ) নিরূপিতোদারগুণাহ্বয়ায় (শ্রেয়ঃসাধনত্বেন নিরূপিতাঃ অতএব উদারাঃ সর্ব্বপুরুষার্থ-প্রাপকাঃ গুণাঃ আহ্বয়াঃ নামানি চ যস্য তস্মৈ) মনোবচোবেগপুরোজবায় (মনোবচসোঃ বেগাদপি পুরঃ অগ্রতঃ জবঃ বেগঃ যস্য তস্মৈ) তথা সর্ব্বাক্ষমার্গৈঃ (সর্ব্বেষাং অক্ষাণাং ইন্দ্রিয়াণাং মার্গৈঃ) অগতাধ্বনে (অগতঃ অনবগতঃ অধ্বা মার্গঃ যস্য তস্মৈ) নমঃ ॥ ২২ ॥

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা, শুদ্ধায়, শান্তায় কামাদিদোষশূন্যায়, মনসি (দুষ্টে) অপার্থং বৃথৈব বিলসদ্দ্বয়ায় (বিলসৎ স্ফুরিতং দ্বয়ং নিগৃহীতত্বং অনুগৃহীতত্বং যস্মিন্ তস্মৈ) নমঃ। জগৎ-স্থানলয়োদয়েষু (জগতঃ স্থানং পালনং লয়ঃ প্রলয়ঃ, উদয়ঃ উৎপত্তিঃ তেষু নিমিত্তেষু) গৃহীত-মায়াগুণবিগ্রহায় (গৃহীতাঃ মায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ বিগ্রহাঃ ব্রহ্মবিষ্ণুরুদ্রমূর্ত্তয়ঃ যেন তস্মৈ) নমঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

বেদৈঃ সকলশ্রেয়ঃসাধনত্বেন নিরূপিতা উদারগুণা আহ্বয়া নামানি যস্য মনোবচসো-বেগাদপি পুরোঽগ্রতো জবো বেগো যস্য মনোবচসোরগোচরায়েত্যর্থঃ। অতএব সর্ব্বেষা-মক্ষাণাং মার্গৈরগতঃ অনবগতো অধ্বা মার্গো যস্য তস্মৈ তে নমঃ ॥ ২২ ॥

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা শুদ্ধায় ততঃ শান্তায় মনসি নিমিত্তে সতি অপার্থং ব্যর্থমেব বিলসৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরূপিতা বেদৈরুক্তা উদারা গুণা আহ্বয়া নামানিচ যস্য তস্মৈ মনোবচসোর্বেগাদপি পুরোঽগ্রতো জবো বেগো যস্য তস্মৈ ॥ ২২ ॥

মনসি অপার্থং নিষ্প্রয়োজনং বিলসৎ দেদীপ্যমানমপি দ্বয়ং দ্বৈতং যস্মাত্তস্মৈ। যৎ

প্রচেতাগণ বলিলেন, হে ভক্তদুরিত-নিবারণ! শ্রেয়ঃসাধন সম্বন্ধে যত কিছু পুরুষার্থপ্রদ গুণ ও নাম আছে, আপনিই সেই সকল গুণে ও সকল নামে প্রকটিত হইয়া, আমাদের নয়ন সমীপে আবির্ভূত হইয়াছেন; আপনাকে প্রণাম করি! অথচ চিন্তায় বা বাক্যে আপনাকে পাওয়া যায় না। ইন্দ্রিয়-নিচয় স্ব স্ব গতিতে যতদূর অগ্রসর হইতে পারে, আপনি তাহা অতিক্রম করিয়া বিরাজ করিতেছেন; আপনাকে প্রণাম করি! ॥ ২২ ॥

আপনি স্বরূপত বিশুদ্ধ এবং রাগাদি মলবর্জ্জিত। যাহাদের চিত্ত সম্পূর্ণ

নমো বিশুদ্ধসত্ত্বায় হরয়ে হরিমেধসে।
বাসুদেবায় কৃষ্ণায় প্রভবে সর্ব্বসাত্বতাং ॥
নমঃ কমলনাভায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলপাদায় নমস্তে কমলেক্ষণ ।। ২৪ ॥

অন্বয়ঃ।

বিশুদ্ধসত্ত্বায় বিশুদ্ধসত্ত্বমূর্ত্তয়ে, হরিমেধসে (হরতি সংসারং মেধা জ্ঞানং যস্য তস্মৈ) হরয়ে ভক্তদুঃখহারকায়, সর্ব্বসাত্বতাং (সর্ব্বেষাং সাত্বতাং) ভক্তানাং প্রভবে পালকায় বাসু-দেবায় বসুদেবপুত্রত্বেন প্রসিদ্ধায়, কৃষ্ণায় নমঃ ॥

কমলনাভায় (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তস্মৈ) নমঃ কমলমালিনে (কমলানাং মালা বিদ্যতে যস্য তস্মৈ) নমঃ কমলপাদায় (কমলবং কোমলৌ পাদৌ যস্য তস্মৈ) নমঃ হে কমলেক্ষণ! (কমলবং ঈক্ষণে নেত্রে যস্য) তে তুভ্যং নমঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

বিস্ফুরিতং দ্বয়ং যস্মিন্ গৃহীতা মায়াগুণৈর্বিগ্রহাঃ ব্রহ্মাদিমূর্ত্তয়ো যেন ॥ ২৩ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাপ্তানাং মনসি বিবিধভোগযুক্তমপি জগন্নিষ্প্রয়োজনমেব স্যাদিত্যর্থঃ। গৃহীতা মায়া-গুণময়া ব্রহ্মেন্দ্ররুদ্ররূপা বিগ্রহা যেন তস্মৈ ॥ ২৩ ॥ ২৪ ॥

বিশুদ্ধ নহে, তাদৃশ সমল-হৃদয়ে নিরর্থক আপনি তিরস্কারক ও পুরস্কারক এই উভয় ভাবে পরিচিত হইয়া থাকেন; আপনাকে প্রণাম করি! এই ব্রহ্মা-ণ্ডের উৎপত্তি, পালন ও সংহারকার্য্য সাধিবার জন্য, স্বকীয় মায়াগুণ অবলম্বনে ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র মূর্ত্তিতে আপনিই আবির্ভূত হইয়াছেন ।। ২৩ ।।

বিশুদ্ধ সত্ত্বময় মূর্ত্তি পরিগ্রহে যিনি ভক্তহৃদয়ের দুঃখ নিবারণ করেন, সংসার হইতে নিষ্কৃতি লাভের জ্ঞান যাঁহার স্বরূপে নিত্য বিরাজ করিতেছে, যিনি সাধক ভক্তগণকে নিরন্তর প্রতিপালন করিতেছেন, বসুদেবাত্মজনামে বিখ্যাত সেই ভগবান্ শ্রীকৃষ্ণকে আমরা প্রণাম করি! ।।

হে দেব! এই ব্রহ্মাণ্ডের উপাদানভূত পদ্ম আপনার নাভিকমল হইতেই সমুত্থিত হইয়াছে; সুকোমল কমলমালা আপনার গলদেশে শোভা পাইতেছে! কমল-বিনিন্দিত সুকোমল আপনার চরণকমলে আমরা প্রণাম করি! পদ্ম-পলাশবৎ লোচনযুগলের দ্বারা আমাদের প্রতি নিরীক্ষণ করত, আপনি আমাদের সকল তাপই হরণ করিতেছেন ।। ২৪ ।।

পদ্ম-কিঞ্জল্কের ন্যায় শোভন পীতাম্বর পরিধানে যদিও আমাদের নয়নপথে অবলোকিত হইতেছেন বটে, কিন্তু ঐ কলেবরে এই অনন্ত ভূতনিচয় নির্ব্বি-

নমঃ কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে।
সর্ব্বভূতনিবাসায় নমোঽযুঙ্ক্ষ্মহি সাক্ষিণে ॥ ২৫ ॥
রূপং ভগবতা ত্বেতদশেষক্লেশসংক্ষয়ং।
আবিষ্কৃতং নঃ ক্লিষ্টানাং কিমন্যদনুকম্পিতং ॥ ২৬ ॥
এতাবত্ত্বং হি বিভুভি র্ভাব্যং দীনেষু বৎসলৈঃ।

অন্বয়ঃ।

কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে (কমলস্য কিঞ্জল্কাঃ কেশরাঃ তদ্বৎ পিশঙ্গে পীতে অমল-বাসসী যস্য তস্মৈ) সর্ব্বভূতনিবাসায় (সর্ব্বাণি ভূতানি নিবসন্তি যস্মিন্ তস্মৈ) সর্ব্বেষাং সাক্ষিণে তে তুভ্যং বয়ং নমঃ অযুঙ্ক্ষ্মহি কৃতবন্তঃ ॥ ২৫ ॥

নঃ অস্মাকং, ক্লিষ্টানাং (অবিদ্যাদিভিঃ ক্লেশৈঃ ব্যাপ্তানাং) অশেষক্লেশসংক্ষয়ং (অশে-ষাণাং ক্লেশানাং সংক্ষয়ঃ যস্মাৎ তৎ তথাভূতং) এতৎ দৃশ্যমানং রূপং ভগবতা তু আবিষ্কৃতং প্রকটিতং; অতঃ অন্যং কিং অনুকম্পিতং অনুকম্পা ॥ ২৬ ॥

হে অভদ্ররঞ্জন! অমঙ্গলনাশন! দীনেষু বৎসলৈঃ কৃপালুভিঃ, বিভুভিঃ প্রভুভিঃ, এতা-

শ্রীধরস্বামী।

স্বতস্ত বিশুদ্ধসত্ত্বরূপায়। সংসারং হরতি মেধা জ্ঞানং যস্য তস্মৈ অযুঙ্ক্ষ্মহি কৃত-বন্তো বয়ং ॥ ২৫ ॥

যদুক্তং বরং বৃণীধ্বমিতি তন্মনসি নিধায়াহুঃ রূপমিতি। সমস্তানাং ক্লেশানাং সংক্ষয়ো যস্মাৎ তৎ আবিষ্কৃতং প্রকটিতং অতোঽন্যৎ কিমনুকম্পিতং অনুকম্পা। ইয়মেবাস্মাকং পরমানুকম্পেত্যর্থঃ ॥ ২৬ ॥

কুত ইত্যত আহুঃ। হে অভদ্ররঞ্জন অমঙ্গলনাশন। ত্বন্ প্রত্যয়োঽত্র ন বিবক্ষিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমোযুঙ্ক্ষ্মহি কৃতবন্তঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

এতাবত্ত্বং এতাবদেব বিভুভিঃ প্রভুভি স্তত্রভবদ্ভিঃ যৎকালে স্বীয়সেবাকালে দাসবুদ্ধ্যা

বাদে অধিষ্ঠিত রহিয়াছে; অথচ অন্তর্যামিরূপে সকল জীবের হৃদয়েও আপনি বিরাজ করিতেছেন। আপনাকে প্রণাম করি! ॥ ২৫ ॥

অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক যে পঞ্চবিধ ক্লেশে জীব নিরন্তর অন্ধের ন্যায় পরিভ্রমণ করিয়া থাকে, আপনি আমাদের সেই যাবতীয় ক্লেশের নিবারণার্থ যখন এই মোহন মূর্ত্তি প্রকাশে আমাদের নিকট আবির্ভূত হইয়াছেন, তখন আর এতদপেক্ষা অন্য অনুকম্পা প্রকাশের কার্য্য আর কি হইতে পারে? ॥ ২৬ ॥

হে অমঙ্গলনিবারণ! দীন দুঃখিগণের প্রতি কৃপালু প্রভুগণের এইরূপ

যদনুস্মর্য্যতে কালে স্ববুদ্ধ্যাভদ্ররন্ধন ॥ ২৭ ॥
যেনোপশান্তির্ভূতানাং ক্ষুল্লকানামপীহতাং।
অন্তর্হিতোঽন্তর্হৃদয়ে কস্মান্নো বেদ নাশিষঃ ॥ ২৮ ॥
অসাবেব বরোঽস্মাকমীপ্সিতো জগতঃ পতে।

অন্বয়ঃ।

বৎহি এব ভাব্যং কার্য্যং যৎ (এতাঃ অস্মদীয়াঃ ইতি) স্ববুদ্ধ্যা কালে সেবাদিকালে, অনুস্মর্য্যতে ॥ ২৭ ॥

যেন অনুস্মরণেন ভূতানাং উপশান্তিঃ সর্ব্বক্লেশনিবৃত্তিঃ ভবতি। যতঃ ক্ষুল্লকানাং অতিতুচ্ছানাং প্রাণিনাং অপি অন্তর্হৃদয়ে অন্তর্হিতঃ সাক্ষিতয়া স্থিতঃ, ভবান্ অতঃ ঈহতাং ইচ্ছতাং, নঃ অস্মাকং, আশিষঃ মনোরথান্, কস্মাৎ ন বেদ ন জানাতি ॥ ২৮ ॥

হে জগতঃ পতে! যেষাং অপবর্গগুরুঃ (অপবর্গস্য মোক্ষস্য গুরুঃ মার্গপ্রদর্শনেন দাতা)

শ্রীধরস্বামী।

এতাবদেব দীনেষু বৎসলৈঃ প্রভুভিঃ ভাব্যং কার্য্যং। কিং তত্তদাহ যদিতি। অস্মদীয়া এত ইতি বুদ্ধ্যা উচিতে কালে অনুস্মর্য্যত ইতি যৎ। ত্বয়াতু রূপমপি দর্শিতামতি ভাবঃ ॥ ২৭ ॥

যেনানুস্মরণেন স্মৃতানাং তেষাং উপশান্তিঃ সুখং ভবতি। কিঞ্চ ক্ষুল্লকানামপি ভূতানামন্তর্হৃদয়ে অন্তর্হিতঃ অন্তর্যামিত্বেন স্থিতো ভবান্ ঈহতাং ইচ্ছতাং ত্বদুপাসকানাং নোঽস্মাকং আশিষঃ কস্মাদ্ধেতোর্ন বেদ জানাত্যেবেত্যর্থঃ ॥ ২৮ ॥

তথাপি বক্তব্যং চেত্তর্হি যোঽয়মস্মাকং ভগবান্ প্রসন্ন অসাবেব বরঃ ভবৎপ্রসাদ এবাস্মাক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মর্য্যতে হে অভদ্রহন্তঃ ॥ ২৭ ॥

যেন ত্বং কর্ত্তৃকানুস্মরণেনৈব তেষামুপশান্তিঃ সুখং ক্ষুল্লকানাং ক্ষুদ্রাণামপি ইহ তাং সকামানামপি নোঽস্মাকং অন্তর্হৃদয়মধ্যে বর্ত্তমানঃ সন্নস্মাকমাশিষঃ কামান্ কস্মান্ন বেদ কীদৃশঃ অতঃ অন্তঃকরণানাং হিতং শুদ্ধির্যস্মাৎ সঃ ॥ ২৮ ॥

তদপি বাচাপ্যুচ্যত ইত্যাহুঃ। অসাবিতি অপবর্গান্মোক্ষাদপি গুরুস্ত্বমেব যদি প্রাপ্তস্তদা

চিন্তা করা বিধেয় যে, “ইহারা আমার”; এবং যখন তাদৃশ ভৃত্যগণ সেবা করে, তখন তাহাদিগের প্রতি একটু স্মরণ রাখা স্বামিগণের নিতান্তই কর্ত্তব্য ॥ ২৭ ॥

হে শরণাগত-জনপালক! যাহারা আপনার স্মরণে স্থান পায়, তাহাদের কি আর কোন দুঃখ থাকে? তাহারা যাবতীয় দুঃখের হস্ত হইতে চিরকালের জন্য নিষ্কৃতি পায়, সন্দেহ নাই। হে দীননাথ! অতি তুচ্ছ জীবের অন্তরেও অবস্থান পূর্ব্বক, তাহাদের অন্তরের ভাব যখন সকলই আপনি পরিজ্ঞাত আছেন, তখন সাক্ষিরূপে আমাদের হৃদয়েও বিদ্যমান থাকিয়া আমাদেরও মনোবাসনা সকলই অবগত আছেন, সন্দেহ নাই ॥ ২৮ ॥

প্রসন্নো ভগবান্ যেষামপবর্গগুরুর্গতিঃ ॥ ২৯ ॥
বরং বৃণীমহেঽথাপি নাথ ত্বৎপরতঃ পরাৎ।
ন হ্যন্তো যদ্বিভূতীনাং সোঽনন্ত ইতি গীয়সে ॥ ৩০ ॥
পারিজাতেঽঞ্জসা লব্ধে সারঙ্গোঽন্যন্ন সেবতে।

অন্বয়ঃ।

গতিঃ পুরুষার্থস্বরূপঃ, ভগবান্ ঐশ্বর্য্যাদিষড়্গুণবান্ প্রসন্নঃ জাতঃ, তেষাং অস্মাকং অসৌ ভগবৎপ্রসাদঃ এব ঈপ্সিতঃ বরঃ ন অন্যঃ ॥ ২৯ ॥

অথাপি তথাপি, হে নাথ! পরতঃ ব্রহ্মাদিভ্যঃ, অপি পরাৎ, ত্বং ত্বত্তঃ, একং বরং বৃণীমহে; হি যস্মাৎ ত্বদ্বিভূতীনাং ঐশ্বর্য্যাদীনাং অন্তঃ নাস্তি অতঃ যঃ ত্বং অনন্তঃ ইতি গীয়সে ॥ ৩০ ॥

যথা পারিজাতে বৃক্ষে, অঞ্জসা অনায়াসেন, লব্ধে সতি সারঙ্গঃ ভ্রমরঃ, অন্যং বৃক্ষান্তরং ন

শ্রীধরস্বামী।

মপীপ্সিতো বর ইত্যর্থঃ। অপবর্গগুরুঃ মোক্ষমার্গপ্রদর্শকঃ। গতিঃ স্বতশ্চ পুরুষার্থভূতঃ ॥ ২৯ ॥

যদ্যপ্যেবং তথাপি হে নাথ ত্বং ত্বত্তঃ বরমেকং বৃণীমহে কথম্ভূতাৎ পরতঃ কারণাদপি পরাৎ অক্ষরাৎ। পরতঃ পর ইতি শ্রুতেঃ। অতো যদ্যপি ত্বং দাতুং সমর্থঃ নচ দেয়ানাং ত্বদ্বিভূতীনামন্তোঽস্তি। যতোঽনন্তবিভূতিত্বাৎ অনন্ত ইতি গীয়সে ॥ ৩০ ॥

তথাপি যথা সারঙ্গো ভ্রমরঃ পারিজাতে সুখেন লব্ধে সতি সুলভমপ্যন্যৎ বৃক্ষান্তরং ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোক্ষপর্য্যন্তৈ র্বরৈরলমিতি ভাবঃ ॥ ২৯ ॥

অন্যোঽপি কশ্চিদেকো বরোঽস্মাকমীপ্সিতোঽস্তীত্যাহুঃ। বরমিতি হে নাথ যস্মাত্ত্বদ্বিভূতীনাং দেয়ানামন্তো নাস্তীত্যতঃ স বরস্ত্বয়াবশ্যদেয় এবেতি ভাবঃ ॥ ৩০ ॥

ব্রিয়ন্তাং তর্হি যথেষ্টমনেকে এব বরা ইতি চেন্নৈবং ত্বচ্চরণাম্বুজমেবাস্মাকং বরণীয়ং তন্মাধুর্য্যাস্বাদপ্রাপ্ত্যর্থমেব কশ্চিদেকো বরোঽভীষ্টোঽস্তি তং বিনা বহূনন্যান্ বরান্ন বৃণীম হে

হে জগৎপতে! অপবর্গদাতা গুরু এবং সর্ব্বপুরুষার্থস্বরূপ সর্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ যাহাদিগের উপর প্রসন্ন হন, তাদৃশ সৌভাগ্যবান্ আমাদের ন্যায় পুরুষের পক্ষে উক্ত ভগবানের প্রসন্নতাই কি অভিলষিত বর নহে? আমরা তদপেক্ষা অন্য কিছুই আর বর বলিয়া মনে করি না ॥ ২৯ ॥

কিন্তু তথাপি আপনার নিকট একটী বর প্রার্থনা করিতেছি! আপনি বিশ্ববিধাতা ব্রহ্মাদিরও দুরারাধ্য; আপনার ঐশ্বর্য্যের অন্ত নাই; এই নিমিত্ত শাস্ত্রাদিতে আপনি অনন্তনামে অভিহিত হইয়া থাকেন ॥ ৩০ ॥

পারিজাত বৃক্ষ অনায়াসে প্রাপ্ত হইলে, মধুকর যেমন অন্য কোন পুষ্পো-

ত্বদঙ্ঘ্রিমূলমাসাদ্য সাক্ষাৎ কিং কিং বৃণীমহে ॥ ৩১ ॥
যাবত্তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ।
তাবদ্ভবৎপ্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবে ভবে ॥ ৩২ ॥
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।

অন্বয়ঃ।

সেবতে তথা সাক্ষাৎ ত্বদঙ্ঘ্রিমূলং আসাদ্য প্রাপ্য, বয়ং কিং কিং বরান্তরং, বৃণীমহে ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৩১ ॥

তে তব মায়য়া স্পৃষ্টাঃ মোহিতাঃ, সন্তঃ স্বকর্ম্মভিঃ ইহ সংসারে যাবৎ বয়ং ভ্রমামঃ তাবৎ নঃ অস্মাকং, ভবে ভবে জন্মনি জন্মনি, ভবৎপ্রসঙ্গানাং (ভবতি প্রসঙ্গঃ যেষাং তেষাং ভক্তানাং) সঙ্গঃ স্যাৎ ইতি বৃণীমহি ॥ ৩২ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবতঃ তব সঙ্গিনঃ সঙ্গস্য) লবেন অপি কালেন ন স্বর্গং নাপি অপু-

শ্রীধরস্বামী।

সেবতে তথা বয়মপি সাক্ষাৎ ত্বদঙ্ঘ্রিমূলং প্রাপ্য কিং কিং বৃণীমহি ন কিঞ্চিদিত্যর্থঃ। যদ্বা কিমন্যং তুচ্ছং কিমর্থং বৃণীমহি যদ্বা যদি বৃণীমহি তর্হি কিং কিং বৃণীমহি অনন্তত্বেন মনোরথানাং অনবস্থানাদিত্যর্থঃ ॥ ৩১ ॥

অতএতাবদেব প্রার্থয়ামহে ইত্যাহুঃ যাবদিতি। স্পৃষ্টা ব্যাপ্তাঃ সন্তঃ। ভবতি প্রকৃষ্টঃ সঙ্গো যেষাং তেষাং সঙ্গোঽস্মাকং স্যাৎ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাহুঃ পারীতি ত্রিভিঃ। সারঙ্গো ভ্রমরঃ অন্যদ্বৃক্ষান্তরং। নন্বু পারিজাতাৎ কল্পদ্রুমাদেব প্রকামমভিবাঞ্ছিতান্ বহুনর্থান্ গৃহ্লাতু তত্রাহ সারঙ্গ ইতি সারঙ্গস্য মকরন্দমাত্রগ্রাহিত্বাদস্তু-স্তরেষু বাঞ্ছেব নোৎপদ্যতে যথা তথৈব ত্বদঙ্ঘ্রিমূলং প্রাপ্য কিং কিং বৃণীমহি অপিচ ত্বচ্চরণ-মকরন্দং বিনা ন কিমপীত্যর্থঃ ॥ ৩১ ॥

ঈপ্সিতস্বমস্মাকমেকোঽয়মেব বর ইত্যাহু যাবত্তে ইতি ভবৎপ্রসঙ্গানাং ভক্তজনানাং ॥৩২

নন্বু মায়য়া স্পৃষ্টা ইত্যুক্ত্যা মায়াজয়ার্থং সাধুসঙ্গং প্রার্থয়ধ্বে চেন্মোক্ষমেব সাক্ষাৎ কিং

শোভিত বৃক্ষের সমীপে মধু বা অন্য কোন সামগ্রীর ভিক্ষা করিতে অগ্রসর হয় না, সেইরূপ যাবতীয় পুরুষার্থ-প্রদানের মূলস্বরূপ ভবদীয় চরণারবিন্দ প্রাপ্ত হইয়া, আমরা আবার অন্য কি বর গ্রহণ করিব? আমাদের আর অন্য কোন বরের প্রয়োজন নাই? ॥ ৩১ ॥

তবে আপনার নিকট আমাদের এই প্রার্থনীয় যে, আপনার মায়ায় মোহিত হইয়া স্ব স্ব কর্ম্মানুসারে আমরা এই সংসারে নিরন্তর ভ্রমণ করিতেছি; এক্ষণে যখন যে কোন যোনি ধারণে জন্ম গ্রহণ করিব, সেই সেই জন্মে যেন ভবদীয় ভক্তগণের সংসর্গ লাভ হয়, এই মাত্র প্রার্থনা ॥ ৩২ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ৩৩ ॥
যত্রেড্যন্তে কথা মৃষ্টা স্তৃষ্ণায়াঃ প্রশমো যতঃ।
নির্ব্বৈরং যত্র ভূতেষু নোদ্বেগো যত্র কশ্চন ॥
যত্র নারায়ণঃ সাক্ষাদ্ভগবান্ ন্যাসিনাং গতিঃ।

অন্বয়ঃ।

নর্ত্তবৎ মোক্ষং তুলয়াম তুল্যতয়া ন গণয়াম, তদা মর্ত্ত্যানাং আশিষঃ রাজ্যভোগান্, ন তুলয়াম ইতি কিমুত বক্তব্যং ॥ ৩৩ ॥

যত্র ভগবদ্ভক্তসমাজে, মৃষ্টাঃ পবিত্রাঃ কথাঃ ঈড্যন্তে ভক্তৈঃ স্তূয়ন্তে, যতঃ যাভ্যঃ কথাভ্যঃ, তৃষ্ণায়াঃ বিষয়ভোগবিষয়িণ্যাঃ, প্রশমঃ ভবতি, যত্র ভূতেষু নির্ব্বৈরঃ বৈরাভাবঃ, ভবতি যত্র কশ্চন উদ্বেগঃ ন ভবতি ॥

যত্র চ সংকথাসু মুক্তসঙ্গৈঃ নিরপেক্ষৈঃ ভগবদ্ভক্তৈঃ ন্যাসিনাং বীতরাগাণাং গতিঃ ফল-

শ্রীধরস্বামী।

নন্বু রাজ্যভোগান্ স্বর্গাপবর্গৌ চ বিহায় কিমিদং প্রার্থ্যতে তত্রাহুঃ তুলয়ামেতি। ভগবৎ-সঙ্গিনাং সঙ্গস্য লবেনাপি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন গৃহ্নীতেত্যত আহুঃ তুলয়ামেতি অয়মর্থঃ। যাবন্তো বরণীয়া বরাস্তে সর্ব্বে স্বর্গমোক্ষান্তঃ-পাতিন এবানুভূতাঃ সাধুসঙ্গস্যতু স্বর্গমোক্ষাভ্যাং পরঃ সহস্রাধিক্যমবগম্যতে যতঃ সাধুসঙ্গে সতি ত্বদ্রূপগুণকথামাধুর্য্যাস্বাদো ভবেৎ সচ সর্গসুখাৎ ত্বদীয় নির্ব্বিশেষস্বরূপব্রহ্মসুখা-দপি কোটিকোটিগুণাধিকঃ। নাহং বসামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে নচ। মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদেত্যাদি ত্বদুক্ত্যা সর্ব্বসুখদাতু স্তবাপি পরমসুখপ্রদ ইত্যত একঃ সাধুসঙ্গএব ব্রিয়তে ইতি ॥ ৩৩ ॥

সচ সাধুসঙ্গঃ সিদ্ধভক্তানাং সাধকভক্তানাঞ্চ সর্ব্বথৈব পরমোপাদেয় ইত্যাহুঃ যত্র যেষু ভক্তেষু যতো যাভ্যঃ কথাভ্যঃ তীর্থানাং পাবনেচ্ছয়া স্নানাদিভিরস্মান্ পুনান্তিতি তীর্থকর্ত্তৃকায়া

ভগবদ্ভক্তের সঙ্গ নিতান্তই দুর্ল্লভ; ইহার ক্ষণ বা লব মাত্র কালের সহিতও আমরা স্বর্গসুখ, এমন কি ! মুক্তিকে পর্য্যন্ত যখন তুলনা করি না, তখন সামান্য মানবের রাজ্যভোগাদি সুখের সহিত আর কি তুলনা করিব ? ॥ ৩৩ ॥

যে স্থানে ভগবদ্ভক্তের একত্র মিলন হয়, তথায় পবিত্র ভগবানের কথারই আলোচনা হইয়া থাকে ; সে সব কথার আন্দোলনে বিষয়তৃষ্ণা তিরোহিত হইয়া যায় ; হৃদয়ে বৈরাগ্যের উদয়ে বৈরভাব বিনিবৃত্ত হয় ; জীবের আর কোন উদ্বেগ থাকে না ॥

মুক্তসঙ্গ বীতরাগ মুনিগণ ঐ সমস্ত কথার আলোচনায় পরম ফলস্বরূপ

প্রস্তূয়তে সৎকথাসু মুক্তসঙ্গৈঃ পুনঃ পুনঃ ॥ ৩৪ ॥
তেষাং বিচরতাং পদ্ভ্যাং তীর্থানাং পাবনেচ্ছয়া।
ভীতস্য কিং ন রোচেত তাবকানাং সমাগমঃ ॥ ৩৫ ॥
বয়ন্তু সাক্ষাৎ ভগবন্ ভবস্য প্রিয়স্য সখ্যুঃ ক্ষণসঙ্গমেন।
সুদুশ্চিকিৎসস্য ভবস্য মৃত্যো র্ভিষক্তমং ত্বাদ্য গতিং গতাঃ স্ম ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

স্বরূপঃ সাক্ষাৎ ভগবান্ নারায়ণঃ পুনঃ পুনঃ প্রস্তূয়তে ॥ ৩৪ ॥

অতঃ তীর্থানাং (অপি দুষ্টসঙ্গাৎ দুষ্টানাং) পাবনেচ্ছয়া পদ্ভ্যাং বিচরতাং তেষাং তাবকানাং ভক্তানাং, সমাগমঃ (সংসারাৎ) ভীতস্য কি ন রোচেত রুচিং উৎপাদয়েৎ এব ॥ ৩৫ ॥

হে ভগবন্! তব প্রিয়স্য সখ্যুঃ ভবস্য রুদ্রস্য, ক্ষণসঙ্গমেন হেতুনা সুদুশ্চিকিৎসস্য অতিপ্রযত্নেন নিবর্ত্তয়িতুং অশক্যস্য, ভবস্য জন্মনঃ, মৃত্যোঃ মরণস্য, চ ভিষক্তমং সদ্বৈদ্যং, ত্বা ত্বাং, অদ্য সাক্ষাৎ বয়ং গতিং গতাঃ শরণং প্রাপ্তাঃ স্ম ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তৎসঙ্গস্য শ্রৈষ্ঠ্যং প্রপঞ্চয়তি যত্রেতি ত্রিভিঃ। যত্র যেষু যতো যাভ্যঃ কথাভ্যঃ নির্ব্বৈরং বৈরাভাবঃ ॥ ৩৪ ॥

পদ্ভ্যাং পাবনেচ্ছয়া। সংসারাদ্ভীতস্য ॥ ৩৫ ॥

সৎসঙ্গফলমস্মাভিরেবানুভূতমিত্যাহুঃ বয়ন্ত্বিতি। তব যঃ প্রিয়ঃ সখা তস্য ভবস্য অত্যন্তমচিকিৎসস্য ভবস্য জন্মনো মৃত্যোশ্চ ভিষক্তমং সদ্বৈদ্যং ত্বাং গতিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাবনেচ্ছা তয়া হেতুভূতয়া তীর্থানাং ভাদৃষ্টবশাদেবেত্যর্থঃ। ভক্তানাস্তু তীর্থেভ্যঃ স্বপাবনেচ্ছয়ৈব প্রয়োজনং সম্মতং জ্ঞেয়ং। ভীতস্য সংসারাৎ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

এবঞ্চাভীষ্টবরত্বংপ্রাপ্তিরেব তস্যাস্ত্বৎপ্রাপ্তেঃ ফলং সাধুসঙ্গ এবাস্মাকং ত্বৎপ্রাপ্তেঃ সাধনঞ্চ সাধুসঙ্গ এবেত্যাহুঃ। বয়ন্ত্বিতি তব যঃ প্রিয়ঃ সখা তস্য। ভবস্য জন্মনঃ। মৃত্যোর্মরণস্যেতি রোগদ্বয়স্য সদ্বৈদ্যং ত্বাং গতিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥

সাক্ষাৎ ভগবান্ নারায়ণই পুনঃ পুনঃ পূজিত ও আরাধিত হইয়া থাকেন ॥ ৩৪

অতএব পাপীজনের সংস্রবে কলুষিত তীর্থসমূহের দূরিত নিবারণার্থ যে সকল ভবদীয় ভক্ত সাধুগণ পদব্রজে জগতীতলের সর্ব্বত্র বিচরণ করিয়া থাকেন, তাদৃশ ভক্তগণের সমাগমকে ভবভয়ে ভীত ব্যক্তি কি বিশেষ আদরের সহিত গ্রহণ করিবে না! ॥ ৩৫ ॥

হে ভগবন্! আপনার প্রিয়পাত্র পরম সুহৃদ্ দেবদেব ত্রিলোচনের সঙ্গ আমরা ক্ষণকালের নিমিত্ত প্রাপ্ত হইয়া, এই জন্ম-মৃত্যুরূপ ভীষণ ব্যাধির

যন্নঃ স্বধীতং গুরবঃ প্রসাদিতা বিপ্রাশ্চ বৃদ্ধাশ্চ সদানুবৃত্ত্যা।
আর্য্যা নতাঃ সুহৃদো ভ্রাতরশ্চ সর্ব্বাণি ভূতান্যনসূয়য়ৈব। ৩৭ ॥
যন্নঃ সুতপ্তং তপ এতদীশ নিরন্ধসাং কালমদভ্রমপ্সু।
সর্ব্বং তদেতৎ পুরুষস্য ভূম্নো বৃণীমহে তে পরিতোষণায় ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

যৎ নঃ অস্মাভিঃ, সু সম্যক্ অধীতং বেদাধ্যয়নং কৃতং, তথা গুরবঃ উপদেষ্টারঃ, বিপ্রাঃ, বৃদ্ধাঃ কুলবৃদ্ধাঃ পিত্রাদয়ঃ, আর্য্যাঃ সদাচারপরাঃ, সুহৃদঃ মিত্রাণি, ভ্রাতরঃ অন্যানি সর্ব্বাণি ভূতানি প্রাণিনঃ, অনসূয়য়া শুদ্ধভাবেন, এব নতাঃ নমস্কৃতাঃ, সদানুবৃত্ত্যা সদাচারেণ, প্রসাদিতাঃ চ ॥ ৩৭ ॥

হে ঈশ! (এতাবন্তং কালং) অপ্সু জলে স্থিতানাং নিরন্ধসাং নিরন্নানাং, নঃ অস্মাকং, যৎ এতৎ সুতপ্তং সম্যক্ অনুষ্ঠিতং, এতএব অদভ্রং অত্যুগ্রং, তপঃ তদেতৎ সর্ব্বং অনুষ্ঠানং ভূম্নঃ ব্যাপকস্য, পুরুষস্য সর্ব্বান্তর্যামিণঃ, তে তব পরিতোষণায় ভবতু ইতি বয়ং বৃণীমহে ॥৩৮॥

শ্রীধরস্বামী।

বরান্তরং বৃণুতে যন্ন ইতি দ্বাভ্যাং। নতাঃ নমস্কৃতাঃ ॥ ৩৭ ॥

নিরন্ধসাং নিরন্নানাং। অদভ্রং বহুকালং। তে পরিতোষণায় ভবত্বিতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়মজ্ঞা ত্বৎপরিতোষসাধনং নৈব জানীম স্তদপি স্বেচ্ছয়া যদযৎ কৃতং তেনাপি ত্বং প্রসীদেত্যাশাসতে যন্ন ইতি বৃদ্ধা জ্ঞানাধিকা আর্য্যা ভক্ত্যধিকাঃ ভূতানি প্রসাদিতানীতি শেষঃ ॥ ৩৭ ॥

নিরন্ধসাং নিরন্নানাং। অদভ্রমনল্পং কালং ॥ ৩৮ ॥

হস্ত হইতে অব্যাহতি পাইবার জন্য, আপনার ন্যায় ভিষক্‌শিরোমণির সন্দর্শন লাভে, শরণাগত হইতে সক্ষম হইয়াছি ॥ ৩৬ ॥

আমরা যে সম্যক্‌রূপে বেদ অধ্যয়ন করিয়াছি; উপদেষ্টা গুরু, ব্রাহ্মণ, কুলবৃদ্ধ পিত্রাদিগণ, সদাচারসম্পন্ন আচার্য্যগণ এবং সুহৃদ্ মিত্র ভ্রাতা বন্ধু বান্ধব ও অন্যান্য প্রাণিবর্গকে বিশুদ্ধভাবে অভিবাদনাদি করিয়াছি এবং সদাচারের দ্বারা তাঁহাদিগের তুষ্টিসাধন করিয়াছি ॥ ৩৭ ॥

হে জগৎপতে! এতদ্ব্যতীত আমরা এতকাল সলিলে নিমগ্ন থাকিয়া বিনা ভোজনে যে ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিয়াছি, সেই যাবতীয় তপস্যার ফল এবং যে কিছু পুণ্যাবহ অনুষ্ঠান করিয়াছি, সেই সমস্তই যেন সর্ব্বান্তরাত্মা সর্ব্বব্যাপী পরমপুরুষ আপনার সন্তোষের কারণ হয়, এই মাত্র বর আপনার নিকট আমরা প্রার্থনা করিতেছি ॥ ৩৮ ॥

মনুঃ স্বয়ম্ভু র্ভগবান্ ভবশ্চ যেঽন্যে তপোজ্ঞানবিশুদ্ধসত্ত্বাঃ।
অদৃষ্টপারা অপি যন্মহিম্নঃ স্তুবন্ত্যথো ত্বাত্মসমং গৃণীমঃ॥ ৩৯॥

নমঃ সমায় শুদ্ধায় পুরুষায় পরায়চ।
বাসুদেবায় সত্ত্বায় তুভ্যং ভগবতে নমঃ॥ ৪০॥

অন্বয়ঃ।

মনুঃ স্বয়ম্ভুঃ ভগবান্ ভবঃ চ তথা তপোজ্ঞানবিশুদ্ধসত্ত্বাঃ (তপোজ্ঞানাভ্যাং বিশুদ্ধং সত্ত্বং অন্তঃকরণং যেষাং তে তথাভূতাঃ) যে অন্যে বিদ্যন্তে তথাবিধাঃ অপি তে যন্মহিম্নঃ (যস্য মহিম্নঃ) অদৃষ্টপারাঃ (ন দৃষ্টঃ পারঃ অন্তঃ যৈঃ তে) ত্বা ত্বাং, আত্মসমং স্বজ্ঞানানুরূপং, স্তুবন্তি অথো তথা বয়ং আত্মসমং গৃণীমঃ স্তুমঃ॥ ৩৯॥

সমায় শত্রুমিত্রাদিদৃষ্টিশূন্যায়, শুদ্ধায় রাগাদিবর্জ্জিতায়, পরায় সর্ব্বোত্তমায় পুরুষায় সর্ব্বান্তর্যামিণে, বাসুদেবায় সর্ব্বাধারভূতায়, সত্ত্বায় সত্ত্বমূর্ত্তয়ে, ভগবতে সর্ব্বৈশ্বর্য্যপূর্ণায়, তুভ্যং নমোনমঃ॥ ৪০॥

শ্রীধরস্বামী।

অজ্ঞানামপ্যস্মাকং ত্বৎস্তুতি র্ন্যাষ্যুক্তেত্যাহুঃ মনুরিতি। যস্য তব মহিম্নো ন দৃষ্টং পারং যৈ স্তেঽপি ত্বাং আত্মসমং স্বশক্ত্যনুরূপং যথা স্তুবন্তি। অথো অতঃ বয়মপি গৃণীমঃ॥ ৩৯॥

সত্ত্বমূর্ত্তয়ে বাসুদেবায়॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজ্ঞানামপ্যস্মাকং ত্বৎস্তুতি র্ন্যাযুক্তেত্যাহুঃ। মনুরিতি ত্বন্মহিম্নো ন দৃষ্টা পারা ইতি পরমবিজ্ঞা অপি তে ত্বন্মহিমন্যজ্ঞা এব যথা স্তুবন্তি তথৈব বয়মপ্যজ্ঞতমা অপি আত্মসমং স্বশক্ত্যনুরূপমেব স্তুমঃ॥ ৩৯॥

সত্ত্বায় শুদ্ধসত্ত্বমূর্ত্তয়ে॥ ৪০॥

স্বয়ম্ভু, মনু ও ত্রিপুরান্তকারী ত্রিলোচন এবং তপোজ্ঞানবিশিষ্ট বিশুদ্ধ-হৃদয় অন্যান্য মহামনা ব্যক্তিগণও যখন আপনার মহিমা অবধারণে সক্ষম না হইয়াও, স্ব স্ব জ্ঞান ও শক্তি অনুসারে আপনার স্তব করিয়াছেন, তখন আমা-দিগের ন্যায় সামান্যজ্ঞান ব্যক্তি স্ব স্ব সামর্থ্য ও জ্ঞান অনুসারে আপনার স্তব করিব, তাহাতে আর বিচিত্র বা বাধা কি হইতে পারে? জন্য জগতে জনয়ি-তার প্রকৃত মহিমা বর্ণনে সকলেই যে অসমর্থ, তাহাতে আর সন্দেহ নাই।॥৩৯॥

শত্রু মিত্র, ভক্ত অভক্ত এবং জ্ঞানী ও অজ্ঞানী এতদুভয়ের প্রতিই আপনি তুল্যরূপে দৃষ্টি করিয়া থাকেন। রাগাদি দোষ আপনাকে স্পর্শ করিতে পারে না; আপনি সর্ব্বভূতের অন্তর্য্যামী মহাপুরুষ, বিশ্ব সংসারের আধারভূত বাসুদেব এবং প্রকৃতির অতীত সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন সত্ত্বমূর্ত্তি নারায়ণ! আপনাকে প্রণাম করি!॥ ৪০॥

মৈত্রেয় উবাচ ॥

ইতি প্রচেতোভিরভিষ্টুতো হরিঃ প্রীতস্তথেত্যাহ শরণ্যবৎসলঃ।
অনিচ্ছতাং যানমতৃপ্তচক্ষুষাং যযৌ স্বধামানপবর্গবীর্য্যঃ ॥ ৪১ ॥
অথ নির্য্যায় সলিলাৎ প্রচেতস উদন্বতঃ।
বীক্ষ্যাকুপ্যন্ দ্রুমৈশ্ছন্নাং গাংগাং রোদ্ধুমিবোচ্ছ্রিতৈঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

অঙ্গীকৃত্য পরিহরতি বাঢ়মিতি আত্মারামস্য গৃহারামতা। গৃহাসক্তস্য চ কৃষ্ণাসক্তি-রিত্যুভে ন সংভবত ইতি সত্যমেব তদপ্যতিমহতাং দুর্ব্বিতর্ক্যচরিতানাং কাপি কাদাচিৎকী বিষয়াসক্তি স্ত্বয়া ন বিশ্বসনীয়েত্যাহ ভগবত ইতি আবেশিতচেতসো জনা ভাগবতী ভগবতঃ সম্বন্ধিনীচাসৌ পরমহংসানাং দয়িতা প্রিয়তমাচ যা কথা তাং কিঞ্চিন্মাত্রেণ অন্তরায়েণ বিঘ্নেন বিহতাং স্থগিতীকৃতাং ন প্রায়েণ হিৰন্তি ন ত্যজন্তি কীদৃশীং স্বাং শিবতমাং পদবী-মিতি তৎকথৈব ভক্তানাং পদবী সুখময়বর্ত্মেতয়ৈব গম্যো ভগবানিত্যর্থঃ। ননু ত্বয়াভি-গুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ইত্যাদ্যুক্তে র্ভক্তানামন্তরায়ো নাস্ত্যেব সত্যং কালকর্ম্মাদিহেতুকোঽসৌ নাস্ত্যেব কিন্ত্বন্তরায়োহি ভক্তানাং দ্বিবিধঃ মহদপরাধ-

---

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবদ্ভক্ত ব্যক্তির গৃহক্ষেত্রাদিতে আসক্তি এবং গৃহাসক্ত পুরুষের ভক্তি প্রভৃতি ভগবদ্ভাব হওয়া নিতান্তই অসম্ভব বলিয়া আপনি যে সন্দেহ করিতেছেন, তাহা সত্য বটে; কিন্তু ভগবান্ ঐশ্বর্য্যাদি যাবদীয় গুণে নিত্য পূর্ণ; তাঁহার যশোরাশি শ্রবণ করিলে, যাবদীয় অনর্থের মূল কারণ অজ্ঞান কখন তাদৃশ শ্রোতার হৃদয়ে স্থান পায় না। স্বয়ং কমলা স্থিরা হইয়া যাঁহার চরণ-কমলের নিত্য পরিচর্য্যা করিয়া থাকেন; প্রফুল্ল কমলের ন্যায় যে চরণারবৃন্দের সৌগন্ধ, সৌকুমার্য্য ও লাবণ্যাদি অনুভব

আভাস।

কিম্বা ভগবানের নিজের ইচ্ছা হইলেও ঘটিয়া থাকে। মহদ্ব্যক্তির নিকট অপরাধ করিলে, সমুচিত কষ্টভোগের অব্যবহিত পরক্ষণেই মহতের কৃপাবলে ভক্ত সদ্যই নিষ্কৃতি লাভ করে;

পরমহংসদয়িতকথাং কিঞ্চিদন্তরায়বিহতাং
স্বাং শিবতমাং পদবীং ন প্রায়েণ হিন্বন্তি ॥ ৫ ॥

অন্বয়ঃ।

আবেশিতং চেতঃ যৈঃ তে, ভাগবতাঃ পরমহংসাঃ তেষাং দয়িতস্য প্রিয়স্য সচ্চিদানন্দাত্মকস্য ভগবতঃ কথাং কথাশ্রবণাদিজন্যাং ভক্তিং, শিবতমাং ভগবৎপ্রাপিকাং, স্বাং স্বকীয়াং, পদবীং মোক্ষমার্গভূতাং (বিঘ্নবহুলত্বাৎ) প্রায়েণ কিঞ্চিদন্তরায়েণ বিহতাং বিঘ্নিতাং অপি ন হিন্বন্তি ত্যজন্তি (কিন্তু পূর্ব্ববাসনয়া তামেবানুতিষ্ঠন্তি) ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

বিঘ্নেন বিহতামপি স্বাং পদবীং মার্গং ন হিন্বন্তি ন ত্যজন্তি কাং ভাগবতা এব পরমহংসা স্তেষাং দয়িতস্য প্রিয়স্য হরেঃ কথাং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হেতুকো ভগবদিচ্ছাহেতুকশ্চ। তত্র মহদপরাধোহি সমুচিত-কষ্টভোগেন চিরকালত এব তস্যৈব মহতঃ কৃপয়া সদ্য এব চ শাম্যতি। যথা হ্বিবিদাদীনাং রহূগণাদীনাঞ্চ। ভগবদিচ্ছাচ স্বভক্ত-সদাচার-শিক্ষণার্থা। তদুত্থো বিঘ্নস্তু প্রেমবর্দ্ধনার্থ এব যথা ভরতাদীনাং তত্র প্রিয়ব্রতস্যাপরাধাভাবাদ্ভগবদিচ্ছানিবন্ধন এব বিঘ্নোঽয়ং তত্র গুণবুদ্ধ্যাপি ভক্তেঃ ক্বাপি মমতা ন কর্ত্তব্যেতি যথা ভরতস্য মৃগপোষণপ্রদর্শনয়া স্বভক্তা ভগবতা শিক্ষিতা তথা মহদাজ্ঞাহি ভক্ত্যনুপযোগিন্যপি ভক্তৈঃ প্রতিপালনীয়ৈবেতি প্রিয়ব্রতকর্তৃক-ব্রহ্মাজ্ঞা-প্রতিপালন-প্রদর্শনয়া শিক্ষিতা ইতি জ্ঞেয়া ॥ ৫ ॥

করিলে, মধুপায়ী মধুকরের ন্যায় ভক্তের চিত্ত সেই চরণমকরন্দের অনুপম রসেই একান্ত নিমগ্ন থাকে, তাদৃশ পরমহংসগণের ভক্তি সচ্চিদানন্দস্বরূপ প্রাণপ্রিয় ভগবানের কথাদির শ্রবণ ও কীর্ত্তনাদিতেই পরিবর্দ্ধিত হয় এবং সর্ব্বমঙ্গলময় ভগবৎস্বরূপের আনয়নে মুক্তির দ্বার প্রশস্ত করিলেও পূর্ব্বসঞ্চিত প্রারব্ধভোগরূপ বিঘ্নের দ্বারা সময়ে সময়ে সে ভক্তি যে বিদলিত হইবে, তাহাতে আর সন্দেহ নাই। কিন্তু সুখের বিষয় এই যে, নানাপ্রকার বিঘ্নের দ্বারা ভক্তি বিচলিত হইলেও, প্রকৃত প্রস্তাবে কখন তাহার ভঙ্গ হয় না; পূর্ব্বাচরিত অভ্যাসের গুণে ভগবদ্ভক্তি পুনরায় জাগরূক হইয়া উঠে ॥ ৫ ॥

আভাস।

যেমন রহূগণের ঘটিয়াছিল। ভগবান ইচ্ছা করিয়া ভক্তকে যে বিঘ্নে নিপাতিত করেন, সে কেবল ভক্তকে সদাচার শিক্ষা দিবার জন্য মাত্র। ইহাতে প্রতিবন্ধকের পরিবর্ত্তে বরং ঈশ্বর-প্রেমই উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া থাকে। রাজা ভরতের মৃগশিশু পালন করা দেখাইয়া, ভগবান্ ভক্তকে উপদেশই দিয়াছিলেন, ইহাই উক্ত ব্যাপারের মর্ম্মার্থ। এ স্থলে প্রিয়ব্রতের পূর্ব্বাবস্থায় ব্রহ্মজ্ঞান পূর্ণমাত্রায় হয় নাই; সুতরাং তাহার দ্রাঢ্যতা সম্পাদনার্থ রাজ্য-ভোগরূপ

যর্হি বাব হ রাজন্ স রাজপুত্রঃ প্রিয়ব্রতঃ পরমভাগবতো নারদস্য চরণোপসেবয়া ঽঞ্জসাবগত পরমাত্মসতত্ত্বো ব্রহ্মসত্রেণ দীক্ষিষ্যমাণোঽবনিতলপরিপালনায়াম্নাত-প্রবর-গুণগণৈকান্তভাজনতয়া স্বপিত্রোপামন্ত্রিতো ভগবতি বাসুদেব এবাব্যবধান-সমাধিযোগেন সমাবেশিত-সকল-কারকক্রিয়াকলাপো নৈবাভ্যনন্দৎ।

অন্বয়ঃ।

হে রাজন্! নারদস্য চরণোপসেবয়া শরণাগমনেন, অঞ্জসা অনায়াসেন, তৎকৃপয়া অবগতং জ্ঞাতং পরমার্থং পরমপুরুষার্থং ভগবদ্ভজনপ্রকারং সতত্ত্বং ভগবদ্‌যথার্থেন সহিতং যেন সঃ, ব্রহ্মসত্রেণ ভগবৎপরত্বেন কার্য্যেণ দীক্ষিষ্যমাণঃ সংকল্পং করিষ্যন্ তথা ভগবতি বাসুদেবে এব অব্যবধানং নিরন্তরং, সমাধিযোগেন চিত্তৈকাগ্র্যেণ সমাবেশিতঃ সমর্পিতঃ সকলকারকাণাং সর্ব্বেন্দ্রিয়াণাং ক্রিয়াকলাপঃ শ্রবণাদিক্রিয়াসমূহঃ যেন সঃ, পরমভাগবতঃ

শ্রীধরস্বামী।

প্রিয়ব্রতস্য ব্রহ্মাজ্ঞৈবান্তরায়রূপা বভূবেতি সপ্রসঙ্গমাহ যর্হীত্যাদিনা বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং ভজস্বেত্যন্তেন। যর্হি যদা বাবেতি প্রসিদ্ধ্যাদৌ হ ইতিচ স্বপিত্রা মনুনা অবনিতলপরি-পালনায় উপামন্ত্রিতো নিযুক্তো নৈবাভ্যনন্দৎ নৈচ্ছৎ। অথহ তদৈব ভগবনাদিদেবো ব্রহ্মা স্বভবনাদবততারেতি অন্বয়ঃ। উপামন্ত্রণে হেতুঃ। আম্নাতা রাজ্ঞাং শাস্ত্রেণোক্তা যে প্রবরাঃ শ্রেষ্ঠা গুণাস্তেষাং গণস্যৈকান্তভাজনতয়া নিয়তাশ্রয়ত্বেন অনিচ্ছায়াং হেতুঃ। পরমাত্মসতত্ত্বং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রিয়ব্রতস্যাত্মারামত্বমৌৎপত্তিকমেব শ্রীনারদকৃপয়া পরমভাগবতত্বং শ্রীব্রহ্মাজ্ঞয়া গার্হস্থ্যঞ্চাহ যর্হীত্যাদিনা। বাবেত্যেবার্থে। যর্হ্যেব প্রিয়ব্রতঃ স্বপিত্রা অবনিতলপ্রতি-পালনায় উপামন্ত্রিতো নিযুক্তোঽপি তং নৈবাভ্যনন্দৎ তদা ব্রহ্মা স্বভবনাদবততারেত্যন্বয়ঃ। অঞ্জসা শীঘ্রং সতত্ত্বং তত্ত্বং ব্রহ্মসত্রেণ আত্মধ্যানেন দীক্ষিষ্যমাণঃ দীক্ষাং প্রাপ্স্যন্ অতঃ পরং সচ্চিদানন্দমাত্রং যদ্বস্তু তদেবানুভবনীয়ং নতু প্রাকৃতং কিমপীতি সঙ্কল্পেন নিয়মং কর্ত্তুমুদ্যত ইত্যর্থঃ। তৎক্ষণ এব পিত্রা মনুনা আম্নাতা রাজ্ঞাং শাস্ত্রেণোক্তা যে প্রবরা গুণা স্তেষাং গণস্য একান্তভাজনতয়া নিয়তাশ্রয়ত্বেন হেতুনা হে প্রিয়ব্রত সংপ্রতি ত্বমবনিং পালয়

হে নরনাথ! দেবর্ষির শরণাগত হইয়া, তাঁহার চরণ-প্রসাদে ও সেবার ফলে প্রিয়ব্রত ভগবদ্ভজনের প্রকার ও পরমাত্মতত্ত্বের যথার্থ স্বরূপ অতি অল্প আয়াসেই অবগত হইয়াছিলেন। যাবদীয় কার্য্য ভগবানে সমর্পণ পূর্ব্বক

আভাস।

বিশ্বের উৎপাদনে ভগবান্ তাঁহার উপকারই করিয়াছেন ॥ ৫ ॥

প্রিয়ব্রত নারদের নিকট ব্রহ্মজ্ঞান লাভ করেন বটে, কিন্তু তাঁহার চরিত্রে রাজত্ব করিবার উৎকৃষ্ট গুণরাশি প্রচুর পরিমাণে থাকায়, তদীয় পিতা মনু রাজত্বভোগের জন্য তাঁহাকে অনু-রোধ করেন। কিন্তু প্রিয়ব্রত নিজের রাজত্ব করিবার গুণের প্রতি লক্ষ্য না করিয়া, কেবল

যদ্যপি তদপ্রত্যাম্নাতব্যং তদধিকরণ আত্মনো-
ঽন্যস্মাদসতোঽপি পরাভবমন্বীক্ষমাণঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

প্রিয়ব্রতঃ রাজ্ঞঃ মনোঃ, পুত্রঃ আম্নাতাঃ রাজ্ঞাং শাস্ত্রেণ উক্তাঃ যে প্রবরাঃ শ্রেষ্ঠাঃ গুণাঃ তেষাং গণস্য সমূহস্য একান্তভাজনতয়া নিত্যাশ্রয়তয়া হেতুনা, যর্হি যদৈব স্বপিত্রা মনুনা, অবনিতলপরিপালনায় রাজাসান-স্বীকারায়, মন্ত্রিতঃ নিযুক্তঃ, তদা যদ্যপি তৎ পিতৃবাক্যং অপ্রত্যাম্নাতব্যং ন প্রত্যাখ্যেয়ং তথাপি তদধিকরণে রাজ্যাধিকারে, অসতঃ মিথ্যাভূতাৎ অপি অহংমমাভিমানাৎ অন্যস্মাৎ স্ত্রীপুত্রাদেঃ চ আত্মনঃ (পুরুষার্থভূতস্য) পরাভবং তিরস্কারং অন্বীক্ষমাণঃ আলোচয়ন্, ন অভ্যনন্দৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মযাথার্থ্যং অবগতং তদ্যেন স তথা অতো ব্রহ্মসত্রেণাত্মধ্যানেন কার্যেণ দীক্ষিষ্যমাণঃ নিয়মংগ্রহীষ্যন্ প্রাগপি বাসুদেব এব নিরন্তরেণ সমাধিযোগেন চিত্তৈকাগ্র্যেণ সমাবেশিতঃ সমর্পিতঃ সকলানাং কারকাণামিন্দ্রিয়াণাং যাঃ ক্রিয়া স্তাসাং কলাপো যেন স যদ্যপি তৎ পিত্রোক্তং ন প্রত্যাখ্যেয়ং তথাপি তদধিকরণে রাজ্যাধিকারে অসতোঽপি মিথ্যাভূতাদপি রাজ্যপ্রপঞ্চাদাত্মনঃ পরাভবমালোচয়ন্ নাভ্যনন্দৎ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যুপামন্ত্রিত স্তন্নাভ্যনন্দৎ স্বস্যাভদ্রমমন্যতেতি নৈচ্ছদিত্যর্থঃ। কুতঃ ভগবতি অব্যবধান-সমাধিযোগেন নিরন্তরচিত্তৈকাগ্র্যেণ সম্যক্ নিবেশিতঃ সকলানাং কারকাণামিন্দ্রিয়াণাং ব্যাপারসমূহো যেন সঃ। যদ্যপি তৎ পিত্রোক্তং অপ্রত্যাম্নাতব্যমপ্রত্যাখ্যেয়ং। তদপি নাহং রাজ্যং করোমীতি প্রত্যাখ্যাতবানেবেত্যর্থঃ। কুতঃ। তদধিকরণে রাজ্যাধিকারে আত্মনঃ স্বস্য অংশতঃ অসাধুভূতাদপি কামক্রোধাদেঃ সকাশাৎ পরাভবং পর্য্যালোচয়ন্ ॥ ৬ ॥

করিবার অভ্যাসে তিনি দীক্ষিত হইয়াছিলেন; ভগবান্ বাসুদেবস্বরূপে নিরন্তর সমাধির দ্বারা তাঁহার চিত্তের এরূপ একাগ্রতা জন্মিয়াছিল যে, ইন্দ্রিয়-বর্গের সমস্ত ক্রিয়াই তিনি ভগবন্মার্গে নিয়োজিত করিয়াছিলেন। কিন্তু প্রিয়ব্রত রাজা মনুর পুত্র; এবং রাজনীতি অনুসারে রাজার যে সকল গুণ থাকা প্রয়োজন, পরমভাগবত প্রিয়ব্রতের সেই সকল উৎকৃষ্ট গুণের অভাব

আভাস।

ব্রহ্মজ্ঞানের উপাদেয়তার প্রতিই লক্ষ্য করত পিতার অনুরোধ উপেক্ষা করিলেন। সুতরাং কমলাসন ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া, প্রিয়ব্রতকে রাজ্যভোগার্থ অনুমতি করিলেন। সৃষ্টিকার্য্যের নিমিত্তই ব্রহ্মার আবির্ভাব। অতএব পরমাণু হইতে পরমমহৎ পদার্থে পর্য্যন্ত ব্রহ্মার তীক্ষ্ণ দৃষ্টি নিরন্তর প্রকটিত আছে। নরপতি যেমন চারের সাহায্যে মণ্ডলেশ্বরগণের অভিপ্রায় অবগত হন, ব্রহ্মা সেইরূপ মূর্ত্তিমান অখিল বেদ ও মরীচ্যাদি সহচরগণের দ্বারা

অথহ ভগবানাদিদেব এতস্য গুণবিসর্গস্য
পরিবৃংহণানুধ্যান ব্যবসিত সকল জগদভি-

অন্বয়ঃ।

অথহ এতস্য গুণবিসর্গস্য ত্রিগুণকার্য্যস্য প্রপঞ্চস্য, পরিবৃংহণস্য সমৃদ্ধেঃ, অনুধ্যানেন নিরন্তর-চিন্তনেন, ব্যবসিতঃ নিশ্চিতঃ, সকলজগতাং প্রাণিনাং, অভিপ্রায়ঃ যেন সঃ আত্মযোনিঃ

শ্রীধরস্বামী।

গুণবিসর্গস্য গুণসৃষ্টেঃ পরিবৃংহণং সমৃদ্ধি স্তদনুচিন্তয়া ব্যবসিতঃ সকলজগতামভিপ্রায়ো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথহ ততশ্চাদিদেবো ব্রহ্মা গুণবিসর্গস্য জগৎসৃষ্টেঃ পরিবৃংহণং সমৃদ্ধি স্তদনুচিন্তয়া ব্যবসিতঃ সকলজগতামভিপ্রায়ো যেন সঃ। যথা রাজা চারৈ র্মণ্ডলেশ্বরাণামভিপ্রায়ো নিশ্চায়তে তদ্বৎ। আখলে নিগমৈ র্মূর্ত্তিমদ্ভি র্দেবৈ র্জগদ্দৈশ্চ মরীচ্যাদিভিশ্চ পরিবৃতঃ ইতি প্রিয়ব্রতং প্রত্যুপদেষ্টব্যে ধর্ম্মে প্রমাণীকরণার্থং সত্যলোকাদবতীর্ণঃ ভূতলমিতি শেষঃ। তত্র প্রিয়ব্রতং বাল্যমারভ্যৈব বিরক্তং গৃহান্নির্বিদ্য বনএব কৃতবাসং জ্ঞাত্বা তদাজ্ঞয়া কানষ্ঠো-প্যুত্তানপাদো রাজ্যং চকার তদ্বংশ্যাশ্চ প্রচেতঃ পর্য্যন্তং যথা সময়ং রাজ্যং চক্রুরেবঞ্চ স্বায়ম্ভুব-মন্বন্তরস্যার্দ্ধাদপ্যধিকঃ কালো গচ্ছতিস্ম। প্রাচেতসো দক্ষস্ত স্বায়ম্ভুবে মন্বন্তর এব লব্ধ-জন্মা পৌর্ব্বভবিকৈশ্বর্য্যকামনয়া তপসে জগাম ততশ্চারাজকং বীক্ষ্য মনুরুপায়ান্তরমনালোচ্য

ছিল না। সুতরাং রাজ্যশাসনের উপযুক্ত পাত্র বিবেচনায়, তদীয় পিতা ভগবান্ মনু তাঁহাকে ধরণীতল-পালনার্থ আহ্বান করিলেন। পিতার অনুমতি উল্লঙ্ঘন করা সম্পূর্ণ অবিধেয় হইলেও, রাজসিংহাসনে আরোহণ করিলে নিরর্থক অহঙ্কার ও মমতার উদয়ে এবং স্ত্রীপুত্রাদির সংস্রবে পুরুষার্থস্বরূপ জীবতত্ত্বের মালিন্য উপস্থিত হয় এইরূপ বিবেচনা করিয়া, প্রিয়ব্রত পিতৃবাক্যে তাদৃশ সম্মত হইতে পারিলেন না॥ ৬॥

প্রিয়ব্রতের উপেক্ষায় কমলাসন ব্রহ্মা নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। ত্রিগুণময় জগৎপ্রপঞ্চের পরিবর্দ্ধনার্থ তিনি সর্ব্বদাই চিন্তা করিতেছিলেন;

আভাস।

ব্রহ্মাণ্ডের সকল বিষয় পরিজ্ঞাত হন। প্রিয়ব্রত বাল্যকাল হইতে বিষয়ে বিরক্তি বশত গৃহ পরিত্যাগে বনেই বাস করিতেন; তাঁহার আজ্ঞানুসারে তদীয় কনিষ্ঠ ভ্রাতা উত্তানপাদ রাজকার্য্য নির্ব্বাহ করিতেন। সেই উত্তানপাদের বংশধর প্রচেতাগণ যথাসময়ে রাজ্যভার গ্রহণে প্রজাপালন করিয়া আসিয়াছেন। এই প্রকারে উক্ত মন্বন্তরের প্রায় অর্দ্ধেক সময় অতিবাহিত হইয়াছিল। প্রচেতানন্দন দক্ষ স্বায়ম্ভুব মন্বন্তরে জন্মপরিগ্রহ করত পূর্ব্বলব্ধ ঐশ্বর্য্যের কামনায় তপস্যার্থ বনে গমন করেন। এই সময় ধরণীতে অরাজকতা অবলোকন

প্রায় আত্মযোনিরখিলনিগমনিজগণ-পরিবেষ্টিতঃ স্বভবনাদবততার ॥ ৭ ॥

অন্বয়ঃ।

(আত্মা নারায়ণঃ যোনিঃ কারণং পিতা যস্য সঃ) ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যাদিমান্, আদিদেবঃ ব্রহ্মা, অখিলৈঃ সর্ব্বৈঃ, নিগমৈঃ বেদৈঃ, তথা মূর্ত্তিমদ্ভিঃ নিজগণৈঃ মরীচ্যাদিভিঃ চ পরিবেষ্টিতঃ পরিবৃতঃ, এব স্বভবনাৎ সত্যলোকাৎ, অবততার অবতীর্ণঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

যেন যথা রাজ্ঞা চারৈর্ম্মণ্ডলেশ্বরাণামভিপ্রায়ো নিশ্চীয়তে তদ্বৎ অখিলৈর্নিগমৈ র্মূর্ত্তিমদ্ভির্বেদৈর্নিজগণৈশ্চ মরীচ্যাদিভিঃ প্ররিবৃতঃ সত্যলোকাদবতীর্ণঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরক্তমপি প্রিয়ব্রতং বনাদানিনীষন্নপ্যানেতুং যদা ন শশাক তদা ব্রহ্মৈবাগত্য প্রিয়ব্রতং রাজ্যে প্রবর্ত্তয়ামাস। ততশ্চ পঞ্চমমন্বন্তরপর্য্যন্তং ক্রমেণ প্রিয়ব্রতস্য তদ্বংশ্যানাং রাজ্যাধিকারঃ। তৃতীয়-চতুর্থ-পঞ্চম-মনূনামুত্তম-তামস-রৈবতানাং প্রিয়ব্রতপুত্রত্বাৎ দ্বিতীয়মনোঃ স্বারোচিষস্যাপি তদন্তঃপাতাৎ। তত্তন্মনুপুত্রপৌত্রাদ্যাস্ত প্রৈয়ব্রতা এব রাজ্যে খণ্ডমণ্ডলেশ্বররূপা রাজানো বভূবুঃ। ততশ্চ ষষ্ঠস্য চাক্ষুষ-মন্বন্তরস্যাপ্যারম্ভে তপসো নিবৃত্তেন দক্ষেণ প্রজাসৃষ্টি স্তত্রৈব তস্য সাম্রাজ্যঞ্চ যদুক্তং চাক্ষুষে ত্বন্তরে প্রাপ্তে প্রাক্সর্গে কালবিপ্লুতে। যঃ সসর্জ প্রজা ইষ্টাঃ স দক্ষো দৈবচোদিত ইতি। চাক্ষুষস্য মনোরুত্তানপাদ-বংশ্যত্বাত্তন্মন্বন্তরপর্য্যন্তমেব স্বায়ম্ভুবমনোরধিকার ইতি জ্ঞেয়ং ॥ ৭ ॥

সুতরাং জগৎসংসারস্থ যাবদীয় জীববর্গেরই অভিপ্রায় তিনি মনে মনে অবগত আছেন। বিশেষত পরমাত্মা নারায়ণের নাভিকমল হইতে যখন তিনি উৎপন্ন, তখন পিতৃগুণে জ্ঞান এবং ঐশ্বর্য্য-সম্বন্ধে ব্রহ্মার কোনরূপ অভাব ছিল না। তিনি অমরবৃন্দেরও আদিপুরুষ। প্রিয়ব্রতের আচরণে তিনি উৎকণ্ঠিত হইয়া, বেদাদি নিগমসমূহে এবং মরীচ্যাদি মূর্ত্তিমান্ স্বীয় পার্ষদগণে পরিবৃত হইয়া, সত্যলোক হইতে তথায় উপনীত হইলেন। ৭ ॥

আভাস।

করিয়া, মনু উপায়ান্তরের অভাবে বিরক্ত প্রিয়ব্রতকেই রাজ্যে অভিষিক্ত করিবার চেষ্টা করিলেন। কিন্তু তাঁহার প্রযত্ন বিফল হইলে, ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া, প্রিয়ব্রতকে রাজ্যে অভিষিক্ত করেন ॥ ৬ ॥

তাহার পর পঞ্চম মন্বন্তর পর্য্যন্ত ক্রমান্বয়ে প্রিয়ব্রত ও তদীয় বংশধরগণের রাজ্যাধিকার ঘটিয়াছিল। তৃতীয়, চতুর্থ ও পঞ্চমরূপে উত্তম, তামস ও রৈবত এই মনুত্রয় যখন প্রিয়ব্রতের পুত্র, তখন দ্বিতীয় মনু স্বারোচিষও তাঁহাদের মধ্যেই পরিগণিত। এই সকল মনুর পুত্র-পৌত্রগণ প্রিয়ব্রত-বংশধর বলিয়া পরিগণিত এবং খণ্ডমণ্ডলের রাজা হইয়াছিলেন। পরে ষষ্ঠ মনু চাক্ষুষের অধিকারকালে প্রজাপতি দক্ষ তপোঽনুষ্ঠানে ক্ষান্ত

স তত্র তত্র গগনতল উড়ুপতিরিব বিমানাবলিভিরনুপথমমরপরিবৃঢ়ৈরভি-পূজ্যমানঃ পথি পথিচ বরূথশঃ সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ মুনিগণৈরুপগীয়মানো গন্ধমাদন-দ্রোণী-মবভাষয়ন্নুপসসর্প ।। ৮ ।।

অন্বয়ঃ।

সঃ ব্রহ্মা তত্র তত্র গগনতলে আকাশমার্গে, বিমানানাং আবলয়ঃ যেষাং তৈঃ অমর-পরিবৃঢ়ৈঃ দেবশ্রেষ্ঠৈঃ ইন্দ্রাদিভিঃ তারাদিস্থানীয়ৈঃ অনুপথং অভিপূজ্যমানঃ তথা পথি পথি চ বরূথশঃ সঙ্ঘীভূতৈঃ, সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ মুনিগণৈঃ উপগীয়মানঃ স্তূয়মানঃ সন্ উড়ুপতিঃ চন্দ্রঃ-ইব গন্ধমাদনদ্রোণীং প্রিয়ব্রতস্থিতিস্থানং অবভাষয়ন্ উপসসর্প আজগাম ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

সচ ব্রহ্মা তত্র তত্রোড়ুপতিশ্চন্দ্র ইব প্রকাশমানো গন্ধমাদনস্য দ্রোণীং দরীমবভাসয়ন্নু-পসসর্পেত্যন্বয়ঃ অমরপরিবৃঢ়ৈ র্দেবেন্দ্রাদিভিঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতলং প্রতি তস্যাবতরণে শোভামাহ। স ব্রহ্মা। পরিবৃঢ়ৈ মু খ্যৈঃ কীদৃশৈঃ বিমা-মানাং আবলি র্যেষাং তৈঃ ॥ ৮ ॥

তারকাজাল-বেষ্টিত পূর্ণশশধর নভোমণ্ডলে উদিত হইয়া যেমন অন্ধকার-ময় ধরণীকে জ্যোৎস্না-জ্যোতিতে সুশোভিত করেন, সেইরূপ বিমানচারী ইন্দ্রাদি অমরশ্রেষ্ঠগণে পরিবৃত ও অভিপূজিত এবং মধ্যে মধ্যে একত্রীভূত সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ ও মুনিগণের দ্বারা প্রশংসিত ও স্তুত হইয়া কমলাসন ব্রহ্মা নিশাকরের ন্যায় স্বীয় জ্যোতিতে প্রিয়ব্রতের আশ্রম গন্ধমাদন গিরিকে উজ্জ্বল করত তথায় উপস্থিত হইলেন ।। ৮ ।

আভাস।

হইয়া প্রজাসৃষ্টি আরম্ভ করেন এবং এই সময় হইতেই তাঁহার রাজত্ব করিবার কথারও উল্লেখ আছে। উক্ত আছে; কাল-সহকারে পূর্বসৃষ্টির লোপ হইলে, চাক্ষুষ মন্বন্তর কালে দৈবপ্রেরিত প্রজাপতি দক্ষ, অভিলষিত প্রজাবর্গের উৎপাদন করিয়াছিলেন। এই চাক্ষুষ মনুও উত্তানপাদের বংশধর বলিয়া দক্ষ-প্রজাপতির রাজত্বকাল পর্য্যন্ত স্বায়ম্ভুব মনুর অধিকার বলিয়াই পরিগণিত ॥ ৭ ॥

দেবর্ষি নারদ উপস্থিত হইয়া প্রিয়ব্রতকে ব্রহ্মজ্ঞান উপদেশ দিতেছিলেন, এমন সময়ে ভগবান্ মনু আসিয়া প্রিয়ব্রতকে রাজ্যাধিকার প্রদানার্থ তাঁহাকে লইতে আসিয়াছিলেন। তাঁহারা তিন জনে স্ব স্ব মতের সংস্থাপনার্থ কথোপকথন করিতেছেন, এমন সময়ে পিতামহ ব্রহ্মা তথায় উপনীত হইলেন। তাঁহাকে অবলোকন করিবা মাত্র নারদ, মনু ও প্রিয়ব্রত তিন জনেই সসম্ভ্রমে গাত্রোত্থান পূর্ব্বক পূজোপকরণ হস্তে লইয়া তাঁহার অভ্যর্থনা করিলেন।

তত্রহ বা এনং দেবর্ষির্হংসযানেন পিতরং ভগবন্তং হিরণ্যগর্ভমুপলভমানঃ সহসৈবাভ্যুত্থায়ার্হণেন সহ পিতা পুত্রাভ্যামবহিতাঞ্জলিরুপতস্থে ॥ ৯ ॥ ভগবানপি ভারত তদুপনীতার্হণঃ সূক্তবাক্যেনাতিতরামুদিত গুণগণাবতার-

অন্বয়ঃ।

তত্র হ বা তস্মিন্ এব তু স্থানে হংসযানেন হংসবাহনেন আয়ান্তং এনং ভগবন্তং পিতরং হিরণ্যগর্ভং উপলভমানঃ পশ্যন্, দেবর্ষিঃ নারদঃ, পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং সহ অবহিতাঞ্জলিঃ সন্ সহসৈব অভ্যুত্থায় অর্হণেন পূজয়া সহোপতস্থে তুষ্টাব ॥ ৯ ॥

হে ভারত! ভগবান্ আদিপুরুষঃ ব্রহ্মা অপি তেন নারদেন উপনীতং সমর্পিতং, অর্হণং পূজা যস্য সঃ তথা সূক্তবাক্যেন মধুরবাক্যেন, অতিতরামুদিতা বর্ণিতা গুণগণাঃ অবতারাঃ

শ্রীধরস্বামী।

হংসযাহনেনোপলক্ষণেন এনং পিতরমুপলভমানঃ মৎপিতায়মিতি লক্ষয়ন্ পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং সহ কৃতাঞ্জলিঃ সন্ সহসৈবাভ্যুত্থায় অর্হণেন পূজয়া সহ উপতস্থে তুষ্টাব। প্রিয়ব্রতং তদা মন্দরদ্রোণ্যাং আত্মবিদ্যাং নারদ উদিশতি মনুশ্চ তং নেতু মাগতোহস্তীতি জ্ঞাতব্যং ॥ ৯ ॥

হে ভারত ভগবানাদিপুরুষো ব্রহ্মাপি তং প্রিয়ব্রতমিতি হোবাচ ইত্যন্বয়ঃ। তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হংসযানোপলক্ষণেন পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং ॥ ৯ ॥

তদা নারদ স্তত্র প্রিয়ব্রতমুপদিশতি মনুস্তং নেতুমাগতোহস্তীতি জ্ঞেয়ং। ভগবান্ ব্রহ্মাপি প্রিয়ব্রতমুবাচ। তৈর্নারদমনু প্রিয়ব্রতৈরুপনীতমর্হণং যস্মৈ সঃ। উদিতো বর্ণিতো গুণগণঃ

হংসবাহনে পিতা হিরণ্যগর্ভকে আগমন করিতে অবলোকন করিয়া, দেবর্ষি নারদ মহারাজ মনু ও তৎপুত্র প্রিয়ব্রতসহ গাত্রোত্থান করিলেন এবং পূজাদ্রব্য হস্তে লইয়া ব্রহ্মার স্তব করিতে লাগিলেন ॥ ৯ ॥

হে ভরতকুলতিলক! আদিপুরুষ ভগবান্ ব্রহ্মা নারদ কর্ত্তৃক বিবিধ

আভাস।

ব্রহ্মা প্রজাপুঞ্জের প্রতি অনুগ্রহের প্রকাশে সত্যলোক হইতে আগমন করিয়া প্রিয়ব্রতকে সর্ব্ব সমক্ষে আশীর্ব্বাদ করত বলিলেন যে, তোমার জ্ঞান এবং ভক্তির নিবৃত্তি হইয়া সংসারাসক্তি পরিবর্দ্ধিত হউক্! প্রিয়ব্রত মনে মনে বলিলেন যে, আমি রাজ্যভোগ কখনই করিব না বলিয়া স্থির সিদ্ধান্ত আছে; "দেখি! আপনার আশীর্ব্বাদে আমার কিরূপ পরিবর্ত্তন হয়"। কমলাসন বলিলেন, আমি তোমাকে নিশ্চয়ই রাজ্যভোগ করাইব, দেখ! কাহার প্রতিজ্ঞা ফলবতী হয়? এইরূপ নাতি পিতামহে কৌতুক-তরঙ্গে সতৃষ্ণ দৃষ্টিতে পরস্পরের আলাপ হইতেছিল, ইতিমধ্যে ভগবান্ ব্রহ্মা প্রিয়ব্রতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রিয়ব্রত! প্রবৃত্তিনিষ্ঠ বাক্যের প্রয়োগে আমি তোমাকে সংসারে আসক্ত হইতে বলিতেছি বলিয়া

স্বজয় প্রিয়ব্রতমাদিপুরুষস্তং সদয়হাসাবলোক ইতি হোবাচ ॥ ১০ ॥

শ্রীভগবানুবাচ ॥

নিবোধ তাতেদমৃতং ব্রবীমি মাসূয়িতুং দেবমর্হস্যপ্রমেয়ম্।

অন্বয়ঃ।

স্বজয়াঃ সর্ব্বোৎকর্ষাঃ চ যস্য সঃ, তথা সদয়হাসপূর্ব্বকঃ অবলোকঃ যস্য সঃ ভগবান্ আদিপুরুষঃ ব্রহ্মা তং প্রিয়ব্রতং হ স্ফুটং ইতি উবাচ ॥ ১০ ॥

শ্রীভগবান্ উবাচ। হে তাত! ইদং বক্ষ্যমাণং, ঋতং সত্যং, ব্রবীমি তৎ ত্বং সাবধানতয়া নিবোধ! অবধারয়! ত্বং অমেয়ং অপ্রমেয়ং, দেবং বিষ্ণুং অসূয়িতুং ন অর্হসি (মদ্বাক্যস্য

শ্রীধরস্বামী।

নারদেনোপনীতমর্হণং যস্য সঃ সূক্তবাক্যেন যথোচিতবাক্যেন অতিশয়েনোদিতা বর্ণিতা গুণগণা অবতারাঃ স্বজয়াঃ সর্ব্বোৎকর্ষাশ্চ যস্য ॥ ১০ ॥

প্রবৃত্তিনিষ্ঠং মদ্বাক্যং প্রতিকূলং মত্বা মযসূয়াং করিষ্যতীতি শঙ্কমানো নাহমেবং বদামি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপ্রজাসু বাৎসল্যাদি স্বতএব হেতোরবতার সত্যলোকাদবতরণং অতএব স্বজয় অত্যুৎকর্ষো যস্য সঃ। সদয়েত। অস্যাভিবাঞ্ছিত-ভক্তিজ্ঞানবৈরাগ্যাণামহমেব প্রতিবন্ধকোহভুবং অস্যার্হস্যেহপ্যস্য ভক্তি বর্দ্ধতামেবেত্যাশীর্ব্বঙ্কঃ সদয়াবলোকঃ। অহং রাজ্যং ন করোমীতি তব প্রৌঢ়িঃ। ত্বামহং রাজ্যং কারয়ামীতি মম প্রৌঢ়ি স্তত্র পশ্যামঃ কস্যাদ্য প্রৌঢ়ি স্তিষ্ঠতীতি নপ্তরি প্রিয়ব্রতে সহাসাবলোকশ্চ যস্য সঃ ॥ ১০ ॥

প্রবৃত্তিনিষ্ঠং মদ্বাক্যং স্বাসহ্যং মত্বা মযসূয়াং মাকৃথাঃ। ভোঃ প্রিয়ব্রত অহন্ত ত্বং প্রত্যোরেবাধীন স্তস্যৈবাভিপ্রেতং বচ্মীত্যাহ নিবোধ স্ববুদ্ধ্যৈবেদং পরামৃশেত্যর্থঃ। হে তাতেতি নাহং তব শত্রুর্যত্ত্বাং দুঃখয়ামীতি ভাবঃ। ঋতং সত্যমেব নতু ত্বামহং প্রতারয়ামীতি ভাবঃ।

উপচারে পূজিত ও সূক্তবাক্যে পরিস্তুত হইয়া, সহাস্য করুণ কটাক্ষে প্রিয়ব্রতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥ ১০ ॥

হে বৎস! আমি তোমাকে যে সকল সত্য বচন বলিতেছি, তাহা তুমি অতি সাবধানে শ্রবণ কর! তুমি অপ্রমেয় ভগবান্ বিষ্ণুকে যেন উপেক্ষা করিও

আভাস

আমার প্রতি তুমি বিরক্ত হইও না! কারণ নারদের উপদেশে তুমি যাঁহার উপাসনার্থ অগ্রসর হইতেছ, আমি সেই ভূতভাবনেরই নিতান্ত অধীন; আমি তাঁহারই অভিপ্রায় অনুসারে তোমাকে এরূপ উপদেশ করিয়াছি। তুমি স্বীয় হৃদয়ে উত্তমরূপ বিবেচনা করিয়া বুঝ যে, আমি তোমার শত্রু নহি যে, তোমাকে দুঃখ দিবার জন্যই এরূপ প্রতারণা করিতেছি। মনে মনে তুমি বিলক্ষণ অবধারণ করিও যে, আমি কমলাসন ব্রহ্মা; তুমি স্বীয় পিতাকে কথঞ্চিৎ উপেক্ষা করিয়াছ বটে, কিন্তু আমার আজ্ঞা উল্লঙ্ঘন করা তোমার পক্ষে

বয়ং ভবস্তে তত এষ মহর্ষির্বহাম সর্ব্বে বিবশা যস্য দিষ্টং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

প্রবৃত্তি-বিধায়কত্বেন তত্র দোষারোপেণ দ্রষ্টুং নার্হসি। যতো নাহমেবং বদামি কিন্তু মন্মুখেন বিষ্ণুরেব বদতি) যস্য দেবস্য দিষ্টং আদিষ্টং আজ্ঞাং, বয়ং, ভবঃ রুদ্রঃ, তে তব তাতঃ মনুঃ, এষঃ মহর্ষিঃ নারদঃ, সর্ব্বে বয়ং বিবশাঃ যদধীনাঃ এব বহাম ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

কিন্তু মন্মুখেন হরিরেব ত্বামাজ্ঞাপয়তি ইতি বদন্ প্রবৃত্তিনিবৃত্তিরহস্যমাহ নিবোধেতি নবভিঃ। অতং সত্যমপ্রমেয়ং দেবং অসূয়িতুং দোষারোপেণ দ্রষ্টুং নার্হসি ততস্তাতঃ এব ত্বদ্গুরুশ্চ মহর্ষিঃ দিষ্টং আদিষ্টমাজ্ঞাং বিবশা অস্বতন্ত্রাঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রবীমীত্যহং ব্রহ্মা নতু স্বপিতেবাহমপ্যপ্রমাণীকর্ত্তব্য ইতি ভাবঃ। কিং সত্যং তত্রাহ বয়মিতি ভবো রুদ্রোঽপি তে তব তত স্তাতো মনুর্মহর্ষির্নারদোঽয়ং তব গুরুরিত্যতো বয়ং যস্য দিষ্টমাজ্ঞামেব বহাম স খলু যস্মৈ যস্মৈ যদা যদ্যদাদিশতি সঃ তথৈব চেষ্টতে ইতি তদাজ্ঞয়ৈব ত্বামহং রাজ্যে প্রবর্ত্তয়ামীতি ভাবঃ। যমহং সর্ব্বাত্মনা ভজে স প্রভুরেব মাং সংসারসিন্ধৌ নিমজ্জয়তীতি স্বেষ্টদেবেঽপি দোষদর্শী মাভূরিত্যাহ মাসূয়িতুমিতি। অমেয়ং প্রমাতুমশক্যং কমপি সংসারেঽপি প্রবর্ত্ত্য শীঘ্রমুদ্ধরতি কমপি বনেঽপি স্থাপ্য নোদ্ধরতীতি কস্তস্য চরিতং বেদেতি ভাবঃ ॥ ১১ ॥

না! আমার কথায় অবশ্য প্রবৃত্তি-পথেরই উত্তেজনা হইতেছে বটে, কিন্তু তাহার প্রতি তুমি দোষ দৃষ্টিতে লক্ষ্য করিও না! এ সকল উক্তি আমার নিজের নহে; আমার মুখ দিয়া ভগবান্ বিষ্ণুই তোমাকে আদেশ করিতেছেন। দেখ! সেই দেবদেবের আজ্ঞা আমি নিজে, ভগবান্ রুদ্র, তোমার পিতা মনু, এবং তোমার গুরু দেবর্ষি নারদ আমরা সকলেই অবশভাবে মস্তকে বহন করিয়া থাকি ।। ১১ ॥

আভাস।

কোনমতে সঙ্গত নহে। অধিক কি! আমি স্বয়ং, ভগবান্ ত্রিলোচন, দেবর্ষি নারদ এবং তোমার পিতা মনু সকলেই যাঁহার আজ্ঞা শিরোধার্য্য করেন; তিনি যাহাকে অন্তরের সহিত যেরূপ আদেশ করেন, সকলেই তদনুরূপ কার্য্য করিয়া থাকে; আমি সেই দেবদেবের আজ্ঞানুসারেই অদ্য তোমাকে রাজকার্য্যে প্রবর্ত্তিত করিতেছি! তুমি যেন স্বীয় ইষ্টদেবের কার্য্যেও দোষারোপ করিতে অগ্রসর হইও না! তিনি অপ্রমেয়; তিনি কাহাকে সংসারে প্রবর্ত্তিত করিয়াও উদ্ধার করিতেছেন এবং কাহাকেও বা সন্ন্যাসীর বেশে বনে প্রেরিত করিয়াও উদ্ধার করেন না। তাঁহার লীলা অবধারণ করা, সৃষ্ট জীবের পক্ষে নিতান্তই অসম্ভব ॥ ৮—১১ ॥

ন তস্য কশ্চিত্তপসা বিদ্যয়া বা ন যোগবীর্য্যেণ মনীষয়া বা।
নৈবার্থধর্ম্মৈঃ পরতঃ স্বতোবা কৃতং বিহন্তুং তনুভৃদ্বিভূয়াৎ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

কশ্চিৎ তনুভৃৎ দেহধারী, জীবঃ তপসা পঞ্চাগ্নিতাপাদিনা, বিদ্যয়া শাস্ত্রাভ্যাসেন, যোগ-বীর্য্যেণ প্রাণায়ামাদিজনিতৈশ্বর্য্যাদিনা, মনীষয়া বুদ্ধিনৈপুণ্যেন, অর্থধর্ম্মৈঃ (অর্থেন ধনাদিনা, ধর্ম্মৈঃ যজ্ঞাদিভিঃ) পরতঃ বলবৎসহায়েন স্বতঃ স্বতঃসিদ্ধপ্রভাবেন বা তস্য ভগবতঃ কৃতং বিহন্তু অন্যথাকর্ত্তুং, ন বিভূয়াৎ সমর্থো ভবতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

বিবশত্বমেবাহ চতুর্ভিঃ। নেতি তস্য কৃতং তেন নির্ম্মিতং তনুভৃৎ জীব স্তপ আদিভিঃ বিহন্তুং অন্যথা কর্ত্তুং, ন বিভূয়াৎ প্রভুর্ন ভবেৎ। মনীষয়া সামাদি বুদ্ধিবলেন পরতো বলবদা-শ্রয়াৎ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাত্র স্বহঠং রক্ষিতুমাত্মন স্তপোবিদ্যাযোগবলং প্রদর্শয়িতব্যমিত্যাহ নেতি। তস্য কৃতং তেন নির্ম্মিতং তপ আদিভি র্বিহন্তুমন্যথাকর্ত্তুং তনুভৃজ্জীবো ন বিভূয়াৎ ন প্রভবেৎ। নন্থ ত্বদ্বারা মাং রাজ্যে প্রভুঃ প্রবর্ত্তয়তি যথা তথা মহর্ষিদ্বারা মাং রাজ্যাৎ প্রব্রাজয়তি চেতি কিমত্র নিশ্চিনোমীতি চেৎ বুদ্ধিবলেন মাং পরমেশ্বরং বিজিগীষস্বেত্যাহ মনীষয়া বেতি তেনোভয়মপি ভগবদাদিষ্টং মত্বা রাজ্যং কুর্ব্বন্নেব তত্রানাসক্ত্যা প্রব্রজ্যামপি কুর্ব্বিতি ভাবঃ। নচ যথেষ্টদ্রব্যদানতঃ স্বপ্রতিমূর্ত্তিকল্পনেন রাজ্যং চিকীর্ষস্ব নাপীমাং বিপদং বহুধর্ম্মৈর্বল-বদাশ্রয়েণ বা স্ববাহুবলেন বোত্তিতীর্ষেত্যাহ নৈবাস্মেত্যাদি ॥ ১২ ॥

জগতে এমন কোন দেহধারী জীব নয়নগোচর হয় না যে, তপস্যা, শাস্ত্র-জ্ঞান, প্রাণায়ামাদি জনিত যোগবীর্য্য, বুদ্ধিনৈপুণ্য, ধন বা যজ্ঞাদি ধর্ম্মের অনুষ্ঠানে কিম্বা অন্যের সাহায্যে বা স্বতঃসিদ্ধ নিজের প্রভাবে তিনি সেই ভগবানের কার্য্যকে কিছুমাত্র অন্যথা করিতে পারেন। ১২ ॥

আভাস।

দেখ! এস্থলে নিজ প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য তপস্যা, বিদ্যা বা যোগবল প্রদর্শন করাইবার প্রয়োজন নাই। কারণ কোন উপায়েই তাঁহার ইচ্ছার অন্যথা করিতে পারিবে না। কারণ সেই উপায় সমূহও তাঁহারই কৃত। তুমি বলিতে পার যে, আমার দ্বারা তিনি যেমন তোমাকে প্রবৃত্তি-পথে প্রেরিত করিতেছেন, আবার দেবর্ষি নারদের দ্বারাও সেইরূপ সন্ন্যাস অবলম্বনে মোক্ষমার্গে প্রেরিত করিতেছেন ; এক্ষণে তোমার পক্ষে কোন্ পথে যাওয়া কর্ত্তব্য, তাহা কিরূপে অবধারণ করিবে ? তদুত্তরে আমি বলিতেছি যে, তোমার স্বীয় বুদ্ধিই তাহার মীমাংসা করিবে। তুমি জান! "ন কর্ম্মণাং অনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে"। প্রসব না করিলে, যেমন প্রসববেদনা অনুভূত হয় না, সেইরূপ কর্ম্ম না করিলে, কখন কর্ম্ম-

ভবায় নাশায়চ কর্ম্মকর্ত্তুং শোকায় মোহায় সদাভয়ায়।
সুখায় দুঃখায়চ দেহযোগমব্যক্তদিষ্টং জনতাঙ্গ ধত্তে॥ ১৩॥

অন্বয়ঃ।

হে অঙ্গ প্রিয়ব্রত! ভবায় উৎপত্তয়ে, নাশায় মরণায়, কর্ম্ম বৈদিকং, কর্ত্তুং, শোকায় ইষ্টবিয়োগজ-পীড়ায়ৈ, মোহায় ভ্রমায়, ভয়ায় অনিষ্টপ্রাপকাৎ উদ্বেগায়, সুখায় ইষ্টলাভায়, দুঃখায় অনিষ্টভোগায়, অব্যক্তদিষ্টং (অব্যক্তেন ঈশ্বরেণ দিষ্টং নির্ম্মিতং) দেব-মনুষ্যাদি-দেহ-যোগং জনতা জীবসমূহঃ, সদা ধত্তে (তদন্যথা কর্ত্তুং ন শক্নোতি)॥ ১৩॥

শ্রীধরস্বামী।

তত্র দেহযোগে তাবৎ পারতন্ত্র্যং প্রসিদ্ধমিত্যাহ ভবায়েতি। ভবো জন্ম তদাদ্যর্থং অব্যক্তেনেশ্বরেণ দিষ্টং দত্তং দেহযোগং জনতা জীবসমূহঃ সদা ধত্তে নত্বন্যথা কর্ত্তুং শক্নোতি। অঙ্গ হে প্রিয়ব্রত॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাত্র কিমপি শোচনীয়ং যতো দেহধারিণ ঈশ্বরাধীনা ভদ্রমভদ্রং বা স্বেচ্ছয়া বা সর্ব্বং সহন্ত এবেত্যাহ ভবায়েতি। ভবনাশৌ পুনঃ পুনর্জন্ম মৃত্যু তদাদ্যর্থং জনতা জীবসমূহঃ। অব্যক্তেনেশ্বরেণ দিষ্টং দত্তং দেহযোগং সদা ধত্তে স্বকর্ম্মোপার্জ্জিতমপি দেহমীশ্বরাজ্ঞাং বিনা ন প্রাপ্নোতি যথা সাধ্বসাধুক্রিয়য়াপ্যুপার্জ্জিতমপি শালিক্ষেত্রকারাগারাদিকং নৃপাজ্ঞাং বিনা প্রজা ন প্রাপ্নোতি। নৃপঃ খল্বন্যথাপি কুর্য্যাদিত্যতো হেতোঃ॥ ১৩॥

হে প্রিয়ব্রত! প্রাণিসমূহ জন্ম, মৃত্যু, ইষ্টবিয়োগ জনিত শোক, ভ্রম-নিবন্ধন মোহ, অনিষ্টের উপস্থিতিতে ভয় এবং উদ্বেগ, ইষ্টলাভ-জনিত সুখ এবং অনিষ্টাপাত-হেতু ভোগাদির জন্য প্রাণিসমূহ ইন্দ্রিয়বর্গের অগোচরীভূত ভগবানের দ্বারা নির্ম্মিত দেবমনুষ্যাদি দেহবিশেষ ধারণ করিয়া থাকে, এবং কর্ম্ম করে; তাহার অন্যথা করিতে কাহারও সামর্থ্য নাই॥ ১৩॥

আভাস।

ত্যাগী হওয়া যায় না। অতএব অগ্রে তুমি রাজ্যভোগ কর! পরে তাহাতে অনাসক্তির উৎকর্ষে তুমি সহজে সন্ন্যাস গ্রহণ করিতে সক্ষম হইবে। নতুবা ধন মান বিদ্যা বুদ্ধি সহায় বা সম্পদের দ্বারা তাঁহার অভিপ্রায়ের অন্যথা করিতে কখনই সক্ষম হইবে না॥ ১২॥

ইহাতে তোমার কোন পরিতাপের কারণও নাই। যেহেতুক দেহধারী জীবমাত্রই ঈশ্বরের অধীন থাকিয়া, শুভাশুভ যাবদীয় ফল ইচ্ছাতেই হউক্, বা অনিচ্ছাতেই হউক্, অবশ ভাবে চিরকালই ভোগ করিয়া থাকে। জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি এবং সুখ ও দুঃখ ভোগ করিবার জন্য জীব স্বকর্ম্মোপার্জ্জিত যে দেহ লাভ করে, তাহাও ঈশ্বরের আজ্ঞা ব্যতীত কখন আপনা হইতে ঘটে না। যেমন শালিক্ষেত্র ও কারাগার রাজার অনুমতি ব্যতীত প্রজাপুঞ্জে পায় না, সেইরূপ ভোগ বা ভোগায়তন দেহ সকলই সম্পূর্ণভাবে ঈশ্বরেরই

যদ্বাচি তন্ত্র্যাং গুণকর্ম্মনামভিঃ সুদুস্তরৈ বৎস বয়ং সুযোজিতাঃ।
সর্ব্বে বহামো বলিমীশ্বরায় প্রোতা নসীব দ্বিপদে চতুষ্পদঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

যস্য ভগবতঃ বাচি বেদলক্ষণায়াং, তন্ত্র্যাং দামন্যাং, গুণকর্ম্মনামভিঃ (গুণাঃ সত্ত্বাদয়ঃ কর্ম্মাণি চ তৎপূর্ব্বকাণি তান্নবন্ধনৈঃ নামভিঃ ব্রাহ্মণাদিশব্দৈঃ প্রগ্রহস্থানীয়ৈঃ) সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ, বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ সন্তঃ, হে বৎস! যথা নসি নাসিকায়াং, প্রোতাঃ রজ্জুবদ্ধাঃ, সন্তঃ চতুষ্পদাঃ বলিবর্দ্দাঃ, দ্বিপদে পুরুষায়, ভারং বহন্তি তথা তস্মৈ ঈশ্বরায়, বলিং বহামঃ তদাজ্ঞয়া তদারাধনার্থং স্বাধিকারপ্রাপ্তং কর্ম্ম কুর্ম্মঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মকরণেঽপি পারতন্ত্র্যমাহ। যস্য বাচি বেদলক্ষণায়াং তন্ত্র্যাং দামন্যাং গুণাঃ সত্ত্বাদয়ঃ তৎপূর্ব্বকাণিচ যানি কর্ম্মাণি তন্নিবন্ধনৈর্নামভি র্ব্রাহ্মণাদিশব্দৈঃ সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ হে বৎস বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ সন্তঃ তস্মৈ ঈশ্বরায় বলিং বহামঃ তদিচ্ছয়া কর্ম্ম কুর্ম্মঃ নসি নাসিকায়াং প্রোতা বদ্ধা সন্তঃ চতুষ্পদো বলীবর্দ্দাঃ যথা দ্বিপদে পুরুষায় ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহধারণে পারতন্ত্র্যমিব কর্ম্মকরণেঽপি পারতন্ত্র্যমাহ যস্যাং বাচি বেদলক্ষণায়াং তন্ত্র্যাং দামন্যাং গুণাঃ সত্ত্বাদয় স্তদুচিতানি কর্ম্মাণি তন্নিবন্ধনৈ র্নামভি র্ব্রাহ্মণাদিশব্দৈঃ সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ হে বৎস বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ তস্মৈ ঈশ্বরায় বলিং বহামঃ। তদাদিষ্টং কর্ম্ম কুর্ম্মঃ। অত্র দৃষ্টান্তঃ। নসি নাসিকায়াং প্রোতা বদ্ধাঃ সন্তঃ চতুষ্পদো বলীবর্দ্দা দ্বিপদে মনুষ্যায়। তে যথা মনুষ্যদত্তস্য ভারস্যাবহনে গমনাগমনক্রিয়াদিষু স্বাতন্ত্র্যেচ দণ্ডং প্রাপ্নুবন্তি তথা বয়মপীতি ভাবঃ ॥ ১৪ ॥

যে ভগবানের বেদলক্ষণা বাক্তন্ত্রিতে সত্ত্বাদিক্রমে বিবিধ কর্ম্মের উল্লেখ আছে এবং উক্ত গুণগ্রামের প্রাধান্য অনুসারে তদুচিত নামাদিতে অভিহিত ব্রাহ্মণাদি-শব্দে দৃঢ় বদ্ধ থাকিয়া নাসারন্ধ্রযোগে রজ্জুবদ্ধ বলিবর্দ্দ যেমন চতুষ্পদ হইয়া দ্বিপদ মানবের দ্রব্যসম্ভার বহন করিয়া থাকে, সেইরূপ হে বৎস! আমরা সকলে সেই ঈশ্বরের আজ্ঞা শিরোধার্য্য করত তাঁহারই আরাধনার্থ স্ব স্ব অধিকার-প্রাপ্ত কর্ম্মের অনুষ্ঠান করিতেছি।। ১৪ ।।

আভাস।

অধীন ॥ ১৩ ॥

দেহ ধারণে জীব যেমন ঈশ্বরের পরতন্ত্র, কর্ম্ম করিতে হইলেও সেইরূপ তাঁহারই পরতন্ত্র। তিনি বেদরূপা বাণীর দ্বারা সত্ত্বাদি গুণের ভেদে জাত ব্রাহ্মণাদি নামধারী জীবকে সত্ত্বানুরূপ কর্ম্ম করিবারই আদেশ করিয়াছেন। নিজ অধিকারকে অতিক্রম করিয়া কর্ম্ম করিলে, বিপরীত ফল লাভ করিতে হয়, সন্দেহ নাই। নাসিকায় নিবদ্ধ বলীবর্দ্দ যেমন প্রভুর অভি-

ঈশাভিসৃষ্টং হ্যবরুন্ধ্মহেঽঙ্গ দুঃখং সুখম্বা গুণকর্ম্মসঙ্গাৎ।

অন্বয়ঃ।

হে অঙ্গ প্রিয়ব্রত! গুণকর্ম্মসঙ্গাৎ (গুণাঃ সত্ত্বাদয়ঃ তদনুরূপাণি অস্মৎকর্ম্মাণি তৎসঙ্গাৎ তৎসম্বন্ধাৎ) তত্তদনুরূপং যং দেবতির্য্যগাদিলক্ষণং দেহং নাথঃ স্বামী অযুঙ্‌ক্ত যোজিতবান্,

শ্রীধরস্বামী।

ভোগেঽপি পারতন্ত্র্যমাহ ঈশেতি ঈশা ঈশ্বরেণাভিসৃষ্টং দত্তমেব। অঙ্গ হে প্রিয়ব্রত অবরুন্ধ্মহে স্বীকুর্ম্মঃ যথা স্বামিনা দত্তমেব কণিশাদি বলীবর্দ্দাঃ ভক্ষয়ন্তি ন স্বেচ্ছয়া তদ্বৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মফলভোগেঽপি পারতন্ত্র্যমাহ ঈশা ঈশ্বরেণ অভিসৃষ্টং দত্তমেব অঙ্গ প্রিয়ব্রত অবরুন্ধ্মহে প্রাপ্নুমঃ দুঃখং সুখং বেতি নচাত্র বৈষম্যমীশ্বরস্যেত্যাহ গুণেতি। তম আদি গুণনিবন্ধনানি যানি কর্ম্মাণি তেষু সঙ্গাদাসক্তত্বাৎ। যথা স্বীয়ত্বাৎ সমেষ্বপি বলীবর্দ্দেষু মধ্যে সাধ্বসাধু-কর্ম্মকরণতারতম্যানুরূপমেব কেভ্যশ্চিদুত্তমগৃহাভ্যন্তরে স্থাপিতেভ্যঃ সঘৃতদুগ্ধোদনাদিকং তৎস্বামী দত্তে কেভ্যশ্চন রুক্ষবর্জ্জ চণকমাষাদিকং কেভ্যশ্চন কণিশঘাসাদিকং কেভ্যশ্চন নীহারাতপপঙ্কাদির্মতি বহিঃস্থলে স্থাপিতেভ্যঃ সাক্রোশদণ্ডপ্রহারং বিরসং দলপললাদিকমিতি। কিং কৃত্বা অবরুন্ধ্মহে নাথঃ স্বামী যদ্যদযুঙ্‌ক্ত অভদ্রং ভদ্রং বা ফলং দদৌ তত্তদাহায় অস্মদ্বৈগুণ্যসাদ্গুণ্যানুরূপমেব দদাতি স্বামিনঃ কোদোষ ইতি মনসি বিশ্বস্যেত্যর্থঃ। প্রত্যুত পরমেশ্বরস্যাত্র গুণএব দ্রষ্টব্য ইতি দৃষ্টান্তেনাহ চক্ষুষ্মতেতি শীতল-মাতপতপ্তং বা বর্ত্ম নীয়মানাস্তত্র কদাচিৎ শীতলে বর্ত্মনি কণ্টককূর্পাদিকং দৃষ্ট্বা যদা

হে বৎস! দৃষ্টিশক্তি-সম্পন্ন ব্যক্তি যেমন অন্ধকে হস্ত ধারণে লইয়া যায়, সেইরূপ সত্ত্বাদি গুণ ও তদনুরূপ কর্ম্মের সম্বন্ধ অনুসারে তদনুরূপ দেব-

আভাস।

প্রায় অনুসারে পৃষ্ঠে ভার বহন করত স্বীয় প্রভুরই কার্য্য সাধন করে এবং প্রভুর প্রদত্ত জীবিকার দ্বারাই জীবন নির্ব্বাহ করে; যদি কখন অন্যথাচরণ করে, তবে তৎক্ষণাৎ সেই অপরাধ হেতু আঘাত প্রাপ্ত হয়, সেইরূপ ব্রাহ্মণাদি মানবগণ স্ব স্ব বর্ণাশ্রমোচিত কর্ম্মসমূহ বেদোক্ত বিধানানুসারে সুনিষ্পন্ন করত সেই ভূতভাবনেরই অভিপ্রেত বিষয়ের সাধনে তৎপর হইয়া থাকে। যাহারা নিজের গুণ ও অধিকারের প্রতি দৃষ্টি না রাখিয়া, পরধর্ম্মের অনু-শীলনে অযথা কর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা বলীবর্দ্দ-লব্ধ আঘাতের ন্যায়, সর্ব্বদা পীড়ন ও তাড়নাই সহ্য করে, সন্দেহ নাই॥ ১৪॥

ভোগসম্বন্ধেও জীবসমূহ সম্পূর্ণ ঈশ্বরেরই অধীন। নিজের ইচ্ছায় কিছুই পায় না; ঈশ্বর-প্রদত্ত যে কিছু ভোগ করে। কিন্তু তন্মধ্যে সুখ বা দুঃখের তারতম্যে ভগবানের উপর দোষারোপ করা কর্ত্তব্য নহে। কারণ গুণ ও কর্ম্মের অনুসারেই তিনি ভোগ দিয়া থাকেন। যেমন বলীবর্দ্দসমূহ প্রভুর সান্নিধানে অধিকার সম্বন্ধে সমরূপ হইলেও, বলীবর্দ্দের

আস্থায় তত্তদ্‌যদযুঙ্‌ক্ত নাথ শ্চক্ষুষ্মতান্ধা ইব নীয়মানাঃ ॥ ১৫ ॥

মুক্তোঽপি তাবৎ বিভৃয়াৎ স্বদেহমারব্ধমশ্নন্নভিমানশূন্যঃ।

অন্বয়ঃ।

তৎ তৎ আস্থায় স্বীকৃত্য, তেনৈব ঈশা ঈশ্বরেণ, অভিসৃষ্টং দত্তং, দুঃখং সুখং বা চক্ষুষ্মতা নীয়মানাঃ অন্ধাঃ পুরুষাঃ ইব বয়ং হি নিশ্চিতং অবরুন্ধ্মহে স্বীকুর্ম্মঃ এব ॥ ১৫ ॥

(যাবৎ প্রারব্ধং সুখদুঃখাদিপ্রদং পুণ্যপাপরূপং কর্ম্ম অস্তি) তাবৎ তৎ অশ্নন্ মুক্তঃ জীবন্মুক্তঃ প্রতিযাতনিদ্রঃ গতনিদ্রঃ পুরুষঃ যথা অভিমানশূন্যঃ এব স্বপ্নে অনুভূতং বস্তু অনুস্মরতি

শ্রীধরস্বামী।

নচৈবং বৈষম্যমীশ্বরস্য যতো গুণকর্ম্মসঙ্গাৎ নাথঃ যদ্‌যদ্দেবতির্য্যগাদিলক্ষণং দেহং অযুঙ্‌ক্ত যোজিতবান্ তত্তদাস্থায় স্বীকৃত্য যথান্ধা শ্চক্ষুষ্মতা ছায়ামাতপং বা নীয়মানাঃ সন্তঃ ॥ ১৫ ॥

ননু এতৎসর্ব্বমবিদুষ এব নত্বাত্মবিদঃ ইত্যাশঙ্ক্যাহ মুক্তোঽপীতি যাবৎ প্রারব্ধং কর্ম্ম তাবৎ। যথা স্বপ্নেঽনুভূতং প্রতিযাতনিদ্রঃ গতনিদ্রঃ অভিমানশূন্য এব অনুস্মরতি। তর্হি ভোগ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপ্তং বস্তু নীয়স্তে তেন কিমন্ধৈশ্চক্ষুষ্মানুপালভ্যতে অপিতু হিতকৃদয়মিতি বিশ্বস্য প্রশস্যত এবেতি ভাবঃ ॥ ১৫ ॥

নম্বেতৎ সর্ব্বমবিদুষঃ কর্ম্মিণ এব নতু কর্ম্মগ্রন্থিত উত্তীর্ণস্যাত্মজ্ঞানিন ইত্যাশঙ্ক্যাহ মুক্তোঽপীতি যাবৎ প্রারব্ধং কর্ম্ম তাবৎ। যথা স্বপ্নেঽনুভূতং প্রতিযাতনিদ্রো গতনিদ্রোঽভিমানশূন্য

তির্য্যগাদি যে কোন দেহ প্রভু পরমেশ্বর প্রদান করেন, আমরা তাহাতেই আসক্ত হইয়া তৎকৃত সুখদুঃখাদি অবশভাবে ভোগ করিয়া থাকি ॥ ১৫ ॥

বৈরাগ্যের উদয়ে ব্রহ্মজ্ঞান লাভ হইলেই যে জীবের অব্যাহতি হয়,

আভাস।

শান্ত্যাদি গুণ ও দৌঃশীল্যাদি দোষ বশত বিভিন্ন ভাবে আচরিত হয়; কতকগুলিকে গৃহের অভ্যন্তরে রাখিয়া চণক মাসকলাই ও দুগ্ধোদন এবং নবীন তৃণরাশি প্রভু প্রদান করেন, আবার কতকগুলিকে বা নীহার আতপ ও পঙ্কাদি বিশিষ্ট অনাবৃত-স্থলে রাখিয়া বিরস দল ও পলাদি প্রদান করিয়া থাকেন। কাহাকেও বা দণ্ড ও প্রহার করেন, কাহারও বা অঙ্গে হস্ত মার্জ্জনের দ্বারা গাত্রকণ্ডূতি নিবারণ করেন। গুণ ও কর্ম্মের অনুসারে যেমন প্রভু ব্যবহার করেন, ভগবান্‌ও জীবকে তদনুরূপ ফল প্রদান করিয়া থাকেন। কিন্তু চক্ষুষ্মান্ ব্যক্তি যেমন অন্ধকে ধরিয়া লইয়া যায়; তাহাতে অন্ধ কখন কণ্টকাকীর্ণ কখন বা পরিষ্কৃত পথে, কখন ছায়ায় কখন বা প্রচণ্ড কিরণের মধ্য দিয়া গমন করিলেও অভিলষিত স্থানে গমনের প্রত্যাশায় নেতার প্রতি কখন দোষারোপ করে না, সেইরূপ ভগবান্‌ও জীবকে সুখময় বা দুঃখসঙ্কুল ভোগ প্রদানে নিরন্তর হস্ত ধারণে অগ্রসর করিয়া লইতেছেন। ভোগের বৈচিত্র্য বশত তাঁহার প্রতি দোষারোপ করা জীবের পক্ষে সম্পূর্ণ অবিধেয় ॥ ১৫ ॥

যথানুভূতং প্রতিযাতনিদ্রঃ কিন্তুনাদেহায় গুণান্ বৃঙ্ক্তে ॥ ১৬ ॥

অন্বয়ঃ ।

তথা যাবৎ প্রারব্ধং সুখদুঃখাদিপ্রদং পুণ্যপাপরূপং কর্ম্ম অস্তি তাবৎ তৎ সর্ব্বং অশ্নন্ মুক্তঃ জীবন্মুক্তঃ অপি জনঃ স্বদেহং বিভূয়াৎ বিভর্ত্তি, কিন্তু নিরভিমানত্বাৎ অন্যদেহায় (দেহান্তরারম্ভকান্) গুণান্ বাসনাঃ কর্ম্মাণি চ ন বৃঙ্ক্তে সন্তজতে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বাসনয়া পুনর্জন্ম ভবেৎ। তত্রাহ কিন্তু দেহান্তরারম্ভকান্ গুণান্ কর্ম্মাণি বাসনাশ্চ ন বৃঙ্ক্তে ন সংভজতে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবানুস্মরতি তর্হি ভোগবাসনয়া পুনর্জন্ম স্যাত্তত্রাহ কিন্তু অন্যদেহায় দেহান্তরং প্রাপ্তুং গুণান্ কর্ম্মাণি বাসনাশ্চ ন বৃঙ্ক্তে ন সংভজতে ॥ ১৬ ॥

এরূপ নহে। কারণ নিদ্রাভঙ্গে জনগণ একটু প্রণিহিতমনা হইয়া স্বপ্নকালে অনুভূত বিষয়সমূহের যেমন অনুস্মরণ করিতে পারেন, সেইরূপ জ্ঞানলাভে জীবন্মুক্ত পুরুষও পুণ্যপাপরূপ প্রারব্ধ কর্ম্মের ফল সুখদুঃখাদি ভোগ করত কালাতিপাত করিয়া থাকে। কিন্তু জীবন্মুক্ত পুরুষ প্রারব্ধ-ক্ষয় পর্য্যন্ত দেহ ধারণে বিচরণ করিলেও, অভিমানের অভাবে দেহান্তরের প্রবর্ত্তক বাসনা বা তদনুরূপ কর্ম্মে প্রবৃত্ত হন না ॥ ১৬ ॥

আভাস।

প্রিয়ব্রত পাছে বলেন যে, হে ভগবন্! নিতান্ত কর্ম্মাসক্ত অজ্ঞানী জনের ব্যবস্থা আপনি আমারও উপর নিক্ষেপ করিতেছেন! যাহারা জ্ঞানমার্গ অবলম্বনে কর্ম্ম বন্ধন হইতে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহাদিগকে আর সুখদুঃখজনিত ব্যাপারে বিড়ম্বিত হইতে হয় না। এতদুত্তরে কমলাসন ব্রহ্মা বলিলেন যে, জীবন্মুক্ত পুরুষও প্রারব্ধজনিত ফলভোগের হস্ত হইতে অব্যাহতি পান না। সুতরাং তাহার জন্য প্রস্তুত থাকা প্রয়োজন। যেমন স্বপ্নের ব্যাপার জাগ্রতকালেও প্রণিহিতচিত্ত ব্যক্তির নিকট সুস্পষ্ট উপলব্ধ হয়, সেইরূপ সমাহিত-চিত্ত জ্ঞানীর সমীপে ব্যবহারিক দশায় প্রারব্ধ-জনিত সুখদুঃখাদির ভোগও সুস্পষ্ট প্রতীত হইয়া থাকে। তবে অজ্ঞানী যেরূপ তাহাতে অভিভূত হইয়া, নানা প্রকার প্রতিকারের চেষ্টা করে, জ্ঞানী তাহাকে অবশ্যম্ভাবী মনে করত, সহ্য এবং উপেক্ষা করেন মাত্র; অতএব অজ্ঞানী তন্নিমিত্ত নূতন কর্ম্মের সম্পাদনে নূতন দেহের সূত্রপাত করে, জ্ঞানী আর তাহা করে না ॥১৬

প্রিয়ব্রত যদি মনে করেন যে, সুখ বা দুঃখের ভোগ যদি ঈশ্বরেরই অধীনে হয়, তাহা হইলেও তাৎকালিক বনবাস অপেক্ষা গৃহে বাস করা তাঁহার পক্ষে কোনমতে সুবিধাজনক হইবে না। এতদুত্তরে ব্রহ্মা বলিলেন যে, বন বা গৃহে কোন পার্থক্য নাই। নিজের গুণে বা দোষে বনকেও গৃহ করা যায় এবং গৃহকেও বন করা যায়। কারণ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সহ

ভয়ং প্রমত্তস্য বনেষ্বপি স্যাদ্‌যতঃ স আস্তে সহ ষট্‌সপত্নঃ।
জিতেন্দ্রিয়স্যাত্মরতেবু্র্ধস্য গৃহাশ্রমঃ কিং নু করোত্যবদ্যং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

প্রমত্তস্য অজিতেন্দ্রিয়স্য জনস্য, বনেষু অপি ভয়ং নরকভয়ং, স্যাৎ যতঃ সঃ তেষু স্থানেষু, সহষট্‌সপত্নঃ (সহ ষট্‌ সপত্নাঃ মনোবুদ্ধীন্দ্রিয়াণিচ শত্রবঃ যস্য সঃ তথাবিধঃ) আস্তে। বুধস্য বিবেকিনঃ, আত্মরতেঃ (আত্মনি ভগবতি রতিঃ প্রীতিঃ যস্য তস্য) জিতেন্দ্রিয়স্য জিতষড়্‌বর্গস্য জনস্য তু গৃহাশ্রমঃ কিং অবদ্যং দোষং, নু করোতি ন কিমিতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

নমু গৃহে বর্ত্তমানস্য ভোগান্ ভুঞ্জানস্য কুতোঽভিমানাভাবো মোক্ষো বা অতস্তৎত্যাগেন বনবাস এব যুক্তঃ তত্রাহ ভয়মিতি। ভয়ং সংসারঃ স্যাদেব প্রমত্তস্য অজিতেন্দ্রিয়স্য বনেষ্বিতি সঙ্গভিয়া বনাদ্বনান্তরং গচ্ছতোঽপীত্যর্থঃ। সহৈব ষট্‌ সপত্নাঃ শত্রবো মনোবুদ্ধীন্দ্রিয়াণিচ যস্য স তথাভূত এব বনেষ্বপি যত আস্তে বুধস্তেন জিতেন্দ্রিয়ত্বাৎ আত্মারামস্য অবদ্যং রাগাদিদোষং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু তদপীশ্বরাধীনত্বেঽপি মম সাংপ্রতিকাদ্বনবাসাৎ ভাবিনী গৃহে স্থিতিরপকারং করিষ্যত্যে-বেত্যাশঙ্ক্যাহ ভয়ং সংসারঃ। সহষট্‌সপত্নঃ ষড়িন্দ্রিয়শত্রুসহিতঃ। জিতেন্দ্রিয়স্য তত্রাপ্যাত্ম-রতে রাত্মারামস্য তত্রাপি বুধস্য বনগৃহয়োস্তারতম্যাভাবং বুদ্ধ্যমানস্য কিং অবদ্যং রাগাদি-দোষং ॥ ১৭ ॥

ইন্দ্রিয়গ্রামকে নিরুদ্ধ না করিয়া সন্ন্যাস অবলম্বনে বনে গমন করিলেও নরক-ভয় হইতে নিস্তারলাভ হয় না। কারণ বনবাসকালেও তাহার জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও মন এই ছয়টী প্রবল অন্তরের শত্রু নিরন্তর তাহার সঙ্গেই বাস করিতে থাকে। বাহিরের শত্রুর নিকট হইতে দূরে পলায়ন করিলেও অন্তরের শত্রুকে দমন করা সর্ব্বাগ্রে প্রয়োজন। যাঁহারা বিবেকসম্পন্ন ব্যক্তি, বিশেষ যত্ন-সহকারে অন্তরের প্রধান শত্রু পূর্ব্বোক্ত ষড়্‌বর্গকে দলন করিতে অভ্যাস করিয়াছেন, তাঁহারা গৃহস্থাশ্রমে একান্ত নিবিষ্ট থাকিলেও কখন কোন দোষে লিপ্ত হন না ॥ ১৭ ॥

আভাস।

মন যদি দুর্বৃত্ত হয়, তবে সে নির্জ্জন বনে গমন করিলেও অশেষ প্রকার ব্যাভিচারের পরিচয় দেয়; আবার মন ও ইন্দ্রিয়বর্গ যদি নিজের বশীভূত থাকে, তাহা হইলে, তাদৃশ ব্যক্তির গৃহস্থাশ্রমও সন্ন্যাসীর অরণ্যবাস অপেক্ষা কোন অংশে ন্যূন হয় না ॥ ১৭ ॥

অজিতেন্দ্রিয়, জিতেন্দ্রিয় এবং ইন্দ্রিয়-জয়াভিলাষী ভেদে সাধারণত লোক তিন প্রকার। তন্মধ্যে অজিতেন্দ্রিয় ও জিতেন্দ্রিয় ব্যক্তিদ্বয়ের পক্ষে সংসারাশ্রম কোন ক্ষতি করে না;

যঃ ষট্ সপত্নান্ বিজিগীষমাণো গৃহেষু নির্ব্বিশ্য যতেত পূর্ব্বং।
অত্যেতি দুর্গাশ্রিত ঊর্জ্জিতারীন্ ক্ষীণেষু কামং বিচরেদ্বিপশ্চিৎ॥ ১৮॥

অন্বয়ঃ।

অতঃ যঃ ষট্ সপত্নান বিজিগীষমাণঃ বিজেতুং ইচ্ছন্ পূর্ব্বং গৃহেষু নির্ব্বিশ্য স্থিত্বা (তেষাং নিরোধং কুর্ব্বন্ জেতুং) যতেত; তেষু অরিষু ক্ষীণেষু বশীকৃতেষু সৎসু দুর্গাশ্রিতঃ রাজা যথা ঊর্জ্জিতান্ অরীন্ অত্যেতি জয়তি, তথা বিপশ্চিৎ আত্মারামঃ সন্ কামং যথেষ্টং গৃহে বনে বা বিচরেৎ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

নমু গৃহে রাগাদয়ঃ সম্ভবন্তি নতু বনে ইত্যাশঙ্ক্যাহ য ইতি যো বিজিগীষমাণঃ স পূর্ব্বং গৃহেষু স্থিত্বা তেষামত্যন্তং নিরোধমকুর্ব্বন্ জেতুং যতেত ক্ষীণেষ্বরিষু কামং গৃহেম্বন্যত্র বা বিচরেৎ। যতোলোকে ঊর্জ্জিতারীন্ দুর্গাশ্রিত এব অত্যেতি জয়তি পশ্চাৎদুর্গেহন্যত্র বা বর্ত্ততে। যুধ্যেতেতি পাঠে প্রহরেদিত্যর্থঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজিতেন্দ্রিয়ো জিতেন্দ্রিয়ঃ ইন্দ্রিয়জয়েচ্ছুরিত্যত্র লোকে ত্রিবিধো জনস্তত্রাদ্যয়ো গৃহাশ্রমো ন দোষ ইত্যুক্তং। অন্ত্যস্য তু প্রত্যুত গুণ এবেত্যাহ যো বিজিগীষমাণঃ বিজেতুমিচ্ছতি স পূর্ব্বং গৃহেষু স্থিত্বা তেষামত্যন্তনিরোধমকুর্ব্বন্ জেতুং যতেত। যতো লোক ঊর্জ্জিতান্ বলিষ্ঠানরীন্ দুর্গাশ্রিত এবাত্যেতি জয়তি ততশ্চ ক্ষীণেষ্বরিষু কামং গৃহেষ্বন্যত্র বা বিচরেৎ। যুধ্যেতেতি পাঠে প্রহরেদিত্যর্থঃ॥ ১৮॥

অতএব বনগমনের পূর্ব্বে গৃহস্থাশ্রমে অবস্থান পূর্ব্বক আভ্যন্তরিক ছয়টী রিপুকে জয় করিবার জন্য বিশেষ যত্ন করা আবশ্যক। শত্রুকুলের প্রাবল্য-কালে দুর্গের মধ্যে অবস্থান করত নরপতির যেমন প্রথম আত্মরক্ষা এবং পরে শত্রুজয়ের জন্য চেষ্টা করা কর্ত্তব্য এবং অলক্ষিতভাবে বাহিরে অব-স্থিত শত্রুকুলের দৌর্ব্বল্য সাধিত হইলে, পরে দুর্গ হইতে নিষ্ক্রান্ত হইয়া তাহাদের অবরোধ প্রয়োজন, সেইরূপ গৃহস্থাশ্রমরূপ দুর্গের মধ্যে অবস্থান পূর্ব্বক ইন্দ্রিয়বর্গকে দুর্ব্বল ও বশীভূত করত আত্মনিষ্ঠ যোগী গৃহেই থাকুন্ বা বনেই গমন করুন্, তাহাতে কোন ক্ষতি নাই॥ ১৮॥

আভাস।

কিন্তু যাহারা ইন্দ্রিয়জয়ে অভিলাষী, তাহাদের পক্ষে গৃহাশ্রমই প্রকৃত ফলপ্রদ ও উপকারী। গৃহাশ্রমে রক্ষিত হইয়া ইন্দ্রিয়গ্রামকে যত সহজে বশীভূত করিতে পারা যায়, অরণ্যবাসে সেরূপ পারা যায় না। গৃহস্থাশ্রমে অবস্থান কালে যদি কখন কোন অসৎ চিন্তা অকস্মাৎ উদিত হয়, তৎক্ষণাৎ সামাজিক শাসন, রাজনৈতিক দণ্ড, স্বার্থ ও মমতাদির চিন্তারূপ নানাপ্রকার প্রতিবন্ধকের উপস্থিতিতে পূর্ব্বোক্ত অসৎ চিন্তা আর প্রশ্রয়ের অবসর পায় না; আপনা

ত্বমব্জনাভাঙ্ঘ্রিসরোজকোষ-দুর্গাশ্রিতো নির্জ্জিতষট্সপত্নঃ।
ভুঙ্ক্ষ্বেহ ভোগান্ পুরুষাতিদিষ্টান্ বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং ভজস্ব ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ত্বং তু অব্জনাভস্য অঙ্ঘ্রিসরোজকোষঃ এব দুর্গং তদাশ্রিতঃ এব তথা তৎপ্রসাদেন নির্জ্জিতষট্সপত্নঃ অতঃ পুরুষেণ ভগবতা আদিষ্টান্ ভোগান্ ইহ রাজ্যাধিকারে ভুঙ্ক্ষ্ব পশ্চাৎ বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং সর্ব্বকারণং ভগবন্তং এব ভজস্ব ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

এতচ্চ গৃহদুর্গাশ্রয়ণং প্রাকৃতানাং। ত্বন্তু অব্জনাভস্যাঙ্ঘ্রিসরোজকোষ এব দুর্গং তদাশ্রিতঃ। অতএব নির্জ্জিতষট্সপত্নঃ তথাপি পুরুষেণেশ্বরেণ অতিদিষ্টান্ দত্তান্ ভোগান্ তাবদ্ভুঙ্ক্ষ্ব পশ্চাদ্বিমুক্তসঙ্গঃ সন্ প্রকৃতিং স্বরূপং ভজস্ব আত্মনিষ্ঠো ভবেত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বন্তু তেষু ত্রিষু মধ্যে ন কোঽপীত্যাহ ত্বমিতি তুর্ভিন্নোপক্রমে অব্জনাভেতি নত্বন্যপ্রাকৃতবদ্গৃহদুর্গাশ্রিতঃ। নচান্যবজ্জিতেন্দ্রিয়শ্চ যতো নির্জ্জিতেতি জিতষট্সপত্নেভ্যো নির্গতঃ। তব ষড়িন্দ্রিয়াণি ভগবৎসৌন্দর্য্যাদিষাসক্তানি পরমামত্রাণ্যেব নতু শত্রবঃ। অতঃ পুরুষেণ স্বপ্রভুণৈবাতিশয়েন দিষ্টান্ দত্তান্ ভোগান্ ইতি কর্ম্মজন্যানামেব ভোগানাং বন্ধকত্বং নত্বীশ্বরদত্তানামিতি ভাবঃ। প্রকৃতিং ভজস্বেতি পশ্চাদ্রাজ্যভারং স্বপুত্রে বিন্যস্য বনেঽপি গত্বা তিষ্ঠ ॥ ১৯ ॥

তুমি পদ্মনাভ নারায়ণের চরণপদ্মরূপ কোষের অন্তরে দুর্গাশ্রিত ভূপতির ন্যায় রক্ষিত থাকিয়া এবং তাঁহারই অনুকম্পায় আন্তরিক রিপুকুলকে জয় করত সেই প্রধান পুরুষ ভগবানের আদিষ্ট ভোগসুখ এই রাজ্যাধিকারেই ভোগ কর! ভোগের অন্তে সেই বিশ্ব-বিধাতা সর্ব্বান্তরস্থ ভগবানকেই প্রাপ্ত হইবে, সন্দেহ নাই ॥ ১৯ ॥

আভাস।

হইতেই বিলীন হইয়া যায়। অরণ্যে ওরূপ প্রতিবন্ধক না থাকায়, কুচিন্তা অনায়াসে কার্য্যে পরিণত হয়। অতএব বনবাসী হইবার পূর্ব্বে, গৃহাশ্রমের কর্ম্ম করত আপনাকে বিশেষরূপে পরিপক্ক করিয়া লওয়া উচিত। এবং পরিপক্ক হইলাম কি না, তাহার পরিচয় এই কুহকপূর্ণ গৃহস্থাশ্রমে যত অনায়াসে উপলব্ধি করা যায়, প্রলোভনের বস্তুশূন্য বিপিনে তাহার কিছুমাত্র উপলব্ধি হয় না। কামিনীবিহীন কাননে ব্রহ্মচারী সাজা অতীব সুসাধ্য বটে, কিন্তু বনান্তরে সুন্দরীর সন্দর্শনে তুমি পাষণ্ডের পরিচয় যে দিবে না, তাহা এই ললনাপূর্ণ গৃহস্থাশ্রমে অভ্যাস করিয়া যাও! নতুবা পরিণামে উভয় পথ হইতে বিভ্রষ্ট হইলে, পরিতাপের আর সীমা থাকিবে না ॥ ১৮ ॥

অথচ সামান্য জীবের ন্যায়, তোমাকে তাদৃশ কঠোর ব্রত অবলম্বন না করিলেও হইতে

শ্রীশুক উবাচ ॥

ইতি সমভিহিতো মহাভাগবতো ভগবতস্ত্রিভুবনগুরোরনুশাসনমাত্মনো লঘু-তয়াঽবনতশিরোধরো বাঢ়মিতি স বহুমানমুবাহ ॥ ২০ ॥

ভগবানপি মনুনা যথাবদুপকল্পিতাপচিতিঃ প্রিয়ব্রতনারদয়োরবিষমমভি-

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং সমভিহিতঃ সম্যগাদরপূর্ব্বকং ব্রহ্মণা প্রার্থিতঃ মহা-ভাগবতঃ প্রিয়ব্রতঃ আত্মনঃ স্বস্য ততঃ লঘুতয়া অল্পতয়া হেতুনা ত্রিভুবনগুরোঃ সর্ব্বপূজ্যস্য ভগবতঃ ব্রহ্মদ্বারকং অনুশাসনং আজ্ঞাং অবনতশিরোধরঃ নমৎকন্ধরঃ, সন্ বাঢ়ং তথাকরিষ্যা-মীতি এবং সবহুমানং যথা ভবতি তথা উবাহ অঙ্গীকৃতবান্ ॥ ২০ ॥

(অতঃ সন্তুষ্টেন) মনুনা যথাবৎ উপকল্পিতা সমর্পিতা অপচিতিঃ পূজা যস্য সঃ ভগবান্

শ্রীধরস্বামী।

আত্মনস্ততো লঘুতয়া অল্পতয়া। যদ্বা আত্মনো যদনুশাসনং তদলঘুতয়া গৌরবেণ বাঢ়ং তথা করিষ্যামীতি অবনতকন্ধরঃ সন্ জগ্রাহ ॥ ২০ ॥

মনুনা সন্তুষ্টেন উপকল্পিতা পূজা যস্য প্রিয়ব্রতস্য যোগভ্রংশাৎ নারদস্যচ শিষ্যনাশাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনঃ স্বস্য লঘুতয়া তৎ পৌত্রত্বাদিত্যর্থঃ ॥ ২০ ॥

যথাবদিতি তৎকালদেশোচিতসপর্য্যয়া ইত্যর্থঃ। অত্র প্রিয়ব্রতস্য যোগভ্রংশাৎ নারদস্য

শুকদেব বলিলেন, কমলাসন ব্রহ্মা কর্ত্তৃক এই প্রকার আদরাতিশয়ে অনুরুদ্ধ হইলে, ভগবদ্ভক্ত প্রিয়ব্রত আপনার সংকল্পকে তদপেক্ষা অনেক লঘু বলিয়া বিবেচনা করিলেন এবং ত্রিলোকগুরু ভগবান্ নারায়ণের আজ্ঞাই ব্রহ্মার বদন হইতে নির্গত হইতেছে মনে করিয়া, অবনত-মস্তকে ব্রহ্মার আদেশের অনুমোদন করিলেন ॥ ২০ ॥

প্রিয়ব্রতের রাজ্যাধিকারে অনুমোদন দেখিয়া, স্বায়ম্ভুব মনু বিশেষ সন্তুষ্ট

আভাস।

পারে। ভগবান্ যখন তোমাকে সৃষ্টির জন্য আদেশ করিতেছেন, তখন তুমি বৈরাগ্য অবলম্বনে ইন্দ্রিয়নিচয়ের নিগ্রহের জন্য যত্নবান্ না হইলেও, আপনা হইতেই তাহারা নিগৃহীত হইবে। ভগবানের সৌন্দর্য্যাদি অপূর্ব্ব রসের উপভোগে তোমার মন প্রভৃতি ইন্দ্রিয়গ্রাম এতই বিভোর হইবে যে, প্রাকৃতিক জগতের কোন পদার্থই তোমার চিত্তকে আকৃষ্ট করিতে আর পারিবে না। তুমি বিনা পরিশ্রমে জগতের সার নিত্যনিরঞ্জন পরমাত্ম-ভাবকে চরমকালে লাভ করিবে। তখন তোমার বন এবং গৃহ উভয় তুল্যরূপে প্রতীত হইবে ॥ ১৯ ॥

সমীক্ষমাণয়োরাত্মসমবস্থানমবাঙ্মনসং ক্ষয়মব্যবহৃতং প্রবর্ত্তয়ন্নগমৎ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মা অবিষমং (প্রিয়ব্রতস্য ভজনপ্রতিবন্ধে নারদস্য চ উপদেশপ্রয়াসবৈয়র্থ্যেন অপি) যথা-স্যাৎ তথা অভিসমীক্ষমাণয়োঃ প্রিয়ব্রতনারদয়োঃ সতোঃ (এবং ভগবদ্ভজনাৎ ব্যাবর্ত্ত্য স্বকার্য্যে সৃষ্টা,পবৃংহণে প্রিয়ব্রতস্য প্রবর্ত্তনে ব্রহ্মণোঽপি বৈমনস্যং জাতং। অতঃ মনসঃ সমাধানার্থং) আত্মসমবস্থানং (আত্মনঃ স্বস্য সমবস্থানং সম্যগাশ্রয়ভূতং) অবাঙ্মনসং বাঙ-মনসয়োরবিষয়ং, অব্যবহৃতং সর্ব্বব্যবহারাতীতং ভগবন্তং প্রবর্ত্তয়ন্ চিন্তয়ন্ উচ্চারয়ন্, বা স্বক্ষয়ং স্বনিবাসং, সত্যলোকং অগমৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

কুটিলমীক্ষণং সম্ভবতি তত্তু নাস্তীত্যাহ। অবিষমং যথাভবতি তথা তয়োরভিসমীক্ষমাণয়োঃ সতোরাত্মনঃ সম্যগবস্থানং যস্মিন্ বাঙ্মনসয়োরগোচরং অবিষয়ং ক্ষয়ং নিবাসং অবাঙ্মনসঃ ক্ষয়মিতি পাঠে অবাক্ বাচামগোচরং কথাঃ মনসঃ ক্ষয়ং বিষয়ং অতোঽব্যবহৃত ব্যবহারশূন্যং ব্রহ্মাপি নিবৃত্তং প্রবর্ত্তয়ন্ ব্যবহারাৎ বিষণ্ণঃ সন্ ব্যবহারাতীতং স্বরূপং চিন্তয়ন্ অন্তর্হিত ইত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ শিষ্যগতমনোরথধ্বংসাৎ কুটিলমীক্ষণং সম্ভবতি তত্তু নাস্তীত্যাহ। অবিষমং যথা স্যাত্তথা তয়োরভিসমীক্ষমাণয়োঃ সতোঃ আত্মনঃ পরমাত্মনঃ সম্যগবস্থানং স্বরূপং স্বহৃদি প্রবর্ত্তয়ন্ স্মরন্ কীদৃশং বাঙ্মনসয়োঃ প্রাকৃতয়োরবিষয়ং ক্ষয়ং সম্যগ্নিবাসস্থানত্বাদাশ্রয়তত্ত্বমিত্যর্থঃ। পাঠা-ন্তরে অবাক্ ন বিদ্যন্তে বাচস্ত্রৈগুণ্যবিষয়া বিধিনিষেধাত্মিকাঃ শ্রুতয়ো যত্র তথাভূতং যন্মন স্তস্য ক্ষয়ং নিস্ত্রৈগুণ্যমনোবিষয়মিত্যর্থঃ। অব্যবহৃতং ব্যবহারশূন্যং। যদ্বা অব্যবহৃতং প্রিয়ব্রতং ব্যবহারে প্রবর্ত্তয়ন্ ক্ষয়ং সত্যলোকং অগমৎ। কীদৃশং আত্মনঃ স্বস্য সম্যগবস্থানং যত্র তৎ। প্রিয়ব্রতং কীদৃশং অবাঙ্মনসং আত্মারাম মহাভাগবতত্বাৎ প্রাকৃতবাঙ্মনসশূন্য-মিত্যর্থঃ ॥ ২১ ॥

হইলেন এবং বিবিধ উপহার প্রদানে ব্রহ্মার পূজা করিলেন। ব্রহ্মা কিন্তু মনে করিয়াছিলেন যে, প্রিয়ব্রত ও নারদ উভয়েই স্বার্থ-সিদ্ধির ব্যাঘাত হেতু তাঁহার প্রতি বিরক্তভাব প্রকাশ করিবেন ; সুতরাং ভগবদ্ভজনের প্রতিবন্ধক উৎপাদন করায় নিজেও মনে মনে কিছু বিষণ্ণ হইয়াছিলেন। কিন্তু প্রিয়ব্রত ও নারদের প্রসন্ন ভাব নিরীক্ষণ করিতে করিতে বাক্য মনের অতীত ভগ-বানকে স্মরণ করত, তিনি স্বকীয় ধাম সত্যলোকে গমন করিলেন ॥ ২১ ॥

আভাস।

কমলাসনের কথায় প্রিয়ব্রত আর দ্বিরুক্তি না করিয়া, তাঁহার মতেরই অনুমোদন করি-লেন। এতদ্দর্শনে মনু বিশেষ তুষ্ট হইলেন বটে, কিন্তু ব্রহ্মা একজন মুমুক্ষুকে সংসারে

মনুরপি পরেণৈবেত্থং প্রতিসন্ধিত-মনোরথঃ সুরর্ষিবরানুমতেনাত্মজমখিল-ধরামণ্ডলস্থিতিগুপ্তয় আস্থাপ্য স্বয়মতিবিষমবিষজলাশয়াশায়া উপররাম ॥ ২২ ॥

ইতিহ বাব স জগতীপতিরীশ্বরেচ্ছয়াঽধিনিবেশিতকর্ম্মাধিকারোঽখিল-জগদ্বন্ধধ্বংসনপরানুভাবস্য ভগবত আদিপুরুষস্যাঙ্ঘ্রিযুগলানবরতধ্যানানু-

অন্বয়ঃ।

পরেণ ব্রহ্মণা এব ইত্থং প্রতিসন্ধিতঃ সম্পাদিতঃ মনোরথঃ যস্য তথাবিধঃ সঃ মনুঃ অপি সুরর্ষিবরানুমতেন আত্মজং প্রিয়ব্রতং অখিলধরামণ্ডলস্য স্থিতিগুপ্তয়ে মর্য্যাদাপালনায়, রাজ্যে আস্থাপ্য স্বয়ং অতিবিষমাঃ অতিদুস্তরাঃ, বিষয়াঃ এব বিষজলানি তেষাং আশয়ঃ স্থানং গৃহং তস্য আশা ভোগেচ্ছা তস্যাঃ উপররাম উপরতঃ অভূৎ ॥ ২২ ॥

ইতি হ বাব এবমেবহি ঈশ্বরেচ্ছয়া অধিনিবেশিতঃ প্রাপিতঃ কর্ম্মাধিকারঃ যস্য সঃ প্রিয়ব্রতঃ জগতীপতিঃ অখিলস্য জগতঃ বন্ধধ্বংসনে পরঃ শ্রেষ্ঠঃ অনুভাবঃ প্রভাবঃ লীলা যস্য তস্য

শ্রীধরস্বামী।

পুত্রং রাজ্যে অভিষিচ্য বনং যাস্যামীত্যেবং যো মনোরথঃ স পরেণ ব্রহ্মণৈব প্রতিসন্ধিতঃ সম্পাদিতো যস্য স নারদস্যানুমতেন স্থাপয়িত্বা অতিবিষমো দুস্তরো যো বিষয় বিষজলাশয়ো গৃহং তস্য আশা প্রবৃত্তির্বাসনা ভোগেচ্ছা বা তস্যা উপরতোঽভূৎ ॥ ২২ ॥

যৎপৃষ্টং গৃহে কথং অরমতেতি তত্রোত্তরমুপসংহরতি ইতি হ বাব ইত্থমেবহি অধি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরেণ ব্রহ্মণৈব প্রতিসন্ধিতঃ সম্পাদিতো মনোরথো যস্য সঃ। স্থিতিগুপ্তয়ে মর্য্যাদা-পালনায় বিষমবিষয় এব বিষজলাশয়ঃ বিষসমুদ্র স্তত্র যা আশা প্রবৃত্তি র্বাসনা তস্যাঃ সকাশাৎ ॥ ২২ ॥

গৃহে কথমরমতেত্যস্যোত্তরম্'হ ইতিহ বাব ইত্থমেবেত্যর্থঃ। বন্ধধ্বংসন এব পরানুভাবঃ

পরমপুরুষ ব্রহ্মার অনুগ্রহে পূর্ণ-মনোরথ ভগবান্ মনু দেবর্ষি নারদের অভি-মতিতে নিখিল ধরামণ্ডলের স্থিতি ও মর্য্যাদা-পালনার্থ স্বীয় তনয় প্রিয়ব্রতকে রাজসিংহাসনে অভিষিক্ত করিলেন এবং দুস্তর বিষয়-জলধির একান্ত আশ্রয়রূপ গৃহ ও ভোগবাসনা পরিত্যাগ করিয়া, সংসার-সঙ্গ হইতে বিরত হইলেন ॥২২

আভাস

প্রেরণ করিলেন বলিয়া নিজে মনে মনে অতীব অপ্রতিভ হইলেন। এবং নিজকৃত অপরাধ জন্য ক্ষুণ্ণ হইয়া, মনে মনে পরম পুরুষ ভগবান্‌কে স্মরণ করত স্বকীয় সত্যলোকে প্রস্থান করিলেন ॥ ২১ ॥

পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া স্বয়ং বনগমন করিবেন, এইরূপ মনুর অভিপ্রায় ছিল; কিন্তু নিজের চেষ্টায় তাহা নিষ্ফল হইলেও ব্রহ্মার যত্নেই তাহা সুসিদ্ধ হইল দেখিয়া, ভগবান্ মনু পুত্রকে রাজ্যে অভিষিক্ত করত স্বয়ং বাসনাজাল ছেদন করিয়া অরণ্যে যাত্রা করিলেন ॥ ২২ ॥

ভাবেন পরিরঞ্জিতকষায়াশয়োঽবদাতোঽপি মানবর্দ্ধনো মহতাং মহীতলমনুশশাস। অথহ দুহিতরং প্রজাপতে বিশ্বকর্ম্মণ উপযেমে বর্হিষ্মতীং নাম ॥ ২৩

তস্যামুহ বাব আত্মজানাত্মসমানশীলগুণকর্ম্মরূপবীর্য্যোদারান্ দশ ভাবয়াম্বভূব। কন্যাঞ্চ যবীয়সীমূর্জ্জস্বতীং নাম ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ভগবতঃ আদিপুরুষস্য, যৎ অঙ্ঘ্রিযুগলং, তস্য অনবরতং নিরন্তরং, ধ্যানং তস্য অনুভাবেন পরিরঞ্জিতকষায়ঃ দগ্ধরাগাদিমলঃ, আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ অতএব অবদাতঃ শুদ্ধঃ, অপি মহতাং ব্রহ্মাদীনাং মানবর্দ্ধনঃ সম্মানকর্ত্তা সন্ মহীতলং অনুশশাস পালয়ামাস। অথহ রাজ্যাঙ্গীকারানন্তরং, প্রজাপতেঃ বিশ্বকর্ম্মণঃ, বর্হিষ্মতীং নাম দুহিতরং কন্যাং, উপযেমে ব্যূঢ়বান্ ॥ ২৩ ॥

তস্যাং ভার্য্যায়াং চ ইতি বিস্ময়ে হ প্রসিদ্ধমেতৎ, বাব ইতি নাত্র সন্দেহঃ, আত্মনা সমানৈঃ (শীলং স্বভাবঃ গুণাঃ শৌর্য্যাদয়ঃ, রূপং সৌন্দর্য্যং, বীর্য্যং পরাভিভবসামর্থ্যং, শৌর্য্যং রণমধ্যে স্বগৃহ ইব প্রবেশসামর্থ্যং, ঔদার্য্যং বদান্যতা) তৈঃ, উদারান্ মহতঃ, দশ আত্মজান্ পুত্রান্, তথা যবীয়সীং কনিষ্ঠাং, ঊর্জ্জস্বতীং নাম কন্যাং চ ভাবয়াম্বভূব উৎপাদয়ামাস ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

নিবেশিতঃ প্রাপিতঃ কর্ম্মাধিকারো যস্য অখিলস্য জগতো বন্ধধ্বংসনপরোঽনুভাবো যস্য তস্য যদঙ্ঘ্রিযুগলং তস্যানবরতং ধ্যানং তদনুভাবেন পরিরঞ্জিতকষায়ো দগ্ধরাগাদিমল আশয়ো যস্য অতোঽবদাতঃ শুদ্ধোঽপি মহতাং ব্রহ্মাদীনাং আজ্ঞাপালনেন মানবর্দ্ধনঃ ॥ ২৩ ॥

উ ইতি বিস্ময়ে। হ ইতি প্রসিদ্ধৌ। বাবেতি নিশ্চয়ে। আত্মনা সমানৈঃ শীলাদিভিঃ উদারান্ মহতো দশ পুত্রান্ জনয়াম স ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকটপ্রভাবো যস্য তস্য পরিরঞ্জিতকষায়ো দগ্ধরাগাদিমলঃ আশয়ো যস্য সঃ। অতএবাবদাতঃ পরমশুদ্ধোঽপি মহতাং ব্রহ্মাদীনাং আজ্ঞাপালনেন মানমাদরং বর্দ্ধয়তীতি সঃ ॥ ২৩ ॥

নিখিল জীবের ভববন্ধন-মোচনকারী আদিপুরুষ ভগবান্ শ্রীহরির চরণযুগলের নিরন্তর চিন্তনে জগতীপতি প্রিয়ব্রতের হৃদয়-মল নিঃশেষে নিবারিত হওয়ায় যদিও তিনি নিতান্ত নির্ম্মল ও শান্ত ভাব ধারণ করিয়াছিলেন বটে, তথাপি ব্রহ্মাদি মাননীয় শ্রেষ্ঠ ব্যক্তিগণের অনুরোধে কেবল তাঁহাদিগের সম্মান রক্ষা করিবার উপলক্ষেই মাত্র এবং ঈশ্বরের অভিপ্রায় অনুসারেই ধরণীতল অনুশাসনে অগ্রসর হইলেন। এবং রাজসিংহাসনে আরূঢ় হইয়া, প্রজাপতি বিশ্বকর্ম্মার দুহিতা বর্হিষ্মতীকে পত্নীত্বে গ্রহণ করিলেন ॥ ২৩ ॥

অহো! এতাদৃশ বৈরাগ্যবান্ হইয়াও কর্ম্মের অনুরোধে সেই মহামনা

আগ্নীধ্রেধ্মজিহ্ব যজ্ঞবাহু মহাবীর হিরণ্যরেতো ঘৃতপৃষ্ঠ সবন মেধাতিথি-বীতিহোত্র কবয় ইতি সর্ব্ব এবাগ্নিনামানঃ। এতেষাং কবির্মহাবীর-সবন ইতি ত্রয় আসন্নূর্দ্ধরেতসঃ ॥ ২৫ ॥

ত আত্মবিদ্যায়ামর্ভভাবাদারভ্য কৃতপরিচয়াঃ পারমহংস্যমেবাশ্রমমভজন্ ॥ ২৬

অন্বয়ঃ।

তান্ পুত্রান্ নির্দ্দিশতি আগ্নীধ্রঃ ইধ্মজিহ্বঃ যজ্ঞবাহুঃ মহাবীরঃ হিরণ্যরেতাঃ ঘৃতপৃষ্ঠঃ, সবনঃ, মেধাতিথিঃ, বীতিহোত্রঃ কবিঃ চ ইতি সর্ব্বে অগ্নীনাং নামানি যেষাং তে। এতেষাং পুত্রাণাং মধ্যে কবিঃ মহাবীরঃ সবনঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ ঊর্দ্ধরেতসঃ অকৃতবিবাহাঃ জিতেন্দ্রিয়াঃ, আসন্ ॥ ২৫ ॥

যতঃ তে অর্ভভাবাৎ বাল্যাদারভ্য আত্মবিদ্যায়াং এব কৃতপরিচয়াঃ কৃতাভ্যাসাঃ অতঃ পারমহংস্যং এব আশ্রমং অভজন্ স্বীকৃতবন্তঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তানাহ আগ্নীধ্র ইধ্মজিহ্বঃ যজ্ঞবাহুঃ মহাবীরঃ হিরণ্যরেতা ঘৃতপৃষ্ঠঃ সবনঃ মেধাতিথি-বীতিহোত্রঃ কবিশ্চেতি অগ্নীনাং নামানি যেষাং তে ॥ ২৫ ॥

অর্ভভাবাৎ বাল্যাদারভ্য ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

শীলাদিভিরুদারান ভাবয়াম্বভূব উৎপাদয়ামাস ॥ ২৪—২৬ ॥

স্বীয় ভার্য্যা বর্হিষ্মতীর গর্ভে আপনার সদৃশ রূপ গুণ সৌন্দর্য্য বীর্য্য শৌর্য্য এবং ঔদার্য্যাদিবিশিষ্ট দশটী পুত্র এবং ইহাঁদের সকলের কনিষ্ঠা ঊর্জ্জস্বতী নামে একটী কন্যা উৎপাদন করিলেন। ২৪ ॥

প্রিয়ব্রতের দশটী পুত্র; তাঁহারা আগ্নীধ্র, ইধ্মজিহ্ব, যজ্ঞবাহু, মহাবীর, হিরণ্যরেতা, ঘৃতপৃষ্ঠ, সবন, মেধাতিথি, বীতিহোত্র এবং কবিনামে জ্যেষ্ঠানুক্রমে অভিহিত হইলেন। এই পুত্রগণের মধ্যে কবি, মহাবীর এবং সবন নামে পুত্রত্রয় ঊর্দ্ধরেতা ও জিতেন্দ্রিয় হইয়াছিলেন। ২৫ ॥

নিতান্ত শৈশবকাল হইতে আত্মবিদ্যার অনুশীলনে বিশেষ পারদর্শী হইয়া, উক্ত পুত্রত্রয় পারমহংস্য আশ্রমই স্বীকার করিলেন। ২৬।

পরমহংসের আশ্রমে অবস্থান পূর্ব্বক সেই উপশমশীল পুত্র তিনটী নিখিল জীবের আবাসস্থল ও ভবভীত জনগণের আশ্রয়প্রদ ভগবান্ বাসু-দেবের চরণকমলের নিরন্তর চিন্তনে লব্ধ অনুপমা ও অচলা ভক্তির প্রভাবে অন্তর্হৃদয়ে বিশেষ শান্তি লাভ করিলেন এবং দেহাদিতে অভিমান ও বিষয়ের মমতা বিসর্জ্জনে হৃদয়াকাশে আত্মস্বরূপের অভেদে সর্ব্বান্তর্যামী পরমাত্ম-

তস্মিন্নু হ বা উপশমশীলাঃ পরমর্ষয়ঃ সকলজীবনিকায়াবাসস্য ভগবতো বাসুদেবস্য ভীতানাং শরণভূতস্য শ্রীমচ্চরণারবিন্দাবিরতস্মরণাবিগলিত-পরম-ভক্তিযোগানুভাবেন পরিভাবিতান্তর্হৃদয়াধিগতে ভগবতি সর্ব্বেষাং ভূতানামাত্মভূতে প্রত্যগাত্মন্যেবাত্মনস্তাদাত্ম্যমবিশেষেণ সমীয়ুঃ। অন্যস্যামপি জায়ায়াং ত্রয়ঃ পুত্রা আসন্। উত্তম স্তামসো রৈবত ইতি মন্বন্তরাধিপতয়ঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

উ অপি, হ হেতৌ, বৈ নিশ্চয়েন, তস্মিন্ পারমহংস্যাশ্রমেঽপি তে উপশমশীলাঃ পরম-ঋষয়ঃ সকলজীবনিকায়াঃ আবসন্ত্যস্মিন্ ইতি তথা তস্য অতএব সংসারাদ্ভীতানাং শরণভূতস্য রক্ষকস্য, ভগবতঃ বাসুদেবস্য (বসন্ত্যস্মিন্ ইতি বাসুঃ স এব দিব্যতি বিশ্বসর্গাদিনা ক্রীড়তি ইতি দেবঃ ইতি তস্য শ্রীমচ্চরণারবিন্দয়োঃ অবিরতং নিরন্তরং স্মরণেন অবিগলিতঃ অখণ্ডিতঃ যঃ পরমঃ ভক্তিযোগঃ তস্য অনুভাবেন পরিভাবিতে সংশোধিতে অন্তর্হৃদয়ে অধিগতঃ প্রতীতঃ যঃ ভগবান্ তস্মিন্ সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতে প্রত্যগাত্মনি স্বস্বরূপে, আত্মতাদাত্ম্যং (আত্মনঃ স্বস্য তাদাত্ম্যং ঐক্যং এব অবিশেষেণ দেহাদ্যহন্তামমতানিরাসেন, সমীয়ুঃ প্রাপুঃ। প্রিয়-ব্রতস্য অন্যস্যাং অপি ভার্য্যায়াং উত্তমঃ তামসঃ রৈবতঃ চ ত্রয়ঃ পুত্রাঃ আসন্ জাতাঃ। তে চ ক্রমেণ মন্বন্তরাধিপতয়ঃ মনবঃ বভূবুঃ ইতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ পারমহংস্যাশ্রমে শ্রীমচ্চরণারবিন্দয়োরবিরতস্মরণেন অবিগলিতঃ অখণ্ডিতো যঃ পরমো ভক্তিযোগ স্তস্যানুভাবেন বিশোধিতান্তঃকরণে প্রতীতো যো ভগবান্ তস্মিন্ আত্মনস্ত্বংপদার্থস্য তাদাত্ম্যং অবিশেষেণ বিশেষো দেহাদ্যুপাধি স্তদপোহেন প্রাপুঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মিন্নু হ বৈ পারমহংস্যাং শ্রমএব অবিগলিতো নিশ্চলো যঃ পরমভক্তিযোগঃ তস্যানু-ভাবেন প্রভাবেন পরিশোধিতং যদন্তর্হৃদয়ং তত্রাধিগতঃ প্রতীতো যো ভগবান্ তস্মিন্ আত্মনস্ত্বংপদার্থস্য তাদাত্ম্যং লব্ধং অবিশেষেণ বিশেষো দেহাদ্যুপাধিকৃতপৃথগ্‌ভাব স্তদ-পোহেন ॥ ২৭ ॥

ভাবের উপলব্ধি করিতে লাগিলেন। নিত্যনিরঞ্জন ভগবান্ অচ্যুত অবিচলিত-ভাবে তাঁহাদের হৃদয়-মন্দিরে আত্ম-প্রকাশ করত নিত্যানন্দের উপচয় করিলেন ॥

প্রিয়ব্রতের অন্য একটী ভার্য্যার গর্ব্ভে উত্তম, তামস ও রৈবত নামে যে তিনটী পুত্র জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, তাঁহারা ক্রমান্বয়ে মনু হইয়া

আভাস।

প্রিয়ব্রত ভগবানের নিতান্ত ভক্ত ও ধার্ম্মিক ব্যক্তি; বিষয়সম্ভোগে তাঁহার কোনরূপ আসক্তি না থাকিলেও, কেবল ব্রহ্মাদির সম্মানরক্ষা করিবার জন্যই তিনি পুনরায় রাজ্যপালন ও বনিতা-

এবমুপশমায়নেষু স্বতনয়েম্বথ জগতীপতি র্জগতীমর্ব্বুদানেকাদশ পরিবৎসরাণামব্যাহতাখিলপুরুষকার-সারসংভৃতদোর্দ্দণ্ডযুগলাপীড়িতমৌর্ব্বীগুণ-

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ স্বতনয়েষু কব্যাদিষু ত্রিষু উপশমায়নেষু সন্ন্যাসাশ্রমেষু গতেষু, অথ তদনন্তরং জগতীপতিঃ পৃথিবীপালঃ, প্রিয়ব্রতঃ পরিবৎসরাণাং বর্ষাণাং, একাদশার্ব্বুদানি তাবৎ কালং পর্য্যন্তং জগতীং পৃথিবীং অব্যাহতাঃ অখিলাঃ পুরুষাকারাঃ পৌরুষাণি যস্মাৎ তেন সারেণ বলেন সম্ভৃতৌ দোর্দ্দণ্ডৌ ভুজদণ্ডৌ তয়োঃ যৎযুগলং তেন আপীড়িতঃ আকৃষ্টঃ যঃ মৌর্ব্বীগুণঃ ধনুষঃ প্রত্যঞ্চা, তস্য স্তনিতেন যুদ্ধং বিনৈব টঙ্কারমাত্রেণ, বিরমিতাঃ নিরস্তাঃ,

শ্রীধরস্বামী।

উপশমাশ্রয়েষু তেষু সৎসু দশকোটিভিরেকমর্ব্বুদং তাদৃশানি বর্ষাণাং একাদশার্ব্বুদানি জগতীং বুভুজে ইত্যন্বয়ঃ। রাজ্ঞোধর্ম্মপালনবিষয়ভোগপ্রভাবৈ র্ভাব্যং তত্রানায়াসেনৈব ধর্ম্মপালনমাহ অব্যাহতা অখিলাঃ পুরুষকারাঃ পৌরুষাণি যস্মাৎ তেন সারেণ বলেন সংভৃতৌ পূর্ণৌ দোর্দণ্ডৌ তয়োর্যুগলং তেনাপীড়িতঃ আকৃষ্টো যো মৌর্ব্বীগুণস্তনিতং টঙ্কারঃ তেনৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপশমাশ্রয়েষু সৎসু দশকোটিভিরেকমর্ব্বুদমিতি শ্রীস্বামিচরণাঃ। অর্ব্বুদং কোটি-পর্য্যায়মিতি সন্দর্ভঃ। একাদশার্ব্বুদানি পরিবৎসরান্ জগতীং বুভুজে ইত্যন্বয়ঃ। রাজ্ঞাং খলু যশঃসু প্রতাপবিষয়ভোগপ্রভাবেম্বাবশ্যকেষু মধ্যে প্রথমং তস্য প্রতাপাতিশয়ং বর্ণয়তি। অব্যাহতাঃ অখিলাঃ পুরুষকারাঃ পৌরুষাণি যস্মাত্তেন সারেণ বলেন সংভৃতং পুষ্টং যদ্দোর্দণ্ড-যুগলং তেন আপীড়িতঃ আকৃষ্টো মৌর্ব্বীগুণ স্তস্য স্তনিতং টঙ্কারঃ তেনৈব যুদ্ধং বিনৈব বিরমিতা নিরস্তা ধর্ম্মপ্রতিপক্ষা শত্রবো যেন সঃ। ভোগাতিশয়ং বর্ণয়তি বর্হিষ্মত্যাঃ স্বভার্য্যায়া অনুদিনমেধমানৈঃ প্রমোদাদিভিঃ পরাভূয়মানাবিবেক ইব তত্র প্রমোদ আয়াস্তং পতিং

মন্বন্তরের অধিপতি হইয়াছিলেন॥ ২৭॥

কবি প্রভৃতি পুত্রত্রয় এই প্রকার সন্ন্যাস অবলম্বনে গৃহস্থাশ্রম পরিত্যাগ করিলে, পৃথিবীপতি প্রিয়ব্রত দোর্দ্দণ্ড ভুজদণ্ডের অসীম প্রভাবে প্রকাশিত বল, বিক্রম ও সাহসের গুণে শরাসনের বিস্ফুরণ মাত্রেই ধর্ম্মপ্রতিপক্ষ দুঃশীলগণের নিবারণে এবং পতিপরায়ণা স্বকীয় ভার্য্যা বর্হিষ্মতীর উত্তরোত্তর

আভাস।

সম্ভোগাদি বিষয়াসক্তিতে নিরত হইয়াছিলেন। কিন্তু তাহাতেও তাঁহার ঈশ্বর-চিন্তনের কোন-রূপ ব্যাঘাত ঘটে নাই। কারণ তিনি কখন কেবল নিজের বুদ্ধিমত্তা বা জ্ঞানবিচারের উপর নির্ভর দিতেন না। তাহা হইলে সাধারণ জীবের ন্যায়, উভয় পক্ষ হইতেই তিনি বিভ্রষ্ট হইয়া পড়িতেন। প্রচণ্ড বিষয়বৈরাগ্যের শীর্ষস্থানে দণ্ডায়মান থাকিয়াও, গুরুতর রাজ্যভার এবং ভীষণ কুহক-মিশ্রিত বনিতা-বিলাসাদি বিষয়-সম্বন্ধের চরম সীমা পর্য্যন্ত পর্য্যটন করা এক সময়ে

স্তনিত-বিরমিত-ধর্ম্ম-প্রতিপক্ষো বর্হিষ্মত্যাশ্চানুদিনমেধমান-মোদ-প্রসরণ-যৌষণ্য-ব্রীড়া-প্রমুষিত-হাসাবলোক-রুচির-ক্ষ্বেল্যাদিভিঃ পরাভূয়মান-বিবেক-ইবানববুধ্যমান ইব মহামনা বুভুজে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

ধর্ম্মপ্রতিপক্ষাঃ যেন সঃ, তথা বর্হিষ্মত্যাঃ স্বভার্য্যায়াঃ, চ অনুদিনং এব এধমানৈঃ প্রমোদাদিভিঃ (প্রমোদঃ পতিং দৃষ্ট্বা হর্ষঃ, প্রসরণং অভিগমনং, যৌষণ্যং যোষিৎস্বভাবকৃতং শৃঙ্গারানুভাব-প্রকাশনং, ততঃ ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকাঃ রুচিরাঃ ক্ষ্বেল্যাদয়ঃ পরিহাস-বাক্যানীতি তৈঃ) পরাভূয়মানবিবেকঃ ইব (অতএব বিষয়াসক্ত্যা আত্মানং) অনববুধ্যমানং ইব সঃ মহামনাঃ হর্ষিতমনাঃ বুভুজে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

যুদ্ধং বিনা বিরমিতা নিরস্তা ধর্ম্মপ্রতিপক্ষা যেন ভোগাতিশয়মাহ বর্হিষ্মত্যা ভার্য্যায়া অনু-দিনমেধমানৈঃ প্রমোদাদিভিঃ পরাভূয়মানবিবেক ইব অতএব বিষয়াসক্ত্যা আত্মানং অনব-বুধ্যমান ইব বুভুজে তত্র প্রমোদঃ পতিং দৃষ্ট্বা হর্ষঃ। ততঃ প্রসরণং অভ্যুত্থানাদি লীলা। ততো যৌষণ্য যোষিৎস্বভাবকৃতং শৃঙ্গারানুভাবপ্রকাশনং ততো ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকাঃ ততো রুচিরক্ষ্বেল্যাদয়ঃ পরিহাসবাক্যাদীনি তৈঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃষ্ট্বা হর্ষঃ। ততঃ প্রসরণমভ্যুত্থান-স্বাঙ্গাবরণ-বিবর্ত্তন-স্থানান্তর-গমনাদি। ততো যৌষণ্যং যোষিৎস্বাভাবিকধর্ম্মোঽপাঙ্গচালন-নাসামুখোন্নমনকর্ণ-কণ্ডূয়নাদি স্বয়ং দৃত্যং। ততঃ পত্যুরৌৎসুক্যমালক্ষ্য ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকা স্ততো রুচিরাঃ ক্ষ্বেল্যাদয়ঃ পরিহাসবাক্যাদীনি তৈঃ। অতএব বিষয়াসক্ত্যা আত্মানমনববুধ্যমান ইব অত্র ইব দ্বয়েন তস্য বিবেকজ্ঞানয়োঃ সংপূর্ণয়োরক্ষুণ্ণয়োরপি বৈষয়িকলোকৈর্দুর্গমত্বং ব্যঞ্জিতং তত্র হেতুর্মহামনাঃ বিষয়াসক্তিতদভাবয়ো র্যৌগপদ্যেন সম্ভাবাদদ্ভুতং মনস্তস্ত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

পরিবর্দ্ধিত প্রমোদ, পতির প্রতি আসক্তি, নারীজনোচিত শৃঙ্গারানুভাবের পরিচয়, অথচ সঙ্কোচপূর্ব্বক হাস্য, অবলোকন এবং পরিহাসাদি বাক্যের নিরন্তর সংস্রবে আত্মজ্ঞান বিস্মৃত হইয়া, নিতান্ত হৃষ্টান্তঃকরণে একাদশ অর্ব্বুদ সম্বৎসর কাল অব্যাহত-গতি-সহকারে পৃথিবী পালন করিতে লাগিলেন ॥ ২৮ ॥

আভাস।

এক জন ব্যক্তির পক্ষে সম্পূর্ণ অসম্ভব হইলেও পরম ভক্তের পক্ষে যে সুগম হয়, তাহাই প্রিয়ব্রত-চরিতে বর্ণিত হইয়াছে। তিনি জ্ঞানালোচন বা বৈরাগ্যের অনুষ্ঠানকেও অভিমানের পরিচয় বলিয়া মনে করিতেন; সুতরাং জ্ঞানানুষ্ঠান বা সংসারভোগ যেটীকে যখন ভগবান্ প্রদান করিবেন, তাহাই অক্ষুণ্ণচিত্তে ও নিরভিমানে তিনি ভগবচ্চরণে মতি স্থির রাখিয়া ভোগ করিবেন,

যাবদবভাবয়তি সুরগিরিমনুপরিক্রমন্ ভগবানাদিত্যো বসুধাতলমর্দ্ধেনৈব প্রতপত্যর্দ্ধেনাচ্ছাদয়তি তদাহি ভগবদুপাসনোপচিতাতিপুরুষপ্রভাব-

অন্বয়ঃ।

সুরগিরিং মেরুং অনুপরিক্রমন্ প্রদক্ষিণীকুর্ব্বন্ ভগবান্ আদিত্যঃ সূর্য্যঃ যাবং (লোকালোকাচলপর্য্যন্তং) বসুধাতলং অবভাবয়তি তস্মিন্ অর্দ্ধেন উপলক্ষিতং প্রতপতি প্রকাশয়তি, তথা অর্দ্ধেন আচ্ছাদয়তি তমসা আবৃতং করোতি, তদা তং অন্ধকারাবরণং, অনভিনন্দন্ অরোচয়ন্, ভগবদুপাসনেন উপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবঃ যস্য সঃ প্রিয়ব্রতঃ রজনীং অপি দিনং করিষ্যামি ইত্যভিপ্রায়েণ জবেন (সূর্য্যরথবেগবতা) জ্যোতির্ম্ময়েন রথেন দ্বিতীয়ঃ

শ্রীধরস্বামী।

প্রভাবাতিশয়মাহ। যাবদ্বসুধাতলং লোকালোকপর্য্যন্তং অবভাসয়তি মেরুং প্রদক্ষিণীকুর্ব্বন্ আদিত্য স্তস্মিন্নর্দ্ধেনৈব উপলক্ষিতং প্রতপতি প্রকাশয়তি অর্দ্ধেনাচ্ছাদয়তি তমসা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

• প্রভাবাতিশয়ং বর্ণয়তি। যাবদ্বসুধাতলং লোকালোকপর্য্যন্তং আদিত্যোঽবভাসয়তি মেরুং প্রদক্ষিণীকুর্ব্বন্ তত্র অর্দ্ধেন অর্দ্ধাবর্ত্তেন প্রতপতি প্রকাশয়তীতি দিবা ভবতি অর্দ্ধেন অপরার্দ্ধবর্ত্তেন আচ্ছাদয়তীতি তমসা রাত্রির্ভবতি তদাহি প্রিয়ব্রত রাজ্যাধিকার সময়। ইত্যর্থঃ। ভগবদুপাসনেন উপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবো যস্য সঃ তদনভিনন্দন্ অর্দ্ধেনাচ্ছাদনমপ্রশংসন্। তরণিং অনুলক্ষীকৃত্য তরণেরস্তাচলাবরোহসময়ে স্বয়মুদয়াচলমারোহন্নিত্যর্থঃ। পতঙ্গঃ সূর্য্যঃ পর্য্যক্রামং পরিক্রান্তবান্। প্রজানাং সুখদানেচ্ছয়ৈব নতু সূর্য্যস্পর্দ্ধয়া। তেন জ্যৈষ্ঠাদিমাসেষু প্রিয়ব্রতাখ্যসূর্য্যস্য চন্দ্রাদপ্যতিশীতলত্বং মার্গ-

সুরগিরি মেরুপর্ব্বতকে প্রদক্ষিণ করত ভগবান্ দিবাকর লোকালোক এবং অচলাদিবিশিষ্ট বসুধাতলকে অবভাসিত করত যখন গমন করিতেছিলেন, তখন তাঁহার উপস্থিতিতে কোন সময়ে বসুধার অর্দ্ধেক স্থান আলোক-পূর্ণ হইয়া দিবা হয় এবং সেই সময়ে তদ্বিপরীত অংশ অন্ধকারে আবৃত থাকে দেখিয়া, প্রিয়ব্রতের হৃদয় পরিতৃপ্ত হইল না। তিনি ভগবানের উপাসনা করায় নিতান্ত প্রতাপবান্ ও ঔজ্জ্বল্যবিশিষ্ট হইয়াছিলেন ; সুতরাং রজনীকেও দিবা করিবার অভিপ্রায়ে সূর্য্যরথের ন্যায় তুল্যগতিবিশিষ্ট জ্যোতির্ম্ময় অপর এক খানি রথে আরোহণ পূর্ব্বক দিনমণির পশ্চাৎ পশ্চাৎ দ্বিতীয় দিবাকরের ন্যায় যখন ক্রমান্বয়ে সপ্তবার মেরুগিরিকে প্রদক্ষিণ করিলেন ॥

আভাস।

ইহাই তাঁহার হৃদয়ের পরিণত ভাব। বিবেকাভিমান ভক্তির নিকট তুচ্ছ হইয়া গেল। লৌকিক-দৃষ্টিতে তিনি ঘোর বিষয়ী এবং আত্মজ্ঞান-বিহীনের ন্যায় পরিচিত হইলেও, বিবেকীর সমীপে সম্পূর্ণ অনাসক্ত পরম ভাগবত বলিয়াই পরিজ্ঞাত ছিলেন ॥ ২৭ ॥ ২৮ ॥

ন্দনভিনন্দন্ সমজবেন রথেন জ্যোতির্ম্ময়েন রজনীমপি দিনং করিষ্যামীতি সপ্তকৃত্ব স্তরণিমনুপর্য্যক্রামং দ্বিতীয় ইব পতঙ্গঃ। এবং কুর্ব্বাণং প্রিয়ব্রত-মাগত্য চতুরানন স্তবাধিকারোঽয়ং ন ভবতীতি নিবারয়ামাস॥ ২৯॥

যে বা উহ তদ্রথচরণনেমিকৃতাঃ পরিখাতাস্তে সপ্ত সপ্ত সিন্ধব আসন্॥ ৩০॥

অন্বয়ঃ।

পতঙ্গঃ সূর্য্যঃ ইব সপ্তকৃত্বঃ সপ্তবারান্ তরণিং অনু সূর্য্যস্য পৃষ্ঠতঃ পর্য্যক্রামং মেরুং প্রদক্ষিণী-কৃতবান্ ইত্যন্বয়ঃ॥ ২৯॥

যে বা উহ তং তস্য প্রিয়ব্রতস্য রথচরণনেমিকৃতাঃ সপ্ত পরিখাতাঃ গর্ত্তাঃ, তে সপ্ত সিন্ধবঃ আসন্॥ ৩০॥

শ্রীধরস্বামী।

আবৃণোতি তদা দ্বিতীয়ঃ পতঙ্গঃ সূর্য্য ইব পর্য্যক্রামং। নচেদমসম্ভাবিতং যতো ভগবদুপাসনে-নোপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবো যস্য॥ ২৯॥

যে বৈ উহ অতিপ্রসিদ্ধা স্তস্য রথচক্রাগ্রকৃতাঃ পরিখাতা গর্ত্তাঃ॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শীর্ষাদি মাসেষুতু সূর্য্যাদপি প্রাতঃ সায়ংকালয়োরৌজ্জ্যমধিকমিতি জ্ঞেয়ং। এবঞ্চ প্রিয়ব্রতস্য সৌভর্য্যাদেরিব যোগবলেনৈব রাজত্বসূর্য্যত্বে কায়দ্বৈতেনৈব জ্ঞেয়ে॥ ২৯॥

যে বৈ উহ অতি প্রসিদ্ধাস্তস্য রথচক্রাগ্রকৃতাঃ পরিখাতা গর্ত্তা অত্র সমুদ্রাণাং সপ্ত সংখ্যত্বাদ্রথা অপি সপ্তৈব স্বযোগবলকল্পিতা একচক্রাঃ সূর্য্যরথাদপ্যুচ্চতরাঃ। মণ্ডলা-বৃত্তিরীত্যা ভ্রাম্যমাণা জ্ঞেয়াঃ। তত্রচ বহির্বহি র্মণ্ডলানামধিকপ্রমাণত্বাদ্রথা অপি ক্রমেণা-ধিকপ্রমাণা অবগম্যন্তে ইতি সন্দর্ভঃ। মদীয়ো দূরস্থোঽপি রথ আর্য্যাবর্ত্তগতমদীয়রাজধানীস্থ-প্রজানাং দৃষ্টিগোচরীভবত্বিতীচ্ছয়া পূর্ব্বপূর্ব্বরথাদ্দ্বিগুণোচ্চতা বিশালতাক উত্তরোত্তরো রথঃ কৃত ইত্যন্যে প্রাহুঃ। অতএব রথচক্রাগ্রাণামধিকাধিকপ্রমানত্বাত্তত্তৎপরিখাতাঃ

সুতরাং সূর্য্যের অদর্শনে রজনীর উপস্থিতিকালও প্রিয়ব্রতের আগমনে দিবারূপে প্রতিপন্ন হওয়ায়, কমলাসন ব্রহ্মা প্রিয়ব্রতের সন্নিধানে উপনীত হইলেন এবং এরূপ কার্য্যে তাঁহার অধিকার নাই বলিয়া, তাঁহাকে মেরু-প্রদক্ষিণ করা কার্য্য হইতে নিবারণ করিলেন॥ ২৯॥

এইরূপ প্রদক্ষিণ করিবার সময়, প্রিয়ব্রতের রথচক্রের নেমির পীড়নে যে সাতটী গর্ত্ত হইয়াছিল, তাহা সপ্ত সমুদ্রে পরিণত হইল॥ ৩০॥

আভাস।

মেরুকে প্রদক্ষিণ করত সূর্য্যদেব পৃথিবীর যে যে স্থান অবভাসিত করিয়াছিলেন, সেই সকল স্থানেই প্রিয়ব্রত রাজ্য করিতেন। কিন্তু সূর্য্যের অভিমুখে পৃথিবীতে দিবা, বিপরীত ভাবে রাত্রি অবলোকন করিয়া, মহীপতি প্রিয়ব্রত মনে মনে কিছু ক্ষুণ্ণ হইলেন এবং প্রজাবর্গের রাত্রিজনিত

যত এব কৃতাঃ সপ্তভুবো দ্বীপা জম্বু প্লক্ষ শাল্মলি কুশ ক্রৌঞ্চ শাক পুষ্কর সংজ্ঞাঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

যতঃ যৈঃ এব সিন্ধুভিঃ সপ্তভিঃ পরিখাভূতৈঃ ভুবঃ সপ্তদ্বীপাঃ। তে জম্বুঃ প্লক্ষঃ শাল্মলিঃ কুশঃ ক্রৌঞ্চঃ শাকঃ পুষ্করঃ ইতি সংজ্ঞাঃ যেষাং তে তথা আসন্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যতঃ যৈরেব কৃতাঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমুদ্রা অপ্যধিকপ্রমাণা দৃশ্যন্তে। তেষু চোত্তরোত্তরাধিকপ্রমাণেষু সপ্তসু রথেষু মধ্যে পঞ্চবিংশত্যা দিনৈঃ সার্দ্ধপঞ্চচত্বারিংশদ্ঘটিকাধিকৈকরথস্যারোহণমেবং সূর্য্যস্যেব দক্ষিণায়নস্যোপক্রমমারভ্য প্রিয়ব্রতস্যোত্তরদেশতো দক্ষিণদেশগমনং পৌষপর্য্যন্তং পুনরুত্তরায়ণস্যোপক্রমমারভ্য পরিসমাপ্তিপর্য্যন্তং তাবৎ সঙ্খ্যকদিনৈ র্ব্যুৎক্রমেণ পুনরপি তত্তদ্রথারোহণং। এবং দক্ষিণদেশত উত্তরদেশগমনমাষাঢ়পর্য্যন্তং কিন্তু স্বগত্যা মেরুং বামাবর্ত্তেনৈব পরিক্রামতোঽপি সূর্য্যস্য জ্যোতিশ্চক্রাধীনৈরেব প্রদক্ষিণীকৃত্য ক্রমেণ শীঘ্রগমনৈর্দক্ষিণায়নে দিনানি মাসি মাসি হ্রসন্তি উত্তরায়ণেতু ক্রমেণ মন্দগমনৈর্দ্দিনানি বর্দ্ধন্তে প্রিয়ব্রতস্যতু সূর্য্যকৃতরাত্রিলোপার্থং স্বেচ্ছয়ৈব মেরুং প্রদক্ষিণীকৃত্য পরিক্রামতঃ স্বেচ্ছয়ৈব মন্দীকৃতৈর্গমনৈরুত্তরায়ণে দিনানি বর্দ্ধন্তে দক্ষিণায়নেতু স্বেচ্ছাধীনয়া শীঘ্রগত্যা দিনানি হ্রসন্তীতি জ্ঞেয়ং। রথানাং যোগপ্রভাবত্বাদ্যথা সময়ং প্রাকট্যাপ্রাকট্যে চ জ্ঞেয়ে। তেষাং সপ্তসংখ্যত্বেনৈব সপ্ত কৃত্ব ইতি পূর্ব্বমুক্তং জ্ঞেয়ং ব্যাখ্যেয়ং সপ্তদিনানন্তরং প্রিয়ব্রতস্য স্বয়ং নিবৃত্ত্যনৌচিত্যাদন্যেন কেনাপ্যনিবর্ত্তনশ্রবণাচ্চ নাসমঞ্জসা ॥ ৩০ ॥

যতো যেভ্যঃ সিন্ধুভ্যএব হেতুভ্যঃ ॥ ৩১ ॥

সেই সপ্ত সমুদ্রের পরিবেষ্টনে সাতটী দ্বীপ প্রস্তুত হইল, যে গুলি জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর নামে পরে অভিহিত হইয়াছে ॥৩১

আভাস।

অন্ধকার-দুঃখকে নিবারণ করিবার অভিপ্রায়ে নিজেও সূর্য্যের ন্যায় তুল্যজ্যোতির্ম্ময় রথে আরোহণ পূর্ব্বক দিবাকরের অনুপস্থিতি নিবন্ধন অন্ধকারের নিবারণে নিরন্তর দিবার উদয়েই ভাস্করের পশ্চাৎ পশ্চাৎ প্রিয়ব্রত ভ্রমণ করিতে লাগিলেন। তাঁহার এই অনুপম সামর্থ্য কেবল ভগবদ্ভজনের গুণেই জন্মিয়াছিল। তিনি যোগবলে নিজের দেহকে দুইভাগে বিভক্ত করিয়া, এক দেহে রাজত্ব করিতেন এবং অপর দেহে দিবাকরের কার্য্য করিতেন। সূর্য্যের ন্যায় তাঁহার রথ এক-চক্র হইলেও একত্র সাতখানি রথ সমসূত্রে পার্শ্ববর্ত্তীরূপে পরিভ্রমণ করিত। অর্থাৎ তিনি মধ্যরথে আরূঢ় থাকিলে, তাঁহার উভয় পার্শ্বে তত্তুল্য তিনখানি করিয়া জ্যোতির্রথ নিরন্তর পরিভ্রমণ করিতেছিল। এবং উক্ত সপ্ত রথের চক্রনেমির আঘাতে ধরণীতলে সাতটী সমুদ্র

তেষাং পরিমাণং পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদুত্তরোত্তরো যথাসংখ্যং দ্বিগুণমানেন বহিঃ সমন্তত উপকৢপ্তাঃ॥ ৩২॥

ক্ষারোদেক্ষুরসোদ সুরোদ-ঘৃতোদ ক্ষীরোদ দধিমণ্ডোদ শুদ্ধোদাঃ সপ্ত-জলধয়ঃ। সপ্তদ্বীপপরিখা ইবাভ্যন্তর দ্বীপ সমানা একৈকশ্যেন যথানুপূর্ব্বং সপ্তস্বপি বহির্দ্বীপেষু পৃথক্ পৃথক্ পরিত উপকল্পিতাঃ। তেষু পুন র্জম্ব্বাদিষু

অন্বয়ঃ।

তেষাং দ্বীপানাং পরিমাণং (পূর্ব্বস্য যৎ মানং বিস্তারঃ ততঃ ততঃ) উত্তরঃ উত্তরঃ যথাসংখ্যং দ্বিগুণেন মানেন যুক্তঃ ইতি সমুদ্রেভ্যঃ বহিঃ সমন্ততঃ উপকৢপ্তাঃ উপরচিতাঃ॥ ৩২॥

ক্ষারঃ উদঃ উদকং যস্মিন্ সঃ ক্ষারোদঃ, ইক্ষুরসঃ এব উদঃ যস্মিন্ সঃ ইক্ষুরসোদঃ, সুরা এব উদঃ যস্মিন্ স সুরোদঃ, ঘৃতং এব উদঃ যস্মিন্ সঃ ঘৃতোদঃ, ক্ষীরমেব উদঃ যস্মিন্ স ক্ষীরোদঃ, দধিমণ্ডো মথিতং দধি তদেব উদঃ যস্মিন্ সঃ দধিমণ্ডোদঃ, শুদ্ধঃ উদঃ যস্মিন্ সঃ শুদ্ধোদঃ; এতে সপ্তজলধয়ঃ সপ্তদ্বীপানাং পরিখাঃ ইব যথানুপূর্ব্বং সপ্তস্বপি দ্বীপেষু একৈকশ্যেন অভ্যন্তরে তৈঃ

শ্রীধরস্বামী।

তেষাং পরিমাণং শৃণ্বিতি শেষঃ। পূর্ব্বস্য যদ্বিস্তারমানং উত্তরস্ততো দ্বিগুণেন বিস্তার-মানেন ইত্যেবং সিন্ধুভ্যো বহিঃ সমন্তত উপকৢপ্তা রচিতাঃ॥ ৩২॥

যথা সিন্ধুভ্যো বহিরেকৈকশো দ্বীপাঃ। এবং দ্বীপানামপি বহিঃ সিন্ধবঃ ইত্যাহ ক্ষারো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিমাণং শৃণ্বিতি শেষঃ। দ্বিগুণবিস্তারমানেন একৈকস্মাৎ সিন্ধোর্বহিঃ সমন্ততঃ চতসৃষ্বেব দিক্ষু॥ ৩২॥

যথৈবৈকৈকশঃ সিন্ধো র্বহিরেকৈকো দ্বীপস্তথৈকৈকস্মাদ্দ্বীপাদ্বহিরেকৈকঃ সিন্ধুরিত্যাহ ক্ষারোদেতি। দধিমণ্ডোমথিতং দধি অভ্যন্তরে বর্ত্তমানা যে দ্বীপাস্তৈঃ সমানা বিস্তারত এব

এই সকল দ্বীপের আয়তন পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা উত্তরোত্তর দ্বিগুণ এবং সমুদ্রের বহির্ভাগে সর্ব্বতঃ বিস্তৃত। ৩২।

সমুদ্র সমূহের বহির্ভাগে যেমন দ্বীপ, ঐরূপ দ্বীপের চতুর্দ্দিকে সমুদ্র পরি-ব্যাপ্ত আছে। সকল সমুদ্রের সহিত সকলেরই সংস্রব আছে। কিন্তু উদকের আস্বাদ-পার্থক্যে সকলগুলির নামের পার্থক্য হইয়াছে। যে সমুদ্রের জল অতীব লবণাক্ত, তাহা লবণসমুদ্র নামে অভিহিত; একটীর জল

আভাস।

প্রস্তুত হইল। উত্তরায়ণ কালে সূর্য্য যখন উত্তর প্রান্তে অবস্থান করিতেন, প্রিয়ব্রত তখন দক্ষিণ প্রান্তে ভ্রমণ করিতেন। এইরূপ সপ্তাহ কাল পরিভ্রমণে প্রিয়ব্রত যখন নৈসর্গিক ক্রিয়ার প্রতিবন্ধক উৎপাদন করিলেন, তখন ব্রহ্মা স্বয়ং তৎসমীপে আগমন করত, তাদৃশ পরিভ্রমণ ব্যাপার হইতে তাঁহাকে প্রতিনিবৃত্ত করাইলেন॥ ৩০॥

বর্হিষ্মতীপতিরনুব্রতানাত্মজানাগ্নীধ্রেধ্মজিহ্ব যজ্ঞবাহু হিরণ্যরেতো ঘৃতপৃষ্ঠ মেধাতিথি বীতিহোত্রসংজ্ঞান্ যথাসংখ্যেনৈকৈকস্মিন্নেকমেকমেবাধিপতিং বিদধে। দুহিতরঞ্চোর্জ্জস্বতীং নাম উশনসে প্রাযচ্ছৎ যস্যামাসীদ্দেবযানী নাম কাব্যসুতা ॥ ৩৩॥

অন্বয়ঃ।

সংবেষ্টিতাঃ যে দ্বীপাঃ তৈঃ বিস্তারতঃ সমানাঃ পৃথক্ পৃথক্ অসঙ্কীর্ণাঃ বহিঃ বহিঃ পরিতঃ উপকল্পিতাঃ রচিতাঃ। তেষু জম্ব্াদিষু দ্বীপেষু বর্হিষ্মতীপতিঃ প্রিয়ব্রতঃ অনুব্রতান্ আজ্ঞানুসারিণঃ, আত্মজান্ পুত্রান্ আগ্নীধ্রাদীন্ তত্তৎসংজ্ঞান্ সপ্ত যথাসংখ্যেন যথোক্তক্রমেণ, একৈকস্মিন্ দ্বীপে একৈকং এব অধিপতিং বিদধে। উর্জ্জস্বতীং নাম দুহিতরং কন্যাং উশনসে শুক্রায় প্রাযচ্ছৎ; যস্যাং দেবযানী নাম কাব্যসুতা (কাব্যস্য শুক্রস্য সুতা কন্যা) আসীৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

দেতি দধিমণ্ডোমথিতং দধি এতে সপ্ত জলধয়ঃ সপ্তদ্বীপানাং পরিখা ইব অভ্যন্তরে তৈঃ সম্বেষ্টিতা যে দ্বীপাস্তৈঃ সমানা বিস্তারতঃ বহির্বহিঃ পৃথক্ অসংকীর্ণতয়া ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈকশ্যেনেতি একস্মাদেকস্মাদ্বহিরেকৈকঃ সিন্ধুরিত্যেবং সপ্তস্বপি দ্বীপেষু যথানুপূর্ব্বমানুপূর্ব্বেণ পৃথগসংকীর্ণতয়া বহির্বহিরেব নান্তঃ ॥ ৩৩ ॥

ইক্ষুরসের ন্যায় স্বাদযুক্ত বলিয়া তাহাকে ইক্ষুরসোদ নামে অভিহিত করা যায়। অপরটী সুরাসদৃশ জলবিশিষ্ট হওয়ায় সুরোদনামে এবং অন্যটী ঘৃতের ন্যায় জলবিশিষ্ট বলিয়া, ঘৃতোদনামে এবং একটী ক্ষীরসদৃশ হওয়া ক্ষীরোদ নামে সঙ্গিত হইয়াছে। মথিত দধির ন্যায় জলবিশিষ্ট হওয়ায় একটী সমুদ্র দধিমণ্ডোদ এবং কেবল একটী সমুদ্র বিশুদ্ধ জলের ন্যায় সলিলবিশিষ্ট থাকায়, শুদ্ধোদ নামে শব্দিত হইয়াছে। জম্বু প্রভৃতি পূর্ব্বোক্ত সপ্ত দ্বীপে বর্হিষ্মতীপতি প্রিয়ব্রত স্বীয় আজ্ঞানুবর্ত্তী আগ্নীধ্র প্রভৃতি সাতটী প্রিয় পুত্রকে এই জম্বু প্রভৃতি সপ্ত দ্বীপের এক একটীতে এক একজন অধিপতিরূপে নির্ণয় করিলেন। উর্জ্জস্বতী নাম্নী যে দুহিতা ছিলেন, দৈত্যাচার্য্য শুক্রের সহিত তাঁহার বিবাহ দিলেন। এই উর্জ্জস্বতীর গর্ভে শুক্রাচার্য্যের যে কন্যা জন্ম গ্রহণ করেন, তাঁহার নাম দেবযানি ॥ ৩৩ ॥

অহো! ভগবানের চরণধূলির প্রসাদে যাঁহার পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্বর্গ সম্পূর্ণ বিজিত হইয়াছে, তাদৃশ বিচিত্রবীর্য্য ভগবানের পরম ভক্ত ব্যক্তিগণের পক্ষে এতাদৃশ দ্বীপ ও সমুদ্রাদির রচনা-সামর্থ্যরূপ পুরুষকারের পরিচয় দেওয়া কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে। কারণ অতি

নৈবংবিধঃ পুরুষকার উরুক্রমস্য পুংসাং তদঙ্ঘ্রিরজসাজিতষড়্গুণানাং।
চিত্রং বিদূরবিগতঃ সকৃদাদদীত যন্নামধেয়মধুনা স জহাতি বন্ধং॥ ৩৪॥
স এবমপরিমিতবলপরাক্রম একদাতু দেবর্ষিচরণানুশয়নানুপতিত-গুণ-বিসর্গ

অন্বয়ঃ।

অহো! তদঙ্ঘ্রিরজসাজিতষড়্গুণানাং (তস্য ভগবতঃ অঙ্ঘ্রিরজসা জিতাঃ ষড়্গুণাঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি একং মনশ্চ যৈঃ তেষাং) উরুক্রমস্য বিচিত্রলীলয়া বহুধা ক্রীড়তঃ, ভগবতঃ পুংসাং ভক্তানাং, এবংবিধঃ পুরুষাকারঃ দ্বীপসমুদ্রাদিরচনসামর্থ্যং ন চিত্রং আশ্চর্য্যং; যতঃ বিদূরবিগতঃ নীচযোনিং গতঃ অপি কশ্চিৎ যস্য ভগবতঃ নামধেয়ং সকৃৎ একদাপি, আদদীত গৃহ্নীয়াৎ উচ্চারয়েৎ, সঃ অধুনা তৎক্ষণমেব, বন্ধং সংসারহেতুং, জহাতি॥ ৩৪॥

এবং অপরিমিত-বল-পরাক্রমোঽপি সঃ প্রিয়ব্রতঃ দেবর্ষিচরণয়োঃ অনুশয়নং উপসত্তিঃ, শরণগমনেন বিদ্যাগ্রহণং, তদনুপতিতঃ সঃ গুণবিসর্গঃ রাজ্যাদিপ্রপঞ্চঃ তস্য সংসর্গেণ আত্মানং

শ্রীধরস্বামী।

জিতাঃ ষড়্গুণা ইন্দ্রিয়াণি ষড়ূর্ম্ময়ো বা যৈস্তেষামেবংবিধঃ পুরুষকার ইতি ন চিত্রং নাসম্ভাবিতং। বিদূরবিগতঃ অন্ত্যজোঽপি যস্য উরুবিক্রমস্য নাম সকৃদুচ্চারয়েদ্যঃ সোঽধুনা তৎক্ষণমেব বন্ধং সংসারং তত্ত্বমিতি পাঠেঽপি অয়মেবার্থঃ। তত্ত্বমিতি পাঠে চণ্ডালত্বং জহাতি শুদ্ধো ভবতীত্যর্থঃ॥ ৩৪॥

তস্য পরাক্রমমুপসংহরন্নিবৃত্তিক্রমমাহ স এবমিতি। দেবর্ষিচরণয়োরনুশয়নমুপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবংবিধঃ পুরুষকারঃ পৌরুষঃ প্রভাবো ন চিত্রং। তদঙ্ঘ্রিরজসেতি রজসাপি যৈর্হ্জয়ানি ষড়িন্দ্রিয়াণি জীয়ন্তে ইতি বিরোধঃ। যতো বিদূরবিগতোঽন্ত্যজোঽপি অধুনা নামোচ্চারণক্ষণ এব বন্ধং। তত্বং তত্ত্বমিতি ত্রয় এব স্বামিসম্মতাঃ পাঠাস্তত্র বন্ধং কর্ম্মবন্ধং। তত্বং তনুং। তৎক্ষণএব তনুত্যাগাদর্শনাৎ তদ্বারম্ভকং কর্ম্মেতি প্রারব্ধকর্ম্মক্ষয় উক্তঃ। তত্ত্বং মহদাদিপৃথিব্যন্তং স্থূলসূক্ষ্মদেহাবিত্যর্থঃ। তদাপি তদ্দেহস্থিতি র্নাম এবাচিন্ত্য-প্রভাবত্বাদিতি জ্ঞেয়ং গত্যন্তরাভাবাৎ॥ ৩৪॥

ভোগপ্রভাবমুপসংহরং স্তস্য বৈরাগ্যপ্রভাবমাহ সএবমিতি দেবর্ষিচরণয়োরনুশয়নানি

নিকৃষ্ট যোনিতে জন্মগ্রহণ করিয়াও যদি কোন জীব ভগবানের নাম মাত্র গ্রহণ বা গুণ কীর্ত্তন একবারও করিয়া থাকে, একবারও তাহার কণ্ঠ হইতে সেই মহিমার্ণবের নাম উচ্চারিত হইয়া থাকে, তাহা হইলে সেই মুহূর্ত্তেই সেই জীব সংসার-বন্ধন ছেদনে উন্নতির পথে অগ্রসর হইতে থাকে॥ ৩৪॥

অহো! প্রিয়ব্রত তাদৃশ বিপুল পরাক্রমের পরাকাষ্ঠা লাভ করিয়াও সন্তুষ্ট হইলেন না। তিনি দেবর্ষি নারদের চরণ-প্রসাদে লব্ধ আত্মবিদ্যার প্রতিবন্ধকরূপ রাজ্যাদি বিপুল ঐশ্বর্য্যের সংস্রবে আপনাকে আনন্দহীন

সংসর্গেণানির্বৃতমিবাত্মানং মন্যমান আত্মনির্ব্বেদ ইদমাহ ।। ৩৫ ।।

অহো অসাধ্বনুষ্ঠিতং যদভিনিবেশিতোঽহমিন্দ্রিয়ৈরবিদ্যারচিতবিষম-বিষয়ান্ধকূপে তদলমলমমুষ্যা বনিতায়া বিনোদমৃগং মাং ধিগ্ধিগিতি গর্হয়াঞ্চকার ।। ৩৬ ।।

অন্বয়ঃ।

অনির্বৃতং অনানন্দিতং ইব মন্যমানঃ অতঃ আত্মনি মনসি, নির্ব্বেদঃ যস্য তথাবিধঃ সন্ একদা ইদং আহ ॥ ৩৫ ॥

অহো আশ্চর্য্যং ! বিবেকিনাপি ময়া অসাধু অনুষ্ঠিতং ! যৎ যস্মাৎ অবিদ্যয়া রচিতাঃ বিষমাঃ দুঃখাদিবিষয়াঃ যস্মিন্ তস্মিন্ অন্ধকূপে গৃহে ইন্দ্রিয়ৈঃ অহং অভিনিবেশিতঃ। তৎ তস্মাৎ অলং অলং বিষয়ভোগৈঃ ; অমুষ্যাঃ বনিতায়াঃ, বিনোদমৃগং বানরতুল্যং, মাং ধিক্ ধিক্ ইতি আত্মানং গর্হয়াঞ্চকার নিন্দিতবান্ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

সত্ত্বিস্তদনুপতিতো যো গুণবিসর্গো রাজ্যাদি প্রপঞ্চ স্তৎসংসর্গেণ আত্মনি মনসি নির্ব্বেদো যস্য ॥ ৩৫ ॥

ময়া সাধ্বনুষ্ঠিতং যদ্যতোঽভিনিবেশিতঃ তত্ততোঽলমলং বিষয়ৈর্বিনোদমৃগং মর্কটং ॥ ৩৬

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুরুত্বেন দণ্ডবৎপ্রণামাস্তাননুপতিত এব গুণবিসর্গো রাজ্যাদি প্রপঞ্চ স্তৎসংসর্গেণ অনির্বৃতং ইবেতি। যদ্যপি রাজ্যেঽপ্যনাসক্ত্যৈবাত্মনির্বৃতিরাসীত্তদপীত্যর্থঃ ॥ ৩৫ ॥

বিনোদমৃগং মর্কটং ॥ ৩৬ ॥

ও অকৃতার্থের ন্যায় বিবেচনা করত, এক দিবস আক্ষেপ করত মনে মনে এইরূপ বলিয়াছিলেন ।। ৩৫ ।।

অহো ! আমি নিষ্ঠাবান্ ও বিবেকসম্পন্ন হইয়াও কিরূপ গর্হিত কর্ম্মের অনুষ্ঠান করিয়াছি ! কারণ সম্পূর্ণ অজ্ঞানরূপা অবিদ্যার দ্বারা রচিত এই বিষম দুঃখসঙ্কুল অন্ধকূপ-সদৃশ ভীষণ গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইয়া, ইন্দ্রিয়বর্গের দ্বারাই নিরন্তর পরিচালিত হইতেছি। অতএব আর আমার বিষয়সম্ভোগে প্রয়োজন নাই ! যথেষ্ট হইয়াছে ! আমি বনিতার বিলাস-পুত্তলি বানর সাজিয়াছি ! আমাকে ধিক্ ! এই প্রকার দোষ প্রদর্শনে ও তাহার কীর্ত্তনে প্রিয়ব্রত আপনার নিন্দা করিতে লাগিলেন ।। ৩৬ ।।

পরমদেবতা ভগবানের প্রসাদে প্রিয়ব্রতের আত্মসন্দর্শন হইয়াছিল। সুতরাং বিষয়াসক্তি তাঁহার হৃদয় হইতে সম্পূর্ণ বিলুপ্ত হইয়া, ভগবানের লীলা-স্মরণই যে উৎকৃষ্ট পুরুষার্থ-সিদ্ধি, তাহাই তাঁহার হৃদয়ে গ্রথিত হইল। তিনি

পরদেবতাপ্রসাদাধিগতাত্মপ্রত্যবমর্শেনানুপ্রবৃত্তেভ্যঃ স্বপুত্রেভ্য ইমাং যথাদায়ং বিভজ্য ভুক্তভোগাঞ্চ মহিষীং মৃতকমিব সহ মহাবিভূতিমপহায় স্বয়ং নিহিতনির্ব্বেদো হৃদি গৃহীত-হরিবিহারানুভাবো ভগবতো নারদস্য পদবীং পুনরেবানুসসার ॥ ৩৭ ॥

তস্য হ বা এতে শ্লোকাঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

তথা অনুপ্রবৃত্তেভ্যঃ আজ্ঞানুসারিভ্যঃ স্বপুত্রেভ্যঃ ইমাং পৃথ্বীং যথাদায়ং যথাযোগ্যং, বিভাগেন দত্ত্বা মহাবিভূতিং সহ ভুক্তভোগাং (ভুক্তো ভোগঃ যস্যাঃ তাং) মহিষীং ভার্য্যাং, চ মৃতকং শবদেহং, ইব অপহায় পরিত্যজ্য, পরদেবতা ভগবান্ তস্য প্রসাদেন অধিগতঃ প্রাপ্তঃ যঃ আত্মপ্রত্যবমর্শঃ আত্মসাক্ষাৎকারঃ, তেন হৃদি নিহিতঃ স্থিতঃ, নির্ব্বেদঃ বিষয়বৈতৃষ্ণ্যং যস্য সঃ অতএব গৃহীতঃ নিশ্চিতঃ হরিবিহারানুভাবঃ (ভগবল্লীলানুস্মরণেনৈব পরমপুরুষার্থসিদ্ধিঃ) যেন সঃ প্রিয়ব্রতঃ স্বয়ং ভগবতঃ নারদস্য, পদবীং তদুপদিষ্টমার্গং, এব পুনঃ অনুসসার, (ভগবদ্ভজনমেব নিরন্তরং কৃতবান্) ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

পরদেবতায়াঃ হরেঃ প্রসাদেন অধিগতঃ প্রাপ্তো যঃ আত্মপ্রত্যবমর্শো বিবেকস্তেন নারদস্য পদবীং তদুপদিষ্টমার্গমেব পুনরনুসসার ইত্যন্বয়ঃ কিং কৃত্বা অনুগতেভ্যঃ পুত্রেভ্য ইমাং পৃথ্বীং বিভজ্য ভুক্তো ভোগো যস্যাস্তাঞ্চ। মহাবিভূতিঃ সাম্রাজ্যসম্পৎ তৎসহিতাং মহিষীং মৃতশরীরমিব পরিত্যজ্য তত্র হেতুঃ হৃদি নিহিতো নির্ব্বেদো যেন হৃদীত্যস্য উত্তরত্রাপ্যন্বয়ঃ। হৃদি গৃহীত শ্চিন্তিতো হরিবিহার স্তেনানুভাব স্ত্যাগসামর্থ্যং যস্য ॥ ৩৭ ॥

তস্য মহিমোপনিবন্ধন শ্লোকাঃ পূর্ব্বসিদ্ধাঃ কথ্যন্তে যথা বেদে তদপ্যেষ শ্লোকো-ভবতীতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরদেবতায়া হরেঃ প্রসাদেনাধিগতঃ প্রাপ্তো য আত্মপ্রত্যবমর্শো বিবেক স্তেন নারদস্য পদবীং তদুপদিষ্টমার্গমেব পুনরনুসসারেত্যন্বয়ঃ কিং কৃত্বা অনুপ্রবৃত্তেভ্যঃ অনুগতেভ্যঃ। ইত্যাদি হৃদি গৃহীতো যো হরে র্বিহারো লীলাবিলাস স্তেনানুভাবা অশ্রুপুলকাদয়ো যস্য সঃ ॥ ৩৭ ॥

শ্লোকাঃ পূর্ব্বসিদ্ধা এব কথ্যন্তে ॥ ৩৮ ॥

আজ্ঞাবাহী স্বীয় পুত্রগণের মধ্যে সমগ্র ধরণীকে যথাযোগ্য বিভাগে প্রদান করিয়া, রাজ্যলক্ষ্মী সহ প্রণয়িনী বনিতাকেও মৃততুল্য শবদেহের ন্যায় নিঃসম্পর্কে পরিত্যাগ করিলেন এবং দেবর্ষি নারদের উপদেশ-পথের অনু-সরণে নিরন্তর ভগবদ্ভজনেই কালাতিপাত করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

প্রিয়ব্রতের মহিমার পরিচয়ে কয়েকটী শ্লোকও এস্থলে বর্ণিত আছে ॥৩৮॥

প্রিয়ব্রত কর্ত্তৃক যে যে কর্ম্মের সম্পাদন করা হইয়াছিল, এক ভগবান্

প্রিয়ব্রতকৃতং কর্ম্ম কোনু কুর্য্যাদ্বিনেশ্বরং।
যো নেমিনিম্নৈরকরোচ্ছায়াং ঘ্নন্ সপ্ত বারিধীন্ ॥ ৩৯ ॥
ভূসংস্থানকৃতং যেন সরিদ্গিরিবনাদিভিঃ।
সীমাচ ভূতনির্ব্বৃত্যৈ দ্বীপে দ্বীপে বিভাগশঃ ॥ ৪০ ॥
ভৌমং দিব্যং মানুষঞ্চ মহিত্বং যোগকর্ম্মজং।

অন্বয়ঃ।

প্রিয়ব্রতেন কৃতং কর্ম্ম ঈশ্বরং বিনা কঃ নু অনুকুর্য্যাৎ ; যঃ ছায়াং ঘ্নন্ তমো নিরস্যন্, রজনীং বিলোপয়ন্ রথচক্রস্য নেমিনিম্নৈঃ সপ্তবারিধীন্ অকরোৎ ॥ ৩৯ ॥

যেন প্রিয়ব্রতেন, ভূতনির্ব্বৃত্যৈ ভূতানাং প্রাণিনাং সুখলাভায়, ভূসংস্থানং তথা দ্বীপে দ্বীপে বিভাগশঃ সরিদ্গিরিবনাদিভিঃ সীমা মর্য্যাদা চ কৃতাঃ ॥ ৪০ ॥

পুরুষানুজনাঃ ভগবদ্ভক্তাঃ নারদাদয়ঃ তেষাং প্রিয়ঃ যঃ চ ভৌমং পাতালভবং, দিব্যং স্বর্গভবং, মানুষং মনুষ্যলোকভবং চ কর্ম্মযোগজং কর্ম্মানুষ্ঠানজং মহিত্বং ঐশ্বর্য্যং (বন্ধহেতুত্বাৎ) নিরয়োপম্যং

শ্রীধরস্বামী।

কোনু কো নাম কুর্য্যাৎ ছায়াং ঘ্নন্ তমো নিরস্যন্ ॥ ৩৯ ॥

ভূসংস্থানং দ্বীপৈঃ কৃতং সরিদ্গিরিবনাদিভিঃ সীমাচ যেন কৃতা ভূতানাং নির্ব্বৃত্যৈ সুখায় অবিবাদায় ॥ ৪০ ॥

ভৌমং পাতালজং ; দিব্যং স্বর্গজং ; মানুষং মর্ত্ত্যলোকজং ; মহিত্বং বৈভবং যো নিরয়তুল্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ছায়াং রাত্রিং ॥ ৩৯ ॥

ভুবঃ সংস্থানং দ্বীপৈঃ কৃতং সরিদাদিভিঃ সীমাচ ভূতানাং জনপদগ্রামাদ্যধিপতীনাং নির্ব্বৃত্যৈ নির্বিবাদসুখায় ॥ ৪০ ॥

ভৌমং পাতালজং দিব্যং স্বর্গজং মানুষং মর্ত্ত্যলোকজং মহিত্বং বৈভবং ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ব্যতীত অন্য কেহই তাহার অনুকরণ করিতে পারেন না। কারণ তিনি আবরণরূপ অন্ধকারের নিরসনে, রজনীর বিনিময়ে কেবল দিবসেরই আনয়ন করিয়াছিলেন। তাঁহার রথচক্রের নেমির আঘাতে সাতটী সমুদ্র প্রস্তুত হইয়াছে ॥ ৩৯ ॥

প্রাণিগণের প্রতি সুখপ্রদানের অভিপ্রায়ে তিনি ধরণীকে বিবিধ ভাগে বিভক্ত করিয়াছেন এবং দ্বীপ বিভাগের অনুসারে নদী, গিরি, সমুদ্র ও বনাদির দ্বারা তাহার সীমারও নিরূপণ করিয়াছেন ॥ ৪০ ॥

পরমপুরুষ ভগবানের পরম ভক্ত নারদাদি শ্রেষ্ঠ ব্যক্তিগণের প্রিয়পাত্র

যশ্চক্রে নিরয়ৌপম্যং পুরুষানুজনপ্রিয়ঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভুবন-কোষে প্রিয়ব্রতবিজয়ে প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং পিতরি সংপ্রবৃত্তে তদনুশাসনে বর্ত্তমান আগ্নীধ্রো জম্বূদ্বীপৌকসঃ প্রজা ঔরসবদ্ধর্ম্মাবেক্ষণঃ পর্য্যগোপায়ং ॥ ১ ॥

অন্বয়ঃ।

নরকতুল্যং চক্রে মেনে ॥ ৪১ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে প্রথমাধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পিতরি প্রিয়ব্রতে (ভগবদ্ভজনে) সংপ্রবৃত্তে সতি তস্য অনুশাসনে আজ্ঞায়াং, বর্ত্তমানঃ ধর্ম্মাবেক্ষমাণঃ ধর্ম্মং এব অবেক্ষমাণঃ আগ্নীধ্রঃ জম্বূদ্বীপৌকসঃ (জম্বূদ্বীপং ওকঃ বাসস্থানং যাসাং তাঃ) প্রজাঃ ঔরসবৎ পুত্রবৎ পর্য্যগোপায়ং পালয়ামাস ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

মেনে। পুরুষানুজনা বিষ্ণুভক্তাস্তএব প্রিয়া যস্য ইতি ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে প্রোক্তমাগ্নীধ্রচরিতং স্ত্রৈণসম্মতং।
পত্ন্যাং হি পূর্ব্বচিত্ত্যাং যো নাভিমুখ্যানজীজনৎ ॥
অস্মিন্ বংশে প্রসিদ্ধো য আগ্নীধ্রস্ত্রৈণপুঙ্গবঃ।
বিহসন্নিব তস্যেদং চরিতং মুনিরব্রবীৎ ॥ * ॥

জম্বূদ্বীপ ওকো যাসাং তাঃ প্রজাঃ পুত্রবৎ পালয়ামাস। ধর্ম্মাবেক্ষণ ধর্ম্মমবেক্ষমাণ ইত্যর্থঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়ে তপসা প্রাপ্য পূর্ব্বচিত্তিমজিত্তপং ॥ * ॥

আগ্নীধ্রো নিজলাম্পট্যং পুত্রাংশ্চাস্যামজীজনৎ। ধর্ম্মএব অবেক্ষণং যস্য সঃ ॥ ১ ॥

মহারাজ প্রিয়ব্রত পাতাল, স্বর্গ এবং মনুষ্যলোকসম্বন্ধীয় ও কর্ম্মানুষ্ঠান-জনিত যাবদীয় ঐশ্বর্য্যকেই বন্ধের কারণ বলিয়া স্থির করত, নরকতুল্য-জ্ঞানে তৎসমুদায় পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৪১ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত প্রথম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! এই প্রকারে পিতা প্রিয়ব্রত ঈশ্বরচিন্তায়

আভাস।

দ্বিতীয়াধ্যায়ে আগ্নীধ্রচরিত্র বর্ণিত হইয়াছে ॥

স কদাচিৎ পিতৃলোককামঃ সুরবরবনিতাক্রীড়াচলদ্রোণ্যাং ভগবন্তং বিশ্বসৃজাং পতিমাভৃতপরিচর্য্যোপকরণ আত্মৈকাগ্র্যেণ তপস্বী আরাধয়াম্বভূব॥ ২॥

তদুপলভ্য ভগবানাদিপুরুষঃ সদসি গায়ন্তীং পূর্ব্বচিত্তিং নামাপ্সরসমভিযাপয়ামাস॥ ৩॥

অন্বয়ঃ।

পিতৃলোককামঃ সঃ অগ্নীধ্রঃ (পত্নীলাভার্থং) আভৃতানি সম্পাদিতানি, পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন তথাবিধঃ তপস্বী স্নানাসনপ্রাণায়ামাদিসাধনসম্পন্নঃ সন্ সুরবরবনিতানাং ক্রীড়ালয়স্য মন্দরস্য দ্রোণ্যাং গুহায়াং, স্থিতঃ এব আত্মৈকাগ্র্যেণ ধ্যানাবেশিতচেতসা, বিশ্বসৃজাং পতিং ভগবন্তং ব্রহ্মাণং, আরাধয়াম্বভূব॥ ২॥

তৎ স্ত্রীকামেন আরাধনং, উপলভ্য জ্ঞাত্বা, আদিপুরুষঃ ভগবান্ ব্রহ্মা, স্বস্য সদসি সভায়াং, গায়ন্তীং পূর্ব্বচিত্তিং নাম অপ্সরসং অভিযাপয়ামাস প্রস্থাপয়ামাস॥ ৩॥

শ্রীধরস্বামী।

পিতৃলোককামঃ পুত্রকামঃ সুরবরাণাং যা বনিতা স্তাসাং আক্রীড়াচলো মন্দরস্তস্য দ্রোণ্যামাভৃতানি সংপাদিতানি পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন॥ ২॥

তদুপলভ্য জ্ঞাত্বা অভিযাপয়ামাস সম্ভোগার্থং প্রস্থাপয়ামাস॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিতৃলোককামঃ পুত্রকামঃ বিশ্বসৃজাং পতিং ব্রহ্মাণং। আভৃতানি সংপাদিতানি পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন সঃ॥ ২॥ ৩॥

নিবিষ্টচিত্ত হইলে, তদীয় আজ্ঞানুবর্ত্তী পুত্র আগ্নীধ্র ধর্ম্মের প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া, জম্বুদ্বীপবাসী যাবদীয় প্রজাবর্গকে পুত্রনির্ব্বিশেষে প্রতিপালন করিতে লাগিলেন॥ ১॥

সস্ত্রীক হইয়া ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করিতে হয়, এই শাস্ত্রের অনুসরণে পিতৃলোকের উন্নতিকল্পে পুত্র-জননার্থ পত্নীলাভের প্রার্থনায়, তিনি এক দিবস পরিচর্য্যার উপকরণ দ্রব্য পুষ্পাদি সংগ্রহ করত স্নানাদি বৈধ ক্রিয়ার অনুষ্ঠানে তপস্বীর ন্যায় আচরণ করত, অমরবনিতাগণের বিলাসভূমি মন্দরাচলের গুহার অভ্যন্তরে প্রবেশ পূর্ব্বক, একাগ্রচিত্তে বিশ্ববিধাতা ভগবান্ কমলযোনির আরাধনা আরম্ভ করিলেন॥ ২॥

কেবল বনিতালাভের প্রত্যাশায় আগ্নীধ্রের সেই উৎকট আরাধনা, ইহা অবধারণ করিয়া, আদিপুরুষ বিশ্বপতি ব্রহ্মা স্বকীয় সভার গায়িকা পূর্ব্বচিত্তি নাম্নী অপ্সরাকে আহ্বান করিয়া, আগ্নীধ্রের সন্নিধানে প্রেরণ করিলেন॥ ৩॥

সাচ তদাশ্রমোপবনমতিরমণীয়ং বিবিধনিবিড়-বিটপি-বিটপ-নিকর সংশ্লিষ্টপুরট-লতারূঢ়-স্থলবিহঙ্গ-মিথুনৈঃ প্রোচ্যমানশ্রুতিভিঃ প্রতিবোধ্যমান-সলিলকুক্কুট-কারণ্ডব-কলহংসাদিভি র্বিচিত্রমুপকূজিতামলজলাশয়-কমলাকরমুপবভ্রাম ॥ ৪॥

অন্বয়ঃ।

সা পূর্ব্বচিত্তিঃ ততঃ আগত্য তস্য আগ্নীধ্রস্য বিবিধাঃ নিবিড়াঃ যে বিটপিনঃ তেষাং বিটপাঃ শাখাঃ তেষাং নিকরাঃ তৈঃ সংশ্লিষ্টাঃ পুরটলতাঃ স্বর্ণবল্ল্যঃ তাসু আরূঢ়াঃ যে স্থলবিহঙ্গাঃ ময়ূরাদয়ঃ তেষাং মিথুনৈঃ স্ত্রীপুরুষদ্বন্দ্বৈঃ প্রোচ্যমানাভিঃ উচ্চার্য্যমাণৈঃ শ্রুতিভিঃ ষড়্জাদিস্বরৈঃ প্রতিবোধ্যমানাঃ যে সলিলকুক্কুট-কারণ্ডব-কলহংসাদয়ঃ তৈঃ, বিচিত্রং যথা ভবতি তথা উপকূজিতাঃ নাদিতাঃ যে অমলাঃ জলাশয়াঃ তেষু যানি কমলানি তেষাং আকরং অতিরমণীয়ং আশ্রমোপবনং উপবভ্রাম ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সাচ তদাশ্রমোপবনমুপবভ্রাম ইত্যন্বয়ঃ। রমণীয়ত্বমেবাহ বিবিধাশ্চ নিবিড়াশ্চ যে বিটপিনস্তেষাং বিটপাঃ স্কন্ধাস্তেষু নিকটাস্তৈঃ সংশ্লিষ্টাঃ পুরটলতাঃ স্বর্ণবল্ল্যঃ তাসু আরূঢ়াঃ স্থলবিহঙ্গাঃ ময়ূরাদয়ঃ তেষাং মিথুনৈঃ প্রোচ্যমানাভিঃ শ্রুতিভিরুচ্চার্য্যমাণৈঃ ষড়্জাদিস্বরৈঃ প্রতিবোধ্যমানা যে সলিলকুক্কুটাদয় স্তৈর্বিচিত্রং যথা তথা উপকূজিতা নাদিতা অমলা জলাশয়া স্তেষু কমলানি তেষামাকরমুপবনং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাচ তদাশ্রমোপবনমুপবভ্রামেত্যন্বয়ঃ বিবিধাশ্চ নিবিড়াশ্চ যে বিটপিন স্তেষু বিটপা স্কন্ধা যাসাং তাসু নিকটস্থপুরটলতাসু আরূঢ়াঃ স্থলবিহঙ্গাঃ কোকিলাদয় স্তেষাং মিথুনৈঃ প্রোচ্যমানাভিঃ শ্রুতিভিরুচ্চার্য্যমাণৈঃ পঞ্চমাদিস্বরৈঃ প্রতিবুদ্ধ্যমানা যে সলিলকুক্কুটাদয়স্তৈ র্বিচিত্রং যথা স্যাত্তথা উপকূজিতা নাদিতা অমলা জলাশয়া বাপ্যাদয়ঃ কমলাকরাঃ কাসারাশ্চ যস্মিংস্তৎ ॥ ৪ ॥

পূর্ব্বচিত্তি ও ব্রহ্মার নিয়োগানুসারে আগ্নীধ্রের আশ্রম-সন্নিহিত নিবিড় শাখা-প্রশাখাদি-বিশিষ্ট পাদপশ্রেণী-বিরাজিত স্বর্ণবর্ণ লতা ও বল্লীসমূহে পরিশোভিত, তদুপরি ময়ূরাদি স্থলচর পক্ষিকুলের কাকলিতে সমাকীর্ণ, কুক্কুট, কলহংস ও কারণ্ডবাদি জলচর বিহঙ্গগণের মধুর নিনাদে প্রতিধ্বনিত, সুশীতল নির্ম্মল জলোপরি উদ্গত বিকচ-কমলে পরিশোভিত প্রশস্ত সরোবর-বিশিষ্ট অতি রমণীয় উপবনের মধ্যে উপস্থিত হইল ॥ ৪ ॥

এবং মৃদুমন্দ চরণবিন্যাসে উপবনের মধ্যে যখন বিচরণ করিতেছিল, তখন প্রতিপদে চরণ-নূপুরের মনোহর খণখণ ধ্বনি রাজপুত্র আগ্নীধ্রের শ্রবণেন্দ্রিয়কে আকর্ষণ করিল। তিনি ধ্যানাবলম্বনে অবস্থিত ঈষৎমুদ্রিত

তস্যাঃ সুললিত-গমন-পদবিন্যাস-গতিবিলাসায়াশ্চানুপদং খণখণায়মান-রুচির-চরণাভরণ-স্বনমুপাকর্ণ্য নরদেবকুমারঃ সমাধিযোগেনামীলিত-নয়ন-নলিন-মুকুল-যুগলমীষদ্বিকচয্য ব্যচষ্ট ॥ ৫ ॥

তামেবাঽবিদূরে মধুকরীমিব সুমনস উপজিঘ্রতীং দিবিজ-মনুজ-মনো-নয়নাহ্লাদদুঘৈর্গতি-বিহার-ব্রীড়াবিনয়াবলোক-সুস্বরাক্ষরাবয়বৈর্মনসি নৃণাং

অন্বয়ঃ।

তস্যাঃ সুললিতগমনে যে পদবিন্যাসাঃ তৈঃ গতৌ বিলাসঃ যস্যাং তস্যাঃ চ অনুপমং খণখণায়মানয়োঃ খণখণেতি ধ্বনিং কুর্ব্বতোঃ রুচিরয়োঃ চরণাভরণয়োঃ নূপুরয়োঃ স্বনং শব্দং, আকর্ণ্য নরদেবকুমারঃ আগ্নীধ্রঃ সমাধিযোগেন আমীলিতে নয়নে এব নলিনমুকুলে তয়োঃ যুগলং ঈষৎ বিকচয্য কিঞ্চিৎ উন্মীল্য, ব্যচষ্ট দদর্শ॥ ৫ ॥

অথ অবিদূরে স্বসমীপে, এব মধুকরীং ভ্রমরীং, ইব সুমনসঃ পুষ্পাণি, উপজিঘ্রন্তীং, দিবিজানাং মনুজানাং চ যানি মনাংসি নয়নানি চ তেষাং আহ্লাদদুঘৈঃ আনন্দজনকৈঃ, গতিঃ গমনং, বিহারঃ ক্রীড়া চ বিনয়পূর্ব্বকঃ অবলোকঃ চ সুস্বরাক্ষরাণি মধুরভাষণানি,

শ্রীধরস্বামী।

সুললিতে গমনে যে পদবিন্যাসা স্তৈর্গতে র্বিলাসো যস্যাঃ। চকারস্তস্যাশ্চেত্যেকবাক্যত্বায়। অনুপদং প্রতিপদং খণখণেতি ধ্বনিং কুর্ব্বতো রুচিরস্য চরণাভরণস্য স্বনং আমীলিতে নয়নে এব নলিনমুকুলে তয়োর্যুগলমীষদ্বিকচয্য কিঞ্চিদুন্মীল্য ব্যচষ্ট দদর্শ ॥ ৫ ॥

তামেব দেবীং মকরধ্বজস্য বশমুপনীতঃ সন্ জড়বদিহ বক্ষ্যমাণান্ দশশ্লোকানুবাচ। জাড্যানুকরণঞ্চ বৈদগ্ধ্যেন তদ্বশীকরণার্থং দিবিজানাং দেবানাং মনুজানাঞ্চ যানি মনাংসি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যাঃ সুললিতে গমনে যে পদয়ো র্বিন্যাসাস্তৈরেব গতিশ্চেষ্টা বিলাসশ্চ সর্ব্বাঙ্গগতো যস্যাঃ ॥ ৫ ॥

তামেব দেবীং। মকরধ্বজস্য বশমুপনীতঃ সন্ জড়বদিতি বক্ষ্যমাণাং দশশ্লোকীমুবাচ জাড্যানুকরণঞ্চ বৈদগ্ধ্যবিশেষদ্যোতনার্থং বিবরং মনোঽন্তঃপ্রবেশদ্বারং বিদধতীং নিজ-

লোচনদ্বয়ের কিঞ্চিৎ উন্মীলনে যুবতীর প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেন ॥ ৫ ॥

এবং কুসুম-সন্নিধানে মধুলুব্ধা ভ্রমরী যেমন গুন্ গুন্ ধ্বনিতে মধুর অনুরোধে পুষ্পকে অনুরুদ্ধ করে, পূর্ব্বচিত্তি সেইরূপ আনন্দজনক স্বকীয় গতি, বিহার, ক্রীড়া, বিনয়াবলোকন, মধুর আলাপন এবং মুখ, কর্ণ ও লোচন-যুগলের অপূর্ব্ব হাব, ভাব ও ভঙ্গি প্রদর্শনে স্বর্গধাম ও ধরাতলস্থ যাবদীয় দেবতা ও মানবগণের চিত্তবিনোদন পূর্ব্বক যুবকজনের মনোমধ্যে কুসুম-শরাসনধারী কামদেবের প্রবেশ-দ্বার প্রশস্ত করিয়া, যেন নিকটে আগমন করিতেছিল। পূর্ব্ব-

কুসুমায়ুধস্য বিদধতীং বিবরং নিজমুখ-বিগলিতামৃতাসব-সহাস-ভাষণামোদ-মদান্ধ-মধুকর-নিকরোপরোধেন দ্রুতপদন্যাসেন বল্গুস্পন্দন-স্তনকলস-কবর-ভাররসনাং দেবীং তদবলোকনেন বিবৃতাবসরস্য ভগবতো মকরধ্বজস্য বশমুপনীতো জড়বদিতি হোবাচ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

অবয়বাঃ মুখকর্ণনেত্রাদয়ঃ চ তৈঃ নৃণাং পুরুষাণাং মনসি কুসুমায়ুধস্য কামস্য, বিবরং প্রবেশদ্বারং, বিদধতীং, নিজমুখাং বিগলিতং যং অমৃতং ইব স্বাদু আসবং ইব চ মাদকং সহাসং ভাষণং তস্মিন্ যঃ আমোদঃ নিঃশ্বাসগন্ধঃ তেন মদান্ধাঃ যে মধুকরনিকরাঃ তৈঃ যঃ উপরোধঃ আবরণং, তেন ভয়াৎ যো দ্রুতঃ শীঘ্রঃ পদবিন্যাসঃ তেন বল্গু মনোহরং, স্পন্দনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারে রসনায়াং বস্ত্রে চ যস্যাঃ তাং দেবীং দেদীপ্যমানাং পূর্ব্বচিত্তিং অবলোক্য তদবলোকনেন চ বিবৃতাবসরস্য লব্ধপ্রবেশাবকাশস্য, ভগবতঃ জগদ্বিমোহকস্য, মকরধ্বজস্য কামস্য, বশং উপনীতঃ সন্ জড়বৎ আগ্নীধ্রঃ ইতি হ স্ফুটং উবাচ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নয়নানিচ তেষাং আহ্লাদহুষৈর্গত্যাদিভির্নৃণাং মনসি কামস্য বিবরং প্রবেশদ্বারং বিদধতীং গতিশ্চ বিহারশ্চ ক্রীড়া বিনয়যুক্তোঽবলোকশ্চ সুস্বরাণ্যক্ষরাণিচ অবয়বাশ্চ নেত্রাদয়ঃ তৈর্নিজমুখাৎ বিগলিতমমৃতমিব স্বাদু আসব ইব মাদকং যৎ সহাসং ভাষণং তস্মিন্নামোদঃ নিশ্বাসগন্ধস্তেন মদান্ধা যে মধুকরনিকরাঃ তৈরুপরোধ আবরণং তেন ভয়াৎ দ্রুতঃ শীঘ্রো যঃ পদন্যাসঃ তেন বল্গু স্পন্দনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারে রসনায়াঞ্চ যস্যাস্তাং তস্যা অবলোকনেন বিবৃতাবসরস্য দত্তাবকাশস্য ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুখাদ্বিগলিতমমৃতমিব স্বাদু আসব ইব মাদকং যৎ সহাসং ভাষণং তস্মিন্ সতি য আমোদো গন্ধ স্তেন মদান্ধা মধুকরনিকরাস্তৈরুপরোধ আবরণং তেন ভয়াৎ দ্রুতঃ শীঘ্রো যঃ পদবিন্যাসস্তেন বল্গু স্পন্দনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারো রসনায়াঞ্চ যস্যা স্তাং ॥ ৬ ॥

চিত্তির মুখনিঃসৃত অমৃতোপম স্বাদু মাদকতুল্য সহাস্য ভাষণ এবং নিঃশ্বাস-বিনির্গত মধুর গন্ধে অন্ধ হইয়া, মধুকরগণ ঝাঁকে ঝাঁকে আগমন করত পাছে তাঁহাকে আবরণ করিয়া ফেলে, এই ভয়েই যেন ভীত হইয়া পূর্ব্বচিত্তি দ্রুতগতি পদবিন্যাসে ইতস্ততঃ বিচরণ করিতেছিল; এবং তাদৃশ গতির দ্রুততা নিবন্ধন মনোহর চরণের বিন্যাসে পীন ও উন্নত কুচযুগল, কবরী এবং নিতম্বদেশ হইতে সূক্ষ্ম বসন যুগল যেন স্খলিত হইতেছিল। অপ্সরার তাদৃশ অপরূপ রূপ ও লাবণ্য দর্শনে আগ্নীধ্র চমৎকৃত হইলেন; এই অবসরে জগদ্বিমোহক মকরধ্বজ কন্দর্প তাঁহার অন্তরে প্রবেশ করিলেন। তিনি

কা ত্বং চিকীর্ষসি চ কিং মুনিবর্য্য শৈলে মায়াসি কাপি ভগবৎ পরদেবতায়াঃ।
বিজ্যে বিভর্ষি ধনুষী সুহৃদাত্মনোঽর্থে কিম্বা মৃগান্ মৃগয়সে বিপিনে প্রমত্তান্ ৭

অন্বয়ঃ।

ত্বং কা কিং নামাসি? হে মুনিবর্য্য! অস্মিন্ শৈলে গিরিবরে, কিং চিকির্ষসি কর্ত্তুমিচ্ছসি? ভগবতঃ পরদেবতায়াঃ পরমেশ্বরস্য কাপি মায়া কিং অসি? হে সুহৃৎ! বিজ্যে জ্যারহিতে, দ্বে ধনুষী বিভর্ষি; তৎ কিং আত্মনঃ অর্থে? কিং বা বিপিনে সংসারাটব্যাং প্রমত্তান্ বিষয়লম্পটান্ মৃগান্ মৃগতুল্যান্ বিবেকহীনান্, অস্মদাদীন্ মৃগয়সে অন্বেষয়সি?॥৭॥

শ্রীধরস্বামী।

কা ত্বং শৈলে গিরাবস্মিন্ কিং চিকীর্ষসি। মুনিবর্য্যেত্যাদি পুংস্ত্বেন সম্বোধনাদি জাড্যানুকারার্থং। নূনং ভগবতঃ পরদেবতাভূতস্য মায়াসি। ভ্রূবাবালক্ষ্যাহ হে সুহৃৎ সখে! বিজ্যে নির্গুণে ধনুষী বিভর্ষি কিমাত্মনোঽর্থে তবৈতাভ্যাং কিং কার্য্যমস্তি কিম্বা প্রমত্তান্ অজিতেন্দ্রিয়ান্ মৃগতুল্যান্ অস্মদাদীন্ মৃগয়সে তান্ বশীকর্ত্তুং ধনুষী ধারয়সীত্যর্থঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কা ত্বমিত্যুক্ত্বা সসম্ভ্রমমতিবাল্যমারভ্যৈব তপস্যতো মম স্ত্রীপুংবিশেষজ্ঞানং নাস্তীতি দ্যোতয়ন্নাহ হে মুনিবর্য্যেতি। অহমিব ত্বমপি তপোঽর্থমেবাত্র তিষ্ঠসি কিমিতি ভাবঃ। কিঞ্চ ত্বং মুনিবর্য্যো ভূত্বা মুনিং মাং যন্মোহয়স্যত্র কিং কারণমিতি ক্ষণং বিভাব্য আং জ্ঞাতমিত্যাহ। মায়াসীতি ভগবানেব পরদেবতা তস্যাঃ মায়ৈব ত্বং মুনিবর্য্যরূপেণাত্র বর্ত্তসে ইতি ভাবঃ। কিঞ্চ ভ্রূবাবালক্ষ্যাহ বিজ্যে নির্গুণে ধনুষী বিভর্ষি। হে সুহৃৎ সখে! কিমাত্মনোঽর্থে স্বস্য কৃতে। তবৈতাভ্যাং কিং কার্য্যমস্তি। কিং বা মৃগানস্মদাদীনিতি গূঢ়োঽর্থঃ॥ ৭॥

কামাকুলিত-চিত্তে জড়ের ন্যায় বিমোহিত হইয়া, কামিনীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।৬॥

হে শোভন! তুমি কে? এবং তোমার নাম কি? এই মুনির আশ্রমে তোমাকে মুনিশ্রেষ্ঠ বলিয়াই আমার জ্ঞান হইতেছে। এই নির্জ্জন গিরিপ্রদেশে তুমি কি অভিপ্রায়ে আগমন করিয়াছ? তোমাকে অবলোকন করিলে, সামান্য মানব বলিয়া ত কিছুতেই ধারণা হইতেছে না। তুমি কি ভূতভাবনের অচিন্ত্য মায়াশক্তির আংশিক বিকাশরূপে আবির্ভূত হইয়াছ? অতএব প্রত্যাশা ব্যতীত জগতের উপকারে অগ্রসর হইয়াছ। অতএব তুমি সুহৃৎ বটে! তোমার লোচনের উপরিভাগে জ্যারহিত ধনুকদ্বয়ই যেন ভ্রূযুগলরূপে শোভা পাইতেছে। এই ধনুর্দ্বয় কি কেবল নিজের শোভা বৃদ্ধির জন্যই ধারণ করিয়াছ! অথবা এই নিবিড় সংসার-কাননে পশুতুল্য বিবেকহীন বিষয়লম্পট আমাদের ন্যায় প্রমত্ত শিকারের অন্বেষণ করিয়াই বেড়াইতেছ?॥ ৭॥

বাণাবিমৌ ভগবতঃ শতপত্রপত্রৌ শান্তাবপুঙ্খরুচিরাবতিতিগ্মদন্তৌ ।
কস্মৈযুযুংক্ষসি বনে বিচরন্ন বিদ্মঃ ক্ষেমায় নো জড়ধিয়াং তব বিক্রমোঽস্তু ॥ ৮ ॥
শিষ্যা ইমে ভগবতঃ পরিতঃ পঠন্তি গায়ন্তি সামসরহস্যমজস্রমীশং ।

অন্বয়ঃ ।

ভগবতঃ তব ইমৌ শতপত্রে নেত্রকমলে তে এব পত্রাণি পিচ্ছানি যয়োঃ তৌ শান্তৌ মন্থরৌ, অপুঙ্খরুচিরৌ (পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ) অতিতিগ্মৌ তীক্ষ্ণৌ, দন্তৌ অগ্রভাগৌ যয়োঃ তৌ বাণৌ কস্মৈ যুযুংক্ষসি যোক্তুং ইচ্ছসি ? বনে বিচরন্ ইতি ন বিদ্মঃ । তব অয়ং বিক্রমঃ জড়ধিয়াং নঃ অস্মাকং ক্ষেমায় অস্তু ॥ ৮ ॥

ভগবতঃ সর্ব্বজ্ঞস্য তব ইমে শিষ্যাঃ পরিতঃ সর্ব্বতঃ পঠন্তি তথা সরহস্যং মন্ত্রাদিসহিতং,

শ্রীধরস্বামী ।

কটাক্ষাবালক্ষ্যাহ বাণাবিমৌ শতপত্রে নেত্রকমলে তেএব পত্রাণি পিচ্ছানি যয়োঃ শান্তৌ বিভ্রমেণ মন্থরৌ । পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ পত্রতয়া কল্পিতনেত্রাভ্যাং পরভাগস্য পুঙ্খস্থানীয়স্যাভাবাৎ । অতিতিগ্মৌ অতিতীক্ষ্ণৌ দন্তৌ অগ্রভাগৌ যয়োঃ তৌ । কস্মৈ প্রযোক্তুমিচ্ছসি ইতি ন বিদ্মঃ । অতো ভয়াদেতাবৎ প্রার্থয়ামহে তবায়ং বিক্রমোঽস্মাকং ক্ষেমায়াস্তু ॥ ৮ ॥

তদঙ্গপরিমললোভেনানুগচ্ছতো ভ্রমরানালক্ষ্যাহ শিষ্যা ইতি । অজস্রং সততং যুষ্মচ্ছি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কটাক্ষাবালক্ষ্যাহ বাণৌ শতপত্রে নেত্রকমলে এব পত্রে যয়োস্তৌ শান্তৌ বিভ্রমেণ মন্থরৌ পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ । অতিতিগ্মৌ তীক্ষ্ণৌ দন্তাবগ্রভাগৌ যয়োস্তৌ ক্ষেমায়েতি যদ্যস্মাৎ প্রতিযোক্ষ্যসে তর্হ্যনযোর্জ্বালয়া নৈব জীবিষ্যাম ইতি ভাবঃ ॥ ৮ ॥

কমলপত্রের ন্যায় তোমার আয়ত লোচনযুগলের কি অনুপম সামর্থ্য ! ইহা অতীব সস্নেহ-দর্শনীয় ও মন্থরগতি । ইহাতে পুঙ্খ না থাকিলেও দেখিতে কি অনুপম ! কিন্তু ইহার অগ্রভাগ কি তীব্র ! বাণের অপেক্ষা অতি তীব্রবেগে হৃদয়ের মর্ম্মস্থান স্পর্শ করিতেছে । তোমার এই নিশিত শর কাহার উপর নিক্ষেপ করিবার অভিপ্রায়ে তুমি এই বনে বনে বিচরণ করিতেছ ? দেখ ! যেন তোমার এই তীব্র উদ্যমে আমদের ন্যায় জড়বুদ্ধি মানবের উপকারই সাধিত হয় ॥ ৮ ॥

তোমাকে এক জন সর্ব্বজ্ঞ বলিয়াই আমার উপলব্ধি হইতেছে । কারণ ঐ মধুকরবেশে সমাগত ত্বদীয় শিষ্য ও সেবকসমূহ তোমার উপদেশে মাত্র কতই সামবেদোক্ত মন্ত্রের উচ্চারণে অনন্তদেব ভগবানের অনন্ত মহিমার নিরন্তর গান করিতেছে । ঋষিগণ যেমন বিচিত্র বেদশাখা নিরন্তর উচ্চারণ করেন,

যুষ্মচ্ছিখাবিলুলিতাঃ সুমনোভিবৃষ্টীঃ সর্ব্বে ভজন্ত্যৃষিগণা ইব বেদশাখাঃ ॥ ৯ ॥
বাচং পরং চরণপঞ্জরতিত্তিরীণাং ব্রহ্মন্নরূপমুখরাং শৃণুবাম তুভ্যং।
লব্ধা কদম্বরুচিরঙ্ক-বিটঙ্ক-বিম্বে যস্যামলাতপরিধিঃ ক্ব চ বল্কলং তে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ঈশং ভগবৎস্বরূপং, সাম অজস্রং নিরন্তরং, গায়ন্তি। যুষ্মচ্ছিখাতঃ বিলুলিতাঃ বিগলিতাঃ সুমনসাং পুষ্পাণাং অভিতঃ বৃষ্টীঃ, ঋষিগণাঃ যথা বেদশাখাঃ গৃহ্নন্তি তথা সর্ব্বে ভজন্তি ॥ ৯ ॥

হে ব্রহ্মন্! তুভ্যং তব চরণগতপঞ্জরয়োঃ তিত্তিরীণাং পরং অরূপা অদৃষ্টবক্তৃকা মুখরা অতিপ্রকটা, তাং বাচং, শৃণুবাম শৃণুমঃ। কদম্বকুসুমস্য রুচিঃ দীপ্তিঃ, অঙ্কস্য নিতম্বস্য, বিটঙ্কবিম্বে মনোহরমণ্ডলে ক্ব লব্ধা। যস্যাং রুচ্যাং অলাতপরিধিঃ মণ্ডলাকারোল্মুকবহ্নিঃ বর্ত্ততে। তে তব বল্কলং ক্ব গতং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

খাতো বিলুলিতা বিগলিতাঃ সুমনসাং অভিতো বৃষ্টী গলিতানি কুসুমানি ভজন্তীত্যর্থঃ। শুদ্ধত্বেনোপমা বেদশাখা ইবেতি ॥ ৯ ॥

নূপুরস্বনমাকর্ণ্যাহ বাচমিতি। তুভ্যং তব চরণপঞ্জরয়োর্নূপুরয়োস্তিত্তিরীণামন্তর্গতরত্নানাং পরং কেবলং বাচং শৃণুমঃ। কথম্ভূতাং অরূপা অদৃষ্টবক্তৃকা মুখরা অতিপ্রকটা তাং তাং। পীতং পরিধানবস্ত্রং নিতম্বকান্তিত্বেন প্রকল্প্যাহ কদম্বকুসুমস্য রুচির্দীপ্তিঃ অঙ্কবিটঙ্কবিম্বে নিতম্বস্য সুন্দরে মণ্ডলে ক্ব লব্ধা অঙ্গ নিতম্বেতি পাঠান্তরে অঙ্গেতি সম্বোধনং। মেখলামালক্ষ্যাহ যস্যামলাতপরিধির্বর্ত্ততে বস্ত্রং নিতম্বকান্তিত্বেন প্রকল্প্য বস্ত্রমদৃষ্ট্বৈব পৃচ্ছতি ক্ব চ তে বল্কলমিতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যাঃ সৌরভ্য লোভেনানুগচ্ছতো ভ্রমরানালক্ষ্যাহ। শিষ্যা ভ্রমরাঃ ॥ ৯ ॥

নূপুরস্বনমাস্বাদ্যাহ বাচমিতি তুভ্যং ত্বামানন্দয়িতুং তব চরণয়োঃ পঞ্জরয়োরন্তর্গতাস্তিত্তিরিপক্ষিণো বর্ত্তমানা অনুমীয়ন্তে যস্মাদরূপামদৃষ্টবক্তৃকাং মুখরাং পারস্পরিককলহময়ীং বাচং শৃণুবামহে ব্রহ্মন্নিতি তব তপোযোগবলবিলসিতমেবৈতদিতি ভাবঃ। পরিধানীয়াতিসূক্ষ্মপীতবস্ত্রস্য নিতম্বলগ্নত্বেন লাবণ্যমাস্বাদ্যাহ অঙ্কবিটঙ্কবিম্বে নিতম্বস্য সুন্দরমণ্ডলে কদম্বরুচিঃ পীতকান্তির্লব্ধা শ্যামস্যাপি তব নিতম্বঃ পীতকান্তৌ অলাতপরিধি র্জ্জলদঙ্গারমণ্ডলং। অহো তে তপস্তীব্রতেতি ভাবঃ। ক্ব চ বল্কলন্তে ইতি কিং স্বাশ্রম এব বল্কলং ভ্রমাদেবাপহায় মন্নিকটং নগ্ন এবায়াতোঽসীতি ভাবঃ। ভঙ্গ্যা সুরতপ্রার্থনাচ দ্যোতিতা ॥ ১০ ॥

সেইরূপ তোমার এই শিষ্যগণ ভবদীয় কবরী বিনিঃসৃত বিচিত্র পুষ্পবর্ষণের অভিমুখেই ধাবিত হইতেছে ॥ ৯ ॥

পরে নূপুরধ্বনি লক্ষ্য করিয়া বলিলেন, হে ব্রহ্মন্! তোমার চরণলগ্ন নূপুরদ্বয়ের অন্তর্গত মণিসমূহের মধুর ধ্বনি সুস্পষ্টত শুনিতে পাইতেছি। কিন্তু কে যে

কিং সম্ভৃতং রুচিরয়োর্দ্বিজ শৃঙ্গয়োস্তে মধ্যে কৃশো বহসি যত্র দৃশিঃ শ্রিতা মে।
পঙ্কোঽরুণঃ সুরভিরাত্মবিষাণ ঈদৃগ্ যেনাশ্রমং সুভগ মে সুরভী করোষি॥ ১১

অন্বয়ঃ।

(স্তনৌ আলক্ষ্যাহ) হে দ্বিজ! তে তব রুচিরয়োঃ মনোহরয়োঃ, শৃঙ্গয়োঃ কিং সম্ভৃতং পূর্ণমস্তি? যতঃ ত্বং মধ্যে কৃশঃ অতিদুর্ব্বলঃ (অতঃ কষ্টেন এব) বহসি যত্র চ শৃঙ্গয়োঃ মে মম দৃশিঃ দৃষ্টিঃ, শ্রিতা স্থিরা জাতা। স্তনগতং কুঙ্কুমং আলক্ষ্যাহ। আত্মনঃ তব বিষাণে শৃঙ্গে, অরুণঃ পঙ্কঃ ঈদৃগ্ অত্যপূর্ব্বাস্তি! যেন পঙ্কেন, হে সুভগ! মে মম আশ্রমং ত্বং সুরভী করোষি॥ ১১॥

শ্রীধরস্বামী।

স্তনাবালক্ষ্যাহ শৃঙ্গয়োঃ স্তনয়োঃ কিং সংভৃতং পূর্ণমস্তি মনোহরং কিঞ্চিদস্তি ইত্যেতাবৎ জানামি যতো মধ্যে কৃশোঽপি কৃচ্ছ্রেণ বহসি। যত্রচ মে দৃশি দৃষ্টিঃ শ্রিতা সংলগ্নাস্তি। অন্যথেদং দ্বয়ং ন ঘটেত ইতি ভাবঃ। স্তনগতং কুঙ্কুমমালক্ষ্যাহ পঙ্কোরুণঃ আত্মন স্তব বিষাণে স্তনে ঈদৃক্ অত্যপূর্ব্বঃ কুত ইত্যত আহ যেন পঙ্কেন॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তনাবালক্ষ্যাহ হে দ্বিজ শৃঙ্গয়োঃ কিং সংভৃতং কিমদ্ভুতং বহুমূল্যরত্নং বস্তু ধৃতং বর্ত্ততে। যন্মদ্দৃষ্টিপাতসময় এব মুহুরাচ্ছাদয়সীতি ভাবঃ। ব্রাহ্মণো ভূত্বাপি শৃঙ্গদ্বয়ং ধৎসে তত্রাপি বক্ষসি তত্রাপি মনোহরমেব বস্তু ধৎসে; যতো মধ্যে কৃশোঽপি কৃচ্ছ্রেণাপি বহসি যত্র দৃশির্মদ্দৃষ্টিঃ শ্রিতা লগ্নেতি মদ্দৃষ্টিরেবাত্র প্রমাণমিতি ভাবঃ। তেনাচ্ছাদনমুদ্ঘাট্য স্বয়মেব দর্শয়িত্বা মৎসন্দেহমপাকুরু কিংবা আজ্ঞাপয়সি চেৎ সৌহার্দ্দেনাহমেবোদ্ঘাটয়ামি তপস্বিনো মম বস্তুনি প্রয়োজনং নাস্তি কেবলং দর্শন এবেতি ভাবঃ। স্তনস্য শৃঙ্গত্বং তুঙ্গত্বাতিশয়বিবক্ষয়া জ্ঞেয়ং। স্তনগতং কুঙ্কুমমালক্ষ্যাহ আত্মনঃ স্বস্য বিষাণে শৃঙ্গে ঈদৃক্ পঙ্কোধৃতঃ কস্য সরোবরস্য সুরভিররুণশ্চ পঙ্ক স্তমহমপি বক্ষসি ধিৎসামীতি ভাবঃ॥ ১১॥

ওরূপ সুস্পষ্ট ধ্বনি করিতেছে, তাহাকেত দেখিতে পাইতেছি না। তুমি স্বকীয় নিতম্ব-মণ্ডলে ওরূপ কদম্বকুসুমের ন্যায় মনোহর কান্তি কোথায় পাইলে? অহো! তদুপরি জ্বলদঙ্গাররূপে পরিবেষ্টিত মেখলাও পরিদৃষ্ট হইতেছে! কি আশ্চর্য্য! বল্কল পরিত্যাগে এরূপ উলঙ্গবেশে পরিভ্রমণ পূর্ব্বক তুমি কোন্ আশ্রমের পরিচয় দিতেছ?॥ ১০॥

কামিনীর কুচযুগলের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া বলিলেন, হে দ্বিজ! তোমার বক্ষোপরি যে মনোহর শৃঙ্গদ্বয় লক্ষিত হইতেছে, উহা কোন্ পদার্থে পরিপূর্ণ থাকায় এরূপ উন্নত হইয়াছে? অহো! তোমার দেহের মধ্যভাগ দেখিয়া আমার ভয় হইতেছে যে, পাছে তোমার শৃঙ্গদ্বয়ের ভরে আমার অভিমুখে তুমি পতিত হও! তোমার ক্ষীণ কটি দর্শনে স্পষ্টই প্রতীত হইতেছে

লোকং প্রদর্শয় সুহৃত্তম তাবকং মে যত্রত্য ইত্থমুরসাবয়বাবপূর্ব্বৌ।
অস্মদ্বিধস্য মন উন্নয়নৌ বিভর্ত্তি বহ্বদ্ভুতং সরস-রাস-সুধাদিবক্তে ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে সুহৃত্তম! স্বচ্ছান্তঃকরণ! তাবকং লোকং স্থানং মে মম প্রদর্শয়! যত্রত্যঃ যন্নিবাসিজনঃ অস্মদ্বিধস্য কামিপুরুষস্য মনসঃ উন্নয়নৌ ক্ষোভকৌ, অপূর্ব্বৌ অবয়বৌ, ইত্থং উরসা বিভর্ত্তি তথা বক্তে চ অদ্ভুতং সরসরাসসুধাদি স্মিতাদিসহিতং মঞ্জুভাষণং বিভর্ত্তি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

লোকং স্থানং। যত্রত্যো জনঃ উরসা ইত্থমপূর্ব্বাবয়বৌ বিভর্ত্তি। মনস উন্নয়নৌ ক্ষোভকৌ। উন্নয়নৈরিতি পাঠে ইত্থং ভূতৈর্লক্ষণে তৃতীয়া। বক্তে চ বহ্বদ্ভুতং বিভর্ত্তি কিং তদাহ রসো মধুরালাপঃ রাসো বিলাসঃ তাভ্যাং সহিতা সুধা অধরামৃতং। আদিশব্দাৎ স্মিত-নর্ম্মাদি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মদ্দেশে মনুষ্যোঽপি বক্ষসি শৃঙ্গদ্বয়ং ধত্ত ইতি চেত্তত্রৈব গত্বা তপশ্চিকীর্ষামীত্যাহ লোকমিতি হে সুহৃত্তমেতি সৌগার্দ্দেনৈবেতি ভাবঃ। নম্বেতে শৃঙ্গে ন ভবত ইত্যত আহ যত্রত্যো জন ইত্থমুরসা বক্ষসা। মনস উন্নয়নৌ ক্ষোভকৌ। উন্নয়নৈরিতি পাঠে উৎকর্ষেণ গ্রহণৈঃ। বক্তে চ বহ্বদ্ভুতং বিভর্ত্তি। কিন্তদাহ সরসো মধুরালাপঃ রাসো বিলাসঃ তাভ্যাং সহিতা সুধা অধরামৃতং আদিশব্দাদামোদমকরন্দাদিকং স্মিতনর্ম্মাদি ॥ ১২ ॥

যে, অতি কষ্টেই তুমি শৃঙ্গদ্বয়কে বহন করিতেছ! কিন্তু কি অদ্ভুত ভাবেই উহারা নির্ম্মিত হইয়াছে! আমার লোচন অনিমেষভাবে নিপতিত থাকিয়া, অন্যত্র গমনে আর সমর্থই হইতেছে না। অহো! বিষাণদ্বয়ের শিরোপরি অরুণ বর্ণ কি প্রলেপ সংলগ্ন রহিয়াছে! হে সুভগ! তোমার শৃঙ্গদ্বয়ের কেবল বর্ণ-সৌন্দর্য্য নহে, অরুণ রাগের মনোহর গন্ধে আমার এই আশ্রমটীও অপূর্ব্ব গন্ধে আমোদিত হইয়াছে ॥ ১১ ॥

তোমার আকার দর্শনে প্রকৃতিরও যথেষ্ট পরিচয় পাওয়া যাইতেছে; তুমি যেমন চিত্তাকর্ষক রূপবান্, তোমার হৃদয়ও সেইরূপ উদার হইবে, সন্দেহ নাই। চল! অদ্য তোমার দেশেই যাই! তোমার বাসস্থান আমাকে দেখাও! অহো! তোমার দেশের লোকেরা আমার ন্যায় কামিপুরুষের চিত্তহরণার্থ বক্ষোপরি ঈদৃশ চিত্তাকর্ষক অপূর্ব্ব অবয়বদ্বয় ধারণ করে এবং চন্দ্রবদনে সুমধুর হাস্য-বিকাসি মধুর আলাপন রাখে; অতএব একবার তোমার তাদৃশ আবাস-স্থলে আমাকে লইয়া চল! ॥ ১২ ॥

কামিনী-চর্ব্বিত তাম্বুলগন্ধ লক্ষ্য করিয়া বলিলেন, আহা! হে প্রিয়!

কা বাত্মবৃত্তিরদনাদ্ধবিরঙ্গ ভাতি বিষ্ণোঃ কলাস্যনিমিষোন্মকরৌচ কর্ণৌ।
উদ্বিগ্নমীনযুগলং দ্বিজপঙ্‌ক্তিশোচিরাসন্নভৃঙ্গনিকরং সরইন্মুখং তে॥ ১৩॥

অন্বয়ঃ।

তাম্বূলাদেঃ সুগন্ধমালক্ষ্যাহ। হে অঙ্গ! তব আত্মনঃ দেহস্য, বৃত্তিঃ আহারঃ, বা কা? যস্য অদনাৎ ভক্ষণাৎ চর্ব্বণাৎ, হবিঃ যজ্ঞিয়দ্রব্যমিব পরমং পবিত্রং কিমপি বাতি তৎসম্বন্ধী গন্ধঃ আগচ্ছতি। ত্বং বিষ্ণোঃ কলা অসি! যতঃ তবাপি কর্ণৌ বিষ্ণোঃ ইব অনিমিষোন্মকরৌ রত্নময়ত্বেন নিমিষরহিতৌ উৎকৃষ্টমকরাকারে কুণ্ডলে যয়োঃ তথাভূতৌ এব দৃশ্যেতে। তে তব মুখং চ সরইং সরইব, লক্ষ্যতে। যতঃ তত্র উদ্বিগ্নং ভীত্যা চঞ্চলং মীনযুগলং ইব নেত্রদ্বয়ং এব পক্ষিস্থানীয়াঃ দ্বিজাঃ দন্তাঃ তেষাং পঙ্‌ক্ত্যা শোচিঃ শোভা যস্মিন্ তৎ। আসন্নঃ ভৃঙ্গনিকরঃ ইব কেশস্তোমঃ এব পরিমললুব্ধঃ ভৃঙ্গস্তোমঃ যস্মিন্ তৎ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

কা বা তব লোকে আত্মনো দেহস্য বৃত্তিরাহারঃ। অঙ্গ হে সখে! অদনাচ্চর্ব্বণাৎ হবি-রিতি তৎসম্বন্ধী গন্ধো বাতি আগচ্ছতীতি তাম্বূলাভিপ্রায়ং। অদনাদ্বহিরঙ্গ ভাতীতি পাঠে মম তাবৎ ভোজনাদ্বহির্ভূতৈব বৃত্তির্ভাতীত্যর্থঃ। যতস্ত্বং বিষ্ণোঃ কলাসি। বিষ্ণুশ্চ নাশ্নাতি। অনশ্নন্নন্যোঽভিচাকসীতি শ্রুতেঃ। বিষ্ণোঃ কলাসীত্যত্র হেতুঃ কঃ; তবচ কর্ণৌ বিষ্ণোরিব অনিমিষোন্মকরৌ অনিমিষৌ রত্নেনেত্রত্বেন নিমিষশূন্যৌ উল্লসন্তৌ মকরৌ তদাকারে কুণ্ডলে যয়োস্তৌ কিঞ্চ তব মুখং সরইং সর ইব তদেবাহ উদ্বিগ্নং চঞ্চলং মীনযুগলমিব নেত্রদ্বয়ং যস্মিন্। দ্বিজা দন্তাঃ তেষাং পঙ্‌ক্ত্যা শোচিঃ শোভা যস্মিন্। সরসি তু দ্বিজা হংসাঃ। আসন্নো ভৃঙ্গনিকর ইব কেশস্তোমঃ পরিমললুব্ধঃ হংসস্তোমো বা যস্মিন্॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কা বা তব লোকে আত্মনো দেহস্য বৃত্তি র্জীবিকা। তাম্বূলগন্ধমনুভূতং ব্যঞ্জয়ন্নাহ হবি-রিতি অদনাৎ ভক্ষণাদ্ধেতোঃ হবিরিতি তৎসম্বন্ধী গন্ধো বাতি আগচ্ছতি দেশান্তরে লোকা হবির্ভোজিনঃ শ্রূয়ন্তে। তস্মাদেষ হবিষ এব গন্ধোঽনুমীয়ত ইতি তাম্বূলহবিষোঃ স্বাপরিচিতত্বং ব্যঞ্জিতং। অদনাদ্বহিরঙ্গ ভাতীতি পাঠে ভোজনাদ্বহির্ভূতৈব বৃত্তির্ভাতীত্যর্থঃ। যতস্ত্বং বিষ্ণোঃ কলাসি। বিষ্ণুশ্চ নাশ্নাতি। অনশ্নন্নন্যোঽভিচাকসীতি শ্রুতেঃ। অত্র লিঙ্গং বিষ্ণোরিবানি-মিষোন্মকরৌ রত্নেনেত্রত্বেন নিমিষশূন্যৌ উৎকৃষ্টমকরৌ কুণ্ডলাকারৌ। কিঞ্চ তব মুখং সরইং সরইব উদ্বিগ্নমীনযুগলমিব নেত্রদ্বয়ং যত্র তৎ। দ্বিজাঃ হংসা দন্তাশ্চ তেষাং পঙ্‌ক্ত্যা-শোচিঃ শোভা যস্মিংস্তৎ। আসন্নো ভৃঙ্গনিকর ইবালকাসমূহো যস্মিং স্তৎ॥ ১৩॥

তুমি দেহযাত্রা নির্ব্বাহার্থ ও কি ভোজন করিতেছ? ত্বদীয় চর্ব্বিত ভক্ষ-দ্রব্যের অপূর্ব্ব সৌরভে যেন যজ্ঞিয় কোন পরম পবিত্র পদার্থের গন্ধ লইয়া সমীরণ ইতস্তত বিকীরণ করিতেছে। তুমি কি ভগবান্ বিষ্ণুর অংশে অব-তীর্ণ হইয়াছ? কারণ ভগবান্ বিষ্ণুর ন্যায় তোমার শ্রবণ-যুগলেও উৎকৃষ্ট

যোঽসৌ ত্বয়া করসরোজহতঃ পতঙ্গো দিক্ষু ভ্রমন্ ভ্রমত এজয়তেঽক্ষিণী মে।
মুক্তং ন তে স্মরসি বক্রজটাবরূথং কষ্টোঽনিলো হরতি লম্পট এষ নীবীং॥ ১৪

অন্বয়ঃ।

যঃ অসৌ ত্বয়া করসরোজেন হতঃ পতঙ্গঃ কন্দুকঃ সঃ দিক্ষু ভ্রমন্ সন্ ভ্রমতঃ ভ্রমচ্চিত্তস্য মে অক্ষিণী এজয়তে চালয়তি। (অহং তু এবং ত্বয়ি আসক্তমনাঃ) ত্বং চ ক্রীড়াসক্তা সতী তে তব বক্রজটাবরূথং কুঞ্চিতকেশজালং মুক্তং মুক্তবন্ধনং, ইতি ন স্মরসি তথা এষঃ কষ্টঃ ধূর্ত্তঃ, লম্পটঃ অনিলঃ তে তব নীবীং কটিবস্ত্রং, হরতি তচ্চাপি ন স্মরসি। (অতঃ সাবধানতয়া মদুক্তং অবধারয়) ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

পতঙ্গঃ কন্দুকঃ ভ্রমতো ভ্রমচ্চিত্তস্য মেঽক্ষিণী দত্তং দৃক্ এজয়তে চঞ্চলতাং নয়তি। বক্রকেশসমূহং মুক্তবন্ধনং ন স্মরসি ন সম্ভাবয়সি। কিং কষ্টো ধূর্ত্তো নীবীং হরতি এতচ্চ ন স্মরসি কিং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কন্দুকক্রীড়ামালক্ষ্যাহ পতঙ্গঃ কন্দুকঃ ভ্রমতঃ ভ্রমচ্চিত্তস্য মে অক্ষিণী এজয়তে চঞ্চলীকরোতি। বক্রং জটাবরূথং কেশসমূহং মুক্তং মুক্তবন্ধনং ন স্মরসি। কষ্টো ধূর্ত্তঃ নীবীং হরতি এতচ্চ ন স্মরসি কিং এতাবাংস্তব কন্দুকক্রীড়ায়ামাবেশ ইতি ভাবঃ॥ ১৪ ॥

মকরাকার মণিময় কুণ্ডলদ্বয়ও অনিমিষভাবে পরিলক্ষিত হইতেছে। অহো! স্বচ্ছসলিল সরোবরের পূর্ণভাব তোমার বদনমণ্ডলে সুস্পষ্ট প্রতীত হইতেছে। ভীতি বশত মীন যেমন চঞ্চল হইয়া, সলিলমধ্যে সতত বিচরণ করে, তোমার লোচন-যুগলও সেইরূপ চাঞ্চল্যের পরিচয় দিতেছে। সরোবরস্থ পক্ষিশ্রেণীর ন্যায়, তোমার দন্তপংক্তি কি অপূর্ব্ব শোভাতেই শোভিত লক্ষ্য হইতেছে। পরিমললোভে সমাহৃত ভৃঙ্গনিকরের ন্যায়, ত্বদীয় সুনীল ও কুঞ্চিত কেশজাল অতীব মনোহর বলিয়া লক্ষিত হইতেছে ॥ ১৩ ॥

অহো! তুমি করকমলের আঘাতে যে ক্রীড়া কন্দুককে ইতস্ততঃ নিক্ষেপ করিতেছ, সেইটীর প্রতি লক্ষ্য করায় আমার দৃষ্টিও তৎসঙ্গে নিরন্তর ইতস্তত চালিত হইতেছে; কিন্তু তুমি ক্রীড়ায় আসক্ত থাকায়, নিজের কুঞ্চিত কেশজাল যে বন্ধনমুক্ত ও আলুলায়িত হইয়া পড়িতেছে, তাহার কোন অনুসন্ধানই রাখ না; বিশেষত অতি ধূর্ত্ত কামুক সমীরণ এই অবসরে তোমার কটিবস্ত্র শিথিল করিয়া তোমাকে যে নিরাবরণ করিতেছে, তাহাও কি তোমার লক্ষ্য হইতেছে না? অতএব আমার কথা সাবধানে শ্রবণ কর! ॥ ১৪ ॥

হে তপোধন! তোমার রূপ দর্শনে আমাদের ন্যায় তাপসগণের চিত্ত

রূপং তপোধন তপশ্চরতাং তপোঘ্নং হ্যেতন্নু কেন তপসা ভবতোপলব্ধং।
চর্ত্তুং তপোঽর্হসি ময়া সহ মিত্র মহ্যং কিম্বা প্রসীদতি স বৈ ভবভাবনো মে॥১৫
ন ত্বাং ত্যজামি দয়িতং দ্বিজদেবদত্তং যস্মিন্মনো দৃগপি নো ন বিযাতি লগ্নং।

অন্বয়ঃ।

হে তপোধন তপস্বিন্! তপশ্চরতাং মাদৃশাং তাপোঘ্নং এবং রূপং ভবতা কেন তপসা উপলব্ধং প্রাপ্তং, তৎ ব্রবীতু! অতঃ হে মিত্র! মহ্যং অপি অনুগ্রহার্থং ময়া সহ ত্বং তপঃ চর্ত্তুং অর্হসি। যেন ত্বংসদৃশতপশ্চরণেন, অহমপি ত্বংসদৃশরূপবান্ স্যাম্। কিম্বা সঃ প্রসিদ্ধঃ ভবভাবনঃ সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা মে প্রসীদতি ত্বাং ভার্য্যাং সম্পাদয়তি॥ ১৫॥

এবং চেৎ দ্বিজদেবদত্তং দ্বিজদেবেন ব্রহ্মণা দত্তং ত্বাং দয়িতং অতিপ্রিয়ং ন ত্যজামি যস্মিন্ ত্বয়ি মনঃ দৃক্ নেত্রং চ লগ্নং সৎ ন বিযাতি বিযুক্তং ন ভবতি। হে চারুশৃঙ্গি মনো-

শ্রীধরস্বামী।

উপলব্ধং প্রাপ্তং মহ্যং মম। হে মম মিত্র ময়া সহ তপশ্চর্ত্তুং অর্হসি। কিঞ্চ স বৈ ভবভাবনঃ সংসৃতিবিস্তারকঃ ব্রহ্মা মে প্রসীদতি ত্বাং ভার্য্যাং কল্পয়তীত্যর্থঃ॥ ১৫॥

দ্বিজদেবেন ব্রহ্মণা দত্তং দৃক্ মনশ্চ লগ্নং সৎ নাপযাতি। হে চারুশৃঙ্গি যত স্তে চিত্তং ততো মাং তদধীনং নেতুমর্হসি সচিব্যঃ তব সখ্যোঽপি। শিবা অনুকূলাঃ সত্যঃ মাং প্রতিসরন্তু অনুবর্ত্তন্তাং। যদ্বা এতাবৎ পর্য্যন্তং মে যাঃ সচিব্যঃ সখ্যঃ শিবাঃ ফেরব স্তাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপস্বিনো মম তপস্বিসঙ্গোঽপেক্ষিত এবেত্যাহ রূপমিতি। হে তপোধন উপ আধিক্যেন লব্ধং। মহ্যং মাং সুখয়িতুং ময়া সহ তপশ্চরিতুমর্হসি। মে মাং পূর্ণমনোরথীকর্ত্তুং ভবভাবনো ব্রহ্মা॥ ১৫॥

ননু ত্বয়া মম কিং ফলং তদিতো যামীত্যাশঙ্ক্যাহ নত্বামিতি। যতো দ্বিজদেবেন ব্রহ্মণা। যস্মিং ত্বয়ি লগ্নং ন বিযাতি ন বিগতং ভবতি। হে চারুশৃঙ্গি উন্নতস্তনীতি স্ত্রীলিঙ্গেন সম্বোধন-

---

সম্পূর্ণ তপোভ্রষ্ট হইয়াছে। তুমি কোন্ তপস্যার বলে এরূপ মনোহর রূপ লাভ করিয়াছ? তাহা বল! হে মিত্র! অনুগ্রহ করিয়া আমাকেও তোমার আচরিত তপস্যার অনুশীলনার্থ সঙ্গী করিয়া লও! আমিও সেই তপস্যার আচরণে তোমার ন্যায় রূপবান্ হইব! এবং ভূতভাবন সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা আমার প্রতি প্রসন্ন হইবেন এবং তোমাকে ভার্য্যারূপে আমায় প্রদান করিবেন॥ ১৫

ব্রহ্মণ্যদেব কমলাসনের অনুকম্পায় তোমার ন্যায় প্রাণপ্রিয়া বনিতাকে যদি প্রাপ্ত হইতে পারি, তাহা হইলে প্রাণ থাকিতে কখন পরিত্যাগ করিব না। তোমার যে কোন অঙ্গে আমার মন ও দৃষ্টি একবার নিপতিত হইলে আর পরিত্যাগ করিতে চাহে না। হে পীনোন্নতপয়োধরে! আমি তোমার

মাং চারুশৃঙ্গ্যর্হসি নেতুমনুব্রতং তে চিত্তং যতঃ প্রতিসরন্তু শিবাঃ সচিবাঃ॥ ১৬

ইতি ললনানুনয়াতিবিশারদো গ্রাম্যবৈদগ্ধ্যয়া পরিভাষয়া তাং বিবুধবধূং বিবুধমতি রধিসভাজয়ামাস॥ ১৭॥

সাচ ততস্তস্য বীরযূথপতের্বুদ্ধিশীলরূপবিদ্যাবয়ঃশ্রিয়ৌদার্য্যেণ পরাক্ষিপ্ত-মনাস্তেন সহাযুতাযুতপরিবৎসরোপলক্ষণং কালং জম্বূদ্বীপপতিনা ভৌমস্বর্গ-ভোগান্ বুভুজে॥

অন্বয়ঃ।

হরস্তনি! ত্বং অপি এবং অনুব্রতং অনুসারিণং, মাং যতঃ যত্র, তে চিত্তং তত্র নেতুং অর্হসি। যতঃ সচিব্যঃ তব সখ্যঃ অপি শিবাঃ মদনুকূলাঃ, সন্ত্যঃ মাং প্রতিসরন্তু অনুবর্ত্তন্তাং॥ ১৬॥

শ্রীশুকঃ উবাচ। বিবুধমতিঃ (বিবুধানাং দেবানাং ইব নিপুণা মতিঃ যস্য সঃ) অতএব ললনানাং অনুনয়ে বশীকরণে, অতিবিশারদঃ অতিচতুরঃ, আগ্নীধ্রঃ ইতি এবং, পূর্ব্বোক্তয়া গ্রাম্যবৈদগ্ধ্যয়া (গ্রাম্যেষু বিষয়ভোগেষু বৈদগ্ধ্যং নৈপুণ্যং যস্যাঃ তয়া) পরিভাষয়া বিবুধবধূং অপ্সরসং, তাং পূর্ব্বচিত্তিং অধিসভাজয়ামাস সৎকারপূর্ব্বকং স্ববশীকৃতবান্॥ ১৭॥

সা চ পূর্ব্বচিত্তিঃ অপি তস্য বীরযূথপতেঃ বুদ্ধিশীলরূপবিদ্যাবয়ঃশ্রিয়ৌদার্য্যেণ পরা-ক্ষিপ্তমনাঃ মোহিতচিত্তা, সতী ততঃপ্রভৃতি তেন জম্বূদ্বীপপতিনা, সহ অযুতানাং অযুত-পরিবৎসরোপলক্ষণং কালং ভৌমস্বর্গভোগান্ বুভুজে॥

শ্রীধরস্বামী।

প্রতি সরন্তু নির্যান্তু। যদ্বা বনবাসে সচিব্যঃ সহচর্য্যঃ হরিণ্যঃ শিবাঃ প্রতিসরন্তু প্রদক্ষিণং গচ্ছন্তু॥ ১৬॥

গ্রাম্যেষু বৈদগ্ধ্যং যস্যাঃ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতিকামবৈবশ্যোনাবহিত্থায়া নাশং দ্যোতয়তি। যতঃ যত্র দেশে তব চিত্তং তত্রৈব সচিব্য-স্তব সখ্যোঽপি শিবাঃ অনুকূলাঃ সন্ত্যঃ মাং প্রতি সরন্তু অনুবর্ত্তন্তাং॥ ১৬॥

গ্রাম্যাণামিব বৈদগ্ধ্যং যস্যাং তয়া॥ ১৭॥

একান্ত অনুগত! তোমার যথায় ইচ্ছা হয়, আমাকে লইয়া চল! এবং তোমার অনুচরী সখীকুলকেও আমার অনুকূল আচরণে উপদেশ কর!॥ ১৬॥

শুকদেব বলিলেন, হে রাজন্! নারী-বশীকরণে অতীব পারদর্শী দেবগতি আগ্নীধ্র এই প্রকারে গ্রাম্য বিষয়সম্ভোগের বিচিত্র ভাবোল্লেখে সেই অমর-কামিনী স্বর্গবেশ্যা পূর্ব্বচিত্তি নাম্নী অপ্সরারও চিত্ত আকর্ষণ করত নিজের বশীভূতা করিলেন॥ ১৭॥

এদিকে পূর্ব্বচিত্তিও সেই বীরযূথপতি আগ্নীধ্রের রূপ, গুণ, বিদ্যা, বয়স এবং বুদ্ধি, শ্রীঃ ও উদারতাদি অপূর্ব্ব গুণে মোহিতা হইয়া, সেই অবধি

তস্যামু হ বা আত্মজান্ স রাজবর্য্য আগ্নিধ্রো নাভি-কিংপুরুষ-হরিবর্ষেলা-বৃত-রম্যক-হিরণ্ময়-কুরু-ভদ্রাশ্ব-কেতুমাল-সংজ্ঞান্ নব পুত্ত্রানজনয়ৎ ॥ ১৮ ॥

সাতু সূত্বাথ সুতাননুবৎসরং গৃহ এবাপহায় পূর্ব্বচিত্তি র্ভূয় এবাজং দেবমুপতস্থে ॥ ১৯ ॥

আগ্নীধ্রসুতাস্তে মাতুরনুগ্রহাদৌৎপত্তিকেনৈব সংহননবলোপেতাঃ পিত্রা বিভক্তা আত্মতুল্যনামানি যথাবিভাগং জম্বূদ্বীপবর্ষাণি বুভুজুঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

সঃ রাজবর্য্যঃ আগ্নীধ্রঃ, তস্যাং ভার্য্যায়াং নাভিঃকিম্পুরুষঃ হরিবর্ষঃ ইলাবৃতঃ রম্যকঃ, হিরণ্ময়ঃ কুরুঃ ভদ্রাশ্বঃ কেতুমালঃ ইতি সংজ্ঞাঃ যেষাং তান্ নবপুত্ত্রান্ আত্মজান্ অজনয়ৎ ॥১৮॥

সা পূর্ব্বচিত্তিঃ তু অথ অনুবৎসরং নবসুতান্ সূত্বা প্রসূয়, গৃহে এব তান্ অপহায় স্বয়ং ভূয়ঃ এব দেবং অজং ব্রহ্মাণং, উপতস্থে অভজৎ ॥ ১৯ ॥

আগ্নীধ্রসুতাঃ তে নাভ্যাদয়ঃ মাতুঃ অনুগ্রহাৎ ঔৎপত্তিকেন স্বাভাবিকেন, এব সংহননং দৃঢ়াঙ্গত্বং বলং চ তাভ্যাং উপেতাঃ যুক্তাঃ সন্তঃ পিত্রা বিভক্তাঃ পৃথক্ পৃথক্ ভূমিবিভাগেন রাজ্যে স্থাপিতাঃ সন্তঃ আত্মতুল্যানি নামানি যেষাং তানি জম্বূদ্বীপস্য বর্ষাণি খণ্ডানি যথা-বিভাগং বুভুজুঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

বুদ্ধ্যাদীনাং দ্বন্দ্বৈক্যং ॥ ১৮ ॥ সূত্বা প্রসূয়। উপতস্থে অভজত ॥ ১৯ ॥

ঔৎপত্তিকেনৈব স্বভাবেনৈব সংহননং দৃঢ়াঙ্গত্বং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বুদ্ধ্যাদীনাং দ্বন্দ্বৈক্যং গালবমতে যকারঃ অযুতাযুতং ন্যর্ব্বুদং ॥ ১৮ ॥

গৃহে রাজ্ঞো ভবন এবাপহায় অপ্সরস্ত্বাত্তেষু বাৎসল্যমপি পূর্ব্বকৃতং ত্যক্ত্বা ॥ ১৯ ॥

মাতুরনুগ্রহাত্তদীয়স্তনপানাৎ। ঔৎপত্তিকেনৈব স্বাভাবিকেন। সংহননং দৃঢ়াঙ্গত্বং বুভুজুঃ পালয়ামাসুঃ ॥ ২০ ॥

জম্বূদ্বীপপতির সহবাসে বহু অযুত সংখ্যক কাল মর্ত্তে স্বর্গসুখ ভোগ করিলেন ॥

নরপতিশ্রেষ্ঠ আগ্নীধ্র সেই পূর্ব্বচিত্তির গর্ভে নাভি, কিম্পুরুষ, হরিবর্ষ, ইলাবৃত, রম্যক, হিরণ্ময়, কুরু, ভদ্রাশ্ব ও কেতুমাল নামক নয়টী পুত্ত্র উৎপাদন করিলেন ॥ ১৮ ॥

পূর্ব্বচিত্তি কিন্তু প্রতি বৎসর এক একটী করিয়া ক্রমান্বয়ে নয়টী পুত্ত্র প্রসব করত তাহাদিগকে আগ্নীধ্রের গৃহে পরিত্যাগ করিয়া, স্বয়ং পুনরায় ব্রহ্মলোকে গমন করিলেন ॥ ১৯ ॥

এদিকে অমরাঙ্গনা মাতা পূর্ব্বচিত্তির অনুগ্রহে স্বভাবত দৃঢ়াঙ্গ ও বলিষ্ঠ

আগ্নীধ্রো রাজাঽতৃপ্তঃ কামানামপ্সরসমেবানুদিনমধিমন্যমান স্তস্যাঃ সলোকতাং শ্রুতিভিরবারুন্ধ যত্র পিতরো মাদয়ন্তে ॥ ২১ ।

সংপরেতে পিতরি নবভ্রাতরো মেরুদুহিতৃ র্মেরুদেবীং প্রতিরূপামুগ্রদংষ্ট্রীং লতাং রম্যাং শ্যামাং নারীং ভদ্রাং দেবদীথিতিমিতি সংজ্ঞা নবোদবহন্ ॥ ২২ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে আগ্নীধ্র বর্ণনং দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

অন্বয়ঃ।

আগ্নীধ্রঃ রাজা কামানাং বিষয়াণাং, ভোগৈঃ অতৃপ্তঃ অতঃ অনুদিনং নিরন্তরং, তাং অপ্সরসং, এব অধিমন্যমানঃ অধি অধিকং পুরুষার্থং ইতি মন্যমানঃ শ্রুতিভিঃ শ্রুত্যুক্তকর্ম্মভিঃ, তস্যাঃ সলোকতাং অবারুন্ধ প্রাপ ; যত্র লোকে পিতরঃ মাদয়ন্তে মোদন্তে ॥ ২১ ॥

এবং পিতরি সংপরেতে পিতৃলোকং গতে সতি নাভ্যাদয়ঃ নব ভ্রাতরঃ ইতি এবম্ভূতাঃ মেরুদেবীং প্রতিরূপাং উগ্রদংষ্ট্রীং লতাং রম্যাং শ্যামাং নারীং ভদ্রাং দেবদীথিতিং ইতি সংজ্ঞাঃ যাসাং তাঃ নব মেরুদুহিতৄঃ উদবহন্ বিবাহিতবন্তঃ ॥ ২২ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

কামানাং ভোগৈঃ অধি অধিকং মন্যমানঃ শ্রুতিভির্বেদোক্তৈঃ কর্ম্মভিরবারুন্ধ প্রাপ। মাদয়ন্তে মোদন্তে ॥ ২১ ॥

ইত্যেবংভূতাঃ সংজ্ঞা যাসাং তাঃ পরিণীতবন্তঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বিতীয়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামানাং কামৈঃ শ্রুতিভিঃ শ্রুত্যুক্তাদৃশকর্ম্মভিঃ অবারুন্ধ প্রাপ। মাদয়ন্তে মোদয়ন্তে মোদন্তে ॥ ২১ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বিতীয়ঃ পঞ্চমেঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নাভি প্রভৃতি আগ্নীধ্রের পুত্রগণ ভূমি-বিভাগ অনুসারে পৃথক্ পৃথক্ প্রদত্ত পিতার রাজ্যে স্ব স্ব বীর্য্যানুরূপ জম্বূদ্বীপের বর্ষসমূহে অধিপতি হইয়া, রাজ্যভোগ করিতে লাগিলেন। ২০ ॥

রাজা আগ্নীধ্র কিন্তু তদবস্থায় বিষয়সম্ভোগে পরিতৃপ্ত হন নাই। পূর্ব্বচিত্তির বিরহ তাঁহার হৃদয়কে নিতান্তই ব্যথিত করিয়াছিল। তিনি অপ্সরালাভকেই জীবনের প্রধান ভোগ বলিয়া ধারণা করিয়াছিলেন ; সুতরাং তৎপ্রাপ্তির লালসায় বেদোক্ত বহুবিধ ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠানে অন্তে অপ্সরালোকেই

শ্রীশুক উবাচ ॥

নাভিরপত্যকামোঽপ্রজয়া মেরুদেব্যা ভগবন্তং যজ্ঞপুরুষমবহিতাত্মাযজত ॥ ১

তস্যহ বাব শ্রদ্ধয়া বিশুদ্ধভাবেন যজতঃ প্রবর্গ্যেষু প্রচরৎস্থ দ্রব্যদেশকাল-

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। অপত্যকামঃ নাভিঃ অপ্রজয়া অপত্যরহিতয়া, মেরুদেব্যা, সহ অবহিতাত্মা সাবধানচিত্তঃ, সন্ ভগবন্তং যজ্ঞপুরুষং অযজৎ ॥ ১ ॥

তস্য হ বাব এবং শ্রদ্ধয়া বিশ্বাসেন বিশুদ্ধভাবেন যজতঃ যাগং কুর্ব্বতঃ, নাভেঃ প্রবর্গ্যেষু প্রচরৎসু প্রবর্গ্যসঙ্গেষু কর্ম্মসু ক্রিয়মাণেষু, দ্রব্যদেশকালমন্ত্রর্ত্বিগ্ দক্ষিণাবিধানাঃ ইতি সপ্ত

শ্রীধরস্বামী।

তৃতীয়ে চরিতং নাভেঃ পরং মঙ্গলমীর্য্যতে।

যস্য যজ্ঞে প্রতীতঃ সন্ পুত্রোঽভূদৃষভো হরিঃ ॥

নাভিরাগ্নীধ্রসুতঃ অপুত্রয়া মেরুদেব্যা ভার্য্যয়া সহ ॥ ১ ॥

প্রবর্গ্যসংজ্ঞকেষু কর্ম্মসু ক্রিয়মাণেষু দ্রব্যাদয়ঃ সপ্ত যে যোগা উপায়া স্তেষাং উপপত্ত্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৃতীয়ে নাভিনেষ্টোঽভূদ্যজ্ঞে তুষ্টোঽস্য নন্দনঃ।

ত্বং সমো মে সুতোঽস্ত্বেতদ্বরং শ্রুত্বা হরিঃ স্বয়ং ॥ * ॥

নাভিরাগ্নীধ্রস্য প্রথমঃ পুত্রঃ ॥ ১ ॥

প্রপর্গ্যসংজ্ঞকেষু কর্ম্মসু প্রচরৎসু সংপদ্যমানেষু দ্রব্যাদিভিঃ সপ্তভিঃ শুদ্ধৈঃ সহযোগো

গমন করিলেন। অহো! এই লোকে পিতৃগণ বিশেষ তৃপ্তি লাভে আনন্দানুভব করিয়া থাকেন ॥ ২১ ॥

পিতা আগ্নীধ্র পরলোকে গমন করিলে, তদীয় পুত্র নাভি প্রভৃতি নব ভ্রাতা যথাক্রমে মেরুদেবী, প্রতিরূপা, উগ্রদংষ্ট্রা, লতা, রম্যা, শ্যামা, নারী, ভদ্রা ও দেববীধিতি নামে নয়টী মেরুকন্যাকে বিবাহ করিলেন ॥ ২২ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! আগ্নীধ্রনন্দন নাভি পুত্রলাভের বাসনায় অনপত্যা মহিষী মেরুদেবীর সহ একাগ্রচিত্তে ভগবান্ যজ্ঞপুরুষের অর্চ্চনা আরম্ভ করিলেন ॥ ১ ॥

জীবের পক্ষে ভগবানের সাক্ষাৎকার লাভ হওয়া নিতান্তই অসম্ভব;

আভাস।

তৃতীয়াধ্যায়ে আগ্নীধ্র-পুত্র নাভির মঙ্গলাবহ চরিত্র এবং যজ্ঞে তুষ্ট হইয়া ভগবান্ বিষ্ণু কর্তৃক তাঁহার পুত্রত্ব স্বীকার বর্ণিত হইয়াছে ॥

মন্ত্রত্বি´গ্‌দক্ষিণা-বিধান-যোগোপপত্ত্যা দুরধিগমোঽপি ভগবান্ ভাগবতবৎসলতয়া সুপ্রতীক আত্মানমপরাজিতং নিজজনাভিপ্রেতার্থ-বিধিৎসয়া গৃহীতহৃদয়ো হৃদয়ঙ্গমং মনোনয়নানন্দনাবয়বাভিরামমাবিশ্চকার। ২॥

অন্বয়ঃ।

যোগানাং অঙ্গানাং উপপত্ত্যা সম্পত্ত্যা, দুরধিগমঃ দুষ্প্রাপঃ, অপি ভগবান্ ভাগবতবৎসলতয়া (ভাগবতেষু বাৎসল্যতয়া কৃপালুতয়া) নিজজনাভিপ্রেতার্থবিধিৎসয়া (নিজজনানাং ভক্তানাং অভিপ্রেতাঃ অর্থাঃ ফলানি তেষাং বিধিৎসয়া) গৃহীতহৃদয়ঃ (গৃহীতং বশীকৃতং হৃদয়ং চিত্তং যস্য সঃ) সুপ্রতীকঃ শোভনমূর্ত্তিঃ সন্ মনোনয়নানন্দনাবয়বাভিরামং (মনোনয়নানি চ আনন্দয়ন্তি যে অবয়বাঃ তৈঃ অভিরামং অতিসুন্দরং) অপরাজিতং অপরতন্ত্রং, হৃদয়ঙ্গমং পরমানন্দজনকত্বেন মনোহরং আত্মানং আবিশ্চকার॥ ২॥

শ্রীধরস্বামী।

দুরধিগমো দুষ্প্রাপোঽপি ভাগবতেষু কৃপালুতয়া সুপ্রতীকঃ শোভনাবয়বঃ সন্ আত্মানমাবিশ্চকার। অপরাজিতং স্বতন্ত্রং নিজভক্তানাং যেঽভিপ্রেতার্থা স্তেষাং বিধিৎসয়া গৃহীতমাকৃষ্টং হৃদয়ং চিত্তং যস্য। হৃদয়ঙ্গমং সুখকরং; যতো মনোনয়নান্যানন্দয়ন্তি যেঽবয়বাস্তৈরভিরামং সুন্দরং॥২

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিযোগ স্তস্য উপপত্ত্যা নিষ্পত্ত্যা সুপ্রতীকঃ সুন্দরাঙ্গঃ আত্মানং স্বদেহমাবিশ্চকার। অপরাজিতং অন্যৈর্বশীকর্ত্তুমশক্যমপি গৃহীতহৃদয় আকৃষ্টচিত্তঃ মনোনয়নানন্দনৈরবয়বৈঃ শ্রীমুখাব্জাদিভিরভিরামমতিরমণীয়ং॥ ২॥

দ্রব্য, দেশ, কাল, মন্ত্র, ঋত্বিক্, দক্ষিণা এবং বিধান এই সপ্তবিধ উৎকৃষ্ট যজ্ঞাঙ্গরূপ দুর্ল্লভ সম্পত্তির সমাবেশেও ভগবানকে কখন পাওয়া যায় না। স্বীয় ভক্তজনের প্রতি অনুগ্রহের প্রকাশে, তাহাদিগের অভিলষিত প্রয়োজনের বিধানার্থ সর্ব্বদাই তিনি ব্যবস্থা করিয়া থাকেন মাত্র। কিন্তু নাভি যখন উত্তমা ভক্তি ও শ্রদ্ধা সহকারে যজ্ঞ আরম্ভ করিলেন, তখন তাঁহার প্রবর্গ্য নামক কর্ম্মসমূহের নির্ব্বাহ দর্শনে ভগবানের হৃদয়েও দয়ার উদয় হইল; তিনি অপরাজিত ও স্বতন্ত্র হইলেও, মন এবং নয়নের আনন্দবর্দ্ধক অতি মনোহর অবয়ব পরিগ্রহে দর্শকমাত্রেরই পরমানন্দের উৎপাদনে নাভির যজ্ঞ-স্থলে আবির্ভূত হইলেন॥ ২॥

অহো! নিতান্ত দীন হীন কাঙ্গাল বহুমূল্য রত্ন লাভে যেরূপ আনন্দে অভিভূত হয়, অদ্য আজানুলম্বিত ভুজচতুষ্টয়বিশিষ্ট পীতকৌশেয় অম্বরধারী, বক্ষস্থলে শ্রীবৎসলাঞ্ছিত রোমাবলির চিহ্নে শোভমান, উজ্জ্বল এবং অত্যুৎকৃষ্ট মণিসমূহে জড়িত সুবর্ণময় মুকুট, বলয়, কটিসূত্র, হার, কেয়ূর ও

অথহ তমাবিষ্কৃত-ভুজযুগলদ্বয়ং হিরণ্ময়ং পুরুষবিশেষং কপিশকৌশেয়াম্বরধরমুরসি বিলসচ্ছ্রীবৎসললামং দরবর-বনরুহ-বনমালাচ্ছূর্য্যামৃতমণি-গদাদিভি রুপলক্ষিতং স্ফুটকিরণ প্রবর মণিময় মুকুট কুণ্ডল কটক কটিসূত্র হারকেয়ূর নূপুরাদ্যঙ্গভূষণবিভূষিতমৃত্বিক্‌-সদস্য-গৃহপতয়োঽধনা ইবোত্তমধনমুপলভ্য সবহুমানমর্হণেনাবনতশীর্ষাণ উপতস্থুঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

অথহ ভগবদাবির্ভাবানন্তরং, উত্তমং ধনং উপলভ্য অধনাঃ দরিদ্রাঃ ইব ঋত্বিক্‌ সদস্য গৃহপতয়ঃ (গৃহপতিঃ যজমানঃ নাভিঃ) আবিষ্কৃত-ভুজ-যুগলদ্বয়ং (আবিষ্কৃতং ভুজানাং যুগলদ্বয়ং যেন তং) হিরণ্ময়ং প্রকাশমানং, কপিশকৌশেয়াম্বরধরং (কপিশে পীতে কৌশেয়ে কীটকোশজনিত-সূত্র-নির্ম্মিতে অম্বরে ধারয়তীতি তথা তং) উরসি বিলসচ্ছ্রীললামং (বিলসন্ শ্রীবৎসঃ রোমাবর্ত্তবিশেষঃ এব ললামং চিহ্নং যস্য তং) দরবরঃ শংখশ্রেষ্ঠঃ, বনরুহং কমলং, বনমালা বিচিত্রপুষ্পগ্রথিতা মালা, অস্থূরি চক্রং, অমৃতমণিঃ সর্ব্বজীবতত্ত্বত্বাৎ কৌস্তুভঃ, গদা তথা কৌমোদকী শংখাদিভিঃ উপলক্ষিতং যুক্তং তথা স্ফুটকিরণাঃ যে প্রবরাঃ শ্রেষ্ঠাঃ মণয়ঃ তন্ময়ানি মুকুটকটককটিসূত্রহারকেয়ূর-নূপুরাদীনি অঙ্গভূষণানি তৈঃ বিভূষিতং তং পুরুষবিশেষং উপলভ্য তং এব অবনতশীর্ষাণঃ (অবনতানি শীর্ষাণি যেষাং তে তথাবিধাঃ সন্তঃ) সবহুমানং যথা ভবতি তথা অর্হণেন অর্ঘ্যেণ সহ উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

অথ হেত্যাদি নিপাতবাহুল্যং বাক্যালঙ্কারায়। আবিষ্কৃতং ভুজানাং যুগলদ্বয়ং চতুষ্টয়ং যেন হিরণ্ময়ং তেজোময়ং পুরুষেষু বিশিষ্যতে ইতি তথা পুরুষোত্তমমিত্যর্থঃ অর্হণেন অর্ঘ্যেণ সহোপতস্থুঃ অভজন্নিত্যন্বয়ঃ। বিলসন্ শ্রীবৎস এব ললামং চিহ্নং যস্য। দরবরঃ শঙ্খঃ। বনরুহং পদ্মং। অস্থূর্য্যং চক্রং। অমৃতমণিঃ কৌস্তুভঃ এবমাদিভিঃ স্ফুটকিরণা যে প্রবরা মণয়ঃ তন্ময়ানি যানি মুকুটাদীনি অঙ্গানাং ভূষণানি তৈর্বিভূষিতং। বহুমানে দৃষ্টান্তঃ অধনা ইব উত্তমং ধনং নিধিং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হিরণ্ময়ং প্রকাশবহুলং। পুরুষেষু বিশিষ্যত ইতি পুরুষোত্তমমিত্যর্থঃ। কপিশেতি তেন শ্যামবর্ণমিতি বুদ্ধ্যতে। পীতাংশুকং বক্ষসি লক্ষিতং। শ্রিয়েত্যত্র পীতাংশুকপদেনাত্র ধ্বন্যতে শ্যামবর্ণতেতি ভাগবতামৃতোক্তেঃ। দরবরঃ শঙ্খঃ। বনরুহং পদ্মং। অচ্ছূরি চক্রং। অমৃতমণিঃ কৌস্তুভঃ ॥ ৩ ॥

নূপুরাদি বিচিত্র আভরণে সুশোভিত, গলদেশে কৌস্তুভ মণি এবং হস্তচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম ধারণে এবং স্বীয় প্রভাবে চতুর্দ্দিক আলোকিত করত বনমালাধারী একজন পরম পুরুষকে আবির্ভূত হইতে অবলোকন করিয়া ঋত্বিক্‌, যজমান নাভি এবং সদস্যগণ সকলে বিস্মিত হইলেন এবং

ঋত্বিজ উচুঃ। অর্হসি মুহুরর্হত্তমার্হণমস্মাকমনুপথানাং ॥ ৪ ॥
নমোনম ইত্যেতৎ সদুপশিক্ষিতং ॥ ৫ ॥
কোঽর্হতি পুমান্ প্রকৃতিগুণব্যতিকরমতিরনীশ ঈশ্বরস্য পরস্য প্রকৃতি-

অন্বয়ঃ।

ঋত্বিজঃ উচুঃ। হে অর্হতম! যদ্যপি ত্বং পরিপূর্ণঃ, ন তাবৎ তব কাচিৎ অপেক্ষা তথাপি অনুপথানাং ত্বদাজ্ঞানুসারিণাং অস্মাকং পূজাং মুহুঃ স্বীকর্ত্তুং অর্হসি। বয়ং তু ত্বয়ি কিঞ্চিৎ কর্ত্তুং ন সমর্থাঃ অপি তু নমো নমঃ ইত্যেতাবৎ এব ভগবতে কর্ত্তব্যং ন অধিকং ইতি অস্মাকং সদ্ভিঃ উপশিক্ষিতং ॥ ৪ ॥ ৫ ॥

হে ভগবন্! প্রকৃতিগুণব্যতিকরমতিঃ (প্রকৃতিগুণৈঃ রজস্তমোভিঃ ব্যতিকরা বিক্ষিপ্তা

শ্রীধরস্বামী।

অর্হসীত্যাদিনা নিগদেন স্তুবন্তি হে অর্হত্তম পরিপূর্ণোঽপি ত্বং অনুপথানাং ভৃত্যানাং অস্মাকং অর্হণং মুহুঃ স্বয়মেব স্বীকর্ত্তু মর্হসি ॥ ৪ ॥

নতু বয়ং স্তোতুং শক্তা ইত্যাহুঃ নমোনম ইত্যেতদেবাস্মাকং সদ্ভিরুপশিক্ষিতং তদ্রূপস্য তুজ্ঞেয়ত্বাৎ ॥ ৫ ॥

তদেবাহুঃ কোঽর্হতীতি প্রকৃতিগুণানাং ব্যতিকরঃ প্রপঞ্চ স্তস্মিন্নেব মতির্যস্য অতএবানীশঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্হসীত্যাদি গদ্যানাং ইতি নিগদেনাভিষ্টূয়মান ইত্যনেনান্বয়ঃ। ত্বং পরিপূর্ণোঽপ্যস্মাক-মপ্যর্হণমঙ্গীকর্ত্তু মর্হসি। তত্র হেতুঃ অনুপথানাং। পন্থা ভক্তিযোগ স্তমনুবর্ত্তমানানাং ন তু সাক্ষাত্তং প্রাপ্তানাং সকামত্বাং তদপি তব ভক্তিসম্বন্ধগন্ধবতাপি বাৎসল্যাদেবেতি ভাবঃ ॥ ৪ ॥

অস্মাকমনুপথস্থেঽপ্যেতাবদেব লক্ষণমস্তি নাধিকমিত্যাহুঃ নমোনম ইতি। সদ্ভ্যঃ সকাশাৎ শিক্ষিতং নতু পূজা-পরিচর্য্যা-স্তুত্যাদিকং জানীম ইতি ভাবঃ ॥ ৫ ॥

নন্ু বিদ্বাংসো মদ্ভক্তাশ্চ য়ূয়ং মদ্রূপং জানীথৈব তৎ কিং স্তোতুং সংকুচথেতি তত্রাহুঃ। কোঽর্হতীতি। লোকেহি মুখাদ্যঙ্গানাং চন্দ্রাদ্যুপমাভি স্তুতি র্ভবতি। তবতু অর্ব্বাক্তনাভিঃ

অবনত-মস্তকে প্রণাম করিয়া বিশেষ যত্ন ও ভক্তিসহকারে অর্ঘ্যাদি প্রদান পূর্ব্বক স্তব করিতে লাগিলেন ।। ৩ ।।

ঋত্বিকগণ বলিলেন, হে পূজ্যতম! আপনি স্বীয় ভাবেই পূর্ণকাম; কাহারও নিকট আপনার কোন অপেক্ষা নাই। তথাপি আমরা আপনার আজ্ঞাবাহী ভৃত্য; আমাদের পূজা আপনাকে গ্রহণ করিতেই হইবে। আমরা আপনার কোন কর্ম্ম সম্পাদনে সক্ষম নহি; কিন্তু "নমোনমঃ" উচ্চারণে বারংবার ভগবানকে প্রণাম করাই যে, আমাদের ন্যায় লোকের পক্ষে অবশ্য কর্ত্তব্য, তাহা আমরা সাধুগণের মুখে বারংবার শ্রবণ ও শিক্ষালাভ করিয়াছি ।। ৪ ।। ৫

হে ভগবন্! জীবসমূহ প্রাকৃতিক গুণ রজঃ ও তমের দ্বারা সর্ব্বদা

পুরুষয়োরর্ব্বাক্তনাভি র্নামরূপাকৃতিভী রূপনিরূপণং কর্ত্তুং সকলজননিকায়-বৃজিন-নিরসন-প্রবর-গুণগণৈকদেশ-কথনাদৃতে ॥ ৬ ॥

অন্বয়ঃ।

ঃতিঃ যস্য সঃ) অতএব অনীশঃ অসমর্থঃ, কঃ পুমান্ প্রকৃতিপুরুষয়োঃ অপি পরস্য ঈশ্বরস্য সর্ব্বনিয়ন্তুঃ, তব সকলজননিকায়স্য জনসমূহস্য, বৃজিনানি পাপানি, নিরস্যন্তি ইতি তথাভূতাঃ শিবতমাঃ মঙ্গলকারিণঃ অতএব প্রবরাঃ সকলসাধনশ্রেষ্ঠাঃ গুণাণাঃ তেষাং একদেশঃ তস্য কথনাং ঋতে ততোঽধিকং, অর্ব্বাক্তনাভিঃ তব স্বরূপং অস্পৃশন্তীভিঃ, নাম চ রূপং চ আকৃতিঃ আকারঃ চ তাভিঃ তব রূপনিরূপণং কর্ত্তুং অর্হতি? ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

প্রকৃতিপুরুষয়োঃ পরস্য অতএব ঈশ্বরস্য অর্ব্বাক্তনাভিঃ ত্বামস্পৃশন্তীভিঃ প্রপঞ্চান্তর্গতাভিঃ নামচ রূপঞ্চ আকৃতিশ্চাকারঃ তাভিস্তব স্বরূপনিরূপণং কর্ত্তুং কোনাম পুমানর্হতি। স হেতাবন্মাত্রমেবার্হতি নাধিকমিত্যাহুঃ। সকলজননিকায়স্য বৃজিনং নিরস্যন্তীতি তথা তে শিবতমাঃ প্রবরাশ্চ যে গুণগণাস্তেষামেকদেশঃ তস্য কথনাদ্বিনা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রপঞ্চান্তর্গতাভিঃ নাম ইন্দ্রনীলমণ্যাদিরূপং তচ্ছ্যামতাকৃতিস্তৎপ্রতিমা তাভিঃ রূপস্য নিরূপণমপি কর্ত্তুং কোঽর্হতি স্তুতেবার্ত্তাতু দূরে বর্ত্ততামিত্যর্থঃ। তব কীদৃশস্য প্রকৃতি-পুরুষয়োরপি পরস্য। নহি প্রকৃতিপুরুষাতীতং রূপং প্রকৃতেন্দ্রনীলমণ্যাদিভিঃ সদৃশী কর্ত্তুমুচিত-মিত ভাবঃ। নম্বপ্রাকৃতপদার্থৈরেব মদ্রূপমুপনীয়তাং তত্রাহুঃ। গুণানাং যো ব্যতিকরঃ প্রপঞ্চ স্তস্মিন্ এব মতির্যস্য সঃ। প্রাকৃত-জীবলোকস্যাপ্রাকৃতপদার্থেষু বুদ্ধিপ্রবেশাসম্ভবা-দিতি ভাবঃ। অতস্তব ভক্তবাৎসল্যগুণানাং কেনাপ্যংশেন কীর্ত্তনমাত্রং কর্ত্তুমর্হতীত্যাহুঃ। সকলেতি ভক্তবাৎসল্যমেবাহুঃ ॥ ৬ ॥

বিক্ষিপ্ত হওয়ায়, সংসারে কোন কর্ম্মেই পটু হয় না; তখন প্রকৃতিপুরুষের অতীত সকলের নিয়ন্তাস্বরূপ আপনার অশেষ মঙ্গলপ্রদ, যাবদীয় জন-সমূহের পাপনিবারক, সর্ব্বসাধন-শ্রেষ্ঠ গুণগ্রামের একদেশ মাত্র কীর্ত্তন করা ব্যতীত কোন্ ব্যক্তি আপনার স্বষ্ট অতএব আপনাকে স্পর্শ করিতে অপারক নাম, রূপ, ও আকারের দ্বারা আপনার রূপের নিরূপণ করিতে সমর্থ হইবে? যে রূপে ও যে যে ভাবে ভক্তজনের সাধ আপনি পূরণ করিয়া থাকেন, ভক্তগণ তাহারই কথঞ্চিৎ কীর্ত্তনে আপনার মহিমা প্রকাশে যত্নবান্ হয় মাত্র ॥ ৬ ॥

হে পরমেশ! আপনার ভক্ত সেবকগণ স্তব করিবার মানসে স্খলিতা-ক্ষরেও যে সকল শব্দের উচ্চারণ করেন, ভক্তিভাবে যে সামান্য বারি, কোমল

পরিজনানুরাগ বিরচিত শবলসংশব্দ সলিল সিত কিশলয় তুলসি দূর্ব্বা-ঙ্কুরৈরপি সংভৃতয়া সপর্য্যয়া কিল পরম পরিতুষ্যসি ॥ ৭ ॥

অথানয়াপি ন ভবত ইজ্যয়োরুভার-ভরয়া সমুচিতমর্থমিহোপলভামহে ॥ ৮ ॥

আত্মন এবানুসবনমঞ্জসা ব্যতিরেকেণ বোভূয়মানাশেষপুরুষার্থস্বরূপস্য ॥ ৯ ॥

অন্বয়ঃ

হে পরম! পরিজনৈঃ সেবকজনৈঃ, অনুরাগেণ বিরচিতাঃ যে শবলসংশব্দাঃ প্রেম্ণা স্খলিতাক্ষরস্তুতয়ঃ, সলিলং সিতকিশলয়াঃ কোমল-পল্লবাঃ, চ তুলসিশ্চ দূর্ব্বা চ অঙ্কুরাঃ যবাঙ্কুরাঃ, তৈঃ সম্ভৃতয়া সম্পাদিতয়া, সপর্য্যয়া পূজয়া, এব ত্বং পরিতুষ্যসি ॥ ৭ ॥

অথ অন্যথা তু অনয়া উরুভারভরয়া অনেক-সাধনসম্পন্নয়া অপি ইজ্যয়া যাগেন, ভবতঃ সমুচিতং অপেক্ষিতং, অর্থং প্রয়োজনং, ইহ যাগে ন উপলভামহে নৈব পশ্যামঃ ॥ ৮ ॥

আত্মনঃ স্বতঃ, এব অনুসবনং নিরন্তরং, অঞ্জসা সাক্ষাৎ, বোভূয়মানাঃ অতিশয়েন ভবন্তো, যে অশেষাঃ সর্ব্বে, পুরুষার্থাঃ তে স্বরূপং যস্য পরমানন্দস্বরূপস্য তব ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অবাঙ্‌মনসগোচরোঽপি ত্বং ভক্তানাং সুখারাধ্য এবেত্যাহুঃ। হে পরম পরিজনৈরনু-রাগেণ বিরচিতা যে শবলসংশব্দা গদ্গদাক্ষরস্তুতয়ঃ সলিলঞ্চ সিতকিশলয়াশ্চ শুদ্ধপল্লবাঃ শিলেতি পাঠে শিলং কুশাদি মঞ্জরী এবমাদিভিঃ সংভৃতয়া সম্পাদিতয়া পূজয়া পরি-তুষ্যসি ॥ ৭ ॥

অথেতি প্রকারান্তরে অন্যথাতু অনয়া ইজ্যয়া যোগেনাপি উরুভারভরয়াঽনেকাঙ্গ-সমৃদ্ধয়াঽপি ভবতঃ সমুচিতমপেক্ষিতমর্থং প্রয়োজনং নৈব পশ্যামঃ ॥ ৮ ॥

অত্র হেতুঃ আত্মনঃ স্বতএব অনুসবনং সর্ব্বদা অঞ্জসা সাক্ষাৎ বোভূয়মানা অতিশয়েন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিজনৈর্ভক্তজনৈরনুরাগেণ বিরচিতা শবলসংশব্দা গদ্গদাক্ষরস্তুতয়শ্চ সলিলাদয়শ্চ তৈরপি সংপাদিতয়া। শিলেতি পাঠে শিলং মঞ্জরী। হে পরম ॥ ৭ ॥

অস্মাকন্তু ভক্তির্নাস্তীত্যতঃ কথন্তে পরিতোষো ভবিষ্যতীত্যাহুঃ। ইজ্যয়া যাগেন উরু-ভার-ভরয়া অনেকাঙ্গসমৃদ্ধয়াপি ভবতঃ সমুচিতমপেক্ষিতং প্রয়োজনং নোপলভামহে ॥ ৮ ॥

তত্র হেতুঃ। আত্মনঃ স্বত এবানুষবণং প্রতিক্ষণমেব অঞ্জসা সাক্ষাদেব অব্যতিরেকেণ

কিশলয়, তুলসী ও দূর্ব্বা এবং যবাদি অঙ্কুর আপনার উদ্দেশে সমর্পণ করেন, আপনি তাহাতেই বিশেষ সন্তোষ লাভ করিয়া থাকেন ॥ ৭ ॥

কিন্তু সেই ভক্তি ব্যতীত প্রচুর দ্রব্য-সম্ভারে সম্পাদিত বিপুল-দক্ষিণ যজ্ঞের অনুষ্ঠানেও আপনার কোনরূপ তৃপ্তি লাভ ঘটে না; কারণ যজ্ঞোপ-লক্ষে যে কোন দ্রব্যই প্রদান করা যাউক্ না, তাহার কোনটীতেই আপনার কোনরূপ প্রয়োজন বোধ বা ইষ্টলাভ দেখি না! ॥ ৮ ॥

কিন্তু নানাশিষ আশাসানানামেতদভিসংরাধনমাত্রং ভবিতুমর্হতি ॥ ১০ ॥

তদ্‌যথা বালিশানাং স্বয়মাত্মনঃ শ্রেয়ঃ পরমবিদুষাং পরম পরমপুরুষ-

অন্বয়ঃ।

কিন্তু (যদ্যপি পূজাদিনা ভগবতঃ উপকারাভাবাৎ তদপেক্ষা নাস্তি তথাপি) হে নাথ স্বামিন্! আশিষঃ ভোগান্ আশাসানানাং কাময়মানানাং, অস্মাকং এতৎ পূজাদিকং ভবতঃ অভিসংরাধনমাত্রং ভবিতুং অর্হতি ভবৎসন্তোষদ্বারা অস্মন্মনোরথপূর্ত্তয়ে ভবত্যেব ॥ ১০ ॥

তৎ তস্মাৎ পূর্ব্বোক্তহেতোঃ এব যথা বালিশানাং বালকানাং পিতা অপ্রার্থিতোঽপি শ্রেয়ঃ সম্পাদয়তি তথা স্বয়মাত্মনঃ স্বস্য পরং শ্রেয়ঃ মোক্ষাখ্যং, অবিদুষাং অজ্ঞানতাং, অপি পরমেভ্যঃ উৎকৃষ্টেভ্যঃ ব্রহ্মাদিভ্যঃ, অপি পরমঃ পুরুষঃ পুরুষোত্তমঃ ভবান্, প্রকর্ষযুক্ত্যা করুণয়া অপ-

শ্রীধরস্বামী।

ভবন্তো যেঽশেষাঃ পুরুষার্থা স্তে স্বরূপং যস্য পরমানন্দস্য ॥ ৯ ॥

ন চৈবং সত্যপি যাগানর্থক্যমিত্যাহুঃ কিন্ত্বিতি। সকামানামস্মাকমেবৈতদুপযুজ্যতে নৈবেত্যর্থঃ ॥ ১০ ॥

স্বোপযোগমেব প্রদর্শয়ন্তি তদ্‌যথেতি। পরমেভ্যোঽপি পরমপুরুষঃ প্রকর্ষযুক্ত্যা করুণয়া উপকল্পয়িষ্যন্ সম্পাদয়িষ্যন্ চকারাৎ কামিতঞ্চ নাপচিতঃ। অনপচিতঃ অপূজিত এব পূজান-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যতিরেকং বিচ্ছেদং বিনৈব বোভূয়মানা অতিশয়েন ভবন্তো যেঽশেষাঃ পুরুষার্থাঃ ফলভূতা আনন্দাস্তে স্বরূপং যস্য ॥ ৯ ॥

নচৈবং সত্যপি যাগানর্থক্যমিত্যাহুঃ কিন্ত্বিতি। সকামানামস্মাকমেতদেব সংরাধনমাত্র-মিতি অস্মৎকর্ত্তৃকমেব নতু বস্তুতো ভবৎকর্ম্মকমিত্যর্থঃ ॥ ১০ ॥

ননু তর্হি কথং সন্তুষ্টোঽহং যুষ্মংপ্রত্যক্ষীভূতোঽস্মীতি তত্রাহুঃ তত্তস্মাৎ। যথা বালিশানা-মজ্ঞানামপি সমীপমনাহূতোঽপ্যপূজিতোঽপি বিজ্ঞঃ কৃপাবশাত্তানুদ্ধর্ত্তুমায়াতি তথৈব ত্বং পরমে-

---

কারণ আপনি অশেষবিধ পুরুষার্থের আতিশয্যে সর্ব্বোচ্চভাবে এবং পরমানন্দস্বরূপে নিরন্তর বিরাজ করিতেছেন ॥ ৯ ॥

অবশ্য পূজাদি দ্বারা ভগবানের কোনরূপ অভাবের মোচন বা কোনরূপ উপকার-লাভ নাই বটে, কিন্তু হে প্রভো হৃদয়স্বামিন্! আমরা অনন্ত ভোগের প্রার্থী হইয়া এইরূপ আপনার পূজা করিলে, আমাদের মনো-বাসনা পূরণার্থ নিশ্চয় আপনার সন্তোষলাভ হইয়া থাকে ॥ ১০ ॥

অতএব কর্ম্মাকর্ম্ম-বিবেক-বিহীন সম্পূর্ণ অনভিজ্ঞ সন্তানের উপকার যেমন তাহার পিতা অপ্রার্থিতভাবেও সম্পাদন করিয়া থাকেন, সেইরূপ আপনার পরম মঙ্গলময় পবিত্র মোক্ষস্বরূপে আমরা অনভিজ্ঞ হইলেও

প্রকর্ষকরুণয়া স্বমহিমানঞ্চাপবর্গাখ্যমুপকল্পয়িষ্যন্ স্বয়ং নাপচিত এবেতরবদিহোপলক্ষিতঃ॥ ১১ ॥

অথহায়মেব বরো হ্যর্হত্তম যর্হি বর্হিষি রাজর্ষে র্বরদর্ষভো ভবান্ নিজপুরুষেক্ষণবিষয় আসীৎ॥ ১২ ॥

অন্বয়ঃ।

বর্গাখ্যং স্বস্য মহিমানং নিজানন্দং উপকল্পয়িষ্যন্, স্বয়ং নাপচিতঃ পূজাপেক্ষারহিতঃ, এব ইতরবৎ সাপেক্ষবৎ ইহ যজ্ঞে উপলক্ষিতঃ দৃষ্টো জাতঃ॥ ১১ ॥

হি যস্মাৎ ভবান্ বরদর্ষভঃ (বরদানাং ব্রহ্মাদীনাং ঋষভঃ শ্রেষ্ঠঃ) অথ তথাপি হে অর্হত্তম পূজ্যতম! যর্হি রাজর্ষেঃ নাভেঃ বর্হিষি যজ্ঞে, নিজপুরুষাণাং স্বসেবকানাং, অস্মাকং ঈক্ষণবিষয়ঃ ভবান্ আসীৎ তদা অয়ং ভবদ্দর্শনলাভঃ এব অস্মাকং বরঃ সংজাতঃ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

পেক্ষত্বাৎ স্বয়মেবোপলক্ষিতঃ দৃষ্টোঽসি ইতরবৎ সাপেক্ষবৎ॥ ১১ ॥

যদ্যপি ত্বং বরান্ দাতুমাবির্ভূতোঽসি তথাপি হে অর্হত্তম! রাজর্ষে র্বর্হিষি যজ্ঞে নিজপুরুষাণাং ত্বদ্ভক্তানাং অস্মাকং ঈক্ষণবিষয়ো ভবান্ যর্হি যদা আসীৎ তদা হ্যয়মেব বরঃ সংজাতঃ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্যোঽপি পরমঃ পুরুষঃ প্রকর্ষযুক্তয়া নিরুপাধিকয়া করুণয়া স্বমহিমানং স্বমহৈশ্বর্য্যং তদনুভবমিত্যর্থঃ। অপবর্গ ইত্যাখ্যা যস্য তং। চকারাৎ কামিতং বস্তু চ উপকল্পয়িষ্যন্ দাস্যন্ স্বয়ং নাপচিত এবাস্মদ্ভক্ত্যভাবাদপূজিত এব ইতরবৎ যজ্ঞকৌতুকদর্শী ইতরজন ইব॥ ১১ ॥

যথা তথা ভবতু যুয়ন্তু বরং বৃণুথেতি চেৎ তত্রাহুঃ। অথহায়মিতি নিজপুরুষাণাং স্বভক্তানামীক্ষণবিষয়োঽপি ভবান্ যর্হি যদা রাজর্ষে র্বর্হিষি যজ্ঞেঽপ্যাসীৎ আবিরভূদয়মেব বর ইত্যন্বয়ঃ॥ ১২ ॥

আপনি পরমশ্রেষ্ঠ ব্রহ্মাদির অপেক্ষাও উৎকৃষ্ট; পরমপুরুষ নারায়ণ! স্বকীয় অপূর্ব্ব করুণার প্রকাশে স্বকীয় অনুপম অপবর্গ নামক মহিমা প্রদান করত পূজাদির অপেক্ষা না করিয়াও সামান্য পূজাপ্রার্থীর ন্যায়, আমাদের এই যজ্ঞে দর্শন প্রদানে কৃতার্থ করিয়াছেন॥ ১১ ॥

আপনি বরদ ব্রহ্মাদি যাবতীয় লোকপালগণের মধ্যে যে শ্রেষ্ঠ তাহা আমরা অনায়াসে অবধারণ করিয়াছি; কারণ হে পূজ্যতম! রাজর্ষি নাভির যজ্ঞে আবির্ভূত হইয়া, নিজ সেবক-জ্ঞানে যখন আপনি আমাদের নয়নগোচর হইয়াছেন, তখন এতদপেক্ষা উৎকৃষ্ট বর আমরা কি প্রত্যাশা করিতে পারি? আপনার দর্শনলাভই আমাদের পক্ষে উৎকৃষ্ট বর॥ ১২ ॥

অসঙ্গ-নিশিত-জ্ঞানানল-বিধূতাশেষমলানাং ভবৎস্বভাবানামাত্মারামাণাং মুনীনামনবরত-পরিগুণিত-গুণগণ-পরমমঙ্গলায়ন-গুণগণকথনোঽসি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

অসঙ্গেন সর্ব্বতো বৈরাগ্যেণ নিশিতং তীক্ষ্ণীকৃতং যৎ জ্ঞানং স এব অনলঃ তেন বিধূতাঃ নিরস্তাঃ অশেষাঃ মলাঃ রাগলোভাদয়ঃ যেষাং অতএব ভবতঃ ইব শান্তঃ স্বভাবঃ যেষাং অতএব আত্মনি রমণং যেষাং এবম্ভূতানাং মুনীনাং পরমমঙ্গলায়নং পরমানন্দজনকং গুণগণকথনং এব যস্য সঃ তথাভূতঃ এব (অনবরতং নিরন্তরং পরিগুণিতা অভ্যাসেন বর্ণিতাঃ গুণগণাঃ যস্য তৎ সম্বোধনে ত্বং) অসি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

দর্শনস্য দুর্ল্লভতামাহুঃ। অসঙ্গেন বৈরাগ্যেণ নিশিতং যজ্জ্ঞানং স এবানলস্তেন বিধূতা অশেষা মলা যেষাং অতো ভবত ইব স্বভাবো যেষাং তানেবাহুঃ আত্মারামাণাং এবংভূতানাং মুনীনামপি পরমমঙ্গলায়নঃ গুণগণকথনমেব নতু দর্শনং যস্য অতস্তৈরনবরতং পরিগুণিতা অভ্যস্তা গুণগণা যস্য ইতি সম্বোধনং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বৈরতিদুর্ল্লভাৎ ত্বদ্দর্শনাদপ্যধিকো বরো বরণীয় ইতি মূঢ়ানামেব মতং নতু বিজ্ঞানামিত্যাহ অসঙ্গেন বৈরাগ্যেণ নিশিতং যজ্জ্ঞানং স এবানলস্তেন নির্ধূতাশেষসকামত্বমলানাং ভবত্যেব স্বীয়ো ভাবো দাস্যাদি র্যেষাং অতএবাত্মনি ত্বয্যেব আসম্যগেব রমমাণানাং মুনীনাং পরমমঙ্গলায়নং গুণগণকথনমেব নতু দর্শনং যস্য। অতস্তৈরনবরতং পরিগুণিতা অভ্যস্তা গুণগণা যস্যেতি সম্বোধনং ॥ ১৩ ॥

সকল বিষয়ের বৈরাগ্য দ্বারা তীক্ষ্ণীকৃত জ্ঞানানলে যাহাদের রাগাদি মনোমালিন্য সম্পূর্ণ বিনষ্ট হইয়াছে, অতএব আপনার ন্যায় নির্ম্মল স্বভাব ধারণে আত্মারাম হইয়াছেন, তাদৃশ মুনিগণ পরমানন্দ-জনক আপনার পবিত্র গুণগ্রাম নিরন্তর কীর্ত্তন করিয়া থাকেন! আপনিই তাঁহাদের আরাধ্য বস্তু ॥ ১৩ ॥

আভাস।

ঋষিগণ বলিলেন, হে ভগবন্! প্রকাশ করিবার উপযুক্ত কথা না হইলেও হৃদয়ের নিধি আপনাকে পাইয়া কোন বিষয় অপ্রকাশ রাখিতে নাই, সেইজন্য যজমানের অপরাধের কথাও আপনার নিকট নিবেদন করি! আপনি বিবেচনা পূর্ব্বক তাহার প্রতিবিধান করুন! আমাদের যজমান নাভি একজন রাজর্ষি; ইনি পুত্রলাভের জন্য নিতান্তই আকাঙ্ক্ষা করিতেছেন; তাঁহার অভিলাষ অন্য সাধারণ দেবতার দ্বারা সহজে পূর্ণ হইবার সম্ভাবনা থাকিলেও, তিনি আপনার আরাধনা করিয়াছেন। কিন্তু আপনি যে স্বর্গ ও অপবর্গ দানের অধিকারী, তাহা তিনি বিলক্ষণ জানেন; তথাপি ঐহিকের ভোগও যে আপনার হস্তে সম্পূর্ণ ন্যস্ত আছে, সেইটীর

অথ কথঞ্চিৎ স্খলন-ক্ষুৎপতনজৃম্ভণদুরবস্থানাদিষু বিবশানাং নঃ স্মরণায় জ্বরমরণ-দশায়ামপি সকলকশ্মলনিরসনানি তব গুণকৃত-নামধেয়ানি বচন-গোচরাণি ভবন্তু ॥ ১৪ ॥

কিঞ্চায়ং রাজর্ষিরপত্যকামঃ প্রজাং ভবাদৃশীমাশাসান ঈশ্বরমাশিষাং স্বর্গা-

অন্বয়ঃ।

(যদ্যপি ভগবদ্দর্শনেন বয়ং কৃতার্থাঃ) অথ তথাপি, স্খলন ক্ষুৎপতন জৃম্ভণ দুরবস্থানাদিষু জ্বরমরণদশায়াং চ স্মরণায় ত্বাং স্মর্ত্তুং, বিবশানাং অসমর্থানাং, অপি নঃ অস্মাকং, সকল-কশ্মল-নিরসনানি (সকলানি কশ্মলানি পাপানি নিরস্যন্তি ইতি তথাভূতানি) তব গুণকৃত-নামধেয়ানি কথঞ্চিৎ বচনগোচরাণি উচ্চারণবিষয়াণি, ভবন্তু ইতি ॥ ১৪ ॥

কিঞ্চ (মূর্খঃ) অধনঃ যথা (উত্তমবস্তুপ্রাপ্তি-যোগ্যতায়াং অপি কেবলং) ফলীকরণং তুষ-কণাদিকং আশাসানঃ এব ধনদং ধনাঢ্যং উপধাবতি তথা প্রজায়াং এব অর্থপ্রত্যয়ঃ পুরুষার্থ-

শ্রীধরস্বামী।

দর্শনেনৈব কৃতার্থা অপি বরমেকং প্রার্থয়ন্তে অথেতি। স্মরণায় বিবশানাং ত্বাং স্মর্ত্তুম-শক্তানাং নঃ ॥ ১৪ ॥

অন্যচ্চ প্রার্থনীয়মস্তি ইত্যাহুঃ কিঞ্চেতি। আশিষামৈহিকীনাং স্বর্গাপবর্গয়োরপীশ্বরং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অস্মাকন্ত্বস্থিরমনসাং মন্দানামেতাবত্তু ভবত্বিত্যাহুঃ। অথেতি ত্বদ্দর্শনপ্রাপ্ত্যনন্তর-মিত্যর্থঃ। স্মরণায় বিবশানাং ত্বাং স্মর্ত্তুমসমর্থানাং ॥ ১৪ ॥

কিঞ্চেতি নিবেদয়িতুমযোগ্যমপ্যাবশ্যকত্বেনৈকং নিবেদয়াম এবেত্যর্থঃ। অয়মস্মদ্‌যজ-মানো রাজর্ষিরপত্যকামঃ। অপত্যন্তু দেবতান্তরযজনেনাপি ভবতি তদপি ত্বাং ভগবন্তমুপ-

হে ভগবন্! ভবদীয় সন্দর্শন লাভে যদিও আমরা কৃতার্থ হইলাম বটে, কিন্তু তথাপি স্খলন, পতন, ক্ষুধাপীড়ন, জৃম্ভণ বা অন্যান্য দুরাবস্থাতে পতিত হইয়া কিম্বা জ্বরা ও মরণাদিদশায় বিবিধ ক্লেশের পীড়নে অবশ হইয়া যখন মূর্চ্ছাপন্ন হইব, তখন যেন যাবতীয় সন্তাপনাশন দুরিতহর ভবদীয় নাম ও গুণ-গ্রামের উচ্চারণ করিতে পারি এইরূপ সামর্থ্য আমাদিগকে প্রদান করুন্ ॥১৪॥

অহো! নিতান্ত নিঃস্ব দরিদ্র যেমন ধনবানের নিকট উপস্থিত হইয়াও, নিজের ভাগ্যদোষে প্রকৃত ধনের প্রার্থনা না করিয়া, কেবল তণ্ডুলকণা বা

আভাস।

উপরই তাঁহার বিশেষ কটাক্ষ। কিন্তু হে ভগবন্! যদি বিপুল ধনবান্ ব্যক্তির সমীপে একজন কণাপ্রার্থী ব্যক্তি উপস্থিত হইয়া কেবল কণামাত্রের অভিলাষ করে, ধনী কি তখন তাহাকে কেবল তণ্ডুল-কণা দিয়াই সন্তুষ্ট হন? কখনই নহে! তিনি প্রার্থীর প্রার্থনা অনুসারে কণা প্রদানে বাধ্য হন বটে, কিন্তু তাহা তণ্ডুলের বা তুষের কণা নহে; তিনি

স্বর্গাপবর্গয়োরপি ভগবন্তমুপধাবতি প্রজায়ামর্থপ্রত্যয়ো ধনদমিবাধনঃ ফলীকরণং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

বুদ্ধিঃ, অয়ং রাজর্ষিঃ অপত্যকামঃ এব ভবাদৃশীং প্রজাং ভবৎসদৃশং পুত্রং আশাসানঃ, আকাঙ্ক্ষমাণঃ, আশিষাং ঐহিকভোগানাং, স্বর্গাপবর্গয়োঃ অপি ঈশ্বরং স্বামিনং, ত্বাং ভগবন্তং, উপধাবতি আরাধয়তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

ত্বামুপধাবতি। প্রজায়ামেব পুরুষার্থ ইতি প্রত্যয়ো যস্য। অধনো যথা ফলীকরণং তুষকণাদিকং আশাসানো ধনদমুপধাবতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধাবতি। নম্বু তদপ্যহং স্বর্গাপবর্গাদিকমপি দাস্যামীত্যাশঙ্ক্যাহঃ। আশিষামৈহিকানাং স্বর্গাপবর্গয়োরীশ্বরমপ্যুপধাবতি অথচ প্রজায়ামেব অর্থঃ পুরুষার্থঃ। ইতি প্রত্যয়ো নত্বপর্গাদিষু যস্য স ইতি মৌঢ্যং। অধনো যথা ফলীকরণং তুষকণাদিকমাশাসানো ধনদমুপধাবতীতি তত্রাপি প্রজাং ভবাদৃশীমাশাসান ইতি ধার্ষ্ট্যং পশ্যেতি ভাবঃ ॥ ১৫ ॥

তুষ মাত্র ভিক্ষা করিয়া থাকে, অদ্য সেইরূপ পুত্রলাভকেই পরমপুরুষার্থ মনে করিয়া, আমাদের রাজর্ষি পুত্রলাভের বাসনায় আপনার সমক্ষে উপস্থিত হইয়াও আপনার সদৃশ পুত্র মাত্র প্রার্থনা করিতেছেন; কিন্তু আপনি যে ঐহিকের যাবদীয় ভোগ এবং পরলোকে অতুল ঐশ্বর্য্যস্বরূপ সুখময় স্বর্গ এমন কি! পরম পদ মোক্ষ পর্য্যন্ত জীবকে প্রদান করিয়া থাকেন, তাহা কিছু মাত্র লক্ষ্য না করিয়া, কেবল পুত্রকামনায় আপনার আরাধনা করিয়াছেন ॥১৫

আভাস।

প্রার্থীকে অনুগ্রহ করিয়া রাশীকৃত সুবর্ণকণা প্রদান করিয়া থাকেন; কারণ তাঁহার ভাণ্ডার তাহাতেই পরিপূর্ণ। অতএব আমাদের যজমানের প্রার্থনা কণাপ্রার্থীর ন্যায় আপনার নিকট পুত্র প্রার্থনা কোন মতে সঙ্গত না হইলেও, আপনি ভাবগ্রাহী; সকলই অবগত আছেন। সাধারণ পুত্রলাভে আমাদের যজমানের হৃদয় শান্ত হইবে না; পুত্র চান বটে; কিন্তু মানব পুত্র নহে। আপনাকে তাঁহার পুত্র সাজিতে হইবে; আপনার সদৃশ পুত্র তাঁহাকে প্রদান করিতে হইবে। নতুবা বাঞ্ছাকল্পতরু নামে যেন কিছু কলঙ্ক রটিবে। হে দয়াময়! আমাদের যজমানের ধৃষ্টতা ক্ষমা করিবেন ॥ ১৪ ॥ ১৫ ॥

হে দীনবন্ধো! ভবদীয় সংসার-জলধিতে নিপতিত হইয়া, কোন্ ব্যক্তি আত্মরক্ষা করিতে সমর্থ হইয়াছে? আপনার দৈবী মায়ার প্রভাবে সকলেই হতজ্ঞান ও ইন্দ্রিয়-পরতন্ত্র হইয়া পড়ে। আপনি যদি কৃপা প্রকাশে স্বীয় হস্ত প্রসারণ পূর্ব্বক তাহাদিগকে উদ্ধার না করেন, তবে এই বন্ধুহীন কুমার্গে তাহাদিগকে কে আশ্রয় প্রদান করিবে?

কোবা ইহ তেঽপরাজিতোঽপরাজিতয়া মায়য়াঽনবসিত-পদব্যানাবৃতমতি বিষয়-বিষ-রয়ানাবৃতপ্রকৃতিরনুপাসিতমহচ্চরণঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

যতঃ তে তব অপরাজিতয়া তথা অনবসিতপদব্যা (ন অবসিতা ন লক্ষিতা পদবী মার্গঃ যস্যাঃ তয়া) অনাবৃতমতিঃ মোহিতচিত্তঃ, অতএব অপরাজিতঃ ইন্দ্রিয়াদিপারবশ্যং অনাপাদিতঃ অতএব বিষয়বিষরয়ানাবৃতপ্রকৃতিঃ (বিষয়ঃ এব বিষং তস্য রয়ঃ বেগঃ তেন ন আবৃতা প্রকৃতিঃ স্বভাবঃ যস্য সঃ) ইহ সংসারে কঃ বা? ন কোঽপীত্যর্থঃ। যতঃ অনুপাসিতমহচ্চরণঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ইদঞ্চ নাতিচিত্রমিত্যাহুঃ। ইহ সংসারে তেঽপরাজিতয়া মায়য়া অনবসিতপদব্যা অলক্ষিতমার্গয়া অপরাজিতঃ কোবৈ ন কোঽপি। অতস্তয়াঽনাবৃতমতিঃ কঃ। অতএব বিষয়া এব বিষং তস্য রয়া বেগা স্তৈরনাবৃতা প্রকৃতির্যস্য স কঃ যদ্যনুপাসিতমহচ্চরণঃ অতস্তন্মায়ামোহিতস্যৈবমাশংসা ঘটত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাস্য দোষ ইত্যাহুঃ কোবা ইতি। ইহ সংসারে অপরাজিতয়া কেনাপি পরাজেতুমশক্তয়া অনবসিতপদব্যা কেনাপ্যলক্ষিতমার্গয়া মায়য়া কোবা অনাবৃতমতিঃ ন কোঽপীত্যর্থঃ। তে তব কীদৃশস্য পরাজিতঃ মায়াং পরাজয়ত ইতি পরাজিৎ কিবন্তং তস্য অনুপাসিতেত্যুপাসিতমহচ্চরণ এবৈকো মায়াং নিস্তরতি। রাজর্ষিরয়ন্তু ন তাদৃশ ইতি ভাবঃ ॥ ১৬ ॥

কারণ হে মহাপ্রভো! আপনার অপরাজিত অলক্ষ্য ও অনির্ব্বচনীয় মায়ার কুহকে মোহিত হয় না, এরূপ কোন জীবই সংসারে নয়নগোচর হয় না। যে মহামায়ার প্রভাবে ব্রহ্মাদি লোকপালগণও নিষ্কৃতি পান না এবং কোন্ সূত্রে বা অবস্থাতে যে মায়া জীব-সন্নিধানে আত্ম-পরিচয় প্রদান করিবেন, কেহ তাহার অনুসন্ধান করিতে পারে না, তাদৃশ মায়ার প্রতাপে ইন্দ্রিয়ের অধীনতা স্বীকারে বিষয়রূপ ভীষণ বিষের আক্রমণে যে আক্রান্ত হন না, এরূপ লোক অতি বিরল। কারণ মহাজনের পথ অনুসরণ না করাই যাবদীয় অনর্থের একমাত্র মূল ॥ ১৬ ॥

আভাস।

মহতের শরণাগত হওয়াই তাদৃশ জলধি উত্তরণে একমাত্র উপায়। আমাদের যজমান আপনার শরণাগত; মিষ্টান্নপ্রার্থী পীড়িত সন্তানকে যেমন ঔষধি-মিশ্রিত মোদক সেবন করাইয়া পিতা তাহাকে আরোগ্য করেন, অদ্য ভবৎসদৃশ পুত্র প্রদানে মহারাজ নাভির পুত্রলালনের সাধ পূরণে এই ভবরোগ হইতে তাঁহাকে আরোগ্য করিতে হইবে। তাঁহাকে ভোগ এবং মুক্তি একত্র প্রদান করিতে হইবে ॥ ১৭ ॥

যদুহ বাব তব পুনরদভ্রকর্ত্তরিহ সমাহূত স্তদর্থধিয়াং মন্দানাং নস্তদ্দেবহেলনং দেবদেবার্হসি সাম্যেন সর্ব্বান্ প্রতিপ্রতিবোঢ়ুমবিদুষামিতি।

অন্বয়ঃ।

হে দেবদেব! তদর্থধিয়াং অপত্যবুদ্ধীনাং, মন্দানাং মন্দমতীনাং, অবিদুষাং নঃ অস্মাকং তু যংদেবহেলনং (দেবস্য তব হেলনং অবজ্ঞানং জাতং) তং সর্ব্বান্ প্রতি সাম্যেন প্রতিবোঢ়ুং অর্হসি। যতঃ হে অদভ্রকর্ত্তর্ মহৎকার্য্যকারিন্! ত্বং এবম্ভূতঃ অপি ইহ যজ্ঞে, যদুহ বাব অল্পীয়সে পুত্রপ্রাপ্তিকার্য্যায়ৈব অস্মাভিঃ সমাহূতঃ অসি॥

ইতি এবং নিগদেন গদ্যাত্মকেন, স্তোত্রেণ অভিষ্টূয়মানঃ বর্ষধরাভিবাদিতত্বি গভিবন্দিতচরণঃ (বর্ষধরঃ ভারতবর্ষাধিপতিঃ নাভিঃ তেন অভিবাদিতাঃ যে ব্রাহ্মণাঃ তৈঃ অভিবন্দিতৌ

শ্রীধরস্বামী।

অদভ্রকর্ত্তঃ হে বহুকার্য্যকারিন্। অল্পীয়সে কার্য্যায় ত্বং যদস্মাভিরিহ সমাহূতোঽসি তত্র প্রজায়ামর্থধী র্যেষাং তেষাং মন্দানাং যদ্দেবহেলনং অবজ্ঞানং তং সর্ব্বান্ প্রতি তব সাম্যেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বজনস্য সকামত্বলক্ষণমপরাধং ক্ষময়ন্তঃ স্তোত্রমুপসংহরতি যদিহেতি হে অদভ্রকর্ত্তঃ অনল্পকারিন্ ব্রহ্মাদিদুর্ল্লভং ত্বদ্দর্শনমপি সকামেভ্যোঽপ্যস্মভ্যমদা ইতি ভাবঃ। যং ত্বমিহ সমাহূত স্তেন অর্থধিয়াং সকামানামস্মাকং যদ্দেবস্য তব হেলনমবজ্ঞানং তং প্রতিবোঢ়ুং সোঢ়ুং অর্হসি তত্র হেতুঃ হে দেবদেব সর্ব্বান্ প্রতি যত্তব সাম্যং তেন॥

হে দেবদেব! পুত্রলাভকেই পরমার্থ জ্ঞান করিয়া, আমাদের চিত্ত নিতান্ত দূষিত হইয়াছে; সুতরাং আপনাকে পুত্ররূপে প্রাপ্ত হইবার লালসা করায়, আপনার প্রতি আমাদের অবহেলা করা হইয়াছে; কিন্তু আপনাকে তাহা সহ্য করিতে হইবে। কারণ, হে সর্ব্বকার্য্যকারিন্! আপনি পরম পুরুষ পরমেশ্বর হইয়াও যখন আমাদের অতি অকিঞ্চিৎকর তুচ্ছ সাধ পূরণ করিবার জন্য, আমাদের আহ্বানে আমাদের যজ্ঞে পুত্র প্রদানের নিমিত্তই আবির্ভূত হইয়াছেন, তখন আমাদের সকল অপরাধই যে আপনি ক্ষমা করিবেন, তাহাতে আর সন্দেহ নাই॥

ভারতবর্ষপতি নাভি কর্ত্তৃক যজ্ঞোপলক্ষে আদরাতিশয়ে আনীত ব্রাহ্মণগণ

আভাস।

নিষ্কাম না হইলে, কখন আপনার সন্দর্শন-লাভ ঘটে না; কিন্তু যখন বাসনা-কলুষিত হৃদয়ের সমক্ষে একবার দেখা দিয়াছেন, তখন হৃদয়কে কলুষিত বলিয়া ক্ষান্ত থাকিলে, চলিবে না; নিজগুণে তাহার কালুষ্য নিবারণ করুন! হে দেবদেব! যদি ব্রহ্মাদি লোকপালগণেরও অপরাধ সহ্য করিয়া, তাঁহাদের হৃদয়স্থ অন্ধকারকে অপনোদিত করিয়া থাকেন, তবে সামান্য

নিগদেনাভিষ্টূয়মানো ভগবাননিমিষর্ষভো বর্ষধরাভিবাদিতঋত্বিগভিবন্দিতচরণঃ সদয়মিদমাহ ॥

শ্রীভগবানুবাচ ॥

অহোবতাহমৃষয়ো ভবদ্ভিরবিতথগীর্ভির্বরমসুলভমভিযাচিতো যদমুষ্যাত্মজো ময়া সদৃশো ভূয়াদিতি ॥ ১৭ ॥

মমাহমেবাভিরূপং কৈবল্যাৎ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

চরণৌ যস্য সঃ) অনিমিষর্ষভঃ (অনিমিষাণাং দেবানাং ঋষভঃ পালকঃ) ভগবান্ সদয়ং যথা ভবতি তথা ইদং বক্ষ্যমাণং আহ ॥

শ্রীভগবান্ উবাচ। অহো বত আশ্চর্য্যং এব কৃতং ; হে ঋষয়ঃ! অবিতথগীর্ভিঃ সত্যবাগ্‌ভিঃ, ভবদ্ভিঃ অসুলভং দুর্ল্লভমেব বরং অহং অভিযাচিতঃ যৎ অমুষ্য নাভেঃ ময়া সদৃশঃ আত্মজঃ পুত্রঃ ভূয়াদিতি ॥ ১৭ ॥

কৈবল্যাৎ (মম সদৃশস্য দ্বিতীয়স্য অভাবাৎ) মম অভিরূপঃ স্বরূপঃ সদৃশঃ অহং এব ॥ ১৮

শ্রীধরস্বামী।

হেতুনা প্রতিবেঢ়ং অর্হসীতি নিগদেন গদ্যাত্মকস্তোত্রেণ বর্ষধরো ভারতবর্ষপতি র্নাভিস্তেন অভিবাদিতা যে ঋত্বিজ স্তৈরভিবন্দিতৌ চরণৌ যস্য ॥ ১৭ ॥

অসুলভত্বে হেতুঃ মমাহমেবাভিরূপঃ সদৃশঃ কৈবল্যাদদ্বিতীয়ত্বাৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিগদেন গদ্যাত্মকস্তোত্রেণ বর্ষধরো ভারতবর্ষপতি র্নাভিস্তেনাভিবাদিতা যে ঋত্বিজ স্তৈরভিবন্দিতৌ চরণৌ যস্য ॥

অবিতথাগীর্ভিরমোঘবাগ্‌ভিঃ ॥ ১৭ ॥

অভিরূপঃ সদৃশঃ কৈবল্যাদিতি। অহং খলু জগদীশ্বরঃ নহি জগদীশ্বরোঽন্যঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥ দ্বিজেষু দেবা ইব ব্রাহ্মণাস্তেষাং কুলং ॥ ১৮ ॥

গদ্যচ্ছন্দে ভগবানের স্তব করিলে, দেবদেব মহাপুরুষ পরমেশ্বর প্রসন্ন হইয়া ঋষিগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥—

ভগবান্ বলিলেন, হে ঋষিগণ! আপনারা সত্যনিষ্ঠ ; আপনাদের কথা কখন অন্যথা হইবে না বটে, কিন্তু নিতান্ত দুর্ল্লভ বর আপনারা আমার নিকট প্রার্থনা করিয়াছেন। আমার তুল্য পুত্র নাভির হউক! এইরূপ প্রার্থনা যে আপনারা করিয়াছেন, ইহার পূরণ করা অতীব দুঃসাধ্য ॥ ১৭ ॥

আভাস।

মানবের অপরাধ যে আপনি গ্রহণ করিবেন না, তাহা আমরা বিলক্ষণ অবগত আছি এবং সেই বলেই এরূপ অনুনয় করিতে সাহসী হইলাম ॥ ১৭ ॥

অথাপি ব্রহ্মবাদো ন মৃষা ভবিতুমর্হতি মমৈব হি মুখং যদ্দ্বিজদেবকুলং। ১৯

তত্রাগ্নীধ্রীয়েঽংশকলয়াবতরিষ্যাম্যাত্মতুল্যমনুপলভমান ইতি নিশাময়ন্ত্যা মেরুদেব্যাঃ পতিমভিধায়ান্তর্দধে ভগবান্। ২০।।

অন্বয়ঃ

অথাপি বরস্য দুর্ল্লভত্বে অপি ব্রহ্মবাদঃ (ব্রাহ্মণানাং যুষ্মাকং বচনং) মৃষা ভবিতুং ন অর্হতি; যতঃ দ্বিজদেবকুলং (দ্বিজেষু ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যেষু দেবাঃ ইব প্রকাশমানাঃ তেষাং কুলং) হি মম মুখং এব ॥ ১৯ ॥

ততঃ তস্মাৎ ব্রাহ্মণবচনস্য অবিতথত্বস্য অযুক্তত্বাৎ আত্মতুল্যং ঐশ্বর্য্যাদিভিঃ স্বসদৃশং, অন্যং অনুপলভমানঃ অপশ্যন্, অহং এব অংশকলয়া স্বাংশেন আগ্নীধ্রীয়ে আগ্নীধ্রপুত্রে, নাভৌ অবতরিষ্যামি ইতি মেরুদেব্যাঃ নাভেঃ ভার্য্যায়াঃ, নিশাময়ন্ত্যাঃ সত্যাঃ তস্যাঃ পতিং নাভিং এবং অভিধায় উক্ত্বা ভগবান্ অন্তর্দধে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

দ্বিজেষু দেবা ইব ব্রাহ্মণাস্তেষাং কুলং ॥১৯॥ আগ্নীধ্রীয়ে নাভৌ। পতিং নাভিং ॥২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আগ্নীধ্রীয়ে অগ্নীধ্রেপুত্রে ॥ ১৯ ॥ ২০ ॥

কারণ আমার অনুরূপ আর দ্বিতীয় পদার্থ ত এই সংসারে অন্য কিছুই নাই। আমি অদ্বিতীয়; আমার অনুরূপ আমিই মাত্র।। ১৮।।

কিন্তু যদিও আপনাদের বর নিতান্তই অসঙ্গত ও অসম্ভব, তথাপি আপনাদের ন্যায় ব্রাহ্মণের বাক্য কখনই অন্যথা হইবে না; কারণ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য নামক দ্বিজাতির মধ্যে আপনারাই তাহাদের দেবতা সদৃশ প্রকাশস্থল ও মুখপাত্র।। ১৯।।

অতএব ব্রাহ্মণের বাক্য অন্যথা হইবে না এবং আমারও সদৃশ অন্য কাহাকে অবলোকন করি না সুতরাং আমি তোমাদের কথা রক্ষার্থ নিজেই স্বকীয় অংশে আগ্নীধ্র পুত্র নাভির পুত্ররূপে তদীয় ভার্য্যা মেরুদেবীর গর্ভে আবির্ভূত হইব; এই বলিয়া ভগবান্ সকলের সমক্ষ হইতে অন্তর্হিত হইলেন ॥২০॥

আভাস।

অহো! ভক্তের নিকট ভগবান্ ঋণী হইয়া পড়িলেন। ভক্ত পুত্র চাহিয়াই যদিও ক্ষান্ত হইলেন, তাঁহাকে চান নাই বটে, কিন্তু ভগবান বাধ্য হইয়া, আত্মসমর্পণ করিলেন। কারণ ভক্ত তাঁহার সদৃশ পুত্র প্রার্থনা করিলেন মাত্র; কিন্তু ভগবান্ ত নিজের স্বরূপ আর দ্বিতীয় দেখিতে পাইলেন না। তিনি যেন অপ্রতীভ হইয়া, সদৃশের পরিবর্ত্তে মুল আপনাকেই পুত্ররূপে প্রদান করত সর্ব্বস্বান্ত হইলেন। অহো ধন্য ভক্ত! ॥ ১৮ ॥ ১৯ ॥

বর্হিষি তস্মিন্নেবং বিষ্ণুদত্ত ভগবান্ পরমর্ষিভিঃ প্রসাদিতো নাভেঃ প্রিয়-চিকীর্ষয়া তদবরোধায়নে মেরুদেব্যাং ধর্ম্মান্ দর্শয়িতুকামো বাতবসনানাং শ্রমণানামৃষীণামূর্দ্ধমন্থিনাং শুক্লয়া তনুবা অবততার ।। ২১ ।।

।। * ।। ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভদেবাবির্ভাবস্তৃতীয়োঽধ্যায়ঃ ।। * ।। ৩ ।। * ।।

অন্বয়ঃ।

হে বিষ্ণুদত্ত! তস্মিন বর্হিষি নাভেঃ যজ্ঞে, এবং উক্তপ্রকারেণ, পরমর্ষিভিঃ প্রসাদিতঃ ভগবান্ নাভেঃ প্রিয়চিকীর্ষয়া তস্য অবরোধায়নে অন্তঃপুরে, মেরুদেব্যাং বাতবসনানাং দিগ্-বাসসাং, শ্রমণানাং তপস্বিনাং, ঊর্দ্ধমন্থিনাং নৈষ্ঠিকব্রহ্মচারিণাং, ঋষীণাং জ্ঞানিনাং, ধর্ম্মান্ দর্শয়িতুকামঃ শুক্লয়া শুদ্ধসত্ত্বাত্মিকয়া, তনুবা মূর্ত্ত্যা, অবততার ॥ ২১ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

হে বিষ্ণুদত্ত তস্যাবরোধায়নে অন্তঃপুরে মেরুদেব্যাং শুক্লয়া তন্বা শুদ্ধসত্ত্বমূর্ত্ত্যা অবততার কেষাং ধর্ম্মান বাতবসনানাং দিগ্বাসসাং পাষণ্ডিব্যাবৃত্ত্যর্থমাহ শ্রমণানাং তপস্বিনাং, ঋষীণাং জ্ঞানিনাং ঊর্দ্ধমন্থিনাং নৈষ্ঠিকব্রহ্মচারিণাং ॥ ২১ ॥

।। * ॥ ইতি পঞ্চমে তৃতীয়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে বিষ্ণুদত্ত তদবরোধায়নে তদন্তঃপুরস্থলে যা মেরুদেবী তস্যাং। বাতবসনানাং দিগ্বাসসাং দিগ্বাসসো বালা অপি ভবন্তীত্যত আহ শ্রমণানাং তপস্বিনাং। তথাভূতাঃ পাষণ্ডিনোঽপি ভবন্তীত্যত আহ ঋষীণাং শাস্ত্রোক্তজ্ঞানবতাং তেষাং ব্রহ্মচর্য্যাদভ্রংশমাহ ঊর্দ্ধমন্থিনামূর্দ্ধ-রেতসাং শুক্লয়া শুদ্ধসত্ত্বরূপয়া তনুবা তন্বা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে বিষ্ণুদত্ত! নাভির যজ্ঞে পরমর্ষিগণ পূর্ব্বোক্ত প্রকারে পরমেশ্বরকে স্তবের দ্বারা প্রসন্ন করিলে, ভগবান্ নারায়ণ নাভির মঙ্গল-কামনায় তাঁহারই অন্তঃপুরমধ্যে মেরুদেবীর গর্ভে আবির্ভূত হইলেন এবং বাতবসন তপস্বী নৈষ্ঠিক ব্রহ্মচারী ঋষিগণের ধর্ম্মসমূহের নিরাকরণার্থ বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তিতে স্বয়ং আবির্ভূত হইলেন।। ২১ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত তৃতীয়াধ্যায়ের অনুবাদ সমাপ্ত।।

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! ভগবান্ এই প্রকারে মূর্ত্তিধারণে মেরু-দেবীর গর্ভ হইতে প্রসূত হইলে, ভগবদ্ভাবের যাবতীয় লক্ষণ তাঁহার অঙ্গে

শ্রীশুক উবাচ॥

অথ তমুৎপত্ত্যৈবাভিব্যজ্যমানভগবল্লক্ষণং সাম্যোপশম-বৈরাগ্যৈশ্বর্য্য-মহাবিভূতিভিরনুদিনমেধমানানুভাবং প্রকৃতয়ঃ প্রজা ব্রাহ্মণা দেবতাশ্চাবনিতলসমবনায়াতিতরাং জগৃধুঃ॥ ১॥

তস্য হ বাব ইত্থং বর্ষ্মণা বরীয়সা বৃহচ্ছ্লোকেন চৌজসা বলেন শ্রিয়া

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। অথ অবতারানন্তরং, অবনিতলসমবনায় ভূতল-পরিপালনায়, প্রকৃতয়ঃ প্রজাঃ, ব্রাহ্মণাঃ দেবতাঃ চ উৎপত্ত্যা এব অভিব্যজ্যমানভগবল্লক্ষণং (অভিব্যজ্যমানানি ভগবতঃ লক্ষণানি পাদতলাদিষু বজ্রাঙ্কুশাদীনি চিহ্নানি যস্য তং) তথা সাম্যোপশমবৈরাগ্যৈশ্বর্য্য-মহাবিভূতিভিঃ সহ অনুদিনং প্রত্যহং, এধমানঃ বর্দ্ধমানঃ, অনুভাবঃ যস্য তং, অতিতরাং জগৃধুঃ অভিকাঙ্ক্ষন্তি স্ম॥ ১॥

ইত্থং পূর্ব্বোক্তৈঃ অন্যৈঃ চ লোকপ্রসিদ্ধৈঃ গুণৈঃ হ বাব তস্য পিতা নাভিঃ বরীয়সা শ্রেষ্ঠ-

শ্রীধরস্বামী।

চতুর্থাদি ত্রিভিঃ প্রোক্তমৃষভস্যেহিতং মহৎ।
লোকার্থং যেন সৎ কর্ম্ম নৈষ্কর্ম্ম্যঞ্চ নিদর্শিতং॥
চতুর্থে শত পুত্রস্য রাজ্যং তস্যোপবর্ণ্যতে।
যস্য রাজ্যে জনঃ সর্ব্বঃ সন্তোষামৃতনির্বৃতঃ॥ *॥

অভিব্যজ্যমানানি ভগবল্লক্ষণানি পাদতলাদিষু বজ্রাঙ্কুশাদীনি যস্য মহাবিভূতিঃ সর্ব্ব-সম্পত্তিঃ সাম্যাদিভিঃ সহ বর্দ্ধমানপ্রভাবং। প্রকৃতয়োঽমাত্যাদয়ঃ। জগৃধুঃ অভিকাঙ্ক্ষন্তিস্ম॥১॥

বর্ষ্মণা দেহেন। তস্য বিশেষণদ্বয়ং বরীয়সা শ্রেষ্ঠতমেন। বৃহন্তঃ শ্লোকাঃ পদ্যানি কবীনাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্থে পুত্রশতকং ভরতপ্রবরং প্রভুঃ।
জনয়িত্বা ব্যধাদ্রাজ্যং প্রজানাং সার্ব্বকামিকং॥ *॥

জগৃধুরভিচকাঙ্ক্ষুঃ॥ ১॥

বর্ষ্মণা দেহেনৈতস্য বিশেষণদ্বয়ং বরীয়সা শ্রেষ্ঠেন বৃহন্তঃ শ্লোকাঃ কবীনাং যস্মিন্

ক্রমশ সুস্পষ্ট লক্ষিত হইতে লাগিল; পাদতলাদিতে ধ্বজ বজ্রাদির চিহ্ন যথাযথ প্রতীত হইতে লাগিল এবং সর্ব্বত্র সমত্ব, উপশম, বৈরাগ্য ও মহৈশ্বর্য্য সহ তদীয় অনুপম প্রভাব দিন দিন পরিবর্দ্ধিত হইয়া উঠিল। এতদবলোকনে অমাত্যবর্গ, প্রজাগণ, ব্রাহ্মণ ও দেবতাগণের মনে অভিলাষ হইল যে, ইনিই যেন রাজা হইয়া অবনীতল প্রতিপালন করেন॥ ১॥

আভাস।

চতুর্থাধ্যায়ে নাভিপুত্র ঋষভদেবের রাজ্যবর্ণন॥

যশসা বীর্য্যশৌর্য্যাভ্যাঞ্চ পিতা ঋষভ ইতীদং নাম চকার ॥ ২ ॥

তস্য হীন্দ্রঃ স্পর্দ্ধমানো ভগবান্ বর্ষে ন ববৃষে তদবধার্য্য ভগবানৃষভদেবো যোগেশ্বরঃ প্রহস্যাত্মযোগমায়য়া স্বং বর্ষমজনাভং নামাভ্যবর্ষৎ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

তমেন বৃহচ্ছ্লোকেন (বৃংহন্তঃ শ্লোকাঃ পদ্যানি যস্মিন্ তেন) ওজসা ইন্দ্রিয়সামর্থ্যেন, বলেন শ্রিয়া শোভাতিশয়েন, যশসা কীর্ত্ত্যতিশয়েন, বীর্য্যেণ প্রভাবাতিশয়েন, শৌর্য্যেণ মনসঃ সামর্থ্যেন, ঋষভঃ ইতি ইদং নাম চকার ॥ ২ ॥

স্পর্দ্ধমানঃ বিরোধং আচরন্, ইন্দ্রঃ যদা তস্য বর্ষে অজনাভখণ্ডে, ন ববর্ষ তদা তং অবধার্য্য ইন্দ্রকৃতং অবর্ষণং জ্ঞাত্বা, ভগবান্ যোগেশ্বরঃ ঋষভদেবঃ প্রহস্য আত্মযোগমায়য়া অজনাভং নাম (অজঃ ঋষভদেবঃ নাভিঃ তস্য পিতা চ তাভ্যাং রক্ষিতত্বাৎ অজনাভসংজ্ঞং) স্বং বর্ষং অভ্যবর্ষৎ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

যস্মিন্ তেনচ ওজস্তেজো বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যং উৎসাহঃ এতৈর্গুণৈঃ অতিশ্রেষ্ঠত্বাৎ ঋষভঃ শ্রেষ্ঠ ইতি নাম চকার ॥ ২ ॥

যস্য বর্ষে মণ্ডলে ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যমুৎসাহঃ। ঋষভ ইতি শ্রেষ্ঠত্বাদিত্যর্থঃ ॥ ২ ॥

অজঃ শ্রীঋষভদেবঃ, নাভিস্তৎপিতা তাভ্যাং রক্ষিতত্বাদজনাভসংজ্ঞমিত্যর্থঃ। বৃদ্ধ্যাভাব আর্ষঃ ॥ ৩ ॥

কবিগণের কবিত্বশক্তির পরিচয়ে বর্ণনীয় অনুপম রমণীয় কলেবর পরিগ্রহে ভগবান্ ঋষভদেব স্বকীয় তেজঃ, প্রভাব, কান্তি, উৎসাহ, শক্তি ও যশঃ প্রভৃতি যাবতীয় গুণে অলঙ্কৃত হইয়া উঠিলেন। এই সমস্ত দর্শন করিয়া, তদীয় পিতা নাভি তাঁহার নাম ঋষভ রাখিলেন ॥ ২ ॥

হে নরনাথ! ঋষভদেবের প্রভাবের বিষয় আর কি বর্ণন করিব? এক সময়ে অমরাধিপ ইন্দ্র স্পর্দ্ধা করত তদীয় অজনাভ নামক বর্ষখণ্ডে বারিবর্ষণ বন্ধ করিলেন; ভগবান্ ঋষভদেব ইন্দ্রের দৌরাত্ম্য অবগত হইয়া, মনে মনে হাস্য করিলেন এবং স্বকীয় যোগমায়ার প্রভাবে স্বয়ং অজ ও পিতা নাভির রক্ষিত অজনাভ নামক বর্ষখণ্ডে প্রয়োজন অনুসারে প্রচুর বারি বর্ষণ করিলেন ॥ ৩ ॥

ভগবান্ পুত্ররূপে অবতীর্ণ হইলে, মহারাজ নাভি তাদৃশ সুপুত্র লাভে অতীব প্রহৃষ্ট হইলেন এবং ইনি আমার পুত্র, এইরূপ মায়ামোহিত চিত্তে ও বিশেষ অনুরাগের সহিত তাঁহার লালন পালন করত, হে বৎস! হে তাত! ইত্যাদি গদ্গদস্বরে সম্বোধন পূর্ব্বক, নিত্য নিরতিশয় আনন্দ উপভোগ

নাভিস্তু যথাভিলষিতং সুপ্রজস্ত্বমবরুধ্যাতিপ্রমোদভর-বিহ্বলো গদ্গদা-ক্ষরয়া গিরা স্বৈরং গৃহীতনরলোকসধর্ম্মং ভগবন্তং পুরাণপুরুষং মায়া-বিলসিতমতি র্বৎস তাতেতি সানুরাগ মুপলালয়ন্ পরাং নির্বৃতিমুপগতঃ ॥ ৪ ॥

বিদিতানুরাগমাপৌর-প্রকৃতি জনপদো রাজা নাভি রাত্মজং সময়সেতু-রক্ষায়ামভিষিচ্য ব্রাহ্মণেষূপনিধায় সহ মেরুদেব্যা বিশালায়াং প্রসন্ননিপুণেন

অন্বয়ঃ।

নাভিস্তু যথাভিলষিতং সুপ্রজস্ত্বং ভগবদবতাররূপং সৎপুত্রং অবরুধ্য প্রাপ্য, প্রমোদভর-বিহ্বলঃ প্রহৃষ্টচিত্তঃ, সন্ হে বৎস! হে তাত! ইত্যেবং গদ্গদাক্ষরয়া স্খলিতবর্ণয়া, গিরা স্বৈরং স্বেচ্ছয়া, গৃহীতনরলোকসধর্ম্মং (গৃহীতঃ নরলোকসমানঃ ধর্ম্মঃ মনুষ্যব্যবহারঃ যেন তং) পুরাণপুরুষং সনাতনং পুরুষোত্তমং ভগবন্তং মায়াবিলসিতমতিঃ (মায়য়া বিলসিতা মম পুত্রো-ঽয়মিতি বিমোহিতা মতিঃ যস্য তথাভূতঃ এব) সানুরাগং উপলালয়ন্ পরাং নির্বৃতিং উপগতঃ পরমানন্দং প্রাপ্তঃ ॥ ৪ ॥

আপৌরপ্রকৃতি (পৌরান্ প্রকৃতীশ্চ অভিব্যাপ্য) বিদিতানুরাগং (বিদিতঃ অনুরাগঃ যস্মিন্ তং পৌরাণাং প্রকৃতীনাঞ্চ অনুরাগো যো নিজপুত্রেঽস্তি তং বিজ্ঞায়) জনপদঃ (জনাঃ পৌরাদয়ঃ পদং প্রমাণং যস্য সঃ) রাজা নাভিঃ সময়সেতুরক্ষায়াং সময়ানুরূপধর্ম্মমর্য্যাদা-পালনার্থং, আত্মজং ঋষভং (রাজ্যে) অভিষিচ্য ব্রাহ্মণেষু উপনিধায় ব্রাহ্মণবশবর্ত্তিনং কৃত্বা,

শ্রীধরস্বামী।

অবরুধ্য প্রাপ্য। স্বৈরমিচ্ছয়া গৃহীতো নরলোকসমানধর্ম্মো মনুষ্যাকারো যেন তং অতএব মায়য়া স্বপুত্র ইতি বিলসিতা মতি র্যস্য ॥ ৪ ॥

আপৌরপ্রকৃতি পৌরান্ প্রকৃতিশ্চাভিব্যাপ্য বিদিতোঽনুরাগো যস্মিন্। কথম্ভূতো নাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয়ঃ পদং প্রমাণং যস্য সঃ। আত্মজং ধর্ম্মমর্য্যাদারক্ষার্থং অভিষিচ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবরুদ্ধ্য প্রাপ্য। মায়য়া পুত্রজ্ঞানেন বিলসিতা মতির্যস্য সঃ। স্যান্মায়া শাম্বরীবুদ্ধ্যো-রিতি ত্রিকাণ্ডশেষঃ ॥ ৪ ॥

আপৌর-প্রকৃতি পৌরান্ প্রকৃতীশ্চাভিব্যাপ্য। বিদিতোঽনুরাগো যস্মিং স্তং কথং-ভূতো-নাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয় এব পদং আত্মজাভিষেকে প্রমাণং যস্য সঃ। সময়ানাং

করিতে লাগিলেন। অহো! নিজের ইচ্ছানুসারে মনুষ্য-বিগ্রহ ধারণে পরম পুরুষ ভগবান্ পুরুষোত্তম নাভির গৃহে অবতীর্ণ এবং নাভি তাঁহাকে পুত্রবোধে প্রতিপালন করিতে লাগিলেন! ॥ ৪ ॥

নিজের পুত্রের প্রতি পুরবাসী জনগণ ও অমাত্যবর্গের একান্ত অনুরাগ অবলোকন করিয়া, বিষয়-সম্ভোগে সম্পূর্ণ বিরক্ত রাজা নাভি প্রজাবর্গের অভিপ্রায় অনুসারে কামনানুরূপ ধর্ম্ম-মর্য্যাদার পালনার্থ স্বকীয় পুত্র ঋষভ-

তপসা সমাধিযোগেন নরনারায়ণাখ্যং ভগবন্তং বাসুদেবমুপাসীনঃ কালেন তন্মহিমানমবাপ। যত্র হ পাণ্ডবেয় শ্লোকাবুদাহরন্তি। ৫॥

কোনু তৎ কর্ম্ম রাজর্ষে র্নাভেরন্বাচরেৎ পুমান্।
অপত্যতামগাৎ যস্য হরিঃ শুদ্ধেন কর্ম্মণা॥ ৬॥

অন্বয়ঃ

স্বয়ং মেরুদেব্যা স্বভার্য্যয়া সহ বিশালায়াং বদরিকাশ্রমে, প্রসন্ননিপুণেন পরানুদ্বেজকেন তীব্রেণ চ তপসা, সমাধিযোগেন চ নারায়ণাখ্যং ভগবন্তং বাসুদেবং উপাসীনঃ আরাধয়ন্ কালেন তন্মহিমাং ভগবৎসাম্যং, অবাপ জীবন্মুক্তঃ জাতঃ। হে পাণ্ডবেয়! যত্র নাভিযশোবর্ণনপ্রসঙ্গে, পুরাবিদঃ দ্বৌ শ্লোকৌ উদাহরন্তি পঠন্তি ইতি॥ ৫॥

(তৌ শ্লোকৌ যথা) তৎ তস্য রাজর্ষেঃ নাভেঃ কর্ম্ম অনু তদনন্তরং, কোনু পুমান্ আচরেৎ কর্ত্তুং শক্নুয়াৎ? যস্য শুদ্ধেন কর্ম্মণা ভক্ত্যা, যজ্ঞানুষ্ঠানেন, হরিঃ স্বয়ং অপত্যতাং অগাৎ॥ ৬

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণানামুৎসঙ্গে নিধায় বিশালায়াং বদরিকাশ্রমে। প্রসন্নং পরানুদ্বেজকং, নিপুণঞ্চ তীব্রং তেন উপাসীনঃ সেবমানঃ॥ ৫॥

নাভে স্তৎ প্রসিদ্ধং কর্ম্ম অনু তদনন্তরং কোনু পুমান্ আচরেৎ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদাচারাণাং যা যা মর্য্যাদা স্তদ্রক্ষণায় বিশালায়াং বদরিকাশ্রমে প্রসন্নেন সর্ব্বত্র প্রসাদবতা সর্ব্বসুখদেনেত্যর্থঃ। নিপুণেন ফলসাধনসামর্থ্যেন। তস্যৈব মহিমা যত্র তৎ বৈকুণ্ঠং॥ ৫॥

শুদ্ধেন কর্ম্মণা ভক্তিযোগেন॥ ৬॥

দেবকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং ব্রাহ্মণগণের তত্ত্বাবধানে পুত্রকে রক্ষা করিয়া, স্বীয় পত্নী মেরুদেবীকে সমভিব্যাহারে লইয়া বিশাল বদরিকাশ্রমে প্রস্থান করিলেন। তথায় অন্যের অনুদ্বেগকর তীব্র তপস্যার অনুষ্ঠানে ও সমাধিযোগের অবলম্বনে ভগবান্ বাসুদেব নারায়ণের আরাধনা করিয়া যথাকালে তদীয় অপার মহিমাস্বরূপ ভগবৎসারূপ্য লাভে জীবন্মুক্ত হইলেন। হে পাণ্ডুবংশাবতংস! এই নাভির যশোবর্ণন প্রসঙ্গে পুরাবিৎ পণ্ডিতগণ দুইটী শ্লোক পাঠ করিয়া থাকেন॥ ৫॥

শ্লোকার্থ যথা; সেই রাজর্ষি নাভির অনুরূপ কর্ম্ম জগতে কোন্ ব্যক্তি অদ্যাবধি অনুষ্ঠান করিতে সক্ষম হইতে পারেন? বোধ হয়, কেহই তাহা সম্পাদনে সমর্থ হন না। কারণ সেই রাজর্ষির বিশুদ্ধ ভক্তিপূর্ণ যজ্ঞের অনুষ্ঠানে প্রসন্ন হইয়া, সাক্ষাৎ শ্রীহরি তাঁহার পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন॥৬॥

নাভির সদৃশ অন্য ব্রাহ্মণভক্ত ব্যক্তি ত কুত্রাপি নয়নগোচর হয় না;

ব্রহ্মণ্যোঽন্যঃ কুতো নাভে র্বিপ্রা মঙ্গলপূজিতাঃ।
যস্য বর্হিষি যজ্ঞেশং দর্শয়ামাসুরোজসা॥ ৭॥

অথহ ভগবান্ ঋষভদেবঃ স্বং বর্ষং কর্ম্মক্ষেত্রমনুমন্যমানঃ প্রদর্শিত-গুরু-কুলবাসো লব্ধবরৈ র্গুরুভিরনুজ্ঞাতো গৃহমেধিনাং ধর্ম্মাননুশিক্ষমাণো জয়ন্ত্যা-

অন্বয়ঃ।

নাভেঃ অন্যঃ তৎসদৃশঃ ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, কুতঃ কুত্র অস্তি? যস্য বর্হিষি যজ্ঞে, মঙ্গলৈঃ দক্ষিণাদিভিঃ, পূজিতাঃ সন্তঃ বিপ্রাঃ ওজসা ভক্ত্যাদিপ্রভাবেণ যজ্ঞেশং ভগবন্তং দর্শয়ামাসুঃ॥ ৭॥

অথ পিতরি প্রস্থিতে সতি ভগবান্ ঋষভদেবঃ স্বংবর্ষং অজনাভখণ্ডং কর্ম্মক্ষেত্রং ধর্ম্মসাধন-কর্ম্মানুষ্ঠান-ভূমিং অনুমন্যমানঃ গৃহমেধিনাং গৃহস্থানাং, ধর্ম্মান্ অনুশিক্ষমাণঃ অনুশিক্ষয়ন্ অতএব অন্যসংগ্রহায়, প্রদর্শিতগুরুকুলবাসঃ (প্রদর্শিতঃ গুরুকুলে বাসঃ যেন সঃ) লব্ধবরৈঃ প্রাপ্তদক্ষিণৈঃ, গুরুভিঃ গার্হস্থ্যার্থং অনুজ্ঞাতঃ সমাম্নায়াম্নাতং শাস্ত্রবিহিতং, উভয়বিধং শ্রৌতং

শ্রীধরস্বামী।

মঙ্গলৈর্দক্ষিণাদিভিঃ পূজিতাঃ সন্তঃ ওজসা মন্ত্রবলেন॥ ৭॥

অন্যেষাং গ্রহণায় প্রদর্শিতো গুরুকুলবাসো যেন অনুশিক্ষমাণঃ অনুশিক্ষয়ন্, উভয়বিধং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মঙ্গলং যথাস্যাত্তথা দক্ষিণাদিভিঃ প্রসাদিতাঃ ভক্তস্তামঙ্গলেনৈব কর্ত্রা পূজিতা ইতি বা ওজসা ভক্তিবলেন॥ ৭॥

অনুমন্যমানো জানন্। প্রদর্শিতেত্যন্যেষাং গ্রহণায়েত্যর্থঃ। লব্ধবরৈ র্লব্ধদক্ষিণৈঃ অনুশিক্ষমাণঃ শিক্ষয়ন্ উভয়বিধঃ শ্রুতিস্মৃতিলক্ষণং উভয়লক্ষণমিতি পাঠঃ। সম্যগাম্নায়েন

কারণ যাঁহার যজ্ঞে ব্রাহ্মণগণ অভ্যর্থনা ও দক্ষিণাদির দ্বারা এতই পরিতুষ্ট হইয়াছিলেন যে, ভক্ত্যাদি মন্ত্রবল ও প্রভাবের প্রকাশে তাঁহারা স্বয়ং যজ্ঞেশ্বর বিষ্ণুকে আনয়ন করিয়া, নাভিকে প্রদর্শন করাইয়াছিলেন॥ ৭॥

পিতা নাভি বনে প্রস্থান করিলে, ভগবান্ ঋষভদেব স্বীয় বর্ষ অজনাভ-খণ্ডকে ধর্ম্মসাধক কর্ম্মের অনুষ্ঠান-ভূমি বিবেচনা করিয়া, গৃহস্থগণকে ধর্ম্ম-কর্ম্মের উপদেশ প্রদানের অভিপ্রায়ে স্বয়ং গুরুকুলে বাস করিলেন; তথায় শিক্ষিত হইয়া, যথাকালে উপযুক্ত দক্ষিণা গুরুগণকে প্রদান করত তাঁহাদের অনুমতিক্রমে শাস্ত্রবিহিত শ্রৌত এবং স্মার্ত্ত উভয়বিধ কর্ম্মেরই অনুষ্ঠানে রত হইলেন। তিনি ইন্দ্রকন্যা জয়ন্তীকে ভার্য্যাত্বে গ্রহণ করিয়া, তদীয় গর্ভে আত্মতুল্য এক শত পুত্র উৎপাদন করিলেন। এই পুত্রগণের মধ্যে সর্ব্ব-জ্যেষ্ঠ ভরত মহাযোগী এবং অনেক শ্রেষ্ঠগুণসম্পন্ন জ্ঞানী ছিলেন। তাঁহার

মিন্দ্রদত্তায়ামুভয়বিধং কর্ম্ম সমাম্নায়াম্নাতমভিযুঞ্জন্নাত্মজানামাত্মসমানানাং শতং জনয়ামাস। যেষাং খলু মহাযোগী ভরতো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠগুণ আসীৎ যেনেদং বর্ষং ভারতমিতি ব্যপদিশন্তি ॥ ৮ ॥

তমনু কুশাবর্ত্ত ইলাবর্ত্তো ব্রহ্মাবর্ত্তো মলয়ঃ কেতু র্ভদ্রসেন ইন্দ্রস্পৃক্ বিদর্ভঃ কীকট ইতি নব নবতিপ্রধানাঃ ॥ ৯ ॥

কবি র্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ। আবির্হোত্রোঽথ দ্রবিড়শ্চমসঃ করভাজন ইতি ভাগবত ধর্ম্মদর্শনা নব মহাভাগবতা স্তেষাং সুচরিতং ভগবন্ম-

অন্বয়ঃ।

স্মার্ত্তং চ কর্ম্ম অভিযুঞ্জন্ অনুতিষ্ঠন্, ইন্দ্রদত্তায়াং তৎকন্যায়াং, জয়ন্ত্যাং স্বভার্য্যায়াং, আত্ম-সমানানাং স্বযোগ্যানাং আত্মজানাং শতং জনয়ামাস। যেষাং পুত্রাণাং মধ্যে খলু শ্রেষ্ঠগুণঃ মহাযোগী আত্মজ্ঞানী, ভরতঃ জ্যেষ্ঠঃ আসীৎ; যেন তস্য শ্রেষ্ঠগুণত্বেন পূর্ব্বপ্রসিদ্ধং ইদং অজনাভং বর্ষং ইদানীং ভারতমিতি ব্যপদিশন্তি ॥ ৮ ॥

তং ভরতং অনু কুশাবর্ত্তাদয়ঃ নবপুত্রাঃ নবতিপ্রধানাঃ নবতেঃ নবতিসংখ্যাকেভ্যঃ পুত্রেভ্যঃ প্রধানাঃ জ্যেষ্ঠাঃ ইত্যর্থঃ ॥ ৯ ॥

তদনন্তরং কব্যাদয়ঃ নবপুত্রাঃ জাতাঃ। তেষাং বংশঃ চ ন জাতঃ। যতঃ তে জন্মতঃ এব মহাভাগবতাঃ ভগবদেকনিষ্ঠাঃ ভাগবতধর্ম্মদর্শনাঃ। তেষাং সুচরিতং ভাগবন্মহিমোপ-

শ্রীধরস্বামী।

শ্রুতিস্মৃতিলক্ষণং কর্ম্মবিধিং অভিযুঞ্জন্ অনুতিষ্ঠন্ জয়ন্ত্যামাত্মজানাং শতং জনয়ামাস ॥ ৮ ॥

তং ভরতমনু কুশাবর্ত্তাদয়ো নবতেঃ প্রধানাঃ শ্রেষ্ঠাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণোপদেশেনাম্নাতমভ্যস্তং অভিযুঞ্জন্ অনুতিষ্ঠন্ আম্নায়ো নিগমেঽপি চ। উপদেশেঽপীতি মেদনী ॥ ৮ ॥

তং ভরতমনু ভরতস্য কনিষ্ঠা ইত্যর্থঃ। নবতিপ্রধানাঃ নবতে র্জ্যেষ্ঠা ইত্যর্থঃ। পুংস্ত্বমার্ষং ॥

অলোকসামান্য গুণের পরিচয়ে পূর্ব্বপ্রসিদ্ধ অজনাভ বর্ষও সম্প্রতি ভারতবর্ষ নামে অভিহিত হইতেছে ॥ ৮ ॥

হে মহারাজ! ঋষভদেবের অন্য যে নবাধিক নবতি পুত্র ছিল, তন্মধ্যে কুশাবর্ত্ত, ইলাবর্ত্ত, ব্রহ্মাবর্ত্ত, মলয়, কেতু, ভদ্রসেন, ইন্দ্রস্পৃক্, বিদর্ভ এবং কীকট নামে নয়জনই প্রধান; ইহাঁরা নয়জনই ভরতের অনুগত থাকিয়া, কার্য্য করিতে লাগিলেন ॥ ৯ ॥

এবং এই নয়জন পুত্রের পরবর্ত্তী কবি, হবি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন,

হিমোপবৃংহিতং বসুদেব-নারদ-সম্বাদমুপশমায়নমুপরিষ্টাদ্বর্ণয়িষ্যামঃ ॥ ১০ ॥

যবীয়াংস একাশীতি র্জায়ন্তেয়াঃ পিতুরাদেশকরা মহাশালিনাঃ মহাশ্রোত্রিয়া যজ্ঞশীলাঃ কর্ম্মবিশুদ্ধা ব্রাহ্মণা বভূবুঃ ॥ ১১ ॥

ভগবানৃষভসংজ্ঞ আত্মতন্ত্রঃ স্বয়ং নিত্যনিবৃত্তানর্থ-পরম্পর কেবল আনন্দা-নুভব ঈশ্বর এব বিপরীতবৎ কর্ম্মাণ্যারভমাণঃ কালেনানুগতং ধর্ম্মমাচরণে-

অন্বয়ঃ।

বৃংহিতং উপশমায়নং শ্রোতৃচিত্তশান্তিকরং, বসুদেবনারদয়োঃ সংবাদঃ যস্মিন্ তং উপরিষ্টাৎ একাদশস্কন্ধে বর্ণয়িষ্যামঃ ॥ ১০ ॥

ততঃ যবীয়াংসঃ কনিষ্ঠাঃ একাশীতি সংখ্যাকাঃ জায়ন্তেয়াঃ জয়ন্তীপুত্রাঃ, পিতুরাদেশ-কারিণঃ, মহাশালিনাঃ নম্রতাদিগুণৈঃ অতিশোভমানাঃ, মহাশ্রোত্রিয়াঃ বেদে নিপুণাঃ, যজ্ঞ-শীলাঃ যজ্ঞাদিকর্ম্মানুষ্ঠানেন বিশুদ্ধান্তঃকরণাঃ কর্ম্মশুদ্ধাঃ, ব্রাহ্মণাঃ বভূবুঃ ॥ ১১ ॥

এব অথ, ঋষভসঙ্গঃ ভগবান্ স্বয়ং আত্মতন্ত্রঃ কর্ম্মানধীনঃ যতঃ ঈশ্বরঃ সকলনিয়ন্তা যতঃ কেবলানন্দানুভবঃ সচ্চিদানন্দরূপঃ নিত্যনিবৃত্তানর্থপরম্পরঃ (নিত্যং নিবৃত্তা অনর্থপরম্পরা

শ্রীধরস্বামী।

তদনন্তরং কবিপ্রমুখা নব ভাগবত-কর্ম্ম-প্রদর্শকাঃ। বসুদেবনারদয়োঃ সংবাদো যস্মিন্ উপরিষ্টাদেকাদশে ॥ ১০ ॥

মহাশালীনা অতিবিনীতাঃ ॥ ১১ ॥

কেবলঃ শুদ্ধঃ বিপরীতবৎ কর্ম্মাণি কুর্ব্বন্ ন্যায়ময়ং নিয়মিতবান্। ন্যায়ময়দিতিপাঠে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপরিষ্টাদেকাদশস্কন্ধে ॥ ৯ ॥ ১০ ॥ মহাশালিনা অতিবিনীতাঃ ॥ ১১ ॥

বিপরীতবৎ অনীশ্বরো জীব ইব অতদ্বিদাং দ্বিতীয়ার্থে ষষ্ঠী। ধর্ম্মমবিদুষ ইত্যর্থঃ। ধর্ম্মা-

আবির্হোত্র, দ্রবিড়, চমস এবং করভাজন নামক অন্য নয়জন পুত্র ভগবানের প্রধান ভক্ত হইয়া, ভাগবত ধর্ম্মের প্রচার করিয়াছিলেন ও ভগবানের অনন্ত মহিমার পরিচয় প্রদান করিয়াছেন। নারদসহ বসুদেবের কথোপকথনের সংবাদ উপলক্ষে উপশমোপলক্ষিত তাঁহাদের অপূর্ব্ব চরিত্র সম্বন্ধে একাদশ-স্কন্ধে পরে বর্ণন করিব ॥ ১০ ॥

এই সকলের কনিষ্ঠ অপর যে একাশী জন পুত্র ছিলেন, তাঁহারা সকলে পিতার আজ্ঞাপালন করত নিরতিশয় বিনয় ও বেদবিদ্যার পরিচয়ে এবং বিশুদ্ধ কর্ম্মের অনুষ্ঠানে যজ্ঞশীল ব্রাহ্মণ বলিয়া পরিচিত হইলেন ॥ ১১ ॥

ভগবান্ ঋষভদেব যদিও আত্মতন্ত্র ও সচ্চিদানন্দস্বরূপ পরমানন্দের পরা-কাষ্ঠা, কোন প্রকার অনর্থের সম্বন্ধ তাঁহাতে ছিল না, তিনি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ

নোপশিক্ষয়ন্নতদ্বিদাং শম উপশান্তো মৈত্রঃ কারুণিকো ধর্ম্মার্থ-যশঃ-প্রজানন্দা-মৃতাবরোধেন গৃহেষু লোকং ন্যয়ময়ৎ ॥ ১২ ॥

যদ্যচ্ছীর্ষণ্যাচরিতং তত্তদেবানুবর্ত্ততে লোকঃ ॥ ১৩ ॥

যদ্যপি স্ববিদিতং সকলধর্ম্মং ব্রাহ্মং গুহ্যং ব্রাহ্মণৈর্দর্শিতমার্গেণ সামাদিভি-

অন্বয়ঃ।

জন্মমরণ-ধর্ম্মাধর্ম্ম-সুখ-দুঃখাদ্যনর্থপরম্পরা যস্মাৎ সঃ) উপশান্তঃ রাগলোভাদিদোষরহিতঃ সমঃ পক্ষপাতরহিতঃ, কারুণিকঃ মৈত্রঃ হিতকারী, অপি বিপরীতবৎ প্রাকৃত-জীববৎ কর্ম্মাণি আরভমাণঃ কুর্ব্বন্, কালেন অনুগতং উচ্ছিন্নং ধর্ম্মং স্বয়ং আচরণেন অতদ্বিদাং ধর্ম্মাচারং অজানতঃ, জনান্ উপশিক্ষয়ন্ (ধর্ম্মাদীনাং) অবরোধেন সংগ্রহেণ, লোকং গৃহেষু নিরময়ৎ স্বেচ্ছাচারাৎ নিবর্ত্ত্য শাস্ত্রাচারে নিয়মিতবান্ ॥ ১২ ॥

যৎ যৎ শুভং অশুভং বা কার্য্যং শীর্ষণ্যাচরিতং (শীর্ষণ্যেন শ্রেষ্ঠেন আচরিতং তৎ) তৎ এব লোকঃ ইতরঃ জনঃ, অনুবর্ত্ততে করোতি ॥ ১৩ ॥

যদ্যপি ব্রাহ্মং বেদপ্রতিপাদিতং, সকলধর্ম্মং গুহ্যং রহস্যং, স্ববিদিতং (স্বেনৈব বিদিতং

শ্রীধরস্বামী।

অরময়ৎ। কর্ম্মকরণে হেতুঃ অনুগতং উৎপন্নং ধর্ম্মং স্বয়মাচরণেনাতদ্বিদামুপশিক্ষয়ন্। কথং ধর্ম্মাদীনাং অবরোধেন সংগ্রহেণ আনন্দো ভোগঃ। অমৃতং মোক্ষঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ। তেনানুচরিতং তত্তদনুচরিতং তত্তদনুবর্ত্ততে যতঃ ॥ ১৩ ॥

সকলোধর্ম্মো যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদরহস্যং। যদ্যপি স্বেনৈব বিদিতং তথাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দীনামবরোধেন প্রাপ্ত্যা হেতুনা ন্যয়ময়ৎ নিয়মিতবান্। ন্যরময়দিতি চ পাঠঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ ॥ ১৩ ॥

সকলা ধর্ম্মা যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদোক্তং রহস্যং যদ্যপি স্বেনৈব বিদিতং তদপি

ও কেবলস্বরূপ, তথাপি অনভিজ্ঞ ও অনীশ্বর জনসাধারণের ন্যায়, কর্ম্মের অনুষ্ঠানে লোকসমূহকে যাবতীয় ধর্ম্মের উপদেশ দিয়াছিলেন। তিনি স্বয়ং শান্ত ও দান্ত ছিলেন, তথাপি করুণার প্রকাশে ধর্ম্ম, অর্থ, যশঃ, প্রজাপালন, ভোগ ও মোক্ষের সংগ্রহের দ্বারা গৃহস্থাশ্রমের প্রতি লোকসমূহকে নিয়োজিত করিলেন ॥ ১২ ॥

শ্রেষ্ঠ ব্যক্তিগণ শুভ বা অশুভ যেরূপ কার্য্যেরই অনুষ্ঠান করিয়া থাকেন, সাধারণ লোক তাহারই অনুকরণ করিয়া থাকে ॥ ১৩ ॥

বেদ-প্রতিপাদিত অতি গুহ্য সর্ব্বপ্রকার ধর্ম্মই ঋষভদেব স্বয়ং অবগত ছিলেন; কাহারও নিকট হইতে তাঁহার শিক্ষালাভের প্রয়োজন ছিল না;

রুপায়ৈ র্জনতামনুশশাস ॥ ১৪ ॥

দ্রব্যদেশ-কাল-বয়ঃ-শ্রদ্ধর্ত্বি'গ্বিবিধোদ্দেশোপচিতৈঃ সর্ব্বৈরপি ক্রতুভি র্যথোপদেশং শতকৃত্ব ইয়াজ ॥ ১৫ ॥

ভগবতর্ষভেণ পরিরক্ষ্যমাণ এতস্মিন্ বর্ষে ন কশ্চন পুরুষো বাঞ্ছত্যবিদ্যমান-

অন্বয়ঃ।

তথাপি ব্রাহ্মণৈঃ দর্শিতমার্গেণ সামাদিভিঃ উপায়ৈঃ জনতাং জনসমূহং, অনুশশাস শিক্ষিতবান্ ॥ ১৪ ॥

দ্রব্যদেশ-কাল-বয়ঃ-শ্রদ্ধর্ত্বি'গ্বিবিধোদ্দেশোপচিতৈঃ (দ্রব্যং ব্রীহ্যাদি-দেশঃ পুণ্যস্থলবিশেষঃ, কালঃ বসন্তাদিঃ, বয়ঃ যৌবনং, বিবিধোদ্দেশাঃ নানাদেবতোদ্দেশাঃ তৈঃ উপচিতৈঃ সর্ব্বৈঃ অপি ক্রতুভিঃ যজ্ঞৈঃ, যথোপদেশং যথাবিধি শতকৃত্বঃ যজ্ঞেশং ইয়াজ পূজিতবান্ ॥ ১৫ ॥

এবং ভগবতা ঋষভেণ চ পরিরক্ষ্যমাণঃ এতস্মিন্ বর্ষে অজনাভখণ্ডে, কশ্চন (অন্ত্যজাদি-যোনিং প্রাপ্তঃ অতি নীচোঽপি পুরুষঃ আত্মনঃ অর্থে অন্যস্মাৎ সকাশাৎ কিমপি অত্যুৎ-কৃষ্টং অপি বস্তু কর্হিচিৎ কস্মিংশ্চিৎ অপি কালে কথঞ্চন কেনাপি প্রকারেণ ন বাঞ্ছতি;

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণান্ পৃষ্ট্বৈব করোতীত্যর্থঃ ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈর্যজ্ঞৈরিষ্টবান্। তত্র বয়ো যৌবনং যুবৈব ধর্ম্মমন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ যথোপদেশং যথাবিধি ॥ ১৫ ॥

অন্যস্মাৎ সকাশাৎ আত্মনঃ কশ্চিদপি কিমপি কথঞ্চনাপি ন বাঞ্ছতি। ইচ্ছানুদয়ে দৃষ্টান্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণৈর্দর্শিতেনৈব ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈঃ। বয়ো যৌবনং, যুবৈব ধর্ম্মমন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ ॥ ১৫ ॥

কশ্চন কশ্চিদপি পুরুষোঽবিদ্যমানং খপুষ্পমিব কমপি আত্মনঃ স্বস্য অন্যস্মাৎ সকাশাৎ

তথাপি স্বেচ্ছাচার নিবারণ পূর্ব্বক গুরূপদিষ্ট পথের অনুসরণে যে, লোকের অগ্রসর হওয়া কর্ত্তব্য, তাহারই পরিচয় প্রদানার্থ তিনি স্বয়ং সর্ব্বজ্ঞ হইয়াও ব্রাহ্মণগণের উপদিষ্ট মার্গে অগ্রসর হইলেন এবং সামাদি উপায়ের অনুসরণে প্রজাবর্গকে উপদেশ প্রদান করত প্রতিপালন করিতে লাগিলেন ॥ ১৪ ॥

ব্রীহি প্রভৃতি উৎকৃষ্ট দ্রব্য দ্বারা পবিত্র ভূমিতে বসন্তাদি উপযুক্তকালে যৌবনাদি উপযুক্ত বয়সে এবং বিবিধ দেবতার উদ্দেশে যেরূপ যজ্ঞাদির অনু-ষ্ঠান করা প্রয়োজন, ঋষভদেব যথাবিধি শাস্ত্রের অনুসরণে শত শত যজ্ঞ সম্পাদন করত সর্ব্বযজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন ॥ ১৫ ॥

এই প্রকারে ভগবান্ ঋষভদেব কর্ত্তৃক পরিরক্ষিত অজনাভখণ্ড নামক

মিবাত্মনোঽন্যস্মাৎ কথঞ্চন কিমপি কর্হিচিদবেক্ষতে ভর্ত্তর্য্যনুসবনং বিজৃম্ভিত-স্নেহাতিশয়মন্তরেণ॥ ১৬॥

স কদাচিদটমানো ভগবানৃষভো ব্রহ্মাবর্ত্তগতো ব্রহ্মর্ষিপ্রবর-সভায়াং প্রজানাং নিশাময়ন্তীনামাত্মজানবহিতাত্মনঃ প্রশ্রয়-প্রণয়-ভর-সুযন্ত্রিতানপ্যুপ-শিক্ষয়ন্নিতি হোবাচ॥ ১৭॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভদেবানুচরিতে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

অন্বয়ঃ।

ন তথা ভর্ত্তরি সর্ব্বলোকপালকে ভগবতি অনুসবনং প্রতিক্ষণং বিজৃম্ভিতঃ বর্দ্ধমানঃ যঃ স্নেহস্য অতিশয়ঃ উৎকটতা তদন্তরেণ ততোঽন্যৎ ন কিমপি অন্যদীয়ং বিভবং অবেক্ষতে পশ্যতি॥ ১৬॥

সঃ ভগবান্ ঋষভঃ কদাচিৎ ভূমিং অটমানঃ ব্রহ্মাবর্ত্তগতঃ ব্রহ্মর্ষিপ্রবরসভায়াং আত্মজান্ নিশাময়ন্তীনাং শৃণ্বন্তীনাং, প্রজানাং সমক্ষে, প্রশ্রয়-প্রণয়ভরসুযন্ত্রিতান্ (প্রশ্রয়-প্রণয়য়োঃ নম্রতা-স্নেহয়োঃ ভরেণ সুযন্ত্রিতান্ বশীকৃতান্) অবহিতাত্মনঃ সংযতচিত্তান্, অপি আত্মজান্ উপশিক্ষয়ন্ ইতি বক্ষ্যমাণং তত্ত্বজাতং হ স্ফুটতয়া উবাচ॥ ১৭॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

অবিদ্যমানং খপুষ্পাদিকমিব ন চান্যদীয়মবেক্ষতেঽপীত্যর্থঃ। ভর্ত্তরি ঋষভদেবে অনুক্ষণ-মুল্লসিত-স্নেহোদ্রেকং বিনা অন্যন্ন বাঞ্ছতি॥ ১৬॥

অবহিতাত্মনঃ সংযতচিত্তানপি প্রজানুশাসনার্থং উপশিক্ষয়ন্নিতি হ বক্ষ্যমাণমুবাচ॥ ১৭॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন বাঞ্ছতি। ভর্ত্তরি ঋষভদেবে স্নেহাতিশয়ং কেবলমবেক্ষতে অন্তরেণান্তরাত্মনা অন্তরমবকাশা-বধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ছিদ্রাত্মীয় বিনা বহিরবসর মধ্যেঽন্তরাত্মনি চেত্যমরঃ॥ ১৬॥ ১৭

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভারতবর্ষে অতি নীচ অন্ত্যজাদি যোনিগত কোন নিকৃষ্ট ব্যক্তিও স্বার্থের অনুরোধে অন্য কাহারও নিকট হইতে কখন কোন সময়ে বা প্রকারে কোন উৎকৃষ্ট বিষয়ের আকাঙ্ক্ষা করিত না; সর্ব্বলোকের পালনকর্ত্তা সর্ব্বেশ্বর ভগবানের অনুসরণ করত, সকল লোকই নিরন্তর পরিবর্দ্ধিত ভগবদ্ভক্তির প্রতিই দৃষ্টি করিত। ভগবানের প্রতি অহৈতুকী ভক্তি ব্যতীত, জগতে অন্য কোন পদার্থের জন্য তাহারা কখন আকাঙ্ক্ষা করিত না। ১৬॥

শ্রীঋষভদেব উবাচ ॥

নায়ং দেহো দেহভাজাং নৃলোকে কষ্টান্ কামানর্হতে বিড়্ভুজাং যে।

অন্বয়ঃ।

শ্রীঋষভদেবঃ উবাচ। হে পুত্রকাঃ! নৃলোকে দেহভাজাং প্রাণিনাং, মধ্যে অয়ং মনুষ্য-দেহঃ বিড়্ভুজাং শূকরাদীনাং, যে কামাঃ সন্তি তান্ কষ্টান্ কষ্টহেতুত্বেন নিন্দিতান্, কামান্

শ্রীধরস্বামী।

পঞ্চমে মোক্ষধর্ম্মোপদেশৈঃ পুত্রানুশাসনং।
উক্তং পারমহংস্যঞ্চ তস্য দ্বন্দ্বতিতিক্ষয়া ॥ * ॥

বিড়্ভুজামপি যে সন্তি তান্ কষ্টান্ দুঃখদান্ কামান্ বিষয়ান্নার্হতে তদ্‌যোগ্যোঽয়ং মনুষ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তিং স্বানুপাদিশ্য বিধায় ভরতং নৃপং।
প্রব্রজ্য পঞ্চমে দেবো জড়চর্য্যামদীদৃশৎ ॥ * ॥

উপশিক্ষয়ন্নুবাচেত্যুক্তং তত্র ভক্তিযোগে প্রবর্ত্তয়িতুং প্রথমং মনুষ্যদেহস্য পুরুষার্থ-সাধনত্বং বিষয়ভোগানৌচিত্যঞ্চাহ নায়মিতি। কষ্টান্ কষ্টপ্রদান্ কামান্ যোষিদ্দর্শন-স্পর্শনা-দীন্ নার্হতে নৈবার্হতি ইতি কুতঃ যে বিড়্ভুজামপি সন্তি কামার্হত্বে মনুষ্যদেহ-শূকরদেহয়ো

ভগবান্ ঋষভদেব এক দিবস ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে ব্রহ্মাবর্ত্তে উপনীত হইলেন; তথায় অতি বিচক্ষণ বিজ্ঞ ব্রহ্মর্ষিগণের সভায় সমবেত প্রজাবৃন্দ ও পুত্রগণকে নিরীক্ষণ করিয়া, তিনি তথায় গমন করিলেন এবং তাঁহাকে অবলোকন করিয়া, একান্ত বিনীত, স্নেহভরে আর্দ্র ও সংযতচিত্ত স্বকীয় সন্তানগণকে উপদেশ প্রদান পূর্ব্বক নিম্নলিখিত তত্ত্বসমূহ প্রকাশ করিয়াছিলেন ॥ ১৭ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্থাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ঋষভদেব বলিলেন, হে পুত্রগণ! এই স্বষ্ট সংসারে দেহধারী প্রাণীর মধ্যে মনুষ্যদেহই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট; অতএব শূকরাদি নিকৃষ্ট যোনিতে যে সকল কামনা বা ভোগ-বাসনার উদয় হয়, তাদৃশ বিষয়-ভোগ বা কামনার চরিতার্থের দ্বারা মনুষ্য জীবনের শ্রেয়ঃসাধন হয় বলিয়া জ্ঞান করা কর্ত্তব্য

আভাস।

পঞ্চমাধ্যায়ে ভগবান্ ঋষভদেব পুত্রগণকে মোক্ষ ধর্ম্মের উপদেশ প্রদান পূর্ব্বক দ্বন্দ্বধর্ম্মের উপেক্ষার্থ পারমহংস্য জ্ঞানের উপদেশ প্রদান করিয়াছেন ॥

ভগবানে ভক্তিযোগের প্রবর্ত্তনার্থ ভগবান্ ঋষভদেব পুত্রগণকে প্রথমত মনুষ্যদেহে পুরুষার্থ-সাধনের উপযোগিতা প্রদর্শন পূর্ব্বক বিষয়সম্ভোগ হইতে প্রতিনিবৃত্ত হইতে আদেশ

তপো দিব্যং পুত্রকা যেন সত্ত্বং শুদ্ধ্যেদ্‌যস্মাদ্ ব্রহ্মসৌখ্যং ত্বনন্তং ॥ ১ ॥

অন্বয়ঃ।

বিষয়ভোগান্, ন অর্হতে তদ্‌যোগ্যঃ ন ভবতি। অপি তু দিব্যং উৎকৃষ্টং, তপঃ অর্হতি যেন তপসা, সত্ত্বং অন্তঃকরণং, শুদ্ধ্যেৎ; যস্মাৎ শুদ্ধাৎ সত্ত্বাৎ, অনন্তং অবিনাশি ব্রহ্মসৌখ্যং ব্রহ্মানন্দঃ, হি নিশ্চিতং ভবতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দেহো ন ভবতি। দিব্যং উৎকৃষ্টং। যেন তপসা যস্মাৎ শুদ্ধসত্ত্বাৎ অনন্তং ব্রহ্মসুখং ভবতি ॥১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুল্যত্বাপত্তেরিতি ভাবঃ। তেন শূকরদেহাদিভি র্যন্ন লভ্যতে তদেব মনুষ্যদেহেন লব্ধুং যতনীয়ং তদেব মনুষ্যত্বচিহ্নং কিং তত্রাহ তপ ইতি। তচ্চানাহার-বর্ষাতপ-সহনাদিকং বৃক্ষাদীনামপি বর্ত্তত ইতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ দিব্যমপ্রাকৃতং ভগবৎসম্বন্ধীত্যর্থঃ। হে পুত্রকাঃ অনুকম্পায়াং কন্। সত্ত্বমন্তঃকরণং ॥ ১ ॥

নহে। কারণ বিষয় ভোগই কষ্টের হেতু; সুতরাং নিন্দিত। মনুষ্য-জীবন লাভ করিয়া, তাদৃশ উৎকৃষ্ট তপস্যার অনুষ্ঠান করা সর্ব্বতোভাবে বিধেয়, যদ্দ্বারা অন্তঃকরণ বিশুদ্ধ হয়। কারণ বিশুদ্ধ অন্তঃকরণে নিত্য নিরতিশয় ব্রহ্মানন্দই নিরন্তর উদিত হইয়া থাকে, সন্দেহ নাই ॥ ১ ॥

আভাস।

করিয়াছেন। কারণ মনুষ্যদেহ কেবল ভোগের জন্য সৃজিত হয় নাই; জগৎকে পরীক্ষা করিয়া স্বভাবসিদ্ধ বিষয়াসক্তি বিসর্জ্জনের উপায় অনুসন্ধান করিবার জন্যই ভগবান্ জীবকে মনুষ্য-কলেবর প্রদান করিয়াছেন; ইহাই ঋষভের শ্রেষ্ঠ উপদেশ ভাগ। ভোগ সকল দেহেই সমানভাবে উপলব্ধ হইয়া থাকে। মানব ক্ষীর, নবনী ও মিষ্টান্ন প্রভৃতি উপাদেয় ভোজন দ্রব্য লাভে যেরূপ তৃপ্তি অনুভব করিয়া থাকে, মনুষ্যের ত্যজ্য কিন্তু শূকর-দেহের অনুকূল বিষ্ঠাকে শূকর ভোজ্যরূপে প্রাপ্ত হইলে, তদনুরূপ তৃপ্তিই লাভ করিয়া থাকে। বিষ্ঠা বলিয়া শূকরের তাহাতে ঘৃণা বা অতৃপ্তি জন্মে না। অতএব যে দেহে যাহা অনুকূল, তদ্দ্বারাই তাহার তৃপ্তি হয় এবং প্রতিকূল বিষয়ের সংযোগে অতৃপ্তি বা দুঃখ জন্মে। আবার সময়ানুসারেও একটী ভোগ্য বিষয় কখন তৃপ্তিকর, কখন অতৃপ্তিকর হইয়া থাকে। যেমন জ্বরকালে পিত্তদূষিত রসনায় মধুর রস তিক্ত বলিয়া অনুভূত হয়; তখন প্রকৃত তিক্ত নিম্বকে উপাদেয় জ্ঞানে জিহ্বা গ্রহণ করিয়া থাকে। অতএব সংসারে কোন বস্তুই নিরন্তর তৃপ্তিকর বা নিরন্তর দুঃখপ্রদ হয় না; প্রয়োজন হইলে, প্রতিকূলও গ্রাহ্য হয় এবং প্রয়োজন না থাকিলে অনুকূল পদার্থও ত্যজ্য হইয়া থাকে। অতএব ধন-জনাদি বিষয়-সম্পত্তি চিরকাল সুখের নিদান নহে; সুখ ও দুঃখ পর্য্যায়ক্রমে বিষয় হইতেই উদ্ভূত হইয়া থাকে। অন্ধের ন্যায় বিচারশূন্য হইয়া, নিরন্তর বিষয়ে আসক্ত থাকিলে, শূকরবৎ কার্য্য করা হয় এবং প্রয়োজন অনুসারে গ্রহণ, নতুবা পরিহার পূর্ব্বক উদাসীনের ন্যায় পরমার্থ চিন্তনে জীবনকে উন্নত

মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তে স্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গং।

অন্বয়ঃ।

(শিষ্টাঃ জনাঃ) মহৎসেবাং (মহতাং সেবাং) এব সংসারাৎ বিমুক্তেঃ দ্বারং আহুঃ; তথা যোষিতাং যে সঙ্গিনঃ তেষাং সঙ্গং তমোদ্বারং (তমসঃ অবিদ্যাকার্য্যস্য তির্য্যঙ্ নরকাদি-

শ্রীধরস্বামী।

মোক্ষবন্ধয়োর্নিদানমাহ মহৎসেবামিতি তমসঃ সংসারস্য দ্বারং যোষিতাং যে সঙ্গিন-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনুষ্যদেহাদেবোদ্ধারোঽধঃপাতশ্চ ভবতীতি তয়োঃ কারণমপি মনুষ্যদেহেঽস্তীত্যাহ মহদিতি। বিমুক্তে র্বিবিধমুক্তেঃ। ব্রহ্মসৌখ্যং হ্যনন্তমিতি পূর্ব্বোক্তে র্ব্রহ্মসৌখ্যস্যাচ নির্বিশেষ-সবিশেষ-ব্রহ্ম-সম্বন্ধিত্বেন দ্বৈবিধ্যান্মুক্তিরপি সাযুজ্যং ভক্তিময়-পার্ষদত্বঞ্চেতি দ্বিবিধা বিশব্দাদ্ব্যাখ্যেয়া। মহান্তোঽপি দ্বিবিধা ব্রহ্মোপাসকা ভগবদুপাসকাশ্চ তেষাং লক্ষণং

মহৎব্যক্তির সেবাই সংসার হইতে মুক্তিলাভের একমাত্র দ্বারস্বরূপ এবং কামিনী ও কামুকের সঙ্গই অবিদ্যার দ্বারভূত নরকের কারণ বলিয়া শিষ্টগণ কীর্ত্তন করিয়া থাকেন। তির্য্যগাদি নরকযোনিতে এক অবিদ্যাই জীবকে প্রবিষ্ট করিয়া দেন। যাহারা পুরুষার্থ-সাধনের প্রার্থনা করেন, তাদৃশ সাধু-

আভাস।

করাই মনুষ্য জীবনের একমাত্র উদ্দেশ্য। কারণ বিষয়সম্ভোগ হইতে বিরত থাকিয়া, বিচারহীন বৃক্ষের ন্যায় বাত-বর্ষাদি সহ্য করত কেবল তপস্যার অনুশীলনে মানব কৃতার্থ হইতে পারে না; সকলের মূলে জ্ঞান বা বিচারের প্রয়োজন। বিষয়কে ত্যাগ করিতে হইবে, কেবল অনুরোধে নহে; তাহার দোষের প্রতি দৃষ্টি করিয়া, তৎপ্রতি আসক্তির ভাব সহ তাহাকে বিসর্জ্জন করিতে হইবে; নতুবা সময়ান্তরে তাহাতে আসক্ত হইয়া, দূষিত হইবার সম্ভাবনা থাকে। এবং কেবল অনুরোধে পড়িয়া ঈশ্বর বলিয়া স্বীকার করিয়াও নিশ্চিন্ত থাকা উচিত নহে; তাহা হইলে কালক্রমে নাস্তিকতার দ্বারা হৃদয় আক্রান্ত হইবার বিশেষ সম্ভাবনা; তবে বিষয়ের স্বরূপ এবং তল্লাভালাভের প্রতি তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া, সর্ব্ব-নিয়ন্তা ঈশ্বরভাবের উপলব্ধি যদি স্বরূপত জন্মে, তবে সে ভাব কখন হৃদয় হইতে অন্তর্হিত হয় না; এবং আনন্দেরও কখন তিরোধান ঘটে না। কারণ এই মায়াময় অনিত্য সংসারে সর্ব্বসাক্ষী সেই চৈতন্যভাবই নিত্যসিদ্ধ এবং সাক্ষী-চেতা; নির্গুণ জীবের স্বরূপও সেই ভাবের দ্বারা গঠিত। ১।

মনুষ্যদেহ লাভ করিলেই যে ক্রমান্বয়ে উন্নতির স্রোতে পতিত হইয়া, জীবের উদ্ধার হয়, এমত নহে; এই যোনি হইতে অধঃপতনেরও বিশেষ সম্ভাবনা। ইহা উন্নতি এবং অবনতির মধ্যবর্ত্তী স্তর। যত্ন করিলে জীব মানবযোনি হইতে উন্নতি লাভে সবিশেষ এবং নির্ব্বিশেষ ব্রহ্মস্বরূপের সাক্ষাৎকারে উপযোগী হয় এবং যত্ন না করিয়া অন্ধের ন্যায় বিষয়-

মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা বিমন্যবঃ সুহৃদঃ সাধবো যে ॥ ২ ।

অন্বয়ঃ।

যোনি-প্রবেশ-লক্ষণস্য সংসারস্য) দ্বারং আহুঃ। যে সাধবঃ পুরুষার্থ-সাধন-দক্ষাঃ, (শুদ্ধান্তঃ-করণত্বেন) প্রশান্তাঃ কামলোভাদিদোষরহিতান্তঃকরণাঃ, অতএব বিমন্যবঃ ক্রোধরহিতাঃ, সর্ব্বপ্রাণিষু সমচিত্তাঃ মিত্রারিভাবরহিতাঃ, সুহৃদঃ হিতচিন্তকাঃ, তে এব মহান্তঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

স্তেষাং সঙ্গং। মহতাং লক্ষণমাহ সার্দ্ধেন মহান্ত ইতি সাধবঃ সদাচারাঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্তৈবাহ সমচিত্তাঃ অভেদদর্শিনঃ। অকুটিলচিত্তাশ্চ প্রশান্তাঃ প্রশমাদিযুক্তাঃ ভগবন্নিষ্ঠ-বুদ্ধয়শ্চ। শমো মন্নিষ্ঠতাবুদ্ধেরিতি ভগবদুক্তেঃ। বিমন্যব ইত্যাদি বিশেষণত্রয়মুভয়ত্র তুল্যার্থং। সাধবঃ পরদোষাগ্রাহিণঃ ॥ ২ ॥

গণ কামলোভাদি চিত্তদোষ পরিত্যাগ পূর্ব্বক ক্রোধের বর্জ্জনে এবং সকল প্রাণীর প্রতি শত্রু মিত্রাদি ভাবের পরিহারে সমগুণকেই অবলম্বন করিয়া থাকেন। এই প্রকারে পরোপকারী সদাশয় ব্যক্তিগণই মহৎ নামে অভি-হিত হইয়া থাকেন ॥ ২ ॥

আভাস।

সম্ভোগে কেবল প্রবৃত্ত থাকিলে, ভোগের চরম সীমা তির্য্যগাদি নিকৃষ্ট নরকযোনিতে পতিত হইয়া থাকে। কোন একটী অম্রাদির বীজ মৃত্তিকায় প্রোথিত করিলে, যেমন অঙ্কুরিত হইয়া ঊর্দ্ধে শাখা পল্লবাদির প্রসারণ করে, সেইরূপ মূল শিকড়াদিরও প্রসারণে অধঃ মৃত্তিকাতে প্রবেশ করে। বীজই যেমন স্কন্ধ, শাখা, পত্র, পুষ্প ও ফলরূপে পরিণত হয়, সেইরূপ অধোভাগ পৃথিবীতেও মূল শিকড়াদিরূপে পরিণত হইয়া থাকে। বীজই যেমন উভয় পরিণামের কারণ, সেইরূপ মনুষ্যযোনিকেও ঊর্দ্ধে দেবাদিযোনি বা মুক্তি এবং নিম্নে তির্য্যগাদি যোনির কারণরূপে স্বীকার করিতে হইবে। কিন্তু বীজ যেমন শিকড়ের প্ররোহ না করিয়া, ঊর্দ্ধে শাখাদির প্ররোহ করিতে পারে না; মূল শিকড়াদি ভূগর্ভে যত বিচিত্রভাবে প্রবেশ করে, ততই সেই বৃক্ষের উপরে উন্নতি পরিলক্ষিত হয়; নিম্নে প্রবেশের প্রতিবন্ধকে উপরেও উন্নতির প্রতিবন্ধক পায়, সেইরূপ মানব-যোনিরূপ বীজের বিচাররূপ শিকড়সমূহ সংসার-ক্ষেত্রের যত গভীর স্তরে প্রবেশ করিতে পারে, ততই বৈরাগ্যরসে পুষ্টিলাভ করত উন্নতির সোপান-স্বরূপ দেবাদি যোনিকে অতিক্রম করিয়া, মুক্তিস্বরূপ অমৃতময় ফল উৎপাদন করে। এই শ্লোকে মহাজনের সেবা অর্থাৎ তাঁহাদের অনুসরণ করাই মুক্তির এবং কামিনী ও কামুকের সঙ্গই যে নরকের দ্বার তাহাই বর্ণন করিয়াছেন। ব্রহ্মজ্ঞানী এবং ভগবদুপাসক এই উভয়কেই মহাজন নামে অভিহিত করা যায়। মহাজনের লক্ষণ অর্দ্ধ শ্লোকে পরিস্ফুট হইয়াছে ॥ ২ ॥

ভগবদুপাসক ভক্তই ঘোর দুঃখসঙ্কুল সংসার-ক্ষেত্রে শ্রেষ্ঠ এবং উৎকৃষ্ট বলিয়া পরি-

যে বা ময়ীশে কৃতসৌহৃদার্থা জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।
গৃহেষু জায়াত্মজরাতিমৎসু ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে॥ ৩॥

অন্বয়ঃ।

যে ময়ি ঈশে কৃতসৌহৃদার্থাঃ (কৃতং সৌহৃদং প্রেম এব অর্থঃ পুরুষার্থঃ যেষাং তে) দেহম্ভরবার্ত্তিকেষু (দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা ধনার্জনাদিবিষয়া এব বার্ত্তা যেষু তেষু) জনেষু তথা জায়াত্মজ-রাতিমৎসু (জায়া স্ত্রী আত্মজাঃ পুত্রাঃ রাতিঃ ধনং তদ্বৎসু গৃহেষু চ ন প্রীতিযুক্তাঃ তথা লোকে যাবদর্থাঃ যাবদর্থং প্রযোজনং এব অর্থঃ যেষাং তথাভূতাঃ জনাঃ এব মহান্তঃ॥ ৩॥

শ্রীধরস্বামী।

ময়ি ঈশে কৃতং সৌহৃদমেবার্থঃ পুরুষার্থো যেষাং বা শব্দেনান্যনিরপেক্ষস্যৈব অস্য লক্ষণত্বং দর্শয়তি দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয়বার্ত্তৈব ন ধর্ম্মবিষয়া যেষু তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেষু চ রাতির্মিত্রং ধনং বা। রাতিদেষ্বিতি পাঠান্তরে জায়াদিপ্রদেষু। যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষামিতি মধ্যপদলোপী সমাসঃ দেহনির্ব্বাহাধিক-ধনস্পৃহাশূন্যা ইত্যর্থঃ॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তরেষামসাধারণং লক্ষণং পুনরাহ ময়ি ঈশে কৃতং সৌহৃদং প্রীতিরেব অর্থঃ পুরুষার্থো যেষাং মৎপ্রীতেরন্যদস্তু যে পুরুষার্থং ন মন্যন্ত ইত্যর্থঃ। বা শব্দেনান্যনিরপেক্ষস্যাস্যৈব লক্ষণত্বং দর্শয়তীতি শ্রীশ্যামচরণাঃ। দেহম্ভরাণাং ভোজনপানাদ্যাসক্তানাং যা বার্ত্তা জীবিকাঃ কথা বা তাভিরেব যে দীব্যন্তি তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেষু চ বিদ্যমানেষ্বপি ন প্রীতিযুক্তাঃ। রাতির্ধনং। ননু তর্হি কিমর্থং তেষু গৃহেষু তিষ্ঠন্তীতি তত্রাহ যাবদ্ভিরেব ধনাদিভিরর্থো মৎপাদসেবনাদ্যাত্মিকা ভক্তি র্ভবেত্তাবন্ত এবোপাদেয়া যেষাং তে। তাবদাদি পদানাং বৃত্তাবন্তর্ভাবঃ॥ ৩॥

যাঁহারা মদীয় ভগবৎস্বরূপে প্রেম করাই পরম পুরুষার্থ বলিয়া ধারণা করেন এবং কেবল দেহপোষক ধনার্জ্জনাদি ব্যাপারে নিবিষ্টচিত্ত ভোগী জীব ও স্ত্রী, পুত্র, ধন, ধান্য এবং গৃহ ক্ষেত্রাদিবিশিষ্ট সংসারে প্রীতিযুক্ত না হন, কেবল দেহযাত্রা নির্ব্বাহের উপযুক্ত দ্রব্য লাভেই সন্তুষ্ট হন, তাদৃশ জনগণও মহৎশব্দে অভিহিত, সন্দেহ নাই॥ ৩॥

আভাস।

গণিত। কারণ দুঃখের উৎপীড়নে চিত্ত যখন ব্যাকুল ও কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া পড়ে, তখন সাহায্যকারী একজন পরম বন্ধুকে প্রাপ্ত হইলে যেরূপ উপকার বোধ হয়, সেরূপ উপকার নিজের বিবেকবুদ্ধির নিকট পাইবার প্রত্যাশা থাকে না। সুস্থ বা পীড়াহীন দশায় বুদ্ধি যথেষ্ট উপকার করে বটে; কিন্তু পীড়িত দশায় বুদ্ধিও উৎপীড়িত হইয়া, যথার্থ পথ নিরূপণে অসমর্থ হইয়া পড়ে। অতএব তাদৃশ দশায় ভগবানের ন্যায় পরম বন্ধুর

নূনং প্রমত্তঃ কুরুতে বিকর্ম্ম যদিন্দ্রিয়প্রীতয় আপৃণোতি।
ন সাধু মন্যে যত আত্মনোঽয়মসন্নপি ক্লেশদ আস দেহঃ॥ ৪॥

অন্বয়ঃ।

যং যদা, দুঃসঙ্গাবস্থায়াং ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে, তদা নূনং নিশ্চিতং, প্রমত্তঃ হিতাহিতবিচাররহিতঃ সন্ বিকর্ম্ম পাপং এব কুরুতে তৎ আচরণং অহং সাধু ন মন্যে। যতঃ যস্মাৎ পাপাচরণাৎ এব আত্মনঃ ক্লেশদঃ অতএব অসন্ দুষ্টঃ অয়ং দেহঃ আস॥ ৪॥

শ্রীধরস্বামী।

কামান্নার্হতীতি যদুক্তং তদুপপাদয়তি নূনমিতি, যদ্যদা ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে তদা প্রমত্তঃ সন্ বিকর্ম্ম পাপং নূনং কুরুতে যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহো জাতঃ তস্যৈব পুনঃ করণং সাধু ন মন্যে॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমোদ্বারাৎ যোষিৎসঙ্গিসঙ্গাৎ দেহিন এবমধঃপাতঃ স্যাদিতি তৎ দর্শয়তি শোচতিচ নূনমিতি। বিকর্ম্ম পরদারাদিগ্রহণপাপং আপৃণোতি বিকর্ম্মণ্যেব ব্যাপৃতো ভবতি যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহো জাতঃ তস্যৈব পুনঃ করণং ন সাধু মন্যে। দেহঃ কীদৃশঃ আত্মনো জীবস্য অসন্নপি বস্তুতো ন বর্ত্তমানোঽপি। অসঙ্গো হ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ॥ ৪॥

অসৎসংসর্গের অনুরোধে চিত্ত যখন ইন্দ্রিয়চরিতার্থের বিষয়েই ব্যাপৃত হয়, তখন জীব হিতাহিত বিচারে সম্পূর্ণ অসমর্থ হইয়া নিষিদ্ধ পাপাদি দুষ্কর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে। এরূপ আচরণকে আমি কখন ভাল বলিয়া মনে করি না; কারণ কেবল পাপানুষ্ঠান-নিবন্ধনই বিশুদ্ধ চৈতন্য-ঘন আত্মস্বরূপ জীবের এই দুঃখপ্রদ দূষিত দেহের উৎপত্তি হইয়া থাকে॥ ৪॥

আভাস।

ক্রোড়ে আত্মসমর্পণ করিয়া রাখাও বিশেষ বিবেকী ও জ্ঞানবানের প্রয়োজন। অতএব ভক্তই প্রকৃত বিবেকী এবং জ্ঞানী, সে বিষয়ে আর সন্দেহ নাই। ভক্ত হইতে হইলে, যে সকল বিষয় হইতে প্রতিনিবৃত্ত থাকা উচিত, তাহাই ভোগীর আচরণে প্রদর্শন করিয়াছেন। অর্থাৎ ভগবান্ জীবকে যে আসক্তি প্রদান করিয়াছেন, সেই আসক্তির বলে জীব আপনাকে নরকে বা মোক্ষপদবীতে লইয়া যাইতে পারে। আসক্তি তৎপক্ষে একটী যন্ত্র মাত্র। আসক্তি যখন ভোগ্য বিষয় সমূহকেই লব্ধব্য জ্ঞানে তৎপ্রতি ধাবিত হয়, তখন সে আসক্ত পুরুষকে পর্য্যন্ত তাদৃশ স্তরে আনয়ন করে। পুনরায় বিচার পূর্ব্বক বিষয়ের দোষ দর্শনে তাহাকে পরিহার করত যখন সর্ব্বশ্রেষ্ঠ সর্ব্বনিয়ন্তা ঈশ্বরের প্রতি ধাবিত হয়, তখন আসক্তি জীবকে মোক্ষপদে উত্তোলন করে। তবে আসক্তির গুণ ব্যতীত দোষের কীর্ত্তন করা অবিধেয়; আসক্তির বিষয়ের দোষ ও গুণ আছে বলিয়া, অবশ্য স্বীকার করিতে হইবে।

পরাভবস্তাবদবোধজাতো যাবন্ন জিজ্ঞাসত আত্মতত্ত্বং।
যাবৎক্রিয়া স্তাবদিদং মনো বৈ কর্ম্মাত্মকং যেন শরীরবন্ধঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

যাবৎ অয়ং আত্মতত্ত্বং সচ্চিৎস্বরূপং ন জিজ্ঞাসতে ন বিচারয়তি, তথা বিচারেণ প্রত্যক্ষং করোতি, তাবৎ অবোধজাতঃ আত্মনঃ পরাভবঃ তিরস্কারঃ অভানং ভবতি। যাবৎ অজ্ঞানং তাবৎ ক্রিয়া বিদ্যতে; যাবৎ ক্রিয়া তাবৎ ইদং মনঃ কর্ম্মাত্মকং প্রবৃত্তিস্বভাবং এব ভবতি। যেন প্রবৃত্তিস্বভাবেন মনসা পুরুষস্য শরীরবন্ধঃ (শরীরপ্রাপ্ত্যা সংসারবন্ধো ভবতি) ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

দেহাদের্নশ্বরত্বাৎ কিয়ানয়মনর্থ ইত্যাশঙ্ক্যাহ পরাভবো দেহাদিনা স্বরূপাভিভবঃ অজ্ঞান-কৃত স্তাবদ্ভবতি তত্র হেতুঃ যাবৎ ক্রিয়াঃ স্যুঃ তাবদিদং মনো হি কর্ম্মস্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি পুণ্যং কর্ত্তব্যমিতিচেন্ন তস্যাপি সংসারহেতুত্বেন ক্লেশহেতুত্বাৎ তস্মাৎ পুণ্য-পাপয়ো নিরাসকং জ্ঞানমেবাভ্যসনীয়মেবেত্যাহ। পরাভবঃ কর্ম্মপারতন্ত্র্যং তদেব জীবস্য বন্ধঃ। স চাজ্ঞানকৃত স্তাবদেব ভবতি যাবন্ন জিজ্ঞাসত ইতি জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেহর্জ্জুনেত্যুক্তেঃ। যাবজ্‌জ্ঞানং নোদ্ভবেৎ তাবৎ কর্ম্মাণি ন নশ্যন্তি। যাবৎ ক্রিয়াঃ পুণ্য-পাপ-কর্ম্মাণি স্যু স্তাবদিদং মনো হি কর্ম্মাত্মকং কর্ম্মস্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

যদবধি আত্মতত্ত্ব সচ্চিদানন্দ স্বরূপের জিজ্ঞাসা না আইসে এবং তদ্বিষয়ক বিচারের দ্বারা অপরোক্ষানুভূতি না জন্মে, তদবধি অজ্ঞান-জনিত আত্ম-স্বরূপের তিরস্কারই হইয়া থাকে। যদবধি অজ্ঞান তিরোহিত না হয়, তদবধি কর্ম্মের হস্ত হইতে অব্যাহতি নাই; সুতরাং সংকল্পাদির অধিষ্ঠান-ভূত মন প্রবৃত্তি-স্বভাবেই পরিণত থাকে। প্রবৃত্তি-স্বভাব-বিশিষ্ট মনের অনুসারেই জীবের দেহ-বন্ধন বা সংসার-প্রাপ্তি ঘটে ॥ ৫ ॥

আভাস।

যে পুরুষ সেই আসক্তিকে সরল এবং উপাদেয় পথে নিযোজিত করিতে পারেন, তিনিই যথার্থ ভক্ত ও জগতে কৃতী বলিয়া গণনীয়। কারণ মূলত অসতের চিন্তায় ভোগের অভি-নিবেশেই এই অসৎ দেহ যখন লাভ করিয়া নিরন্তর সুখ ও দুঃখাদির অনন্ত স্রোতে ভাসমান হওয়া হইতেছে, তখন আবার সেই অসৎ দেহগেহাদির চিন্তায় সংসার-স্রোতের বর্দ্ধন করা বিচক্ষণ ব্যক্তির পক্ষে কখনই বিধেয় নহে। কারাবাসের ন্যায় অবশভাবে দেহে অবরুদ্ধ হইয়া, অসঙ্গস্বরূপ জীবের সংসার ঘটিয়া থাকে। অতএব কারাগৃহের ন্যায় এই স্থূল, সূক্ষ্ম ও কারণাত্মক ত্রিবিধ প্রকোষ্ঠবিশিষ্ট দেহগৃহের স্থায়িত্ব রক্ষণে যত্নবান্ হওয়া কখনই বুদ্ধিমান্

এবং মনঃ কর্ম্মবশং প্রযুঙ্ক্তে অবিদ্যয়াত্মন্যুপধীয়মানে।
প্রীতি র্ন যাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবৎ॥ ৬॥

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ, অবিদ্যয়া আত্মনি উপধীয়মানে দেহেন্দ্রিয়াধ্যাসেন আচ্ছাদ্যমানে, সতি প্রবৃত্তিস্বভাবং মনঃ পুরুষং কর্ম্মবশং প্রযুঙ্ক্তে অবশ্যং কর্ম্ম কারয়তি। অতঃ যাবৎ ময়ি বাসুদেবে, পুরুষস্য প্রীতিঃ ন জায়তে তাবৎ দেহযোগেন ন মুচ্যতে॥ ৬॥

শ্রীধরস্বামী।

উক্তমুপসংহরতি পূর্ব্বকৃতং কর্ম্ম কর্ত্তৃভূতং মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি। জীবন্মুক্তকর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাত্তমাহ এবমিতি। কর্ম্ম প্রাচীনমর্ব্বাচীনং বা কর্ত্তৃ মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি। এবমনেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাৎ যদয়ং যদধীনং স্যাৎ তচ্চ তদাত্মকমেব ভবেদিত্যর্থঃ। জীবন্মুক্তকর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি। আত্মনি জীবে উপধীয়মানে যুজ্যমানে সতি উপধিরুপাধি র্লিঙ্গং তদধ্যাসাত্তদ্রূপী ক্রিয়মাণ ইত্যর্থঃ। কিঞ্চ সসকর্ম্মনির্ম্মূলীকরণী ভক্তিরেবেত্যাহ প্রীতিরিতি॥ ৬॥

উক্ত প্রকারে অবিদ্যার আবরণে দেহেন্দ্রিয়াদির আচ্ছাদনে আবৃত আত্ম-চৈতন্যস্বরূপ জীবকে প্রবৃত্তিস্বভাববিশিষ্ট মন নিরন্তর কার্য্যক্ষেত্রে প্রেরণ করিয়া থাকে। অতএব বাসুদেবস্বরূপ ভগবানে যে পর্য্যন্ত পুরুষের প্রীতি না জন্মে, তদবধি তাহার দেহ-সম্বন্ধ অপরিহার্য্য; সন্দেহ নাই॥ ৬॥

আভাস।

ব্যক্তির কার্য্য নহে। যেমন বালুকাদির প্রলেপে গৃহের স্থায়িত্ব সম্পাদন করা হয়, সেইরূপ প্রারব্ধ কর্ম্মে গঠিত বর্ত্তমান দেহের দীর্ঘকাল-স্থায়িত্বভাব ভাবি কর্ম্মের দ্বারাই সাধিত হইয়া থাকে। কারারুদ্ধ ব্যক্তি নির্ম্মুক্তির প্রার্থনায় যদি নিজের কারাগৃহের সংস্কার কার্য্যেই নিয়ত ব্যস্ত থাকে, তাহা হইলে তাহার মুক্তি যেমন দূর-পরাহত, সেইরূপ আসক্তিপূর্ব্বক ভাবি কর্ম্মের জন্য নিত্য ব্যস্ত থাকিলে, জীবের মুক্তিও দূর-পরাহত। অতএব নির্ব্বোধের ন্যায় পুনরায় আসক্ত না হইয়া, বিচক্ষণের ন্যায় আসক্ত হইবার কারণ অজ্ঞানকে তিরোহিত করিবার জন্য আত্মস্বরূপের প্রতি দৃষ্টি করত নিজের কারাবাসের প্রতি লক্ষ্য করা আবশ্যক; তাহা হইলে বিষয়াসক্তি আপনা হইতে দূরে পলায়ন করে এবং পরাৎপর ভগবানে ভয় ভক্তি প্রেম ও উচ্ছ্বাস একে একে উপস্থিত হইয়া জীবকে সংসার হইতে উদ্ধার করে॥ ৩—৬॥

চৈতন্যস্বরূপ জীব মায়াময় দেহের আবরণে আবৃত হইয়াই যে কেবল আত্মবিস্মৃত হয়, এমন নহে; স্বস্বরূপে দেহধর্ম্মের আরোপ করত দেহস্বরূপে আত্মপরিচয় দিয়া থাকে। যেমন প্রেতাবিষ্টা ব্রাহ্মণ-পত্নী প্রেত বলিয়া আপনার পরিচয় দিয়া থাকে এবং নিজে যে ব্রাহ্মণ

যদা ন পশ্যত্যযথা গুণেহাং স্বার্থে প্রমত্তঃ সহসা বিপশ্চিৎ।
গতস্মৃতি বিন্দতি তত্র তাপানাসাদ্য মৈথুন্যমগারমজ্ঞঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যদা স্ত্রীসঙ্গিসঙ্গাৎ তৈঃ প্রোৎসাহিতঃ সন্ গুণেহাং (গুণানাং রজস্তম আদীনাং ঈহাং তত্তদিন্দ্রিয়াণাং তত্তদ্বিষয়োন্মুখতয়া প্রেরণালক্ষণাং চেষ্টাং) এব অযথা মিথ্যা তাপত্রয়হেতুরিতি পুরুষঃ ন পশ্যতি তদা সহসা ঝটিতি, গতস্মৃতিঃ স্বরূপস্মৃতিশূন্যঃ, অতএব স্বার্থে স্বস্য অর্থে পরমপুরুষার্থভগবদ্ভজনে প্রমত্তঃ অদত্তচিত্তঃ যতঃ বিপশ্চিৎ স্বস্য বিবেকিত্বাভিমানবান্ অজ্ঞঃ অজ্ঞানাভিভূতস্বরূপঃ সন্ মৈথুন্যমগারং মৈথুন্যসুখপ্রধানং গৃহং আসাদ্য প্রাপ্য, তত্র গৃহে তাপান্ বিবিধানি দুঃখানি বিন্দতি লভতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলং দেহযোগমাত্রং অনর্থান্তরঞ্চ ইত্যাহ যদা গুণানাং ইন্দ্রিয়াণাং ঈহাং চেষ্টাং অযথা মিথ্যা আত্মীয়া ন ভবতি ইতি বিপশ্চিদ্বিবেকী সন্ন পশ্যতি। নু পশ্যতীতি পাঠে অযথা আত্মীয়ত্বেনেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ স্বরূপস্মৃতিশূন্যঃ সন্ অজ্ঞো মূঢ়ঃ মৈথুনসুখপ্রধানং গৃহং প্রাপ্য তাপান্ বিন্দতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চ ভক্তিমিশ্রস্য জ্ঞানস্য পরিপাকদশায়ামেব নৈষ্কর্ম্ম্যং নত্বপরিপাকদশায়ামিত্যাহ। যদা গুণেষু শব্দাদিষর্থেষু ঈহাং বাঞ্ছাং অযথা অনর্থরূপাং বিপশ্চিৎ জ্ঞানবানপি ন পশ্যেৎ। যদানু পশ্যতীতি পাঠে গুণানামিন্দ্রিয়াণামীহাং চেষ্টাং অযথা মমাত্মন এবেয়ং চেষ্টেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ সন্ তাপান্ বিন্দতি মৈথুনার্হমগারং প্রাপ্য ত্রিভিস্তাপানিত্যর্থঃ ॥ ৭

কামিনী বা কামুকের সংসর্গে অবস্থান করায়, তাহাদের দ্বারা উৎসাহিত হইয়া, মানব যখন ইন্দ্রিয়গ্রামের স্ব স্ব বিষয়ের প্রতি উন্মুখীন ভাবকেই প্রকৃত দুঃখের কারণ বলিয়া অবধারণ করিতে পারে না এবং ইন্দ্রিয়বর্গের চেষ্টা কখন আত্মার চেষ্টা নহে; মায়া-রচিত ইন্দ্রিয়গ্রামের চেষ্টায় কেবল মায়ারই পরিচয় হইতেছে মাত্র বলিয়া অবধারণ করিতে পারে না, তখনই আত্মস্বরূপের বিস্মরণে প্রকৃত পরমার্থস্বরূপ ভগবানের ভজনে উদাসীন হইয়া পড়ে এবং আত্মস্বরূপের অনবধারণে অজ্ঞানে অভিভূত হইয়া, ইন্দ্রিয়-চরিতার্থ করিবার সুগম উপায়ভূত মিথুন-সুখপ্রদ গৃহস্থাশ্রমে প্রবেশ পূর্ব্বক বিবিধ যাতনা ভোগ করিয়া থাকে ॥ ৭ ॥

আভাস।

পত্নী তাহা বিস্মৃত হয়, সেইরূপ দেহাদির আবরণে জীব আত্মস্বরূপের বিস্মরণে দেহের স্থূলতা বা কৃষভাবে আপনাকে স্থূল বা কৃষ বলিয়া মনে করে এবং প্রকৃতপ্রস্তাবে গুণময় ইন্দ্রিয়বর্গের দর্শন ও মননাদি ক্রিয়াকে চৈতন্যের কার্য্য বলিয়া কল্পনা করিয়া থাকে। কিন্তু

পুংসঃ স্ত্রিয়া মিথুনী ভাবমেতং তয়োর্মিথো হৃদয়-গ্রন্থিমাহুঃ।
অতো গৃহক্ষেত্রসুতাপ্তবিত্তৈর্জনস্য মোহোঽয়মহং মমেতি॥ ৮॥

অন্বয়ঃ।

পুংসঃ স্ত্রিয়াঃ চ যঃ মিথুনীভাবঃ পরস্পরমাত্মত্বাভিনিবেশঃ তং এনং তয়োঃ দ্বয়োঃ মিথঃ পরস্পরং হৃদয়গ্রন্থিং (হৃদয়য়োঃ গ্রন্থিং ইতি) বিবেকিনঃ আহুঃ। অতঃ অস্মাৎ মিথুনীভাবাৎ জনস্য গৃহক্ষেত্রসুতাপ্তবিত্তৈঃ নিমিত্তভূতৈঃ, অহং মম ইতি অয়ং মোহঃ ভবতি॥ ৮॥

শ্রীধরস্বামী।

ননু যথোপযোগং স্ত্রিয়া মিথুনীভূয় সুখমাত্রমনুভবতঃ কুতস্তাপাঃ স্যুঃ তত্রাহ পুংস ইতি। প্রত্যেকং তয়োরেকৈকো হৃদয়গ্রন্থিরস্ত্যেব। এতং মিথোঽন্যোন্যং স্থূলমন্যং হৃদয়য়োর্গ্রন্থিং দুর্ভেদং বদন্তি কুত ইত্যত আহ অতঃ অস্মাৎ মিথুনীভাবাৎ প্রত্যেকং হৃদয়গ্রন্থিনা তু দেহেন্দ্রিয়মাত্রে অহং মমেতি মোহঃ। অস্মাত্তু গৃহাদিভি বিষয়ভূতৈ র্মহামোহো ভবেদিত্যর্থঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ইন্দ্রিয়চেষ্টানামাত্মীয়ত্বাভিমনন-সদ্ভাবেঽপি স্বকুটুম্ব-সঙ্গরতো যথা মোহ স্তথা তদ্রহিতস্য নেত্যাহ পুংস ইতি মিথো হৃদয়গ্রন্থিং মমেয়ং স্ত্রীত্যেকোঽয়ং গ্রন্থিস্তদুপরি মমায়ং পতিরিতি দ্বিতীয়ো গ্রন্থিস্তেন পুংসা বৈরাগ্যেণ ত্যক্তুমিষ্টাপি স্ত্রী নৈতং জহাতীতি বন্ধস্য গাঢ়ত্বং উপলক্ষণমেবং পিতা পুত্রয়োরপি জ্ঞেয়ং। কুটুম্বরাহিত্যে তু বস্ত্রাসন-পাত্রাদিম্বাত্মীয়ত্বেনাভিমান-সদ্ভাবেঽপি মিথোগ্রন্থ্যভাবান্ন তাদৃশো বন্ধ ইতি ভাবঃ। অতো মিথো হৃদয়গ্রন্থিতো হেতোঃ গৃহাদিভিরহং গৃহী মম গৃহমিত্যেবং মোহো ভবতি॥ ৮॥

স্ত্রী পুরুষের মিলনে পরস্পরের প্রতি পরস্পরের যে একটী আপনার-বোধ উৎপন্ন হয়, তাহাই তাহাদের পরস্পরকে একত্বে বন্ধন করিবার অপূর্ব্ব হৃদয়-গ্রন্থি বলিয়া বিবেকিগণ বর্ণন করিয়া থাকেন। অতএব তাদৃশ উভয়ের একত্বভাব হইতেই লোকের পুত্র, বিত্ত, গৃহ, ক্ষেত্রাদি যাবতীয় ভোগ্য বিষয়ে মমতা ও নিজের কর্ত্তৃত্ব-নিবন্ধন মোহ উৎপন্ন হইয়া থাকে॥ ৮॥

আভাস।

বিচার-দৃষ্টিতে অবলোকন করিলে আমরা সুস্পষ্ট বুঝিতে পারি যে, ইন্দ্রিয় ব্যতীত মুল চৈতন্য কোন পদার্থকে কখন গ্রহণ করেন না। কারণ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ পদার্থ গৃহীত হইয়া থাকে। কিন্তু এক একটী ইন্দ্রিয় নিজের সমজাতি এক একটী পদার্থকে বিষয় বলিয়া গ্রহণ করে; নিজের বিজাতীয় অন্য ইন্দ্রিয়ের গ্রাহ্য কোন পদার্থকে গ্রহণে সমর্থ হয় না। অর্থাৎ রূপতন্মাত্রায় দর্শনেন্দ্রিয় গঠিত হওয়ায়, নিজের সমজাতি স্থূল, রূপ তেজোমাত্রা গ্রহণ করা ব্যতীত চক্ষু কখন কর্ণের বিষয় শব্দকে গ্রহণ করে না। সেইরূপ কর্ণও শব্দ-তন্মাত্রায় সৃজিত হইয়া

যদা মনো হৃদয়গ্রন্থিরস্য কর্ম্মানুবন্ধো দৃঢ় আশ্লথেত।
তদা জনঃ সংপরিবর্ত্ততেঽস্মান্মুক্তঃ পরং যাত্যতিহায় হেতুং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

যদা অস্য জনস্য, কর্ম্মানুবন্ধঃ (কর্ম্মভিঃ অনুবন্ধঃ) দৃঢ়ঃ মনঃ তল্লক্ষণঃ হৃদয়গ্রন্থিঃ আশ্লথেত শিথিলঃ ভবেৎ, তদা জনঃ অস্মাৎ মিথুনীভাবাদিসংসারাৎ সংপরিবর্ত্ততে বিমুক্তঃ ভবতি ততশ্চ হেতুং অনর্থকারণং অহঙ্কারং, অতিহায় ত্যক্ত্বা, পরং পদং যাতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কদা তর্হি তস্য নিবৃত্তিরত আহ যদাঽস্য জনস্য কর্ম্মভিরনুবন্ধো দৃঢ়ো মনোরূপো হৃদয়-গ্রন্থিঃ শিথিলো ভবেৎ তদাস্মান্মিথুনীভাবাৎ নিবর্ত্ততে। ততশ্চ হেতুং অহঙ্কারং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কদা তর্হি মুক্তিরত আহ যদা মনোরূপে হৃদয়গ্রন্থিরস্য জনস্য কর্ম্মভিরনুবদ্ধোঽপি জ্ঞান-বৈরাগ্যাভ্যাসেন শিথিলো ভবেত্তদা অস্মান্মিথুনীভাবান্নিবর্ত্ততে ততশ্চ হেতুমহঙ্কারাখ্যমুপাধিং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

কিন্তু এই মিথুন-ভাবের ভঙ্গ হইলেই মানবের বহু কর্ম্মের অনুষ্ঠানে দৃঢ়-বদ্ধ হৃদয়গ্রন্থি শিথিল হইয়া পড়ে; এবং মিথুনীভাবমূলক সংসার হইতে চিত্ত প্রতিনিবৃত্ত হয়; সুতরাং অনর্থের মূল কারণ অহঙ্কারকে পরিত্যাগ করিয়া, পরম পদ মোক্ষপদবীতে জীব গমন করিয়া থাকে ॥ ৯ ॥

আভাস।

স্থূল স্বজাতি শব্দকে গ্রহণ করা ব্যতীত অন্য কোন ক্ষিত্যাদি পদার্থ-চতুষ্টয়কে গ্রহণ করে না। অতএব ইহা স্পষ্টই প্রতীত হয় যে, যে ইন্দ্রিয় যে তন্মাত্রায় প্রস্তুত, সে ইন্দ্রিয় সেই তন্মাত্রার স্থূল ভাবকেই বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে। অতএব "স্বজাতৌ পরমা প্রীতিঃ" বলিয়া চির প্রসিদ্ধ নীতিই সর্ব্বত্র প্রচলিত থাকিয়া জলের সহিত জলের, অগ্নির সহিত অগ্নির, ক্ষিতির সহিত গন্ধের, শব্দের সহিত কর্ণের এবং বায়ুর সহিত স্পর্শের মিলন করাইয়া দিতেছে। এই আদান-প্রদান সম্বন্ধ স্বজাতীয় বস্তুর মধ্যে নিত্য বিদ্যমান রাখিয়া, ভূত-ভাবন ভগবান্ জগৎকার্য্য সাধিত করিতেছেন। নভোভাগে দুইটী জলদের পরস্পর মিলনের উপক্রমে পরস্পরের তাড়িত-শক্তি পরস্পরে যখন মিলিত হয়, তখনই আমরা বিদ্যুতের যেমন উপলব্ধি করি, সেইরূপ দর্শনেন্দ্রিয়ের সহিত দ্রষ্টব্য পদার্থের রূপের সহিত যখন সম্বন্ধ ঘটে, তখনও তাহাদের মধ্যে একটী অনির্ব্বচনীয় ভাবের বিনিময় হইয়া থাকে। অজ্ঞানী ব্যবহারিক মানব কেবল একটী মাত্র স্বীয় অভিমুখের পক্ষ বুঝে; বিবেকী ব্যক্তি কিন্তু দ্রষ্টা চক্ষু এবং দৃশ্য ফলপুষ্পোপশোভিত বৃক্ষাদি এতদুভয়েরই পৃথক্ প্রাণের কথা বুঝিয়া থাকেন; সুতরাং ক্ষুদ্র দেহের প্রত্যেক স্তরের সহিত এই বৃহৎ ব্রহ্মাণ্ডের বিচিত্র পরিণামের

হংসে গুরৌ ময়ি ভক্ত্যানুবৃত্ত্যা বিতৃষ্ণয়া দ্বন্দ্বতিতিক্ষয়াচ।
সর্ব্বত্র জন্তোর্ব্যসনাবগত্যা জিজ্ঞাসয়া তপসেহানিবৃত্ত্যা ॥ ১০ ॥

অন্বয়ঃ।

হংসে হংসবৎ বিবেকবতি, গুরৌ, তথা ময়ি ভগবতি, চ ভক্ত্যা স্নেহেন, অনুবৃত্ত্যা সেবয়া, চ, বিতৃষ্ণয়া বিষয়ভোগাভিলাসত্যাগেন, দ্বন্দ্বতিতিক্ষয়া সুখদুঃখাদিদ্বন্দ্বসহনেন, সর্ব্বত্র (ইহামুত্র চ) জন্তোঃ জীবস্য ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন, জিজ্ঞাসয়া তত্ত্বাতত্ত্ববিচারেণ, তপসা ব্রতোপবাসাদিনিয়মেন ইহা নিবৃত্ত্যা কাম্যকর্ম্মত্যাগেন ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

হেতুমতিহায়েত্যুক্তং তত্র পঞ্চ বিংশতি সাধনান্যাহ চতুর্ভিঃ। হংসে ময়ি গুরৌ ভক্তিঃ সেবা অনুবৃত্তি স্তৎপরতা। বিগততৃষ্ণয়া সর্ব্বত্র লোকান্তরেঽপি ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন ঈহানিবৃত্ত্যা কাম্যকর্ম্মত্যাগেন ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিমিশ্রজ্ঞানেন লিঙ্গভঙ্গমুক্ত্বা জ্ঞানমিশ্রয়া চ ভক্ত্যা পঞ্চবিংশত্যঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ চতুর্ভিঃ। তত্রাপি শুদ্ধভক্তানাং কেবলয়ৈব ভক্ত্যা পঞ্চদশাঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ প্রথম-

হে পুত্রগণ! ইচ্ছামাত্রেই অভিমানকে পরিত্যাগ করা যায় না; তন্নিমিত্ত যে যে উপায় অবলম্বন করিতে হয়, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি শ্রবণ কর! প্রথমত জল-মিশ্রিত দুগ্ধকে বিচক্ষণ হংস যেমন পৃথক্‌রূপে গ্রহণ করিতে পারে, সেইরূপ সদসৎ বিচারে বিলক্ষণ পারদর্শী মেধাবান্ গুরু এবং পরম দেবতা ভগবানের সেবা ও ভক্তি পূর্ব্বক অনুসরণ করা আবশ্যক। বিষয় সম্ভোগের আশা পরিত্যাগ পূর্ব্বক শীতোষ্ণ এবং হর্ষশোকাদি দ্বন্দ্ব-ভাবকে অবশ ভাবে সহ্য করা সর্ব্বতোভাবে বিধেয়; এই পরিদৃশ্যমান জগতে মানব যেমন দুঃখের সহিত সুখও ভোগ করিয়া থাকে, সুখসেব্য স্বর্গাদি লোকে গমন করিলেও দুঃখের হস্ত হইতে তাহাদের নিষ্কৃতি লাভ হয় না; বিচারের দ্বারা এইরূপ স্থির করত ব্রতোপবাসাদি তপস্যার অনুষ্ঠানে জীব, জগৎ ও পরমেশ্বর-তত্ত্বের বিচার করত কাম্য কর্ম্ম হইতে নিরস্ত থাকা বিধেয় ॥ ১০ ॥

আভাস।

সহিত সম্বন্ধ বিলক্ষণ অনুভূতি পূর্ব্বক বিচার করা তাঁহাদের আছে। তাঁহারা জানেন যে, চক্ষু যেমন রূপে, কর্ণ যেমন শব্দে, মন সেইরূপ মনের সহিত, বুদ্ধি বোধলক্ষণ ব্যষ্টি ও সমষ্টি বোধস্বরূপে এবং চৈতন্যস্বরূপ জীবের তত্ত্ব ও জগৎ ব্রহ্মাণ্ডের অন্তরালবর্ত্তী সর্ব্বান্তর্যামী ও সর্ব্বসাক্ষী চৈতন্যসাগরের সহিতই আত্মসম্বন্ধ করিতে চাহেন; প্রাকৃতিক পদার্থের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই; তিনি সাক্ষীরূপে সর্ব্বত্র বিরাজমান আছেন বলিয়া

মৎকর্ম্মভি র্ম’ৎ কথয়াচ নিত্যং মদ্দেবসঙ্গাদ্গুণকীর্ত্তনান্মে।
নির্বৈর-সাম্যোপশমেন পুত্রা জিহাসয়া দেহগেহাত্মবুদ্ধেঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

মৎকর্ম্মভিঃ (ময়ি সমর্পিতৈঃ কর্ম্মভিঃ) মৎকথয়া (মম কথা শ্রবণেন) নিত্যং নিরন্তরং মদ্দেবসঙ্গাৎ (অহমেব দেবঃ যেষাং তেষাং মদ্ভক্তানাং সঙ্গাৎ) মে মম গুণকীর্ত্তনাৎ (গুণানাং কীর্ত্তনাৎ) নির্ব্বৈরেণ প্রাণিষু বৈরত্যাগেন, সাম্যেন সর্ব্বত্র সমভাবাপন্নেন চেতসা, উপশমেন চিত্তশান্ত্যা চ দেহগেহাত্মবুদ্ধেঃ (দেহে অহমিতি গেহে মমেতি চ আত্মনঃ স্বস্য বুদ্ধিঃ তস্যাঃ জিহাসয়া ত্যাগেচ্ছয়া) হে পুত্রাঃ! ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মদর্থৈঃ কর্ম্মভিঃ অহমেব দেবো যেষাং তৈঃ সঙ্গাৎ হে পুত্রাঃ দেহগেহয়োরাত্মবুদ্ধেঃ অহং মমেতি বুদ্ধেঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বাভ্যাং। হংসে পরমহংসস্বরূপে ময়ি গুরৌ ভক্ত্যেত্যাদিভিঃ অহমাখ্যং লিঙ্গং লিঙ্গদেহং ব্যপোহেদিত্যন্বয়ঃ। বিতৃষ্ণয়া নিষ্কামতয়া জিজ্ঞাসয়া ভক্তে র্ভজনীয়েশ্বরস্য চেতি শেষঃ।

ভগবানে ফল-ত্যাগ পূর্ব্বক যাবতীয় কর্ম্মের অনুষ্ঠান, নিত্য ভগবৎকথা শ্রবণ ও মদ্গতচিত্ত ভক্তের সংসর্গে অবস্থান করত ভগবানের গুণকীর্ত্তন, কোন প্রাণীর প্রতি বৈরতা না করা, সকলের প্রতি সমদৃষ্টি এবং সর্ব্বদা চিত্তের প্রাশস্তি অবলম্বন পূর্ব্বক, হে বালকগণ! কলেবরে অহংবোধ এবং গৃহাদিতে মমতা পরিত্যাগ করা সতত বিধেয় ॥ ১১ ॥

আভাস।

অজ্ঞানী মানব ইন্দ্রিয়বর্গের ক্রিয়াও তাঁহার উপর আরোপ করত বিলাসিতার পরিচয় দেয় এবং অতৃপ্তি বশত নিরন্তর দুঃখ অনুভব করিয়া থাকে। প্রকৃত প্রস্তাবে পুরুষ চৈতন্যস্বরূপ ও সম্পূর্ণ অসঙ্গ; প্রাকৃতিক পদার্থ দেহ, ইন্দ্রিয় ও মন প্রভৃতির সহিত তাঁহার পূর্ণাবয়বে সম্বন্ধ ঘটে না; তবে প্রকাশক আলোকের ন্যায় সাক্ষী ও অন্তর্যামিরূপে তিনি বিরাজ করিয়া থাকেন মাত্র। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, “স্বস্বামিশক্ত্যোঃ স্বরূপোপলব্ধিহেতুঃ সংযোগঃ” প্রকৃতি এবং পুরুষ পরস্পরে সম্পূর্ণ পৃথক হইলেও পরস্পরে পরস্পরকে এক বলিয়া মনে করাই সংযোগ এবং সংসারের কারণ। মাতৃগর্ভ হইতে নিঃসৃত হইয়া নর ও নারী সম্পূর্ণ পৃথক্‌রূপে এবং পরস্পরের মধ্যে কোনরূপ আপন-বোধের স্থাপন না করিয়া যতদিন অবস্থান করে, ততদিন তাহাদিগকে আর কোন প্রকার সংসার-জ্বালায় বিব্রত হইতে হয় না। কিন্তু যে সময় কাল্পনিক পরিণয়-সম্বন্ধে পরস্পরে কল্পনাবলে আবদ্ধ হন, তখনই প্রকৃত ভোগে তাঁহারা পতিত হন। এই মিথ্যা কল্পনাই সত্য ভোগের কারণ এবং হৃদয়ের বন্ধন বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তিত হইয়াছে। পরের ভোগ্য আমি এবং পর আমার ভোগ্য, এই “আমি”

অধ্যাত্মযোগেন বিবিক্তসেবয়া প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন সধ্র্যক্।
সংশ্রদ্ধয়া ব্রহ্মচর্য্যেণ শশ্বদসংপ্রমাদেন যমেন বাচাং ॥ ১২ ॥
সর্ব্বত্র মদ্ভাববিচক্ষণেন জ্ঞানেন বিজ্ঞানবিরাজিতেন।

অন্বয়ঃ।

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন, বিবিক্তসেবয়া নির্জ্জনদেশবাসেন, সধ্র্যক্ সম্যক্, প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন (প্রাণায়ামৈঃ প্রাণস্য, প্রত্যাহারৈঃ ইন্দ্রিয়াণাং ধারণয়া আত্মনঃ মনসঃ, অভিজয়েন বশীকারেণ) সংশ্রদ্ধয়া শাস্ত্রবিহিতানুষ্ঠানশ্রদ্ধয়া, ব্রহ্মচর্য্যেণ উপস্থ-সংযমনেন, শশ্বৎ সর্ব্বদা, অসম্প্রমাদেন কর্ত্তব্যস্য অপরিত্যাগেন বাচাং যমেন ব্যর্থালাপ-বর্জ্জনেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাব-বিচক্ষণেন (ময়ি ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন) বিজ্ঞানবিরাজিতেন

শ্রীধরস্বামী।

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন সধ্র্যক্ সম্যক্ অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরি-ত্যাগেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাবো মদ্ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন বিজ্ঞান-বিরাজিতেন অনুভবপর্য্যন্তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপসা একাদশী কার্ত্তিকাদি ব্রতলক্ষণেন বিষ্ণুবৈষ্ণবসেবানিবন্ধনস্বীয়ভোজনশয়নাদি সঙ্কোচ-লক্ষণেনচ। ঈহানিবৃত্ত্যা ব্যাপারান্তররাহিত্যেন অহমেব দেবঃ প্রভু র্যেষাং তৈঃ সঙ্গাৎ নির্বৈরমদ্বেষ্টৃত্বং। সাম্যং অন্যস্য সুখদুঃখয়োঃ স্বসুখ-দুঃখ-সাম্য-ভাবনা। উপশমঃ ক্রোধশোকাদে স্তেষাং দ্বন্দ্বৈক্যং তেন দেহগেহাদিস্বাত্মীয়ত্ববুদ্ধেস্ত্যাগাসামর্থ্যেঽপি ত্যাগে-চ্ছয়া অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন মদ্ভাববিচক্ষণেন মদীয়সত্তাদর্শনেন বিজ্ঞান-

---

অধ্যাত্ম-শাস্ত্রের আলোচনা, নির্জ্জন স্থানে বাস, প্রাণায়াম প্রত্যাহার ও ধারণার সাহায্যে প্রাণ, ইন্দ্রিয় ও মনকে বশীভূত করিয়া শাস্ত্র-বিহিত কর্ম্মানুষ্ঠানে শ্রদ্ধাবান্ হওয়া কর্ত্তব্য। এবং ব্রহ্মচর্য্যের অনুষ্ঠানে এবং কোন কর্ত্তব্য কর্ম্ম পরিত্যাগ না করিয়া, বৃথালাপ-বর্জ্জনে বাক্‌সংযমী হওয়া মুমুক্ষুর পক্ষে একান্ত প্রয়োজন ॥ ১২ ॥

সর্ব্বদা পরমাত্মস্বরূপের তীব্র চিন্তনে লব্ধ অপরোক্ষানুভূতিরূপ জ্ঞান

আভাস।

ও আমার” ভাবই সংসার। কল্পনার নিরাসে জীবের হৃদয় হইতে এই “আমি আমার” ভাবটী যখন দিগ্‌ভ্রান্ত ব্যক্তির ভ্রমাপনোদনের ন্যায় অকস্মাৎ অপনোদিত হইয়া দিঙ্-নিরূপণের ন্যায় সম্যক্ জ্ঞানের উদয় হয়, তখনই ভ্রমজনিত সংসার আর থাকে না; জীব মুক্তি লাভ করে ॥ ৭—৯ ॥

হৃদয়ের গ্রন্থি অভিমান সহজে নিবৃত্ত হয় না। যথেষ্ট সাধনের প্রয়োজন। জ্ঞান-মিশ্র

যোগেন ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তো লিঙ্গং ব্যপোহেৎ কুশলোঽহমাখ্যং ॥ ১৩ ॥
কর্ম্মাশয়ং হৃদয়গ্রন্থিবন্ধমবিদ্যয়াসাদিতমপ্রমত্তঃ ।

অন্বয়ঃ ।

অনুভবপর্য্যন্তেন, জ্ঞানেন, যোগেন ভগবদ্ধ্যানেন, ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তঃ (ধৃতিঃ ধৈর্য্যং, উদ্যমঃ প্রযত্নঃ সত্ত্বং বিবেকঃ তৈঃ যুক্তঃ) কুশলঃ নিপুণঃ পুরুষঃ অহমাখ্যং লিঙ্গং সংসারকারণভূতং, ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

তথা অপ্রমত্তঃ অনলসঃ, সন্ অনেন যোগেন, যথোপদেশং অবিদ্যয়া আসাদিতং প্রাপিতং হৃদয়গ্রন্থিবন্ধং হৃদয়গ্রন্থিলক্ষণং আত্মনঃ বন্ধং কর্ম্মাশয়ং (কর্ম্মাণি আশেরতে যস্মিন্ তং

শ্রীধরস্বামী ।

জ্ঞানেন। যোগেন সমাধিনা। ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তঃ ধৈর্য্যপ্রযত্নবিবেকযুক্তঃ সন্ অহঙ্কারাখ্যমুপাধিং ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

ততঃ সাধনানুপরমেদিত্যাহ কর্ম্মাণ্যাশেরতে যস্মিন্। যোগেন উপায়েন যদ্যপি ফলে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিরাজিতেন বিজ্ঞানজনকেনেত্যর্থঃ। অনুভবজনকত্বমেব জ্ঞানস্য বিরাজনমিতি ভাবঃ যোগেনাষ্টাঙ্গেন সত্ত্বমুৎসাহঃ। ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১০—১৩ ॥

ততশ্চ লিঙ্গভঙ্গার্থকসাধনানুপরমেদিত্যাহ কর্ম্মেতি। যথোপদেশং যোগেন গুরূপদেশমনতিক্রম্য যো যোগ উপায়স্তেন নতু পাণ্ডিত্যবলাৎ পুস্তকদর্শনমাত্রাদেব স্বোৎপ্রেক্ষিতেন কর্ম্মাণ্যাশেরতে যস্মিং স্তং বন্ধং ব্যপোহ্য নিরস্য যোগানুপায়াৎ বিরমেদিতি লিঙ্গব্যপোহনার্থমেব বিরমেৎ নতু তৎপদার্থজ্ঞানার্থমিত্যর্থঃ। তদর্থন্তু ভক্তিং কুর্ব্বীতৈব। যদুক্তং ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা

এবং ভগবদ্ধ্যানরূপ যোগের অনুশীলনে যাঁহাদের চিত্তে ধৈর্য্য, উৎসাহ ও সত্ত্বগুণবিলসিত বিবেকের উদয় হইয়া থাকে, তাদৃশ বিচক্ষণ পুরুষই সংসার-কারণ অভিমানকে পরিত্যাগ করিতে পারেন, সন্দেহ নাই ॥ ১৩ ॥

আলস্যকে দূরে বিতাড়িত করত সর্ব্বদা সদুপদিষ্ট যোগের অনুশীলনে

আভাস ।

ভক্তির পরিচয়ে মানব যে প্রকারে বিমুক্ত হইতে পারেন, তন্নিমিত্তই পঞ্চবিংশতি সাধনের প্রকার নিম্ন-লিখিত শ্লোকচতুষ্টয়ে বর্ণিত হইয়াছে। নিজের সুখ বা দুঃখের অনুভবে অপরের সুখ বা দুঃখের প্রতি সমানভাবে লক্ষ্য করাই সাম্যভাবের পরিচয়। অনুভূতি পূর্ব্বক জ্ঞানই প্রকৃত জ্ঞান ॥ ১০—১৩ ॥

গুরুর উপদেশ অনুসারে যোগে অগ্রসর হইয়া, যখন অপরোক্ষ ভাবে ভগবৎস্বরূপ জীবের উপলব্ধ হইয়া দেহগেহাদিতে অহংজ্ঞান ও মমতার নিবারণ হইবে, তখন আর যোগানুষ্ঠানের প্রয়োজন থাকে না। তখন কেবল ভক্তিপথ অবলম্বনে পরম ব্রহ্মে আত্মসমর্পণ

অনেন যোগেন যথোপদেশং সম্যগ্ব্যপোহ্যোপরমেত যোগাৎ ॥ ১৪ ॥
পুত্রাংশ্চ শিষ্যাংশ্চ নৃপো গুরুঃ পিতা মল্লোককামো মদনুগ্রহার্থঃ।
ইত্থং বিমন্যুরনুশিষ্যাদতজ্জ্ঞানযোজয়েৎ কর্ম্মসু কর্ম্মমূঢ়ান্ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হৃদয়গ্রন্থিং সম্যক্ নির্ম্মাসনং যথা স্যাৎ তথা অপোহ্য নিরস্য, যোগাৎ বিমুক্ত্যুপায়াৎ, উপরমেত নিবর্ত্তেত ॥ ১৪ ॥

ইত্থং বিমন্যুঃ ক্রোধবর্জ্জিতঃ, মল্লোককামঃ মদনুগ্রহার্থঃ (মদনুগ্রহঃ এব অর্থঃ যস্য সঃ) পিতা গুরুঃ নৃপঃ চ পুত্রান্ শিষ্যান্ প্রজাঃ চ যথা ময়া উপশিষ্টং তথা অনুশিষ্যাৎ অনুশিক্ষয়েৎ, অতজ্জ্ঞান্ কর্ম্মমূঢ়ান্, পুত্রাদীন্ কর্ম্মসু ন যোজয়েৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

সিদ্ধো সাধনোপরমঃ সিদ্ধ এব তথাপি যাবদ্দেহপাতং তাবত্তদভ্যাসশঙ্কাবারণ য়োক্তং ॥ ১৪ ॥

কিঞ্চ পুত্রান্ পিতা শিষ্যান্ গুরুঃ নৃপশ্চ প্রজাঃ এবমনুশিক্ষয়েৎ মম লোকং যঃ কাময়তে। যদ্বা মদনুগ্রহ এবার্থো যস্য বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেঽপি কোপশূন্যঃ। অতজ্জ্ঞান্ তত্ত্বমবিদুষঃ শ্রেয়োবুদ্ধ্যা। কর্ম্মসু মূঢ়ান্ ন যোজয়েৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বত ইতি। তৎপদার্থানুভাবসিদ্ধেঽপি ভক্তেঃ সর্ব্বথৈবাত্যাগ আত্মারামাশ্চ মুনয় ইত্যাদি প্রমাণাদ্ব্যাখ্যেয় এবেত্যতো ভক্তিভিন্নাদুপায়াদ্বিরমেদিতি কেচিদাহুঃ ॥ ১৪ ॥

এবং ভক্তে গুণভাবমন্তর্ভূতকৈবল্যাকোক্ত্বা ভক্তেরুপদেষ্টাপি কৃতার্থঃ স্যাদিত্যাহ পুত্রানিতি। বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেঽপি কোপশূন্যঃ। কর্ম্মসু ন যোজয়েৎ কর্ম্মৈব কুরুতেতি নোপদিশেৎ। যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্নিতিতু জ্ঞানোপদেষ্টৃ বিষয়ং নতু ভক্ত্যুপদেষ্টৃ বিষয়মিতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

অবিদ্যায় গঠিত ও যাবতীয় কর্ম্ম-বাসনার আশ্রয়-স্থল অভিমানাত্মক চিত্তভূমিকাকে সম্পূর্ণ বাসনাশূন্য করিয়া, যোগানুষ্ঠান হইতে বিরত হইবে ॥ ১৪ ॥

সংসারী লোকের পক্ষে নিজের অবিদ্যা গ্রন্থি বিচ্ছিন্ন হইলেই যে, তিনি নিষ্কৃতি লাভ করিলেন, এমত নহে ; যাহাদিগকে লইয়া তিনি সংসারী হইয়াছিলেন, তাহাদেরও পাশ মোচনে তাঁহার যত্ন করা বিধেয়। ভগবল্লোকের প্রাপ্তিকামনায় এবং ঈশ্বরের অনুগ্রহ লাভের প্রত্যাশায় পিতা, গুরু ও রাজার পক্ষে সর্ব্বদা পুত্র, শিষ্য ও প্রজাপুঞ্জের মধ্যে ভগবদ্ভক্তির উপদেশ

আভাস।

করা কার্য্য মাত্র অবশিষ্ট থাকে। দেহোপাধির বিনাশ উপস্থিত হইলেও মুক্তিলাভের কাল পর্য্যন্ত ভক্তির অনুষ্ঠান হইতে বিরত হওয়া কখনই উচিত নহে ॥ ১৪ ॥

লোকঃ স্বয়ং শ্রেয়সি নষ্টদৃষ্টি র্যোঽর্থান্ সমীহেত নিকামকামঃ।
অন্যোন্যবৈরং সুখলেশহেতোরনন্তদুঃখঞ্চ ন বেদ মূঢ়ঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

লোকঃ জনঃ স্বয়ং শ্রেয়সি শ্রেয়ঃসাধনে, নষ্টদৃষ্টিঃ জ্ঞানশূন্যঃ, যঃ নিকামকামঃ (নিতরাং কামকামঃ ভোগাভিলাষী, অতঃ অন্যোন্যবৈরঃ (অন্যোন্যবৈরং যস্য সঃ তথাভূতঃ) সন্ (পরদ্রোহেণ) অর্থান্ ভোগ্যবিষয়ান্ সমীহেত ইচ্ছতি (সঃ পরদ্রোহাদিজনিতং) অনন্তং মহৎ নরকপাতাদিদুঃখং ভবিষ্যতি ইতি ন বেদ যতঃ মূঢ়ঃ অবিদ্যয়া মোহিতঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। নষ্টদৃষ্টিত্বে হেতুঃ য ইতি নিকামং অতিশয়েন কামো যস্য ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদেবোপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। অর্থান্ ভোগ্যপদার্থান্ দৃষ্টানদৃষ্টাংশ্চ নিকামমতিশয়েন কাম এব যস্য সঃ ॥ ১৬ ॥

দেওয়া সর্ব্বতোভাবে বিধেয়। পুত্র শিষ্য বা প্রজাবর্গ ভোগ প্রার্থনায় উপদিষ্ট পথের অন্যথাচরণ করিলেও বিরক্ত বা ক্রোধ-পরতন্ত্র হইয়া তাহাদিগকে সৎপথে আনয়নে তাঁহারা যেন কখন উদাসীন না থাকেন এবং তাদৃশ ভোগপরতন্ত্র প্রতিপাল্যগণকে যেন কখন কেবল ভোগার্জ্জনার্থ কর্ম্মমার্গে প্রেরণ না করেন। কারণ্ কাম্য কর্ম্মাদিতে প্রেরণ করিয়া তাদৃশ মহামনা পিতা, গুরু ও নরপতির কোন বিশেষ ফল লাভ হইবে না; বরং অন্ধ পথিককে পথ প্রদর্শন-চ্ছলে গভীর গর্ত্তে নিপাতিত করিলে যেরূপ পাপের সঞ্চয় মাত্র করা হয়, ভোগান্ধ জীবকে পুনরায় কর্ম্মমার্গে প্রেরণ করিলেও তাদৃশ ফল লাভেরই বিশেষ সম্ভাবনা। ১৫ ॥

সাধারণত মানব পরমার্থ-সাধনে অজ্ঞানান্ধ; অথচ ভোগাভিলাষী অন্যের অনিষ্টসাধনের দ্বারা নিজের ভোগ চরিতার্থের জন্য সতত লালায়িত। কিন্তু অবিদ্যার কুহকে পতিত হইয়া তাহারা এতই ভ্রান্ত হয় যে, পরের অনিষ্টাচরণে যে ভীষণ নরকপাতাদি দুঃখে পরিণামে নিশ্চয়ই পতিত হইতে হইবে, সে বিষয়ে কিছু মাত্র চিন্তাও করে না ॥ ১৬ ॥

আভাস।

যোগাবলম্বনে নিজে কৃতার্থ হইলেই যে সমস্ত কর্ম্মের সমাপন হইয়া যায়, তাহা নহে; নিজের অধীনস্থ পুত্র, শিষ্য ও প্রজাবর্গের হৃদয়ে ধর্ম্মজ্ঞান ও ঈশ্বরভক্তির উপদেশ দেওয়া সর্ব্বতোভাবে বিধেয়; তাহারা অসদাচারী ও মন্দবুদ্ধি হওয়ায় যদিও উপদেশ অনুসারে অগ্রসর না হয়, তথাপি তজ্জন্য ক্রুদ্ধ হওয়া উচিত নহে; সৎসম্প্রদায়ের প্রবর্ত্তনার্থ সহিষ্ণুতা

কস্তং স্বয়ং তদভিজ্ঞো বিপশ্চিদবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং।
দৃষ্ট্বা পুনস্তং সঘৃণঃ কুবুদ্ধিং প্রয়োজয়েদুৎপথগং যথান্ধং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

তং অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং মায়ামোহিতং অতএব কুবুদ্ধিং জনং অভিজ্ঞঃ বিপশ্চিৎ জ্ঞানবান্ কঃ সঘৃণঃ জনঃ পুনঃ উৎপথগং গর্ত্তমার্গে গচ্ছন্তং অন্ধং যথা তথা তং স্বয়ং তত্র লৌকিকাদি-কাম্য-কর্ম্মসু প্রযোজয়েৎ প্রেরয়েৎ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তমীদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোঽপি। উৎপথেন গচ্ছন্তং অন্ধং যথা তেনৈব গচ্ছেতি কো ব্রূয়াৎ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমেতাদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোঽপি উৎপথেন গচ্ছন্তমন্ধং কঃ খলু তেনৈব গচ্ছেতি বদেৎ ॥ ১৭ ॥

মায়ার বিষম পাশে আবদ্ধ কুবুদ্ধি ব্যক্তিকে অবলোকন করিয়া, কোন্ বুদ্ধিমান্ এবং বিচক্ষণ ব্যক্তি জানিয়া শুনিয়া আবার তাহাকে কাম্য কর্ম্মে নিয়োজিত করে? কুৎসিত পথে অগ্রসর দৃষ্টিশক্তিশূন্য অন্ধ ব্যক্তিকে অবলোকন করিয়া, যেমন কোন বিবেচক লোক আর তাহাকে তাদৃশ পথে অগ্রসর হইতে পরামর্শ দেয় না, সেইরূপ কর্ম্মমার্গে পতিত পরমার্থ-জ্ঞান-হীন ব্যক্তিকে কোন সহৃদয় ব্যক্তি আবার কাম্যকর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হইতে উপদেশ দেন না ॥ ১৭ ॥

আভাস।

সহকারে যত্ন করা কর্ত্তব্য। প্রতিপাল্যগণকে সৎপথে আনয়ন করা ব্যতীত, প্রতিপালন কার্য্যের ক্রটি হয়; সুতরাং প্রতিপালককে কর্ত্তব্য কর্ম্মের অকরণ জন্য উন্নতিমার্গে বঞ্চিত হইতে হয়। কায়মনোবাক্যে ভগবদুপাসনার পথে প্রবর্ত্তিত না করিয়া, কাম্যকর্ম্মের পথে প্রেরণ করায়, বরং পাপেরই সঞ্চয় করা হয়। কারণ একত ভোগবাসনার অনুরোধে সংসার-স্রোতে ভাসমান হইয়া, ভোগার্থ দেহ ধারণ করা হইয়াছে; পুনরায় যদি ভোগের জন্যই আয়োজন করা হয়, তাহা হইলে সংসার হইতে ত কখনই নিষ্কৃতি লাভ হইবে না। অতএব অন্ধকে অসৎপথে প্রবর্ত্তিত করিলে যেমন তাহার পক্ষে অনর্থেরই উৎপাদন করা হয়, সেইরূপ ভোগীকে কর্ম্মমার্গে প্রবর্ত্তিত করিলেও, অনর্থেরই উৎপাদন করা হয়। বিশেষত বিষয় সম্ভোগ করিতে হইলে, অনেকের সহিতই শত্রুতা করিতে হয়। অন্যের অনিষ্ট না করিলে, নিজের বিষয় সম্পত্তি প্রভৃতি ইষ্টলাভের সম্ভাবনা নাই। অতএব বিজ্ঞ ব্যক্তি স্বয়ং বিচার করিয়া, অন্যকে ভক্তিমার্গেই যেন প্রবর্ত্তিত করেন ॥ ১৫—১৭ ॥

জন্মমৃত্যুরূপ ভীষণ সংসার-সাগরে পতিত ব্যক্তিকে ভক্তিমার্গের উপদেশ দ্বারা উদ্ধার না

গুরু র্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।

অন্বয়ঃ।

সমুপেতমৃত্যুং (সমুপেতঃ সংপ্রাপ্তঃ মৃত্যুঃ জন্মমরণাদিলক্ষণঃ সংসারঃ যেন তং জনং)

শ্রীধরস্বামী।

সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং ততো ভক্তিমার্গোপদেশেন যো ন মোচয়েৎ স গুর্ব্বাদি র্ন ভবেদিত্যর্থঃ। যদ্বা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ অতস্তস্য গুর্ব্বাদির্ন স্যাদিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভক্তেরুপদেষ্টারমভিনন্দ্য তদনুপদেষ্টৄণাং গুরুত্ববন্ধুত্বাদ্যভাবং তদ্ধেতুকং তেষাং ত্যাগং চাভিব্যঞ্জয়তি। সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং। জনং ভক্তিমার্গোপদেশেন যো ন মোচয়েৎ স গুর্ব্বাদি র্ন ভবেৎ ন ভবতি। বলিঃ শুক্রমিব তং গুরুং ত্যজেদেব তস্য প্রণত্যনুবৃত্ত্যাদ্যভাবেঽপি ন প্রত্যবায়ী স্যাদিতি ভাবঃ। এবং বিভীষণো রাবণমিব তং স্বজনং প্রহ্লাদো হিরণ্যকশিপুমিব তং পিতরং শ্রীভরতঃ কৈকেয়ীমিব তাং জননীং। খট্বাঙ্গ ইন্দ্রাদিমিব তদ্দৈবং। যাজ্ঞিকব্রাহ্মণী যাজ্ঞিকবিপ্রমিব তং পতিং ত্যজেদেবেত্যর্থঃ। যদ্বা

জন্মমৃত্যুরূপ দুর্ব্বিষহ সংসারস্রোতে অবশভাবে ভাসমান ব্যক্তিকে যিনি ভক্তিমার্গের উপদেশের দ্বারা উদ্ধারের চেষ্টা না করেন, তিনি লৌকিক সম্পর্কে গুরু হইলেও পরমার্থত গুরু নহেন; স্বজন হইলেও সম্পূর্ণ সম্পর্ক-শূন্য। এমন কি! জন্মদাতা পিতা বা গর্ভধারিণী জননী হইলেও প্রকৃত

আভাস।

করিয়া কেবল লৌকিক সম্বন্ধে গুরু বা স্বজন এবং পিতা বা মাতা এবং দেবতা বা পতিরূপে পরিচিত হওয়া কখনই উচিত নহে। কেবল ব্যবহারিক গুরু হইলে বরং প্রত্যবায়ভাগীই হইতে হয় এবং তাদৃশ গুরু শিষ্যের সন্নিধানে সর্ব্বতোভাবে ত্যাজ্য, তাহাতে আর সন্দেহ নাই। বামনাবতারে ভগবান্ বলিরাজের সমীপে ত্রিপাদ ভূমি যখন যাচ্ঞা করেন, তখন দৈত্যগুরু শুক্রাচার্য্য বলিরাজকে তাদৃশ দানে নিষেধ করেন। কিন্তু বলিরাজ গুরুদেবকে উপেক্ষা করিয়া, বামনদেবকে দান করত ভগবানকে স্বীয় আবাসস্থলে আবদ্ধ করিলেন। শ্রীরামচন্দ্রের অনুরোধে বিভীষণ রাবণের ন্যায় স্বজনকেও পরিত্যাগ করিয়াছিলেন প্রহ্লাদ পিতা হিরণ্যকশিপুকে ভগবদ্দ্বেষী বলিয়া ত্যাগ করিয়াছিলেন। খট্বাঙ্গ ইন্দ্রাদি দেবতা-গণকে এবং গোচারণ-কালে শ্রীকৃষ্ণ যখন বয়স্য বালকগণের দ্বারা যজ্ঞক্ষেত্রে ব্রাহ্মণগণ সমীপে অন্ন যাচ্ঞা করেন, তখন গোপজাতি বলিয়া ব্রাহ্মণগণ তাঁহাদিগকে প্রত্যাখ্যান করিলেন; কিন্তু ব্রাহ্মণপত্নীগণ ভূতভাবন ভগবানের উদ্দেশে অন্ন প্রদান করিবার অভি-প্রায়ে স্ব স্ব পতি ব্রাহ্মণগণকে উপেক্ষা করিয়া তাঁহারা সকলে স্বয়ং অন্নাদি হস্তে সেই গোচারণ স্থলে উপস্থিত হইয়াছিলেন। অতএব যাঁহার উদ্ধার করিবার ক্ষমতা নাই, তাঁহার গুরু হওয়া উচিত নহে এবং তজ্জন্য বৃত্তি গ্রহণ করাও অবিধেয়। তাদৃশ ব্যক্তির

দৈবং ন তৎ স্যাৎ ন পতিশ্চ স স্যাৎ ন মোচয়েদ্যঃ সমুপেতমৃত্যুম্ ॥ ১৮॥
ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং সত্ত্বং হি মে হৃদয়ং যত্র ধর্ম্মঃ।

অন্বয়ঃ।

ভক্তিমার্গোপদেশেন ততঃ মৃত্যুসংসারাৎ যঃ ন মোচয়েৎ সঃ গুরুঃ ন স্যাৎ স্বজনঃ ন স্যাৎ পিতা ন স্যাৎ সা জননী ন স্যাৎ তৎ দৈবং ন স্যাৎ সঃ পতিঃ চ ন স্যাৎ ॥ ১৮ ॥

ইদং মনুষ্যাকারং মম শরীরং দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং যতঃ স্বেচ্ছয়া [illegible]তং নতু প্রাকৃত-পুরুষবৎ কর্ম্মাধীনং হি যস্মাৎ সত্ত্বং পরমার্থভূতং সচ্চিদানন্দাত্মকং এব মে মম হৃদয়ং যত্র

শ্রীধরস্বামী।

নিষেধঃ। ততশ্চ পিতা ন স স্যাদিতি পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যর্থঃ। দৈবং দেবতা ন স্যাদিতি পূজা ন গ্রাহ্যা ইত্যর্থঃ। এবমন্যদপি দ্রষ্টব্যং ॥ ১৮ ॥

এবং মোক্ষধর্ম্মানুপদিশ্য ভ্রাতৃশুশ্রূষণলক্ষণধর্ম্মং স্পর্দ্ধাদিনিবৃত্তয়ে তেষাং জন্মকথন-পূর্ব্বকং আহ দ্বাভ্যাং। ইদং মনুষ্যাকারং শরীরং মম দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং মদিচ্ছা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাদিতি বিধিলিঙা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ স তস্য গুর্ব্বাদি র্ন স্যাৎ প্রণত্যানুবৃত্ত্যাদিকং ন গৃহ্ণীয়াদ্যদি গৃহ্ণীয়াত্তর্হি প্রত্যবায়ী স্যাদিতি তেন চ যদি মোচয়িতুং ন শক্নুয়াৎ তর্হি গুরু র্ভবিতুমন্যং ন শিষ্যং কুর্য্যাৎ। স্বজনোভবিতুং বন্ধুতাং ন দধ্যাৎ পিতা ভবিতুং পুত্রোৎপত্তৌ ন যতেত। জননীভবিতুং অন্যং গর্ভে ন দধ্যাৎ। দৈবং ভবিতুং পূজাং ন গৃহ্ণীয়াৎ। পতির্ভবিতুং পাণিং ন গৃহ্ণীয়াদিতি দোাদিতং ॥ ১৮ ॥

যস্য ভক্তিঃ কর্ত্তব্যা স ক্ব ভগবাংস্তথা ভক্তিপ্রাপ্ত্যর্থং ভাগবতসেবাচাপেক্ষণীয়েতি ক্ব বা স ভগবত ইতি যুষ্মাকমন্বোঽপি প্রয়াসো নাস্তি যতো গৃহএব ভগবানহং বঃ পিতা তথৈব গৃহএব ভাগবতোঽয়ং বো ভ্রাতা বর্ত্তত ইত্যাহ ইদমিতি দ্বাভ্যাং ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্ত্বং চিদানন্দরূপং তদেব নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। চিদ্বস্তুন স্তত্ত্বস্য যন্মূর্ত্তত্বং এতদেব দুর্ব্বিভাব্যত্বং অন্যেষাং পৃথিব্যাদীনাং

জনক বা জননী তাঁহারা নহেন; তিনি দেবতা হইলেও দেবতা নহেন বা প্রকৃত পতিশব্দেরও বাচ্য ব্যক্তি নহেন। ১৮ ॥

আমি মানবের ন্যায় যে কলেবর ধারণে আবির্ভূত হইয়াছি, তাহা মানব বুদ্ধির তর্ক বা বিচারের অবিষয়; কারণ আমি নিজের ইচ্ছায় এই বিগ্রহ

আভাস।

পুত্র উৎপাদন করা কর্ত্তব্য নহে, যে কেবল পশুর ন্যায় পুত্রকে ভোগেই নিরত রাখে; পরিণামের জন্য পুত্রকে ধর্ম্মোপদেশ প্রদানে অসমর্থ; এবং সে দেবতার বলি গ্রহণ করাও উচিত নহে এবং সে পতির ও কেবল কাম-চরিতার্থের নিমিত্ত স্ত্রী গ্রহণ করা উচিত নহে, যিনি তাহাদিগকে পরমার্থের পথ প্রদর্শন করিতে সমর্থ না হন। ১৮ ॥

পৃষ্ঠে কৃতো মে যদধর্ম্ম আরাদতো হি মামৃষভং প্রাহুরার্য্যাঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

ধর্ম্মঃ তিষ্ঠতি যৎ যস্মাৎ মে ময়া অধর্ম্মঃ আরাৎ দূরাৎ এব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ, অতঃ আর্য্যাঃ বৃদ্ধাঃ পিত্রাদয়ঃ, মাং ঋষভং শ্রেষ্ঠং প্রাহুঃ॥ ১৯॥

শ্রীধরস্বামী

বিলসিতং নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। মে হৃদয়ং তু তত্ত্বং কিং তদ্ধৃদয়ং যত্র ধর্ম্ম স্তৎ শুদ্ধং সত্ত্বমিত্যর্থঃ। কুতঃ যদ্‌যস্মাৎ ময়াধর্ম্মো দূরাদেব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ। অতএব মাং ঋষভ শ্রেষ্ঠং প্রাহুঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্বানাং দুর্বিভাব্যত্বাভাবাদিতি ভাবঃ। হি নিশ্চিতং যত্র মে ধর্ম্মঃ মৎপ্রাপকো ভক্তিযোগ স্তত্রৈব মে হৃদয়ং মনঃ। সাধবো হৃদয়ং মহ্যমিতি মদুক্তেঃ মে অধর্ম্মঃ মদ্ধর্ম্মভিন্নোঽর্থঃ। আরাদ্দূরত এব পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোঽহং তত্র মে ন মন ইত্যর্থঃ। অতো হেতো-র্মামৃষভং সর্ব্বশ্রেষ্ঠং॥ ১৯॥

পরিগ্রহ করিয়াছি; প্রাকৃতিক মানবের ন্যায়, আমার দেহ প্রারব্ধবশে সমুৎপন্ন হয় নাই। সচ্চিদানন্দ পরমার্থ তত্ত্বই আমার হৃদয়স্বরূপ; আমার হৃদয় হইতেই ধর্ম্ম উৎপন্ন হইয়াছে। আমি অধর্ম্মকে অপসারিত করিয়া, পৃষ্ঠভাগে নিক্ষেপ করিয়াছি বলিয়া, জনকাদি মাননীয় ব্যক্তিগণ আমাকে ঋষভ অর্থাৎ শ্রেষ্ঠনামে অভিহিত করিয়াছেন॥ ১৯॥

আভাস

যে ভগবানের সেবা বা ভক্তি করিতে হইবে, সেই ভগবানও যে তাঁহাদের সম্মুখে এবং গৃহে বিদ্যমান রহিয়াছেন, তাহাই ঋষভদেব স্বীয় স্বরূপের বর্ণনে পুত্রগণকে উপদেশ দিয়াছিলেন। তিনি বলিলেন যে, আমি তোমাদের পিতাই সাক্ষাৎ পরম পুরুষ ভগবান্ এবং তোমাদের অগ্রজ ভরতই পরম ভাগবত। আমি যে মনুষ্যদেহ পরিগ্রহে তোমাদের সমীপে উপস্থিত আছি, ইহা সাধারণ মাংসপিণ্ড নরবিগ্রহ বলিয়া মনে করিও না! ইহা প্রাকৃতিক দেহ নহে এবং মানবের ন্যায় কাম কর্ম্ম ভোগ ও সংস্কারের বশবর্ত্তী হইয়া উৎপন্ন হয় নাই। ইহার স্বরূপ এবং বিগ্রহ ধারণের ভাব অনুভব করা সৃষ্ট জীবের পক্ষে নিতান্তই অসম্ভব। ইহা সচ্চিদানন্দস্বরূপ; এবং যাঁহার স্বরূপে ও ইচ্ছায় বিশ্ব রচিত হইয়াছে, তিনি তৎস্বরূপে অপ্রাকৃতিক একটী দেহ সৃজন করিবেন, তাহাতে আর বিচিত্র কি? আমার হৃদয়ই ধর্ম্মের স্বরূপ এবং সাধু ভক্তগণই আমার হৃদয় ও ধর্ম্মের সাক্ষাৎ প্রতিমূর্ত্তি। আমার হৃদয়ের বহির্ভাগেই অর্থসমূহের রচনা করিয়াছি। অতএব যাহারা বিষয়ের প্রতি দৃষ্টি করিয়া থাকে, তাহারা আমার হৃদয়ের বাহিরে অবস্থান করে। তোমরা সকলে সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ ভরতের অনুকূলে অবস্থান করিলে, সকল ফলই লাভ করিবে

তস্মাদ্ভবন্তো হৃদয়েন জাতাঃ সর্ব্বে মহীয়াংসমমুং সনাভং।
অক্লিষ্টবুদ্ধ্যা ভরতং ভজধ্বং শুশ্রূষণং তদ্ভরণং প্রজানাং।। ২০ ।।

অন্বয়ঃ।

তস্মাৎ মম সর্ব্বশ্রেষ্ঠত্বাৎ ভবন্তশ্চ সর্ব্বে মম হৃদয়েন ধর্ম্মস্থানেন, জাতাঃ শুদ্ধান্তঃকরণাঃ এব। অতঃ অক্লিষ্টবুদ্ধ্যা শুদ্ধ্যা, সনাভং সোদরং, মহীয়াংসং সদ্গুণৈঃ মহত্তমং, অমুং ভরতং, ভজধ্বং। (যতঃ জ্যেষ্ঠত্বেন রাজাসনে স্থিতস্য ভরতস্য) শুশ্রূষণং এব প্রজানাং ভরণং পালনং স্যাৎ নতু স্বাতন্ত্র্যেণ ইত্যর্থঃ॥ ২০॥

শ্রীধরস্বামী।

ভবন্তশ্চ হৃদয়েন শুদ্ধসত্ত্বময়েন জাতাঃ তস্মাৎ মৎসরং হিত্বা মহত্তমং সনাভং সোদরং ভজধ্বং ননু ত্বৎপুত্রত্বাৎ ত্বাং বয়ং ভজেম রাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেদত আহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি ভাবঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃদয়েন উরসা জাতাঃ অতএব পুত্রা ঔরসা উচ্যন্তে ইত্যর্থঃ। সনাভং সোদরং ভরতং ভজধ্বং ননু গৃহেষু জায়াত্মজ-রাতি-মৎসু ন প্রীতিযুক্তা ইত্যনেন কলত্র-পুত্র-ভ্রাতাদিষ্বাসক্তিং নিষিদ্ধাপি পুনস্ত্বাং কিমিত্যুপদিশসীত্যত আহ মহীয়াংসং মহৎস্বপি শ্রেষ্ঠং মহৎসেবাং দ্বারমাহু বিমুক্তেরিত্যাদিনা ভক্তিহেতুত্বেন মহৎসেবায়া ময়ৈবোক্তত্বাৎ। অক্লিষ্টবুদ্ধ্যেতি ভ্রাতৃত্বেন তুল্যৈ রস্মাভিঃ কথময়ং ভজনীয় ইতি ব্যবহারদৃষ্টির্ন কার্য্যেতি ভাবঃ। ননু তব পরমেশ্বরত্বাৎ পিতৃত্বাচ্চ ত্বাং বয়ং ভজামঃ ভক্তিহেতুত্বেন নারদাদীন্ মহতঃ সেবে মহারাজ-পুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেত্তত্রাহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানু-বৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি মম্মতমিতি ভাবঃ॥ ২০॥

আমি যেমন সকলের শ্রেষ্ঠ, তোমরাও সেইরূপ আমার হৃদয় ধর্ম্মস্থান হইতে উৎপন্ন হইয়াছে! তোমাদের হৃদয়ও অতি পবিত্র এবং উন্নত; অত-এব সরল-হৃদয়ে তোমাদের অগ্রজ ভ্রাতা অশেষগুণালঙ্কৃত মহামনা ভরতের শুশ্রূষায় তোমরা নিযুক্ত হও! ভরত সকলের জ্যেষ্ঠ এবং রাজাসনে আসীন; তোমরা সকলে তাঁহার অনুকূলে আচরণ করিলে, সকলেরই প্রজাপালনাদি কার্য্য করা হইবে। স্বতন্ত্রভাবে কাহারই কার্য্য করা বিধেয় নহে।। ২০ ।।

সমগ্র চরাচর বস্তুনিচয়ের মধ্যে প্রথম স্থাবরযোনি পাদপগণ শ্রেষ্ঠ বলিয়া গণনীয়। তাহাদের অপেক্ষা জঙ্গম সরীসৃপগণ শ্রেষ্ঠ। সরীসৃপ কীট

আভাস।

এবং স্ত্রী পুত্রাদি বিষয় সম্ভোগে নিরত থাকিলেও মহামনা ভরতের সাহায্যে তোমাদিগকে কোন দোষ স্পর্শ করিবে না॥ ১৯॥ ২০॥

ভূতেষু বীরুদ্ভ্য উদুত্তমা যে সরীসৃপাস্তেষু সবোধনিষ্ঠাঃ।
ততো মনুষ্যাঃ প্রমথা স্ততোহপি গন্ধর্ব্ব-সিদ্ধা-বিবুধানুগা যে ॥

অন্বয়ঃ।

ভূতেষু চেতনাচেতনেষু বিরুধাঃ স্থাবরাঃ উৎ উচ্চৈঃ উত্তমাঃ তেভ্যঃ বিরুদ্ভ্যঃ সরীসৃপাঃ জঙ্গমাঃ শ্রেষ্ঠাঃ; তেষু অপি সবোধনিষ্ঠাঃ (সবোধে নিষ্ঠা স্থিতিঃ যেষাং তে পশ্বাদয়ঃ কীটাদিভ্যঃ উত্তমাঃ; ততঃ তেষু অপি মনুষ্যাঃ উত্তমাঃ; ততঃ অপি প্রমথাঃ ভূতপ্রেতাদয়ঃ, দেবযোনিত্বাৎ উত্তমাঃ। ততোহপি গন্ধর্ব্বাঃ ততঃ সিদ্ধাঃ ততঃ বিবুধানুগাঃ যে কিন্নরাঃ তে উত্তমাঃ ॥

শ্রীধরস্বামী।

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ পঞ্চভিঃ। ভূতেষু চেতনাচেতনেষু বিরোহন্তি ইতি বীরুধঃ স্থাবরাঃ উৎ উচ্চৈরতিশয়েন উত্তমাঃ। তেভ্যোহপি যে সরীসৃপাঃ সর্পন্তি ইতি জঙ্গমা স্তে উদুত্তমা ইতি সর্ব্বত্রানুষঙ্গঃ। তেষ্বপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং পশ্বাদীনাং তে কীটাদিভ্য স্ততস্তেষ্বপি মনুষ্যাঃ। ততোহপি প্রমথা ভূতপ্রেতাদয়ঃ। ততোহপি গন্ধর্ব্বা স্ততঃ সিদ্ধা স্ততোহন্যে বিবুধানুগাঃ কিন্নরাদয় স্তেভ্যোহসুরা দেবা অসুরেভ্যঃ সন্ধিরার্থঃ। দেবাশ্চ মঘবৎপ্রধানা দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। ততোহপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ। তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ স ভবশ্চ বিরিঞ্চস্য বীর্য্যং শক্তিঃ কারণং যস্য স বিরিঞ্চবীর্য্যঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ চতুর্ভিঃ। ভূতেষু মধ্যে বিরোহন্তীতি বিরুধঃ স্থাবরা উত্তমা উচ্চৈরতিশয়েনোত্তমাঃ তেভ্যোহপি সর্পন্তীতি সরীসৃপা জঙ্গমাঃ তেষ্বপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং তে পশ্বাদয়ঃ। বিবুধানুগাঃ কিন্নরাদয়ঃ। তেভ্যোহসুরা দেবাঃ অসুরেভ্যঃ সন্ধিরার্ষঃ। দেবাশ্চ মঘবৎপ্রধানাঃ দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। তত ইন্দ্রাদপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ সচ বিরিঞ্চবীর্য্যঃ ব্রহ্মপুত্রঃ পুংস্ত্বমার্ষং তজ্জনকত্বাত্ততো ব্রহ্মা শ্রেষ্ঠ ইত্যর্থঃ। অত্র ব্রাহ্মণভক্তেঃ প্রক্রান্তত্বাৎ ব্রাহ্মণেনৈবাংশেন ভবাদ্বিরিঞ্চস্য শ্রৈষ্ঠ্যং বৈষ্ণবতয়া ঐশ্বর্য্যেণ চ ভবস্যৈব তস্মাৎ শ্রৈষ্ঠ্যমিতি

পতঙ্গাদির অপেক্ষা কিছু জ্ঞানবিশিষ্ট পশু পক্ষিকুল শ্রেষ্ঠ; তাহাদের অপেক্ষা মনুষ্য শ্রেষ্ঠ; মানব অপেক্ষা দেবযোনির অন্তর্গত ভূত প্রেতাদি প্রমথগণ শ্রেষ্ঠ; তাহাদের অপেক্ষা গন্ধর্ব্ব, গন্ধর্ব্বের অপেক্ষা দেবানুচর সিদ্ধগণ ও তদপেক্ষা কিন্নরগণ শ্রেষ্ঠ বলিয়া পরিগণিত ॥

আভাস।

পরবর্ত্তী শ্লোক-চতুষ্টয়ে ব্রাহ্মণগণেরই শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করা হইয়াছে। অর্থাৎ জড়ের অপেক্ষা চেতন শ্রেষ্ঠ; চেতনের মধ্যে ইন্দ্রিয়-শক্তিসম্পন্ন ক্ষমতাবান্ জীব শ্রেষ্ঠ; ক্ষমতাবান্ অপেক্ষা বিবেক ও ঐশ্বর্য্যবিশিষ্ট মানব শ্রেষ্ঠ; তন্মধ্যে প্রচুর ঐশ্বর্য্যবান্ দেবতার প্রাধান্য;

দেবাসুরেভ্যো মঘবৎপ্রধানা দক্ষাদয়ো ব্রহ্মসুতাস্তু তেষাং।
ভবঃ পরঃ সোঽথ বিরিঞ্চবীর্য্যঃ স মৎপরোঽহং দ্বিজদেবদেবঃ॥ ২১ ॥
ন ব্রাহ্মণৈস্তুলয়ে ভূতমন্যং পশ্যামি বিপ্রাঃ কিমতঃ পরন্তু।

অন্বয়ঃ।

তেভ্যঃ অসুরাঃ; অসুরেভ্যঃ দেবাঃ উত্তমাঃ; দেবাঃ অপি মঘবৎপ্রধানাঃ (মঘবান্ ইন্দ্রঃ প্রধানঃ উত্তমঃ যেষাং তে) ততঃ অপি ব্রহ্মসুতাঃ দক্ষাদয়ঃ উত্তমাঃ; তেষাং ব্রহ্মসুতানাং মধ্যে ভবঃ মহাদেবঃ পরঃ শ্রেষ্ঠঃ; সঃ ভবঃ অথ অপি বিরিঞ্চবীর্য্যঃ (বিরিঞ্চঃ বীর্য্যং কারণং যস্য সঃ ভবজনকত্বাৎ ভবাৎ ব্রহ্মা শ্রেষ্ঠঃ) সঃ বিরিঞ্চঃ ব্রহ্মা অপি মৎপরঃ (অহং পরঃ শ্রেষ্ঠঃ পূজ্যঃ যস্য সঃ ততঃ অহং শ্রেষ্ঠঃ) অহং চ দ্বিজদেবদেবঃ (দ্বিজেষু দেবাঃ পূজ্যাঃ দ্বিজদেবাঃ ব্রাহ্মণাঃ এব দেবাঃ যস্য সঃ মত্তঃ অপি ব্রাহ্মণাঃ শ্রেষ্ঠাঃ ইত্যর্থঃ)॥ ২১ ॥

ব্রাহ্মণৈঃ সহ অহং অন্যং ভূতং ন তুলয়ে তুল্যমেব ন গণয়ামি; অতঃ ব্রাহ্মণাৎ পরং হে

শ্রীধরস্বামী।

অতস্তজ্জনকত্বাৎ বিরিঞ্চ স্ততঃ পর ইত্যর্থঃ। স বিরিঞ্চো মৎপরঃ অহং পরো যস্য দ্বিজদেবা ব্রাহ্মণা এব দেবাঃ পূজ্যা যস্য সোঽহং॥ ২১ ॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে সমং ন পশ্যামি অতো ব্রাহ্মণাৎ পরং নু ভূতং কিং পশ্যামি ন কিঞ্চিৎ। বিপ্রা ইতি তত্রত্যানাং ব্রাহ্মণানাং সম্বোধনং সমস্যৈবাভাবাৎ অধিকং কুত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তুয়ং। স ব্রহ্মা মৎপরঃ অহং পরো যস্যেতি ব্রহ্মতোঽপ্যহং শ্রেষ্ঠ ইত্যর্থঃ। দ্বিজেষু দীব্যন্তীতি দ্বিজদেবা বিপ্রা এব দেবা যস্য সঃ। মত্তোঽপি পূজ্যা ব্রাহ্মণা ইত্যর্থঃ॥ ২১ ॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে। হে বিপ্রাঃ অতো ব্রাহ্মণেভ্যঃ পরং কিং পশ্যামি নৈব

তাহাদের অপেক্ষা অসুরকুল শ্রেষ্ঠ; অসুরদের অপেক্ষা দেবতাগণ এবং অমরগণের মধ্যে পুরন্দর প্রধান এবং ইন্দ্রাদি ব্রহ্মনন্দনের অপেক্ষা দক্ষাদিগণ শ্রেষ্ঠ ও উত্তম; তাঁহাদের মধ্যে দেবাদিদেব ত্রিলোচন শ্রেষ্ঠ এবং ত্রিলোচনও যখন ব্রহ্মার শক্তিতে সুসম্পন্ন হইয়া শ্রেষ্ঠ হইয়াছেন, তখন মহাদেবের অপেক্ষা ব্রহ্মা প্রধান। কিন্তু সেই ব্রহ্মাও যখন একান্তচিত্তে আমারই আরাধনা করিয়া থাকেন, তখন ব্রহ্মার অপেক্ষা আমিই প্রধান। কিন্তু আমি আবার দ্বিজশ্রেষ্ঠ ব্রাহ্মণকুলের একান্ত ভক্ত। অতএব আমার অপেক্ষাও ব্রাহ্মণ প্রধান॥ ২১ ॥

ব্রাহ্মণের সহিত অন্য কোন ভূতের তুলনা হইতে পারে না। কারণ

আভাস।

কিন্তু ব্রাহ্মণগণ ভক্তি কর্ম্ম ও জ্ঞানের অনুশীলনে ব্রহ্মার কার্য্যকেও অন্যথা করিতে পারেন; সুতরাং জগতে ব্রাহ্মণই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। ব্রাহ্মণই ভগবানকে তুষ্ট করিতে পারেন॥২১।২২॥

যস্মিন্ নৃভিঃ প্রহুতং শ্রদ্ধয়াহমশ্নামি কামং ন তথাগ্নিহোত্রে ॥ ২২ ॥
ধৃতা তনূরুশতী মে পুরাণী যেনেহ সত্ত্বং পরমং পবিত্রং।
শমোদমঃ সত্যমনুগ্রহশ্চ তপস্তিতিক্ষানুভবশ্চ যত্র ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

বিপ্রাঃ! কিমপি ন পশ্যামি। যতঃ নৃভিঃ যস্মিন্ ব্রাহ্মণমুখে, শ্রদ্ধয়া প্রহুতং ভোজিতং, অন্নাদিকং অহং যথাকামং যথেষ্টং সন্তোষপূর্ব্বকং, যথা অশ্নামি তথা অগ্নিহোত্রে যজ্ঞাদৌ, প্রভুতং ন অশ্নামি ॥ ২২ ॥

ইহ প্রাণি-সমুদায়-মধ্যে যেন ব্রাহ্মণেন, মে মম পুরাণী চিরন্তনী, উশতী কমনীয়া, বেদাখ্যা তনুঃ মূর্ত্তিঃ (অধ্যয়নাদিনা) ধৃতা যত্র চ ব্রাহ্মণে পরমং পবিত্রং সত্ত্বং, শমঃ অন্তঃ-করণনিগ্রহঃ, দমঃ বাহ্যেন্দ্রিয়নিগ্রহঃ, সত্যং যথার্থভাষণং, অনুগ্রহঃ পরদুঃখ-নিবৃত্তি-প্রযত্নঃ, তপঃ আহারাদিনিয়মঃ, তিতিক্ষা ত্রিবিধতাপসহনং, অনুভবঃ বেদার্থজ্ঞানং ভগবদ্ধ্যানং চ ইতি অষ্টৌ গুণাঃ সন্তি সঃ ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ এব জ্ঞেয়ঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পশ্যামীত্যর্থঃ। তত্র হেতুমাহ সার্দ্ধাভ্যাং। যস্মিন্ ব্রাহ্মণে শ্রদ্ধয়া প্রকর্ষেণ হুতমন্নাদি কামং যথেচ্ছং অহমশ্নামি ॥ ২২ ॥

মে তনু মূর্ত্তি র্বেদাখ্যা যেন ব্রাহ্মণেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্ত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পশ্যামীত্যর্থঃ। তত্র হেতুমাহ যস্মিন্নিতি সার্দ্ধেন ॥ ২২ ॥

মম তনুর্বেদাখ্যা যেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্ত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

ব্রাহ্মণের অপেক্ষা আমি কাহাকেও শ্রেষ্ঠ বলিয়া বিবেচনা করি না। মানবগণ ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণমুখে যে সমস্ত ভোক্ষ্য ভোজ্যাদি সামগ্রী প্রদান করে, তাহা আমি যেরূপ তৃপ্তির সহিত ভোজন করি, অগ্নিহোত্রাদি মহাযজ্ঞে প্রদত্ত সামগ্রী লাভেও আমার তাদৃশ পরিতৃপ্তি হয় না। ২২ ॥

ফলত অগণ্য জীবসমষ্টিবিশিষ্ট এই অনন্ত ব্রহ্মাণ্ড মধ্যে যাঁহারা মদীয় পরম রমণীয় চিরন্তনী বেদময়ী মূর্ত্তি অধ্যয়নাদির দ্বারা হৃদয়ে ধারণ করিয়া থাকেন, যে ব্রাহ্মণে পরম পবিত্র সত্ত্বগুণ এবং (শম) অন্তঃকরণ-নিগ্রহ (দম) বাহ্যেন্দ্রিয়-নিগ্রহ, সত্য, পরোপকার, আহারের নিয়মনরূপ তপস্যা, তিতিক্ষা বেদার্থোপলব্ধি এবং ভগবদ্ধ্যান এই অষ্ট প্রকার গুণ স্বরূপত বিরাজ করে, সে ব্রাহ্মণ যে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং আমার প্রিয়পাত্র, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৩ ॥

মত্তোঽপ্যনন্তাৎ পরতঃ পরস্মাৎ স্বর্গাপবর্গাধিপতে র্ন কিঞ্চিৎ।
যেষাং কিমু স্যাদিতরেণ তেষামকিঞ্চনানাং ময়ি ভক্তিভাজাং ॥ ২৪ ॥
সর্ব্বাণি মদ্ধিষ্ণ্যতয়া ভবদ্ভি শ্চরাণি ভূতানি সুতা ধ্রুবাণি।

অন্বয়ঃ।

অনন্তাৎ অনন্তশক্তিযুক্তাৎ, পরতঃ ব্রহ্মরুদ্রাদিভ্যঃ অপি পরস্মাৎ উৎকৃষ্টাৎ, স্বর্গাপবর্গাধিপতেঃ ভোগমোক্ষদানে সমর্থাৎ মত্তঃ অপি অকিঞ্চনানাং ভোগ-সম্পত্তিহীনানাং অপি যেষাং ন কিঞ্চিৎ প্রয়োজনং অস্তি ময়ি ভক্তিভাজাং তেষাং ইতরেণ রাজ্যাদিনা, কিমু প্রয়োজনং স্যাৎ ন কিমপীত্যর্থঃ ॥ ২৪ ॥

হে সুতাঃ! বঃ যুষ্মাভিঃ, তথা ভবদ্ভিঃ সমাজস্থজনৈঃ, সর্ব্বৈঃ এব বিবিক্তদৃষ্টিঃ (বিবিক্তা শুদ্ধা উদারা দৃক্ দৃষ্টিঃ জ্ঞানং যেষাং তথাভূতৈঃ) চরাণি জঙ্গমানি, ধ্রুবাণি স্থাবরাণি, চ সর্ব্বাণি

শ্রীধরস্বামী।

নিস্পৃহত্বমাহ মত্তোঽপি যেষাং ন কিঞ্চিৎ প্রার্থনীয়মস্তি তেষামিতরেণ রাজ্যাদিনা কিমু স্যাৎ ন কিমপি ॥ ২৪ ॥

তদেবং ব্রাহ্মণ-সম্মানং বিধায় ইদানীং সর্ব্বভূতসম্মানং বিধত্তে সর্ব্বাণীতি। হে সুতাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততো মদ্ভক্তাঃ শ্রেষ্ঠাস্তে সর্ব্বত এবাধিক্যেনারাধনীয়া ইত্যাহ মত্তঃ সকাশাদ্ যেষাং ন কিঞ্চিৎ প্রয়োজনং প্রার্থনীয়মস্তি অনন্তাদিত্যত এবানন্তৈশ্বর্য্যমাধুর্য্যগুণোঽহমেব প্রভুর্যেষাং প্রয়োজনত্বেন বর্ত্তে ইতি ভাবঃ। ইতরেণ ব্রহ্মাদিনা অকিঞ্চনানাং অহন্তাস্পদ-মমতাস্পদয়োর্মহমেব দত্তত্বান্ন বিদ্যতে কিঞ্চনাপি যেষামিত্যর্থঃ। ময়ি ভক্তিঃ প্রেমা তামেব ভজতাং প্রতিক্ষণং প্রাপ্নুবতামিত্যর্থঃ। অতএব তথা বুভূষুভিস্তে নিত্যমারাধনীয়া ইতি ভাবঃ। তৃতীয়েঽপি ব্রাহ্মণেভ্যোঽপি সকাশাদ্ভক্তাঃ শ্রেষ্ঠা উক্তাঃ। শ্রীকপিলদেবেন যথা তস্মান্ময্যর্পিতাশেষক্রিয়ার্থাত্মা নিরন্তরঃ। ময্যর্পিতাত্মনঃ পুংসো ময়ি সংন্যস্তকর্ম্মণঃ। ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাদিতি ॥ ২৪ ॥

স্পর্দ্ধাবজ্ঞাদিদোষশান্ত্যর্থং সর্ব্বভূত-সংমাননং বিধত্তে। সর্ব্বাণি ভূতানি মদ্ধিষ্ণ্যতয়া মদধিষ্ঠানতয়া হে সুতাঃ ধ্রুবাণি স্থাবরাণিচ ভবদ্ভি সংভাবিতব্যানি ধ্যেয়ানি। বিবিক্তা

আমার শক্তি অনন্ত; এবং ব্রহ্মা রুদ্রাদি দেবতাগণের অপেক্ষাও আমি উৎকৃষ্ট; আমি ভোগ এবং অপবর্গ উভয়ই প্রদান করিয়া থাকি। কিন্তু তথাপি যে ব্রাহ্মণ আমার নিকট হইতে কিছু মাত্র প্রত্যাশা করেন না, তাদৃশ আসক্তিশূন্য এবং ভগবানে ভক্তিমান্ ব্রাহ্মণগণের পক্ষে ভোগীর প্রার্থনীয় রাজ্যাদির কি প্রয়োজন? ভগবান্ ব্যতীত তাঁহারা সংসারের কিছুরই প্রত্যাশী নহেন ॥ ২৪ ॥

হে পুত্রগণ! তোমরা সকলে এবং এই সমাজস্থ জ্ঞানবান্ বিবেকী ব্যক্তি

সম্ভাবিতব্যানি পদে পদে বো বিবিক্তদৃগ্‌ভিস্তদুহার্হণং মে ॥ ২৫ ॥
মনোবচোদৃক্‌করণেহিতস্য সাক্ষাৎ কৃতং মে পরিবর্হণং হি।
বিনা পুমান্ যেন মহাবিমোহাৎ কৃতান্তপাশান্ন বিমোক্তুমীশেৎ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ভূতানি মদ্ধিষ্ণ্যতয়া (মম ভগবতঃ অধিষ্ঠানতয়া) পদে পদে অবসরে অবসরে, সম্ভাবিতব্যানি সম্মাননীয়ানি তৎ এব হি উ এব মম অর্হণং পূজনং ॥ ২৫ ॥

মনোবচোদৃক্‌করণেহিতস্য মনোবচোদৃশাং অন্যেষাং করণানাং ইন্দ্রিয়াণাং ঈহিতস্য ব্যাপারস্য, মে মম পরিবর্হণং মদারাধনং, হি এব সাক্ষাৎকৃতং ফলং; হি যস্মাৎ, যেন মদারাধনেন, বিনা কৃতান্তস্য কালস্য, পাশাৎ বিমোহাৎ অহংমমাত্মকাৎ, আত্মানং বিমোক্তুং পুমান্ ন ঈশেৎ সমর্থঃ ন ভবেৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাণি জঙ্গমানি স্থাবরাণি চ ভূতানি মদধিষ্ঠানতয়া বো যুষ্মাভিঃ সম্মাননীয়ানি পদে পদে ক্ষণে ক্ষণে বিবিক্তা পূতা মৎসরাদিরহিতা দৃষ্টির্যেষাং তৈঃ তদেব হি মমার্হণং ॥ ২৫ ॥

সর্ব্বকর্ম্মণামীশ্বরার্পণং বিধত্তে মনোবচোদৃশামন্যেষাঞ্চ করণানামীহিতস্য ব্যাপারস্য মে পরিবর্হণং আরাধনমেব সাক্ষাৎ কৃতং ফলং যেন বিনা কালপাশাদ্বিমোক্তুং নেশীত সমর্থো ন ভবেৎ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৎসরাদিদোষরহিতা দৃগ্দৃষ্টি র্যেষাং তৈঃ তদেব হিত্বা যুষ্মাভি র্মমার্হণমিতি পৃথগ্বাক্যমতো য ইত্যস্য ন পৌনরুক্ত্যং ॥ ২৫ ॥

সমাসেন ভক্তে র্লক্ষণং তাং চ বিনা নিস্তারাভাবং চ বদন্নুপসংহরতি। মনোবচো-দৃশামন্যেষাঞ্চ করণানাং যথাবদীহিতস্য দেহব্যাপারস্য চ মে সাক্ষাৎ কৃতং সাক্ষান্মৎসম্বন্ধিত্বেন যৎ করণং প্রবৃত্তি স্তদেব মে পরিবর্হণমারাধনমিত্যর্থঃ। যেন পরিবর্হণেন বিনা ॥ ২৬ ॥

মাত্রেই স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় ভূতনিচয়ে ভগবৎস্বরূপ আমার অধিষ্ঠান প্রতি পদে যে নিরীক্ষণ করিতেছ এবং তদুপলক্ষে আমার প্রতি সন্মান প্রদর্শন করিতেছ, ইহাই আমার প্রকৃত পুজা; সন্দেহ নাই ॥ ২৫ ॥

যাহাদের মন, বাক্য, দৃষ্টি ও অন্যান্য ইন্দ্রিয়বর্গের ব্যাপার যখন নিরন্তর অনুসন্ধান পুরঃসরে জাগতিক পদার্থের মধ্যে কেবল আমার প্রতিই ধাবিত হয়, তখনই তাহাদের পক্ষে আমার আরাধনা করা হয় এবং মানবের ইন্দ্রিয় লাভের সাক্ষাৎসম্বন্ধে ফলপ্রাপ্তি ঘটে। কারণ ভগবৎস্বরূপের আরাধনা ব্যতীত কৃতান্তের পাশ এবং অহংমমাত্মক বোধরূপ ভীষণ মোহবন্ধন হইতে কোন্ পুরুষ আপনাকে বিমুক্ত করিতে সমর্থ হয়? ॥ ২৬ ॥

শ্রীশুক উবাচ ॥

এবমনুশাস্যাত্মজান্ স্বয়মনুশিষ্টানপি লোকানুশাসনার্থং মহানুভাবঃ পরমসুহৃদ্ভগবানৃষভাপদেশ উপশমশীলানামুপরতকর্ম্মণাং মহামুনীনাং ভক্তিজ্ঞানবৈরাগ্যলক্ষণং পারমহংস্যং ধর্ম্মমুপশিক্ষমাণঃ স্বতনয়শতজ্যেষ্ঠং পরমভাগবতং ভগবজ্জনপরায়ণং ভরতং ধরণিপরিপালনায়াভিষিচ্য স্বয়ং ভবন এবোর্ব্বরিত-শরীমাত্রপরিগ্রহ উন্মত্ত ইব গগনপরিধানঃ প্রকীর্ণকেশ আত্মন্যারোপিতাহবনীয়ো ব্রহ্মাবর্ত্তাৎ প্রবব্রাজ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ঋষভাপদেশঃ (ঋষভঃ ইতি অপদেশঃ নাম যস্য সঃ) পরমসুহৃদ্ মহানুভাবঃ ভগবান্ স্বয়ং অনুশিষ্টান্ স্বতঃ সুশিক্ষিতান্ অপি আত্মজান্ লোকানুশাসনার্থং লোকশিক্ষার্থং, এবং গৃহস্থধর্ম্মান্ অনুশাস্য উপশমশীলানাং (উপশমে ত্যাগে শীলং যেষাং তেষাং) উপরতকর্ম্মণাং (উপরতানি নিবৃত্তানি ইহামুষ্মিকফলানি কর্ম্মাণি যেষাং তেষাং) মহামুনীনাং ভক্তিজ্ঞানবৈরাগ্যলক্ষণং পারমহংস্য ধর্ম্মং উপশিক্ষমাণঃ উপশিক্ষয়িষ্যন্, ধরণিপরিপালনায় স্বতনয়শতজ্যেষ্ঠং পরমভাগবতং ভগবজ্জনপরায়ণং (ভগবজ্জনাঃ ভক্তাঃ এব পরং অয়নং আশ্রয়ঃ যস্য তং) ভরতং রাজ্যে অভিষিচ্য স্বয়ং ভবনে এব (সর্ব্বত্যাগাৎ) উর্ব্বরিতঃ অবশিষ্টঃ শরীরমাত্রং পরিগ্রহঃ যস্য সঃ) গগনপরিধানঃ নগ্নঃ, প্রকীর্ণকেশঃ (প্রকীর্ণাঃ কেশাঃ যস্য সঃ) আত্মনি এব আরোপিতাহবনীয়ঃ (আরোপিতঃ স্থাপিতঃ আহবনীয়ঃ অগ্নিঃ যেন সঃ) অতঃ উন্মত্তঃ ইব ব্রহ্মাবর্ত্তাৎ প্রবব্রাজ স্বদেশাৎ নির্জগাম ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

স্বতএব সুশিক্ষিতানপি লোকানুশাসনার্থং অনুশাস্য মুনীনাং পারমহংস্যং ধর্ম্মমুপশিক্ষয়িষ্যন্ ভরতমভিষিচ্য ঋষভ ইত্যপদেশো নাম যস্য স ভগবান্ ব্রহ্মাবর্ত্তাৎ স্বদেশাৎ প্রবব্রাজ ইত্যন্বয়ঃ। উর্ব্বরিতোহবশিষ্টঃ শরীরমাত্রং পরিগ্রহো যস্য ॥ ২৭ ॥

শুকদেব বলিলেন, ঋষভনামে পরিচিত পরমসুহৃদ্ মহানুভাব ভগবান্ নিজে স্বীয় পুত্রগণকে এই প্রকারে শিক্ষা প্রদান করিয়া এবং লোকশিক্ষার্থ গৃহস্থের ধর্ম্মসমূহ তাঁহাদিগকে উপদেশ দিয়া, উপশমশীল এবং কাম্যকর্ম্মত্যাগী মহামুনিগণের উপাদেয় ভক্তি, জ্ঞান ও বৈরাগ্যবিশিষ্ট পরমহংস বিবেকিগণের ধর্ম্ম শিক্ষা দিবার অভিপ্রায়ে নিজে সংসার ত্যাগ করিলেন এবং ধরণীকে পরিপালনার্থ স্বীয় পুত্রশতের মধ্যে অগ্রজ ভগবদ্ভক্ত ও ভক্তজনসেবী ভরতকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং গৃহে অবস্থান কালেই স্বয়ং সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া, কেবল দেহমাত্র ধারণে ও দিগম্বরবেশে ও আলুলায়িত-কেশজালে গৃহ হইতে নির্গত হইলেন ; তিনি আহবনীয় গার্হস্থ্যাগ্নি

জড়ান্ধ-মূক-বধির-পিশাচোন্মাদবদবধূতবেশোঽভিভাষ্যমাণোঽপি জনানাং গৃহীতমৌনব্রত স্তূষ্ণীং বভূব ॥ ২৮ ॥

তত্র তত্র পুরগ্রামাকর খেট বাট শিবির ব্রজ ঘোষ সার্থ গিরি বনাশ্রমাদিষ্বনুপথমবনিচরাপসদৈঃ পরিভূয়মানো মক্ষিকাভিরিব বনগজস্তর্জনতাড়নাব-

অন্বয়ঃ।

(অবধূতস্যেব মৃদাদ্যবগুণ্ঠিতবেশত্বাৎ) জনানাং মধ্যে জড়ান্ধমূকপিশাচোন্মাদবদবধূত-বেশঃ অয়ং ইত্যভিভাষ্যমাণঃ বাচ্যমানঃ, অপি সঃ ঋষভঃ, গৃহীতমৌনব্রতঃ এব তূষ্ণীং বভূব ॥ ২৮ ॥

তত্র তত্র পুরং পত্তনং রাজস্থানং, গ্রামাঃ হট্টহীনাঃ, আকরঃ খনিঃ, খেটাঃ কৃষিবলগ্রামাঃ, বাটঃ পুষ্পাদিবাটিকা, শিবিরং সেনাবাসস্থানং, ব্রজঃ গবাং বাসস্থানং, ঘোষঃ গোপানাং বাসস্থানং, সার্থঃ যাত্রিকজনসঙ্ঘাতঃ, গিরয়ঃ, (ঋষীণাং) আশ্রমাঃ, তেষু স্থানেষু, অনুপথং

শ্রীধরস্বামী।

অভিভাষ্যমাণোঽপি জনানাং মধ্যে জড়াদিবৎ বর্ত্তমানস্তূষ্ণীং বভূব অবধূতস্যেব বেশো যস্য ॥ ২৮ ॥

তত্র পুরাদিষ্বনুপথং মার্গে মার্গে অবনিচরাপসদৈ দুর্জনৈস্তর্জনাদিভিঃ পরিভূয়মাণোঽপি তদবিগণয়ন্নেব একচরঃ একাকী পৃথিবীং পরিবভ্রাম ইত্যন্বয়ঃ। তত্র পুরং পত্তনং গ্রামা হট্টহীনাঃ। আকরঃ খনিঃ খেটঃ কৃষীবলগ্রামঃ বাটাঃ পুষ্পাদিবাটিকাঃ, শিবিরং সেনায়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপশিক্ষমাণঃ উপশিক্ষয়িষ্যন্ উর্ব্বরিতোঽবশিষ্টঃ শরীরমাত্রপরিগ্রহো যস্য সঃ ॥ ২৭ ॥ ২৮ ॥

তত্র পুরং পত্তনং গ্রামা হট্টহীনাঃ আকরঃ খনিঃ খেটঃ কৃষীবলগ্রামঃ খর্ব্বটঃ গিরিতট-গ্রামঃ। বাটঃ পুষ্পাদিবাটিকা শিবিরং সেনায়া বাসস্থানং ব্রজো গবাং ঘোষো গোপানাং সার্থো যাত্রিকজনসংঘাতঃ। আশ্রমা ঋষীণাং। অবনিচরাপসদৈঃ মনুষ্যাধমৈঃ। তর্জ্জনং ভয়জননং। তাড়নং প্রহারঃ। মেহনং উপরি মূত্রণং। ষ্ঠীবনং ফুৎকৃত্য শ্লেষ্মপ্রক্ষেপঃ।

আত্মস্বরূপে স্থাপিত করত সন্ন্যাস অবলম্বনে উন্মত্তের ন্যায় স্বীয় বাসস্থান ব্রহ্মাবর্ত্ত হইতে প্রস্থান করিলেন ॥ ২৭ ॥

অবধূতের ন্যায় ভস্ম ও মৃত্তিকাদিতে দেহ আচ্ছন্ন করায়, অজ্ঞানী জনগণ তাঁহাকে জড়, মূক, অন্ধ, বধির, পিশাচ ও উন্মাদ বলিয়া দোষারোপ পূর্ব্বক সম্বোধন করিলেও তিনি মৌনাবলম্বনে নিস্তব্ধই থাকিতেন ; কাহাকেও কোন উত্তর প্রদান করিতেন না ॥ ২৮ ॥

তিনি রাজনগর, পল্লীগ্রাম, আকরভূমি, কৃষকগণের বাসস্থান, পুষ্পবাটিকা, সৈন্যনিবেশস্থল, গোচরস্থান, ঘোষপল্লী, যাত্রিক জনগণের আশ্রয়-স্থল, পর্ব্বত

মেহন-ষ্ঠীবন-গ্রাব-শকৃদ্রজঃ-প্রক্ষেপ-পূতিবাত-দুরুক্তৈ স্তদবিগণয়ন্নেবাসৎ সংস্থান এতস্মিন্ দেহোপলক্ষণে সদপদেশ উভয়ানুভবস্বরূপেণ স্বমহিমাবস্থানেনা-

অন্বয়ঃ।

প্রতিমার্গে অবনিচরাপসদৈঃ পুরুষাধমৈঃ, তর্জ্জনং ভয়জননং, তাড়নং প্রহারঃ, মেহনং উপরি মূত্রণং, ষ্ঠীবনং থুংকৃত্য শ্লেষ্মপ্রক্ষেপঃ, গ্রাব্ণাং পাষাণানাং, শকৃতঃ বিষ্ঠায়াঃ, রজসঃ চ উপরি প্রক্ষেপঃ পূতিবাতঃ অধোবায়ুঃ, তস্য উৎসর্গঃ, দুরুক্তং চ এতৈঃ, মক্ষিকাভিঃ উৎপীড়িতঃ বনগজঃ ইব পরিভূয়মানঃ অপি তং তং পরিভবং, অবিগণয়ন্ এব উভয়ানুভবস্বরূপেণ (উভয়য়োঃ স্থূলসূক্ষ্ময়োঃ সদসতোঃ বা চিদচিতোঃ বা অনুভবঃ তৎস্বরূপেণ) স্বমহিমাবস্থানেন স্বমহিম্নি ঈশ্বরত্বে অবস্থানং স্বরূপনিশ্চয়ঃ তেন) এতস্মিন্ কার্য্যকারণসঙ্ঘাতে শরীরে অসৎ-

শ্রীধরস্বামী।

নিবাসস্থানং ব্রজো গবাং ঘোষো গোপানাং সার্থো যাত্রিকজনসংঘাত আশ্রমা ঋষীণাং তর্জ্জনং ভয়জননং, তাড়নং প্রহারঃ, মেহনং উপরি মূত্রণং, ষ্ঠীবনং থুংকৃত্য শ্লেষ্মপ্রক্ষেপঃ। গ্রাব্ণাং শকৃতো রজসশ্চ প্রক্ষেপঃ পূতিবাতোঽধোবায়ুঃ দুরুক্তং শাপঃ এতৈঃ অগণনে দৃষ্টান্তঃ মক্ষিকাভিরিবেতি। তত্রৈব হেতুঃ অসতি মিথ্যাভূতে সংস্থানে সন্নিবেশে দেহ ইত্যুপলক্ষণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গ্রাব-শকৃদ্রজসাং শিলা বিট্ ধূলীনাং প্রক্ষেপঃ পূতিবাতোঽধোবায়ুঃ। দুরুক্তং শাপস্তৈঃ পরিভূয়মান স্তং পরিভবনমগণয়ন্ অসতি অনিত্যে সংস্থানে সংনিবেশে দেহ ইত্যুপলক্ষণ-মাকারো যস্য সদিত্যপদেশমাত্রং যস্য তস্মিন্নিরভিমানত্বাৎ ইতি স্বামিচরণাঃ। অসৎ সংস্থান ইত্যাদিকং লোকশিক্ষণায় ব্যঞ্জনামাত্রং ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং তত্ত্বমিত্যা-ত্মোক্তেরিতি সন্দর্ভঃ। কিঞ্চ শ্রীঋষভদেবদেহস্য বক্তৃপরোক্ষত্বাদেতচ্ছব্দবাচ্যত্বং ন ঘটতে। তস্মাদেবং ব্যাখ্যেয়ং। এতস্মিন্ জগতি নশ্বরত্বাদসংসংস্থানে সমষ্টিত্বেন দেহমুপলক্ষয়-তীতি জগদপি প্রাকৃতঃ স্বদেহ স্তস্মিন্নিরভিমানত্বাদিতি তর্জ্জনাদিকৃজ্জনসমুদায়বতো জগতঃ স্বদেহত্বেনাভিমানে হন্ত হন্ত এতাদৃশ মহদপরাধ-দোষ-দুষ্টো জগদাত্মকো মদ্দেহ ইতি

এবং ঋষিগণের আশ্রমে নিরন্তর বিচরণ করিয়া বেড়াইতেন; কিন্তু যেখানেই গমন করিতেন, সর্ব্বত্র এবং সকল পথেই নিকৃষ্ট অধম ব্যক্তিগণ তর্জ্জন, প্রহার, মূত্র পরিত্যাগ, তাঁহার উপর শ্লেষ্মা ও থুৎকার প্রদান, লোষ্ট্র নিক্ষেপ, বিষ্ঠা প্রদান, তদুপরি ধূলি নিক্ষেপ, অধিক কি? দুর্গন্ধ অধোবায়ু পরিত্যাগ এবং বিবিধ দুরুক্তির প্রকাশে তাঁহাকে নিতান্ত উৎপীড়িত করিতে আরম্ভ করিত। কিন্তু মক্ষিকাকুলের উৎপীড়নে যেমন মদস্রাবী বনবারণের কোন প্রকার বিরক্তি-বোধ হয় না, সেইরূপ উভয় স্থূল-সূক্ষ্ম কার্য্যকারণভাব, সদসৎ বস্তুবর্গ এবং চিৎ অচিৎ জীব ও জগদ্ভাবের বিচারে এবং স্বকীয় ঈশ্বরভাবের স্বরূপা-

সমারোপিতাহং মমাভিমানত্বাদবিখণ্ডিতমনাঃ পৃথিবীমেকচরঃ পরিবভ্রাম ॥২৯॥

অতিসুকুমার-করচরণোরঃস্থল-বিপুল-বাহ্বংস-যুগল-বদনাদ্যবয়ববিন্যাসঃ প্রকৃতি-সুন্দরঃ স্বভাবহাসসুমুখো নবনলিনদলায়মান-শিশির-তারারুণায়ত-নয়নরুচিরঃ সদৃশসুভগ-কপোল-কর্ণ-কণ্ঠ-নাসো বিগূঢ়স্মিতবদন-মহোৎসবেন

অন্বয়ঃ।

সংস্থানে (অসতি অপকৃষ্টে সংস্থানে সন্নিবেশে অবিদ্যয়া) সদপদেশে দেহোপলক্ষণে, অসমারোপিতাহংমমাভিমানত্বাৎ অবিখণ্ডিতমনাঃ অক্ষুভিতচিত্তঃ এব একচরঃ একাকী, পৃথিবীং পরিবভ্রাম ॥ ২৯ ॥

অতিসুকুমারাণি করচরণোরঃস্থলানি বিপুলানি বাহ্বংসযুগলানি চ বদনং চ এতে যে অবয়বাঃ তেষাং বিশিষ্টঃ ন্যাসঃ সন্নিবেশঃ যস্য সঃ; তথা প্রকৃত্যা সুন্দরঃ, স্বভাবসিদ্ধঃ যো হাসঃ তথা শোভনং মুখং যস্য সঃ; নবনলিনদলবৎ আচরন্তী যে শিশিরভাবে তাপহারিকণীনিকে অরুণে রক্তে, আয়তে দীর্ঘে নয়নে নেত্রে তাভ্যাং রুচিরঃ মনোহরঃ, তথা সদৃশাঃ অন্যূনা-

শ্রীধরস্বামী।

আকারো যস্য। সদিত্যপদেশমাত্রং যস্য তস্মিন্ নিরভিমানত্বাৎ। কেন হেতুনা উভয়োঃ সদসতো র্যোঽনুভব স্তৎস্বরূপেণ যৎ স্বমহিম্ন্যবস্থানং তেন অতএবাবিখণ্ডিতং মনো যস্য স পরিবভ্রাম ॥ ২৯ ॥

সচ তদা গ্রহগৃহীত ইবাদৃশ্যত তত্র হেতুঃ পরাক্ পুরতোঽবলম্বমানাশ্চ তে কুটিলাশ্চ জটিলাশ্চ কপিশাশ্চ কেশাস্তেষাং ভূরিভারো যস্য সঃ অবধুতং অনাদৃতং অতএব মলিনং নিজশরীরং তেন কথং ভূতোঽপ্যেবং অদৃশ্যত অতিসুকুমারাণি করচরণোরঃস্থলানি তথা বিপুলা বাহ্বাদয় স্তএবাবয়বা স্তেষাং বিশিষ্টো ন্যাসঃ সন্নিবেশো যস্য সঃ। তথা প্রকৃত্যৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

খেদেন মনঃ খণ্ডিতং স্যাৎ। অতঃ স্বমহিম্নি চিন্ময়ানন্দে যদবস্থানং তেন হেতুনা তত্র দেহে নিরভিমানত্বাৎ কীদৃশেন উভয়োশ্চিচ্ছক্তিমায়াশক্ত্যোঃ স্বীয়স্বরূপাস্বরূপত্বাভ্যাং যোঽনুভব-স্তেন যৎ স্বমহিমাবস্থানং তেন ॥ ২৯ ॥

বধারণে অবিচলিতচিত্ত হইয়া অপকৃষ্ট ও অনিত্য, বহির্দৃষ্টিতে পঞ্চভূতাত্মক দেহ-প্রপঞ্চে অভিমান ও মমতার বিসর্জ্জনে একাকী ভূমণ্ডলে পর্য্যটন করিতে লাগিলেন ॥ ২৯ ॥

যাঁহার সুকোমল করচরণে রক্তিমাভা নিরন্তর প্রকাশমান থাকিত; বিপুল বাহুদ্বয়ে ও অংস-যুগলে প্রচুর বলের পরিচয় হইত; যাঁহার বদনকমলে নিরন্তর নলিনতুল্য আয়ত ও সন্তাপহারী শিশিরবিন্দু সদৃশ অনুগ্রহ-কণার বিকাশে ও রক্তিমাভ লোচনের প্রকাশে যিনি অপূর্ব্ব বেশ ধারণ করিতেন;

পুরবনিতানাং মনসি কুসুমশরাসনমুপদধানঃ পরাগবলম্বমান-কুটিল-জটিল-কপিশকেশ-ভূরিভারোঽবধূত-মলিন-নিজ-শরীরেণ গ্রহগৃহীত ইবাদৃশ্যত ॥৩০॥

যর্হি বাব স ভগবান্ লোকমিমং যোগস্যাদ্ধা প্রতীপমিবাচক্ষাণস্তৎপ্রতিক্রিয়া

অন্বয়ঃ।

ধিকাঃ সুভগাঃ চ কপোলকর্ণকণ্ঠনাসাঃ যস্য সঃ; তথা বিগূঢ়স্মিতং যদ্বদনং তস্য মহোৎসবেন বিভ্রমেণ পুরবনিতানাং মনসি কুসুমশরাসনং কামং, উপদধানঃ উদ্দীপয়ন্, অপি অবধূতং অনাদৃতং, অতঃ মলিনং নিজশরীরং তেন পরাক্ পুরতঃ, অবলম্বমানাঃ তে কুটিলাঃ বক্রাঃ জটিলাঃ কপিশাঃ পিশঙ্গাঃ যে কেশাঃ তেষাং ভূরিভারঃ যস্য সঃ ঋষভঃ গ্রহগৃহীতঃ পিশাচাদ্যাবিষ্টঃ ইব অদৃশ্যত ॥ ৩০ ॥

যর্হি বাব যদা তু সঃ ভগবান্ ঋষভঃ ইমং লোকং জনসমূহং, যোগস্য ভগবদ্ধ্যানলক্ষণস্য, অদ্ধা সাক্ষাৎ, প্রতীপং প্রতিপক্ষং নাশকং, ইব আচক্ষাণঃ পশ্যন্, বভূব তৎপ্রতিক্রিয়া কর্ম্ম

শ্রীধরস্বামী।

সুন্দরঃ স্বভাবসিদ্ধো হাসস্তেন শোভনং মুখং যস্য তথা নবনলিনদলবদাচরন্তী যে শিশির-তারে তাপহারিকনীনিকে অরুণে আয়তে নয়নে তাভ্যাং রুচিরঃ। তথা সদৃশা অন্যূনাধিকাঃ সুভগাশ্চ কপোল-কর্ণ-কণ্ঠ-নাসিকা যস্য। তথা বিগূঢ়স্মিতং যদ্বদনং তস্য মহোৎসবেন বিভ্রমেণ পুরাঙ্গনানাং মনসি কামমুদ্দীপয়ন্ এবম্ভূতোঽপি তথাদৃশ্যত ইত্যন্বয়ঃ ॥ ৩০ ॥

যর্হি যদা লোকং জনং যোগস্য প্রতিপক্ষমাচক্ষাণঃ পশ্যন্ বভূব। তস্য প্রতিক্রিয়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদৃশা অন্যূনাতিরিক্তাঃ। অতএব সুভগা মনোহরা কপোলাদয়ো যস্য সঃ ॥ ৩০ ॥

প্রতীপং ক্ষুৎ-পিপাসা-লোকোপদ্রবাদ্যৈ র্বিক্ষেপকারণৈঃ প্রতিকূলং। ইবেত্যারূঢ়-

---

সুন্দর ও সুঠাম কর্ণ, কপোল, কণ্ঠ ও নাসিকাতে যাঁহার অপূর্ব্ব শ্রীর পরিচয় হইত; যাঁহার ইন্দু-বিনিন্দিত বদনকমলের গভীর এবং মৃদু মন্দ হাস্য অবলোকনে পুরবাসিনী বনিতাগণের মনোমধ্যে কন্দর্পের শরাসন যেন নিত্যই নবীন বেশে প্রবেশ করিত, সম্প্রতি তাদৃশ মোহন বেশ পরিত্যাগ পূর্ব্বক দেহে অনাদর-নিবন্ধন মলিন ভাব ধারণে ও ইতস্তত বিকীর্ণ কুঞ্চিত জটাভারে পরিণত কপিশবর্ণ প্রচুর কেশজালের ভার মস্তকে বহন করত ভগবান্ ঋষভদেব প্রেতাবিষ্ট উন্মত্তের ন্যায় পরিলক্ষিত হইতে লাগিলেন ॥ ৩০ ॥

ভগবান্ ঋষভদেব যখন দেখিলেন যে, সাধারণ জনগণ তদীয় যোগচর্য্যার বিরুদ্ধাচারী হইয়া উঠিল, তখন তৎক্ষণাৎ তাঁহার প্রতীকার করা কর্ত্তব্য নহে বলিয়া তিনি মনে মনে নিশ্চয় করিলেন; কারণ অত্যাচার নিবারণ

কর্ম্মবীভৎসিতমিতি ব্রতমাজগরমাস্থিতঃ শয়ান এবাশ্নাতি পিবতি খাদত্য-বমেহতি হদতিস্ম চেষ্টমান উচ্চরিত আদিগ্ধোদ্দেশঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

তস্য লোকস্য যোগবিরুদ্ধাচারনিরাকরণং, চ বীভৎসিতং বিবাদগ্রস্তত্বাৎ চিত্তোদ্বেগকরত্বাৎ নিন্দিতং, ইতি পশ্যন্ বভূব তদা আজগরং ব্রতং আস্থিতঃ জাতঃ। উচ্চরিতে পুরীষে চেষ্টমানঃ বিলুণ্ঠন্, তেনৈব আদিগ্ধোদ্দেশঃ (আদিগ্ধাঃ আলিপ্তাঃ উদ্দেশাঃ দেহপ্রদেশাঃ যস্য সঃ) একত্র শয়ানঃ এব অশ্নাতি ভুঙ্‌ক্তে, পিবতি খাদতি, অবমেহতি মূত্রয়তি, হদতি তথা পুরীষং উৎসৃজতিস্ম ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

করণঞ্চ নিন্দিতমিত্যাচক্ষাণঃ তদা আজগরং নাম ব্রতমাস্থিতঃ সন্ শয়ান এবাশ্নাতি স্মেত্য-ন্বয়ঃ। আজগরং ব্রতং নাম একত্রৈব স্থিত্বা প্রারব্ধকর্ম্মোপভোগঃ। অবমেহতি মূত্রয়তি। হদতি পুরীষমুৎসৃজতি। উচ্চরিতে পুরীষে চেষ্টমানো বিলুণ্ঠন্ তেনৈব আদিগ্ধা আলিপ্তা উদ্দেশা দেহপ্রদেশা যস্য সঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগানাং প্রায়ঃ প্রাতিকূল্যাভাবাৎ। আজগরং ব্রতং নামৈকত্রৈব স্থিত্বা প্রারব্ধকর্ম্মোপ-ভোগঃ। একত্রাবস্থানে সতি পরিচিতত্বাদে লোকোপদ্রবাদ্যধিকং ন স্যাদিতি ভাবঃ। অবমেহতি মূত্রয়তি। হদতি পুরীষমুৎসৃজতি। উচ্চরিতে পুরীষে চেষ্টমানো বিলুণ্ঠন্ তেনৈব দিগ্ধা আলিপ্তা উদ্দেশা দেহপ্রবেশা যস্য সঃ ॥ ৩১ ॥

করিতে হইলে, তাহাদের অনেক বিরুদ্ধাচরণ করিতে হইবে এবং তাদৃশ ব্যবহার কার্য্যকে নিজের পক্ষে নিন্দনীয় ও ঘৃণার্হ বিবেচনা করিয়া, স্বয়ং সহিষ্ণুতার পরাকাষ্ঠা প্রদর্শনের অভিপ্রায়ে নিজে অজগর-বৃত্তি অবলম্বন করিলেন। অর্থাৎ ইন্দ্রিয়ের সকল কার্য্যে উদাসীন হইয়া জড়, পঙ্গু এবং অন্ধের ন্যায় আচরণ করিতে লাগিলেন। দেহধর্ম্মে পুরীষ নির্গত হইয়াছে; কিন্তু তাহাতে ঘৃণা না করিয়া, তদুপরি লুণ্ঠিত হইয়া পড়িয়া থাকিতেন; সর্ব্বাঙ্গে বিষ্ঠা প্রলিপ্ত হইয়া রহিয়াছে; তথাপি তাহাকে ধৌত না করিয়া এবং নিজে পরিষ্কৃত না হইয়া, সেই অবস্থাতেই শয়ান থাকেন বা পান ভোজনাদি করিতে কুণ্ঠিত হইতেন না; এক দিকে পুরীষ বা মূত্র উৎসর্গ করিতেছেন, অপর দিকে পান ভোজনাদি করিতেছেন; এই প্রকারে ইন্দ্রিয়ের সকল কর্ম্মকে তিনি একরূপেই দৃষ্টি করিতেন ॥ ৩১ ॥

কিন্তু যোগানুষ্ঠানের কি অপূর্ব্ব মহিমা! যোগী ঋষভ যে, পুরীষ পরিত্যাগ করিতেন, তাহাতে দুর্গন্ধের পরিবর্ত্তে একরূপ অপূর্ব্ব সৌরভের উদয়ে

তস্য হ যঃ পুরীষসুরভিসৌগন্ধ্যো বায়ুস্তং দেশং দশযোজনং সমন্তাৎ সুরভীচকার ॥ ৩২ ॥

এবং গোমৃগকাকচর্য্যয়া ব্রজংস্তিষ্ঠন্নাসীনঃ শয়ানঃ কাক-মৃগ-গোবচ্চরিতঃ পিবতি খাদত্যবমেহতিস্ম ॥ ৩৩ ॥

ইতি নানাযোগচর্য্যাচরণো ভগবান্ কৈবল্যপতি ঋষভোঽবিরতপরম-মহানন্দানুভব আত্মনি সর্ব্বেষাং ভূতানামাত্মভূতে ভগবতি বাসুদেবে আত্মনো

অন্বয়ঃ।

তস্য যঃ পুরীষ-সুরভি-সৌগন্ধ্যঃ (পুরীষস্য সুরভিণা গন্ধেন সৌগন্ধ্যং যস্য সঃ এব) বায়ুঃ সঃ সমন্তাৎ সর্ব্বতঃ দশযোজনপর্য্যন্তং তং দেশং সুরভীচকার ॥ ৩২ ॥

এবং আজগরব্রতমিব গবাদিচর্য্যয়া ব্রজন্ তিষ্ঠন্ আসীনঃ শয়ানঃ এব খাদতিস্ম ॥ ৩৩ ॥

হে নৃপ ইতি (এবং মুমুক্ষুভিঃ যোগবিঘ্নকর্তৃ-জনসঙ্ঘর্ষপরিহারার্থং এবং বর্ত্তিতব্যমিতি শিক্ষার্থং) নানাযোগচর্য্যাচরণঃ (নানাযোগচর্য্যাঃ আচরতীতি) অবিরত-পরম-মহানন্দানুভবঃ (অবিরতঃ নিরন্তরঃ পরমঃ মহান্ গণনাতীতঃ যঃ আনন্দঃ তদনুভবস্বরূপঃ) কৈবল্যপতিঃ

শ্রীধরস্বামী।

বীভৎসমিবাশঙ্ক্যাহ তস্যেতি পুরীষস্য সুরভিণা গন্ধেন সৌগন্ধ্যং যস্য স বায়ুঃ ॥ ৩২ ॥

এবং গবাদিচর্য্যয়া পানাদি করোতিস্ম। তদেবাহ ব্রজন্নিত্যাদি। কাকমৃগগবামিব অন্যদপি চরিতং বৃত্তির্যস্য ॥ ৩৩ ॥

নানাযোগচর্য্যা আচরতীতি তথালোকযাত্রাপরিহারায় যোগিভিরেবং বর্ত্তিতব্যমিতি প্রদর্শনায় তথা কৃতবান্ বস্তুতস্তু ভগবান্ যতোঽবিরতঃ পরমমহান্ উত্তরোত্তরশতগুণত্বে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য চিন্ময়শরীরস্যৈতদ্বীভৎসিতমিত্যাশঙ্ক্যাহ তস্যেতি পুরীষস্য সুরভিণা গন্ধেন সৌগন্ধ্যং যস্য স বায়ুঃ ॥ ৩২ ॥

কাকমৃগাণাং পশুতুল্য-লোকানাং গোচরিতঃ তাদৃশস্বভাবত্বেন দৃষ্টিবিষয়ীভূত ইত্যর্থঃ ॥৩৩॥

কৈবল্যপতিরিত্যন্যেভ্যোঽপি কৃপয়া যঃ কৈবল্যং দদাতি তস্যেয়ং যোগিজনশিক্ষণার্থা লীলা ধ্যেয়ৈব নতু অনুচিকীর্ষণীয়েতি ভাবঃ। ভগবানপি ভগবতি বাসুদেবে বসুদেবনন্দনে

দশ যোজন স্থান গন্ধামোদিত হইত ॥ ৩২ ॥

এই প্রকার অজগর-বৃত্তি অবলম্বনে গো, মৃগ ও কাকের ন্যায় আচরণ করত, কখন যাইতে যাইতে, কখন উপবেশন করিয়া, কখন বা শয়ান থাকিয়াই পান ভোজন ও মল মূত্র ত্যাগ করিতেন; প্রকৃত প্রস্তাবে কাক, মৃগ ও গোরুর ন্যায় তিনি সমস্ত ব্যবহারই করিতেন ॥ ৩৩ ॥

হে নরনাথ! যোগের ব্যাঘাতকারী জনসমূহের সংসর্গ হইতে নিষ্কৃতি

হ্ব্যবধানানন্তরোদরভাবেন সিদ্ধসমস্তার্থ-পরিপূর্ণো যোগৈশ্বর্য্যাণি বৈহায়-সমনোজবান্তর্দ্ধান-পরকায়-প্রবেশ-দূরগ্রহণাদীনি যদৃচ্ছয়োপগতানি নাঞ্জসা নৃপ হৃদয়েনাভ্যনন্দৎ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভদেবানুচরিতে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

অন্বয়ঃ।

মোক্ষদাতা, ভগবান্ ঋষভঃ, সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতে আত্মনি সর্ব্বব্যাপকে বাসুদেবে, সর্ব্বজগদাধারভূতে, ভগবতি আত্মনঃ স্বস্য অব্যবধানেন ন বিদ্যতে অন্তরা মধ্যে, উদরস্য দেহোপাধেঃ যঃ ভাবঃ তেন; সিদ্ধসমস্তার্থপরিপূর্ণঃ (সিদ্ধৈঃ সমস্তৈঃ অর্থৈঃ পুরুষার্থৈঃ পরিপূর্ণঃ) সন্ যদৃচ্ছয়া সংকল্পং বিনৈব অঞ্জসা সাক্ষাৎ প্রত্যক্ষতয়া, উপগতানি প্রাপ্তানি অপি বৈহায়সমনোজবান্তর্দ্ধান-পরকায়-প্রবেশ-দূর-গ্রহণাদীনি (বৈহায়সং খেচরত্বং, মনোজবং মনসঃ ইব দেহস্য গতিঃ অন্তর্দ্ধানং, পরকায়ে প্রবেশঃ, দূরগ্রহণং দূরস্থ-বস্তু-দর্শনং অণিমাদীনি চ আদীনি যোগৈশ্বর্য্যাণি) হৃদয়েন মনসা ন অভ্যনন্দৎ ন অঙ্গীচকার ॥ ৩৪ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

নোক্তো য আনন্দস্তদনুভবস্বরূপঃ কিঞ্চ বাসুদেবে আত্মনোঽব্যবধানেনাভেদেন ন বিদ্যতে অন্যেষামিব অন্তরা মধ্যে উদরস্য দেহোপাধে র্ভাবস্তেন নিত্যনিবৃত্তোপাধিত্বেনেত্যর্থঃ। অতএব সিদ্ধৈঃ সমস্তৈরর্থৈঃ ফলৈঃ পরিপূর্ণত্বাৎ যোগৈশ্বর্য্যাণি নাভ্যনন্দৎ। বৈহায়সং খেচরত্বং। মনোজবং মনস ইব দেহস্য বেগং। দূরগ্রহণং দূরদর্শনং। হে নৃপ হৃদয়েন মনসা ॥৩৪॥

॥ * ॥ ইতি পঞ্চমে পঞ্চমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যৈব সর্ব্বাবতারাণামপ্যারাধনীয়ত্বাৎ। যদুক্তং ভীষ্মেণ। অস্যানুভাবং ভগবান্ বেদ গুহ্যতমঃ শিবঃ। দেবর্ষি র্নারদঃ সাক্ষাদ্ভগবান্ কপিলো মুনিরিতি। ঈশ্বরবাহুল্যং বারয়তি আত্মনি স্বস্যাংশিত্বাৎ স্বস্মিন্নেবেত্যর্থঃ। আত্মনঃ স্বস্যাব্যবধানঃ সাক্ষাদ্ভূতঃ অনন্তঃ অপারঃ রোদং রোদনমশ্রু রাতি আদদাতীতি রোদরোভাবঃ প্রেমা তেনৈব সিদ্ধৈঃ সমস্তৈরর্থৈঃ পরিপূর্ণঃ বৈহায়সং খেচরত্বং মনোজবং মনস ইব দেহস্য বেগং। দূরগ্রহণং দূরদর্শনং। হে নৃপ হৃদয়েন ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

লাভ করিবার জন্য যোগীর যে এইরূপ আচরণ করা বিশেষ কর্ত্তব্য, তাহাই প্রদর্শন করিয়া ভগবান্ ঋষভদেব বিবিধ যোগের অনুষ্ঠানে নিরন্তর উৎকৃষ্ট পরমানন্দেরই অনুভব করিতেন। তিনি স্বয়ং জীব-মাত্রেরই মোক্ষদাতা

রাজোবাচ ।।

ন নূনং ভগব আত্মারামাণাং যোগ-সমীরিত-জ্ঞানাবভর্জ্জিত-কর্ম্মবীজানা-

অন্বয়ঃ ।

রাজা উবাচ। হে ভগবঃ ভগবন্! যোগ-সমীরিত-জ্ঞানাব-ভর্জ্জিত-কর্ম্ম-বীজানাং (যোগেন ভগবদ্ধ্যানলক্ষণেন সমীরিতং সমুদ্দীপিতং যৎ জ্ঞানং তেন অবভর্জ্জিতানি দগ্ধানি

শ্রীধরস্বামী।

ষষ্ঠে লীনাভিমানস্য দেহত্যাগক্রমাভিধা।
প্রদহন্তং দবাগ্নিং যঃ পশ্যন্নপি ন পশ্যতি ॥ * ॥

যোগৈশ্বর্য্যাণি নাভ্যনন্দৎ ইত্যুক্তং তত্র পৃচ্ছতি নেতি। ভগবঃ হে ভগবন্। যোগেন সমীরিতমুদ্দীপিতং যজ্‌জ্ঞানং তেনাবভর্জ্জিতানি দগ্ধানি কর্ম্মবীজানি রাগাদীনি যৈ স্তেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনসশ্চাতিদৌরাত্ম্যং দেহান্তর্দ্ধাপনং হরেঃ।
পাষণ্ডোৎপত্তিরিত্যেবং ষষ্ঠেঽধ্যায়ে নিরূপ্যতে ॥ * ॥

যোগৈশ্বর্য্যাণি নাভ্যনন্দদিতি শ্রুত্বা পৃচ্ছতি নেতি হে ভগবঃ হে ভগবন্! যোগেশ্বরেণ সমীরিতমুদ্দীপিতং যজ্‌জ্ঞানং তেনাবভর্জ্জিতানি কর্ম্মবীজানি যৈ স্তেষাং যদৃচ্ছয়োপগতানীতি

কৈবল্যপতি হইয়াও প্রাণিমাত্রেরই অন্তরাত্মা সর্ব্বজগতের আধারভূত বিশ্ব-ব্যাপক ভগবান্ নারায়ণের সহিত আত্মস্বরূপের অভেদ চিন্তনে দেহো-পাধির পার্থক্য চিন্তা পরিত্যাগ করিয়াছিলেন; অহঙ্কারাদি কোনরূপ চিত্তের পরিণামে তাঁহাকে আবৃত রাখিতে পারে নাই। স্বভাব-সিদ্ধ যাবতীয় পুরুষার্থে তিনি নিরন্তর পরিপূর্ণ থাকায়, প্রার্থনা ব্যতীত তৎসমীপে উপস্থিত যথেচ্ছ আকাশে গমন, মনের ন্যায় দেহের গতি, অন্তর্দ্ধান হইবার শক্তি, পরদেহে প্রবেশের সামর্থ্য, দূরবর্ত্তী দ্রব্যের দর্শন ও প্রাপ্তি-যোগ্যতা এবং অন্যান্য অণিমা প্রভৃতি সিদ্ধি সমূহকে, তিনি মনে মনে আদর না করিয়া, বরং উপেক্ষাই করিলেন ॥ ৩৪ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।।

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ভগবন্! ভগবানের ধ্যান-লক্ষণ যোগের অনুষ্ঠানে সমুদ্দীপিত জ্ঞানাগ্নির দ্বারা যাঁহাদের সঞ্চিত ও প্রারব্ধ কর্ম্মসমূহের বীজভূত রাগাদি আসক্তিসমূহ নিঃশেষে পরিদগ্ধ হইয়া যায়, তাদৃশ আত্মা-

আভাস।

ষষ্ঠাধ্যায়ে দেহাভিমানশূন্য ঋষভদেবের দেহত্যাগের প্রকার এবং দাবাগ্নি দ্বারা দগ্ধ হইলেও তাহাতে তাঁহার উপেক্ষা বর্ণন ॥

যৈশ্বর্য্যাণি পুনঃ ক্লেশদানি ভবিতুমর্হন্তি যদৃচ্ছয়োপগতানি ॥ ১ ॥

ঋষিরুবাচ ॥

সত্যমুক্তং কিন্ত্বিহ বা একেন মনসোঽদ্ধা বিশ্রব্ধমনবস্থানস্য শঠ কিরাত

অন্বয়ঃ।

কর্ম্মবীজানি রাগাদীনি যেষাং তেষাং) আত্মারামাণাং যদৃচ্ছয়া উপগতানি প্রাপ্তানি যোগৈ-শ্বর্য্যাণি পুনঃ ক্লেশদানি ভবিতুং ন অর্হন্তি ॥ ১ ॥

ঋষিঃ উবাচ। ভবতা সত্যং উক্তং, কিন্তু পরন্তু, যদি তত্র আসক্তিঃ ন স্যাৎ অন্যথা তু ক্লেশকরাণি ভবন্তি এব, অতঃ মনসঃ অনবস্থিতত্বাৎ ইহ যোগমার্গে, একে মুখ্যাঃ

শ্রীধরস্বামী।

যদৃচ্ছয়া প্রাপ্তানি যোগৈশ্বর্য্যাণি পুনঃ ক্লেশদানি ভবিতুং নার্হন্তি। অতঃ কিমিতি নাভ্য-নন্দদিত্যর্থঃ ॥ ১ ॥

অঙ্গীকৃত্য পরিহরতি সত্যমিতি। একে বুদ্ধিমন্তঃ অনবস্থানস্য চঞ্চলস্য মনসো বিশ্বাসং ন সংগচ্ছন্তে ন সম্যক্ প্রাপ্নুবন্তি শঠঃ কিরাতো যথা ধূর্ত্তেষ্বপি মৃগেষু শঠে কিরাতে যথা মৃগা ইতি সপ্তম্যন্তং বা। শঠ কিরাট ইতি পাঠান্তরে শঠো বঞ্চকঃ কিরাটঃ বালকব্যবহর্ত্তরি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন হ্যকস্মাৎ প্রাপ্তেষু ভোগেষ্বনপকুর্ব্বৎসু বিরজ্যত ইতি ভাবঃ ॥ ১ ॥

সত্যমুক্তমিতি ক্লেশদানি ন ভবন্ত্যেব তদপি একে সুধিয়ঃ মনসো বিশ্বাসং ন সংগচ্ছন্তে ন সম্যক্ প্রাপ্নুবন্তি। কুতঃ অনবস্থানস্য প্রতিক্ষণমেব প্রাপ্তনানাদশাকস্যেত্যর্থঃ। তেন শুদ্ধং ভূত্বাপ্যশুদ্ধং ভবিতুং ন তস্য বিলম্ব ইতি ভাবঃ। শঠে ধূর্ত্তে কিরাতে নীচজাতৌ চ ধূর্ত্তো যথা সৌহার্দ্দং প্রদর্শ্য লুণ্ঠিতমেব বিশ্বসিতারং হন্তি তথৈব মনঃ খলু কামক্রোধাদ্য-নভিভবরূপাং স্বশুদ্ধিং প্রদর্শ্য স্বনিরোধে শিথিলপ্রযত্নং সাধকমেকস্মিন্ দিনে কামাদ্যৈরে-

রাম যোগিগণের সমীপে আপনা হইতে উপস্থিত যোগৈশ্বর্য্য কখন পরিণামে দুঃখপ্রদ হইতে পারে না, এইরূপ বিবেচনা করি ॥ ১ ॥

শুকদেব রাজার প্রস্তাবে সন্তুষ্ট হইয়া বলিলেন যে, আপনার উক্তি অসঙ্গত নহে বটে; কিন্তু যদি যোগৈশ্বর্য্যে যোগিগণের কোনরূপ আসক্তি না থাকে, তবেই মঙ্গল; নতুবা সিদ্ধিসমূহই যোগীকে অসিদ্ধ মার্গে নিপাতিত করে। কারণ মনের স্থিতির কোন স্থিরতা নাই; অনেক বিবেকী বিচক্ষণ ব্যক্তি বলিয়া থাকেন যে, সতত চঞ্চল মনকে কখন বিশ্বাস করা কর্ত্তব্য নহে। ধূর্ত্ত ব্যক্তিকে এবং অতি নীচ কিরাতকে নিজের বশীভূত হইয়া অবস্থান করিতে দেখিলেও যেমন তাহাদিগকে কখন বিশ্বাস করা উচিত নহে, ব্যাধের হস্তগত হইয়া নিশ্চিন্তে বাস করিতেছি বলিয়া যেমন মৃগের বিশ্বাস করা কর্ত্তব্য

ইব সংগচ্ছন্তে ।। ২ ।।

তথাচোক্তং ।।

ন কুর্য্যাৎ কর্হিচিৎ সখ্যং মনসি হ্যনবস্থিতে।

যদ্বিশ্রম্ভাচ্চিরাচ্চীর্ণং চস্কন্দ তপ ঐশ্বরং ।। ৩ ।।

অন্বয়ঃ।

বিবেকিনঃ, শঠে কিরাতে ইব অনবস্থানস্য চঞ্চলত্বাৎ প্রতিক্ষণমেব প্রাপ্তনানাদশাকস্য, মনসঃ বিশ্রম্ভং বিশ্বাসং, নৈব সঙ্গচ্ছতে সম্যক্ নৈব প্রাপ্নুবন্তি ॥ ২ ॥

তথাচ শিষ্টৈঃ উক্তং। মনসি হি অনবস্থিতে চঞ্চলে সতি কর্হিচিৎ কেনাপি সহ সখ্যং মৈত্রীং, ন কুর্য্যাৎ (যতঃ অন্যসম্বন্ধাৎ মম দোষঃ ন ভবিষ্যতি ইতি) যস্য মনসঃ বিশ্রম্ভাৎ বিশ্বাসাৎ, ঈশ্বরং (ঈশ্বরাণাং সমর্থানাং অপি রুদ্রসৌভরিপ্রভৃতীনাং) চিরাৎ চীর্ণং বহুকাল-সঞ্চিতং, তপঃ চস্কন্দ সুস্রাব ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

যথা অস্মিন্ বা ব্যবহর্ত্তা যথা বিশ্বাসং ন যাতীত্যর্থঃ। পাক্ষিকোঽপি দোষো বর্জনীয় ইত্যুপ-দেষ্টুং নাভ্যনন্দদিতি ভাবঃ ॥ ২ ॥

যদ্বিশ্রম্ভাৎ যস্য বিশ্বাসাৎ চিরাচ্চীর্ণং বহুকালসঞ্চিতং তপশ্চস্কন্দ সুস্রাব ঐশ্বরং বিষ্ণো-র্মোহিনী-রূপ-সংদর্শনেন যদ্বা ঈশ্বরাণাং সমর্থানামপি সৌভরিপ্রভৃতীনাং তপঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাকস্মিকৈ স্তমধঃ পাতয়তি যথাচ নীচজাতি মূর্খৈরপি ধর্ম্মমধ্যাপিতোঽপি সাধুতাং দধানোঽপি গৃহকোষাদিষু বিশ্বস্তঃ সন্ সময়ে দুস্ত্যজস্বীয়স্বভাবপ্রাপ্তং চৌর্য্যমেব করোতি তথৈব মনঃ শমদমাদিভিঃ শোধিতমপি শ্রবণমননাদিষু স্থৈর্য্যং দধানমপি বিশ্বস্তং সদনিরুদ্ধ্যমানং কস্মিংশ্চ লক্ষণে দুর্ব্বিষয়েষ্বপি নিমজ্জদ্বিবেকজ্ঞানাদিকমপহরতি ॥ ২ ॥

যস্য বিস্রম্ভাৎ বিশ্বাসাৎ চিরাচ্চীর্ণং বহুকালসঞ্চিতং তপশ্চস্কন্দ সুস্রাব। ঐশ্বরং শাম্ভবং বিষ্ণোর্মোহিনীরূপদর্শনেন যদ্বা ঈশ্বরাণাং সমর্থানামপি সৌভরিপ্রভৃতীনাং তপঃ ॥৩॥

নহে; এবং বনের মৃগ বা পক্ষীকে পান ভোজন প্রাদানে বশীভূত দেখিয়াই যেমন কিরাতের পক্ষে বিশ্বাস করা অবিধেয়, (ইহারা সাবকাশ পাইলেই নিজমূর্ত্তি ধারণে বিগ্রহাচরণে যেমন কখনই পরাঙ্মুখ হয় না, সেইরূপ আপাত বশীভূতের ন্যায় প্রতীয়মান মনকে কখন বিশ্বাস করা কাহারও পক্ষে কর্ত্তব্য নহে) ।। ২ ।।

বিজ্ঞগণ আরও বলিয়া থাকেন যে, (মন যদবধি চঞ্চল থাকে, তদবধি কাহারও সহিত সখ্যতা করাও বিধেয় নহে; কারণ অপরের সংসর্গে আমাতে কোনরূপ দোষস্পর্শ হইবে না, এই প্রকার বিশ্বাসে যদি নিশ্চিন্ত থাকা যায়, তাহা হইলে ঈশ্বরতুল্য সমর্থশালী ব্যক্তিরও তপোপ্রভাব বিনষ্ট হইয়া যায়।)

নিত্যং দদাতি কামস্য চ্ছিদ্রং তমনু যেঽরয়ঃ।
যোগিনঃ কৃতমৈত্রস্য পত্যুর্জায়েব পুংশ্চলী ॥ ৪ ॥
কামো মন্যুর্মদো লোভঃ শোকমোহভয়াদয়ঃ।
কর্ম্মবন্ধশ্চ যন্মূলঃ স্বীকুর্য্যাৎ কোনু তদ্বুধঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

কৃতবিশ্বাসস্য পত্যুঃ পুংশ্চলী জায়া যথা জারাণাং অবকাশং দত্ত্বা পতিং ঘাতয়তি তথা কৃতবিশ্বাসস্য যোগিনঃ মনঃ নিত্যং সর্ব্বদা কামস্য তথা তং অনু যে অরয়ঃ ক্রোধাদয়ঃ, তেষাং চ চ্ছিদ্রং অবকাশং, দদাতি ॥ ৪ ॥

কামঃ অভিলাষঃ, মন্যুঃ ক্রোধঃ, মদঃ গর্ব্বঃ, লোভঃ অধিকাভিলাষঃ, শোকঃ বিষয়নাশে, পশ্চাৎ তাপঃ, মোহঃ কর্ত্তব্যাকর্ত্তব্যাননুসন্ধানং, ভয়াদয়ঃ; কর্ম্মবন্ধঃ (কর্ম্মণা শুভাশুভাদৃষ্টেন বন্ধঃ নানাযোনিসম্বন্ধঃ) যন্মূলঃ যন্নিমিত্তঃ, ভবতি তৎ মনঃ কোনু বুধঃ স্বীকুর্য্যাৎ স্বাধীনং মন্যেত ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ নিত্যমিতি কৃতবিশ্বাসো যো যোগী তদীয়ং মনঃ কামস্য তমনু যেঽরয়স্তেষাং চ চ্ছিদ্রমবকাশং দদাতি যথা কৃতবিশ্বাসস্য পত্যুঃ পুংশ্চলী জায়া জারাণাং অবকাশং দত্ত্বা পতিং ঘাতয়তি তথা মনোঽপি কামাদিভি র্যোগিনং ভ্রংশয়তীত্যর্থঃ ॥ ৪ ॥

অরীন্ কথয়ন্নুপসংহরতি কাম ইতি। যন্মূলঃ যন্নিমিত্তো ভবতি তন্মনঃ কোনু বুধঃ স্বীকুর্য্যাৎ স্বাধীনমিতি মন্যেত ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র হেতুঃ নিত্যমিতি। কৃতবিশ্বাসস্য যোগিনো মনঃ কামস্য ছিদ্রমবকাশং দদাতি তং কামমনু যে অরয়ঃ ক্রোধলোভাদয় স্তেষাঞ্চ। যথা কৃতবিশ্বাসস্য পত্যুঃ পুংশ্চলী জায়া জারাণামবকাশং দত্ত্বা পতিং ঘাতয়তি তথা মনোঽপি কামাদিভি র্যোগিনং ভ্রংশয়তীত্যর্থঃ ॥৪॥

অরীন্ কথয়ন্নুপসংহরতি কাম ইতি যন্মন এব মূলং যস্য সঃ ॥ ৫ ॥

কারণ সমুদ্র-মন্থন কালে ভগবান্ রমণী-মূর্ত্তি ধারণে যখন আবির্ভূত হন, তখন সাক্ষাৎ রুদ্রদেবের এবং সৌভরী প্রভৃতি মুনিরও তপোপ্রভাব বিনষ্ট হইয়া চিত্তচাঞ্চল্য উপস্থিত হইয়াছিল। তাঁহাদের বহুকালে এবং অনেক আয়াসে লব্ধ তপস্যার বলও বিনষ্ট হইয়াছিল ॥ ৩ ॥

(পুংশ্চলী ভার্য্যাকে যে পতি আপনার বোধে বিশ্বাস করেন, তিনি কেবল তাদৃশী পুংশ্চলীকে তাহার উপপতির দ্বারা নিজের মৃত্যু ঘটাইবার নিমিত্ত অবসর প্রদান করিয়া থাকেন মাত্র, সন্দেহ নাই।) সেইরূপ যে যোগী বিষয়-লম্পট মনকে বিশ্বাস করিয়া নিশ্চিন্ত থাকেন, তিনি কেবল মনকে নিজের পতনোপায় বিবিধ কাম-চিন্তনের এবং তন্নিবন্ধন কাম ক্রোধাদি শত্রুকুলকে

অথৈবমখিল-লোকপাল-ললামো বিলক্ষণৈর্জ্জড়বদবধূত-বেশভাষা-চরিতৈ-রবিলক্ষিত-ভগবৎ-প্রভাবো যোগিনাং সাম্পরায়-বিধিমনুশিক্ষয়ন্ স্বকলেবরং জিহাসু রাত্মন্যাত্মানমস-ংব্যবহিতমনর্থান্তরভাবেন অন্বীক্ষমাণ উপরতানু-বৃত্তিরুপররাম ॥ ৬ ॥

অন্বয়ঃ।

এবং পূর্ব্বোক্তপ্রকারেণ, অখিললোকপালানাং ললামঃ মণ্ডলভূতঃ অপি অথ অনন্তরং যোগিনাং সাম্পরায়বিধিং • মোক্ষসাধনপ্রকারং, অনুশিক্ষয়ন্ বিলক্ষণৈঃ অনেকপ্রকারৈঃ, জড়বদবধূতবেশভাষাচরিতৈঃ অবিলক্ষিতভগবৎপ্রভাবঃ (ন বিলক্ষিতঃ ন অভিব্যক্তঃ ভগবৎ-প্রভাবঃ যস্মিন্ সঃ) ঋষভঃ স্বং কলেবরং জিহাসুঃ ত্যক্তুমিচ্ছুঃ আত্মনি পরমাত্মনি, ভগবতি আত্মানং অনর্থান্তরভাবেন দেহাদ্যর্থান্তরকৃতভেদনিরাসেন অস-ংব্যবহিতং ব্যবধানশূন্যং, একতাং প্রাপ্তং, অনুক্ষণং ঈক্ষমাণঃ পশ্যন্, উপরতানুবৃত্তিঃ (উপরতা বাধিতা দেহাদ্যভি-মানানুবৃত্তিঃ যস্মাৎ তথাবিধঃ সঃ) উপররাম সংসারাৎ উপরতঃ জাতঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

প্রাসঙ্গিকং সমাপ্য প্রস্তুতমাহ অথেতি। অখিলানাং লোকপালানাং ললামো মণ্ডন-ভূতোঽপি উপরতা বাধিতা অনুবৃত্তি র্যস্মাৎ সঃ উপররাম লিঙ্গদেহাভিমানং জহৌ বিলক্ষণৈ-রনেকপ্রকারৈরবধূতবেশাদিভি র্ন বিলক্ষিতো ভগবৎপ্রভাবো যস্মিন্ সাম্পরায়বিধিং দেহত্যাগ-প্রকারং আধারাধেয়ভাবব্যাবৃত্ত্যর্থমাহ অনর্থান্তরভাবেন স্বাভেদেন উপাসনাব্যাবৃত্ত্যর্থমাহ অসংব্যবহিতং মনসা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাসঙ্গিকং সমাপ্য প্রস্তুতমাহ। অথেতি সাংপরায়বিধিং দেহত্যাগপ্রকারমিতি দেহ-ত্যাগানুকরণেনৈব শিক্ষয়ন্নিত্যর্থঃ। তদ্দেহস্য চিন্ময়ত্বাৎ বস্তুতস্তু আত্মনি পরমাত্মনি স্বস্মিন্ আত্মানং শ্রীঋষভদেবাখ্যশরীরং অব্যবহিতং মায়াব্যবধানরহিতং। অতএবানর্থা-ন্তরভাবেন অভেদেন অন্বীক্ষমাণঃ প্রতিক্ষণং পশ্যন্ উপরতা অনুবৃত্তিরবধূতত্বানুকরণং যস্য সঃ। উপররাম স্বাবতারলীলাতো বিররাম অতএব স্বকলেবরং জিহাসুঃ স্বকলেবরপ্রাকট্যং ত্যক্তুমিচ্ছুরিতি বাস্তবোঽর্থঃ। অত্রাগ্রেঽপি প্রকটোঽর্থঃ স্পষ্ট এব ॥ ৬ ॥

ছিদ্র অনুসন্ধানের অবসর দিয়া থাকেন মাত্র ; সন্দেহ নাই ॥ ৪ ॥

বিষয়ের কামনা, ইষ্টপ্রতিবন্ধক-জনিত ক্রোধ, ঐশ্বর্য্যের গর্ব্ব, অধিক প্রার্থনার লোভ, ইষ্টবিয়োগে শোক, কর্ত্তব্যাকর্ত্তব্যের অননুসন্ধানে মোহ, ভয় এবং শুভাশুভ অদৃষ্টের অনুসারে বিবিধ যোনিতে ভ্রমণ যে চঞ্চল মনের জন্য জীবের ঘটিয়া থাকে, তাদৃশ সর্ব্বমূলীভূত বন্ধমোক্ষের কারণস্বরূপ মনকে কোন্ বিজ্ঞ ব্যক্তি প্রকৃত বশীভূত বলিয়া জ্ঞান করিতে পারেন ? ॥ ৫ ॥

এই প্রকারে নিখিল লোকপালগণের শীর্ষস্থানীয় ভগবান্ ঋষভদেব যোগি-

তস্য হ বা এবং মুক্তলিঙ্গস্য ভগবত ঋষভস্য যোগমায়াবাসনয়া দেহ ইমাং জগতীমভিমানাভাসেন চংক্রমমাণঃ কোঙ্ক-বেঙ্কট-কুটকান্ দক্ষিণকর্ণাটকান্ দেশান্ যদৃচ্ছয়োপগতঃ কুটকাচলোপবন আস্যে কৃতাশ্মকবল উন্মাদ ইব মুক্তমূর্দ্ধজোঽসংবীত এব বিচচার ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তস্য ভগবতঃ ঋষভস্য এবং মুক্তলিঙ্গস্য ত্যক্তদেহাভিমানস্য দেহঃ যোগমায়াবাসনয়া অভিমানাভাসেন জগতীং পৃথিবীং অভিচংক্রমমাণঃ পর্য্যটন্ কোঙ্কবেঙ্কটকুটকান্ দক্ষিণ-কর্ণাটকান্ দেশান্ যদৃচ্ছয়া উপগতঃ সন্ আস্যে কৃতাশ্মকবলঃ (কৃতঃ অশ্মকবলঃ যেন সঃ) মুক্ত-মূর্দ্ধজঃ (মুক্তা মূর্দ্ধজা যস্য সঃ) অসংবীতঃ নগ্নঃ অতএব উন্মাদঃ বিক্ষিপ্তঃ ইব কুটকাচলস্য উপবনে বিচচার ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

মনসা স্বয়ং ত্যক্তেঽপ্যভিমানে কেনাপি সংস্কারেণ দেহঃ প্রচলতি যথা কুলালচক্রং। সোঽয়মভিমানাভাসস্তেন সচ জীবন্মুক্তানামবিদ্যাবাসনয়া ভবতীতি ততো বিশেষমাহ যোগ-মায়াবাসনয়েতি। কোঙ্কাদীন্ দেশান্ গতঃ সন্ কয়াপি বাসনয়া আস্যে কৃতঃ অশ্মকবলো যেন অসংবীতো নগ্নঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য দেহান্তর্দ্ধানপ্রকারমাহ তস্যেতি ভগবতোঽপি মুক্তলিঙ্গস্য ত্যক্তভগবচ্চিহ্নস্য মুক্তানা-মিব লিঙ্গং যস্যেতি বা। যথা যোগিনাং কেনাপি সংস্কারেণ দেহঃ প্রচলতি নিষ্পন্নঘটমপি কুলালচক্রমিব সোঽয়মভিমানাভাসঃ সচ জীবন্মুক্তানামবিদ্যাভাসবাসনয়া ভবতীতি ততো বিশেষমাহ। যোগমায়াবাসনয়া আবধূত্যা লীলেচ্ছাসংস্কারেণ যথাতিবালকো যদ্যৎ প্রাপ্নোতি তদপি স্বমুখে নিঃক্ষিপতি। তথৈব কৃতাশ্মকবল অসংবীতো নগ্নঃ ॥ ৭ ॥

গণের মোক্ষ-সাধনের প্রণালীর উপদেশ প্রদান করিয়া, নিজে নানাপ্রকার জড় ও অবধূতের ন্যায় বেশ ধারণে ও তদনুরূপ আচরণ প্রদর্শনে ভগবৎ-প্রভাব গোপন করত, স্বীয় কলেবর পরিত্যাগের বাসনা করিলেন এবং পর-মাত্মস্বরূপ ভগবানে আত্মসমর্পণ করত দেহাদি উপাধিনিষ্ঠ পার্থক্যের নির-সনে ব্যবধান ব্যতিরেকে একত্য লাভে নিরন্তর তদ্গতচিত্ত হইয়া, দেহা-দিতে আমিত্ব-বুদ্ধি ও নিজের পৃথক্ সত্তা পর্য্যন্তের জ্ঞান পরিহার করত ব্যব-হারিক সংসার-স্রোত হইতে নিবৃত্ত হইলেন ॥ ৬ ॥

এই প্রকারে ভগবান্ ঋষভদেবের দেহাভিমান পরিত্যাগে যদিও জীবন্মুক্তির দশা উপস্থিত হইল বটে, তথাপি যোগমায়ার বাসনাবশে কুলাল-চক্রের ন্যায় শরীর ধারণে তিনি কিয়ৎকাল জগতীতলে ভ্রমণ করিতে লাগিলেন। ঘটোৎ-পাদনার্থ লব্ধবেগ কুলাল-চক্র যেমন ঘটোৎপাদনের পরও পূর্ব্বলব্ধ বেগের

অথ সমীরবেগবিধূতবেণুসংঘর্ষণজাতোগ্রদাবানলস্তদ্বনমালেলিহানঃ সহ তেন দদাহ ॥ ৮ ॥

যস্য কিলানুচরিতমুপাকর্ণ্য কোঙ্কবেঙ্কটকুটকানাং রাজার্হন্নামোপশিক্ষ্য

অন্বয়ঃ।

তত্র সমীরস্য বেগেন বিধূতানাং কম্পিতানাং বেণূনাং বিঘর্ষণেন জাতঃ উগ্রঃ দাবানলঃ তৎ বনং আলেলিহানঃ সর্ব্বতঃ গ্রসন্ তেন ঋষভেণ সত্ত্বদেহিনা সহ দদাহ ॥ ৮ ॥

যস্য ঋষভস্য কিল আশ্রমাতীতং পারমহংস্যং অনুচরিতং (তদ্দেশবাসিভ্যঃ) উপাকর্ণ্য শ্রুত্বা, অর্হন্ ইতি নাম যস্য সঃ কোঙ্ক-বেঙ্কট-কুটকানাং রাজা স্বয়ং উপশিক্ষ্য শিক্ষিত্বা কলৌ অধর্ম্মে উৎকৃষ্যমাণে সতি ভবিতব্যেন প্রাণিনাং দুরদৃষ্টফলেন বিমোহিতঃ সন্ মন্দঃ

শ্রীধরস্বামী।

সমীরবেগেন বিধূতানাং কম্পিতানাং বেনূনাং সংঘর্ষণেন জাত উগ্রোদাবানলঃ আলেলিহানঃ সর্ব্বতো গ্রসন্ ॥ ৮ ॥

অবধূতবেশেন ঋষভদেবঃ তত্র গত ইত্যেতস্য সূচকমাহ যস্য কিলাশ্রমাতীতমনুচরিতং তদ্দেশবাসিভ্যঃ উপাকর্ণ্য অর্হন্নিতি নাম যস্য স রাজা স্বয়ং তদুপশিক্ষ্য শিক্ষিত্বা কুপথশ্চাসৌ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপররামেত্যুক্তং তত্র কিং কুর্ব্বন্ পররামেত্যত আহ। অথেতি তেন সহ। শ্রীঋষভদেবসহিতএব দাবানল স্তদ্বনং দদাহ। তদ্বনবর্ত্তি-তরু-মৃগাদীনাং স্থূলং দেহং দাবানলো দদাহ সূক্ষ্মদেহস্তু শ্রীঋষভ ইতি তদ্বনবর্ত্তিনঃ সর্ব্বে তৎপ্রসাদান্মুক্তা বভূবুরিত্যর্থঃ ॥ ৮ ॥

অস্যাবতারস্য লীলাশ্রবণকীর্ত্তনাদিভিরেব কলিকালবর্ত্তিনঃ পরার্থদর্শিনো। জীবাঃ কৃতার্থা ভবন্তি নত্বাচরিতস্যানুষ্ঠানেন। কলৌ প্রায়ঃ প্রত্যগ্দর্শনাসম্ভবাৎ শ্রদ্ধয়াপি তদীয় কেবল-

বশে কিছুক্ষণ নিরর্থকই ভ্রমণ করিয়া থাকে, সেইরূপ প্রারব্ধজন। বর্ত্তমান দেহ পরমার্থজ্ঞান উৎপাদন করিয়াও প্রারব্ধবশে কিছুকাল অবস্থান করে। ঋষভদেব যোগসংস্কার বশত ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে কোঙ্ক, বেঙ্কট, কূটক ও দক্ষিণ কর্ণাটক প্রভৃতি দেশে যদৃচ্ছাক্রমে পর্য্যটন করত কূটকাচলের উপবনে প্রবেশ করিলেন। তথায় মুখ মধ্যে প্রস্তরখণ্ড সন্নিবিষ্ট করিয়া, আলুলায়িতকেশে ও দিগম্বর বেশে উন্মত্তের ন্যায় বিচরণ করিতে লাগিলেন ॥৭।

ইতিমধ্যে সমীরবেগে বিকম্পিত বেনুগুচ্ছে অগ্নির উদ্দীপন হইল এবং সেই দাবানলের উৎকট জ্যোতিতে বন সহ তাঁহার দেহও ভস্মীভূত হইয়া গেল ; বস্তুত তরু ও পশুকুল ঋষভদেবের সংসর্গে মুক্তিলাভ করিল ॥ ৮ ॥

যে ঋষভদেবের আশ্রমাতীত পরমহংসের আচার তদ্দেশবাসী লোকমুখে শ্রবণ করিয়া কোঙ্ক, বেঙ্কট ও কূটকদেশসমূহের অধিপতি রাজা অর্হন্

কলাবধর্ম্ম উৎকৃষ্যমাণে ভবিতব্যেন বিমোহিতঃ স্বধর্ম্মপথমকুতোভয়মপহায় কুপথপাষণ্ডমসমঞ্জসং নিজমনীষয়া মন্দঃ সংপ্রবর্ত্তয়িষ্যতে ॥ ৯ ॥

যেনহ বাব কলৌ মনুজাপসদা দেবমায়াবিমোহিতাঃ স্ববিধি-নিয়োগ-শৌচচারিত্র্যবিহীনা দেবহেলনান্যপব্রতানি নিজনিজেচ্ছয়া গৃহ্লানা অস্নানা-

অন্বয়ঃ।

মন্দবুদ্ধিঃ এব অকুতোভয়ং সর্ব্বতো ভয়-নিবর্ত্তকং স্বধর্ম্মপথং অপহায় ত্যক্ত্বা নিজমনীষয়া (বেদবিচারমন্তরেণ) কুপথপাষণ্ডং (কুপথশ্চাসৌ পাষণ্ডশ্চ তৎ) অতএব অসমঞ্জসং নরক-পাতাদিদুঃখকারণং মতং সংপ্রবর্ত্তয়িষ্যতে ॥ ৯ ॥

যেন প্রবর্ত্তিতেন পাষণ্ডমতেন বাব এব কলৌ মনুজাপসদাঃ (মনুজেষু অপসদাঃ নিকৃষ্টাঃ) স্ববিধিনা স্ববর্ণাশ্রমানুরূপশাস্ত্রেণ নিযোগো যস্মিন্ শৌচচারিত্রে শোধককর্ম্মণি তদ্বিহীনাঃ সন্তঃ দেবহেলনানি দেবানাং অবজ্ঞারূপাণি অস্নানানাচমনাশৌচকেশোল্লুঞ্চনাদীনি অপব্রতানি নিন্দিতব্রতানি নিজেচ্ছয়া গৃহ্লানাঃ অধর্ম্মবহুলেন (অধর্ম্মঃ বহুলঃ যস্মিন্ তেন কলিনা উপহত-

শ্রীধরস্বামী।

পাষণ্ডশ্চ তৎ নিজমনীষয়া সংপ্রবর্ত্তয়িষ্যত ইত্যন্বয়ঃ। তত্র হেতুঃ কলাবিত্যাদি ভবিতব্যেন প্রাণিনাং পূর্ব্বসঞ্চিতপাপফলেন ॥ ৯ ॥

যেন প্রবর্ত্তকেন মনুজেষপসদা নিকৃষ্টাঃ স্ববিধিনা নিয়োগো যস্মিন্ শৌচচারিত্র্যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাহ্যাচরণমাত্রনিষ্ঠা ভ্রষ্টাএব ভবন্তীত্যাহ যস্যেতি অর্হন্নামা কলৌ জনিষ্যমাণো লোকশাস্ত্র-দ্বারা ঋষভদেবোৎকর্ষং শ্রুত্বা তাদৃশাচরণেন বয়মপি তথা ভবামেতি মত্বা তদীয় চেষ্টামুপশিক্ষ্য আধিক্যেন শিক্ষিত্বা ভবিতব্যেন তাদৃশদুরদৃষ্টেন যদবশ্যম্ভবিতব্যং তেন হেতুনা ॥ ৯ ॥

স্বয়ং সেই সকল আচরণ শিক্ষা করিতে আরম্ভ করিলেন। অহো! ঘোর কলিযুগের আগমনে অধর্ম্মের শ্রীবৃদ্ধি হওয়ায়, পূর্ব্বসঞ্চিত দুরদৃষ্টের ফলে সেই নরপতিরও বুদ্ধির বৈপরীত্য ঘটিবে; তিনি সর্ব্বতোভাবে ভয়হীন স্বীয় শাস্ত্রোক্ত ধর্ম্মপথকে পরিহার পূর্ব্বক স্বেচ্ছানুসারে বেদমর্য্যাদা উল্লঙ্ঘন করিয়া, অসদাচারী পাষণ্ডগণের অনুষ্ঠেয় পরিণামে নরকপতনাদি দারুণ দুঃখপ্রদ অপকৃষ্ট মতেরই প্রবর্ত্তনা করিবেন ॥ ৯ ॥

সেই সকল প্রবর্ত্তিত পাষণ্ড মতের অনুসরণে ঘোর কলিযুগে কল্মশপূর্ণ নিকৃষ্ট মানবগণ শাস্ত্রবিহিত স্ব স্ব বর্ণাশ্রমানুরূপ শৌচ, আচার এবং পবিত্র ধর্ম্ম কর্ম্মাদিতে জলাঞ্জলি দিয়া দেবারাধনে পরাঙ্মুখ হইবে; এবং নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান দ্বারা চিত্তের বিশুদ্ধি না করিয়াই অত্যাশ্রমীর ন্যায় আচার স্নান আচমন ও বাহ্যশৌচাদিতে বর্জ্জিত হইয়া, মুণ্ডিত-মস্তকে অমু-

নাচমনাশৌচকেশোল্লুঞ্চনাদীনি কলিনা ধর্ম্মবহুলেনোপহতধিয়ো ব্রহ্ম-ব্রাহ্মণ-যজ্ঞপুরুষ-লোক-বিদূষকাঃ প্রায়েণ ভবিষ্যন্তি ॥ ১০ ॥

তেচ হ্যর্ব্বাক্তনয়া নিজলোকযাত্রয়া অন্ধপরম্পরয়া তয়ৈবাশ্বস্তা স্তমস্যন্ধে স্বয়মেব প্রপতিষ্যন্তি ॥ ১১ ॥

অয়মবতারো রজসোপপ্লুতলোককৈবল্যোপশিক্ষণার্থঃ।

অন্বয়ঃ।

ধিয়ঃ (উপহতা তিরস্কৃতা ধীঃ বিবেকঃ যেষাং তথাবিধাঃ সন্তঃ প্রায়েণ বাহুল্যেন, ব্রহ্ম-ব্রাহ্মণ-যজ্ঞ-পুরুষ-লোক-বিদূষকাঃ ব্রহ্মাদীনাং বিদূষকাঃ নিন্দকাঃ ভবিষ্যন্তি ॥ ১০ ॥

তে চ পাষণ্ডিনঃ নিজলোকযাত্রয়া অন্ধপরম্পরয়া পাষণ্ডিজনপ্রবর্ত্তিতয়া, বেদপ্রমাণশূন্যত্বাৎ অর্ব্বাক্তনয়া প্রবৃত্ত্যা আশ্বস্তা কৃতবিশ্বাসাঃ স্বয়ং অন্ধে তমসি দুঃখভোগাতিরিক্তত্তরণোপায়-রহিতে নরকে, এব প্রপতিষ্যন্তি ॥ ১১ ॥

অয়ং অবতারঃ রজসা উপপ্লুতানাং ব্যাপ্তানাং, কৈবল্যস্য মোক্ষস্য উপশিক্ষণার্থঃ এব; (পাষণ্ডমার্গপ্রবৃত্তিস্তু প্রাণিদুরদৃষ্টবশাৎ এব। ভগবদুক্তশাস্ত্রতাৎপর্য্যং বিচার্য্য স্বাধি-

শ্রীধরস্বামী।

তদ্বিহীনা দেবাবজ্ঞারূপাণি অস্নানাদীনি কুব্রতানি গৃহ্ণানা দেবাদীনাং বিদূষকা ভবিষ্যন্তি ॥১০॥

তৎফলকাঙ্ক্ষং তমঃ প্রাপ্স্যন্তীত্যাহ তে চেতি। অর্ব্বাকৃতনয়া অবেদমূলয়া নিজলোক-যাত্রয়া স্বেচ্ছাকৃতপ্রবৃত্ত্যা আশ্বস্তাঃ কৃতবিশ্বাসাঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ববিধিনা নিয়োগো যত্র তাদৃশেন শৌচচারিত্রেণ বিহীনাঃ ॥ ১০ ॥ ১১ ॥

তেন শ্রীঋষভদেবো যদেবাবিবর্ভূব তাৎকালিকৈ জ্ঞানিজনৈরেব তচ্চরিতমনুবর্ত্তিতব্য-মিত্যাহ। অয়মিতি রজসা রজোগুণেন উপপ্লুতং কালেন বিনষ্টীভূতং যৎ কৈবল্যং জ্ঞান-

রাগীর পক্ষে সম্পূর্ণ অবিধেয় স্বেচ্ছাচাররূপ অধর্ম্মেরই অনুষ্ঠানে প্রবৃত্ত হইবে। অধর্ম্ম-পূর্ণ কলির প্রাবল্যে তত্রত্য জনগণের চিত্ত অধর্ম্মপথেই অগ্রসর হইবে। তাহারা বেদ, ব্রাহ্মণ ও যজ্ঞেশ্বর বিষ্ণুকে নিরন্তর নিন্দোক্তির দ্বারা অপমানিত করিতে আরম্ভ করিবে ॥ ১০ ॥

এই সমস্ত পাষণ্ডগণ পরস্পর অন্ধের ন্যায় আচরণ করত, বেদ-প্রমাণ-শূন্য স্বীয় স্বেচ্ছাচারের উপরই দৃঢ় বিশ্বাস স্থাপন করত পাষণ্ডপ্রবৃত্তির অনুসারে ঘোর অজ্ঞানেই ক্রমশ অন্ধ হইয়া, পরিণামে অনন্ত দুঃখার্ণবরূপ নরকেই নিপতিত হইবে; তথা হইতে উদ্ধার লাভের কোন উপায় তাহারা অনু-সন্ধান করিতেও সক্ষম হইবে না ॥ ১১ ॥

হে নরনাথ! কুটিল সর্প যেমন অমৃতোপম দুগ্ধপান করত হলাহলেরই

তস্যানুগুণান্ শ্লোকান্ গায়ন্তি ॥ ১২ ॥

অহো ভুবঃ সপ্তসমুদ্রবত্যা দ্বীপেষু বর্ষেষ্বধিপুণ্যমেতৎ।
গায়ন্তি যত্রত্যজনা মুরারেঃ কর্ম্মাণি ভদ্রাণ্যবতারবন্তি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

কারানুসারেণ তত্তন্মার্গে প্রবৃত্তিরুচিতা; স্বাধিকারং অবিচার্য্য অন্ধপরম্পরয়া লোকানুরঞ্জনেন লাভপূজাদ্যর্থা সা নোচিতা শাস্ত্রবিরোধেন নরকপাতাদ্যনর্থহেতুত্বাৎ ইতি সিদ্ধং) তস্য অনুগুণান্ শ্লোকান্ গায়ন্তি ॥ ১২ ॥

অহো আশ্চর্য্যং! সপ্তসমুদ্রবত্যাঃ ভুবঃ যে দ্বীপাঃ তেষু তেষাং বর্ষেষু চ মধ্যে এতৎ ভারতবর্ষং অধিপুণ্যং (অধিকং পুণ্যং যস্মিন্ তৎ) যতঃ ভদ্রাণি মোক্ষপ্রদানি মুরারেঃ অবতারবন্তি কর্ম্মাণি যত্রত্যাঃ জনাঃ গায়ন্তি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

নন্বেবমনর্থকারী কিমর্থোঽয়মৃষভাবতারঃ তত্রাহ অয়মিতি। রজোব্যাপ্তানাং জনানাং মোক্ষমার্গোপশিক্ষণার্থঃ। তস্য কৈবল্যোপশিক্ষণস্যানুরূপত্বাৎ ॥ ১২ ॥

অধিকং পুণ্যং যস্মিন্ এতদ্ভারতং বর্ষং ঋষভাদ্যবতারযুক্তানি কর্ম্মাণি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগ স্তস্যোপশিক্ষণার্থঃ। যদ্বা রজোব্যাপ্তানামপি জনানাং মোক্ষমার্গোপশিক্ষণার্থঃ। তেন সত্যাদিযুগত্রয়ে তদ্বর্ত্তিতব্যং কলৌ তৎকথা শ্রোতব্যেতি ব্যবস্থিতিঃ ॥ ১২ ॥

বর্ষেষু মধ্যে এতদ্ভারতং বর্ষং অধিপুণ্যং অধিকপুণ্যপ্রদং। কুতঃ গায়ন্তীত্যাদি ॥ ১৩ ॥

উৎপাদন করিয়া থাকে, সেইরূপ প্রাণিগণ স্ব স্ব দুরদৃষ্ট নিবন্ধন ভগবানের অনুপম অবতার-নিষ্ঠ আচার দর্শনে স্বীয় প্রবৃত্তির অনুরূপ পাষণ্ড পথেরই উদ্দীপনা করিবে। ভগবানের উপদিষ্ট শাস্ত্রের মর্ম্ম গ্রহণ পূর্ব্বক স্ব স্ব অধিকার অনুসারে সেই সেই মার্গে গমন করা কর্ত্তব্য; নিজের অধিকারের প্রতি দৃষ্টি না করিয়া, অবিবেচনা পূর্ব্বক কেবল লোকরঞ্জন দ্বারা লাভ ও সম্মানের প্রতিই লক্ষ্য করত অগ্রসর হওয়া কখনই সঙ্গত নহে; আপাতত অতি সামান্য ও অকিঞ্চিৎকর লাভের প্রত্যাশায় পরিণামে বিষম অনর্থে নিপতিত হওয়া কখন বুদ্ধিমানের কর্ত্তব্য নহে। প্রকৃত প্রস্তাবে ভগবান্ ঋষভদেব রজোগুণে সম্পূর্ণ পরিব্যাপ্ত মানবগণের উদ্ধারার্থই অবতীর্ণ হইয়াছিলেন; মোক্ষপথ শিক্ষা দিবার নিমিত্ত তাঁহার অবতার লীলা অতীব প্রয়োজনীয়। সুতরাং এতদর্থে পণ্ডিতগণ গুণবর্ণন পূর্ব্বক কতিপয় শ্লোকও কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ।

অহো আশ্চর্য্য! এই সপ্ত সমুদ্রবিশিষ্ট পৃথিবীর দ্বীপসমূহের মধ্যে এই ভারতবর্ষই বিশেষ পুণ্যক্ষেত্র, সন্দেহ নাই। কারণ ভগবান্ মুরারীর

অহো নু বংশো যশসাবদাতঃ প্রৈয়ব্রতো যত্র পুমান্ পুরাণঃ।
কৃতাবতারঃ পুরুষঃ স আদ্যশ্চচার ধর্ম্মং যদকর্ম্মহেতুং ॥ ১৪ ॥
কোন্বস্য কাষ্ঠামপরোঽনুগচ্ছেন্মনোরথেনাপ্যভবস্য যোগী।
যো যোগমায়াঃ স্পৃহয়ত্যুদস্তা হ্যসত্তয়া যেন কৃতপ্রযত্নাঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

ণামিনো দৃষ্টং প্রত্যক্ষমেব যদ্‌যস্মাদ্বিকৃতং প্রতিক্ষণমেবাদ্যন্তবৎ। যচ্চোক্তং ভর্ত্তৃশাসনমতিচরসীতি তত্রাহ। স্বঞ্চ স্বাম্যং স্বামিত্বঞ্চ তয়োর্ভাবো বিদ্যমানত্বং সচ যত্র যদা ধ্রুবঃস্থিরঃ স্যাত্তর্হি বিধিকৃত্যে শিবিকাবহনাদিকর্ম্মণি যোগঃ অয়ং জনো যুজ্যতামিত্যুচ্যতে কথ্যতে উচিতো বা ভবতীতি। উচ সমবায় ইত্যস্য রূপং যদিতু তব রাজ্যভ্রংশো মম রাজ্যং স্যাত্তর্হি ত্বামপ্যহং শিবিকাং বাহয়ন্ কিমিদমরে ইত্যাদি কথয়েয়মিত্যর্থঃ ॥ ১৩ ॥

তদুত্তরে বিলক্ষণ বলা যাইতে পারে যে, জীবন্মৃতত্ব কেবল একাকী আমার নহে; পরিণত পদার্থ মাত্রেরই ঐ দোষ অনিবার্য্য! যাবতীয় দেহাদি বস্তুবর্গের মধ্যে উৎপত্তি ও বিনাশশীলত্বের ভাব নিরন্তর বিরাজ করিয়া থাকে। হে রাজন্! তুমি আপনাকে শ্রেষ্ঠ ও সকলের সম্মানার্হ মনে কর, ক্ষতি নাই! কিন্তু প্রভু ও ভৃত্যের অবস্থার বিষয় বিশেষরূপে আলোচনা করা কর্ত্তব্য। কারণ প্রভুত্ব বা ভৃত্যত্ব যদি চিরন্তন-ভাবে প্রতিষ্ঠিত থাকে, তবেই স্বামীর প্রভুত্বের ব্যবস্থা এবং ভৃত্যের আজ্ঞাপালন করার ব্যবস্থা যুক্তিযুক্ত ও সঙ্গত বলিয়া স্বীকার্য্য ॥ ১৩ ॥

আভাস।

জীবন্মৃত বলিয়া রাজা ভরতকে যে তিরস্কার করিয়াছিলেন, সেটী তিরস্কার নহে; যথার্থ বচনই বলিয়াছেন। কারণ মূলা প্রকৃতি হইতে সমুৎপন্ন যাবতীয় পদার্থই ধ্বংসের বশবর্ত্তী। অতএব হে রাজন্! কেবল আমার দেহই যে জীবন্মৃত, তাহা নহে। দশমে প্রকাশ আছে যে, "মৃত্যুর্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে" ॥ দেহের উৎপত্তির সঙ্গে সঙ্গে মৃত্যু মিলিত রহিয়াছে। বাল্যভাবের ধ্বংসের পর যৌবন আইসে এবং যৌবন ধ্বংস হইলে জরা আইসে। অতএব দেহে উৎপত্তি এবং ধ্বংস এক সঙ্গে এক কালে ক্রিয়া করিয়া থাকে। সুতরাং প্রভুত্ব ও ভৃত্যত্ব একত্র এককালেই যখন এক দেহে কার্য্য করিতেছে, তখন প্রভুত্বের প্রশমে প্রভুত্বাব এবং দাসত্বের প্রাশ্রয়ে ভৃত্যভাব। অতএব কেহই চিরকাল

বিশেষবুদ্ধে র্বিবরং মনাক্‌চ পশ্যাম যন্ন ব্যবহারতোঽন্যৎ।
ক ঈশ্বর স্তত্র কিমীশিতব্যমথাপি রাজন্ করবাম কিং তে॥ ১৪॥

অন্বয়ঃ।

বিশেষবুদ্ধেঃ (বিশেষঃ রাজভৃত্যাদিভেদঃ তস্য বুদ্ধেঃ বিচারস্য) বিবরং অবকাশং, ব্যবহারাৎ যৎ অন্যৎ মনাক্ ঈষৎ, অপি ন পশ্যাম। তত্র তদা কঃ ঈশ্বরঃ রাজা, কিং চ ঈশিতব্যং? তথাপি তব অভিমানঃ চেৎ তর্হি ব্রূহি তব কিং করবাম॥ ১৪॥

শ্রীধরস্বামী।

নমু যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেৎ তত্রাহ বিশেষো রাজভৃত্যাদিভেদঃ তদ্বুদ্ধের্বিবরমবকাশং ব্যবহারাদন্যন্ন পশ্যাম মনাক্‌চ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিং তব করবামেতি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেত্তত্রাহ বিশেষো রাজভৃত্যাদিভেদ স্তদ্বুদ্ধে র্বিবরমবকাশং ব্যবহারাদন্যং ন পশ্যামি। মনাক্ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিন্তে করবামেতি॥ ১৪॥

রাজাও ভৃত্য বলিয়া পরস্পরের মধ্যে ব্যবহারত পার্থক্য ব্যতীত প্রকৃত প্রস্তাবে কোন ভেদই নাই। অতএব কে যে প্রতাপবান্ রাজা এবং কে যে তাঁহার আজ্ঞাবাহী ভৃত্য, তাহা নিরূপণ করা নিতান্তই দুরূহ। তথাপি রাজা বলিয়া যদি আপনার অভিমান থাকে, তাহা হইলে বলুন্! আপনার কোন্ কার্য্য আমি সাধন করিব?॥ ১৪॥

আভাস।

দাস বা চিরকাল প্রভু থাকিতে পারে না। সুতরাং নিয়োগকর্ত্তৃত্ব ও আজ্ঞাপালনরূপ দাসত্বও চিরস্থায়ী নহে। এক সময়ে আপনি রাজা হইয়া আজ্ঞা করিতেছেন, আবার এমন সময় আসিতে পারে, যখন আমি রাজা হইয়া আপনাকে অনুমতি করিতে পারি। অতএব আজ্ঞাই যখন চিরস্থায়ী নহে, তখন তাহার প্রতিপালন ধ্রুব ও নিশ্চয় হয় নাই বলিয়া, আপনার পক্ষে এরূপ উৎকণ্ঠিত বা ক্রুদ্ধ হওয়া কোনমতে বিধেয় নহে॥ ১৩॥

হে নরনাথ! দেহের ও স্বামিত্বের অস্থিরতা হইলেও বর্ত্তমানে আপনি যতক্ষণ রাজা আছেন, ততক্ষণ আপনার আজ্ঞা পালন করা আমার অবশ্য কর্ত্তব্য, এই যদি আপনি মনে করিয়া থাকেন, তাহাও আপনার কল্পনা মাত্র; কারণ এতদুভয় ভাবই কল্পনাতিরিক্ত নহে। সুতরাং এতদুভয়ের পার্থক্যও কল্পনামূলক। কল্পনা অলিক ও স্বপ্নগজাদিবৎ অজ্ঞানমূলক; অতএব তাহার অনুসরণ করাও কল্পনাস্রোতে কালাতিপাত করা মাত্র। কারণ প্রভুত্ব ও ভৃত্যত্ব স্বরূপত কোন ভাব নহে এবং পরস্পর পরস্পরের সহিত প্রতিযোগী সম্বন্ধে তাদৃশ বদ্ধও নহে যে, প্রভুত্বের অস্তিত্বে ভৃত্যত্বের অভাব এবং ভৃত্যত্বের উদয়ে বা সদ্ভাবে প্রভুত্বের

উন্মত্ত-মত্ত-জড়বৎ স্বসংস্থাং গতস্য মে বীর চিকিৎসিতেন ॥

অন্বয়ঃ।

হে বীর! উন্মত্ত-মত্ত-জড়বৎ স্বসংস্থাং গতস্য (উন্মত্তাদিবৎ বর্ত্তমানস্য বস্তুতঃ স্বসংস্থাং স্বরূপভূতব্রহ্মভাবং, গতস্য প্রাপ্তস্য, মে মম, ভবতা চিকিৎসিতেন দণ্ডাদ্যুপায়েন তথা শিক্ষি-

শ্রীধরস্বামী।

যদুক্তং প্রমত্তস্যচ তে চিকিৎসাং করোমি যথা স্বাং প্রকৃতিং ভজিষ্যসীতি তত্রাহ উন্মত্তাদিবদ্বর্ত্তমানস্য বস্তুতঃ স্বসংস্থাং ব্রহ্মভাবং গতস্য ভবতা কৃতেন চিকিৎসিতেন দণ্ডেন শিক্ষিতেন বা কিয়ানর্থঃ। মুক্তস্যার্থানর্থয়োরসম্ভবাৎ। যদি পুনরহং ন মুক্তঃ কিন্তু প্রমত্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যচ্চোক্তং প্রমত্তস্য তে চিকিৎসাং করোমীতি তত্রাহ উন্মত্তাদি বদ্বর্ত্তমানস্য বস্তুতস্তু স্বসংস্থাং অন্তর্নিষ্ঠাং গতস্য চিকিৎসিতেন কায়িকেন বাচিকেন বা দণ্ডেন কিয়ানর্থঃ সাধয়িতব্যঃ মুক্তানামর্থানর্থয়োরগ্রহণাৎ। যদি পুনরহং ন মুক্তঃ কিন্তু প্রমত্ত স্তব্ধএব তদাপি

হে বীর! আপনি আমাকে উন্মত্ত, মত্ত বা জড় বলিয়া যে তিরস্কার করিতেছেন, তাহাতে কোন বিশেষ ফললাভ হইবে না। কারণ নিজের স্বরূপভূত ব্রহ্মভাবে নিমগ্নচিত্ত থাকাতেই যদি আমার উন্মত্তাদিবৎ অবস্থান করা হইয়া থাকে, তাহা হইলে আপনার দণ্ড-প্রদানাদি চিকিৎসার দ্বারা

আভাস।

ধ্বংস ঘটে। তবে প্রভুত্ব বা ভৃত্যত্ব অন্য যে কোন পদার্থের বা ভাবের সম্পর্কে উপস্থিত হয়, তাহারাও পরস্পরে প্রতিযোগী বা অনুযোগী ভাবে সম্বদ্ধ নহে। অতএব ক্ষণধ্বংসী প্রারব্ধের প্রভাবে আপাতত ধন বা বলের আগমে অনিত্য কলেবরে প্রভুত্ব বা ভৃত্যত্বের কল্পনা মাত্র জীব করিয়া থাকে; কিন্তু কার্য্যক্ষেত্রে নিত্যের ন্যায় ব্যবহার করিতে গিয়া, অনেক সময়ে তাহার বিপরীত ফলই উৎপন্ন ও অনুভূত হইয়া থাকে। হে রাজন্! তুমি স্বীয় কল্পনায় আপনাকে প্রভু বলিয়া জ্ঞান করিলেও, অন্যের হৃদয়ে তোমার প্রভুত্বের প্রতিপাদন যদবধি না হয়, তদবধি তোমার প্রতিপত্তিলাভের সম্ভাবনা নাই। কিন্তু যাঁহার হৃদয়ে পরমানন্দস্বরূপ সচ্চিদানন্দ ভাব নিত্য বিরাজমান, তাঁহার নিকট তোমার কাল্পনিক প্রভুত্ব কি প্রকারে স্থান পাইবে? এবং তাদৃশ ব্যক্তির নিকটেই বা কেন আপনি সেবার প্রত্যাশা করিবেন? কিন্তু তথাপি বিজ্ঞ পিতা যেমন প্রবোধনার্থ অবোধ বালকের অন্যায় অনুরোধেও স্বীকার করেন, আমিও সেইরূপ তোমার অনুরোধ পালনে স্বীকার করিতেছি! তুমি স্বীয় প্রয়োজনের বিষয় প্রকাশ কর! ॥ ১৪ ॥

আমাকে উন্মত্ত বা দুষ্ট বিবেচনা করিয়া তুমি বলিয়াছিলে যে, চিকিৎসার দ্বারা আমাকে প্রকৃতিস্থ করিবে। কিন্তু তোমার বিবেচনা করা উচিত ছিল যে, কি নিমিত্ত আমার তাদৃশ উদাসীন ভাব জন্মিয়াছিল। যদি পরমাত্মচিন্তনে ওরূপ ঔদাসীন্য আসিয়া থাকে, তাহা হইলে

অর্থঃ কিয়ান্ ভবতা শিক্ষিতেন স্তব্ধপ্রমত্তস্যাচ পিষ্টপেষঃ॥ ১৫॥

শ্রীশুক উবাচ॥

এতাবদনুবাদ-পরিভাষয়া প্রত্যুদীর্য্য স মুনিবর উপশমশীল উপর-

অন্বয়ঃ।

তেন বা কিয়ান্ সেৎস্যতি? (ভবদ্দৃষ্ট্যা) স্তব্ধপ্রমত্তস্য মে তৎশিক্ষাদিকং তু পিষ্টপেষঃ বৃথা এব॥ ১৫॥

শ্রীশুকঃ উবাচ। এতাবদনুবাদ-পরিভাষয়া (রাজোক্তানুবাদরূপয়া পরিভাষয়া ভাষণেন) এতবং প্রত্যুদীর্য্য প্রত্যুত্তরং দত্ত্বা উপশমশীলঃ শান্তচিত্তঃ, উপরতানাত্ম্যনিমিত্তঃ

শ্রীধরস্বামী।

স্তব্ধ এব তথাপি মম শিক্ষাদিকং পিষ্টপেষণং ব্যর্থমিত্যর্থঃ। নহি জড়স্বভাবঃ শিক্ষয়াপি পটুঃ কর্ত্তুং শক্যতে॥ ১৫॥

ইত্যনুবাদরূপয়া পরিভাষয়া ভাষণেন প্রত্যুত্তরং দত্ত্বা উপরতং অনাত্মে দেহাত্মত্বে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শিক্ষিতেন স্বদত্তদণ্ডেন পিষ্টপেষ এব ভবতি যথা পিষ্টং বস্তু প্রহারেণাপি পিষ্টং ন ভবতি কিন্তুতিপিষ্টং ভবতি তথৈব প্রমত্তস্য দণ্ডনেন প্রমত্ততা ন শাম্যতি কিন্ত্বতিপ্রমত্ততা স্যাৎ॥ ১৫॥

নমু বাদরূপয়া পরিভাষয়া ভাষমাণেন উপরতং অনাত্মস্য দেহাত্মভাবস্য নিমিত্তম-বিদ্যা যস্য সঃ। নমু স্বদেহাভিমানং বিনা তদ্বচোহনূদ্য সোঢ়ুমসমর্থ ইব সমাদধানঃ কথং

আমাতে আর কি ফলই সিদ্ধ হইবে? আর যদি আপনার বিবেচনায় প্রকৃত গর্ব্বিত এবং প্রমত্ত বলিয়াই আমি স্থিরীকৃত হই, তাহা হইলেই বা আপনার শাসনে বা উপদেশে কেবল পিষ্টপেষণ হওয়া ব্যতীত, আমাতে প্রকৃত ফল কিছুই পরিদৃষ্ট হইবে না॥ ১৫॥

শুকদেব বলিলেন, হে রাজন্! উপশমশীল মহাত্মা ভরত রাজোক্ত

আভাস।

তোমার পীড়নে বা শাসনে তাহার প্রতীকার কিরূপে হইবে? কারণ ব্রহ্মজ্ঞানী ব্যক্তি সুখ-দুঃখে সমজ্ঞান করিয়া থাকেন। ত্বৎকৃত তুচ্ছ দৈহিক তাড়নাতে কি তাঁহারা ব্রহ্মজ্ঞান বিস্মৃত হইয়া, তোমার সেবায় শান্তি লাভ করিবেন? এরূপ বিবেচনা করা তোমার সম্পূর্ণ অন্যায়। তবে যদি প্রকৃত প্রস্তাবে স্বভাবসিদ্ধ জড় বা উন্মত্ত ব্যক্তিকে তাড়নাদির দ্বারা প্রকৃতিস্থ করিতে ইচ্ছা করিয়া থাক, তাহাও তোমার সম্পূর্ণ ভুল। কারণ যাহার প্রতি পাপের শিক্ষার্থ (প্রায়শ্চিত্তার্থ) ভূতভাবন ভগবানই ওরূপ উন্মত্তাদি দণ্ডের বিধান করিয়াছেন, তুমি তাহার উপর আবার দণ্ডের বিধান করিলে, মৃতদেহের উপর খড়্গাঘাত করা ব্যতীত তদ্দ্বারা অন্য কোন ফলই পাইবার প্রত্যাশা করিও না॥ ১৫॥

তানাত্ম্যনিমিত্ত উপভোগেন কর্ম্মারব্ধং ব্যপনয়ন্ রাজযানমপি তথৈবো-বাহ ॥ ১৬ ॥

স চাপি পাণ্ডবেয় সিন্ধুসৌবীরপতিস্তত্ত্বজিজ্ঞাসায়াং সম্যক্ শ্রদ্ধয়াধিকৃতাধিকার হৃদ্দয়-গ্রন্থি-বিমোচনং দ্বিজবচ আশ্রুত্য বহুযোগগ্রন্থসম্মতং ত্বরয়া-

অন্বয়ঃ।

(উপরতং নিবৃত্তং অনাত্মো দেহাত্মভাবে নিমিত্তং অবিদ্যালক্ষণং যস্য সঃ) সঃ মুনিবরঃ উপভোগেন আরব্ধং কর্ম্ম ব্যপনয়ন্ ক্ষপয়ন্ রাজযানং অপি তথা পূর্ব্ববদেব উবাহ ॥ ১৬ ॥

হে পাণ্ডবেয়! হৃদয়গ্রন্থিবিমোচনং বহুযোগগ্রন্থসম্মতং তং দ্বিজবচঃ আশ্রুত্য বিগতনৃপদেবস্ময়ঃ (বিগতঃ নৃপাণাং দেবঃ অহং পূজ্যঃ ইতি স্ময়ঃ গর্ব্বঃ যস্য সঃ) সম্যক্ শ্রদ্ধয়া তত্ত্বজিজ্ঞাসায়াং অধিকৃতাধিকারঃ (অধিকৃতঃ প্রাপ্তঃ অধিকারঃ যেন সঃ) সঃ চাপি

শ্রীধরস্বামী।

নিমিত্তমবিদ্যা যস্য আরব্ধফলং কর্ম্ম ক্ষপয়ন্ ॥ ১৬ ॥

হে পাণ্ডবেয় সম্যক্ যা শ্রদ্ধা তয়ৈব তত্ত্বজিজ্ঞাসায়াং প্রাপ্তোঽধিকারো যেন। যথা দর্শপৌর্ণমাসাধিকৃতস্যৈব গোদোহনেন পশুকামস্যাপঃ প্রণয়েদিতি গুণফলসম্বন্ধেঽপি অধি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা প্রত্যুক্তবাংস্তত্রাহ উপভোগেন রাজোচিতৈশ্বর্য্যভোগেন জ্ঞাপিতং যৎ রহূগণস্য প্রারব্ধং কর্ম্ম তদপি ব্যপনয়ন্ ব্যপনেতুং অনুবাদমিষেণ কৃপয়া স্বোপদিষ্টতদনুষ্ঠিতয়া ভক্ত্যৈব তং প্রারব্ধমপি দূরীকর্ত্তুমিত্যর্থঃ। যদ্বা প্রেমোত্থদৈন্যেন স্বস্য ভক্তত্বামননাৎ উপভোগেন শিবিকাভারোদ্বহনাদিনা আরব্ধফলং কর্ম্ম ব্যপনয়ন্ ব্যপনয়ামীতি মনসি ভাবয়ন্নিত্যর্থঃ ॥ ১৬ ॥

তিরস্কার বাক্যের অনুরূপে তাঁহাকে প্রত্যুত্তর প্রদান পূর্ব্বক নিস্তব্ধ হইলেন; দেহগেহাদি বিষয়প্রপঞ্চে আসক্ত হইবার মূল কারণীভূত অবিদ্যা ভরতের চিত্ত হইতে সম্পূর্ণ বিনিবৃত্ত হইয়াছিল; সুতরাং কেবল ভোগের দ্বারা প্রারব্ধ-ফলের সমাপনার্থই তিনি দেহের দ্বারা রাজার শিবিকা পূর্ব্ববৎ বহন করিতে লাগিলেন ॥ ১৬ ॥

হে পাণ্ডবেয়! দ্বিজবর ভরতের তাদৃশ সর্ব্বশাস্ত্রানুমোদিত অপূর্ব্ব উত্তর শ্রবণ করিয়া সিন্ধুসৌবীরপতি রাজা রহূগণের রাজাভিমান নিবৃত্ত হইয়া

আভাস।

রাজা রহূগণ যেমন বক্রোক্তির দ্বারা ভরতকে তিরস্কার করিয়াছিলেন, দ্বিজবর ভরতও তাঁহাকে তাদৃশ অবিস্পষ্ট ভাষায় সকল তিরস্কারের উত্তর প্রদান করিলেন বটে, কিন্তু এতাবৎকাল শিবিকা বহনেও ক্লান্ত ছিলেন না। ভোগের ক্ষয় না হইলে যে মুক্তি হয় না, তাহা তিনি বিলক্ষণ অবগত ছিলেন; কারণ বিষয়বৈরাগ্যের কথা দূরে থাকুক, অভিমান-বন্ধন অবিদ্যাও তাঁহার হৃদয় হইতে সম্পূর্ণ উন্মূলিত হইয়াছিল ॥ ১৬ ॥

বরুহ্য শিরসা তৎপাদমূলমুপস্থৃতঃ ক্ষমাপয়ন্ বিগতনৃপদেবস্ময় উবাচ ।। ১৭ ।।
কস্ত্বং নিগূঢ়শ্চরসি দ্বিজানাং বিভর্ষি সূত্রং কতমোঽবধূতঃ ।

অন্বয়ঃ ।

সিন্ধুসৌবীরপতিঃ রহূগণঃ যানাৎ ত্বরয়া অবরুহ্য শিরসা তৎপাদমূলং উপস্থৃতঃ কৃতদণ্ডবৎ-প্রণামঃ ত্বং ক্ষমাপয়ন্ উবাচ ॥ ১৭ ॥

নিগূঢ়ঃ অলক্ষিতবর্ণাশ্রমাচারঃ ত্বং কঃ বা বিচরসি? দ্বিজানাং দত্তাত্রেয়াদীনাং মধ্যে ত্বং কতমঃ অবধূতঃ? যতঃ সূত্রং উপবীতং বিভর্ষি! ত্বং কস্য পুত্রঃ অসি; কুত্রত্যঃ কিং

শ্রীধরস্বামী ।

কারঃ এবং সাত্ত্বিকশ্রদ্ধায়ামধিকৃতস্যৈব কাৎর্স্ন্যেনাস্যামধিকার ইত্যর্থঃ। বহুযোগগ্রন্থ-সম্মতং দ্বিজস্য তদ্বচঃ শ্রুত্বা বিগতো নৃপদেবো ঽধিরাজ ইতি স্ময়ো গর্ব্বো যস্য ॥ ১৭ ॥

দ্বিজানাং মধ্যে কতমঃ। যতঃ সূত্রমুপবীতং বিভর্ষি যদ্বা দত্তাত্রেয়াদীনাং মধ্যে কতমো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অধিকৃতঃ প্রাপ্তোঽধিকারো যেন সঃ ॥ ১৭ ॥

দ্বিজানাং মধ্যে ত্বং কতমঃ যতস্ত্বং সূত্রং বিভর্ষি। অবধূতঃ কিং দত্তাত্রেয়োঽসি কস্য

গেল; তাঁহার চিত্তস্থ সংশয়রাশী অপসৃত হইল; তিনি নিরতিশয় শ্রদ্ধা ও ভক্তি-সহকারে পরম তত্ত্বের বিষয় জিজ্ঞাসা করিবার অভিপ্রায়ে তৎক্ষণাৎ শিবিকা হইতে অবতরণ পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ভরতের চরণতলে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং নিজকৃত অন্যায়াচরণের জন্য ক্ষমা প্রার্থনা পূর্ব্বক বলিলেন ॥ ১৭ ॥

হে প্রভো! আপনি কে? আপনাকে দেখিবামাত্রই কেবল আপনার বর্ণ, আচার ও আশ্রমের বিচার করা যায় না। কিন্তু উপবীত ধারণে যখন বিচরণ করিতেছেন, তখন দত্তাত্রেয়াদি ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণগণের মধ্যে কি কেহ হইবেন?

আভাস।

সৎসংসর্গের গুণে পাষণ্ড-হৃদয়েও সাত্ত্বিক শ্রদ্ধার উদয় হইল। রাজা রহূগণ দ্বিজবর ভরতের বহুবিধ যোগগ্রন্থানুমোদিত যুক্তিযুক্ত বাক্য শ্রবণ করিয়া বিস্মিত হইলেন; তাঁহার হৃদয়ে ভক্তির আবেশ হইল এবং তাদৃশ প্রজ্ঞাবান্ প্রচ্ছন্ন যোগী পুরুষকে তিনি শিবিকা-বহনে নিযুক্ত করিয়াছেন ভাবিয়া, একান্ত লজ্জিত হইলেন। তাঁহার নৃপতিত্বের অভি-মান দূরে গেল; তিনি শিবিকা হইতে নামিয়া শিবিকাবাহী ব্রাহ্মণের চরণে লুণ্ঠিত হইয়া বলিলেন ॥ ১৭ ॥

দত্তাত্রেয়াদি সুপ্রসিদ্ধ ব্রহ্মজ্ঞানী ব্রাহ্মণগণের মধ্যে আপনি কে এরূপ প্রচ্ছন্ন অবধূতবেশে বিচরণ করিতেছেন? অথচ উপবীতও ধারণ করিতেছেন? ভস্মাচ্ছাদিত হুতাশনের ন্যায়

কস্যাসি কুত্রত্য ইহাপি কস্মাৎ ক্ষেমায় নশ্চেদসি নোত শুক্লঃ ॥ ১৮ ॥
নাহং বিশঙ্কে সুররাজবজ্রান্ন ত্র্যক্ষশূলান্ন যমস্য দণ্ডাৎ।

অন্বয়ঃ।

দেশবাসী অসি? ইহ অস্মিন্ স্থানে কস্মাৎ হেতোঃ আগতঃ অসি? নঃ অস্মাকং ক্ষেমায় চেৎ আগতঃ অসি তর্হি কিং শুক্লঃ শুদ্ধসত্ত্বমূর্ত্তিঃ কপিলঃ উত ন অসি? ॥ ১৮ ॥

যতঃ সুররাজবজ্রাৎ (সুররাজস্য ইন্দ্রস্য বজ্রাৎ) অহং ন বিশঙ্কে ন বিভেমি। তথা ত্র্যক্ষস্য ত্রিলোচনস্য, শূলাৎ, যমস্য দণ্ডাৎ তথা অগ্নেঃ অর্কস্য সূর্য্যস্য, সোমস্য চন্দ্রস্য,

শ্রীধরস্বামী।

হ্যবধূতঃ। ইহাপি কস্মাৎ হেতোঃ প্রাপ্তঃ নোঽস্মাকং ক্ষেমায় চেৎ প্রাপ্তঃ তর্হি শুক্লঃ কপিলো মুনির্ন ভবসি কিং উতেতি বিতর্কে ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রোঽসি কুত্রত্যঃ কিং দেশজন্মাসি। নোঽস্মাকং ক্ষেমায় প্রাপ্তশ্চেৎ শুক্লো নারায়ণো নাসি উত তদবতারঃ কপিলো নাসি ॥ ১৮ ॥

নমু শিবিকারূঢ়স্য তব কিমনেন বিচারেণ ইত্যত আহ নাহমিতি সুররাজাদয়ো বজ্রাদিভি র্যুধি মাং হন্তুং যদি প্রযতন্তে তদপি স্বস্য বীরত্বস্বভাবাৎ ন শঙ্কে প্রত্যুতোৎসাহসুখমেব

আপনি কাহার পুত্র এবং কোন দেশেই বা আপনার বাস? এই স্থানেই বা কি নিমিত্ত আগমন করিয়াছেন? আমার নিশ্চয়ই ধারণা হইতেছে যে, আমার ন্যায় ঘোর অভিমানী ব্যক্তির মঙ্গল-কামনাতেই আপনি উপস্থিত হইয়াছেন; অতএব আপনি কি বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তি কপিলদেব নহেন? ॥ ১৮ ॥

কারণ, হে ব্রহ্মন্! বাসবের ব্রহ্মাস্ত্র সদৃশ বজ্রকেও আমি তত ভয় করি না! ত্রিলোচনের ত্রিশূল হইতেও তাদৃশ ভীত হইব না! অধিক কি! কৃতান্তের দণ্ড, অগ্নি, সূর্য্য, চন্দ্র, পবন এবং কুবেরের কালান্তক ভীষণ

আভাস।

কোন দেশ হইতে আগমন পূর্ব্বক এই স্থানকে পবিত্র করিতেছেন? এবং ভবদীয় জন্মের দ্বারা কোন্ কুলকেই বা উদ্ধার করিয়াছেন? আপনি কি বিষ্ণুর অবতার সাক্ষাৎ কপিলদেব, আমাকে উদ্ধার করিবার জন্য এখানে আগমন করিয়াছেন? হে প্রভো! আপনার পরিচয় স্পষ্টত প্রকাশ করুন! ॥ ১৮ ॥

আমি ব্রাহ্মণের তপোবলকে নিতান্তই ভয় করি! দেবেন্দ্রের বজ্রপ্রহার আমি অবলীলাক্রমে অতিক্রম করিতে পারি! অধিক কি! ত্রিলোচন ত্রিশূলহস্তেও যদি আমার সংহারার্থ উপস্থিত হন, যে কোন উপায়ে তাঁহার ক্রোধের উপশম করাইয়া ত্রিশূল হইতেও পরিত্রাণের ব্যবস্থা করিতে পারি! সূর্য্য, চন্দ্র, বায়ু, বরুণ প্রভৃতি যে কোন উপদেবতা আমার সংহারার্থ অস্ত্র নিক্ষেপ করুন! আমি সকলই সহ্য বা প্রতিহত করিতে পারি; কিন্তু ব্রহ্মবীর্য্যে পরি-

নাগ্ন্যর্ক-সোমানিল-বিত্তপাস্ত্রাচ্ছঙ্কে ভৃশং ব্রহ্মকুলাবমানাৎ ॥ ১৯ ॥
তদ্ব্রূহ্যসঙ্গো জড়বন্নিগূঢ়-বিজ্ঞান-বীর্য্যো বিচরস্যপারঃ।

অন্বয়ঃ।

অনিলস্য পবনস্য, বিত্তপস্য কুবেরস্য, চ অস্ত্রাৎ ন বিভেমি কিন্তু ব্রহ্মকুলাবমানাৎ ব্রাহ্মণ-কুলাবমানাৎ, ভৃশং অত্যন্তং, শঙ্কে বিভেমি ॥ ১৯ ॥

যস্মাৎ এবং তৎ তস্মাৎ, নিগূঢ়বিজ্ঞানবীর্য্যঃ (নিগূঢ়ং পিহিতং বিজ্ঞানরূপং বীর্য্যং প্রভাবঃ যেন সঃ) অতঃ অসঙ্গঃ সর্ব্বজনসঙ্গরহিতঃ, অপারঃ অচিন্ত্যানন্তমহিমা, অপি

শ্রীধরস্বামী।

কিমনয়া চিন্তয়া শিবিকাং বহামীতি চেদত আহ নাহমিতি বিত্তপঃ কুবেরঃ ॥ ১৯ ॥

যস্মাৎ ভৃশং শঙ্কে তত্তস্মাৎ কস্ত্বমিত্যাদি প্রশ্নানাং উত্তরং ব্রূহি। নিগূঢ়ং পিহিতং বিজ্ঞানরূপং বীর্য্যং প্রভাবো যেন। অপারঃ অনন্তমহিমা ; তত্র হেতুং নো মনসাপি ভেত্তুং ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাপ্নোমীতি ভাবঃ। যদ্বা সুররাজাদিষু জাতাপরাধোঽহং তেষাং কুপিতানাং বজ্রাদিপ্রহারা-দপি ন শঙ্কে ইত্যর্থঃ ॥ ১৯ ॥

তত্তস্মাদ্ব্রূহি কস্ত্বমিত্যর্থ । ত্বচ্ছিবিকাবাহকোঽস্মীতি চেদলমতঃ পরমপি মদ্বিড়ম্বনৈস্ত্বামহং কমপি মহাযোগীন্দ্রমজ্ঞাসিষমেবেত্যাহ বচাংসীতি। যতো যোগগ্রথিতানি তে বচাংসি নোঽস্মাকং মনসাপি ভেত্তুং ন ক্ষমং ন ক্ষমাণি ন শক্যানি ইত্যর্থঃ। যদ্বা বচাংসি যোগৈ-র্গ্রথিতান্যপি যোগেশ্বরাণামুপদেশবাক্যানি কর্ত্তৃণি নোঽস্মানতি কঠোরান্ ভেত্তুং ছিন্ন-সংশয়ীকর্ত্তুং ন ক্ষমন্তে ন শক্নুবন্তি। কীদৃশান্ মনসাপি সহিতান্ অবহিতমনসোঽপ্যবাদিত্বেন

অস্ত্রসমূহ হইতেও কখন সেরূপ শঙ্কিত হই না, কিন্তু মৎকৃত ব্রাহ্মণ-কুলের অবমাননা হইতে আমি একান্ত ভীত। ব্রাহ্মণকুলের ক্রোধানল উদ্দীপিত হইলে, আমার আর রক্ষা নাই ! ॥ ১৯ ॥

অতএব আপনি স্বীয় বিজ্ঞান-বীর্য্যকে প্রচ্ছন্ন করত লোকসংসর্গ পরি-ত্যাগে জড়ের ন্যায় বিচরণ করিতেছেন ! আপনার মহিমা অপার ও অনন্ত ! আপনি কে ? তাহা সত্য করিয়া বলুন ! আপনার যুক্তিযুক্ত যোগ-

আভাস

পূর্ণ ব্রাহ্মণের কোপানল হইতে আত্মরক্ষার কোন উপায়ই আমি অবলোকন করি না ! যদি কৃপাপূর্ণ ব্রাহ্মণ নিজগুণে আমার অপরাধ মার্জ্জনা করেন, তবেই মঙ্গল ; নতুবা সৃষ্ট জগতে ব্রাহ্মণের কোপানল উপেক্ষা করিতে পারে, এরূপ স্থাবর জঙ্গমের মধ্যে কাহাকেও নয়নগোচর করি না। সাক্ষাৎ নারায়ণও ব্রাহ্মণের মান রক্ষা করত, সৃষ্টির মর্য্যাদা পালন করিয়াছেন। অতএব আপনি যদি প্রকৃত ব্রাহ্মণ হন, তবে বলুন ! হে প্রভো ! আমার গতি কি হইবে ? ॥ ১৯ ॥

বচাংসি যোগগ্রথিতানি সাধো ন নঃ ক্ষমন্তে মনসাপি ভেত্তুং ॥ ২০ ॥
অহঞ্চ যোগেশ্বরমাত্মতত্ত্ববিদাং মুনীনাং প্রবরং গুরুং বৈ।
প্রষ্টুং প্রবৃত্তঃ কিমিহারণং যৎ সাক্ষাদ্ধরিং জ্ঞানকলাবতীর্ণং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

জড়বৎ বিচরসি। অতঃ ত্বং কঃ ইতি সত্যং ব্রূহি। হে সাধো! যোগগ্রথিতানি যুক্তি-সহিতানি, তে তব বচাংসি নঃ অস্মাভিঃ, মনসাপি ভেত্তুং ন ক্ষমন্তে ॥ ২০ ॥

ইহ সংসারে, যৎ অরণং শরণং, তৎ কিং ইতি আত্মতত্ত্ববিদাং মুনীনাং মননশীলানাং, অপি প্রবরং শ্রেষ্ঠং, গুরুং জ্ঞানকলয়া অবতীর্ণং সাক্ষাৎ যোগেশ্বরং হরিং কপিলং প্রষ্টুং অহং প্রবৃত্তঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ক্ষমং ন শক্যং। কিং ভেত্তুমিত্যপেক্ষায়ামাহ তে বচাংসীতি যদ্বা মনসা যুক্তাঃ সূক্ষ্মদৃষ্টয়োঽপি ভেত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ ॥ ২০ ॥

স্বস্য জ্ঞানার্থিতাং দর্শয়তি অহঞ্চেতি। ইহ সংসারে যৎ অরণং শরণং তৎ কিমিতি প্রষ্টুং প্রবৃত্তোঽহস্মি জ্ঞানশক্ত্যাবতীর্ণং কপিলং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তানি ভিন্নক্রমণীত্যর্থঃ। তব ত্বেতাবতাপি প্রতিবচনেনৈব ছিন্নসংশয়োঽস্মি সংবৃত্ত ইতি ভাবঃ ॥ ২০ ॥

যোগেশ্বরাণামতিমুখ্যএব মৎসংশয়ং ছেত্তুং সমর্থ ইতি দ্যোতয়ন্নাহ অহঞ্চেতি সাক্ষাদ্ধরিং শ্রীকপিলদেবং জ্ঞানস্য কলায়ৈ জ্ঞাপনায় অবতীর্ণং ॥ ২১ ॥

পূর্ণ কথাগুলি শ্রবণ করত, আমি তাহার গভীর তত্ত্বে মনে মনেও প্রবেশ করিতে সমর্থ হইতেছি না ॥ ২০ ॥

অদ্য তত্ত্বজ্ঞানী মুনিগণেরও শ্রেষ্ঠ গুরুস্থানীয় এবং সম্পূর্ণ জ্ঞানমূর্ত্তিতে আবির্ভূত সাক্ষাৎ যোগেশ্বর বিষ্ণু কপিলদেবই আপনি উপনীত হইয়াছেন! এবং এই সংসারে জীবের আশ্রয় কি তাহা অবগত হইবার নিমিত্ত আমি প্রশ্ন করিতেছি! অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহার সম্যক্ উত্তর প্রদানে আমাকে কৃতার্থ করুন্! ॥ ২১ ॥

আভাস।

আপনাকে ব্রাহ্মণ বলিয়াই আমার বিশেষ প্রতীতি হইতেছে; কারণ আপনার অপার জ্ঞান-বিজৃম্ভিত যুক্তিপূর্ণ কথার গভীর মর্ম্মে আমার চিত্ত কল্পনাবলেও অবগাহন করিতে সক্ষম হইতেছে না ॥ ২০ ॥

আমি আপনাকে জ্ঞান-বিগ্রহে অবতীর্ণ সাক্ষাৎ কপিলদেব বলিয়াই অবধারণ করত প্রশ্ন করিতেছি; এই সংসারে আমার আশ্রয় কি? তাহা আপনি বলিয়া দিন! আপনি

স বৈ ভবান্ লোকনিরীক্ষণার্থমব্যক্তলিঙ্গো বিচরত্যপি স্বিৎ।
যোগেশ্বরাণাং গতিমন্ধবুদ্ধিঃ কথং বিচক্ষীত গৃহানুবন্ধঃ ॥ ২২ ॥
দৃষ্টঃ শ্রমঃ কর্ম্মত আত্মনো বৈ ভর্ত্তুর্গন্তুর্ভবতশ্চানুমন্যে।

অন্বয়ঃ।

অপি স্বিৎ কিং স্বিৎ, সঃ লোকনিরীক্ষণার্থং লোকবৃত্তান্তনিরীক্ষণার্থং অব্যক্তলিঙ্গঃ অলক্ষিতস্বরূপঃ, বৈ কপিলঃ ভবান্ বিচরতি অপি গৃহানুবন্ধঃ (গৃহে অনুবন্ধঃ অভিনিবেষঃ যস্য সঃ) অন্ধবুদ্ধিঃ (অন্ধা বিবেকশূন্যা বুদ্ধিঃ যস্য তাদৃশঃ জনঃ) যোগেশ্বরাণাং যুষ্মাকং গতিং তত্ত্বং কথং বিচক্ষীত পশ্যেৎ জানীয়াৎ ॥ ২২ ॥

আত্মনঃ মম, কর্ম্মতঃ এব শ্রমঃ দৃষ্টঃ। অতঃ ভর্ত্তুঃ ভারবোঢ়ুঃ, গন্তুঃ চ ভবতঃ শ্রমঃ ভবতী-

শ্রীধরস্বামী।

স এব ভবান্ কিং স্বিদেবং বিচরতি। গৃহাবিষ্টঃ কথং বিচক্ষীত পশেৎ ॥ ২২ ॥

এবং তৎস্বরূপং পৃষ্ট্বা তদুক্তান্যুত্তরাণ্যাক্ষিপতি। তত্র যদুক্তং মম শ্রমো নাস্তীতি তত্রাহ দৃষ্ট ইতি। আত্মনো মে অনুমন্যে অনুমিমে। অনুমানশ্চৈবং ভবান্ ভারবহনাদিনা শ্রান্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সএব ভবান্ কিং স্বিদেবং বিচরতি। অন্ধবুদ্ধির্ময়্বিধঃ ॥ ২২ ॥

কপিলদেবং প্রষ্টুং প্রবৃত্তোঽহমধ্বন্যেব তমিমং প্রাপ্ত স্বদেতদ্দত্তোত্তরাণ্যেব প্রথমমাক্ষিপন্ সর্ব্বমেব স্বজিজ্ঞাস্যমাবিষ্করিষ্যামীতি মনসি বিচারয়ন্ যদুক্তং মম শ্রমো নাস্তীতি তত্রাহ দৃষ্ট ইতি। আত্মনো মে অনুমন্যে অনুমিমে অনুমানশ্চৈবং ভবান্ ভারবাহাদিনা শ্রান্তঃ।

হে প্রভো! লোক-বৃত্তান্ত অবগত হইবার নিমিত্তই আপনি প্রচ্ছন্নবেশে বিচরণ করিতেছেন। কিন্তু আপনার লক্ষণ দেখিয়া, আপনাকে সাক্ষাৎ কপিলদেব বলিয়াই আমার প্রতীতি হইতেছে। কিন্তু কি করিব! আমরা সম্পূর্ণ বিবেকান্ধ! গৃহক্ষেত্রাদিতে আমাদের চিত্ত এতই বিমূঢ় যে, আপনাদের ন্যায় যোগেশ্বরগণের স্বরূপও সহজে অবধারণ করিতে সমর্থ হয় না ॥ ২২ ॥

যুদ্ধাদি কর্ম্মে যখন আমার নিজের বিলক্ষণ শ্রমানুভব হইয়া থাকে, তখন মদীয় শিবিকা বহন পূর্ব্বক এতাদৃশ দূরবর্ত্তী স্থানে আগমন করায় যে আপনার আভাস।

জগৎকে উপদেশ দিবার জন্যই আগমন করিলেও, বিষয়-বাসনায় অন্ধ-দৃষ্টি আমি আপনার তত্ত্ব অবধারণ করিতে সক্ষম হই নাই ॥ ২১ ॥ ২২ ॥

সিন্ধুসৌবীরপতি রাজা রহূগণ মনে মনে চিন্তা করিলেন যে, ভগবান্ কপিলদেবকে পরতত্ত্ব সম্বন্ধে জিজ্ঞাসা করিবার জন্য আমার একান্ত বাসনা ছিল; সম্প্রতি যখন তাঁহাকে পথেই প্রাপ্ত হইলাম, তখন তদ্দত্ত প্রত্যুত্তরের প্রতিবাদের দ্বারা আমার সকল সন্দেহের মীমাংসা

যথাঽসতোদানয়নাদ্যভাবাৎ সমূল ইষ্টো ব্যহারমার্গঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

ত্যহং অনুমন্যে অনুমিমে। যথা (ক্রীতঘটাদেঃ জল নয়নাদি ব্যবহারঃ দৃষ্টঃ) অসতা স্বপ্নদৃষ্টঘটাদিনা যথাবদ্ব্যবহারোপযোগ্যুদকনয়নাদ্যভাবাৎ দেহাদৌ অহং মমেতি ব্যবহারমার্গঃ সমূলঃ ইষ্টঃ॥ ২৩

শ্রীধরস্বামী।

কর্ত্তৃত্বাৎ। যঃ কর্ত্তা স শ্রাম্যতি যথাহং যুদ্ধাদিকর্ত্তেতি। নম্বিদং ব্যবহারমাত্রং নতু সত্যং যদুক্তং ব্যবহারতোঽন্যন্ন পশ্যামেতি তত্রাহ যথেতি ব্যবহারমার্গঃ প্রপঞ্চঃ সমূলঃ সপ্রমাণক এব ইষ্টঃ যথা যথাবৎ অসতা উদকানয়নাদেরভাবাৎ। এবং প্রয়োগঃ ঘটাদিনা প্রপঞ্চঃ সত্যঃ অর্থক্রিয়াকারিত্বাৎ যঃ পুনরসত্যঃ নাসাবর্থক্রিয়াকারী যথা মিথ্যাঘটাদিরিতি॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ত্তৃত্বাৎ যঃ কর্ত্তা স শ্রাম্যতি যথাহং যুদ্ধাদিকর্ত্তেতি নচেদং ব্যবহারিকা এবং জল্পন্তি নতু পারমার্থিকা ইতি বাচ্যং। ব্যবহারমার্গস্যাপি নির্ম্মূলীকর্ত্তুমশক্যত্বাদিত্যাহ যথেতি। ঘটাদিকরণক-জলাদিকমাহরেত্যুক্তে অসতা ঘটাদিনা উদকানয়নাদেরদৃষ্টত্বাৎ ব্যবহারমার্গঃ প্রপঞ্চঃ সমূলঃ সপ্রমাণক এবেষ্টঃ। যথা যথাবৎ এবং প্রয়োগঃ প্রপঞ্চঃ সত্যঃ অর্থক্রিয়াকারিত্বাৎ যঃ পুনরসত্যঃ নাসাবর্থক্রিয়াকারী যথা মিথ্যা ঘটাদিরিতি ॥ ২৩ ॥

অবশ্য ক্লেশ হইয়াছে, তাহা আমি অনায়াসে অনুভব করিতেছি। আপনি তাদৃশ শ্রমকে ব্যবহারিক কল্পনা মাত্র বলিয়া কীর্ত্তন করিলেও, ব্যবহার-মার্গ কিন্তু অমূলক ও নিরর্থক বলিয়া বোধ হয় না। কারণ স্বপ্নে দৃষ্ট ঘটাদির দ্বারা যেমন জলানয়নাদি ব্যবহার কখন সঙ্গত হয় না, জলানয়নার্থ প্রকৃত ঘটের প্রয়োজন হয়, সেইরূপ দেহাদিতে "আমি ও আমার জ্ঞানের" ভাব কেবল কাল্পনিক নহে; ইহার ব্যবহার প্রণালীর ভিত্তি সম্পূর্ণ সত্য ও অর্থমূলক ॥ ২৩

আভাস।

করিতে হইবে। এই ভাবিয়া স্বীয় জিজ্ঞাস্য বিষয়ের উত্থাপনে ভরতকে বলিলেন, হে ব্রহ্মন্! এই শিবিকা বহনে আপনার যে কোন ক্লেশ হয় নাই বলিলেন, তাহা কিরূপে সঙ্গত হয়? কারণ যুদ্ধাদি দেহকার্য্যে আমি যখন শ্রম বা ক্লেশ অনুভব করি, তখন আপনি তাদৃশ শ্রম শিবিকাবহনে কেন অনুভব করিবেন না? ঈদৃশ শ্রম কেবল ব্যবহারনিষ্ঠ; পরমার্থত নহে; এরূপ বলাও কর্ত্তব্য নহে। কারণ ঈদৃশ ব্যবহারিক পন্থারও সত্যতা আছে; কেবল কল্পনামূলক নহে। কারণ স্বপ্নে দৃষ্ট পদার্থের দ্বারা কোন কার্য্যত সিদ্ধ হয় না। প্রকৃত ঘট না পাইলে, জলানয়নাদি প্রকৃতকার্য্য করা যায় না। কেবল কল্পনাবলে পিপাসার শান্তি হয় না; এবং জলপান ক্রিয়াও কেবল কাল্পনিক নহে ॥ ২৩ ॥

আরও দেখা যায় যে, আধারের ধর্ম্ম আধেয়তে বিলক্ষণ অনুস্যূত হইয়া থাকে। রন্ধনকালে স্থালীর মধ্যে জল ও তণ্ডুলাদি নিক্ষেপ পূর্ব্বক তলদেশে অগ্নির উত্তাপ প্রদান করিলে,

স্থাল্যগ্নিতাপাৎ পয়সোঽপি তাপস্তত্তাপতস্তণ্ডুলগর্ভরন্ধিঃ।
দেহেন্দ্রিয়াস্বাশয়সন্নিকর্ষাত্তৎসংসৃতিঃ পুরুষস্যানুরোধাৎ॥ ২৪॥

অন্বয়ঃ।

স্থাল্যগ্নিতাপাতাৎ (স্থাল্যা অগ্নিনা তাপাৎ) তন্মধ্যবর্ত্তিনঃ পয়সঃ ক্ষীরস্য, অভিতাপঃ ভবতি তত্তাপতঃ (তস্য তাপাৎ তণ্ডুলানাং বহির্ভাগস্য তাপঃ তস্মাৎ) তণ্ডুলগর্ভরন্ধিঃ তণ্ডুলগর্ভস্য রন্ধিঃ পাকঃ ভবতি তথা দেহেন্দ্রিয়াস্বাশয়সন্নিকর্ষাৎ (দেহঃ ইন্দ্রিয়াণি অসবঃ প্রাণাঃ, আশয়ঃ মনঃ, তৈঃ সন্নিকর্ষাৎ সম্বন্ধাৎ) পুরুষস্য তৎসংসৃতিঃ শ্রমাদিদুঃখসন্ততিঃ অনুরোধাৎ স্থাল্যাদিতাপ-ক্রমেণ ভবতি এব॥ ২৪॥

শ্রীধরস্বামী।

যদুক্তং উপাধিধর্ম্মাঃ স্থৌল্যাদয়ো মে বস্তুতো ন সন্তি ইতি তত্রৌপাধিকত্বেঽপি সত্যত্বং কিং ন স্যাদিত্যাহ স্থাল্যা অগ্নিতাপাৎ তন্মধ্যবর্ত্তিনঃ ক্ষীরস্য তাপঃ তস্য তাপাৎ তণ্ডুলানাং বহির্ভাগস্য তাপঃ তত স্তদ্গর্ভস্য রন্ধিঃ পাকঃ নচাত্র কিঞ্চিন্মিথ্যা এবং দেহাদিভিঃ সন্নিকর্ষাৎ সম্বন্ধাৎ তন্নিমিত্তা সংসৃতিঃ পুরুষস্য ভবতি। অসবঃ প্রাণাঃ। আশয়ো মনঃ। অনুরোধাৎ উপাধিধর্ম্মানুবৃত্তেঃ। তথাহি নিদাঘাদিনা দেহে তপ্তে ইন্দ্রিয়াণাং তাপঃ ততঃ প্রাণস্য ততো মনসঃ ইত্যেবং যথাযথমূহ্যং॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভারোদ্বহনাদিনা দেহেন্দ্রিয়াদেঃ শ্রান্ত্যা আত্মাপি শ্রান্তো ভবতীতি তত্র দৃষ্টান্তমাহ স্থাল্যা অগ্নিনা তাপাৎ তন্মধ্যবর্ত্তিনঃ পয়স স্তাপঃ। তস্য তাপাৎ তণ্ডুলানাং বহির্ভাগস্য তাপঃ তত স্তদ্গর্ভস্য রন্ধিঃ পাকো যথা তথৈব দেহাদিভিঃ সন্নিকর্ষাৎ সম্বন্ধাৎ তৎসংসৃতি-স্তন্নিমিত্তকঃ সংসারঃ পুরুষস্য ভবতি অসবঃ প্রাণাঃ আশয়ো মনঃ। অনুরোধাদুপাধি-ধর্ম্মানুবৃত্তেঃ। যথা নিদাঘাদিনা দেহে তপ্তে ইন্দ্রিয়াণাং তাপঃ ততঃ প্রাণস্য ততো মনস স্তত আত্মন ইতি॥ ২৪॥

উপাধির ধর্ম্ম স্থূলত্বাদি উপহিত জীব স্বরূপ আপনাকে কখন স্পর্শ করে না, এইরূপ আপনার উক্তিতেও আমার সন্দেহ জন্মিয়াছে; কারণ স্থালীর নিম্নে উত্তাপ প্রদান করিলে, সেই উত্তাপে স্থালির মধ্যবর্ত্তী দুগ্ধ উত্তপ্ত হয় এবং দুগ্ধের উত্তাপে তন্মধ্যস্থ তণ্ডুলাদির বহির্ভাগ উত্তপ্ত হয়, পরে বাহ্য তাপ তণ্ডুলের অন্তরে পাক নিষ্পন্ন করত অন্ন প্রস্তুত করে। অতএব দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও মনের পরস্পর সম্বন্ধ বশত, স্থালিনিষ্ঠ তাপের অনুক্রমে ওদনপাকের

আভাস।

প্রথম স্থালী উত্তপ্ত হয়; পরে স্থালীর উত্তাপে জল উত্তপ্ত; জলের উত্তাপে তণ্ডুল উত্তপ্ত এবং অবশেষে সেই উত্তাপ তণ্ডুলের অন্তরে যখন প্রবেশ করে, তখন অন্ন প্রস্তুত হয়। সেইরূপ দেহাদির সম্বন্ধে অন্তরস্থ পুরুষ দেহধর্ম্মে কেন শ্রমাদির অনুভব করিবেন না? নিদাঘ সন্তাপে

শাস্তাভিগোপ্তা নৃপতিঃ প্রজানাং যঃ কিঙ্করো বৈ ন পিনষ্টি পিষ্টং।

অন্বয়ঃ।

যঃ অচ্যুতস্য কিঙ্করঃ আজ্ঞানুবর্ত্তী নৃপতিঃ প্রজানাং উৎপথগানাং শাস্তা সন্মার্গস্থানাং অভিগোপ্তা চ ভবতি সঃ পিষ্টং ন পিনষ্টি বিফলং নৈব করোতি; যতঃ প্রজাপালনংহি রাজ্ঞঃ

শ্রীধরস্বামী।

যদুক্তং স্বস্বাম্যভাবঃ অধ্রুব ইতি তত্রাহ শাস্তেতি। অধ্রুবত্বেঽপি যদা যো নৃপতিঃ স প্রজানাং শাস্তা গোপ্তাচ। যচ্চোক্তং স্তব্ধাদেঃ শিক্ষা পিষ্টপেষ ইতি তত্রাহ যোঽচ্যুতস্য কিঙ্করঃ স পিষ্টং ন পিনষ্টি নিষ্ফলং ন করোতি স্তব্ধত্বাদ্যনপগমেঽপি শাস্ত্রবীশ্বরস্য আজ্ঞা সংপাদনেনৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং স্বস্বাম্যভাবোঽধ্রুব ইতি তত্রাহ শাস্তেতি অধ্রুবত্বেঽপি যদা যো নৃপতিঃ সপ্রজানাং শাস্তা গোপ্তাচ ভবত্যেব। যচ্চোক্তং স্তব্ধাদেঃ শিক্ষা পিষ্টপেষ ইতি তত্রাহ যোঽচ্যুতস্য কিঙ্করো মদ্বিধঃ স পিষ্টং ন পিনষ্টি যতস্তব্ধত্বাদ্যনপগমেঽপি শাস্ত্রবীশ্বরস্যাজ্ঞাসম্পাদনেনৈব

ন্যায় দেহনিষ্ঠ শ্রমাদি দেহী জীবকে অবশ্য স্পর্শ করিবে বলিয়া, আমার নিশ্চয় ধারণা। ২৪॥

আপনি স্বামিত্ব ও ভৃত্যভাবকে অধ্রুব বলিয়া অবশ্য নির্ণয় করিয়াছেন বটে, কিন্তু কিঙ্করবৎ অচ্যুতের আজ্ঞানুবর্ত্তী নৃপতি উৎপথগামী প্রজাগণের প্রতি দণ্ডের বিধানে এবং সন্মার্গবর্ত্তিগণের রক্ষাবিধানের দ্বারা যে কেবল নিরর্থক পিষ্টপেষণই করেন, তাহা নহে; কারণ প্রজাপালনরূপ রাজার স্বধর্ম্মের অনুষ্ঠান ঘটিলে, ভূতভাবন ভগবানেরই আরাধনা তৎকর্তৃক সাধিত হইয়া

আভাস।

দেহ যখন উত্তপ্ত হয়, তখন সেই তাপে ইন্দ্রিয়গণও তাপযুক্ত হয় এবং অন্তরস্থ প্রাণেরও ক্লেশ ঘটে। প্রাণের ক্লেশে মন বিচলিত হয়; সুতরাং জীব তখন আপনাকে ক্লিষ্ট বলিয়া জ্ঞান করেন॥ ২৪॥

আপনি স্বামিভাবকে অনিশ্চিত বলিয়া কীর্ত্তন করিয়াছেন। কিন্তু যিনিই যখন রাজা হন; তখনই তাঁহার পক্ষে দুষ্টের দমন ও শিষ্টের পালনরূপ একটি কার্য্যের বিধান আছে। যদি আপনি এ কার্য্যকে নিরর্থক ও পিষ্টপেষণ বলিয়া উপেক্ষা করিতেই বলেন, তাহা হইলে কর্ত্তব্য কার্য্যের অকরণে তাদৃশ নরপতিকে প্রত্যবায়ভাগী হইতে হইবে। যেহেতুক প্রজাপালনকে রাজার পরমধর্ম্ম বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তন করিয়াছেন; এবং যে নরপতি অপ্রমত্ত ভাবে প্রজা-পালন করেন, তিনি তদ্দ্বারা ভগবদারাধনার ফল লাভ করেন, এইরূপই কথিত আছে। অতএব যে কার্য্যের দ্বারা নরপতি নিষ্পাপ হইয়া অন্তে মুক্ত হন, সে কার্য্যকে পিষ্টপেষণ বা নিরর্থক বলিয়া কি প্রকারে উপেক্ষা করা যায়?॥ ২৫॥

স্বধর্ম্মমারাধনমচ্যুতস্য যদীহমানো বিজহাত্যঘৌঘং ॥ ২৫ ॥
তন্মে ভবান্ নরদেবাভিমানমদেনতুচ্ছীকৃত-সত্তমস্য।

অন্বয়ঃ।

স্বধর্ম্মং তদেব অচ্যুতস্য আরাধনং যদি ঈহমানঃ কুর্ব্বন্ আস্তে সঃ নৃপতিঃ অঘৌঘং পাপসমূহং জহাতি ততো বিমুচ্যতে ॥ ২৫ ॥

(যস্মাৎ সর্ব্বং ত্বদুক্তং বিপরীতং প্রতিভাতি) তৎ তস্মাৎ নরদেবাভিমানমদেন (নরদেবোঽহমিত্যভিমানেন যো মদ স্তেন) তুচ্ছীকৃতসত্তমস্য (তুচ্ছীকৃতাঃ সত্তমাঃ ভবাদৃশাঃ যেন তস্য

শ্রীধরস্বামী।

ফলবত্ত্বাত্তদাহ। স্বধর্ম্মমচ্যুতস্য আরাধনং কুর্ব্বন্ যস্মাদঘৌঘং জহাতি ॥ ২৫ ॥

যস্মাদেবং মম ত্বদুক্তং বিপরীতং প্রতিভাতি তত্তস্মাৎ নরদেবাভিমানমদেন তুচ্ছীকৃতাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলবত্ত্বাত্তদাহ প্রজাশাসনলক্ষণং স্বধর্ম্মরূপমচ্যুতস্যারাধনং নৃপ ঈহমানঃ কুর্ব্বন্ স্বস্যাঘৌঘং প্রত্যবায়সমূহং জহাতি ॥ ২৫ ॥

যস্মাদেবং মম ত্বদুক্তং বিপরীতং বিভাতি তত্তস্মান্নরদেবোঽহমিত্যভিমানেন যো মদো বিজ্ঞম্মন্যত্বাদি মিথ্যাগর্ব্বস্তেন তুচ্ছীকৃতা ইমে কিং জানন্তীত্যনাদৃতাঃ সত্তমাঃ

থাকে। তাদৃশ নরপতি যাবতীয় পাপরাশি হইতে নিষ্কৃতি প্রাপ্তে অন্তে মুক্তি লাভই করেন, সন্দেহ নাই ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! আপনার যাবতীয় উপদেশ-বাক্যই আমার ন্যায় অজ্ঞানান্ধ জীবের নিকট বিপরীত বলিয়াই বোধ হইতেছে। আমি সর্ব্বশ্রেষ্ঠ রাজা এই অভিমানে এতই উন্মত্ত হইয়াছিলাম যে, আপনার ন্যায় সাধু ব্যক্তি-গণেরও অবমাননা করিতে কিছুমাত্র ত্রুটি করি নাই। ভগবদ্ভক্ত সাধুগণের অবমান করিয়া, আমি কি বিষম অনর্থেই নিপতিত হইলাম! হে শরণাগত-জন-পালক! আমি সাধুদ্রোহ-জনিত ভীষণ পাপে একান্ত ভীত হইয়াছি।

আভাস।

যাহাই হউক, আপনি বিচক্ষণ ও পরম জ্ঞানী; আমি যে আপনার বাক্যের মর্ম্মগ্রহণে অসমর্থ হইয়া, তদ্বিপরীতকেই উপাদেয়-জ্ঞানে স্বীকার করিতেছি, সে কেবল আমার বুদ্ধির বিপর্য্যয় ও অভিমানেরই পরিচয় মাত্র। আমি যদি প্রকৃত বুদ্ধিমান্ ও বিবেকী হইতাম, তাহা হইলে আপনার ন্যায় সাধু ব্যক্তির কখনই তিরস্কার করিতাম না। আমার বুদ্ধির গুণে এক্ষণে নরকগামী হইব; সন্দেহ নাই! তবে ক্ষণকালের জন্যও সজ্জনসঙ্গতি সংসারতরণের উত্তম উপায় বলিয়া শুনিয়াছি; এক্ষণে আমার অদৃষ্টে আপনার সংসর্গও বিশেষ ফলোপধায়ক হইবে বলিয়া, আমি প্রত্যাশা করিতেছি। অবশ্য! আপনি আমার অপরাধ ক্ষমা করিবেন। সাধুগণ

কৃষীষ্ট মৈত্রীদৃশমার্ত্তবন্ধো যয়া তরে সদবধ্যানমংহঃ ॥ ২৬ ॥
ন বিক্রিয়া বিশ্বসুহৃৎসখস্য সাম্যেন বীতাভিমতে স্তবাপি ॥

অন্বয়ঃ।

অত্যন্তাপরাধিনঃ মম ভবান্ মৈত্রীদৃশং স্নেহযুক্তাং দৃষ্টিং, কৃষীষ্ট করোতু, যয়া হে আর্ত্তবন্ধো শরণাগতজনানাং অনুগ্রাহক! সদবধ্যানং (সতাং অবধ্যানং অবজ্ঞারূপং) অংহঃ পাপং, অহং তরে তরিষ্যামি ইতি॥ ২৬॥

সাম্যেন বীতাভিমতেঃ বিগতাভিমানস্য, বিশ্বসুহৃৎসখস্য (বিশ্বস্য সুহৃচ্চাসৌ সখাচ তস্য) তব যদ্যপি মম অপমানকৃতা বিক্রিয়া নাস্তি তথাপি স্বকৃতাং হি মহদ্বিমানাৎ (মহতাং বিমানাৎ

শ্রীধরস্বামী।

তিরস্কৃতাঃ সত্তমাঃ ভবাদৃশা যেন তস্য মে মৈত্রীদৃশং স্নেহযুক্তাং দৃষ্টিং কৃষীষ্ট করোতু। সতা-মবজ্ঞারূপং পাপং যয়া তরিষ্যামি॥ ২৬॥

ননু মমাবজ্ঞাকৃতবিকারাভাবাৎ কুতঃ পাপং তত্রাহ নেতি। যদ্যপি তব বিক্রিয়া নাস্তি বিশ্বস্য সুহৃচ্চাসৌ সখাচ তস্য ততঃ সর্ব্বত্র সাম্যেন স্বদেহে বিগতাভিমানস্য তথাপি মহতা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবাদৃশা যেন তস্য মে মৈত্রীদৃশং দুর্জীবোঽয়ং নরকেঽপি পতিষ্যতীতি বিভাব্য স্নেহযুক্তাং দৃষ্টিং কৃষীষ্ট করোতু যয়া সতামবজ্ঞারূপমজ্ঞস্তরিষ্যামি॥ ২৬॥

ননু ত্বংকৃতেন তিরস্কারেণাস্মদ্দৃশাং দুঃখং নোৎপদ্যতে কুতস্তবাঘস্তত্রাহ নেতি তথাপি তব যদ্যপীত্যর্থঃ। তদপি মাদৃক্ বিনঙ্ক্ষ্যতি শূলপাণিসদৃশোঽপি যদুক্তং সের্ষ্যং মহাপুরুষ-

আপনি আমার প্রতি কৃপাদৃষ্টি বিতরণ করুন্! আমি যেন তাদৃশ পাপ হইতে মুক্তিলাভ করিতে পারি!॥ ২৬॥

আপনি বিশ্ব সংসারের প্রকৃত হিতকারী পরম সখা! সমগুণের আশ্রয়ে সর্ব্ববিধ অভিমানকে আপনি দূরে নিক্ষেপ করিয়াছেন। মৎকৃত অবমাননায় আপনাতে কোনরূপ বিকারের উপস্থিতি করাইতে যদিও পারে নাই বটে, তথাপি মহতের অপমান করায়, আমি একান্ত অবসন্ন হইয়াছি। আমার নিশ্চয়

আভাস।

ক্ষমাশীল; সুতরাং তজ্জন্য আর আপনাকে অনুরোধ করিতে হইবে না। তবে আমার সে সুসময় উপস্থিত হইয়াছে কি না, তজ্জন্যই আমি উৎকণ্ঠিত। কারণ মহতের অবমাননা করিয়া নিস্তার পান, এরূপ জীব সংসারে কেহ নাই। আপাতত কিছুকালের জন্য আশুফল না পাইলেও, পরিণামে যে সম্পূর্ণ পতিত হইতে হয়, সে বিষয়ে আর সন্দেহ নাই। অধিক কি! শূলপাণির ন্যায় তেজস্বী হইলেও, সাধুদ্রোহকারীকে অবিলম্বে বিনষ্ট হইতে হয়, সে বিষয়ে আর সন্দেহ নাই॥ ২৬॥ ২৭॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের আভাস সমাপ্ত॥

মহদ্বিমানাৎ স্বকৃতাদ্ধি মাদৃঙ্ নঙ্ক্ষ্যত্যদূরাদপি শূলপাণিঃ ॥ ২৭ ॥

। ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জড়ভরত-রহূগণ-সম্বাদে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

ব্রাহ্মণ উবাচ ॥

অকোবিদঃ কোবিদবাদবাদান্ বদস্যথো নাতিবিদাং বরিষ্ঠঃ।

অন্বয়ঃ।

অবমাননাৎ অদূরাৎ ক্ষিপ্রং এব নঙ্ক্ষ্যতি ॥ ২৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দশমোঽধ্যায়ঃ ॥

ব্রাহ্মণঃ উবাচ। অকোবিদঃ অবিবেকী এব ত্বং কোবিদবাদবাদান্ (কোবিদানাং বিবেকিনাং যে বাদাঃ যথার্থবচনানি তত্তুল্যান্ বাদান্ যথার্থত্বেন প্রতিভাসমানান্ বাদান্ বাক্যানি

শ্রীধরস্বামী।

মবমানাৎ মাদৃশো বিনঙ্ক্ষ্যতি অদূরাৎ ক্ষিপ্রং শূলপাণিরিব অতি সমর্থোঽপীত্যর্থঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে দশমঃ ॥ * ॥

একাদশে ত্বথ সংপৃষ্টো রহূগণমহীভৃতা।

উপাদিশৎ পরং জ্ঞানং স যোগীতি নিগদ্যতে ॥ * ॥

অকোবিদঃ অবিদ্বানপি ত্বং কোবিদানাং বাদা উক্ত্যুহণিকা স্তত্তুল্যান্ বাদান্ বদসি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাদপাংশুভি নি্রস্ততেজঃস্বিত্যাদি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

পঞ্চমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মনসৈব হি সংসারো যদ্বৃত্তীনামনন্ততা।

একাদশেঽত্র তেনৈব মোক্ষো ভক্তিযুজোদিতঃ ॥ * ॥

ত্বং কোবিদো ন ভবসি অথচ কোবিদানাং যে বাদা উক্ত্যুহাস্তত্তুল্যানেব বাদান্ বদসি অথো অতএব অত্যন্তং বিদুষাং মধ্যে শ্রেষ্ঠো নভবসি। যতঃ সূরয়ঃ কেবিদা এতং ব্যবহারং

বোধ হইতেছে যে, আমার ন্যায় সাধুদ্রোহকারী ব্যক্তি রুদ্রতুল্য সামর্থ্যবান্ হইলেও, অচিরাৎ বিনষ্ট হইবে, সন্দেহ নাই ॥ ২৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

দ্বিজবর ভরত বলিলেন, হে রাজন্! আপনি একজন অবিবেকী হইয়াও বিবেকীর জ্ঞানগর্ভ বাক্যের ন্যায় উক্তি সমূহের উল্লেখ করিতেছেন! আপনার

আভাস।

একাদশ অধ্যায়ে রাজা রহূগণের প্রার্থনা অনুসারে জড়ভরত তাঁহাকে নির্ম্মল জ্ঞানের উপদেশ প্রদান করিয়াছেন ॥

ন সূরয়ো হি ব্যবহারমেতং তত্ত্বাবমর্শেন সহামনন্তি ॥ ১ ॥

অন্বয়ঃ।

বদসি; হি যস্মাৎ সূরয়ঃ বিবেকিনঃ, এতৎ ব্যবহারং তত্ত্বাবমর্ষেণ পরমার্থবিচারেণ, সহ ন আমনন্তি কিন্তু অবিচাররমণীয়মেব ইতি অথ অতঃ, ত্বং অতিবিদাং পরমবিবেকিনাং, মধ্যে বরিষ্ঠঃ শ্রেষ্ঠঃ ন ভবসি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অথোঽতঃ অত্যন্তং বিদুষাং মধ্যে শ্রেষ্ঠো ন ভবসি। কুতঃ হি যস্মাৎ যৎ স্বামিভৃত্যাদি-লৌকিক-ব্যবহারং সত্যমাখ এতং সূরয় স্তত্ত্ববিচারেণ সহ ন বদন্তি কিন্তু অবিচার-সুন্দরং বদন্তি অতো ন সত্যং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যবহারিকং বস্তুচ। তত্ত্বাবমর্শেন তত্ত্ববিচারেণ তত্ত্ববস্তুনাচ সহ ন আমনন্তি দৃষ্টান্তাদিনা নাভ্যস্যন্তি। তয়োঃ পরস্পরাতিবৈধর্ম্ম্যাৎ তথাহি স্থালীতাপাৎ পয়সন্তাপ স্তত্তাপাত্তণ্ডুল-তাপ ইতি তণ্ডুলস্য জড়স্য স্থাল্যাদিভির্জড়ৈ র্বহ্নিনাপি জড়েন যথা সংসর্গস্তথা দেহেন্দ্রিয়াদিভি র্জড়ৈর্মুক্তজীবস্য চিদ্বস্তুনঃ সংসর্গাভাবাদেব দেহাদিশ্রমৈর্ন শ্রমঃ সিদ্ধ্যতি। বদ্ধজীবস্য তু জড়দেহাধ্যাসাজ্জড়ত্বেন তৈর্ভবত্যেব শ্রম ইতি বদ্ধজীবৈর্মুম্মাভি র্মুক্তজীবানামস্মাকং সাদৃশ্যাসম্ভবাদনুমানং ন ঘটত ইতি ॥ ১ ॥

কিন্তু অবগত হওয়া কর্ত্তব্য যে, বিবেকিগণ এই ব্যবহারতত্ত্বকে পরমার্থ-বিচারের সহিত মিলিত করেন না; কিন্তু মূল বিচার পরিত্যাগ করত সংসার-বিচারে ইহার রমণীত্ব স্বীকার করেন বটে; অতএব আপনার বিচার-জ্ঞান থাকিলেও, পরম-বিবেকীর মধ্যে কোন অংশে আপনি গণনীয় হইতে পারেন না ॥ ১ ॥

আভাস।

জড়ভরত বলিলেন, হে নরনাথ! তুমি পণ্ডিতের উক্তিকে আশ্রয় করিয়া জড়ের ধর্ম্ম চেতনে আরোপ করিতেছ; ইহা নিতান্ত অসঙ্গত। স্থালী প্রভৃতির উল্লেখে যে দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছ, ও সমস্ত জড়পদার্থের কথা। সুতরাং জড়ে জড়ের ধর্ম্ম গ্রহণ করিবে, তাহাতে আর বিচিত্র কি? কিন্তু চেতনস্বরূপ জীব যে জড়ের ধর্ম্ম গ্রহণ করে না, তাহাই আমার বলিবার তাৎপর্য্য। স্থূল দেহাদি চতুর্ব্বিংশতিতত্ত্বই জড় এবং মূলাপ্রকৃতি হইতে সমুৎপন্ন; অতএব পরস্পর পরস্পরের ধর্ম্মে আক্রান্ত অবশ্যই হইবে। চৈতন্যস্বরূপ জীবতত্ত্ব সম্পূর্ণ নির্লিপ্ত; তিনি প্রাকৃতিক স্তরের সহিত মিলিত হন না; "অসঙ্গোঽয়ং পুরুষঃ" বলিয়া শ্রুতিও সাক্ষ্য দিয়া থাকেন। দেহাদির পরিশ্রমে তাঁহার কোন সম্পর্ক ঘটে না। তবে যাহারা বদ্ধ জীব, জড় দেহের অধ্যাসে আপনাকে জড় বলিয়া বিবেচনা করে, তাহারাই কেবল তাদৃশ ভ্রম-বিচারের অনুরোধে দেহনিষ্ঠ শ্রমকে আপনার উপর আরোপ করে মাত্র। সুতরাং তোমাদের ন্যায় বদ্ধ জীবের সহিত আমাদের ন্যায় জীবন্মুক্ত পুরুষের তুলনা কিরূপে হইতে পারে? ॥ ১ ॥

তথৈব রাজন্ উরুগার্হমেধবিতানবিদ্যোরুবিজৃম্ভিতেষু।
ন বেদ-বাদেষু হি তত্ত্ববাদঃ প্রায়েণ শুদ্ধোঽনুচকাস্তি সাধুঃ॥ ২॥

অন্বয়ঃ।

হে রাজন্! তথৈব উরবঃ গার্হাঃ গৃহসম্বন্ধিনঃ যে মেধাঃ যজ্ঞাঃ তেষাং বিতানঃ বিস্তারঃ তদ্বিষয়াসু বিদ্যাসু উরু অধিকং বিজৃম্ভিতেষু বিলসিতেষু বেদবাদেষু তত্ত্ববাদঃ প্রায়েণ শুদ্ধঃ হিংসাদিদোষশূন্যঃ, সাধুঃ যথার্থঃ, ন অনুচকাস্তি ন প্রকাশতে॥ ২॥

শ্রীধরস্বামী।

বৈদিকোঽপি ধর্ম্মফলব্যবহারো ন সত্য ইত্যাহ তথৈবেতি। উরবো গার্হা গৃহসম্বন্ধিনো মেধা যজ্ঞা স্তেষাং বিতানো বিস্তার স্তদ্বিষয়াসু বিদ্যাসু উরু অধিকং বিজৃম্ভিতেষু বিলসিতেষু তত্ত্ববাদঃ নু নিশ্চিতং ন চকাস্তি ন প্রকাশতে তথাচ শ্রুতিঃ, নেহ নানাস্তি কিঞ্চনেত্যাদিঃ। শুদ্ধো হিংসাদিশূন্যঃ সাধুঃ রাগাদিশূন্যঃ প্রায়েণেতি ঈশ্বরার্পিতকর্ম্মণাং পরমার্থফলত্বাভিপ্রায়েণোক্তং॥ ২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু মীমাংসকাঃ কর্ম্মফলাৎ স্বর্গসুখাদতিরিক্তং পুরুষার্থং ন মন্যন্ত ইত্যতঃ কিং তত্ত্ববাদেনেতি চেৎ সত্যং তেষজ্ঞেষনধিকারিষু তত্ত্বোপদেশো নৈব সমুচিত ইত্যাহ তথৈবেতি যথৈব ভবদ্বিধানাং দৃষ্টফলেষু ব্যবহারকর্ম্মসু তথৈব উরবো গার্হা গৃহসম্বন্ধিনো মেধা যজ্ঞা স্তেষাং বিতানো বিস্তার স্তদ্বিষয়াসু বিদ্যাসু উরু অধিকং বিজৃম্ভিতেষু বিলসিতেষু বেদবাদেষ্বদৃষ্টফলেষ্বপি কর্ম্মসু নু নিশ্চিতং তত্ত্ববাদো ন চকাস্তি ন প্রকাশতে কুতঃ শুদ্ধো হিংসাদিশূন্যঃ সাধুঃ রাগাদিশূন্যশ্চেতি সাজাত্যাভাবাদেবেত্যর্থঃ। প্রায়েণেতি ঈশ্বরার্পিত-নিষ্কাম-কর্ম্মণাং জ্ঞানবৈরাগ্য দ্বারা পরমার্থফলত্বাভিপ্রায়েণোক্তং॥ ২॥

হে রাজন্! যে সমস্ত বেদোক্ত মন্ত্রবাক্যে গৃহস্থগণের গৃহধর্ম্মের উপাদেয় বিপুল যজ্ঞাদির অনুষ্ঠানের ব্যাপারের বিষয় প্রচুর পরিমাণে পরিকীর্ত্তিত আছে, তাদৃশ বেদবাক্যে তত্ত্বসম্বন্ধীয় বিশুদ্ধ বিচার বলিয়া কখন স্বীকার করা যায় না। কারণ যজ্ঞাদিতে পশুহিংসাদি অনেক দোষের বিষয় স্বীকার করা হয়॥ ২॥

আভাস।

কাম্যকর্ম্ম যাগযজ্ঞাদির প্রকাশক বেদবাক্যও যে পরমাত্মবিচারে প্রচুর নহে, তাহাও তিনি এই শ্লোকে বর্ণন করিয়াছেন। প্রবৃত্তি ও নিবৃত্তি ভেদে দুইটী পন্থাই বেদে বর্ণিত হইয়াছে। বেদোক্ত প্রবৃত্তিমার্গকে অবলম্বন পূর্ব্বক যাঁহারা গৃহমেধীয় যাগযজ্ঞের অনুষ্ঠান করেন, তাঁহারা চন্দ্রলোকে গমন পূর্ব্বক স্বর্গাদি সুখময় ব্যাপার উপভোগ করেন; সুতরাং তাঁহাদের সংসার অনিবার্য্য। এই সমস্ত যজ্ঞের বা কাম্যকর্ম্মাদির উপদেশ কেবল ভোগী জীবের পক্ষে মাত্র; মুমুক্ষুর পক্ষে এতাদৃশ বেদবচন উপদেশের মধ্যে গণনীয় নহে। তত্ত্বকৌমুদীতে প্রকাশ আছে,

ন তস্য তত্ত্বগ্রহণায় সাক্ষাদ্বরীয়সীরপি বাচঃ সমাসন্।
স্বপ্নে নিরুক্ত্যা গৃহমেধিসৌখ্যং ন যস্য হেয়ানুমিতং স্বয়ং স্যাৎ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

স্বপ্নে যা নিরুক্তিঃ দৃষ্টান্তঃ, তয়া যস্য পুরুষস্য গৃহমেধিসৌখ্যং গৃহসম্বন্ধি যজ্ঞাদি কর্ম্ম-জন্যং সুখং স্বয়মেব হেয়ং ইতি অনুমিতং ন স্যাৎ তস্য বরীয়সীঃ বরীয়স্যঃ সর্ব্বপ্রমাণ-শ্রেষ্ঠাঃ, অপি বেদবাচঃ সাক্ষাৎ যথাবৎ তত্ত্বগ্রহণায় ন সমাসন্ ন ভবন্তি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ননু শ্রুতবেদান্তস্যাপি পুংসঃ কর্ম্মসু প্রবৃত্তেঃ কথমসত্যতা তত্রাহ নেতি। সাক্ষাৎ যথাবৎ তত্ত্বজ্ঞানায় বরীয়স্যোঽপি বেদান্তবাচ স্তস্য ন সম্যক্ আসন্ বভূবুঃ। স্বপ্নে যা নিরুক্তি স্তয়া স্বপ্নদৃষ্টান্তেন দৃশ্যত্বাদিহেতুনা স্বয়মেব হেয়ত্বেনানুমিতং যস্য ন স্যাৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কর্ম্মিণ স্তাৎ স্তত্বং গ্রাহয়িতুং কাচিদ্বো যুক্তি রস্তি কিম্বা তান্নোপদিশাম ইতি কেবলং প্রৌঢ়িবাদ এবেত্যত আহ নেতি। তস্য জনস্য সাক্ষাদ্‌যথাবত্তত্ত্বগ্রহণার্থং বরীয়স্যোঽপি বেদান্ত-বাচঃ ন সম্যগাসন্ ন সমর্থা বভূবুঃ। স্বপ্নে ভোগানাং স্বল্পকালমাত্রস্থায়িত্বং স্বপ্নস্য স্বতো বিনাশিত্বং মিথ্যাত্বঞ্চেতি যা নিরুক্তি স্তয়া স্বপ্নদৃষ্টান্তেনেত্যর্থঃ। স্বয়মেব হেয়ত্বেনানুমিতং যস্য ন স্যাৎ কর্ম্মিণাং নশ্বরমসার্ব্বকালিকং ক্ষুদ্রং বৈষয়িকমেব সুখং তথা বৈষয়িকেণ সুখে-নাত্মনো বস্তুতঃ সম্বন্ধাভাবাৎ তৎ সুখমাত্মনঃ শশস্য শৃঙ্গমিব মিথ্যাভূতঞ্চ জ্ঞানিনাত্মনশ্বরং সার্ব্বকালিকং মহদ্ব্রহ্মসুখমিতি বহ্বেবান্তরমিত্যেবৈষ তত্ত্বগ্রহণে যুক্তিরিতি ভাবঃ ॥ ৩ ॥

স্বপ্নে দৃষ্ট বিষয়ের সংস্রবে যেমন কাল্পনিক সুখের সম্বন্ধ ঘটে, গৃহ-সম্বন্ধীয় যাগ যজ্ঞাদির অনুষ্ঠানে লব্ধ সুখরাশিও তদ্রূপ হেয় বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। সর্ব্ব-প্রমাণ-শ্রেষ্ঠ তাদৃশ যজ্ঞসম্বন্ধীয় বেদবাক্যও পরমতত্ত্বের প্রতিপাদনে প্রমাণ বলিয়া কখন স্বীকার্য্য নহে ॥ ৩ ॥

আভাস।

"দৃষ্টবদানুশ্রবিকঃ স হ্যবিশুদ্ধিক্ষয়াতিশয়যুক্তঃ। তদ্বিপরীতঃ শ্রেয়ান্ ব্যক্তাব্যক্তজ্ঞবিজ্ঞানাৎ" ॥ অর্থাৎ দুঃখনিবারণের ব্যবহারিক উপায়সমূহ যেরূপ প্রচুর ও নিশ্চয় ফলপ্রদ নহে বলিয়া উপেক্ষা করা যায়, বেদোক্ত কাম্যকর্ম্মের উপদেশ বাক্যও সেইরূপ আদরের নহে। কারণ যজ্ঞাদির অনু-ষ্ঠানে জীব কখন পরম পদ মোক্ষকে লাভ করিতে পারে না; এতদর্থে শ্রুতিও বলিয়াছেন, "ন কর্ম্মণা ন প্রজয়া ন ধনেন, ত্যাগেনৈকে অমৃতত্বমানসুঃ" ॥ বিশেষত যজ্ঞাদিতে হিংসাজনিত পাপের অনুষ্ঠান হেতু জীবকে প্রচুর পুণ্যের সঙ্গে সঙ্গে বা পুণ্যভোগের পর পুনরায় দুঃখকে ভোগ করিতে হয়। "ক্ষীণে পুণ্যে মর্ত্তলোকং বিশন্তি" শাস্ত্রপ্রমাণে স্পষ্টই প্রকাশ যে, পুণ্যের ক্ষয় হইলে, যাজ্ঞিক পুরুষকে পুনরায় কর্ম্মের জন্য মর্ত্তলোকে গমন করিতে হয়। এই পুণ্যভোগের কালও সংসার-স্রোতের তুলনায় অতি অল্প মাত্র। যেমন নিদ্রাকালে স্বপ্নলব্ধ ভোগের মাত্রা

যাবন্মনো রজসা পুরুষস্য সত্ত্বেন বা তমসা বানুরুদ্ধং।
চেতোভিরাকূতিভিরাতনোতি নিরঙ্কুশং কুশলং চেতরম্বা ॥ ৪ ॥

অন্বয়ঃ।

যাবৎ পুরুষস্য মনঃ রজসা সত্ত্বেন বা তমসা বা অনুরুদ্ধং বশীকৃতং, ভবতি তাবৎ নিরঙ্কুশং ত্যক্তবেদমর্য্যাদং স্বতন্ত্রং, সৎ চেতোভিঃ জ্ঞানেন্দ্রিয়ৈঃ চ (স্বর্গনরকাদি শরীরপ্রাপ্তিকারণং) কুশলং পুণ্যং ইতরং পাপং বা মিশ্রং ব কর্ম্ম আতনোতি বিস্তারয়তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

এবং প্রপঞ্চস্য সত্যত্বং তদুক্তং নিরাকৃত্য সংসারস্যাপি তদুক্তাৎ সত্যতাং নিরাকর্ত্তুং তস্য মনোনিমিত্ততামাহ যাবদিত্যাদিনা যাবৎসমাপ্তি। মনো যাবৎ রজ আদিভিঃ গুণৈ-রনুরুদ্ধং বশীকৃতং ভবতি তাবত্তন্মনো নিরঙ্কুশং সৎ পুরুষস্য কুশলং ধর্ম্মং ইতরমধর্ম্মং বা আতনোতি কৈশ্চেতোভিঃ জ্ঞানেন্দ্রিয়ৈঃ আকৃতিভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং মদ্ভিঃ প্রবোধিতা অপি প্রায়ঃ সর্ব্বে জনা বৈষয়িকে সুখএব প্রবর্ত্তমানাঃ কথং দৃশ্যন্তে তত্রাহ যাবন্মনো রজ আদিভিরনুরুদ্ধং সংবদ্ধং ভবতি তাবত্তন্মনো নিরঙ্কুশ মত্তমতঙ্গ-জোপমং সৎ পুরুষস্য কুশলং ধর্ম্মমিতরমধর্ম্মং বা আতনোতি কৈঃ চেতোভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ আকৃতিভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈশ্চগুণময়ং মনএব বলাদ্বিবেকাদিকমপি নিগীর্য্য পুণ্যপাপকর্ম্মণোঃ প্রবর্ত্তয়তি পুরুষস্য কো দোষ ইতি ভাবঃ ॥ ৪ ॥

সত্ত্ব, রজঃ ও তমোগুণের দ্বারা মানবের চিত্ত যখন অভিভূত হয়, তখনই তাহারা বেদমার্গকে উপেক্ষা করত যথেচ্ছাচরণে প্রবৃত্ত হয়; এবং তখনই জ্ঞানেন্দ্রিয় বা কর্ম্মেন্দ্রিয়ের দ্বারা তাহারা স্বর্গ বা নরকাদি সম্ভোগের উপযুক্ত দেহ লাভের জন্য পুণ্যকর্ম্ম, পাপকর্ম্ম বা পুণ্যপাপ-মিশ্রিত কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে ॥ ৪ ॥

আভাস।

বা স্থায়িত্ব কাল অতি অল্প মাত্র, সেইরূপ সংসার-তুলনায় স্বর্গাদি পুণ্যভোগের মাত্রা বা স্থায়িত্ব কাল অপেক্ষাকৃত অনেক অল্প। অতএব যাঁহারা প্রকৃতিমার্গের স্বরূপে বিরক্ত হইয়া নিত্য ও নিরতিশয় আনন্দ লাভের জন্য যত্ন করেন, তাঁহাদের সমীপে পূর্ব্বোক্ত বেদবাক্য হিতকর বলিয়া স্থান পায় না। তাঁহারা নিবৃত্তি-মার্গাবলম্বনে বেদোক্ত নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠানের দ্বারা পরম পুরুষ পরমেশে আত্মসমর্পণ পূর্ব্বক কৃতার্থ হন। বস্তুর সম্বন্ধে আত্মার সুখকল্পনাকে তাঁহারা আকশ-কুসুম বা শশকের শৃঙ্গবৎ সম্পূর্ণ অলিক ও মিথ্যা বলিয়াই জ্ঞান করিয়া থাকেন ॥ ২ ॥ ৩ ॥

ভোগ যেমন মিথ্যা ও নিরর্থক, ভোগ্য বিষয় এবং ভোগায়তন দেহও সেইরূপ মিথ্যা ও কল্পনামূলক, সন্দেহ নাই। তথাপি লোকে যে প্রায় ভোগার্থ নিরন্তরই চেষ্টিত থাকে, সে কেবল প্রাকৃতিক গুণত্রয়ের অনুপম মাহাত্ম্যে মাত্র, সন্দেহ নাই। রজ প্রভৃতি গুণের প্রভাবে জীব

স বাসনাত্মা বিষয়োপরক্তো গুণপ্রবাহো বিকৃতঃ ষোড়শাত্মা।
বিভ্রৎ পৃথঙ্‌্ নামভি রূপভেদমন্তর্ব্বহিষ্ট্বঞ্চ পুরৈস্তনোতি॥ ৫॥

অন্বয়ঃ।

বাসনাত্মা (ধর্ম্মাধর্ম্মাদি বাসনাযুক্তঃ আত্মা) বিকৃতঃ কামক্রোধাদিনানাবিকারবান্, বিষয়োপরক্তঃ বিষয়াসক্তঃ, গুণপ্রবাহঃ (গুণৈঃ রজ আদিভিঃ প্রোহ্যতে ইতি) ষোড়শাত্মা (ষোড়শকলানাং পঞ্চমহাভূতৈকাদশেন্দ্রিয়রূপাণাং আত্মা নিয়ন্তা দেহাদীনাং মনোধীন-প্রবৃত্তিকত্বাৎ মুখ্যং কর্ত্তৃত্বং তস্যৈব ইতি ভাবঃ) সঃ (তৎ মনঃ এব) পৃথঙ্‌্ নামভিঃ (দেব-তির্য্যঙ্‌্ মনুষ্যাদিপৃথঙ্‌্নামভিঃ) পৃথক্ রূপভেদং বিভ্রৎ (দেহত্যাগসময়ে দেবাদিদেহান্ চিন্তয়ৎ (চিন্তয়া প্রাপ্তেঃ) পুরৈঃ তৈঃ দেহৈঃ এব অন্তর্ব্বহিষ্ট্বং (উৎকৃষ্টত্ব-নিকৃষ্টত্বদ্বারা বেদোক্তাচারে অধিকারিত্বং অনধিকারিত্বং চ) তনোতি॥ ৫॥

শ্রীধরস্বামী।

ততশ্চ ধর্ম্মাধর্ম্মবাসনাযুক্তং তদেবানেকদেহাদিবৈচিত্র্যং করোতীত্যাহ স ইতি। পুং-স্বমাত্ম-শব্দ-বিশেষণত্বেন তন্মন ইত্যর্থঃ। বাসনাযুক্তঃ আত্মোপাধিত্বাৎ আত্মা অতো বিষয়ৈ রূপরক্তো হ্যনুবিদ্ধঃ। অতো গুণপ্রবাহঃ গুণৈরিতস্ততশ্চাল্যমানঃ অতএব বিকৃতঃ কামাদি-পরিণামবান্ ষোড়শাত্মা ষোড়শকলাসু ভূতেন্দ্রিয়রূপাসু মুখ্যঃ। পৃথঙ্‌্নামভিঃ সহ রূপভেদং দেবতির্য্যগাদিরূপং বিভ্রৎ। অন্তর্ব্বহিষ্ট্বং উৎকৃষ্টত্বং নিকৃষ্টত্বঞ্চ। পুরৈস্তৈরেব দেহৈঃ হেতুভূতৈঃ তনোতি নামভিরিত্যত্র রেফলোপে দীর্ঘাভাব আর্ষঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ স বাসনাত্মা পুণ্যপাপবাসনাযুক্ত আত্মা মনঃ বিষয়ৈরুপরক্তোঽনুবিদ্ধঃ অতএব গুণপ্রবাহঃ গুণৈরিতস্ততশ্চাল্যমানঃ অতএব বিকৃতঃ কামাদিবিকারবান্ ষোড়শেষু ভূতেন্দ্রিয়েষু মুখ্যঃ রূপভেদং দেবতির্য্যগাদি শরীরভেদং বিভ্রৎ দধৎ পুরৈস্তৈরেব শরীরৈ র্হেতুভিঃ অন্তর্ব্বহিষ্ট্বং উৎকৃষ্টত্বং নিকৃষ্টত্বঞ্চ তনোতি নামভিরিতি রেফলোপে দীর্ঘাভাব আর্ষঃ॥ ৫॥

এই চিত্তই ধর্ম্মাধর্ম্মাদি বিবিধ বাসনায় অনুস্যূত থাকায়, কামক্রোধাদি নানাপ্রকার বিকারে পরিনিষ্ঠিত হইয়া, রজ আদি গুণগ্রামের প্রবাহে পরি-চালিত হয় এবং পঞ্চ মহাভূত ও একাদশ ইন্দ্রিয়ের সমবায়ে সমুৎপন্ন দেহের নিয়ন্তারূপে অন্তরে অবস্থান করে। দেহাদি ইন্দ্রিয়বর্গের প্রবৃত্তি এক চিত্তের অধীনেই চালিত পরিদৃষ্ট হইয়া থাকে। এই চিত্তই দেহত্যাগ-কালে দেবাদি

আভাস।

তরঙ্গায়িত নৌকার ন্যায়, সুখ দুঃখে আন্দোলিত হইয়া, বিবেকের পরিত্যাগে কখন ধর্ম্ম এবং কখন অধর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন॥ ৪॥

জড়ভরত-কৃত উপদেশের তাৎপর্য্য এই যে, চৈতন্যস্বরূপ জীবতত্ত্বের সংসার হয় না; তাঁহার বন্ধন বা মু ক্তি নাই; সুতরাং ক্লেশ কর্ম্ম ভোগ এবং সংস্কার দ্বারা পুরুষের কখন

দুঃখং সুখং ব্যতিরিক্তঞ্চ তীব্রং কালোপপন্নং ফলমাব্যনক্তি।
আলিঙ্গ্য মায়ারচিতান্তরাত্মা স্বদেহিনং সংস্মৃতিচক্রকূটঃ॥ ৬॥

অন্বয়ঃ।

এবং মায়য়া প্রকৃত্যা, মহত্ত্বাহঙ্কারদ্বারা, রচিতান্তরাত্মা (রচিতঃ অন্তরাত্মা মনঃ) স্বদেহিনং জীবং আলিঙ্গ্য চেতনং সৎ সংস্মৃতিচক্রকূটঃ (সংস্মৃতিচক্রে সংসারসমূহে কূটয়তি ছলয়তি ইতি তৎ মনঃ) দুঃখং সুখং ব্যতিরিক্তং মোহং, তীব্রং দুর্নিবারং কালোপপন্নং কালপ্রাপ্তং, ফলং আব্যনক্তি আ সর্ব্বতঃ ব্যনক্তি সৃজতি॥ ৬॥

শ্রীধরস্বামী।

ফলঞ্চ তদনুরূপং করোতীত্যাহ। দুঃখং সুখং ব্যতিরিক্তঞ্চ মোহং তীব্রং দুর্নিব্বারং কালপ্রাপ্তং ফলং সর্ব্বতোঽভিব্যনক্তি সৃজতি। নমু জড়ঃ কথং সৃজতি তত্রাহ স্বদেহিনমালিঙ্গ্য আলিঙ্গনে কারণমাহ মায়য়া রচিতঃ অন্তরাত্মা জীবোপাধিঃ। উপাধিতামাহ সংস্মৃতিচক্রে কূটয়তি ছলয়তীতি তথা যথা গ্রামকূটক ইতি॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলঞ্চ তদনুরূপং সৃজতীত্যাহ। দুঃখং সুখং ব্যতিরিক্তং মোহঞ্চ তীব্রং দুর্নিবারং ব্যনক্তি সৃজতি। নমু জড়ং কথং সৃজতি তত্রাহ স্বদেহিনং জীবাত্মানমালিঙ্গ্য আলিঙ্গনে কারণমাহ মায়য়া রচিতঃ অন্তরাত্মা জীবোপাধিঃ। উপাধিতামাহ সংস্মৃতিচক্রে কূটয়তি ছলয়তীতি তথা যথা গ্রামকূটক ইতি॥ ৬॥

বিবিধ যোনির চিন্তায় আবিষ্ট হইয়া, দেবতির্য্যক্ মনুষ্যাদি বিবিধ নামে ও রূপে পরিচিত ও বিবিধ যোনি প্রাপ্ত হইয়া থাকে এবং দেহের উৎকর্ষ ও অপকর্ষ অনুসারে বেদাচারে অধিকারী বা অনধিকারিত্বের পরিচয় দিয়া থাকে॥ ৫॥

প্রকৃতিভূতা মায়ার দ্বারা মহত্তত্ত্ব ও অহঙ্কারাকারে গঠিত নিজের স্বরূপের দ্বারা ঐ চিত্ত দেহিরূপে বিরাজমান স্বীয় জীবকে আলিঙ্গন করত স্বয়ংই চেতনের ন্যায় অবভাসিত হয় ও সংসারচক্রের ছলনায় সুখ দুঃখ ও মোহাদি কালপ্রাপ্ত অনিবার্য্য ফলসমূহকে উৎপাদন করিয়া থাকে।॥ ৬॥

আভাস।

পরিণামাদি ঘটে না। শ্রুতি বলিয়াছেন; "অসঙ্গোঽয়ং পুরুষঃ;" পুরুষ নির্লিপ্ত জ্ঞানস্বরূপ; জ্ঞেয় চিত্তাদি চতুর্বিংশতি তত্ত্বের ধর্ম্মের সহিত পরমার্থত তাঁহার কোন সংস্রব নাই। সাংখ্যাচার্য্য তত্ত্বকৌমুদীতে প্রকাশ করিয়াছেন, "তস্মান্ন বধ্যতেঽসৌ ন মুচ্যতে নাপি সংসরতি কশ্চিৎ। সংসরতি বধ্যতে মুচ্যতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ॥" শাস্ত্র, যুক্তি ও অনুভূতির দ্বারা যাঁহাকে "আমি" বলিয়া লক্ষ্য করা যায়, সেই জ্ঞপ্তিভাবস্বরূপ বিশুদ্ধ চৈতন্যস্বরূপ আত্মার কখন সংসার, বন্ধন বা মুক্তি বলিয়া কোন অবস্থারই উল্লেখ করা যায় না। কারণ তাঁহার অবস্থান্তর ঘটে না। যাহার অবস্থান্তর ঘটে, তাহার পরিণাম অবশ্যই স্বীকার্য্য। কিন্তু শ্রুতি বা যুক্তির

তাবানয়ং ব্যবহারঃ সদাবিঃ ক্ষেত্রজ্ঞসাক্ষ্যো ভবতি স্থূলসূক্ষ্মঃ।

অন্বয়ঃ।

(যাবৎ মনঃ পুরুষং সংসারে ভ্রাময়তি) তাবান্ এব অয়ং (অহন্তামমতাদ্বারা রাজ-ভৃত্যাদি সংপোহপি) আবিঃ প্রকাশমানঃ সদা ক্ষেত্রজ্ঞসাক্ষ্যঃ (ক্ষেত্রজ্ঞস্য সাক্ষ্যঃ দৃশ্যঃ) স্থূলসূক্ষ্মঃ (জাগ্রদবস্থায়াং স্থূলঃ, স্বপ্নাবস্থায়াং সূক্ষ্মঃ) ব্যবহারঃ ভবতি। যস্মাৎ এবং তস্মাৎ

শ্রীধরস্বামী।

এবং অয়ং মনোনিবন্ধনঃ সংসারো জীবে ফলতীত্যাহ তাবানিতি আবিঃ প্রকাশমানঃ সদা ক্ষেত্রজ্ঞস্য সাক্ষ্যো দৃশ্যো ভবতি স্থূলসূক্ষ্মঃ জাগ্রৎস্বপ্নস্বরূপঃ। মনসঃ সংসার-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবময়ং মনোনিবন্ধনঃ সংসার এব ব্যবহার-পদ-বাচ্য ইত্যাহ তাবানিতি আবিঃ প্রকাশ-মানঃ। সদা ক্ষেত্রজ্ঞস্য সাক্ষ্যো দৃশ্যঃ। স্থূলো জাগরঃ সূক্ষ্মঃ স্বপ্নশ্চ তত্ত্বপদবাচ্যমাত্মসুখমপি মনোনিবন্ধনমেবেত্যাহ তস্মাদদো মনএব লিঙ্গং কারণং কস্য গুণস্য সংসারস্য অগুণত্বস্য

চিত্ত যদবধি পুরুষকে সংসারে পরিভ্রমণ করায়, তদবধিই জীবের "আমি আমার ও রাজা এবং ভৃত্যাদি" সমস্ত ব্যবহার ঘটিয়া থাকে। ক্ষেত্রজ্ঞ-স্বরূপ জীবে পরমার্থত কোন প্রকার বিকার বা বৃত্তির সম্বন্ধ নাই। তবে সাক্ষিরূপে তিনি সমস্তই অবলোকন করিয়া থাকেন। জাগ্রদবস্থায় স্থূল ভাবে এবং স্বপ্ন ও সমাধিকালে সূক্ষ্মরূপে ক্ষেত্রজ্ঞ আত্মার সমীপে চিত্তের

আভাস।

দ্বারা পুরুষের পরিণাম কুত্রাপি নির্দেশ করা নাই। "ন জায়তে ম্রিয়তে বা", "অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো", আত্মা চেন্মলিনোঽস্বচ্ছো বিকারিশ্চ স্বভাবতঃ। ন হি তস্য ভবেন্মুক্তি র্জন্মান্তরশতৈরপি। ইত্যাদি শ্রুতি ও যুক্তি বলে আত্মার নিত্যত্ব, শুদ্ধত্ব, বুদ্ধত্ব ও মুক্তত্ব বিবিধ প্রকারে প্রতিপন্ন করা হইয়াছে। অতএব সংসার, বন্ধন এবং মুক্তি এক প্রকৃতিস্থানীয় চিত্তেরই ঘটিয়া থাকে। চিত্তের বিচিত্র পরিণাম আছে; সুতরাং অবস্থান্তরপ্রাপ্তি কেবল চিত্তেরই বলিয়া স্বীকার্য্য; চিত্তস্থ চিদানন্দময় পুরুষ নিজে অবিকারী; সুতরাং সংসারী না হইলেও, জলচন্দ্রন্যায়ে চিত্তের দোষে যেন বিকারী ও সংসারীর ন্যায় প্রতীত হন। অর্থাৎ জলাদিতে প্রতিবিম্বিত চন্দ্র যেমন জলের কম্পনাদিতে কম্পনাদিবিশিষ্টের ন্যায় প্রতীত হয়, প্রকৃত প্রস্তাবে চন্দ্রে কম্পনাদির কোন সংস্রবই ঘটে না, সেইরূপ চিত্তে উপহিত অহঙ্কারভাব চেতনরূপী জীব চিত্তধর্ম্মে সংসারীর ন্যায় প্রতীত হন মাত্র। চিত্তই যাবতীয় অনর্থ ও অর্থের মূল। চিত্ত এক অংশে পরিণত হইয়া মন, বুদ্ধি, অহঙ্কার, দশবিধ ইন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র ও পঞ্চ মহাভূত রূপে পরিণত হইয়া, যেমন কলেবরের সৃষ্টি করে, আবার সর্ব্বকারণরূপে একাংশস্বরূপে অবস্থান পূর্ব্বক চৈতন্যের বিম্বনের উপযুক্ত আধাররূপে সর্ব্বান্তরে অবস্থান করে। বীজ যেমন অঙ্কুরিত হইয়া স্কন্ধ, শাখা, পল্লব, মূল, ত্বক্ ও ফল পুষ্পাদিতে পরিণত হইয়াও পুনঃ বীজ-

তস্মান্মনোলিঙ্গমদো বদন্তি গুণাগুণত্বস্য পরাবরস্য ॥ ৭ ॥

অন্বয়ঃ।

এব পরাপরস্য উৎকৃষ্টাপকৃষ্ট-যোনি-সম্বন্ধস্য তথা গুণাগুণত্বস্য বন্ধমোক্ষয়োঃ, চ অদঃ মনঃ এব লিঙ্গং কারণং, ইতি বিবেকিনঃ বদন্তি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

হেতুত্বমুপসংহরন্ মোক্ষস্যাপি তদেব কারণমিত্যাহ তস্মাদিতি। অদো মনঃ লিঙ্গং কারণং গুণত্বং গুণাভিমানিত্বং অগুণত্বং তদ্রাহিত্যং তদেব পরং অবরঞ্চ তস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোক্ষস্যচ তৌচ সংসারমোক্ষৌ কস্য স্যাতামিত্যত আহ পরাবরস্য উৎকৃষ্ট-নিকৃষ্ট-জন-সম্বন্ধস্য পাঠক্রমো নাত্র বিবক্ষিতঃ। নিকৃষ্টস্য সংসারো ভবতি উৎকৃষ্টস্য তু মোক্ষ ইত্যর্থঃ ॥৭॥

ব্যাপার-সমূহ নিরন্তর উদ্ভাসিত থাকে। সুতরাং জীবের পক্ষে উৎকৃষ্ট বা অপকৃষ্ট যোনির সম্বন্ধ তথা বন্ধন ও মুক্তির ব্যাপার এক মনের অনুরোধেই ঘটে ; এই চিত্তকেই পূর্ব্বোক্ত যাবতীয় ব্যাপারের মূল কারণ বলিয়া বিবেকি-গণ কীর্ত্তন করিয়া থাকেন ॥ ৭ ।

আভাস।

পুনশ্চেতি যথা পূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ন বেদ ন পরমেশ্বরং জানাতি॥ ১৯॥

বন্ধনে আবদ্ধ থাকে। ভ্রমণ করিতে করিতে গিরিকন্দর সদৃশ ভীষণ রোগ বা নরকোৎপাদক শোকাদি যখন সমক্ষে উপস্থিত হয়, তখন তাহাতে পতিত হইয়া, বল্লীসদৃশ প্রাচীন কর্ম্মকেই অবলম্বন পূর্ব্বক অবস্থান করে॥ ১৮॥

হে অরিন্দম! এই প্রকারে বিবিধ দুঃখানুভবের পর কোনক্রমে আপদ্ হইতে নিষ্কৃতি লাভ করত, সেই জীব পুনরায় সার্থের মধ্যে প্রবিষ্ট হয়। অহো! এই সংসারপথে বিষ্ণুশক্তির প্ররোচনায় প্রবিষ্ট মানব কেহই আর এই সংসারমার্গের অতীত ভগবানকে সন্দর্শন করিতে সমর্থ হয় না॥ ১৯॥

আভাস।

আচারের প্রতি লক্ষ্য করিয়া ভগোদ্যম হয় ও বানরের ন্যায় শঠতার আচরণের দ্বারা সুখী হইতে অভিলাষী হয়। ফলের মধ্যে, বানরের ন্যায় মৈথুন্য-পরায়ণ হইয়া পড়ে মাত্র এবং মৃত্যুকালাবধি পূর্ব্বসঞ্চিত কর্ম্মরূপ শাখার উপর উপবেশন করত দাম্পত্য-সুখেই কালাতিপাত করে। গিরিকন্দর-সদৃশ প্রাণাপহারী রোগের দৌরাত্ম্য ও বিবিধ যাতনা নিরন্তর ভোগ করে এবং প্রতিমুহূর্ত্তে মৃত্যুর ভয়ে ভীত হইয়া থাকে॥ ১৬—১৮॥

রহূগণ ত্বমপি হ্যধ্বনোঽস্য সংন্যস্তদণ্ডঃ কৃতভূতমৈত্রঃ।
অসজ্জিতাত্মা হরিসেবয়া শিতং জ্ঞানাসিমাদায় তরাতিপারং॥ ২০॥
রাজোবাচ॥
অহো নৃজন্মাখিল জন্মশোভনং কিং জন্মভিস্ত্বপরৈরপ্যমুষ্মিন্।

অন্বয়ঃ।

হে রহূগণ! হি যস্মাৎ (ত্বমপি যতঃ অধ্বনি নিবেশিতঃ অতঃ) সংন্যস্তদণ্ডঃ (সংন্যস্তঃ ত্যক্তঃ ভূতেষু দণ্ডঃ পীড়া যেন সঃ) কৃতভূতমৈত্রঃ (কৃতা ভূতেষু মৈত্রী কৃপা যেন সঃ) তথা অসজ্জিতাত্মা (ন সজ্জিতঃ বিষয়েষু আত্মা মনো যস্য সঃ তথাভূতঃ সন্) ত্বমপি হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং, জ্ঞানলক্ষণং অসিং আদায় (মায়াং ছিত্ত্বা) অতিপারং হরিং তর গচ্ছ॥২০॥

রাজা রহূগণঃ উবাচ। অহো! অখিলজন্মসু শোভনং নৃজন্ম এব; অমুষ্মিন্ স্বর্গাদৌ অপরৈঃ দেবাদিজন্মভিঃ অপি তু কিং ফলং ন কিঞ্চিদিতি। যৎ যেষু স্বর্গাদি-

শ্রীধরস্বামী।

ত্বমপি অধ্বনি নিবেশিত ইত্যনুসঙ্গঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিচর! অসজ্জিতাত্মা বিষয়েষনভিনিবেশিতচিত্তঃ সন্ হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং॥ ২০॥

অখিলজন্মসু শোভনং নৃজন্মৈব ন পরং শ্রেষ্ঠং যেভ্যো দেবাদিজন্মভ্যঃ তৈরপি কিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বমপ্যধ্বনি নিবেশিত ইত্যন্বয়ঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিতর যাহি॥ ২০॥

কথমহমকস্মাদেবং কৃতার্থোঽভূবমিতি সাশ্চর্য্যং সবিতর্কমাহ অখিলজন্মসু মধ্যে অহোঽদ্ভুতেঽস্মিন্ মর্ত্ত্যলোকে নৃজন্মৈব শোভনং অমুত্র স্বর্গে পরং শ্রেষ্ঠং যেভ্যস্তৈ র্দেবাদি-জন্মভিঃ কিং যদ্‌যেষু বো মহাত্মনাং সমাগমো ন সংভবেৎ। কীদৃশানাং হৃষীকেশস্য

হে রহূগণ! আপনিও যখন মায়ায় প্রভাবে এই সংসারপথের পথিক হইয়াছেন, তখন ইহা হইতে অব্যাহতি লাভের জন্য আপনারও বিশেষ যত্ন করা প্রয়োজন। ইহার প্রধান উপায়ই জীবের প্রতি দয়া প্রকাশ করা। এবং কোন জীবের বিদ্রোহাচরণ না করিয়া যদি অনাসক্ত ভাবে আত্ম-সংযম করিতে পারেন, তাহা হইলে প্রকৃত প্রস্তাবে ভগবানের সেবা করা হইবে এবং এতদ্দ্বারা আপনার আত্মজ্ঞানরূপ বিষম অসি শাণিত হইলে, তদ্দ্বারা মায়াপাশ ছেদন করত আপনি অবলীলাক্রমে এই সংসারের অতীত পরম পদ পরমাত্মা বিষ্ণুকে লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই॥ ২০॥

রাজা রহূগণ বলিলেন, অহো! যাবতীয় যোনির মধ্যে মানব-যোনিকেই শ্রেষ্ঠ বলিয়া প্রতীত হইতেছে। মানবযোনি প্রাপ্ত হইলে, দেবলোকাদিতে দেবাদি যোনির প্রাপ্তি-কামনায়ও কোন প্রয়োজন দেখি না! কারণ নররূপে

ন যত্র হৃষীকেশযশঃ কৃতাত্মনাং মহাত্মনাং বঃ প্রচুরঃ সমাগমঃ॥ ২১॥
নহ্যদ্ভুতং তচ্চরণাব্জরেণুভির্হতাংহসো ভক্তিরধোক্ষজে মলা।
মৌহূর্ত্তিকাদ্‌যস্য সমাগমাচ্চ মে দুস্তর্কমূলোঽপহতোঽবিবেকঃ॥ ২২॥

অন্বয়ঃ।

জন্মসু বঃ যুষ্মাকং হৃষীকেশযশঃকৃতাত্মনাং (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশঃ নিয়ন্তা যঃ ভগবান্ তস্য যশসা কৃতঃ শোধিতঃ আত্মা অন্তকরণং যৈঃ তেষাং) মহাত্মনাং সমাগমঃ প্রচুরঃ ন ভবতি। অত্র নৃজন্মনি তু প্রচুরো ভবতি॥ ২১॥

(উপাসিতৈঃ) তচ্চরণাব্জরেণুভিঃ হতাংহসঃ (হতং অংহঃ যস্য তস্য) অধোক্ষজে ভগবতি অমলা ফলাভিসন্ধিরহিতা ভক্তিঃ ভবতি ইতি ন অদ্ভুতং আশ্চর্য্যং; হি যস্মাৎ যস্য তব মৌহূর্ত্তিকাৎ সমাগমাৎ দুস্তর্কমূলঃ (দুস্তর্কেণ বদ্ধমূলঃ) মে মম অবিবেকঃ দেহাদৌ আত্মাভাসঃ অপহতঃ বিনষ্টঃ॥ ২২॥

শ্রীধরস্বামী।

অমুষ্মিন্ স্বর্গেঽপি জন্মভিঃ কিং ন কিঞ্চিৎ। যৎ যেষু জন্মসু যত্র স্বর্গে বা বো মহাত্মনাং সমাগমঃ প্রচুরো নভবতি হৃষীকেশস্য যশসা কৃতঃ শোধিত আত্মা যৈস্তেষাং॥ ২১॥

সম্ভতং সমুপাসিতৈ স্তৎপাদরেণুভি র্হতমংহো যস্য তস্যাধোক্ষজে নির্ম্মলা ভক্তি র্ভবতীতি নৈবাদ্ভুতং যস্য তব তু মুহূর্ত্তমাত্রভবাৎ সমাগমমাত্রাদপি দুস্তর্কেণ বদ্ধমূলোঽপি মমাবিবেকো নষ্টঃ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তসর্ব্বেন্দ্রিয়াকর্ষকস্য হরের্যশোভিরেব কৃতা নির্ম্মিতা আত্মানো দেহমনোবুদ্ধিপ্রযত্ন-জীবাত্মানো যেষাং॥ ২১॥

নন্থ প্রচুর ইত্যুক্ত্যা কিং স্বল্পসঙ্গস্যানর্থকত্বং ব্রূষে মৈবমত্যৌৎসুক্যযন্ত্রিত এব তথা ব্রবীমীত্যাহ নহীতি। ব্রহ্মেন্দ্রাদিভিরপি দুর্ল্লভা ভগবত্যমলা ভক্তি র্যুষ্মচ্চরণ-ধূলি-প্রাপ্তি-মাত্রেণৈব ভবতীত্যেতদপি নাশ্চর্য্যং। আশ্চর্য্যং ত্বেতদেব যন্মদ্বিধানাং জ্ঞানলবদুর্ব্বিদগ্ধানা-মতিকূটযুক্তিবিপ্লুতধিয়াং চেতঃ পরাবৃত্তভক্তিযোগোন্মুখীকরণং তচ্চ মৌহূর্ত্তিকাদেব সমা-গমাদ্‌যদ্যভূত্তর্হি প্রচুরস্য সমাগমস্য মাহাত্ম্যং কো বক্তুং ক্ষমতামিতি তত্র মম স্বৌৎসুক্য-মেব ব্যঞ্জিতমিতি ভাবঃ॥ ২২॥

মর্ত্ত্যধামে অবস্থান কালে হৃষীকেশের লীলারসে বিধৌতচিত্ত আপনাদের ন্যায় মহাত্মাগণের শুভ সমাগম যেরূপ অনায়াসে প্রাপ্ত হওয়া যায়, এরূপ সমাগম অন্য কোন যোনিতেই পাইবার সম্ভাবনা দেখা যায় না॥ ২১॥

এতদ্দ্বারা সুস্পষ্ট প্রমাণ দেখা যায় যে, উপাসনার দ্বারা ভগবচ্চরণ-রজে বিধৌত-কল্মষ জীবের হৃদয়ে নিষ্কাম ভক্তির উদয় হওয়া কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে। কারণ আপনার ন্যায় ভক্তের সমাগম মুহূর্ত্তকালের

নমো মহদ্ভ্যোঽস্তু নমঃ শিশুভ্যো নমো যুবভ্যো নম আবটুভ্যঃ।
যে ব্রাহ্মণা গামবধূতলিঙ্গাশ্চরন্তি তেভ্যঃ শিবমস্তু রাজ্ঞাং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

মহদ্ভ্যঃ বৃদ্ধেভ্যঃ নমঃ অস্তু; শিশুভ্যঃ বালেভ্যঃ নমঃ; যুবভ্যঃ নমঃ অস্তু; আবটুভ্যঃ বটবঃ ব্রহ্মচারিণঃ তান্ অভিব্যাপ্য সর্ব্বেষু আশ্রমেভ্যঃ যে ব্রহ্মবিদঃ তেভ্যঃ সর্ব্বেভ্যঃ নমঃ অস্তু। অবধূতবেশেন অবস্থিতাঃ যে ব্রাহ্মণাঃ গাং পৃথিবীং, চরন্তি তেভ্যঃ রাজ্ঞাং শিবং কল্যাণং, অস্তু ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মবিদঃ কেন রূপেণ চরন্তীত্যজ্ঞানাৎ সর্ব্বান্ নমস্যতি নম ইতি। যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়ধৌরেয়া স্তানভিব্যাপ্য সর্ব্বেভ্যো নম ইত্যর্থঃ। স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদবজ্ঞাং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত শিবিকাং বহংস্তত্রভবান্ স্বং যদি নাজ্ঞাপয়িষ্যত্তদা মমাপরাধিনঃ কা গতিরভবিষ্যদিতি সভয়ং প্রণমতি নম ইতি আবটুভ্যঃ যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়মহিমান স্তানপ্যভিব্যাপ্য স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদপরাধং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

জন্য প্রাপ্ত হইয়াই দুস্তর্কের দ্বারা বদ্ধমূল আমার বিষম অবিবেক অনায়াসে দূরীভূত হইয়াছে ॥ ২২ ॥

অতএব মহামনা বৃদ্ধ ব্রাহ্মণগণকে আমি প্রণাম করি! বালক ব্রাহ্মণগণকে প্রণাম করি! যুবাগণকে প্রণাম করি! অধিক কি! ব্রহ্মচর্য্য হইতে আরম্ভ করিয়া সকল আশ্রমে অবস্থিত সকল ব্রাহ্মণকে আমি প্রণাম করি! প্রচ্ছন্ন অবধূতবেশে যে সকল ব্রাহ্মণ এই ধরণীতলে বিচরণ করিতেছেন, তাঁহাদের প্রসাদে যেন সকল রাজন্যবর্গেরই কল্যাণ-সাধন হয় ॥ ২৩ ॥

শুকদেব বলিলেন, হে উত্তরানন্দন! এই প্রকারে সেই ব্রহ্মর্ষিনন্দন ভরত স্বীয় অপমানকারী সিন্ধুপতি রহূগণের কৃত অত্যাচারকে উপেক্ষা

আভাস।

রহূগণ বলিলেন, সংসারে ব্রাহ্মণই মুক্তিলাভের পথ প্রদর্শন করাইয়া থাকেন। অতএব অন্যান্য বর্ণের পক্ষে অনুসন্ধান পূর্ব্বক ব্রাহ্মণের অনুসরণ করাই একান্ত প্রয়োজন। তাঁহাদিগকে উপেক্ষা করা কোন মতে বিধেয় নহে; তাঁহারা কখন কোন্ বেশে যে সংসারে বিচরণ করেন, তাহা নির্ণয় করা অতীব দুরূহ। অতএব আমার যেন সকল প্রকার ব্রাহ্মণের প্রতি শ্রদ্ধা ও ভক্তি থাকে, যাঁহাদের কল্যাণে বিশেষত রাজন্যবর্গ বিশেষরূপে মঙ্গল লাভ করিয়া থাকেন ॥ ২৩ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যেবমুত্তরামাত স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয় আত্মসতত্ত্বং বিগণয়তঃ পরানুভাবঃ পরমকারুণিকতয়োপদিশ্য রহূগণেন সকরুণমভিবন্দিতচরণঃ পূর্ণার্ণব ইব নিভৃতকরণোর্ম্ম্যাশয়ো ধরণীমিমাং বিচচার ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে উত্তরামাত (উত্তরা মাতা যস্য তৎসম্বোধনে) ইতি এব স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয়ে রহূগণায় বিগণয়তঃ স্বাপমানং কুর্ব্বতে, অপি পরমকারুণিকতয়া আত্মসতত্ত্বং বৈরাগ্যাদ্যুপকরণসহিতং আত্মজ্ঞানং উপদিশ্য তেন রহূগণেন সকরুণং সদৈন্যং, যথাস্যাৎ তথা অভিবন্দিতচরণঃ পরানুভাবঃ পরোপকারী পূর্ণার্ণবঃ নিভৃতকরণোর্ম্ম্যাশ্রয়ঃ (নিভৃতাঃ উপশান্তাঃ করণানাং উর্ম্ময়ঃ যস্মিন্ সঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ) ভরতঃ ইমাং ধরণীং বিচচার ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

উত্তরা মাতা যস্য হে উত্তরামত! বিগণয়তঃ ন গণয়তঃ অবমন্তর্য্যপি পরমকরুণাকরত্বেন সিন্ধুপতয়ে আত্মতত্ত্বমুপদিশ্য নিভৃতাঃ শান্তাঃ করণানাং উর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য ॥ ২৪

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত মহাভূরিভাগ এব রহূগণো যত্তাদৃশব্রহ্মতেজসি শিবিকাবাহনাদপরাদ্ধোঽপি তদনুগ্রহামৃতবৃষ্ট্যাভিষিক্তঃ কৃতার্থীবভূব। অহমতিমন্দভাগ্যো বিপ্রগলে সর্পার্পণাপরাধাত্তদপরাধাক্ষমাপণাত্তদভিশাপবিষদষ্টো ন জানে কিমদ্ধং তমো যাস্যামীতি বিষীদন্তং রাজানমাশ্বাসয়তি ইত্যেবমিতি। উত্তরা মাতা যস্যেতি ভো রাজন্ ত্বম্মাতুর্গর্ব্ভে প্রবিশ্য ব্রহ্মতেজসঃ সকাশাৎ ভগবান্ স্বয়মেব ত্বাং ররক্ষ স্বং দর্শয়ামাসচ পুনরপি সাম্প্রতং ব্রহ্মতেজসো রক্ষিতুং মামেতাংশ্চ নারদাদিমহামুনীন্ প্রেষ্য ত্বদন্তিকমানীয় এতেষামপারকৃপামৃতেন ত্বামভিষিচ্য ভাগবতামৃতং মদ্দ্বারা পায়য়ন্ সএব প্রভু র্ব্রহ্মতেজোঽপি ব্যর্থীচকার ইতি রহূগণাত্তস্মাত্তরতাচ্চ মত্তশ্চ এতেভ্যো মহামুনীভ্যশ্চ ত্বদীয়ং সৌভাগ্যমতিমহত্তমং ব্যঞ্জয়ামাস তদপি কিং বিষীদসীতি ভাবঃ। বিগণয়তঃ তিরস্কুর্ব্বতোঽপি পরোঽনুভাবো যস্মাৎ সঃ। সিন্ধুপতয়ে তস্মৈ আত্মতত্ত্বমুপদিশ্য সকরুণং সরোদনং নিভৃতাঃ শান্তাঃ করুণানামূর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য সঃ ॥ ২৪ ॥

করত বিশেষ করুণার প্রকাশে বৈরাগ্যাদি বিশেষ বিশেষ উপকরণ সহিত পরমাত্মতত্ত্বের উপদেশ তাঁহাকে প্রদান করিলে, রাজা রহূগণ স্বীয় অপরাধ স্বীকার পূর্ব্বক ভরতের যথাযোগ্য অভিবাদনাদি করিলেন। অনন্তর অচল জলধির ন্যায় উপশান্তচিত্ত সর্ব্বভূতোপকারী ভগবান্ ভরত তথা হইতে প্রস্থান করত ধরণীধামে ইতস্ততঃ পর্য্যটন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

সৌবীরপতি রাজা রহূগণও তাদৃশ সাধু ভরতের সন্নিধান হইতে ভক্তিও

সৌবীরপতিরপি সুজন-সমবগত-পরমাত্মসতত্ত্ব আত্মন্যবিদ্যারোপিতাঞ্চ দেহাত্মমতিং বিসসর্জ্জ ॥ ২৫ ॥

এবং হি নৃপ ভগবদাশ্রিতাশ্রিতানুভাবঃ ॥ ২৬ ॥

রাজোবাচ ॥

যো হ বা ইহ বহুবিদা মহাভাগবত ত্বয়াভিহিতঃ পারোক্ষেণ বচসা জীব-লোকভবাধ্বা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সৌবীরপতিঃ রহূগণঃ অপি সুজনাৎ ভরতাৎ সম্যক্ অবগতং পরস্য আত্মনঃ সতত্ত্বং তত্ত্বজ্ঞানেন সহিতং ভক্তিবৈরাগ্যাদিসাধনং যেন তথাবিধঃ সন্ আত্মনি অবিদ্যয়া আরোপিতাং দেহাত্মমতিং বিসসর্জ্জ তত্যাজ ॥ ২৫ ॥

হে নৃপ ! ভগবদাশ্রিতঃ যঃ ভরতঃ তদাশ্রিতঃ যঃ রহূগণঃ তস্যাপি অনুভাবঃ প্রভাবঃ এবম্ভূতঃ জাতঃ ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মহাভাগবত ! ত্বয়া বহুবিদা সর্ব্বজ্ঞেন, ইহ ভরত-রহূগণ-সম্বাদে পারোক্ষেণ বচসা (বণিক্-সার্থক-রূপকে) যঃ জীবলোকস্য ভবাধ্বা সংসারমার্গঃ, হ ইতি আশ্চর্য্যে, বা ইতি উক্তার্থস্মরণে অভিহিতঃ কথিতঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

সুজনাৎ তস্মাৎ সম্যগবগতং পরমাত্মসতত্ত্বং যেন তথাভূতঃ সন্ তদানীমেব দেহে আত্মমতিঞ্চ বিসসর্জ ॥ ২৫ ॥

হে নৃপ ভগবদাশ্রিতো ভরত স্তদাশ্রিতো রহূগণঃ যস্তস্যানুভাবঃ সদ্যোদেহাহঙ্কার-ত্যাগঃ ॥ ২৬ ॥ পরোক্ষেণ বণিক্সার্থরূপকেণ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুজনাৎ শ্রীমদ্ভরতাৎ আত্মনি স্বস্মিন্ যা অবিদ্যা অনাদিত এব প্রবৃত্তা তয়া অধ্যারোপিতাং দেহে আত্মমতিং আত্মবুদ্ধিং ॥ ২৫ ॥

ভগবদাশ্রিতো ভরত স্তদাশ্রিতো রহূগণঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

বৈরাগ্যাদি সাধনসম্পন্ন আত্মজ্ঞান লাভ করত, অবিদ্যার প্রভাবে অধ্যস্ত দেহাত্মবুদ্ধি পরিত্যাগ করিলেন ॥ ২৫ ॥

হে নরনাথ ! ভগবানের আশ্রিত ভরত ! কিন্তু সেই ভরতকে আশ্রয় করিয়া রাজা রহূগণের যেরূপ ফল-প্রাপ্তি হইয়াছিল, তাহাও অদ্ভুত এবং অনির্ব্বচনীয় ! ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ তখন শুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহা-ভাগবত ! আপনি সর্ব্বজ্ঞ ! এই ভরত ও রহূগণের সম্বাদ উপলক্ষে বণিক্সার্থ

সহ্যার্য্যমনীষয়া কল্পিতবিষয়ো নাঞ্জসাব্যুৎপন্নলোকসমধিগমঃ ॥ ২৮ ॥
অথ তদেবৈতৎ দুরধিগমং সমবেতানুকল্পেন নির্দ্দিশ্যতামিতি ॥ ২৯ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
পঞ্চমস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

অন্বয়ঃ।

সঃ হি আর্য্যাণাং বিবেকিনাং, মনীষয়া বুদ্ধ্যা, কল্পিতবিষয়ঃ কল্পিতাঃ লক্ষিতাঃ বিষয়াঃ এব। অব্যুৎপন্নস্য কল্পনাশক্তিরহিতস্য লোকস্য ন অঞ্জসা সাক্ষাৎ ব্যাখ্যানমন্তরেণ ন সমধিগমঃ ন অববুদ্ধবিষয়ঃ ভবতি ॥ ২৮ ॥

অথ তস্মাৎ এতৎ তৎ দুরধিগমং বিষয়ং সমবেতানুকল্পেন দার্ষ্টান্তবাচকশব্দেন নির্দ্দিশ্যতাং ইতি ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশাধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আর্য্যাণাং বিবেকিনাং মনীষয়ৈব দস্যুস্থানীয়ানীন্দ্রিয়াণি গোমায়ুস্থানীয়ান্যপত্যাদীনি ইত্যেবং কল্পিতবিষয়ঃ। অব্যুৎপন্নস্যাতু লোকস্য জনস্য সম্যগধিগম্যো ন ভবতি ॥ ২৮ ॥

অথ অত স্তদেতদেব ভবাধ্বরূপং সমবেতানুকল্পেন প্রস্তুতে তদনুরূপার্থোপকল্পনেন ॥২৯॥

॥ * ॥ ইতি পঞ্চমে ত্রয়োদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্য্যস্যাতিবিদুষএব মনীষয়া উত্তমবুদ্ধ্যা কল্পিতবিষয়দস্যুস্থানীয়াপত্যাদয়ো যস্য সঃ ॥ ২৮ ॥

দুরধিগমং দার্ষ্টান্তানামনুক্তত্বাৎ। সমবেতেন সমুচিতেন অনুকল্পেন দার্ষ্টান্তবাচক-শব্দেন ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োদশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

রূপকচ্ছলে পরোক্ষ-বাক্যের প্রয়োগে যেরূপ সংসারমার্গের বর্ণনা করিলেন, তাহা অতি আশ্চর্য্য এবং বর্ণনযোগ্যই বটে ! ॥ ২৭ ॥

এই সকল ভবদীয় বর্ণনা বিবেকী বিচক্ষণ ব্যক্তিগণের পক্ষে অনায়াসে বোধগম্য বটে, কিন্তু কল্পনাশক্তিতে সম্পূর্ণ অপরিচিত স্বল্পবুদ্ধি ব্যক্তির পক্ষে ধারণা করা ত কোনমতেই সম্ভবপর নহে। ইহার সরল ব্যাখ্যা করা আপনার নিতান্তই আবশ্যক ॥ ২৮ ॥

অতএব তাদৃশ দুর্ব্বোধ্য বিষয়গুলিকে উপযুক্তরূপ উদাহরণ বাক্যের দ্বারা সম্যক্ নির্দ্দেশ করত আমার বাসনা পূর্ণ করুন্ ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥

সহোবাচ ॥ ১ ॥

স এষ দেহাত্মমানিনাং সত্ত্বাদিগুণবিশেষবিকল্পিতকুশলাকুশলসমবহার-বিনির্ম্মিতবিবিধদেহাবলিভি র্বিয়োগসংযোগাদ্যনাদিসংসারানুভবস্য দ্বার-ভূতেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ দুর্গাধ্ববদসুগমে ঽধ্বন্যাপতিত ঈশ্বরস্য

অন্বয়ঃ।

পরীক্ষিতা যঃ পৃষ্টঃ সঃ শ্রীশুকঃ হ হর্ষেণ উবাচ ॥ ১ ॥

যথা যঃ এষঃ বণিক্‌সার্থঃ (বণিজাং সার্থঃ সমূহঃ) অর্থার্জ্জনপরঃ (কণ্টকাদিভিরসুগমে মার্গে পতিতঃ অটবীং যাতি) তথা অয়ং জীবলোকঃ ঈশ্বরস্য ভগবতঃ বিষ্ণোঃ বশবর্ত্তিন্যা মায়য়া মোহিতঃ তত্তৎসুখার্থী সন্ দেহাত্মমানিনাং অজ্ঞানাং যে সত্ত্বাদয়ঃ গুণবিশেষাঃ তৈঃ বিকল্পিতানি ভিন্নানি কুশলানি পুণ্যানি অকুশলানি পাপানি তেষাং সমবহারভূতান রজসা

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে ভবারণ্য-রূপক-ব্যাকৃতিঃ কৃতা।

প্রস্তুতে দস্যুগোমায়ুমশকাদ্যর্থকল্পনৈঃ ॥ * ॥

যঃ পরীক্ষিতা পৃষ্টঃ স শ্রীশুক উবাচেতি সূতোক্তিঃ ॥ ১ ॥

দুরত্যয়েঽধ্বন্যজয়া নিবেশিত ইতি যদুক্তং তদেব বননিবেশনপ্রকারকথনেন প্রপঞ্চয়তি। স এষ প্রসিদ্ধো জীবলোকঃ অয়ং বিষ্ণো র্মায়য়া অসুগমে অধ্বন্যাপতিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দস্যুক্রোষ্টু প্রভৃতিভিরুক্তৈঃ সহ চতুর্দ্দশে।

ইহেন্দ্রিয়কুটুম্বাদ্যা স্তদ্দার্ষ্টান্তা নিরূপিতাঃ ॥ * ॥

স শ্রীশুকো হ স্পষ্টমুবাচ ॥ ১ ॥

স এষ প্রসিদ্ধো জীবলোকঃ সংসারাটব্যাং গতঃ সন্নদ্যাপি হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরা গুরুভজনাসক্তা ইত্যর্থঃ। তেষামনুকূলাং পদবীং নাবরুন্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ। তেন শ্রীগুরুচরণাশ্রয়ং বিনা সংসারাটব্যাং ভ্রমত্যেবেতি ভাবঃ। কীদৃশঃ দেহাত্মমানিনাং

মহারাজ পরীক্ষিতের তাদৃশ প্রশ্ন শ্রবণ করিয়া, যোগিবর শুকদেব প্রসন্ন-চিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১ ॥

হে রাজন্! অর্থোপার্জ্জনের লালসায় বণিক্‌দল যেমন কণ্টকাদি সমাকীর্ণ এবং বিবিধ উপদ্রববিশিষ্ট দুর্গম পথে যাত্রা করিয়া অরণ্যমধ্যে প্রবেশ করে, এই ভবধামের মানবও সেইরূপ সর্ব্বেশ্বর ভগবান্ বিষ্ণুর বশবর্ত্তী মায়ায়

আভাস।

চতুর্দ্দশ অধ্যায়ে রূপকচ্ছলে বর্ণিত ভবাটবীর স্বরূপার্থ বর্ণিত হইয়াছে ॥

রাজা পরীক্ষিতের প্রশ্নে শুকদেব বলিলেন, হে নরনাথ! ভবাটবীর বিশেষ বর্ণন করিতেছি, শ্রবণ কর! জীব যখন আত্মস্বরূপ অবলোকনে উদাসীন হইয়া, দেহকেই আত্মা-

ভগবতো বিষ্ণো র্বশবর্ত্তিন্যা মায়য়া জীবলোকোঽয়ং যথা বণিক্সার্থোঽর্থপরঃ স্বদেহনিষ্পাদিত-কর্ম্মানুভবঃ শ্মশানবদশিবতমায়াং সংসারাটব্যাং গতো

অন্বয়ঃ।

মিশ্রাণি যানি ত্রিবিধকর্ম্মাণি তৈঃ বিনির্ম্মিতাভিঃ বিবিধপ্রকারাভিঃ দেবতির্য্যঙ্‌মনুষ্যাদি-দেহাবলিভিঃ বিয়োগসংযোগাদিলক্ষণঃ যঃ অনাদিঃ সংসারঃ তদনুভবস্য দ্বারভূতেন পঞ্চজ্ঞানে-ন্দ্রিয়মনোলক্ষণেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ প্রসিদ্ধকণ্টকাদিভিঃ দুর্গাধ্ববৎ অসুগমে অধ্বনি প্রবৃত্তিমার্গে আপতিতঃ স্বদেহনিষ্পাদিতকর্ম্মানুভবঃ (দেহনিষ্পাদিতানাং কর্ম্মণাং দুঃখাদি-ফলদ্বারেণ অনুভবঃ যস্য সঃ) বিফলবহুপ্রতিযোগেহঃ (বিফলাঃ চ বহুপ্রতিযোগাঃ বহুবিঘ্নাঃ

শ্রীধরস্বামী।

ভবাটবীং গতঃ সন্ হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরাঃ সেবকাস্তেষামনুপদবীং তৈরনুষ্ঠিতং ভক্তিমার্গমদ্যাপি নাবরুদ্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ। মায়ায়াঃ স্বকার্য্যদ্বারেণ সংসার-মার্গপাত-হেতুত্বমাহ দেহাত্মমানিনাং সত্ত্বাদিগুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশলবিমিশ্রকর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভির্বিবিধদেহাবলিভির্বিয়োগ-সংযোগাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধ্বন্যাপতিতঃ দুর্গাধ্ববৎ প্রসিদ্ধদুর্গমার্গে ইব সত্ত্বাদিগুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশলবিমিশ্রকর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভি র্বিবিধ-দেহাবলিভির্বিয়োগসংযোগ-তদুত্থসুখদুঃখরূপস্যানাদেঃ সংসারস্য যোঽনুভবস্তস্য। নন্বু জীবসংসারস্য মায়াকৃত-ত্বান্মায়াদেবীমেব জীবঃ প্রপদ্যতাং সৈব প্রসন্না তং বন্ধান্মোচয়িষ্যতি কিং হরিগুরুচরণ-

---

মোহিত হইয়া, সুখলাভের প্রত্যাশায় দেহাত্মবাদী অনভিজ্ঞ ব্যক্তিগণের প্রদর্শিত পুণ্যাবহ সাত্ত্বিক, পাপবহ তামসিক এবং উভয়মিশ্রিত রাজসিক এই গুণময় ত্রিবিধ কর্ম্মের অনুষ্ঠানে সংগৃহীত নানা প্রকার দেব তির্য্যক্ ও মনুষ্যাদি যোনি-সমূহের সংযোগ ও বিয়োগরূপ অনাদি সংসারভাবের অনুভূতির দ্বারভূত পঞ্চজ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্‌বিধ ইন্দ্রিয়গ্রামের প্ররোচনায় পূর্ব্বোক্ত তাদৃশ ভীষণ কণ্টকাদি প্রতিবন্ধকপূর্ণ দুর্গম প্রবৃত্তিমার্গে সম্যগ্ রূপে পতিত হইয়া, তাৎকালিক দেহকৃত কর্ম্মের দুঃখাদি ফল নিরন্তর

আভাস।

জ্ঞানে অগ্রসর হয়, তখনই তাহার সংসার প্রকৃত প্রস্তাবে আরব্ধ হইয়া থাকে। জীব তখন দেহের মঙ্গলামঙ্গলের চিন্তায় উদ্বিগ্ন হইয়া পুণ্যপাপাত্মক বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করে এবং পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্‌বর্গের দ্বারা সাংসারিক ভোগে লিপ্ত হইয়া থাকে। কিন্তু ভোগে শান্তি নাই; আত্মানুভবেই যে কেবল শান্তি বিদ্যমান, তাহা তাহারা স্বপ্নেও অনুভব করিতে পারে না; সুতরাং ভোগজনিত আধ্যাত্মিকাদি তাপত্রয়ে নিরন্তর পরি-তাপিত হইতে থাকে। ঐন্দ্রজালিক ক্রিয়া দর্শনেই কখন ঐন্দ্রজালিকত্বের মর্ম্মে প্রবেশ

নাদ্যাপি বিফল-বহু-প্রতিযোগেহস্তত্তাপোপশমনীং হরিগুরুচরণারবিন্দমধুকরানু-পদবীমবরুন্ধে ॥ ২ ॥

অন্বয়ঃ।

ঈহাঃ চেষ্টাঃ ক্রিয়াঃ চ যস্য সঃ মানবঃ) শ্মশানবৎ অশিবতমায়াং (শবসম্বন্ধেন তথা মলমূত্রাস্থিমাংসাদিভিঃ সর্ব্বদাশুদ্ধায়াং সংসারাটব্যাং গতঃ অদ্যাপি তত্তাপোপশমনীং (তস্যাং সংসারাটব্যাং অধ্যাত্মাধিদৈবিকাধিভৌতিকাদিনাং তাপানাং উপশমনীং হরিগুরুচরণারবিন্দ-মধুকরানুপদবীং (হরিগুরুচরণারবিন্দেযু যে মধুকরাঃ ইব সেবকাঃ তেষাং অনুপদবীং অনুষ্ঠিতং ভক্তিমার্গং) ন অবরুন্ধে ন প্রাপ্নোতি ইতি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

যোহনাদিসংসার স্তদনুভবস্য দ্বারভূতেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ সংসাররূপে দুর্গমমার্গবৎ অনুগমে অধ্বন্যাপতিতঃ যথা বণিজাং সার্থঃ সমূহঃ অর্থার্জনপরঃ। স্বদেহনিষ্পাদিতানাং কর্ম্মণাং ফলদ্বারেণানুভবো যস্য বিফলাশ্চ বহুপ্রতিযোগা বহুবিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ। তস্যাং সংসারাটব্যাং যে তাপাস্তেষামুপশমনীং নাশনীং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রপত্ত্যা তত্রাহ বিষ্ণোর্বশবর্ত্তিন্যা মায়য়েতি সংসারমোচনেন তস্যাঃ স্বাতন্ত্র্যমিতি ভাবঃ। যদুক্তং দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে। ইতি গীতায়াং অত্র শ্লোকে এবকারেণ সমুচ্চয়পক্ষোঽপি নিরস্তীকৃতঃ বিফলাশ্চ বহু-বিপ্রতিযোগা বহুবিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ ॥ ২ ॥

অনুভব করত শ্মশানতুল্য অমঙ্গলপূর্ণ মল, মূত্র ও অস্থি এবং মাংসাদি বিবিধ অশুদ্ধ পদার্থে সর্ব্বত্র সমাচ্ছন্ন সংসার-বনে পর্য্যটন করিয়া থাকে। তৎকালে তাহারা দুঃখ-নিবারণার্থ বিবিধ চেষ্টা করিলেও প্রতিপদে বিঘ্নবাহুল্য বশত বিফল-প্রযত্নই হইয়া পড়ে। কিন্তু কি আশ্চর্য্য! এ পর্য্যন্ত তাহারা কেহ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক তাপত্রয়ের উপশমনকারী সর্ব্বগুরু শ্রীহরির চরণারবিন্দস্থচিন্মকরন্দের একান্ত ভক্ত মধুকরসদৃশ ভাগবত সেবক-গণের অনুষ্ঠিত ভক্তিমার্গের অনুসরণ করিতে কোনমতে সমর্থ হয় না ॥ ২ ॥

আভাস।

করা যায় না; কারণ ঐন্দ্রজালিক ব্যাপার যেমন ক্রিয়ার উপর আধিপত্য করে, দর্শকের দৃষ্টি-শক্তির উপরও তাদৃশ আধিপত্য করিয়া, দর্শককেও তত্তদ্রূপ অবলোকন করায়। ভগবচ্ছক্তি মায়ার দ্বারা সংসার রচিত; সুতরাং জীবের চিত্তও তদ্রূপে বিমোহিত। জীব মুগ্ধচিত্তে প্রকৃত অশিব শ্মশানতুল্য সংসারকেও শান্তির আকরজ্ঞানে সেবা করিতে প্রার্থনা করে। এবং সুখের লালসায় মাত্র বহুবিধ ক্লেশ সহ্য করিয়া থাকে। ভোগলাভের আশাই সুখ; ভোগ্য বস্তুর প্রাপ্তি ঘটিলে, তাহার রক্ষণাদিজনিত দুঃখের পীড়নে পূর্ব্বকল্পিত সুখ

যস্যামুহ বা এতে ষড়িন্দ্রিয়নামানঃ কর্ম্মণা দস্যব এব তদ্‌যথা পুরুষস্য ধনং যৎ কিঞ্চিদ্ধর্ম্মৌপয়িকং বহুকৃচ্ছ্রাধিগতং সাক্ষাৎ পরমপুরুষারাধন-

অন্বয়ঃ।

যস্যাং ভবাটব্যাং, এতে ষড়িন্দ্রিয়নামানঃ কর্ম্মণা দস্যবঃ এব। যথা কুনাথস্য কুবুদ্ধেঃ অজিতাত্মনঃ অবশীকৃত-দেহাদি-সংঘাতস্য, পুরুষস্য যৎকিঞ্চিৎ বহুকৃচ্ছ্রাধিগতং বহুকষ্টেন প্রাপ্তং, সাক্ষাদ্ধর্ম্মৌপয়িকং ধর্ম্মকারণং ধনং তৎ ধর্ম্ম্যং ধর্ম্মার্হং ধনং ইন্দ্রিয়াণি দর্শন-স্পর্শন-

শ্রীধরস্বামী।

যস্যামিত্যাদি ব্যাচষ্টে যস্যাং ভবাটব্যাং দস্যুতুল্যা স্তেষাং কর্ম্ম দর্শয়তি তদ্‌যথেতি ধর্ম্মৌপয়িকং ধর্ম্মকারণং তমেব স্বাভিপ্রেতং ধর্ম্মমাহ সাক্ষাদিতি। তত্ত সাম্পরায়ে পরলোকার্থ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্যামিমে ইতি ব্যাচষ্টে। যস্যামুহেতি যথা পুরুষস্য বহুকৃচ্ছ্রাধিগতং ধর্ম্মোপযোগি ধনং দস্যবো বিলুম্পন্তি তত্তথা ইন্দ্রিয়নামানঃ ষড়েতে কর্ম্মণা স্বস্বব্যাপারেণ দর্শনাদিনা অজিতাত্মনো জনস্য ধনং বিলুম্পন্তীত্যন্বয়ঃ। তৎপদস্য বৈয়র্থ্যাভাবায় ব্যবহিতান্বয়ঃ

এই ভবাটবীতে যে ছয়টী দস্যুর নাম উল্লেখ করা হইয়াছে, তাহারা নামে ছয়জন ইন্দ্রিয়; কিন্তু কার্য্যে তাহারাই প্রকৃত ছয় জন দস্যু। কারণ বহুকষ্টে ধর্ম্মসঞ্চয়ার্থ সংগৃহীত মানবের ধর্ম্মধন এই ইন্দ্রিয়বর্গই স্ব স্ব বৃত্তির প্রশ্রয়ে বৃথা গ্রাম্যোপভোগের উপলক্ষেই ব্যয়িত করায়। এবং অজিতেন্দ্রিয়

আভাস।

বা শান্তি তাহাকে পরিত্যাগ করিয়া দূরে পলায়ন করে। জীব কিন্তু তাহাতেও ক্ষান্ত না হইয়া, তদপেক্ষা অভিনব ভোগের লালসায় পুনরায় যত্ন করিতে থাকে। ফল কেবল তদুপলক্ষে আচরিত কর্ম্মের অনুরোধে তাহাকে নিরন্তর বিপর্য্যস্ত হইতে হয়; সার বস্তুর অন্বেষণ করা আর ঘটে না। সংসারতাপে পরিতপ্ত জীবের পক্ষে ভগবদ্ভক্তির অনুষ্ঠান করাই এক মাত্র ব্যাপার। ভগবানের প্রসাদে ভাগবতী মায়া সুপ্রসন্না হইয়া, ভক্তের সন্নিধানে সংসার-রচনায় নিবৃত্তা হন। সুতরাং ভক্তের আশা মিটিয়া যায়; অভিনব বলিয়া আর কোন বিষয়ের প্রতি ভক্তের লক্ষ্য বা আকাঙ্ক্ষা থাকে না। পূর্ব্বে যাহাকে উপাদেয় জ্ঞানে প্রশংসা করিয়াছিল, এক্ষণে তাহাকেই আবার "স্থানাদ্বীজাদুপষ্টম্ভান্নিস্পন্দান্নিধনাদপি। কায়মাধেয়শৌচত্বাৎ পণ্ডিতা হ্যশুচিং বিদুঃ" ॥ উৎপত্তির স্থান মাতৃগর্ভ, উৎপত্তির বীজ শুক্রশোণিত, নিরন্তর পরিবর্ত্তনশীলতা এবং তাহার বিনাশাদির বিষয় আলোচনা করিয়া আত্মারূপে পূর্ব্বে কল্পিত দেহকে তুচ্ছ, হেয় ও অপদার্থবোধে জ্ঞানিগণ উপেক্ষা করিয়াই থাকেন। এই ভক্তি কিন্তু সহজে প্রাপ্ত হওয়া যায় না; ভক্তগুরুর অনুসরণ করা একান্ত আবশ্যক ॥ ২ ॥

এই ভবাটবীর দস্যু পর নহে; নিজের ইন্দ্রিয়বর্গই নিজের প্রধান শত্রু। যে চিত্তের দ্বারা পরাৎপর পরমেশকে ধারণা করিতে পারিলে জীব জীবন্মুক্তি লাভ করে, ইন্দ্রিয়বর্গ

লক্ষণো যোঽসৌ ধর্ম্মস্তন্তু সাম্পরায় উদাহরন্তি। তদ্ধর্ম্ম্যং ধনং দর্শন-স্পর্শন-শ্রবণাস্বাদনাবঘ্রাণ-সংকল্প-সমবসায়-গৃহ-গ্রাম্যোপভোগেন কুনাথস্যাজিতাত্মনো যথা সার্থস্য তথা বিলুম্পন্তি॥ ৩॥

অন্বয়ঃ।

শ্রবণাস্বাদনাবঘ্রাণ-সংকল্প-সমবসায়ৈঃ (সংকল্প-ব্যবসায়ৌ মনসঃ) যঃ গৃহে গ্রাম্যঃ উপভোগঃ তেন বিলুম্পন্তি নাশয়ন্তি। যঃ অসৌ সাক্ষাৎ ফলাভিসন্ধিমন্তরেণ পরমপুরুষঃ পুরুষোত্তমস্য ভগবতঃ আরাধনলক্ষণঃ ধর্ম্মঃ সঃ এব ধর্ম্মত্বেন অভিহিতঃ যতঃ তৎ সাম্পরায়ে পরলোকে, উপকারহেতুত্বেন বৃদ্ধাঃ উদাহরন্তি কথয়ন্তি॥ ৩॥

শ্রীধরস্বামী।

মুদাহরন্তি তদ্ধর্ম্ম্যং ধর্ম্মার্হং ধনং দর্শনাদ্যাঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণাং বৃত্তয়ঃ। সংকল্প-ব্যবসায়াবন্তঃকরণস্য; এতৈ গৃহে যো গ্রাম্য উপভোগ স্তেন কুনাথস্য কুবুদ্ধে রজিতাত্মনো বিলুম্পন্তি। যথা চৌরাঃ কুপালকস্য অনবহিতাত্মনঃ সার্থস্য ধনং হরন্তি তদ্বৎ॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোঽব্যঃ। ধনমেব কিমিত্যপেক্ষায়ামাহ সাক্ষাদিতি। সাম্পরায়ে পরলোকার্থং তদ্ধর্ম্ম্যং ভগবৎসেবার্হমিত্যর্থঃ। সংকল্পো মনসঃ। সমবসায়ো ব্যবসায়ঃ সচ বুদ্ধে র্ব্যাপারঃ। যথা কুনাথস্য কুনায়কস্য অজিতাত্মনঃ অবশীকৃতাত্মীয়লোকস্য বণিক্‌সার্থস্য চৌরা হরন্তি তথা॥ ৩॥

পুরুষও কুবুদ্ধির পরামর্শে প্রাকৃতিক বস্তুর দর্শন, শ্রবণ, স্পর্শ, স্বাদ গ্রহণ, গন্ধ গ্রহণ এবং সংকল্প ও ইষ্টানিষ্ট বিচারের দ্বারা স্বীয় অন্তরস্থ পরম ধন বৃথা অপব্যয় করিয়া থাকে। অহো! সর্ব্বপ্রকার ফলপ্রাপ্তির আশা পরিত্যাগ করিয়া, পরমপুরুষ ভগবানের আরাধনাই যে মানবের একমাত্র অনুষ্ঠেয় ধর্ম্ম এবং পরলোকে পরমপুরুষার্থ লাভের এক মাত্র হেতু, তাহা বিবেকী বৃদ্ধগণ সকলে একবাক্যে বর্ণন করিয়া থাকেন॥ ৩॥

আভাস।

বিষয়ের সম্পর্কে সেই চিত্তকে আলোড়িত করত জগৎপ্রতীতির আদর্শস্থল করিয়া তুলে। বৃত্তিশূন্য চিত্তই মুক্তির স্বরূপ ও ভগবৎসাক্ষাকারের প্রধান উপকরণ; সেই চিত্তে বৃত্তির আবেগে যদি বিষয় স্তূপকে আনয়ন করা হয়, তবে তদপেক্ষা অনিষ্টের ব্যাপার আর অধিক কি হইবে!॥ ৩॥

শৃগালাদির নাম করিয়া যে সকল লুণ্ঠনকারীর উল্লেখ করা হইয়াছে, তাহারা স্বয়ং সংসার-ক্ষেত্রের অতি প্রিয়পাত্র পুত্রকলত্রাদি। বাহিরের দস্যু প্রভৃতির নিকট হইতে কত সতর্কতার সহিত যে ধন সংগ্রহ রাখা হইয়াছে; এমন কি! নিজের জীবন-যাত্রারও সঙ্কোচ করত যে ধনের পরিবর্দ্ধন করা হইয়াছে; ধর্ম্মার্থে ব্যয় করিবার কালে নিজের

অথচ যত্র কৌটুম্বিকা দারাপত্যাদয়ো নাম্না কর্ম্মণা বৃকশৃগালা এবানিচ্ছতোতিকদর্য্যস্য কুটুম্বিন উরণকবৎ সংরক্ষ্যমাণং মিষতোঽপহরন্তি ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অথচ যত্র সংসারমার্গে কৌটুম্বিকাঃ নাম্না দারাপত্যাদয়ঃ অপি কর্ম্মণা তু বৃকশৃগালাঃ এব। যতঃ উচিতধর্ম্মস্বশরীরাদিনির্ব্বাহার্থং অপি ধনব্যয়ং অনিচ্ছতঃ অপি কদর্যস্য কুটুম্বিনঃ ধনং তস্য মিষতঃ পশ্যতঃ, এব ত্বং মম ভর্ত্তা পিতা ইতি ত্বদীয়মিদং অস্মদর্থং ইতি বদন্তঃ সংরক্ষমাণং উরণকবৎ মেষবৎ, বৃকাঃ ইব অপহরন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

গোমায়বো যত্র ইত্যেতদ্ব্যাচষ্টে অথচেতি অথ চেত্যর্থান্তরোপন্যাসে কর্ম্মণাবৃত্তে নতু বৃকাঃ শৃগালাঃ অতিকদর্য্যস্য অতিলুব্ধস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গোমায়বো যত্রেত্যেতদ্ব্যাচষ্টে। অথচেতি অপহরন্তশ্চেত্যর্থঃ। সংরক্ষ্যমাণা অন্নবস্ত্রাদিভিস্তুয়া বয়মবশ্যপাল্যা এব ভবামেতি ন্যায়মিষেণ অপহরন্তীত্যস্য কর্ম্মপদং পূর্ব্বোক্তং স্বার্থিকমন্নগুড়ঘৃতাদিসংপুটং জ্ঞেয়ং। অত্র দস্যূনাং গোমায়ুনাঞ্চ দুর্ব্বারত্বস্যাধিক্যন্যূনত্বাভ্যাং ভেদো জ্ঞেয়ঃ ॥ ৪ ॥

ভবারণ্যে প্রচুর গোমায়ু অবস্থান করিতেছে যে বলা হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে, সংসারক্ষেত্রে যাহারা স্ত্রী পুত্রাদি স্বজন নামে অভিহিত, তাহারাই কার্য্যত বৃক শৃগালাদির অনুরূপে ব্যবহার করিয়া থাকে। কারণ উপযুক্তরূপ ধর্ম্মের অনুষ্ঠানে এবং স্বীয় দেহযাত্রা নির্ব্বাহার্থও যে ধন একান্ত ব্যয় করা প্রয়োজন, তাহাও যে সংসারী মানব ব্যয় করিতে অসম্মত, তাহারই নিকট "আপনি আমার পিতা, কেহ বলে আপনি আমার স্বামী; আপনার ধনে আমারই অধিকার" এইরূপ বলিয়া, মেষাপহরণকারী বৃকের ন্যায়, কুটুম্বীর যাবতীয় ধন হরণ করিয়া লয় ॥ ৪ ॥

আভাস।

হৃদয় পঞ্জর চূর্ণ বিচূর্ণ হইতেছে বলিয়া যাহার জন্য মনোমধ্যে উৎকণ্ঠা বা নিরাশাসের বেগ আসিত, সেই ধন, পুত্র কলত্রাদি প্রিয়জন অনায়াসে গ্রহণ করে। কেবল ধন লইয়াই তাহারা ক্ষান্ত হয় না, সঙ্গে সঙ্গে মনকেও লয় এবং এক মুহূর্ত্তের জন্য কুটুম্বীকে নিশ্চিন্ত হইয়া ঈশ্বরের আরাধনায় নিমগ্ন থাকিতে দেয় না ॥ ৪ ॥

ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন যে, "ক্লেশমূলঃ কর্ম্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ।" কর্ম্মের সংস্কার বীজরূপে চিত্তমধ্যে নিহিত থাকে। একটী বালক দেখিয়া আমরা মনে করিতে পারি যে, তাহার হৃদয়ে কোনরূপ পাপ বা পুণ্য নাই; সঙ্গের গুণে বা দোষে বালক অভিনব ভাবসমূহ হৃদয়ে ক্রমশঃ ধারণা করে; কিন্তু এ যুক্তি ভ্রান্তিমূলক।

যথা হ্যনুবৎসরং কৃষ্যমাণমপ্যদগ্ধবীজং ক্ষেত্রং পুনরেবাবপনকালে গুল্ম-তৃণ-বীরুদ্ভির্গহ্বরমিব ভবতি এবমেব গৃহাশ্রমঃ কর্ম্মক্ষেত্রং যস্মিন্ন হি কর্ম্মাণ্যুৎ-সীদন্তি যদয়ং কামকরণ্ড এষ আবসথঃ। তত্র গতো দংশমশকসমাপসদৈর্ম্মনুজৈঃ

অন্বয়ঃ।

যথাহি শষ্যক্ষেত্রং অনুবৎসরং প্রতিবর্ষং (হলাদিনা) কৃষ্যমাণং অপি অদগ্ধবীজং (ন দগ্ধানি বীজানি যস্মিন্ তথাভূতং সৎ) আবপনকালে পুনঃ এব গুল্মতৃণবীরুদ্ভিঃ গহ্বরং আচ্ছন্নং ইব ভবতি এবং অয়ং গৃহাশ্রমঃ কর্ম্মক্ষেত্রং যস্মিন্ কদাপি কর্ম্মাণি ন হ্যুৎসীদন্তি ন শাম্যন্তি। যৎ যস্মাৎ যঃ অয়ং আবসথঃ আশ্রমঃ সঃ এষঃ কামানাং নানাবিধমনোরথানাং করণ্ডঃ ভাজনবিশেষঃ। (তত্র গৃহাশ্রমে গতঃ কচিৎ দংশমশকসমৈঃ পীড়াকরৈঃ অপসদৈঃ নীচৈঃ মনুষ্যৈঃ শলভ-শকুন্ত-তস্কর-মূষকাদিভিঃ চ উপরুদ্ধমানঃ প্রপীড্যমানঃ বহিঃপ্রাণঃ বিক্ষিপ্তচিত্তঃ,

শ্রীধরস্বামী।

প্রভূতবীরুত্তৃণগুল্মগহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে যথাহীতি। ন দগ্ধানি বীজানি যস্মিন্ যদ্যস্মাৎ যোঽয়ং আবসথ আশ্রম এষ কামানাং করণ্ডঃ যথা কর্পূরক্ষয়েঽপি পরিমলো ন ক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ ন কর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ। দংশমশকতুল্যৈরপসদৈ নীচৈঃ শলভাদিভিশ্চ উপরুধ্যমানঃ পীড্যমানঃ বহিঃপ্রাণো বিত্তং যস্য তথাবিধোঽপ্যস্মিন্নধ্বনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রভূতবীরুত্তৃণগুল্মগহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে। যথেতি। এষ আবসথঃ আশ্রমো যদযস্মাৎ কামানাং করণ্ড ইতি। যথা হিঙ্গুক্ষয়েঽপি গন্ধো ন ক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ ন কর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ॥

যে শষ্যক্ষেত্র হইতে কুশাদির বীজ নিঃশেষে নির্হরণ করা না হয়, সে ক্ষেত্র যদি শষ্যোৎপাদনার্থ প্রতিবৎসর হলাদিযোগে অতি উত্তমরূপেও কর্ষণ করা যায়, তথাপি শষ্যবপনকালে গুল্মলতাদিতেই যেমন সেই ক্ষেত্র অতি সত্বর সমাকীর্ণ হইয়া পড়ে, সেইরূপ এই গৃহাশ্রম পূর্ব্বসঞ্চিত কর্ম্মের ক্ষেত্র; ভক্তি ও জ্ঞানের উদ্দীপনার্থ যত্নবান্ হইলেও পূর্ব্বসঞ্চিত প্রারব্ধবীজ কোনমতে বিনিবৃত্ত থাকে না। পুনঃ পুনঃ প্ররূঢ় হইতেই থাকে। যেমন বীজ-ধান্যাদির একটী পাত্র থাকে; সেইরূপ এই গৃহাশ্রমটী ও বিচিত্র কামনার আশ্রয়-স্বরূপ পাত্রবিশেষ। এই গৃহাশ্রমে প্রবেশ করিলে, জীবকে দংশ-মশকতুল্য পীড়াদায়ক অতি অপকৃষ্ট ক্রূরস্বভাব মানবগণ কর্ত্তৃক সতত বিব্রত হইতে হয়।

আভাস।

প্রাচীনের ন্যায় বালকের হৃদয়ে সুষুপ্তভাবে তাহার পূর্ব্বসঞ্চিত সংস্কারজাল অবস্থান করে; তবে বালকত্ব নিবন্ধন তাহার ইন্দ্রিয়াদি দেহাবয়ব উপযুক্তরূপ ভাব গ্রহণে অসমর্থ

শলভ-শকুন্ত-তস্কর মুষিকাদিভিরুপরুধ্যমানবহিঃপ্রাণঃ ক্বচিৎ পরিবর্ত্তমানা-হস্মিন্নধ্বন্যবিদ্যাকামকর্ম্মভিরুপরক্তমনসানুপপন্নার্থং নরলোকং গন্ধর্ব্বনগর-মুপপন্নমিতি মিথ্যাদৃষ্টিরনুপশ্যতি ক্বচিদাতপোদকনিভান্ বিষয়ানুপধাবতি পান-ভোজন-ব্যবায়াদি-ব্যসনলোলুপঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ অধ্বনি প্রবৃত্তিমার্গে, পরিবর্ত্তমানঃ পরিভ্রমন্, অবিদ্যয়া কামকর্ম্মভিশ্চ উপরক্তেন ব্যাপ্তেন মনসা মিথ্যাদৃষ্টিঃ (মিথ্যা দৃষ্টিঃ দর্শনং জ্ঞানং যস্য সঃ) গন্ধর্ব্বনগরং তদ্বদনুপপন্নমপি অনুপপন্নার্থং (অনুপপন্নাঃ ক্ষণান্তরে দুঃস্থাঃ অর্থাঃ পদার্থাঃ যস্মিন্ তথাভূতং) নরলোকং উপপন্নং এব অনু অনুক্ষণং পশ্যতি। অতএব পানভোজনব্যবায়াদিষু ব্যসনেন লোলুপঃ লম্পটঃ জীবঃ ক্বচিৎ আতপোদকনিভান্ মৃগতৃষ্ণাজলতুল্যান্ (প্রারব্ধং বিনা সর্ব্বথা দুর্ল্লভান্ বিষয়ান্) স্বীকর্ত্তুং উপধাবতি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী

পরিভ্রমন্ অবিদ্যাদিভিরুপরক্তেন মনসা গন্ধর্ব্বপুরতুল্যং অঘটমানং নরলোকং সত্যতয়া মিথ্যাদৃষ্টিরনুপশ্যতি প্রপশ্যতীতি। প্রশব্দসূচিতমর্থান্তরং দর্শয়তি তত্রচ গন্ধর্ব্বপুরে ক্বচিদাত-পোদকং মৃগতৃষ্ণাজলং তত্তুল্যান্ বিষয়ান্ উপধাবতীতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কঠোরদংশৈরিত্যেতদ্ব্যাচষ্টে। অত্রেতি অপসদৈ র্নীচৈরুপরুধ্যমানঃ পীড্যমানো বহিঃ-প্রাণো বিত্তং যস্য সঃ। ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদিতি। পরিবর্ত্তমানঃ পরাবৃত্য পরামৃশন্ উপরক্তং যন্মন স্তেন ন উপপন্নোঽর্থোবিত্তং যতস্তং নরলোকং বন্ধক-নৃপাদিকং পশ্যতি ততশ্চ তদুপাসনয়া বাঞ্ছিতবিত্তাদিকং উপপন্নমিতি গন্ধর্ব্বনগরমিব তমনু-পশ্যতি। ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদুপলক্ষিতমর্থান্তরং দর্শয়তি আতোপদকং মৃগ-তৃষ্ণাতত্তুল্যান্ বিষয়ানুপধাবতি ॥ ৫ ॥

শলভ শকুন্ত ও মুষিকস্বভাব তস্করগণ বিষম অত্যাচার করত গৃহস্থের সর্ব্বস্ব লুণ্ঠন করিয়া থাকে; তথাপি সংসারী পুরুষ এই গৃহাশ্রমের পথে পরিভ্রমণ করিতে ক্ষান্ত থাকে না; অনবরত পরিবর্ত্তনশীল এই প্রবৃত্তিমার্গে পরিভ্রমণ জন্য বিক্ষিপ্তচিত্ত জীব অবিদ্যার কুহকে কাম ও কর্ম্মসমূহে একান্ত বিক্ষিপ্ত ও ভ্রান্ত হইয়া, মিথ্যাজ্ঞাননিবন্ধন গন্ধর্ব্বনগরতুল্য কাল্পনিক বস্তুকে প্রকৃত সুখকর-বোধে তৎপ্রতিই নিরীক্ষণ করিতে থাকে; তাহার

আভাস।

থাকায়, বালক নিরীহ ও অজ্ঞানীর ন্যায় প্রতীত হয়। বালক দেখিলে বুঝিতে হইবে যে, জন্মান্তরের একজন প্রাচীনই এই বালকরূপে ক্রীড়া করিতেছে! বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে দেহাবয়ব ও ইন্দ্রিয়বর্গ যেমন পরিপক্ব হইতে থাকে, তাহার চিত্ত ও চিত্তস্থ সংস্কাররাশিও

ক্বচিচ্চাশেষদোষনিষদনং পুরীষবিশেষং তদ্বর্ণগুণনির্ম্মিতমতিঃ সুবর্ণ-

অন্বয়ঃ।

ক্বচিচ্চ অশেষাণাং দোষাণাং (হিংসা-পরস্ত্রীগমন-দ্যূত-মদ্যপানাদীনাং নিষদনং স্থানং কারণং পুরীষবিশেষং অগ্নেঃ বিষ্ঠারূপং সুবর্ণং অগ্নিকামকাতরঃ (অগ্নিকামেন কাতরঃ শীতাদি-

শ্রীধরস্বামী।

ক্বচিৎ ক্বচিচ্চাগুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিচ্চাশেষাণাং দোষাণাং নিষদনং স্থানং পুরীষবিশেষং অগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতো বর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্বচিৎ ক্বচিচ্চাগুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিচ্চেতি পুরীষবিশেষমগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতো বর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা তদ্বিষয়া মতি র্যস্য সঃ;

অলিকত্বের বিষয় একবার ধারণা করিতেও সক্ষম হয় না। অতএব পান, ভোজন ও স্ত্রীসম্ভোগাদির উৎকণ্ঠায় একান্ত লোলুপ ভোগলম্পট সংসারী জীব মায়ামরীচিকাবৎ মিথ্যাভূত ভোগেরই অনুসরণ নিত্য করিয়া থাকে; অথচ প্রারব্ধ ব্যতীত ভোগ যে পাওয়া যায় না, তাহা একবারও স্মরণ করে না॥ ৫॥

আভাস।

ক্রমশ সেইরূপ প্রকটীত হইতে থাকে। অতএব জন্মজন্মান্তররূপ অনন্ত সংসার-স্রোত জীবের নিরন্তর প্রবাহিত হইতেছে। কিন্তু সেই সংসারের বিনিবৃত্তি করিতে হইলে, সংস্কারসমূহকে হৃদয় হইতে বিলুপ্ত করিতে হইবে। অতএব যাহাতে সংস্কারানুরূপ ভোগের সংস্রব না ঘটে, তজ্জন্য বিশেষ যত্ন করা বিধেয়। পুনঃ পুনঃ ভোগের দ্বারা তজ্জাতীয় সংস্কার পূর্ণা-বয়বে হৃদয়ে জাগুরুক থাকে; সুতরাং ভোগে পুনঃ প্রবৃত্তি আইসে; সংসারও অনিবার্য্য হয়। এই গৃহাশ্রম সংস্কারানুরূপ ভোগেরই আনুকূল্য করিয়া থাকে। সংসার জ্ঞানীর হৃদয়েও বাসনার উদয় করিয়া দেয়। মহামায়া সংসারক্ষেত্রে এমনই বস্তুনিচয়ের সংস্থান করিয়াছেন যে, একান্ত বিবেকবিশিষ্ট বিচক্ষণ জ্ঞানীর হৃদয়কেন্দ্রস্থ বিলুপ্তপ্রায় বাসনাও স্বানুরূপ বিষয়ের মিলনে নবীন বেশে পরিবর্দ্ধিত হইয়া উঠে। সুতরাং কামীর নিকট গৃহাশ্রমই কর্ম্মবীজের আশ্রয়। কিন্তু দুঃখের বিষয় এই যে, ভোগে তৃপ্তি নাই; অনন্ত বিঘ্ন ভোগে প্রতিবন্ধক দেয়। যাহারা পূর্ব্বজন্মে যথেষ্ট সুকৃতি করিয়াছেন, তাঁহাদের অদৃষ্টেই পার্থিব সুখ সুপ্রতুল হয়, নতুবা প্রায় আশা করাই সার হয় মাত্র। মুষিকাদি যেমন পরোক্ষে বা প্রত্যক্ষে কৃষকের ক্লেশারোপিত শস্যাদি অবলীলাক্রমে বিবর মধ্যে অপহরণ করে, উপকারীর বেশে স্বজন স্বজাতি বিজাতি ও রাজন্যবর্গ গৃহীর ক্লেশোপার্জ্জিত ধন সম্পত্তিও অপহরণ করত, তাহাকে দুঃখের গভীর গহ্বরে নিপাতিত করে। তথাপি গৃহীর সাধ নিবৃত্ত হয় না। সে পুনরায় আশার কুহকে ভাসমান হইয়া, নূতন আয়োজনে যত্ন করে; কিন্তু পূর্ব্বাপরানুচিন্তনে কখনই বদ্ধপরিকর হয় না॥ ৫॥

মুপাদিৎসত্যগ্নিকামকাতর ইবোল্মুকপিশাচং ॥ ৬ ॥

অথ কদাচিন্নিবাসপানীয়দ্রবিণাদ্যনেকাত্মোপজীবনাভিনিবেশ এতস্যাং সংসারাটব্যামিতস্ততঃ পরিধাবতি ॥ ৭ ॥

অন্বয়ঃ।

পীড়িতঃ জনঃ জাজ্বল্যমানং ততস্ততো ধাবন্তং) উল্মুকপিশাচং (অগ্নিবুদ্ধ্যানুধাবতি) তথা অয়ং তদ্বর্ণগুণনির্ম্মিতমতিঃ (তস্য সুবর্ণস্য ইব লোহিতঃ বর্ণঃ যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতঃ উৎপাদিতা মতিঃ যস্য সঃ) উপাদিৎসতি গ্রহিতুং ইচ্ছতি ॥ ৬ ॥

অথ কদাচিৎ নিবাসাদিষু অনেকেষু আত্মনঃ স্বস্য উপজীব্যেষু অভিনিবেশঃ যস্য সঃ এতস্যাং সংসারাটব্যাং ইতস্ততঃ পরিধাবতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তদ্বিষণ্ণা মতির্যস্য সঃ। সুবর্ণমুপাদাতুমিচ্ছতি অগ্নিকামেন কাতরঃ পরবশঃ উল্মুকসদৃশঃ পিশাচমিব শীতাতুরো হি অরণ্যে হ্যগ্নিবজ্জাজ্বল্যমানং ততস্ততো ধাবন্তমুল্মুকপিশাচমগ্নিবুদ্ধ্যা অনুধাবতি নতু তৎ প্রাপ্নোতি কথঞ্চিৎ প্রাপ্তশ্চেৎ তর্হি তেন ভক্ষিতঃ সন্ ম্রিয়তে এবং সুবর্ণমনুপধাবন্নপীত্যর্থঃ ॥ ৬ ॥

নিবাসতোয়দ্রবিণেত্যেতদ্ব্যাচষ্টে অথেতি। নিবাসাদিষু আত্মন উপজীব্যেষু অভিনিবেশো যস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুবর্ণমিতি পরকীয়দ্রব্যমাত্রস্যোপলক্ষণং আদাতুমিচ্ছতি নরকে পতিতুমিচ্ছতি ইতি ভাবঃ। শীতাদিত্রাণার্থমরণ্যে ভ্রমন্নগ্নিকামেন কাতরো যথা উল্মুকতুল্যং পিশাচমগ্নিবুদ্ধ্যা ধাবতি মর্ত্তুমিতি ভাবঃ ॥ ৬ ॥　　নিবাসতোয়দ্রবিণাত্মবুদ্ধিরিত্যেতদ্ব্যাচষ্টে অথেতি ॥ ৭ ॥

ভীষণ অরণ্যমধ্যে শীতার্ত্ত ব্যক্তি যেমন অগ্নিলাভের প্রত্যাশায় পলায়ন-পরায়ণ অগ্নিমুখ পিশাচের অনুধাবন করিয়া থাকে, সেইরূপ পরহিংসা পরস্ত্রীগমন দ্যূত ও মদ্যপানাদি অশেষ দোষের নিদানভূত অগ্নির বিষ্ঠাস্বরূপ অগ্নির ন্যায় বর্ণবিশিষ্ট অতএব অগ্নির তুল্য উপাদেয় জ্ঞানে সুবর্ণকেই গ্রহণার্থ ভবাটবীর মানব ইচ্ছা করিয়া থাকে ॥ ৬ ॥

কখনও বা বাসার্থ নিরত্যয় স্থান ও অট্টালিকাদি, স্নান পানার্থ স্বচ্ছ

আভাস।

পিপাসার্ত্ত ব্যক্তি যেমন মায়ামরীচিকার প্রতি ধাবিত হয়, গৃহী মানব সেইরূপ সুখের প্রত্যাশায় সুবর্ণের প্রতি ধাবিত হয়। এবং তজ্জন্য বিবিধ যাগ যজ্ঞাদিরও অনুষ্ঠান করে। কিন্তু যাগ যজ্ঞের অমৃতস্বরূপ স্বর্গ ও চিত্তশুদ্ধিরূপ প্রধান উপাদেয়ের প্রাপ্তির প্রতি দৃষ্টি না করিয়া, অগ্নির বিষ্ঠারূপ সুবর্ণকেই তাহারা আপাতত ভোগোপধায়ক অমৃত বলিয়া মনে করে; এবং তৎপ্রাপ্তির জন্যই নিরন্তর প্রার্থনা করে ॥ ৬ ॥

কচিচ্চ বাতৌপম্যয়া প্রমদয়ারোহমারোপিত স্তৎকালরজসা রজনীভূতা ইবাসাধুমর্য্যাদো রজস্বলাক্ষো দিগ্দেবতা অতিরজস্বলমতি র্ন বিজানাতি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

কচিৎ কদাচিৎ চ বাত্যৌপম্যয়া চক্রবাতসদৃশ্যা, প্রমদয়া আরোহং অঙ্কং, আরোপিতঃ তৎকালরজসা (তস্মিন্ কালে উত্থিতেন রজঃকার্য্যেণ তস্যাং রাগেণ রজস্বলাক্ষঃ বিনষ্ট-বিবেকঃ, অতএব অসাধুমর্য্যাদঃ ত্যক্তমর্য্যাদঃ, রজন্যাং রাত্রৌ ভূতাঃ ইব সর্ব্বতঃ সঞ্চারিণ্যঃ তত্তৎকর্ম্মসাক্ষীভূতাঃ দিগ্দেবতাঃ ন বিজানাতি। যতঃ অতিরজস্বলমতিঃ (অতিশয়েন রজস্বলাঃ রজোগুণব্যাপ্তঃ মতিঃ যস্য সঃ তথাভূতঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

কচিচ্চ বাত্যোত্থিত ইত্যেতদ্ব্যাচষ্টে কচিচ্চেতি। আরোহমঙ্কং তস্মিন্ কালে যদ্রজো-রাগ স্তেন স্বদৃষ্ট্যাবরকেণ রজন্যাং রাত্রৌ ভূতা ইব হ্রস্বপাঠে রজনীভূত স্তমোময় ইব অতীব রজসাচ্ছন্নমতিঃ অতএব রজোব্যাপ্তচক্ষুরিব দিক্ষু স্থিতা মর্য্যাদাতিক্রমসাক্ষিভূতা দেবতা ন জানাতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কচিচ্চ বাত্যোত্থিতেত্যেতদ্ব্যাচষ্টে। বাত্যয়া সহৌপম্যমুপমা যস্যাস্তয়া আরোহমঙ্কং। তস্মিন্ কালে যদ্রজঃ রজস্বল্যঃ কামবেগ স্তেন স্বদৃষ্ট্যাচ্ছাদকেন স্পষ্টা অপি দিগ্দেবতা বহ্নি-সূর্য্যাদ্যা রজনীভূতা অদৃশ্যা ইব রজস্বলাক্ষোঽন্ধ ইব রজস্বলমতিঃ কামান্ধীকৃতমতিঃ পশ্যন্তীরপি তা ন জানাতি। রজনীভূত ইতি পাঠে তমোময়ঃ ॥ ৮ ॥

সরোবরাদি এবং প্রচুর ধনাদি স্বীয় উপজীব্য পদার্থের প্রতি একান্ত আসক্ত হইয়া, তৎপ্রাপ্তির প্রত্যাশায় নিরন্তর এই সংসারবনে পরিভ্রমণ করিয়া থাকে ॥ ৭ ॥

সংসারবনে চক্রবাত-প্রভাবে ধূলিপটলাবৃত্ত দিক্ সমূহ রজোরুদ্ধদৃষ্টি ব্যক্তি নয়নগোচর করিতে পারে না, বলিয়া পূর্ব্বে যে বর্ণন করা হইয়াছে তাহার তাৎপর্য্য এই যে, চক্রবায়ুরূপে নিরন্তর চঞ্চলস্বভাবা প্রমদার অঙ্কে আলিঙ্গিত কামুক পুরুষ কামিনীর প্রেমে এতই আসক্ত হয় যে, তৎকালে কাম চরিতার্থের ব্যাপার ব্যতীত অন্য কোন কর্ত্তব্যের প্রতিই তাহাদের লক্ষ্য পড়ে না। ভদ্রোচিত সকল কার্য্যেই তখন তাহারা উদাসীন হয় এবং

আভাস।

উত্তম অট্টালিকা, পবিত্র সরোবর, উর্ব্বরা শালি ক্ষেত্র এবং নিরোগ দেহের লালসায় মানব নিরন্তর ব্যতিব্যস্ত হয়; এবং একবার স্বপ্নেও ভাবে না যে, এই সকল পরিত্যাগ করিয়া তাহাকে যখন নিশ্চয়ই প্রস্থান করিতে হইবে, তখন এতদ্দ্বারা তাহার সদ্গতির জন্য সম্বল কি থাকিবে? মানব যখন কামিনীর কোমল অঙ্কে আরোহণ করে, তখন সমগ্র

ক্বচিৎ সকৃদবগত-বিষয়-বৈতথ্যঃ স্বয়ং পরাভিধ্যানেন বিভ্রংশিতস্মৃতিস্তয়ৈব মরীচিতোয়প্রায়াংস্তানেবাভিধাবতি ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ চ সকৃৎ অবগতং জ্ঞাতং বিষয়াণাং বৈতথ্যং বৈপরীত্যং যেন সঃ তথা পরাভিধ্যানেন দেহাত্মাভিমানেন বিভ্রংশিতা ক্বতস্য দেহাদিভিন্নাত্মতত্ত্বস্য স্মৃতিঃ যস্য সঃ জীবঃ তয়া এব বিভ্রংশিতয়া স্মৃত্যা এব স্মৃতিভ্রংশাদেব দুর্ল্লভত্বেন মনোরথাপূরকত্বেন মরীচিতোয়তুল্যান্ তান বিষয়ান্ এব অভিধাবতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অনুপাদেয়মেব উপাদেয়তয়া গৃহ্ণাতি ইতি প্রক্রমসাজাত্যাদুত্তরশ্লোকচতুর্থপাদং প্রথমং ব্যাচষ্টে ক্বচিৎ সকৃদিতি। ক্বচিদাতপোদকনিভানিত্যত্র মিথ্যাবিষয়ে লম্পটত্বমুক্তং। নিবাসতোয়েত্যত্র তদর্জ্জনপ্রয়াস উক্তঃ। অত্রতু বাধিতেষপি পুনঃ প্রবৃত্তি রুচ্যত ইতি অপৌনরুক্ত্যং স্বয়মেব সকৃদবগতং বিষয়াণাং বৈতথ্যং বিফলত্বং যেন। পরাভিধ্যানেন দেহাভিনিবেশেন বিভ্রংশিতা স্মৃতি র্যস্য তয়ৈব বিভ্রংশিতয়া স্মৃত্যা স্মৃতিভ্রংশাদেবেত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র ক্বচিৎ ক্রমেণ ক্বচিৎ ক্রমোল্লঙ্ঘনেন ক্বচিৎ পৌনরুক্ত্যেনাপি ব্যাখ্যানং নাবগণনীয়ং। নহি মহাটব্যাঃ সর্ব্বএব পন্থা ঋজুকর্ত্তুং শক্য ইতি অত্র স্বপ্রৌঢ়িমপহায় যথাস্থিতমেব ব্যাখ্যায়তে। মরীচিতোয়ান্যভিধাবতি ক্বচিদিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিদিতি সকৃদেকবারং অবগতং বিষয়াণাং বৈতথ্যং নৈষ্ফল্যং যেন সঃ। তদপি তানেব বিষয়ান্ মরীচিতোয়প্রায়ান্ পুনঃ পুনরভিধাবতি পরাভিধ্যানেন দেহাভিনিবেশেন বিভ্রংশিতা স্মৃতি র্যস্য সঃ। তয়ৈব বিভ্রংশিতয়া স্মৃত্যা স্মৃতিভ্রংশাদেবেত্যর্থঃ ॥ ৯ ॥

রজনীকালে ভূত প্রেতাদি নিশাচরগণ যেমন ধরণীপৃষ্ঠে পরিভ্রমণ করিয়া বেড়ায়, অথচ নরলোক তাহার অনুসন্ধান করে না, সেইরূপ অন্ধের ন্যায় আগ্রহ সহকারে স্ত্রীসম্ভোগে ব্যাপৃতচিত্ত সংসারী মানব তাৎকালিক কর্ম্মের সাক্ষীভূত নিরন্তর সমীপবর্ত্তী অগ্নিসূর্য্যাদি দিগ্‌দেবতাগণকেও কোনরূপ লক্ষ্য করে না ; বা তৎবিষয়ের অনুসন্ধানও রাখে না ॥ ৮ ॥

আশ্চর্য্য ! যে ব্যক্তি বিষয়ের দোষ পূর্ব্বে বিলক্ষণ প্রতীতি করিয়াছেন, তিনিও আবার দেহ গেহাদিতে আত্মবুদ্ধি-নিবন্ধন এতই ভ্রান্ত হন যে, পূর্ব্বশ্রুত দেহাদি হইতে পৃথক্ এবং সম্পূর্ণ তদতিরিক্ত আত্মস্বরূপের ভাব তিনি

আভাস।

ব্রহ্মাণ্ড তাহার স্মৃতিপথ হইতে বিচ্যুত হয়। একবারও মনে ভাবে না যে, সামান্য নরপতি প্রজাপালনার্থ যখন কত প্রহরী নিযুক্ত রাখেন, যাহারা নিরন্তর তত্ত্বাবধারণ করত

ক্বচিদুলূকঝিল্লীস্বনবদতিপরুষ-রভসাটোপং প্রত্যক্ষং পরোক্ষম্বা রিপুরাজ-কুলনির্ভৎ‍‍র্সিতেন অতিব্যথিতকর্ণমূলহৃদয়ঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ উলূক-ঝিল্লী-স্বনবৎ অতিপরুষঃ দুঃসহঃ রভসঃ উৎসাহঃ তেন আটোপঃ সংভ্রমঃ যথা ভবতি তথা প্রত্যক্ষং পরোক্ষং বা রিপূণাং রাজকুলস্য চ নির্ভৎর্সিতেন দুর্ব্বচনেন অতি ব্যথিতং কর্ণমূলং হৃদয়ং চ যস্য সঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অদৃশ্যঝিল্লীস্বনেত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদুলূকেতি। অতিপরুষো রভস উৎসাহ স্তেনাটোপঃ সংভ্রমো যথা ভবতি এবং রিপূণাং রাজকুলস্যচ নির্ভৎর্সিতেনাতিব্যথিতং কর্ণমূলং হৃদয়ঞ্চ যস্য ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদৃশ্যঝিল্লীস্বনেনেত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদুলূকেতি অতিপরুষো রভস উৎসাহ স্তেনাটোপঃ সংভ্রমো যত্র তদ্‌যথাস্যাত্তথানির্ভৎর্সনেন ॥ ১০ ॥

সম্পূর্ণ বিস্মৃত হন; এবং প্রকৃত মায়ামরীচিকা যেমন পিপাসা নিবারণে সম্পূর্ণ অসমর্থ, সেইরূপ মনোরথ পূরণে সম্পূর্ণ অপারক দুর্ল্লভ অথচ অকিঞ্চিৎকর বিষয়সমূহের অভিমুখেই সংসারী মানব কেবল স্মৃতিভ্রংশ-নিবন্ধনই অগ্রসর হইয়া থাকে ॥ ৯ ॥

যেমন উলূক ও ঝিল্লীগণের অতীব দুঃসহ কর্কশ ধ্বনিতে কর্ণ বধিরপ্রায় এবং হৃদয় বিরক্ত হয়, সেইরূপ বিষয়লম্পট সংসারের মানবকেও পরোক্ষে এবং প্রত্যক্ষে শত শত শত্রু ও রাজকুলের কঠোর ভৎর্সনা-বাক্যে নিরন্তর তিরস্কৃত ও মর্ম্মতাড়িত হইতে হয় ॥ ১০ ॥

পূর্ব্বসঞ্চিত প্রারব্ধ-ফলেই ঐহিকের সুখ ও দুঃখাদি জীব উপভোগ করিয়া থাকে। সুতরাং সুকৃতির ফলে আনীত সুখসম্ভোগ উপভুক্ত হইবার

আভাস।

প্রজাবর্গের সকল কার্য্য পর্য্যবেক্ষণ পূর্ব্বক রাজাকে পরিজ্ঞাত করে ও তদনুরূপ ব্যবস্থা করায়, তখন সর্ব্বেশ্বর ভগবান্‌ প্রহরীরূপে মানবের অজ্ঞাতসারে কত প্রহরী দেবতা নিযুক্ত রাখিয়াছেন, যাঁহারা কামী মানবের অকালে ও অসঙ্গত ভাবে রমণের বৃত্তান্ত ভগবানকে অবগত করাইয়া অনায়াসে তাহার কর্ম্মানুরূপ ব্যবস্থা করাইবে ॥ ৭ ॥ ৮ ॥

অহো! সংসারী মানব এতই ভ্রান্ত যে, জানিয়াও জানে না এবং বুঝিয়াও বুঝে না; প্রতিপদে অপদস্থ হইয়াও, যত্ন করিতে ত্রুটি করে না। আশা ও যত্ন করিতে গিয়া, কত গঞ্জনা ও লাঞ্ছনা সহ্য করিতে হয়; তথাপি নিরস্ত হয় না ॥ ৯ ॥ ১০ ॥

স যদা দুগ্ধপূর্ব্বসুকৃত স্তদা কারস্করাদ্যপুণ্যক্রম-লতা-বিষোদ-পানবদু-ভয়ার্থশূন্য-দ্রবিণান্ জীবন্মৃতান্ স্বয়ং জীবন্ ম্রিয়মাণ উপধাবতি ॥ ১১ ॥

একদা অসৎপ্রসঙ্গাৎ নিকৃতমতির্ব্যুদকস্রোতঃস্খলনবদুভয়তোঽপি দুঃখদং

অন্বয়ঃ।

সঃ যদা দুগ্ধং উপভুক্তং পূর্ব্বং সুকৃতং পুণ্যং যেন সঃ তথাভূতঃ ভবতি তদা কারস্করঃ বিষতিন্দুকঃ বৃক্ষবিশেষঃ, তৎপ্রমুখাঃ যে অপুণ্যক্রমাঃ তথাবিধাঃ লতাঃ চ বিষোদপানাঃ বিষযুতাঃ কূপাঃ চ তদ্বদুভয়ার্থশূন্যদ্রবিণান্ দৃষ্টাদৃষ্টপ্রয়োজনশূন্যধনান্ অতএব জীবন্মৃতান্ স্বয়মপি জীবন্ম্রিয়মাণঃ এব উপধাবতি বিষয়ভোগার্থং ধনাশয়া সেবতে ॥ ১১ ॥

একদা কদাচিৎ অসৎপ্রসঙ্গাৎ (অসতাং যঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ তস্মাৎ) নিকৃতমতিঃ (নিকৃতা সন্মার্গাৎ বিচ্ছিন্না মতিঃ যস্য সঃ) উদকস্রোতঃস্খলনবৎ (যথা নিরুদক-নদীগর্ত্ত-পতিতস্য

শ্রীধরস্বামী।

অপুণ্যবৃক্ষানিত্যেতদ্ব্যাচষ্টে স যদেতি। দুগ্ধং উপভুক্তং পূর্ব্বসুকৃতং যেন কারস্করো বিষতিন্দুকঃ তৎপ্রমুখা যেঽপুণ্যক্রমা স্তথাবিধা লতাশ্চ বিষোদপানাশ্চ বিষকূপা স্তত্তুল্যান্ দৃষ্টাদৃষ্টপ্রয়োজনশূন্যধনান্ ॥ ১১ ॥

কচিদ্বিতোয়াঃ সরিত ইত্যেতদ্ব্যাচষ্টে। একদা কচিদসতাং প্রসঙ্গাৎ নিকৃতা বঞ্চিতা মতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপুণ্যবৃক্ষানেতদ্ব্যাচষ্টে স যদেতি দুগ্ধমুপভুক্তং পূর্ব্বসুকৃতং যেন সঃ। কারস্করো-বিষতিন্দুকঃ। তৎপ্রমুখা যে হপুণ্যক্রমা স্তথাবিধা লতাশ্চ বিষকূপাস্তত্তুল্যান্ দৃষ্টাদৃষ্ট-প্রয়োজন-শূন্য-ধনান্ ॥ ১১ ॥

কচিদ্বিতোয়াঃ সরিত ইত্যেতদ্ব্যাচষ্টে। একদা অসতাং প্রসঙ্গান্নিকৃতা বঞ্চিতা মতি র্যস্য

পর, মানব অবসন্নপ্রায় হইয়া পড়ে; এবং কোন্ উপায়ে পুনরায় পূর্ব্ববৎ সুখময় ভোগের সংগ্রহ করিবে, এই মিথ্যা আশায় প্রণোদিত হইয়া, আপাত-মনোরম বৃষবৃক্ষ ও বিষপূর্ণ জলবিশিষ্ট কূপ সদৃশ কর্ম্মসমূহকে আশ্রয় করে; ও ঐহিকে নিরর্থক এবং পরলোকেও নিষ্ফল ধনাদি সংগ্রহ করিয়া, উভয় লোক হইতে বঞ্চিত হয়। অথচ ধনলোভ পরিত্যাগ করিতেও পারে না॥ ১১ ॥

প্রচণ্ড নিদাঘতাপে একান্ত সন্তপ্ত পশুকুল জল পাইবার প্রত্যাশায় ইতস্তত দৃষ্টিনিক্ষেপে এক শুষ্কতোয়া নদীর খাদমাত্র অবলোকন করিয়াই দ্রুতবেগে ঝম্পপ্রদান পূর্ব্বক সেই খাদে যেমন নিপতিত হয়; কিন্তু লাভের মধ্যে পতন-

আভাস।

ভাগ্যে ভোগ নাই দেখিয়াও ভোগসঞ্চয়ার্থ বিপন্ন হইতে মানব কিছুমাত্র আশঙ্কা করে না। ভবিষ্যৎ চিন্তা দেহাভিমানী গৃহীর পক্ষে আকাশ-কুসুমবৎ উপেক্ষণীয়ই হইয়া থাকে ॥১১

পাষণ্ডমভিযাতি ॥ ১২ ॥

যদা তু ক্ষুৎপিপাসাদিত-পরবাধয়ান্ধ আত্মনে নোপনমতি তদাহি পিতৃ-পুত্রবর্হিম্মতঃ পিতৃপুত্রান্ বা খলু ভক্ষয়তি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

সদ্যঃ শিরঃ স্ফুটতি পশ্চাদপি চ তদ্বেদনা বর্ত্ততে ন চ উদকলাভো ভবতি বর্ত্তমান কাল স্খলনং ভবিষ্যৎ কালে চ দুঃখদং তথা) ইহ নিন্দাহেতুত্বেন পরত্র চ নরকপাতাদিহেতুত্বেন চ উভয়তোঽপি দুঃখদং পাষণ্ডং বেদবিরুদ্ধমার্গং অভিযাতি ॥ ১২ ॥

যদা তু ভাগ্যহীনত্বাৎ পরবাধয়া (পরকৃতয়া শত্রুকৃতয়া কালকৃতয়া বা বাধয়া আত্মনে অন্ধঃ অন্নং, ন উপনমতি, ন উপতিষ্ঠতি, তদা পিতৃপুত্রবর্হিষ্মতঃ (পিতৃপুত্রাণাং কুশাদি তৃণবদতি তুচ্ছং অপি বস্তু যেষু বিদ্যতে তান্ পিতৃপুত্রান্ বা অপি সঃ ক্ষুৎপিপাসাদিতঃ খলু ভক্ষয়তি বাধতে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

র্থস্য সঃ। নিরুদক-নদীগর্ত্ত-পাতে যথা সদ্যঃ শিরঃ স্ফুটতি পশ্চাদপি চ তদ্বেদনানুবর্ত্ততে এবমিহচ পরত্রচ দুঃখদং ॥ ১২ ॥

পরম্পরং বা লষতে নিরন্ন ইত্যেতদ্ব্যাচষ্টে যদাত্বিতি। অন্ধঃ অন্নং নোপনমতি নোপ-তিষ্ঠতে পিতৃপুত্রাণাং বর্হিঃ কুশঃ তদ্বতঃ পিতুঃ পুত্রাণাম্বা কুশাদি তৃণমাত্রমপি যেষু পশ্যতি তান্ ভক্ষয়তি বাধতে ইত্যর্থঃ। পিতৃপুত্রবর্হিষ্ঠানিতি পাঠঃ সুগমঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সঃ নিরুদক-নদীগর্ত্তপাতে যথা সদ্যঃ শিরঃ স্ফুটতি পশ্চাদপি বেদনানুবর্ত্ততে এবমিহচ পরত্র চ দুঃখদং ॥ ১২ ॥

পরম্পরঙ্কালষতে নিরন্ন ইত্যেতদ্ব্যাচষ্টে। পরবাধয়া পরপীড়ন-প্রদয়াপি জীবিকয়া অন্ধঃ অন্নং নোপনমিতি নোপতিষ্ঠতি পিতুঃ পুত্রাণাং বা কুশাদি তৃণমাত্রমপি যেষু পশ্যতি তান্ ভক্ষয়তি রাজদ্বারাৎ পদাতিকানানীয় পীড়য়তি ॥ ১৩ ॥

জনিত শিরঃপ্রভৃতি অঙ্গ প্রত্যঙ্গের ভঙ্গদশা তৎক্ষণাৎ প্রাপ্ত হইয়া আপাতত অপ্রস্তুত ও যাতনাগ্রস্ত এবং পরেও তদুপলক্ষে বেদনায় নিতান্ত অবসন্ন হইয়া পড়ে, সেইরূপ ভবাটবীর মানব অসৎ ও কুৎসিতাচারী পাষণ্ডগণের সংসর্গে মিলিত হইয়া, বেদবিরুদ্ধ পন্থার যখন অনুসরণ করে, তখন সে ইহ-লোকে নিন্দিত এবং পরলোকে নিরয়গামী হয়, সন্দেহ নাই ॥ ১২ ॥

যখন দুর্ভাগ্যবশত কোনরূপ শত্রুর অত্যাচারে বা কালের স্রোতে স্বীয় জীবিকার ব্যাঘাত জন্মে, তখন অন্যের অন্নের উপরও সে ব্যাঘাত জন্মাইবার চেষ্টা করিয়া থাকে; এমন কি! পিতা বা পুত্রেরও যদি সামান্য অন্ন থাকে, তাহাও আত্মসাৎ করিবার জন্য সে বিলক্ষণ চেষ্টা করিয়া থাকে ॥ ১৩ ॥

ক্বচিদাসাদ্য গৃহং দাববৎ প্রিয়ার্থবিধুরমসুখোদর্কং শোকাগ্নিনা দহ্যমানো ভৃশং নির্ব্বেদমুপগচ্ছতি ॥ ১৪ ॥

ক্বচিৎ কালবিষমিতরাজকুলরক্ষসাপহৃত-প্রিয়তম-ধনাসুর্মৃতক ইব বিগত-জীবলক্ষণ আস্তে ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ দাববৎ জ্বলদ্বনবৎ, প্রিয়ার্থবিধুরং প্রত্যুক্ত অসুখোদর্কং (অসুখং দুঃখং উদর্কং উত্তরোত্তরফলং যস্মিন্ তথাভূতং গৃহং আসাদ্য প্রাপ্য শোকাগ্নিনা দহ্যমানঃ ক্বচিৎ ভৃশং অত্যন্তং নির্ব্বেদং উপগচ্ছতি বিষাদং প্রাপ্নোতি ॥ ১৪ ॥

ক্বচিৎ কালেন বিষমিতং প্রতিকূলতাং নীতং যৎ রাজকুলং তদেব রক্ষঃ তেন অপহৃতাঃ প্রিয়তমরূপাঃ ধনাদয়ঃ এব অসবঃ যস্য সঃ তথাভূতঃ আস্তে ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

আসাদ্য দাবমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদাসাদ্যেতি ॥ ১৪ ॥

ক্ব চ যক্ষে হৃর্তাসুরিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিৎ কালেন বিষমিতং প্রতিকূলতাং নীতং যদ্রাজকুলং তদেব রক্ষ স্তেনাপহৃতা প্রিয়তমধনরূপা অসবো যস্য বিগতানি জীবলক্ষণানি হর্ষাদীন যস্য শূরৈ হৃর্তস্ব ইত্যপ্যনেনৈব ব্যাখ্যাতং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসাদ্য দাবমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদাসাদ্যেতি ॥ ১৪ ॥

ক্ব চ যক্ষৈহৃর্তাসুরিত্যেতদ্ব্যচষ্টে। ক্বচিৎ কালেতি বিগতানি জীবন-লক্ষণানি হর্ষাদীনি যস্য সঃ শোকমূর্চ্ছিতো বা ॥ ১৫ ॥

জ্বলন্ত বনে প্রবেশ করিলে যেমন সর্ব্বত্র ক্লেশেরই অনুভূতি ঘটে, সেইরূপ প্রিয় বস্তুর বিয়োগে নিরন্তর অসুখপূর্ণ গৃহাশ্রমে বাস করত মানব সর্ব্বদা শোকাগ্নির দ্বারা পরিতাপিত হইতেই থাকে; ও একান্ত দুঃখই অনুভব করে ॥ ১৪ ॥

কখনও বা কুটিল কালপ্রভাবে প্রতিকুলাচারী রাক্ষস-সদৃশ রাজাকর্ত্তৃক স্বীয় প্রাণ অপেক্ষা প্রিয়তম ধনরত্নাদি অপহৃত অবলোকন করিয়া, আপনাকে মৃতের ন্যায় জ্ঞান করে এবং এমন কি! তজ্জন্য হর্ষশোকাদিও বিস্মৃত হইয়া জড়ের ন্যায় অবস্থান করে ॥ ১৫ ॥

কখনও বা কেবল কল্পনাবলে পিতৃপিতামহাদি অতীত ব্যক্তিগণকে পুনঃ-প্রাপ্ত ও তাঁহারা বর্ত্তমান আছেন মনে করিয়া, ক্ষণকালের জন্যও গন্ধর্ব্বপুরে প্রবিষ্ট হইবার ন্যায়, কাল্পনিক সুখীর তুলনায় স্বপ্নতুল্য অলিক সুখ তাহারা মধ্যে মধ্যে উপভোগ করিয়া থাকে ॥ ১৬ ॥

কদাচিন্মনোরথোপগত পিতৃপিতামহাদ্যসৎসদিতি স্বপ্ননির্বৃতিং ক্ষণমনুভবতি ॥ ১৬ ॥

ক্বচিদ্গৃহাশ্রমকর্ম্মচোদনাতিভরগিরিমারুরুক্ষমাণো লৌকিকব্যসনকর্ষিতমনাঃ কণ্টক-শর্করাক্ষেত্রং প্রবিশন্নিব সীদতি ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

কদাচিৎ মনোরথেন উপগতং প্রাপ্তং পিতৃপিতামহাদি অসৎ আশুবিনাশি, দুঃখদং অপি সৎ সুখদং নিশ্চলং ইতি মত্বা স্বপ্ননির্বৃতিলক্ষণং সুখং অনুভবতি ॥ ২৬ ॥

গৃহাশ্রমে যাঃ কর্ম্মচোদনাঃ বিধয়াঃ তেষাং অতিভরঃ অতিবিস্তারঃ সঃ এব গিরিঃ তাং আরুরুক্ষন্ অনুষ্ঠানেন তদন্তে গন্তুং ইচ্ছন্ লৌকিকব্যসনকর্ষিতমনাঃ (লোকব্যবহারে যৎ ব্যসনং অভিনিবেশঃ তেন কর্ষিতং বশীকৃতং মনো যস্য সঃ) কণ্টক-শর্করা-ক্ষেত্রং (পুত্রাদীনাং ভোজনাচ্ছাদনাদি ব্যবহার-নির্ব্বাহ-নিমিত্ত সঞ্চিতর্ণাদিক্লিষ্টঃ এব) সীদতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্ট ইত্যেতদ্ব্যাচষ্টে কদাচিন্মনোরথপ্রাপ্তং পিত্রাদ্যসদেব সদিতি মত্বা পূর্ব্বং গন্ধর্ব্বপুরবদঘটমানদর্শনমুক্তং ইদানীং তন্নিমিত্ত সুখাসক্তিরুচ্যতে ইতি ভেদঃ ॥ ১৬ ॥

চলন্ ক্বচিদিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিদ্ গৃহাশ্রমে যাঃ কর্ম্মচোদনা স্তাসামতিভরো হতিবিস্তারঃ স এব গিরিস্তমারুরুক্ষন্ তদন্তং গন্তুমিচ্ছন্ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্ট ইত্যেতদ্ব্যাচষ্টে কদাচিদিতি। মনোরথপ্রাপ্তং পিত্রাদিকং অসৎ মৃতমপি সৎ পুনঃ পরলোকাদাগতমিতি মত্বা স্বপ্নে ইব নির্বৃতিং ॥ ১৬ ॥

চলন্ ক্বচিদিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদ্গৃহাশ্রমে বা কর্ম্মচোদনাস্তাভিঃ প্রাপ্তো যোহতিভরো হশ্বমেধাদিবিবাহাদির্ব্বা স এব গিরি স্তমারুরুক্ষন্ তদন্তং গন্তুমিচ্ছন্ লোকানাং প্রতিবেশিজনানাং ব্যসনং তাদৃশবৃহৎকর্ম্মাসক্তি স্তেন কর্ষিতমনাঃ। এতে স্বপ্রতিষ্ঠার্থং বৃহৎ কর্ম্ম কুর্ব্বন্তি অহং কথং ন করোমীতি বিক্ষুব্ধচিত্তঃ ॥ ১৭ ॥

গৃহাশ্রমে যে সকল কর্ম্মকাণ্ডের বিষয় উপদেশ করা হইয়াছে, তাহা অতীব বিস্তৃত ও বহুকাল-সাধ্য। সুতরাং গিরি আরোহণে ইচ্ছুক ব্যক্তিকে যেমন কণ্টক ও উপলখণ্ডে আবৃত বন ও উপত্যকাদি উল্লঙ্ঘনের বহু ক্লেশ সহ্য করিতে হয়, সেইরূপ বেদোক্ত যাগ যজ্ঞাদির অনুষ্ঠানে ইচ্ছুক ব্যক্তিকেও লোকাচার-নিবন্ধন বিবিধ ক্লেশ স্বীকার করিতে হয়। পুত্রকলত্রাদির ভরণ-পোষণার্থ যে ধন অতিকষ্টে সংগ্রহ করিয়াছিল, যজ্ঞোপলক্ষে ব্যয় করিয়াও অবশেষে ঋণগ্রস্ত হইয়া, বিশেষ বিপন্ন হইতে হয় ॥ ১৭ ॥

ক্বচিচ্চ দুঃসহেন কায়াভ্যন্তর-বহ্নিনা গৃহীতসারঃ স্বকুটুম্বায় ক্রুধ্যতি ।।১৮।।

সএব পুনর্নিদ্রাজগরগৃহীতোঽন্ধে তমসি মগ্নঃ শূন্যারণ্য ইব শেতে নান্যৎ কিঞ্চন বেদ শব ইবাপবিদ্ধঃ ।। ১৯ ।।

কদাচিদ্ভগ্নমানদংষ্ট্রো দুর্জ্জনদন্দশূকৈরলব্ধনিদ্রাক্ষণো ব্যথিতহৃদয়েনানুক্ষীয়মাণবিজ্ঞানো ঽন্ধকূপেঽন্ধবৎ পততি ।। ২০ ।।

অন্বয়ঃ ।

ক্বচিচ্চ দুঃসহেন কায়াভ্যন্তরবহ্নিনা জঠরাগ্নিনা, গৃহীতসারঃ হৃতধৈর্য্যঃ, স্বকুটুম্বায় দারা-পুত্রাদিলক্ষণায়, ক্রুধ্যতি ॥ ১৮ ॥

যঃ এবং দিবসে জাগ্রদবস্থায়াং নানাব্যাপারবান্ সঃ এব পুনঃ নিদ্রারূপেণ অজগরেণ সর্পেণ, গৃহীতঃ দষ্টঃ, অতঃ অন্ধে তমসি অজ্ঞানরূপে, মগ্নঃ শূন্যে অরণ্যে অপবিদ্ধঃ ত্যক্তঃ, পরঃ ইব শেতে ন অন্যৎ কিঞ্চন বেদ ॥ ১৯ ॥

কদাচিৎ দুর্জ্জনাঃ এব পীড়াকরত্বাৎ দন্দশূকাঃ বৃশ্চিকাদয়ঃ তৈঃ ভগ্না মানলক্ষণা দংষ্ট্রা যস্য সঃ অতএব ন লব্ধঃ নিদ্রায়াঃ ক্ষণঃ অবসরঃ যেন সঃ ; ব্যথিতহৃদয়েন অনুক্ষণং ক্ষীয়-মাণং বিজ্ঞানং যস্য সঃ অন্ধকূপে তদ্বন্মহামোহে , অন্ধবৎ পততি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

পদে পদে হৃভ্যন্তরবহ্নিনা ইতি ব্যাচষ্টে ক্বচিচ্চ দুঃসহেনেতি ॥ ১৮ ॥

ক্বচিন্নিগীর্ণ ইত্যেতদ্ব্যাচষ্টে স এবেতি ॥ ১৯ ॥

দষ্টঃ স্ম শেতে ইতি ব্যাচষ্টে কদাচিদিতি। মানো গর্ব্ব এব দংষ্ট্রা পরপীড়াকরত্বাৎ ভগ্না মানদংষ্ট্রা যস্য অতএব ন লব্ধো নিদ্রায়াঃ ক্ষণোঽপি যেন ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

পদে পদে হৃভ্যন্তরবহ্নিনেত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিদ্দুঃসহেনেতি গৃহীতসারঃ দগ্ধ-ধৈর্য্যঃ ॥ ১৮ ॥

ক্বচিন্নিগীর্ণ ইত্যেতদ্ব্যাচষ্টে স এবেতি অপবিদ্ধঃ স্বজনৈস্ত্যক্তঃ ॥ ১৯ ॥

দষ্টঃ স্ম শেতে ইতি ব্যাচষ্টে কদাচিদ্ভগ্নেতি ॥ ২০ ॥

এমন্ কি ! স্বীয় জঠরজ্বালায় অস্থির হইয়া, স্ত্রীপুত্রাদি নিজ পরিজনগণের উপরও সময়ে সময়ে ক্রোধের পরিচয় প্রদান করে ।। ১৮ ॥

অহো ! ভবাটবীর মানব যিনি জাগ্রতকালে এইরূপ নানাব্যাপারে বিমুগ্ধের ন্যায় অবস্থান করেন, তিনিই আবার অজগররূপী নিদ্রার আবেশে অভিভূত হইয়া, সর্পদষ্ট চেতনাহীন ব্যক্তির ন্যায়, সর্ব্বজন-পরিত্যক্ত শববৎ নিস্পন্দে একান্তেই পতিত থাকেন ; অন্য কাহারও কোন বার্ত্তা ভ্রমেও গ্রহণ করেন না বা অন্যকে কিছু বলেন না ।। ১৯ ॥

কর্হিচিৎ স্ম কামমধুলবান্ বিচিম্বন্ যদা পরদার-পরদ্রব্যাণ্যবরুন্ধানো রাজ্ঞা স্বামিভির্বা নিহতঃ পতত্যপারে নিরয়ে।। ২১ ॥

অথচ তস্মাদুভয়থাপি হি কর্ম্মাস্মিন্নাত্মনঃ সংসারাবপনমুদাহরন্তি ॥ ২২ ॥

অন্বয়ঃ।

কদাচিৎ চ কামমধুলবান্ বিচিম্বন্ অভিকাঙ্ক্ষন্ যদা পরদারপরদ্রব্যাণি অবরুন্ধানঃ আহরন্, ভবতি তদা রাজ্ঞা তৎস্বামিভিঃ বা নিহতঃ অপারে নিরয়ে নরকে, পততি ॥ ২১ ॥

চিত্তে নিরন্তর চিন্তা করাই ভগবৎসাক্ষাৎকারের প্রধান উপায়। অন্যের প্রদর্শিত পথটী মাত্র কখন অন্যকে নির্দ্দিষ্ট স্থানে লইয়া যায় না; পথিককে স্বয়ং গমন করিতে হয়। অতএব মন্ত্র এবং তত্ত্ববিচার উভয় একত্র না হইলে, কোনরূপ ফললাভ হয় না। বেদ-মন্ত্র ভগবানের স্বরূপ নির্ণয় করে এবং তত্ত্ববিচার ভগবানের সমীপবর্ত্তী করিয়া দেয়। যে বৈদিক কর্ম্মে পশুবধাদি হিংসাকার্য্য নাই, তাহাকে যজ্ঞ এবং যাহাতে পশুবধের বিধান আছে, তাহাকে ক্রতু নামে অভিহিত করা হয়॥ ৩৪॥

এই শ্লোকে ভগবৎ-সাক্ষাৎকারের উপায় প্রদর্শিত হইয়াছে। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন, যথা, "স্বদেহমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিং। ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্দেবং পশ্যেন্নিগূঢ়বৎ"॥ অর্থাৎ মন্থনের দ্বারা দধি হইতে নবনীত সংগ্রহ করিতে হয়, পরস্পর

মথ্নন্তি মথ্না মনসা দিদৃক্ষবো গূঢ়ং ক্রিয়ার্থৈর্নম ঈরিতাত্মনে ॥ ৩৫ ॥
দ্রব্যক্রিয়া-হেত্বয়নেশ-কর্তৃভির্মায়াগুণৈর্বস্তুনিরীক্ষিতাত্মনে।

অন্বয়ঃ।

বিষয়ভোগৈঃ, চ গূঢ়ং মথ্না সাধনভূতেন, মনসা মথ্নন্তি বিবিচ্য নিষ্কর্ষন্তি, এবং মন্থনে ঈরিতাত্মনে (ঈরিতঃ প্রকটিতঃ আত্মা যস্য তস্মৈ) নমঃ ॥ ৩৫ ॥

দ্রব্যং বিষয়ঃ, ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ, হেতুঃ তদ্দেবতা, অয়নং দেহঃ, ঈশঃ কালঃ, কর্তা অহঙ্কারঃ, এতৈঃ মায়াগুণৈঃ প্রকৃতিগুণকার্যৈঃ বস্তুনিরীক্ষিতাত্মনে (বস্তুত্বেন নিরীক্ষিতঃ

শ্রীধরস্বামী।

সাধনেন মনসা ক্রিয়ার্থৈঃ কর্মভিস্তৎফলৈশ্চ গূঢ়ং অপ্রকাশমানং দিদৃক্ষবঃ। এবং মন্থনে ঈরিতঃ প্রকটিতঃ আত্মা স্বরূপং যস্য তস্মৈ নমঃ ॥ ৩৫ ॥

মথনমেব দর্শয়ন্নাহ দ্রব্যং বিষয়ঃ, ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ। হেতু র্দেবতা। অয়নং দেহঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

এবমেব ঈরিতঃ কথিতঃ আত্মা স্বভাবো যস্য যত্নো বা যত্র তস্মৈ। যদ্বা গুণেষু শ্রোত্রবাগাদীন্দ্রিয়েষু যস্য স্বরূপং স্বরূপভূতং নামগুণলীলাদি শ্রূয়মাণ-কীর্ত্যমানাদি মনসা মথ্না মথ্নন্তি মনঃসহিতশ্রবণকীর্তনাদি দৃঢ়াভ্যাসেনৈব যং প্রত্যক্ষীকুর্বন্তীত্যর্থঃ। অন্যৎ সমানং ॥ ৩৫ ॥

এবং স্থূল-সূক্ষ্ম-মায়িক-দেহদ্বয়সদ্ভাবে এব মন্থনং সম্ভবেৎ। মন্থনে চ সতি তৎস্বরূপং দৃশ্যং স্যাদিত্যাহ। দ্রব্যং শব্দাদি। ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ। হেতু র্দেবতা। অয়নং দেহঃ। ঈশঃ

অবধারণ করিয়া থাকেন; তাঁহারা আপনাকে অবধারণ করিবার মানসে প্রধান প্রতিবন্ধক-স্বরূপ লৌকিক কর্ম ও বিষয়-সম্ভোগে একান্ত উদাসীন হইয়া, যত্নশীল মনের সাহায্যে দেহেন্দ্রিয়াদি গুণগ্রামের অন্তরে নিহিত আধারভূত ভবদীয় স্বরূপকে মন্থনের দ্বারা নিষ্কাশিত করিয়া থাকেন। হে ভগবন্! আপনিও তাঁহাদের ন্যায় তাদৃশ নিষ্ঠাবান্ ব্যক্তিগণের সমীপে আত্মপ্রকাশ করিয়া থাকেন! আপনাকে প্রণাম করি! ॥ ৩৫ ॥

বিষয়স্বরূপ দ্রব্য, ইন্দ্রিয়ব্যাপাররূপ ক্রিয়া, তাহার হেতুভূত দেবতা,

আভাস।

ঘর্ষণের দ্বারা যেমন কাষ্ঠ হইতে অগ্নিকে প্রকটিত করিতে হয় এবং পেষণের দ্বারা তিল হইতে তৈলকে যেমন নিষ্কাশিত করিতে হয়, সেইরূপ স্বীয় দেহাদি চতুর্বিংশতি তত্ত্বকে এক খানি মন্থন-কাষ্ঠ এবং প্রণবাদি বেদোক্ত ইষ্টমন্ত্রকে অপর একখানি মন্থনকাষ্ঠরূপে গ্রহণ করত, বহুকাল যত্ন-সহকারে নিরন্তর ঘর্ষণ করিলে, মন যখন একাগ্রতা সহকারে লৌকিক কার্য্য এবং ভোগ ব্যাপার হইতে প্রতিনিবৃত্ত হয়, তখনই সংঘর্ষণজ হুতাশনের ন্যায়, আত্মস্বরূপের প্রকটন হইয়া থাকে ॥ ৩৫ ॥

অন্বীক্ষয়াঙ্গাতিশয়াত্মবুদ্ধিভির্নিরস্তমায়াকৃতয়ে নমো নমঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

জড়ানাং প্রবর্ত্তকত্বেন জ্ঞাতঃ যঃ আত্মা তস্মৈ) অন্বীক্ষয়া বিচারেণ, অঙ্গৈঃ যম-নিয়ম-শ্রবণ-মননাদিসাধনৈঃ, অতিশয়যুক্তঃ বিবেকসমর্থঃ, আত্মা স্বরূপং যস্যাঃ সা বুদ্ধিঃ যেষাং তৈঃ, নিরস্তমায়াকৃতয়ে (নিরস্তা মায়ানিমিত্তা আকৃতিঃ যস্মাৎ তস্মৈ) তে নমো নমঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ঈশঃ কালঃ। কর্ত্তা অহঙ্কারঃ। এতৈর্মায়ায়া গুণৈঃ কার্য্যৈরুপলক্ষণৈ র্বস্তুত্বেন নিরীক্ষিতো য আত্মা তস্মৈ। অন্বীক্ষয়া বিচারেণ। অঙ্গৈ র্যমনিয়মাদিভিঃ। অতিশয়াত্মা নিশ্চয়বতী বুদ্ধির্যেষাং তৈর্নিরস্তা মায়ানিমিত্তা আকৃতি র্যস্মাৎ তস্মৈ তে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালঃ। কর্ত্তা অহঙ্কারঃ। এতৈর্মায়াগুণৈঃ শ্রবণ-কীর্ত্তন-পরিচরণাদিভি র্ভজন-সাধকৈরন্বীক্ষয়া মনঃকৃতপুনঃপুনঃপরামর্শেনচ অঙ্গানাং শ্রবণকীর্ত্তনাদীনাং অতিশয়ে আত্মা যত্নো বুদ্ধিশ্চ যেষাং তৈর্বস্তুত্বেন নিরীক্ষিত আত্মা স্বরূপং যস্য তস্মৈ। তচ্চ তে স্বরূপং চিন্ময়মেবেত্যাহ নিরস্তা মায়া যত্র তথাভূতা আকৃতি রাকারো যস্য তস্মৈ। শ্লেষেণ নিরস্তমায়া ভং স্যাপ্যাকৃতি র্যত্র তস্মৈ ॥ ৩৬ ॥

ভোগায়তন দেহ, সর্ব্বশ্রেষ্ঠ কাল এবং কর্ত্তাস্বরূপ অহঙ্কারাদি প্রাকৃতিক মায়া-গুণের দ্বারা সর্ব্বত্র বস্তুরূপে পরিদৃষ্ট এই জড়স্বরূপ যাবতীয় পদার্থের নিয়ন্তৃ-রূপে আপনিই নিরন্তর পরিজ্ঞাত হইয়া থাকেন। যম-নিয়ম বা শ্রবণ-মননাদি সাধনযোগে এবং বিচার-ফলে যে বুদ্ধির মালিন্যের অপনয়নে তীক্ষ্ণতা সাধিত হইয়াছে, তাদৃশ নিপুণবুদ্ধিবিশিষ্ট বিচক্ষণ ব্যক্তিগণের সমীপে যাঁহার প্রসাদে মায়ানিমিত্ত নামরূপাদি স্বতই নিরস্ত হইয়া যায়, সেই সর্ব্বনিয়ন্তা ভগবানকে আমরা প্রণাম করি। ॥ ৩৬ ॥

সৃষ্টির অভিপ্রায়ে আপনি মায়ার প্রতি ঈক্ষণ করেন বটে, কিন্তু তাহাতে জীবের মঙ্গল-সাধন ব্যতীত আপনার নিজের কোন স্বার্থসিদ্ধির অভিপ্রায়

আভাস।

স্থূল ও সূক্ষ্ম মায়াময় দেহদ্বয় যতকাল থাকে, ততকালই সাধনের প্রয়োজন ; এবং সাধন করিলে, ভগবৎস্বরূপের সাক্ষাৎকার হয়। সুতরাং সেই মায়াময় দেহদ্বয়ের উপকরণ ও তদনুসঙ্গী কালাদি তত্ত্বগ্রামের স্বরূপ এবং সংখ্যা এই শ্লোকে নির্ণীত হইয়াছে। ভজন, সাধন ও বিচারের দ্বারা চিত্ত নির্ম্মল হইলে, চিন্ময় ভগবদ্ভাব যখন চিত্তে প্রকটিত হয়, তখন চিত্তও চিদাকারে আকারিত হয় এবং মায়ানিরসনের সঙ্গে সঙ্গে ভক্তের মায়াময় দেহও চিন্ময় হইয়া যায় ॥ ৩৬ ॥

করোতি বিশ্বস্থিতিসংযমোদয়ং যস্যেপ্সিতং নেপ্সিতমীক্ষিতুর্গুণৈঃ।
মায়া যথায়ো ভ্রমতে তদাশ্রয়ং গ্রাব্ণো নমস্তে গুণকর্ম্মসাক্ষিণে ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

যস্য ঈক্ষিতুঃ (সর্গাদৌ আলোচয়িতুঃ পরমেশ্বরস্য) ঈপ্সিতং (জীবার্থং ইষ্টং) স্বার্থং তু ন ঈপ্সিতং (এতাদৃশং) বিশ্বস্থিতিসংযমোদয়ং (তত্র বিশ্বস্য রজসা উদয়ং সত্ত্বেন স্থিতিং পালনং চ তমসা সংযমং উপসংহারং) গ্রাব্ণঃ অয়স্কান্তাৎ নিমিত্তাৎ অয়ঃ লৌহং, যথা ভ্রমতি তথা মায়া স্বকীয়ৈঃ গুণৈঃ তদাশ্রয়ং তদভিমুখং, সৎ সর্ব্বং করোতি এব অতঃ গুণকর্ম্মসাক্ষিণে (গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাং চ সাক্ষিণে তস্মৈ তে তুভ্যং নমঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

তদেবং নির্গুণরূপেণ নত্বা পরমেশ্বররূপেণচ প্রণমতি করোতীতি। যস্যেক্ষিতু জীবার্থমীপ্সিতং অত্যন্তানিচ্ছায়াং ঈক্ষণাযোগাৎ স্বার্থন্তু নেপ্সিতং। বিশ্বেত্যাদি স্বগুণৈঃ মায়া করোতি। তস্যা জড়ত্বেঽপি ঈশ্বরসন্নিধানাৎ প্রবৃত্তিং দৃষ্টান্তেনাহ যথা অয়ো লৌহং গ্রাব্ণোঽয়স্কান্তান্নিমিত্তাৎ ভ্রমতি তদাশ্রয়ং তদভিমুখং সৎ গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাঞ্চ সাক্ষিণে তস্মৈ তে নমঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু মৎকার্য্যত্বাদচিদপি জগন্ময়ৈবাকারো মৃদ্ঘটাদিবত্তত্র জগদিদং ন বস্তুতস্তৎকার্য্যং কিন্তু মায়াকার্য্যমিত্যাহ করোতীতি। যস্যেক্ষিতু জীবার্থমীপ্সিতং অত্যন্তানিচ্ছায়ামীক্ষণাযোগাৎ। স্বার্থন্তু নেপ্সিতং বিশ্বস্থিত্যাদি স্বগুণৈর্মায়ৈব করোতি। তস্যা জড়ত্বেঽপি ঈশ্বরসন্নিধানাৎ প্রবৃত্তিং দৃষ্টান্তেনাহ যথা লৌহং গ্রাব্ণোঽয়স্কান্তাদ্ধেতো ভ্রমতি তদাশ্রয়ং তদভিমুখং সৎ। অতো গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাঞ্চ সাক্ষিণে তস্মৈ তুভ্যং নমঃ ॥ ৩৭ ॥

নাই। অথচ প্রাকৃতিক গুণ রজের দ্বারা সৃষ্টি, সত্ত্বের দ্বারা পালন এবং তমের দ্বারা সংহার এক আপনার উপলক্ষেই ঘটিতেছে; আপনি কিন্তু কিছুতেই লিপ্ত নহেন। অতএব অয়স্কান্ত মণির সন্নিধানে যেমন লৌহখণ্ডের ভ্রমণাদি ব্যাপার সাধিত হইয়া থাকে, সেইরূপ আপনার অভিমুখে বিদ্যমান থাকার অনুরোধেই, মহামায়া স্বকীয় গুণত্রয়ের দ্বারা এই অনন্ত সংসারের রচনা কার্য্য করিয়া থাকেন। আপনি সকল কার্য্যের আদি, মধ্য ও অন্তাবস্থায় কেবল সাক্ষিরূপে সতত বিরাজ করিতেছেন ॥ ৩৭ ॥

আভাস।

নির্গুণরূপের প্রণাম করিয়া, সগুণরূপের প্রণাম করিয়াছেন, যথা, হে ভগবন্! যদিও আপনি গুণের অতীত, তথাপি অয়স্কান্ত মণির সন্নিধানে যেমন লৌহের চলনাদি ব্যাপার জন্মে, সেইরূপ আপনার ঈক্ষণেই মায়াতে সৃষ্টিকার্য্য ঘটে। সুতরাং আপনি স্বয়ং নির্গুণ ও অকর্ত্তা হইলেও এবং সৃষ্টিকার্য্যে আপনার নিজের কোন অভিসন্ধি না থাকিলেও, মায়ার অনুরোধে

প্রমথ্য দৈত্যং প্রতিবারণং মৃধে যো মাং রসায়া জগদাদিশূকরঃ।
কৃত্বাগ্রদংষ্ট্রে নিরগাদুদম্বতঃ ক্রীড়ন্নিবেভঃ প্রণতাস্মি তং বিভুমিতি ॥ ৩৮ ॥
* ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
পঞ্চমস্কন্ধে ভুবনকোশে বর্ষদেবস্তুতিরষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ।

অন্বয়ঃ।

যঃ জগদাদিশূকরঃ (জগতাং আদিঃ কারণভূতঃ ভগবান শূকরঃ সন্) রসায়াঃ (রসাতল-গতাং) মাং পৃথিবীং, অগ্রদংষ্ট্রে দংষ্ট্রাগ্রে কৃত্বা ততঃ রসাতলাৎ আরভ্য উদম্বতঃ অর্ণবাৎ, ততশ্চ প্রতিবারণং প্রতিগজতুল্যং, দৈত্যং হিরণ্যাক্ষং, মৃধে যুদ্ধে, প্রমথ্য নিহত্য, ক্রীড়ন্ ইভঃ গজঃ ইব আস্তে তং বিভুং অহং প্রণতা অস্মি ইতি ॥ ৩৮ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

অবতারচরিতমাহ প্রমথ্যেতি। যো জগতামাদিঃ কারণভূতঃ শূকরঃ মাং পৃথ্বীং দংষ্ট্রাগ্রে কৃত্বা রসাতলাদারভ্য উদম্বতঃ প্রলয়ার্ণবাৎ ইভো গজ ইব নিরগাৎ। ততঃ প্রতিবারণং প্রতি-গজতুল্যং দৈত্যং প্রমথ্য যঃ ক্রীড়ন্ স্থিতঃ তং বিভুং প্রণতাস্মীত্যন্বয়ঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ঽষ্টাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবতার-চরিত্রং ব্রুবতী স্বস্মিন্ কৃপাতিশয়ং দ্যোতয়তি প্রমথ্যেতি। প্রতিযোদ্ধারং হস্তিন-মিব ইভো হস্তী। রসায়া রসাতলোপলক্ষিতাৎ গর্ব্বোদাৎ জগদাদি র্জগৎকারণভূতঃ শূকরঃ। উদম্বতঃ উদম্বতি প্রলয়ার্ণবে ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমেঽষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

জগতের আদিকারণস্বরূপ শূকরবিগ্রহ পরিগ্রহে যে সত্যস্বরূপ ভগবান্ রসাতল-গতা আমাকে (পৃথিবীকে) দংষ্ট্রাগ্রে ধারণ করত, কারণ-জলধি হইতে নির্গত হইয়াছিলেন এবং তৎকালে প্রতিপক্ষ গজেন্দ্রতুল্য আদিদৈত্য হিরণ্যাক্ষকে যুদ্ধে নিধন করত বিজয়ী গজের ন্যায় ইতস্ততঃ বিচরণ করিয়া-ছিলেন, সেই সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবানকে আমি প্রণাম করি। ॥ ৩৮ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

যেন অনুরুদ্ধের ন্যায় কার্য্য করিতেছেন। মায়ার কার্য্য যাঁহাতে আরোপিত হয়, সেই পরম পুরুষ আপনাকে আমি প্রণাম করি। ॥ ৩৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীশুক উবাচ ॥

কিংপুরুষে বর্ষে ভগবন্তমাদিপুরুষং লক্ষ্মণাগ্রজং সীতাভিরামং রামং তচ্চরণ-সন্নিকর্ষাভিরতঃ পরমভাগবতো হনুমান্ সহ কিংপুরুষৈরবিরতভক্তি-রুপাস্তে। আর্ষ্টিষেণেন সহ গন্ধর্বৈরনুগীয়মানাং পরমকল্যাণীং ভর্তৃভগবৎ-কথাং সমুপশৃণোতি স্বয়ঞ্চেদং গায়তি ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। কিম্পুরুষে বর্ষে আদিপুরুষং সর্ব্বকারণকারণং লক্ষ্মণাগ্রজং সীতায়াঃ অভিরামং পতিং রামং, তস্য ভগবতঃ চরণয়োঃ সন্নিকর্ষে সেবায়াং এব অভিরতঃ ন ততঃ ফলান্তরাভিলাষী পরমভাগবতঃ অবিরতভক্তিঃ (অবিরতা বিঘ্নৈঃ অনুপহতা ভক্তিঃ যস্য সঃ) হনুমান্ কিম্পুরুষৈঃ সহ উপাস্তে ॥

গন্ধর্ব্বৈঃ অনুগীয়মানাং পরমকল্যাণীং (শ্রোতৃবক্তৃণাং সর্ব্বপুরুষার্থহেতুভূতাং) ভর্তৃ-ভগবৎকথাং (ভর্ত্তা চাসৌ ভগবান্ চেতি তস্য কথাং) আর্ষ্টিষেণেন তন্নামকেন কিম্পুরুষ-মুখ্যেন সহ সম্যক্ সাবধানতয়া, উপশৃণোতি স্বয়ং চ ইদং মন্ত্রং গায়তি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

উনবিংশে কিংপুরুষে ভারতে চোপবর্ণ্যতে।
সেব্যসেবকভাবশ্চ ভারতশ্রেষ্ঠ্যমেবচ ॥ * ॥

ভর্ত্তা চাসৌ ভগবাংশ্চ তস্য কথাং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রামঃ কিংপুরুষে নারায়ণঃ সেব্যশ্চ ভারতে।
সর্ব্বতো ভারতশ্রেষ্ঠ্যমুনবিংশে নিরূপ্যতে ॥ * ॥

ভর্তুরেব ভগবতঃ কথামিত্যনেন নারদাদিরিব নাবতারান্তর-কথায়ামনুরজ্যতীতি দ্যোতিতং ॥ ১

শুকদেব বলিলেন, হে মহারাজ! কিম্পুরুষ বর্ষে সর্ব্ব-কারণ-কারণ আদি-পুরুষ লক্ষ্মণাগ্রজ ভগবান্ সীতাপতি রামচন্দ্র অবস্থান করিতেছেন; এবং একান্ত ভক্তিযোগ-সহকারে পরম-ভাগবত হনুমান্ কোনরূপ ফলের আকাঙ্ক্ষা না করিয়া, তত্রত্য কিম্পুরুষগণ সহ নিরন্তর তাঁহার আরাধনা করিয়া থাকেন॥ এবং পূর্ব্বে গন্ধর্ব্বগণ কর্ত্তৃক পরিগীত, শ্রোতা ও বক্তার যাবতীয় পুরুষার্থের কারণস্বরূপ জগৎস্বামী পরমেশ্বরের অমৃতোপম লীলাকথা

আভাস।

উনবিংশ অধ্যায়ে কিম্পুরুষ ও ভারতবর্ষে সেব্য-সেবকের উল্লেখ পূর্ব্বক ভারতের উৎকৃষ্টতা ও শ্রেষ্ঠত্বের প্রতিপাদন করিয়াছেন॥

এই শ্লোকে ভর্তৃপদের প্রয়োগে অংশাবতার বা কলাবতারাদির নিরাসে পরাৎপর পরমেশেরই গুণলীলার পরিচয় প্রদান করা হইয়াছে ॥ ১ ॥

ওঁ নমো ভগবতে উত্তমঃশ্লোকায় নম আর্য্য-লক্ষণ-শীলব্রতায় নম উপশিক্ষিতাত্মন উপাসিত-লোকায় নমো সাধুবাদ-নিকষণায় নমো ব্রহ্মণ্যদেবায় মহাপুরুষায় মহারাজায় নম ইতি ॥ ২ ॥

অন্বয়ঃ।

উত্তমাঃ শ্রেষ্ঠাঃ শ্লোকাঃ যস্মিন্ তস্মৈ; আর্য্যাণাং শ্রেষ্ঠানাং লক্ষণানি শীলং শুভভাবঃ ব্রতং আচারঃ চ যস্মিন্ তস্মৈ; উপশিক্ষিতঃ বশীকৃতঃ আত্মা অন্তঃকরণং যেন তস্মৈ; অতঃ উপাসিতঃ অনুসৃতঃ লোকৈঃ যঃ তস্মৈ; সাধুবাদ-নিকষণায় (সাধুবাদস্য নিকষণায় স্বর্ণসাধুত্ব-নির্দ্ধারণার্থ-নিকষাশ্মবৎ নির্দ্ধারণস্থানায়) ব্রহ্মণ্যদেবায় (ব্রহ্মণ্যঃ লোকসংগ্রহার্থং ব্রাহ্মণ-ভক্তঃ দেবঃ বস্তুতস্তু পরমেশ্বরঃ এব তস্মৈ) মহাপুরুষায় পুরুষোত্তমায় ভগবতে মহারাজায় নমঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

আর্য্যাণি লক্ষণানি শীলং ব্রতং চ যস্মিন্ উপশিক্ষিতাত্মনে সংযতচিত্তায় উপাসিতোঽনুসৃতো লোকো যেন। সাধুবাদঃ সাধুত্বপ্রসিদ্ধিঃ তস্য নিকষণায় নিকষাশ্মবৎ নির্দ্ধারণস্থানায় পরমসাম্যে ইত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্য্যাণি সর্ব্বৈঃ শিরোধার্য্যাণি লক্ষণানি চরণ-তল-গত-ধ্বজ-বজ্রাদীনি আজানুবাহুত্বাদীনিচ। শীলানি ধীরোদাত্তাদীনি ব্রতানি ধর্ম্মনিষ্ঠত্বাদীনি যস্য তস্মৈ উপশিক্ষিতাত্মনে গুরু-ব্রাহ্মণাদি-শিক্ষা-গ্রাহিণে উপাসিতলোকায়েতি স্বস্য ব্রহ্মত্বাপাতত্বেঽপি ময়া স্বাচরণেন রজক-পর্য্যন্তা অপি লোকাঃ প্রসাদনীয়া ইতি বিচারবত্ত্বাল্লোকানাং তদুপাসিতত্বং। সাধুবাদানাং ব্রহ্মণ্যত্ব-সত্যসন্ধত্ব-কৃপালুত্বাদীনাং নিকষণায় পরমোৎকর্ষ-প্রাপকায় লোকাহি সাধুবাদৈরুৎ-কৃষ্যন্তে। রামং প্রাপ্য সাধুবাদা অপ্যুৎকৃষ্টা ভবন্তীত্যর্থঃ। যথা পরমোৎকৃষ্টস্যাপি কনকস্য নিকষং প্রাপ্তস্যোবোৎকর্ষো লোকে প্রমাণীভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ২ ॥

আষ্টিষেণ নামক কিম্পুরুষশ্রেষ্ঠ সহ হনুমান্ শ্রবণ করেন এবং সর্ব্বসাধন-রূপে নিজে এই মন্ত্র জপ করিয়া থাকেন; যথা—॥ ১ ॥

সেই উত্তমশ্লোক ভগবানকে প্রণাম করি। তিনি আর্য্যগণের অনুমোদিত আচরণ ও ব্রতের অনুষ্ঠান করিয়া থাকেন। তিনি অন্তঃকরণের বশীকারে জগতে সকলেরই পূজিত হইয়াছেন। তিনি সাধুত্বের চূড়ান্ত দৃষ্টান্তস্থল; এবং স্বয়ং পূর্ণ হইলেও, কেবল লোকশিক্ষার্থ ব্রাহ্মণগণের প্রতি বিশেষ ভক্তি

আভাস।

সুবর্ণের শুদ্ধি বা অবিশুদ্ধির পরিমাণ যেমন নিকষাশ্মে (কষ্টিপাথরে) সুস্পষ্ট প্রতীত হয়, সেইরূপ ব্রহ্মণ্যত্ব, সত্যব্যহার এবং কৃপালুতাদি সাধুবাদসমূহ শ্রীরাম-চরিত্রে সুস্পষ্ট প্রতীত হইয়া থাকে। সাধুবাদের দ্বারা লোকের যেমন গৌরব-বৃদ্ধি ও প্রতিষ্ঠালাভ হয়, উৎকৃষ্ট

যত্তদ্বিশুদ্ধানুভবমাত্রমেকং স্বতেজসাধ্বস্তগুণব্যবস্থং।

অন্বয়ঃ।

যৎ বিশুদ্ধানুভবমাত্রং (বিশুদ্ধশ্চাসৌ অনুভবশ্চ এব মাত্রা স্বরূপং যস্য তৎ) প্রশান্তং কাম-রাগাদি-বিকার-শূন্যং, স্বতেজসা স্বরূপপ্রকাশেনৈব ধ্বস্তগুণব্যবস্থং (ধ্বস্তাঃ দূরতো নিরস্তাঃ গুণানাং বিবিধাঃ জাগ্রদাদ্যবস্থা যস্মিন্ তৎ) নিরহং অহঙ্কারাদিশূন্যং, প্রত্যক্ সর্ব্বা-

শ্রীধরস্বামী।

শ্রীরামং পরমাত্মরূপেণ প্রণমতি। যদেকং বেদান্তেষু প্রসিদ্ধং তত্ত্বং তৎপ্রপদ্যে। কথম্ভূতং বিশুদ্ধশ্চাসাবনুভবশ্চ স এব মাত্রা স্বরূপং যস্য। বিশুদ্ধত্বে হেতুঃ প্রশান্তং তত্রাপি হেতুঃ স্বতেজসা স্বরূপপ্রকাশেন ধ্বস্তা গুণানাং বিবিধা জাগ্রদাদ্যবস্থা যস্মিন্ অনুভবমাত্রত্বে হেতুঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু শঙ্খ-চক্রাদিমত্ত্ব-গরুড়বাহনত্বাদ্যৈশ্বর্য্যানাবিষ্কারাদবতারস্যাস্য ব্রহ্মত্বে কেচিৎ সংশেরতে তত্র যে সংশেরতে তে সংশেরতাং নাম অহন্তু সাক্ষাদিমং পরব্রহ্মরূপমেবানু-ভবামীত্যাহ যদিতি। বিশুদ্ধো মায়াসম্বন্ধশূন্যো যোঽনুভব স্তন্মাত্রমেকং কেবলং যত্তদেবেমং প্রপদ্যে। ননু শুদ্ধজীবোঽপ্যেবং ভবতি তত্রাহ' স্বতেজসা স্বরূপশক্ত্যা দূরীভূতা গুণব্যবস্থান-রূপা মায়াশক্তি র্যস্মাত্তৎ অতএব প্রত্যক্ দৃশ্যাদন্যৎ। ন চক্ষুষা পশ্যতি রূপমস্য; যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈব আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি শ্রুতেঃ। যতঃ প্রশান্তং সর্ব্বোপদ্রব-

---

প্রদর্শন করিয়া থাকেন। সেই প্রজাপালন-তৎপর মহাপুরুষ রামচন্দ্রকে আমি কায়মনোবাক্যে প্রণাম করি ! ॥ ২ ॥

বেদান্তে যাঁহাকে বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জ্ঞানবিগ্রহ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, যাঁহাতে কাম রাগাদি কোন প্রকার বিকারের লেশ মাত্র নাই, যাঁহার স্বপ্রকাশ চৈতন্যস্বরূপেই জাগ্রদাদি গুণাবস্থা-সমূহ স্বতই নিরস্ত হইয়া যায়

আভাস।

কাঞ্চনও যেমন নিকষে (কষ্টিপাথরে) কষিত হইয়াই জনসমাজে উৎকৃষ্ট বলিয়া পরিচিত ও আদৃত হয়, সেইরূপ সাধুবাদও রামচরিত্রকে স্পর্শ করিয়াই প্রকৃত প্রস্তাবে সর্ব্বত্র আদৃত হইয়াছে ॥২

শ্রীরামচন্দ্র সাধারণ মনুষ্যবিগ্রহেই জন্ম পরিগ্রহ করিয়াছিলেন এবং প্রাকৃতিক মানবের ন্যায়ই তাঁহার চরিত্রে অনেক প্রধান প্রধান কর্ম্মের পরিচয় পাওয়া যায়। ভগবানের অবতারকালে মনুষ্যের ন্যায় লীলার পরিচয়ের মধ্যে, যেরূপ শঙ্খ-চক্রাদি ধারণ বা গরুড়-বাহনত্বাদি প্রচ্ছন্ন ঐশ্বর্য্যবিশিষ্ট ভগবদ্ভাবের পরিচয় পাওয়া যায়, রামাবতারে তাদৃশ কোনরূপ ঐশ্বরিক ঐশ্বর্য্যের পরিচয় ছিল না। সুতরাং রামাবতারের ব্রহ্মত্ব সম্বন্ধে অনেকেরই সংশয় উৎপন্ন হয়। অঞ্জনাগর্ভসম্ভূত হনুমান্ অচিন্ত্য ধীশক্তি প্রভাবে রামাবতারের ব্রহ্মত্ব প্রতিপাদন করিয়াছেন। হনুশব্দে পুচ্ছ ও বুদ্ধিকে বুঝায়। অতএব হনুমান্ শব্দে বুদ্ধিমান্ বলিয়াই স্বীকার করিতে হইবে। অঞ্জনলিপ্ত চক্ষুতেই যেমন

প্রত্যক্ প্রশান্তং সুধিয়োপলম্ভনং হ্যনামরূপং নিরহং প্রপদ্যে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

স্তরত্বেন অন্তঃকরণ-সাক্ষিমাত্রং, হি যস্মাৎ অনামরূপং নামরূপাত্মকাৎ প্রপঞ্চাৎ ভিন্নং, সুধিয়োপলম্ভনং (সুষু জন্মান্তরসহস্রেষু যোগধ্যানাদিভিঃ শোধিতা ধীঃ বুদ্ধিঃ যস্য তেন উপলভ্যতে এবম্ভূতং) একং অদ্বিতীয়ং তত্ত্বং বেদান্তেষু প্রসিদ্ধং, তং অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যক্ দৃশ্যাদন্যত্বাৎ। তৎকুতঃ অনামরূপং। ননু বস্তুত এবংভূতস্যাপি জীবস্যোক্ত-সর্ব্ব-বিপর্য্যয়ো দৃশ্যতে তত্রাহ নিরহং অহঙ্কারাভাবাৎ ন তথা বৈপরীত্যমিত্যর্থঃ। ননু শ্রীরামস্য রূপং নৈবং প্রতীয়তে তত্রাহ সুধিয়া পুংসা উপলভ্যতে ইত্যুপলম্ভনং শুদ্ধচিত্তেন ব্রহ্মত্বেনৈব উপলভ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রহিতং। ননু শ্রীরামস্য রূপং নৈবং প্রতীয়তে তত্রাহ সুধিয়ৈব পুংসা উপলভ্যত ইত্যুপ-লম্ভনং। যতোহনামরূপং। এতা স্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নাম রূপে ব্যাকরবাণীতি প্রসিদ্ধ-প্রাকৃত-নাম-রূপ-রহিতং। শ্রুতৌ তিস্র ইতি তেজোবারিমৃদঃ নির্নিশ্চয়েনাহং প্রপদ্যে। যদ্বা অহঙ্কার-রহিতং যথাস্যাত্তথা তৎপ্রপত্তিরপি রূপয়া তেনৈব কারিতেতি বুদ্ধ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

এবং যাঁহাতে অভিমানের গন্ধমাত্রও অনুভূত হয় না, নামরূপাত্মক প্রপঞ্চের অতীত অথচ জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামিরূপে নিত্য বিরাজমান এবং সহস্র জন্মের স্বনুষ্ঠিত যোগধ্যানের দ্বারা পরিশোধিত বুদ্ধিরই অনুভূত, বেদান্ত-প্রতিপাদ্য সেই অদ্বিতীয় শ্রীরামচন্দ্রেরই চরণপ্রান্তে আমি শরণাগত হইলাম ॥ ৩ ॥

আভাস।

দর্শনশক্তি বিশেষরূপে প্রকটিত হয় এবং দশবিধ ইন্দ্রিয়ের মধ্যে চক্ষুই প্রধান জ্ঞানেন্দ্রিয়, সেইরূপ রাম-পরিষদে হনুমানই প্রধান এবং বিচক্ষণ সভাসদ্। এদিকে "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে। দ্বাপরে যজ্ঞমেবাহু র্দানমেকং কলৌ যুগে ॥" এই মনু-বাক্যে প্রমাণীকৃত যে, ত্রেতাযুগই জ্ঞানানুশীলনের উপযুক্ত অবসর; সুতরাং জ্ঞান প্রধান অবতারেরই তখন প্রয়োজন; যজ্ঞপ্রধান দ্বাপর যুগে ঐশ্বর্য্য-প্রকাশক অবতারেরই আবশ্যক। সুতরাং ত্রেতাযুগে নীতিজ্ঞানপূর্ণ রামচন্দ্রই আবির্ভূত হইয়া, অনুপম চরিত্রের পরিচয়ে জগৎকে চরিত্রবান্ হইতে উপদেশ দিয়াছেন। কেবল চরিত্রবান্ হইলে, সামান্য মানবও জগতে শ্রীঃ যশঃ কীর্ত্তি ধর্ম্ম ও সত্য প্রভৃতির সাহায্যে যাবতীয় ঐশ্বর্য্য ও ঐহিকের সুখ এবং অন্তে মুক্তি পর্য্যন্ত লাভ করিতে পারে; এই নিমিত্ত ভগবান্ শ্রীরামচন্দ্র পূর্ণব্রহ্ম হইয়াও

মর্ত্ত্যাবতারস্ত্বিহ মর্ত্ত্যশিক্ষণং রক্ষো-বধায়ৈব ন কেবলং বিভোঃ।

অন্বয়ঃ।

বিভোঃ সংকল্পমাত্রেণ এব সর্ব্বং কর্ত্তুং সমর্থস্যাপি মর্ত্ত্যাবতারঃ মনুষ্যাবতারঃ, ন কেবলং রক্ষোবধায় এব কিন্তু ইহ সংসারে (বিষয়াবিষ্টানাং স্ত্রীসঙ্গাদিকৃতং দুঃখং দুর্ব্বারং ইতি) মর্ত্ত্যশিক্ষণং (মর্ত্ত্যানাং শিক্ষাং শিক্ষার্থং এব) অন্যথা শিক্ষার্থত্বানঙ্গীকারে স্বে স্বরূপে রমতঃ

শ্রীধরস্বামী।

কথং তর্হি দশরথপুত্রত্বং তত্রাহ বিভোর্ম্মর্ত্ত্যাবতারস্তু রক্ষসো রাবণস্য বধায় তস্য মনুষ্যাদন্যতোঽবধ্যত্বাৎ ন কেবলমেতাবৎ কিন্তু ইহ সংসারে স্ত্রীসঙ্গাদিকৃতং দুঃখং দুর্ব্বারমিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্তু তর্হি প্রপঞ্চলোকে কথমেবং প্রকটী ভবতীতি তত্রাহ মর্ত্ত্যাবতারঃ। মর্ত্ত্যাকারস্য প্রপঞ্চলোকপ্রাকট্যং ন কেবলং রক্ষসো রাবণস্যৈব বধায় কিন্তু মর্ত্ত্যশিক্ষণং মর্ত্ত্যশিক্ষণার্থোঽপি ইত্যর্থঃ। মর্ত্ত্যা বিবিধাঃ ধর্ম্মবন্তো ভক্তিমন্তশ্চ। তেভ্যঃ ক্রমেণ স্বস্য ধার্ম্মিকত্ব-প্রেমবশ্যত্বয়োঃ প্রদর্শনয়া ধর্ম্মশিক্ষণার্থং প্রেমশিক্ষণার্থঞ্চেত্যর্থঃ। অন্যথা স্বে স্বরূপ এব রমমাণস্য পরমাত্মনঃ সীতাবিরহকৃতানি ব্যসনানি দুঃখানি কুতঃ স্যাৎ স্যুঃ? কিন্তু স্বাধ্বী স্বভার্য্যা ধার্ম্মিকৈঃ সর্ব্বথৈব নোপেক্ষিতব্যা তদর্থং প্রাপ্তানি দুঃখান্যপি সহতৈরেবেতি

তিনি বিভু; ইচ্ছা মাত্রেই সমস্ত করিতে পারেন! কেবল রাক্ষস-বধের জন্যই যে তিনি মনুষ্যবিগ্রহে অবতীর্ণ হইয়াছিলেন, তাহা নহে; এই সংসারে বিষয়াবিষ্টচিত্ত মানবকে স্ত্রীসংসর্গের দ্বারা এই সংসারক্ষেত্রে যে কিরূপ

আভাস।

কোনরূপ ঐশ্বর্য্যের বিকাশ করেন নাই; মনুষ্যলীলার দ্বারাই স্বীয় অবতারের সমাপন করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে বেদান্ত-প্রসিদ্ধ "তত্ত্বমসি" মহাবাক্যের তৎপদলক্ষ্য বিমল অখণ্ড একরস অদ্বিতীয় পূর্ণব্রহ্মই শ্রীরামচন্দ্র; সুতরাং এই শ্লোকে পূর্ণ পরমাত্মার স্বরূপলক্ষণের দ্বারা শ্রীরামচন্দ্রের স্বরূপ হনুমান্ প্রকাশ করিয়াছেন। অর্থাৎ শ্রীরাম মনুষ্যমূর্ত্তিতে পরিচিত হইলেও, তিনি একরস বিশুদ্ধ জ্ঞানবিগ্রহ; মায়ার কোন সম্পর্কই তাঁহাতে ছিল না; কেবল জ্ঞানময়। প্রদীপ যেমন স্বীয় দীপ্তিবলেই অন্ধকারকে নিবারণ করে, শ্রীরামচন্দ্রও স্বীয় জ্ঞানবলে মায়া বা অবিদ্যাকে দূরে বিতাড়িত করিয়াছেন। অতএব দৃশ্যাতিরিক্ত সাক্ষাৎ দ্রষ্টার স্বরূপই তিনি মাত্র। যেমন প্রজ্বলিত প্রদীপের পরিচয়ার্থ অন্য দীপের আবশ্যক করে না, সেইরূপ স্বপ্রকাশ পরমাত্মস্বরূপের অববোধনার্থ জীবচৈতন্যের কোন প্রতীক্ষা নাই। জীবচৈতন্যই দৃশ্যস্বরূপ পরিহার পূর্ব্বক, স্বীয় দ্রষ্টৃস্বরূপে বিশ্রাম করেন। দৃশ্যই দ্রষ্টাকে আত্মস্বরূপে আকৃষ্টের ন্যায় করিয়া, দ্রষ্টারূপে সীমাবদ্ধ করে। যখন দৃশ্য থাকে না, তখন দ্রষ্টাকে সীমাবদ্ধ করিবার কারণও থাকে না; সুতরাং চৈতন্যস্বরূপ জীবতত্ত্ব দ্রষ্টৃস্বরূপ পরিহার করত, নিঃসীম চৈতন্য-রসেই জ্ঞপ্তিরূপে বিশ্রাম করেন। তখন

কুতোঽন্যথা স্যাদ্রমতঃ স্ব আত্মনঃ সীতাকৃতানি ব্যসনানীশ্বরস্য ॥ ৪ ॥

অন্বয়ঃ।

রমমাণস্য, সর্ব্বাত্মনঃ ঈশ্বরস্য পরমেশ্বরস্য সীতাকৃতানি সীতাবিরহকৃতানি ব্যসনানি দুঃখানি কুতঃ স্যাৎ স্যুঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

মর্ত্ত্যানাং শিক্ষণং শিক্ষার্থমপীত্যর্থঃ। অন্যথা স্বে স্বরূপে রমমাণস্য জগদাত্মনঃ সীতাবিরহকৃতানি ব্যসনানীতি কুতঃ স্যাৎ স্যুঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শিক্ষণার্থং স্বস্মিন্ সত্যপি দুঃখানি দর্শিতানীতি প্রথমে পক্ষে। দ্বিতীয়েতু সীতাবিরহকৃতানি বিষাদাদীনি কুতো দুঃখানি কিন্তু প্রেম্নঃ স্থায়িভাবস্য বিপ্রলম্ভন-রসাস্বাদন-জনিতানি পরম-সুখান্যেব নতু দুঃখানীত্যর্থঃ। আত্মারামত্ব-দুঃখিত্বয়োর্যুগপদেকত্র বিরোধাৎ নচ সীতায়াং রমমাণস্য কুত আত্মারামত্বমিতি বাচ্যং। সীতায়াঃ স্বরূপশক্তিত্বেনাত্মভূতত্বাৎ। নন্বু সীতায়াঃ স্বরূপভূতত্বে কথং তদ্বিরহঃ সম্ভবেৎ উচ্যতে একমেব পরমতত্ত্বং চিচ্ছক্তিবৃত্তি-ভেদেন মহাসারেণ প্রেমোৎপন্নানাদিত এব দ্বিধা বিভক্তং তিষ্ঠতি হ্লাদসন্ধ্যৈশ্বর্য্যময়ং কেবলং

দুঃখ পাইতে হয়, সেই শিক্ষা প্রদানার্থই তিনি আবির্ভূত হইয়াছিলেন। নতুবা যিনি আত্মারাম ও পূর্ণকাম, সেই সর্ব্বাত্মা সর্ব্বেশ্বর পরম পুরুষের আবার সীতাবিরহ-জনিত দুঃখের সম্ভাবনা কিরূপে সম্ভব হইতে পারে ॥ ৪ ॥

আভাস।

অনন্ত, সর্ব্বাধার ও সর্ব্বান্তর্যামী পূর্ণ চৈতন্যই তাঁহার আশ্রয় হইলে, সেই জীব মুক্ত ও পরমাত্মস্বরূপ প্রাপ্ত হইলেন, এইরূপ শব্দশক্তির দ্বারা অভিব্যক্ত করা যায়। যেমন কোন পুরুষের জ্ঞান ও ক্রিয়াশক্তিকে পৃথক্‌রূপে নির্দ্দেশ করিলেও, উভয়ের অভিন্ন ভাব অনুভবসিদ্ধ; সেইরূপ পূর্ণ চৈতন্য ও বিভ্বী মায়াকে পৃথক্‌রূপে নির্দ্দেশ করিলেও, স্বরূপত উভয়ের অভেদ অনুমান-সিদ্ধ। অতএব পূর্ণ চৈতন্য ও মায়া উভয়েই বিভু পদার্থ এবং পরমার্থত পরস্পরে অভেদ হইলেও, একের প্রাধান্য ও অপরের আনুগত্য অবশ্যই স্বীকার করিতে হইবে; নতুবা উভয় বিরোধীর একত্রাবস্থান কথনই সম্ভবপর হইতে পারে না। এস্থলে কার্য্য-রূপা মায়াই জ্ঞানস্বরূপ চেতনের অধীন। কার্য্যোদ্যমের অন্তরে নিয়ামকরূপে চেতনের অস্তিত্ব অবশ্যই স্বীকার্য্য। কিন্তু নির্ম্মনস্কত্বের সাক্ষিস্বরূপে অবস্থিত চেতনের সন্নিধানে কার্য্যের কোন আবশ্যক থাকে না। অতএব চৈতন্য স্বতন্ত্র; কিন্তু কার্য্যস্বরূপা মায়া অস্বতন্ত্রা; চেতনের অধীনেই কার্য্যের উৎপত্তি করিয়া থাকেন। সুতরাং পূর্ণব্রহ্মের সন্নিধানে মায়া অস্বতন্ত্র। অতএব তিনি জগৎকে শিক্ষা দিবার উপলক্ষে যে কোন শরীর ধারণ করেন, তাহা জীব-শরীরবৎ মায়ামূলক নহে; তাহা চিন্মূলক। সুতরাং শ্রীরামচন্দ্রের নবদূর্ব্বাদলাদি রূপের বর্ণনায় তাঁহার স্বরূপের ব্যাখ্যা করা হয় না। কারণ তিনি প্রাকৃতিক নাম রূপাদির অতীত; তিনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্লাদময়ঞ্চ। প্রথমং পরমেশ্বরাখ্যং দ্বিতীয়ং ভক্তাখ্যং। পুনশ্চ তেনৈব প্রেম্ণা স্বস্য চতস্থভি-বৃত্তিভি দ্বিতীয়ং তত্ত্বং চতুর্দ্ধা বিভক্তং দাস-সখি-পিত্রাদি-প্রেয়স্যাখ্যং। প্রথমস্য তদেব তত্ত্বস্য দাস্যাদি-ভাব-ভাবিতত্বং ব্যবস্থাপিতং প্রাকৃতেষ্বপি জীবেষু যদৃচ্ছয়ৈতাদৃশভক্তিসাধনবৎস্থ ভক্তিপরিপাকে স্বয়মাবির্ভূয় এতচ্চতুষ্কমাবেশ্য তেষ্বপি দাসাদিত্বেন যথাকালং নিত্যলোকং প্রাপয্য চতুষ্কেণ তেন সমনুগম্যতে পুনরপি তেনৈব প্রেম্ণা স্থায়িভাবতাং প্রাপ্তেন স্বশক্ত্যা-বাবির্ভাবিতাভি র্বিভাবাদিভিঃ স্বং রসরূপীকৃত্য তদেব তত্ত্বযুগলং স্বস্য বিষয়াশ্রয়ৌ ভাব-ভাবিতং কৃত্বা স্বাধীনী কৃত্য যোগবিয়োগাভ্যাং সুখদুঃখায়িতং স্বমাধুর্য্যমসাধারণমপারমাস্বা-দয়তা কোহপ্যানন্দ-চমৎকারএব তদ্বিদাং নিষ্পাদ্যতে অতদ্বিদাস্ত কেষাঞ্চিৎ রামকৃষ্ণাদীনা-মপ্যেতাবদ্দুঃখমনির্ব্বাচ্যমিতি কেষাঞ্চিজ্জীবপ্রদর্শনায়ৈ অনুকৃতমিত্যেবং ব্যামোহ এব॥ ৪॥

আভাস।

মানবাদি জীবনিচয়ের ইন্দ্রিয়গ্রাহ্য মূর্ত্তি ধারণে আবির্ভূত হইয়া যে কেবল রাক্ষসগণের বধসাধনই করিয়াছিলেন, তাহা নহে; মনুষ্য-জীবনের কর্ত্তব্যসাধনের দ্বারা জগৎকে উপ-দেশ প্রদান করাই রামাবতারের প্রধান উদ্দেশ্য। গুরুজনের সম্মান-রক্ষা, প্রজাপালন, সাধ্বী স্ত্রীর রক্ষা এবং অতি নীচ অবস্থায় পতিত হইয়াও মানব কি প্রকারে যে উন্নতি লাভ করে, তাহার পরিচয় তিনিই কেবল প্রদান করিয়াছেন। সহায়শূন্য বনবাসী হইয়াও কেবল অতি নীচ বানরকুলের সহিত মিত্রত্বের সংস্থাপনে বীরকেশরী এবং অতুল ঐশ্বর্য্য-সম্পন্ন বিজ্ঞানবিদ্ দশাননকেও তিনি অবলীলাক্রমে নিধন করিয়াছিলেন। "লঘুনামপি সত্ত্বানাং সমবায়ো রিপুঞ্জয়ঃ। বর্ষাধারাধরো মেঘস্তৃণৈরপি নিবার্য্যতে"॥ অতি তুচ্ছ প্রাণীর একত্র মিলনের দ্বারা প্রবল শত্রুকে পরাজয় করিতে পারা যায়; বারিধরের প্রচুর জল-ধারাও অতি সামান্য তৃণগুচ্ছের দ্বারা অনায়াসে নিবারণ করা যায়। এই নীতির সুস্পষ্ট পরিচয় রামচরিত্রে যথেষ্ট প্রতীত হইতেছে। এবং রাবণের ন্যায় প্রতাপশীল ব্যক্তিও ভ্রাতৃবিচ্ছেদের দোষে সামান্য বানরের হস্তে নিহত হইয়াছেন। এই প্রকারে মনুষ্য-জীবনের প্রধান কর্ত্তব্য বিষয়গুলির অভিনয়ই রামলীলার প্রধান উদ্দেশ্য। তিনি সীতার বিরহ-জনিত আসক্তি এবং পিতৃবাক্য প্রতিপালনে অনাসক্তির চূড়ান্ত দৃষ্টান্ত প্রদর্শনে প্রকৃত অমানুষিক ব্যাপারেরই পরিচয় দিয়াছেন॥ ৩॥ ৪॥

মানবের ন্যায় শ্রীরাম মনুষ্যোচিত সকল কার্য্যেরই পরিচয় দিয়াছেন; অথচ পরমার্থত তিনি সম্পূর্ণ নির্লিপ্ত। সুতরাং তাঁহার দুঃখ শোকাদি কেবল কাল্পনিক মাত্র। কারণ তিনি সর্ব্বান্তর্যামী এবং জীবমাত্রেরই পরম সুহৃদ্। প্রকৃত প্রস্তাবে সীতাবিরহ-নিবন্ধন দুঃখ তিনি ভোগ করেন নাই বা লক্ষ্মণকেও কখন বর্জ্জন করিতে পারেন না। শ্রীরাম যখন দেবদূতের সহিত নির্জ্জনে মন্ত্রণা করিতেছিলেন, তখন তথায় সকলেরই প্রবেশ নিষিদ্ধ ছিল এবং তজ্জন্য স্বয়ং লক্ষ্মণই দ্বারদেশে প্রহরীরূপে দণ্ডায়মান ছিলেন। ইত্যবসরে দুর্ব্বাসা মুনি শ্রীরামকে দেখিবার নিমিত্ত দ্বারদেশে উপস্থিত হইলেন। দুর্ব্বাসার ন্যায় ঋষিকে রাম-সন্দর্শনার্থে

নবৈ স আত্মাত্মবতাং সুহৃত্তমঃ সক্তস্ত্রিলোক্যাং ভগবান্ বাসুদেবঃ।
ন স্ত্রীকৃতং কশ্মলমশ্নুবীত ন লক্ষ্মণঞ্চাপি বিহাতুমর্হতি॥ ৫॥

অন্বয়ঃ।

আত্মবতাং ধীরাণাং আত্মা সুহৃত্তমঃ সঃ ভগবান্ বাসুদেবঃ ত্রিলোক্যাং ন ক্বাপি বিষয়ে সক্তঃ অতঃ স্ত্রীকৃতং কশ্মলং ন অশ্নুবীত তথা লক্ষ্মণং চাপি বিহাতুং ন অর্হতি॥ ৫॥

শ্রীধরস্বামী।

বিষয়াসক্ত্যভাবেন ব্যসনানর্হত্বং উপপাদয়তি ন বৈ স ভগবান্ ত্রিলোক্যাং ক্বাপি সক্তঃ। যতঃ আত্মবতাং ধীরাণাং আত্মা সুহৃত্তমশ্চ। অতো ন স্ত্রীকৃতং মোহং প্রাপ্নুয়াৎ। ন লক্ষ্মণ-ঞ্চেত্ত দেবদূতেন শ্রীরামঃ সমন্ত্রয়তা বিজ্ঞাপিতঃ "অত্রাগতস্ত্বয়া বধ্য" ইতি তদৈব দ্বারি স্থিতং লক্ষ্মণং দুর্ব্বাসসমাগতং বিজ্ঞাপয়িতুং প্রবিষ্টং হন্তুমুদ্যতো বশিষ্ঠবাক্যাৎ তত্যাজ তচ্চ ন যুজ্যতে ইত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য প্রেমবশ্যত্ব-সত্যব্রতত্ব-ব্রহ্মণ্যত্বাদিভিরপ্রাকৃতৈর্গুণৈরেব এতদুপপদ্যতে নান্যথেত্যাহ নেতি। স বৈ খলু ত্রিলোক্যাং ন সক্তঃ যতঃ আত্মা পরমাত্মা তদপি আত্মবতাং আত্মা সেব্যত্বেন বর্ত্ততে যেষাং তেষাং দাসাদীনাং সুহৃত্তমঃ যতো ভগবান্ পূর্ণষড়ৈশ্বর্য্যঃ অতঃ প্রেমবশ্যত্বা-নঙ্গীকারে প্রাকৃতানামিব স্ত্রীকৃতং কশ্মলং মোহং নাশ্নুবীত ন প্রাপ্নুয়াৎ তথৈব সত্যব্রতত্ব-ব্রহ্মণ্যত্বাদ্যনঙ্গীকারে লক্ষ্মণমপি ত্যক্তুং নার্হেৎ। তথাহি দেবদূতেন শ্রীরামং মন্ত্রয়তা বিজ্ঞাপিতং। অত্রাগতস্ত্বয়া বধ্য ইতি। তদৈব দ্বারিস্থিতং লক্ষ্মণং দুর্ব্বাসসং বিজ্ঞাপয়িতুং প্রবিষ্টং হন্তুমুদ্যতো বশিষ্ঠবাক্যাত্তত্যাজেতি তস্মাদেতাদৃশ্যা লীলয়া প্রেমাণং ধর্ম্মঞ্চ শিক্ষয়া-মাসেতি যুক্তমুক্তং মর্ত্ত্যশিক্ষণমিতি॥ ৫॥

তিনি ধীর ব্যক্তিগণের অন্তরাত্মা ও পরম সুহৃদ্; এবং বিশ্ব সংসারের এক মাত্র সার বস্তু। সংসারের কোন বস্তুতেই তিনি কখন আসক্ত হন না; সুতরাং স্ত্রী-বিরহ-জনিত দুঃখ তাঁহার কখনই হইতে পারে না এবং প্রতিজ্ঞা অনুসারে অনুজ লক্ষ্মণকেও পরিত্যাগ করা তাঁহার পক্ষে কখন সম্ভবপর হইতে পারে না॥ ৫ ।

আভাস।

গমনের প্রতিবন্ধক করা লক্ষ্মণের ন্যায় ব্যক্তির পক্ষে কতদূর সঙ্গত তাহা বিবেচনা করিয়া, কিংকর্ত্তব্যবিমূঢ় লক্ষ্মণদেব শ্রীরামের অনুমতির জন্য যখন রামগৃহে নিজেই প্রবেশ করেন, তখন শ্রীরামচন্দ্র পূর্ব্ব প্রতিজ্ঞা অনুসারে বিনা অনুমতিতে মন্ত্রণাগৃহে প্রবেশের অপরাধে লক্ষ্মণকেই বধ করিতে প্রস্তুত হইলেন। কিন্তু বশিষ্ঠের পরামর্শে তিনি লক্ষ্মণকে বর্জ্জন করিয়া মাত্র সে অপরাধ হইতে নিষ্কৃতি দিলেন। এরূপ দৃঢ় প্রতিজ্ঞার পরিচয় কেবল মর্ত্ত্যশিক্ষার অভিপ্রায়ে মাত্র; পরমাত্মস্বরূপে তাঁহার তাদৃশ আচরণের কোন প্রয়োজনই ছিল না॥ ৫॥

ভগবান্ শ্রীরামচন্দ্র সকল গুণের আকর ছিলেন; তাঁহার নির্ম্মল চরিত্রে মোহিত

ন জন্ম নূনং মহতো ন সৌভগং ন বাঙ্ ন বুদ্ধি র্নাকৃতিস্তোষহেতুঃ।
তৈ র্যদ্বিসৃষ্টানপি নো বনৌকসশ্চকার সখ্যে বত লক্ষ্মণাগ্রজঃ॥ ৬॥

অন্বয়ঃ।

নূনং নিশ্চিতং, মহতঃ শ্রীরামস্য, সন্তোষহেতুঃ ন জন্ম ন সৌভগং সৌন্দর্য্যং, ন আকৃতিঃ জাতিঃ বুদ্ধিঃ ন, নাপি বাক্ কারণং; যৎ যস্মাৎ তৈঃ জন্মাদিভিঃ বিসৃষ্টান্ ত্যক্তান্ অপি বনৌকসঃ বনচরান্, নঃ বানরান্, বত লক্ষ্মণাগ্রজঃ অস্মান্ সখ্যে সখিত্বে, চকার কৃতবান্॥ ৬॥

শ্রীধরস্বামী।

অতঃ শ্রীরাম এব সর্ব্বৈঃ সেব্য ইতি বক্তুং ন তস্য তোষহেতুঃ সৎকুলজন্মাদিকন্তু ভক্তিরেবেত্যাহ ন জন্মেতি। মহতঃ পুরুষাৎ জন্ম মহতঃ শ্রীরামস্যেতি বা। সৌভগং সৌন্দর্য্যং। আকৃতি র্জাতিঃ। যদ্‌যস্মাৎ তৈর্জন্মাদিভি র্বিসৃষ্টান্ ত্যক্তানপি নো বনচরান্ বত অহো লক্ষ্মণস্যাগ্রজোঽপি সখিত্বে কৃতবান্॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততং সর্ব্বগুণাকরস্য তস্য কৃপয়া নিরুপাধিং বিশিষ্যাহ ন জন্মেতি। মহতো বংশাজ্জন্ম মহতঃ শ্রীরামস্যেতি বা তৈঃ সজ্জন্মাদিভি র্লক্ষ্মণস্য সর্ব্বসল্লক্ষণপরিপূর্ণস্য সুমিত্রাসূনো-রগ্রজোঽগ্রজত্বেন তমপি দাস্যে বিদধানোঽস্মান্ সর্ব্বসল্লক্ষণরহিতানপি সখ্যে চকারেতি সুগ্রীবমুপলক্ষ্যোক্তিঃ॥ ৬॥

সৎকুলে জন্ম, সুন্দর মূর্ত্তি, উত্তম জাতি এবং বিচক্ষণা বুদ্ধির অনুরোধে বা উৎকৃষ্ট বচনের প্রয়োগে কখন সেই পরাৎপরের প্রিয়পাত্র হওয়া যায় না; কারণ তাহা হইলে, পূর্ব্বোক্ত সকল গুণে বঞ্চিত আমাদের ন্যায় অতি নিকৃষ্ট বনচর বানরকুলকে তিনি কখন সখারূপে গ্রহণ করিতেন না॥ ৬॥

আভাস।

হইয়া, বনচর বানর পর্য্যন্ত পরমা ভক্তি প্রদর্শনে তাঁহার বাধ্য হইয়াছিল। এবং রামচন্দ্রও বানরকুলের বংশমর্য্যাদা, বেশভূষা, অঙ্গসৌষ্ঠব, সঙ্গতি বা বিদ্যার প্রতি লক্ষ্য না করিয়া, বন্ধুত্বে পরিগ্রহ করিয়াছিলেন। তিনি ভাবগ্রাহী জনার্দ্দন! সুতরাং বানরকুলের ভাবের প্রতি লক্ষ্য করিয়া, এরূপ অপূর্ব্ব মিলনের সংস্থাপন করিয়াছিলেন, যাহার প্রসাদে তাদৃশ লঙ্কেশ্বরের নিধনরূপ দুঃসাধ্য কার্য্যের সাধনে তিনি জগতে শান্তি ও উন্নতির পথ প্রশস্ত করিয়াছিলেন। সুগ্রীবাদি শ্রেষ্ঠ কপিগণ বিলক্ষণ বুঝিতেন যে, তাঁহারা রামসন্নিধানে সর্ব্বাংশে ন্যূন ও নিকৃষ্ট হইলেও, শ্রীরাম কিন্তু অনুজ লক্ষ্মণ অপেক্ষা বরং অধিক পরিমাণে তাঁহাদিগকে স্নেহ করিতেন॥ ৬॥

অতএব সকল প্রকার অবতারের মধ্যে রামাবতারের প্রতি লক্ষ্য করা, মানব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য। উক্ত অবতারের অনুসরণে কার্য্য করিলে, মানব প্রকৃত মনুষ্য-পদ-বাচ্য হন; এবং ঐহিকে অতুল সুখ ও অন্তে মোক্ষপদ প্রাপ্ত হন, সন্দেহ নাই। ওরূপ কৃতজ্ঞ

সুরোঽসুরো বাথ নরোঽথ বানরঃ সর্ব্বাত্মনা যঃ সুকৃতজ্ঞমুত্তমং।
ভজেত রামং মনুজাকৃতিং হরিং য উত্তরাননয়ৎ কোষলান্ দিবমিতি ॥ ৭ ॥
ভারতেঽপি বর্ষে ভগবান্নরনারায়ণাখ্য আকল্পান্তমুপচিত-ধর্ম্মজ্ঞান-

অন্বয়ঃ।

অথ তস্মাৎ সুরঃ দেবঃ অসুরঃ বা, নরঃ মনুষ্যঃ অথবা অনরঃ পশুপক্ষ্যাদিঃ, যঃ কোঽপি বা সর্ব্বাত্মনা কায়বাঙ্মনোভিঃ মনুজাকৃতিং হরিং সর্ব্বদুঃখহর্ত্তারং সুকৃতজ্ঞং উত্তমং রামং এব ভজেত যঃ রামঃ উত্তরান্ কোষলান্ অযোধ্যাবাসিনঃ সর্ব্বান্ জীবান্ দিবং ব্রহ্মলোকাদুপরি বর্ত্তমানং বৈকুণ্ঠং অনয়ৎ ॥ ৭ ॥

ভারতে অপি বর্ষে নরনারায়ণাখ্যমূর্ত্তিদ্বয়েন (বদরিকাশ্রমে স্থিতঃ) অব্যক্তগতিঃ (ঋষিরূপ-গ্রহণেন ন ব্যক্তা প্রকটা গতিঃ ভগবত্ত্বং যস্য সঃ) ভগবান্ আত্মবতাং (আত্মা স্বয়মেব উপাস্য-

শ্রীধরস্বামী।

তস্মাৎ সুরো বা অন্যো বা যঃ কোঽপি শ্রীরামমেব সর্ব্বপ্রকারেণ ভজেত। সুকৃতজ্ঞং অল্পীয়স্যাপি ভজনে বহুমানিনাং উত্তরান্ কোশলান্ অযোধ্যাবাসিনঃ ॥ ৭ ॥

উপচিতৈ ধর্ম্মাদিভিঃ আত্মোপলভ্যতে যেন তত্তপশ্চরতি। তত্র উপশমঃ ইন্দ্রিয়াণাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাত্তজনীয়েষু সর্ব্বেষবতারেষু মধ্যে রামএব কৃপাসিন্ধুরতিশয়েন ভজনীয়ো যত্তজনে সর্ব্বএবাবিশেষেণাধিকারীত্যাহ সুর ইতি যঃ কোঽপি সর্ব্বাত্মনা সর্ব্বপ্রকারেণ উত্তরান্ কোশলান্ অযোধ্যাবাসিনঃ সশরীরানেব দিবং বৈকুণ্ঠং ॥ ৭ ॥

উপচিতৈ ধর্ম্মাদিভিঃ সহিত আত্মা ত্বংপদার্থ উপলভ্যতে যেন তত্তপশ্চরতি তত্র উপশমঃ

অতএব দেবতা, অসুর, নর বা মনুষ্যেতর বানর অথবা পশু পক্ষী যে কোন জীবই হউক না কেন, কায়মনোবাক্যে সেই সর্ব্বদুঃখহারী মনুষ্যাকৃতি শ্রীরামচন্দ্রের আরাধনা করা জীবমাত্রেরই অবশ্য কর্ত্তব্য। তিনি সর্ব্বশ্রেষ্ঠ এবং কৃতজ্ঞ। যে রূপ কর্ম্ম করা যাউক না, তদনুরূপ ফলই তিনি প্রদান করিয়া থাকেন। তিনি উত্তরকোশল অযোধ্যার অধিবাসিগণকে অতি উৎকৃষ্ট ব্রহ্মলোকেরও উপরিস্থিত বৈকুণ্ঠধামে লইয়া গিয়াছেন ॥ ৭ ॥

ভারতবর্ষে নর ও নারায়ণ এই উভয় মূর্ত্তিতে ভগবান্ অবস্থান করিতেছেন। বদরিকাশ্রমে অবস্থান পূর্ব্বক প্রচুর পরিমাণে অনুষ্ঠিত পুণ্যকর্ম্ম, জ্ঞান,

আভাস।

এবং দয়াল অবতারের ভজনা করা মানব মাত্রেরই একান্ত কর্ত্তব্য। অহো! তাঁহার কৃপা-কটাক্ষে অযোধ্যাবাসী যাবতীয় প্রাণী, এমন কি! পশু পক্ষী পর্য্যন্ত জীবগণ বৈকুণ্ঠধামে গমন করিয়াছে ॥ ৭ ॥

বৈরাগ্যৈশ্বর্য্যোপশমোপরমাত্মোপলম্ভনমনুগ্রহায়াত্মবতামনুকম্পয়া তপোঽব্যক্ত-গতিশ্চরতি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তয়া সিদ্ধ্যতে যেষাং তেষাং) অনুগ্রহায় স্বপ্রাপ্তিসাধনে কেবলং অনুকম্পয়া কৃপয়া এব (উপ-চিতৈঃ ধর্ম্মাদিভিঃ আত্মা স্বয়মেব সচ্চিদানন্দবিগ্রহঃ ভগবান্ উপলভ্যতে যেন তৎ ; তত্র ধর্ম্মঃ পুণ্যং, জ্ঞানং সর্ব্বজ্ঞতা, বৈরাগ্যং বিষয়বৈতৃষ্ণ্যং, ঐশ্বর্য্যং অণিমাদি, উপশমং ইন্দ্রিয়সংযমঃ উপরমঃ নিরহঙ্কারতা) তপঃ আকল্পান্তং কল্পপর্য্যন্তং চরতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

সংযমঃ। উপরমো নিরহঙ্কারতা। আত্মবতামনুগ্রহায় ন স্বার্থং ঈশ্বরত্বাৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়াণাং সংযমঃ। উপরমো নিরহঙ্কারিতা। আত্মবতাং জ্ঞানিনাং অনুগ্রহায় তপঃ শিক্ষণরূপায়েতি তপসি প্রয়োজনং। অনুকম্পয়েতি তত্র কারণমিত্যপৌনরুক্ত্যাৎ ॥ ৮ ॥

বৈরাগ্য অণিমাদি অষ্টৈশ্বর্য্য, ইন্দ্রিয়সংযম ও অহঙ্কারের পরিত্যাগ প্রভৃতি সৎকার্য্যের অনুষ্ঠানে সচ্চিদানন্দ-বিগ্রহ পরমাত্মা ভগবান্ কল্পকাল পর্য্যন্ত পরম তপস্যার আচরণে আত্মবান্ ব্যক্তিগণের প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে অব্যক্তগতিতে বিচরণ করিতেছেন ॥ ৮ ॥

আভাস।

তপস্যার বলে জীবের আত্মসাক্ষাৎকার হইয়া থাকে। কারণ সাংখ্যকার বলিয়াছেন যে, "বুদ্ধিধর্ম্মো জ্ঞানং বিরাগৈশ্বর্য্যং। সাত্ত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্বিপর্য্যস্তং" ॥ অর্থাৎ বুদ্ধিতেই আটটী ধর্ম্ম নিত্য বিদ্যমান রহিয়াছে ; তবে সত্ত্বগুণের উদয়ে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এই চারিটী উৎকৃষ্ট ধর্ম্মের প্রকটন হয় এবং তমোগুণের উদয়ে উক্ত শ্রেষ্ঠ ধর্ম্মচতুষ্টয়ের ম্লান-ভাবে তদ্বিপরীত অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য এই চারিটী অধম ধর্ম্মের প্রকটন হয়। সুতরাং মানবের বুদ্ধিই সর্ব্বেসর্ব্বা ; যাহার বুদ্ধি স্বীয় ভাণ্ডার উন্মোচন করে, সেই মানব নর-পতিত্বের কথা দূরে থাকুক, ইন্দ্রত্ব পর্য্যন্ত তুচ্ছ করিয়া ব্রহ্মপদবী প্রাপ্ত হইতে পারেন ; আবার বুদ্ধির দ্বার রুদ্ধ হইলে, রাজরাজেশ্বরকেও পথের ভিখারী হইতে হয়। অতএব মানবের পক্ষে কোন প্রাপ্তি যেমন নাই, অপ্রাপ্তিও তেমনই নাই। অন্তরস্থ রসের এবং শক্তির প্রকটনে বৃক্ষ যেমন ফল ফুল ও পত্রাদিতে সুশোভিত হয়, দৃশ্য জগতের কোন প্রাপ্তির প্রত্যাশা বা অপ্রাপ্তির ভয় করে না, সেইরূপ মানবও অন্তরস্থ বুদ্ধির গুণে পুষ্ট ও অণিমাদি ঐশ্বর্য্যে সুশোভিত হয় এবং বুদ্ধির দোষে ক্ষীণপ্রায় ও অভাবগ্রস্ত হইয়া পড়ে। অতএব বুদ্ধির নৈর্ম্মল্য-সাধিত হইলে, মানব ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও অণিমাদি ঐশ্বর্য্যে বিভূষিত হয় এবং বুদ্ধি মলিন হইলে, পূর্ব্বোক্ত ধর্ম্মাদিতে বঞ্চিত হইয়া পড়ে। ইন্দ্রিয়-সংযম ও নিরহঙ্কারতার দ্বারাই বুদ্ধির মালিন্য বিনষ্ট হয় ; সুতরাং তপস্যার দ্বারা যখন ইন্দ্রিয়ের সংযম এবং চিত্তের নৈর্ম্মল্য-সাধনে নিরহঙ্কার ভাবের

তং ভগবান্নারদো বর্ণাশ্রমবতীভি র্ভারতীভিঃ প্রজাভি র্ভগবৎপ্রোক্তাভ্যাং সাংখ্যযোগাভ্যাং ভগবদনুভাবোপবর্ণনং সাবর্ণেরুপদেক্ষ্যমাণঃ পরমভক্তি-ভাবেনোপসরতি। ইদঞ্চাভিগৃণাতি ॥ ৯ ॥

ওঁ নমো ভগবতে উপশমশীলায় উপরতানাত্ম্যায় নমোঽকিঞ্চনবিত্তায়

অন্বয়ঃ।

ভগবৎপ্রোক্তাভ্যাং সাংখ্যযোগাভ্যাং জ্ঞানতৎসাধনাভ্যাং সহ ভগবদনুভাবোপবর্ণনং (ভগবদনুভাবঃ উপবর্ণ্যতে যেন তৎ পঞ্চরাত্রং) সাবর্ণেঃ সাবর্ণিভাবিনং মনুং উপ দেক্ষ্যমাণঃ ভগবান্ নারদঃ বর্ণাশ্রমবতীভিঃ ভারতীভিঃ ভারতবর্ষনিবাসিনীভিঃ প্রজাভিঃ সহ পরমভক্তিভাবেন তং ভগবন্তং উপসরতি সেবতে। ইদং চ মন্ত্রং অভিগৃণাতি জপতি ॥ ৯ ॥

ওঁ নমো ভগবতে নারায়ণায়; পরমহংসাঃ সারাসারবিবেকিনঃ তেষাং অপি পরমগুরবে; অকিঞ্চনবিত্তায় (নাস্তি ভগবদ্ব্যতিরিক্তং কিঞ্চন যেষাং তে অকিঞ্চনাঃ এব বিত্তং বিত্তবৎ প্রীতি-বিষয়ত্বেন সর্ব্বতঃ সংরক্ষণীয়াঃ যস্য তস্মৈ) ঋষিঋষভায় (ঋষিষু বিবেকিষু ঋষভায় শ্রেষ্ঠায়)

শ্রীধরস্বামী।

ভগবদনুভাব উপবর্ণ্যতে যেন পঞ্চরাত্রেণ তৎ সাবর্ণে র্মনোঃ উপসরতি সেবতে ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবদনুভাবো বর্ণ্যতে যেন তদ্ভগবদনুভাববর্ণনং পঞ্চরাত্রশাস্ত্রং সাঙ্খ্যযোগাভ্যাং সহ সাবর্ণেঃ সাবর্ণিঃ ॥ ৯ ॥

উপরতানাত্ম্যায় ন বিদ্যতে আত্মা জ্ঞাতব্যত্বেন যস্য সঃ অনাত্মা অনাত্মনো ভাবঃ

ভগবান্ কপিলমূর্ত্তিতে যে সাংখ্যজ্ঞান ও তাহার সাধনভূত যোগের বিষয় সংসারে উপদেশ দিয়াছিলেন, দেবর্ষি ভগবান্ নারদ তৎকৃত পঞ্চরাত্রে সেই উপদেশ সহ ভগবদৈশ্বর্য্যের বিশেষ বর্ণন করিয়াছেন। সম্প্রতি সাবর্ণি মনুকে তদ্বিষয়ের উপদেশ প্রদানের অভিপ্রায়ে বর্ণাশ্রমবিশিষ্ট ভারতবর্ষের প্রজাপুঞ্জ সহ দেবর্ষি নারদ একান্ত ভক্তি-সহকারে সেই ভগবানের আরাধনা করিতেছেন এবং নিম্নলিখিত মন্ত্রও জপ করিতেছেন ॥ ৯ ॥

যথা, ভগবান্ নরনারায়ণকে আমরা প্রণাম করি! ইন্দ্রিয়গ্রাম ও অন্তঃকরণের সংযমে তিনিই প্রধান দৃষ্টান্তস্থল। তিনি সারাসার-তত্ত্বজ্ঞ পরম-

আভাস

উপস্থিতি ঘটে, তখন অবান্তর বা গৌণ সম্বন্ধে তপস্যাই মানবের মুক্তিসাধনে প্রধান হেতু। নর-নারায়ণরূপী ভগবান্ স্বয়ং তপস্যার অনুশীলনে জগৎকে তপস্যা করাকেই মুক্তিলাভের উপায়রূপে উপদেশ দিয়াছেন ॥ ৮ ॥

ভগবান্ নারদকৃত পঞ্চরাত্র নামক ভক্তিগ্রন্থে ভগবানের তত্ত্ব এবং ভগবদুক্ত সাংখ্য ও যোগের বিষয় বিশেষরূপে বর্ণিত আছে ॥ ৯ ॥

ঋষিঋষভায় নরনারায়ণায় পরমহংস-পরম-গুরবে আত্মারামাধিপতয়ে নমো নম ইতি গায়তি চেদং ॥ ১০ ॥

কর্ত্তাস্য সর্গাদিষু যো ন বধ্যতে ন হন্যতে দেহগতোঽপি দৈহিকৈঃ।

অন্বয়ঃ।

উপরতানাত্ম্যায় (উপরতং নিত্যনিবৃত্তং অনাত্ম্যং অনাত্মনি আত্মাতিরিক্তে গুণকার্য্যে দেহেন্দ্রিয়াদৌ অহমিত্যধ্যাসলক্ষণং যস্য তস্মৈ) উপশমশীলায় (উপশমে ইন্দ্রিয়ান্তঃকরণসংযমে শীলং স্বভাবঃ যস্য তস্মৈ) আত্মারামাধিপতয়ে (আত্মনি ভগবতি রমমাণাঃ ভক্তাঃ তেষাং অধিপতয়ে পালকায় নমো নমঃ ইতি চ ইদং মন্ত্রং গায়তি ॥ ১০ ॥

অস্য বিশ্বস্য কর্তা অপি সর্গাদিষু (অহংমমাধ্যাসেন জীববৎ) যঃ ন বধ্যতে নিবদ্ধঃ ন

শ্রীধরস্বামী।

উপরতানাত্ম্যায় নিরহঙ্কারায় ॥ ১০ ॥

অসক্তশ্চাসৌ বিবিক্তশ্চ সাক্ষীচ তস্মৈ নমঃ। অসক্তত্বং দর্শয়তি অস্য বিশ্বস্য স্বর্গাদিষু কর্ত্তাপি যো ন বধ্যতে অহং কর্ত্তেতি ন মন্যতে। বিবিক্তত্বমাহ দেহগতোঽপি দৈহিকৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আনাত্ম্যং উপরতং অনাত্ম্যং যস্মাত্তস্মৈ ॥ ১০ ॥

আত্মারামচূড়ামণিত্বমাহ কর্ত্তেতি ন নিবধ্যত ইত্যত স্তেষ্বসক্তায়। দৈহিকৈঃ ক্ষুৎ-

---

হংসগণের পরম গুরু এবং অকিঞ্চনগণের এক মাত্র সম্বল। সংসারে যাঁহারা কিছুরই প্রার্থনা করেন না, তাদৃশ অকিঞ্চন ব্যক্তিগণকেই পরম প্রিয় ও আদরের পাত্র বলিয়া তিনি নিরন্তর রক্ষা করিয়া থাকেন। আত্মাতিরিক্ত জড় দেহগেহাদিতে সম্পূর্ণ অভিমানশূন্য এবং যাঁহারা ভগবানে চিত্ত সংযত করত সংসারে উদাসীনের ন্যায় অবস্থান করিতেছেন, ইনিই তাঁহাদের সহায় এবং প্রতিপালক। তিনি বিবেকী ঋষিগণের অগ্রগণনীয়; আমরা তাঁহাকে প্রণাম করি! নারদাদি ভারতবাসী সকলেই এই মন্ত্র নিরন্তর জপ করিতেছেন ।। ১০ ।।

অহো! এই বিশ্ব সংসারের সাক্ষাৎ সৃষ্টিকর্ত্তা হইয়াও, যিনি জীবের ন্যায় সৃষ্ট কোন পদার্থেই অহঙ্কার ও মমতার পরিচয়ে সংসারে আবদ্ধ হন না, যিনি জীবমাত্রেরই দেহে পুরুষরূপী অন্তর্যামী থাকিয়াও দৈহিক ক্ষুৎ-

আভাস।

হংস যেমন জলমিশ্রিত দুগ্ধকে জল হইতে পৃথক্‌রূপে গ্রহণ করিতে পারে, সেইরূপ চিজ্জড়ের সংমিশ্রণে সৃষ্ট জগৎ ব্রহ্মাণ্ড হইতে অনাত্মা জগদ্ভাগের বিসর্জ্জনে সম্পূর্ণ চৈতন্যস্বরূপকে যাঁহারা অবধারণ করিতে পারেন, সেই বিবেকিগণই পরমহংসনামে অভিহিত। দেহসম্বন্ধ নিবন্ধন

দ্রষ্টুর্ন দৃগ্যস্য গুণৈর্বিদুষ্যতে তস্মৈ নমোঽসক্ত-বিবিক্তসাক্ষিণে ॥ ১১ ॥
ইদং হি যোগেশ্বর-যোগনৈপুণং হিরণ্যগর্ভো ভগবান্ জগাদ যৎ।
যদন্তকালে ত্বয়ি নির্গুণে মনো ভক্ত্যাদধীতোজ্ঝিত দুষ্কলেবরঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ভবতি দৈহিকৈঃ ক্ষুৎপিপাসাদিভিঃ চ ন হন্যতে ন অভিভূয়তে; যস্য দ্রষ্টুঃ অপি দৃক্ গুণৈঃ বিষয়ৈঃ ন বিদুষ্যতে বিক্রিয়তে, এবং অসক্তবিবিক্তসাক্ষিণে (অসক্তঃ অসৌ বিবিক্তস্য সাক্ষী চ তস্মৈ) নমো নমঃ ॥ ১১ ॥

হে যোগেশ্বর! ভগবান্ হিরণ্যগর্ভঃ ব্রহ্মা যৎ যোগনৈপুণং যোগস্য নৈপুণ্যং জগাদ উক্তবান্, তৎ হি ইদং এব যৎ উজ্ঝিতদুষ্কলেবরঃ (উজ্ঝিতং ত্যক্তং দুষ্টং সংসারদুঃখকারণং কলেবরং যেন তথাভূতঃ সন্) অন্তকালে মরণসময়ে নির্গুণে প্রাকৃতগুণরহিতে ত্বয়ি ভক্ত্যা মনঃ আদধীত ধারয়েৎ ইতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ক্ষুৎপিপাসাদিভির্যো ন হন্যতে নাভিভূয়তে। সাক্ষিত্বমাহ যস্য দ্রষ্টুরপি সতো দৃক্ দৃষ্টি গুণৈর্দৃশ্যৈর্ন দূষ্যতে ন বিক্রিয়তে ॥ ১১ ॥

যোগকৌশলং নিরূপয়ন্ যোগং প্রার্থয়তে ইদমিতি ত্রিভিঃ। হে যোগেশ্বর হিরণ্যগর্ভো যদ্যোগনৈপুণ্যং জগাদ তৎ ইদমেব তৎ কিং জন্মপ্রভৃতি ভক্ত্যা অন্তকালে পুমান্ ত্বয়ি মনো ধারয়েদিতি যৎ। কথম্ভূতঃ সন্ উজ্ঝিতং দুষ্কলেবরং তদভিমানো যেন ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিপাসাদিভির্নহন্যতে নাভিভূয়তে ইত্যতো দেহাদ্বিবিক্তায় দ্রষ্টুরপি সতো দৃগ্দৃষ্টিঃ গুণৈর্দৃশ্যৈর্ন দূষ্যতে অতএব অসক্তশ্চাসৌ বিবিক্তসাক্ষী আলপ্তসাক্ষী চেতি তস্মৈ ॥ ১১ ॥

যোগাভ্যাসিনাং রহস্যমাহ ইদমিতি যদিতি শতরন্তং অন্তকালে যৎ গচ্ছৎ চপলমিতি যাবৎ মনস্ত্বয়ি দধীত স্থিরীকুর্য্যাদিত্যর্থঃ উজ্ঝিতেতি বর্ত্তমানে নিষ্ঠা ॥ ১২ ॥

পিপাসাদি কোনরূপ বিকারে অভিভূত হন না; এবং সর্ব্বদর্শী হইয়াও প্রাকৃতিক কোন দৃশ্য পদার্থে কখন আকৃষ্ট হন না, সেই নিরঞ্জন সর্ব্বসাক্ষী পূর্ণব্রহ্ম ভগবানকে আমরা প্রণাম করি। ॥ ১১ ॥

হে যোগেশ্বর! বিণ্মূত্র-পরিপূর্ণ এবং সংসার-তাপ-তাপিত এই নশ্বর কলেবর পরিত্যাগ করিবার সময়, প্রকৃত প্রাণান্তকালে মানব যদি ভবদীয় নির্গুণ স্বরূপে ভক্তিপূর্ব্বক মন সমর্পণ করিতে পারেন, তবেই তাঁহার যোগনৈপুণ্যের সাধনে পুরুষার্থ লাভ হইল; ভগবান্ হিরণ্যগর্ভ ব্রহ্মা ইহাকেই যোগনৈপুণ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ॥

আভাস।

জীব দৈহিক ক্ষুৎপিপাসা এবং শোক-জরাদির দ্বারা অভিভূত হয়, কিন্তু ভগবান্ অবতার গ্রহণে অভিভূত হইলেও, দেহনিষ্ঠ ব্যাপারে কখন লিপ্ত নহেন ॥ ১০ ॥ ১১ ॥

যথৈহিকামুষ্মিককামলম্পটঃ সুতেষু দারেষু ধনেষু চিন্তয়ন্।
শঙ্কেত বিদ্বান্ কুকলেবরাত্যয়াদ্ যস্তস্য যত্নঃ শ্রম এব কেবলং ॥ ১৩ ॥
তন্নঃ প্রভো ত্বং কুকলেবরার্পিতাং ত্বন্মায়য়াহং মমতামধোক্ষজ।

অন্বয়ঃ।

ঐহিকামুষ্মিক-কাম-লম্পটঃ (ঐহিকামুষ্মিকেষু কামেষু লম্পটঃ আসক্তঃ অজ্ঞঃ জনঃ) সুতেষু দারেষু ধনেষু চিন্তয়ন্ (ময়ি মৃতে এতে কথং বর্ত্তেরন্ ইতি চিন্তাং কুর্ব্বন্) কুকলেবরাত্যয়াৎ (কুৎসিতস্য বিষ্ঠাদিমলপূর্ণস্য দুঃখমূলস্য কলেবরস্য অত্যয়াৎ নাশাৎ) মৃত্যোঃ শঙ্কেত যথা বিভেতি, তথা বিদ্বান্ অপি সঃ চেৎ বিভেতি তদা তস্য ধর্ম্মসাধনপ্রযত্নঃ কেবলং শ্রমঃ এব ॥ ১৩ ॥

তৎ তস্মাৎ হে প্রভো অধোক্ষজ! ইন্দ্রিয়াদিজ্ঞানাতীত! ত্বমেব ত্বয়ি স্বভাবং স্বভাবসিদ্ধং নিরুপাধিকং প্রেমলক্ষণং যোগং নঃ অস্মাকং, বিধেহি যেন যোগেন ত্বন্মায়য়া মোহিতৈঃ নঃ

শ্রীধরস্বামী।

অন্যথা তস্য শাস্ত্রাভ্যাসাদিশ্রমো ব্যর্থ ইত্যাহ ঐহিকামুষ্মিককামেষু লম্পটো মূর্খঃ সুতাদিষু যোগক্ষেমং চিন্তয়ন্ কুৎসিতস্য কলেবরস্য অত্যয়াৎ মৃত্যোঃ শঙ্কেত। তথা বিদ্বানপি সন্ যঃ শঙ্কেত তস্য যত্নঃ শ্রম এব ॥ ১৩ ॥

যস্মাদ্বিদুষোঽপি ইয়মেব দশা তত্তস্মাৎ হে প্রভো অধোক্ষজ! ত্বমেব নো যোগং বিধেহি। কীদৃশং ত্বয়ি স্বভাবং সহজ-বাসনা-রূপং যেন যোগেন বয়ং ত্বন্মায়য়া নোঽস্মাকং কুকলেবরে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যথা যোগাভ্যাসো ব্যর্থ এবেত্যাহ যথেতি চিন্তয়ন্ চিন্তাং কুর্ব্বন্ কুকলেবরাত্যয়াৎ শঙ্কেত। ময়ি মৃতে সতি মৎসুতাদয়ঃ কথং বর্ত্তেরন্নিতি ভাবয়েৎ তথৈব বিদ্বানপি যঃ শঙ্কেত তস্য যত্নঃ শ্রম এব ॥ ১৩ ॥

তস্মাদন্যাবেশং ত্যাজয়িত্বা ত্বয়ি মনসোঽভিনিবেশং ত্বমেব কৃপয়া দেহীত্যাহ তন্ন ইতি। যোগং বিধেহি। যোগএব কস্তত্রাহ ত্বয়ি নোঽস্মাকং স্বস্যাত্মনো ভাবং রতিং যথা যথা বিষয়েষু

ঐহিক ও পারত্রিক ভোগে আসক্ত-চিত্ত মূর্খ ব্যক্তিগণ দারা, পুত্র এবং ধনৈশ্বর্য্যের চিন্তায় ব্যাকুলচিত্ত হইয়া, অর্থাৎ "আমার অভাবে ইহারা কি প্রকারে থাকিবে" এইরূপ চিন্তায় মোহিত হইয়া, এতাদৃশ অশুচি এবং দুঃখ-মূলক কলেবরের বিনাশেও পাছে মৃত্যু উপস্থিত হয়, এই ভয়ে যেমন শঙ্কিত ও ভীত হয়, সেইরূপ বিদ্বান্ ব্যক্তিও যদি ভীত হন, তবে তাঁহার ধর্ম্মসাধনের যত্ন কেবল শ্রম মাত্র; কোন ফলোদয় তাহাতে হইবে না ॥ ১৩ ॥

অতএব হে প্রভো অধোক্ষজ! আপনাতে নিরুপাধিক প্রেমই প্রকৃত প্রস্তাবে পরম যোগ; আপনি স্বয়ং যদি সেই যোগ আমাদিগকে প্রদান করেন, তবেই

ভিন্দ্যাম যেনাশু বয়ং সুদুর্ভিদাং বিধেহি যোগং ত্বয়ি নঃ স্বভাবমিতি ॥ ১৪
ভারতেপ্যস্মিন্ বর্ষে সরিচ্ছৈলাঃ সন্তি বহবঃ ॥ ১৫ ॥

মলয়ো মঙ্গলপ্রস্থো মৈনাক স্ত্রিকূট ঋষভঃ কূটকঃ কোল্লকঃ সহ্যো দেবগিরি ঋষ্যমূকঃ শ্রীশৈলো বেঙ্কটো মহেন্দ্রো বারিধারো বিন্ধ্যঃ শুক্তিমানৃক্ষগিরিঃ পারিপাত্রো দ্রোণশ্চিত্রকূটো গোবর্দ্ধনো রৈবতকঃ ককুভো নীলো গোকামুখ ইন্দ্রকীলঃ কামগিরিরিতি চান্যে শত সহস্রশঃ শৈলাস্তেষাং নিতম্বপ্রভবা নদা নদ্যশ্চ সন্ত্যসংখ্যাতাঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

অস্মাভিঃ, কুকলেবরার্পিতং (কুকলেবরে নিন্দিতে শরীরে অর্পিতাং) সুদুর্ভিদাং (উপায়ান্তর-সহস্রৈঃ অপি ভেত্তুমশক্যাং) অহংমমতাং, বয়ং আশু শীঘ্রং এব ভিন্দ্যাম ত্যজাম ইতি ॥ ১৪ ॥

অস্মিন্ বর্ষে সরিতঃ শৈলাঃ চ বহবঃ সন্তি ॥ ১৫ ॥

তে চ মলয়াদয়ঃ ; তথা অন্যে শতশঃ সহস্রশঃ শৈলাঃ তেষাং নিতম্বপ্রভবাঃ তটেভ্যঃ সম্ভূতাঃ নদাঃ নদ্যশ্চ অসংখ্যাতাঃ সন্তি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অর্পিতাং অহংমমতাং শীঘ্রং ভিন্দ্যাম ত্যজাম সুদুর্ভিদাং উপায়ান্তরৈঃ সর্ব্বথা ত্যক্তু-মশক্যাং ॥ ১৪ ॥

ইলাবৃতবদস্মিন্নপি বর্ষে সরিতঃ শৈলাশ্চ সন্তি ॥ ১৫ ॥

নিতম্বপ্রভবাঃ তটেভ্যঃ সম্ভূতাঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভাব স্তথৈব ত্বয়ি স্বভাবো নিসর্গোঽস্ত্বিত্যর্থঃ ॥ ১৪ ॥

অপীতি যথা ইলাবৃতে তথা অস্মিন্নপি বর্ষে ইত্যর্থঃ ॥ ১৫ ॥ ১৬ ॥

আমাদের এই দুর্ভেদ্য অহংমমতা রূপ বিষম দেহাভিমান আমরা পরিত্যাগ করিতে পারি ! ॥ ১৪ ॥

হে রাজন্ ! ভারতবর্ষেও বহুসংখ্যক নদ নদী এবং গিরিসমূহ বিরাজমান রহিয়াছে ॥ ১৫ ॥

তন্মধ্যে মলয়, মঙ্গলপ্রস্থ, মৈনাক, ত্রিকূট, ঋষভ, কূটক, কোল্ল, সহ্য, দেবগিরি, ঋষ্যমূক, শ্রীশৈল, বেঙ্কট, মহেন্দ্র, বারিধার, বিন্ধ্য, শুক্তিমান্, ঋক্ষগিরি, পারিপাত্র, দ্রোণ, চিত্রকূট, গোবর্দ্ধন, রৈবতক, নীল, গোকামুখ, ইন্দ্রকীল, কামগিরি প্রভৃতি শত সহস্র পর্ব্বত এবং ঐ সকল পর্ব্বতের নিতম্ব-দেশ হইতে উৎপন্ন অসংখ্য নদ নদী সমগ্র ভারতে পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে ॥ ১৬ ॥

এতাসামপো ভারত্যঃ প্রজা নামভিরেব পুনন্তীনামাত্মনা চোপস্পৃশন্তি চন্দ্রবশা তাম্রপর্ণী অবটোদা কৃতমালা বৈহায়সী কাবেরী বেণ্ণা পয়স্বিনী শর্করাবর্ত্তা তুঙ্গভদ্রা কৃষ্ণবেণ্ণা ভীমরথী গোদাবরী নির্ব্বিন্ধ্যা পয়োষ্ণী তাপী রেবা সুরসা নর্ম্মদা চর্ম্মণ্বতী অন্ধঃ শোণশ্চ নদৌ মহানদী বেদস্মৃতি ঋষিকুল্যা ত্রিসামা কৌশিকী মন্দাকিনী যমুনা সরস্বতী দৃশদ্বতী গোমতী সরযু রোঘবতী ষষ্ঠবতী সপ্তবতী সুষোমা শতদ্রু শ্চন্দ্রভাগা মরুদ্বৃধা বিতস্তা অসিক্নী বিশ্বেতি মহানদাঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

যদি তাসাং নামোচ্চারণ-মাত্রেণ পাবিত্র্যং ভবতি তদা তাসু স্নানপানাদিনা পাবিত্র্যে কিং বক্তব্যং ইতি। তত্র চন্দ্রবশা ইতি নদীনদান্ এব দর্শয়তি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

আত্মনাচ দেহেনাপি উপস্পৃশন্তি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনা দেহেনচ ॥ অন্ধো ব্রহ্মপুত্রঃ ॥ ১৭ ॥

স্রোতস্বতীর মধ্যে চন্দ্রবশা, তাম্রপর্ণী, অবটোদা, কৃতমালা, বৈহায়সী, কাবেরী, বেণ্ণা, পয়স্বিনী, শর্করাবর্ত্তা, তুঙ্গভদ্রা, কৃষ্ণবেণ্ণা ভীমরথী, গোদাবরী, নির্ব্বিন্ধ্যা, পয়োষ্ণী, তাপী, রেবা, সুরসা, নর্ম্মদা, চর্ম্মম্বতী, অন্ধ (ব্রহ্মপুত্র) এবং শোণনদ, তথা মহানদী বেদস্মৃতি ত্রিসামা, কৌশিকী, মন্দাকিনী, যমুনা, সরস্বতী, দৃশদ্বতী, গোমতী, সরযু, ওঘবতী, ষষ্ঠবতী, সপ্তবতী, সুষোমা, শতদ্রু, চন্দ্রভাগা, মরুদ্বৃধা, বিতস্তা, অসিক্নী এবং বিশ্বা এই সকল মহানদী প্রবাহিত রহিয়াছে। অহো! এই সকল নদীর নাম মাত্র উচ্চারণ করিলে যদি পবিত্রতার সাধন হয়, তখন তাহাতে ভারতবাসী প্রজাগণ অবগাহন ও তাহাদের জল-পানাদির দ্বারা যে পবিত্র হইবেন, তাহাতে আর বিচিত্র কি ! ॥ ১৭ ॥

আভাস।

ভারতভূমির প্রাকৃতিক শোভা বর্ণনানন্তর সেব্য-সেবকভাবের অপূর্ব্ব সম্বন্ধের পরিচয় প্রদান করিয়াছেন। অর্থাৎ অন্যান্য সকল বর্ষ অপেক্ষা পবিত্র ভারত ভূমিতেই মানব ধর্ম্ম সঞ্চয় পূর্ব্বক মুক্তিলাভ করিতে পারে। যোগোপনিষদে উক্ত আছে, "অত্রাপি ভারতং শ্রেষ্ঠং জম্বূদ্বীপে মহামুনে। যতোহি কর্ম্মভূরেষা ততোঽন্যা ভোগভূময়ঃ" ॥ শুকদেব স্বীয় পিতা বেদব্যাসকে সম্বোধন পূর্ব্বক বলিতেছেন যে, হে মহামুনে! জম্বূদ্বীপস্থ অন্যান্য বর্ষের অপেক্ষা ভারতবর্ষই শ্রেষ্ঠ; কারণ ভারতই কর্ম্মভূমি; মানব ভগবদ্ভক্তি ও বেদবোধিত

অস্মিন্নেব বর্ষে পুরুষৈ লব্ধজন্মভিঃ শুক্ললোহিতকৃষ্ণবর্ণেন স্বারব্ধেন কর্ম্মণা দিব্য-মানুষ-নারক-গতয়ো বহ্ব্য আত্মন আনুপূর্ব্ব্যেণ সর্ব্বাহ্যেব সর্ব্বেষাং বিধীয়ন্তে ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ ভারতে বর্ষে এব লব্ধজন্মভিঃ (লব্ধং জন্ম যৈঃ তৈঃ) পুরুষৈঃ স্বারব্ধেন স্বানুষ্ঠিতেন শুক্ল-লোহিত-কৃষ্ণবর্ণেন সাত্ত্বিক-রাজস-তামসেন কর্ম্মণা আনুপূর্ব্ব্যেণ সাত্ত্বিকাদি-কর্ম্মানুসারেণ সর্ব্বাঃ দিব্যমানুষ-নারকগতয়ঃ বহ্ব্যঃ আত্মনঃ বিধীয়ন্তে সাধ্যন্তে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

লব্ধং জন্ম যৈঃ পুরুষৈঃ সাত্ত্বিকাদিনা স্বকৃতেন কর্ম্মণা দিব্যাদিগতয়ঃ আত্মনো বিধীয়ন্তে সাধ্যন্তে। হি যস্মাৎ সর্ব্বাএব গতয়ঃ কর্ম্মানুসারেণ সর্ব্বেষাং ভবন্তি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মিন্নেব বর্ষে নান্যত্র তত্রাপি সহস্রযোজনপ্রমাণে প্রদেশে এবেতি জ্ঞেয়ং। যদুক্তং বিষ্ণুপুরাণে ভরতস্যাস্য বর্ষস্য নবভেদান্নিশাময়। ইন্দ্রদ্বীপঃ কশেরুশ্চ তাম্রবর্ণো গভস্তিমান্। নাগদ্বীপ স্তথা সৌম্যো গান্ধর্ব্ব স্তথবারুণঃ। অয়স্ত নবমস্তেষাং দ্বীপঃ সাগরসংবৃতঃ। যোজনানাং সহস্রস্ত দ্বীপোঽয়ং দক্ষিণোত্তরাৎ। সাগরসংবৃত ইতি সমুদ্রপ্রান্তবর্ত্তীতি শ্রীস্বামিব্যাখ্যা। নবমস্যাস্য পৃথঙ্নামা কথনাৎ নাম্নোঽপি নবদ্বীপোঽয়মিতি গম্যতে। বিশেষশ্চ তত্রৈব পূর্ব্বে কিরাতা যস্যান্তে পশ্চিমে যবনাঃ স্মৃতাঃ। পূর্ব্বদেশাদিকাশ্চৈব কামরূপ-নিবাসিনঃ। ঔড্রাঃ কলিঙ্গা মগধা দাক্ষিণাত্যাশ্চ কৃৎস্নশঃ। মারুকা মালবশ্চে-

পূর্ব্বানুষ্ঠিত সাত্ত্বিক, রাজসিক ও তামসিক কর্ম্মের প্রভাবে যাহারা এই ভারতভূমে জন্ম পরিগ্রহ করিয়াছেন, তাঁহারা স্বীয় সাত্ত্বিকাদি কর্ম্মের অনুসারে দেব, মনুষ্য ও নারক যোনি প্রাপ্ত হইয়া প্রারব্ধকর্ম্মের ক্ষয় অনায়াসে করিতে পারেন ॥ ১৮ ॥

আভাস।

ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠানোপযোগী দেহ লাভে জন্ম পরিগ্রহ করিয়া থাকে; পূর্ব্বজন্মার্জ্জিত সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক কর্ম্ম সমূহের নিঃশেষে ক্ষয় হইতে পারে, এইরূপ দেহ, ভোগ এবং উপকরণাদি লইয়া এক ভারত ভূমেই মানব জন্মিয়া থাকে। সুতরাং সুখ দুঃখ এবং মোহের একত্র সমাবেশে মানব নিরন্তর বিব্রত থাকে এবং প্রত্যেক কর্ম্মের ফল যত শীঘ্র ভারতবর্ষে প্রাপ্ত হয়, সেরূপ আশুফল অন্য কোন বর্ষে সম্ভবে না। অতএব মানব দুঃখের প্রতীকারের দ্বারা কোন্ উপায়ে পরমা শান্তি লাভ করিবে, তজ্জন্য নিরন্তর যত্নবান্ থাকে। ভারত ব্যতীত অন্যান্য সকল বর্ষে ভোগই এক মাত্র লক্ষ্যস্থল; ভোগের দ্বারাই তত্রত্য মানবগণ আপনাদিগকে চরিতার্থ করিতে যত্নবান্ হন; আসক্তিতে তৃপ্তি পৃথিবীস্থ সকল মানবই অনুভব করে; কিন্তু অনাসক্তির মধুর ভাব ভারতবাসী ব্যতীত অন্য কোন বর্ষবাসী

যথাবর্ণবিধানমপবর্গশ্চাপি ভবতি ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

যথা-বর্ণ-বিধানং যস্য বর্ণস্য যদ্বিধানং মোক্ষপ্রকারঃ সন্ন্যাস-বনস্থত্ব-গৃহস্থত্বাদি তদনু-সারেণ নৃণাং অপবর্গঃ মোক্ষঃ, চ ভবতি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

যস্য বর্ণস্য যদ্বিধানং মোক্ষপ্রকারঃ সন্ন্যাস-বনস্থত্বাদি তদনতিক্রমেণ অস্মিন্নেব বর্ষে নৃণামপবর্গশ্চ ভবতি। এতচ্চ স্বধর্ম্মাদি বহুসাধনসম্ভবাভিপ্রায়েণোক্তং। নত্বন্যত্রাপবর্গা-ভাবেন তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাদিতি দেবানামপি মোক্ষস্য সূচিতত্বাৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যাদি। চত্বারি ভারতে বর্ষে যুগা-ন্যত্র মহামুনে। কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চান্যত্র ন কচিদিতি বায়বীয়েচ। ভারতস্যাস্য বর্ষস্য নবভেদান্নিবোধত। সাগরান্তরিতা জ্ঞেয়া স্তে ত্বগম্যাঃ পরস্পরমিতি। শুক্ললোহিতকৃষ্ণবর্ণেন সাত্ত্বিকরাজসতামসেন কর্ম্মণা ক্রমেণ দিব্যাদিগতয়ো বহ্ব্যঃ আত্মনঃ স্বস্য বিধীয়ন্তে সাধ্যন্তে হি যস্মাৎ সর্ব্বাএব গতয়ঃ সর্ব্বেষাং যথাবর্ণবিধানমিতি বর্ণানাং ধর্ম্মস্য অধর্ম্মস্য চ করণং সংভবেদিতি তদনতিক্রম্য আনুপূর্ব্বেণ বিধীয়ন্তে বেদেনেতি শেষঃ। তথা অপবর্গশ্চেতি তস্য বিধাতুমশক্যত্বাৎ স স্বয়মেব ভবতীতি। চকারেণাপবর্গস্য বৈরল্যং দ্যোতিতং ॥ ১৮ ॥ ১৯ ॥

এবং অনুরূপ বর্ণের ব্যবস্থায় ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ ও সন্ন্যাস ধর্ম্মের অনুশীলনে মানবগণ মোক্ষপদও প্রাপ্ত হইয়া থাকেন ।। ১৯ ।।

আভাস।

মানসোত্তর ও সুমেরু পর্ব্বতের মধ্যস্থলে যেরূপ সার্দ্ধ সপ্ত লক্ষোত্তর সার্দ্ধ কোটি পরিমিত স্থান আছে, স্বাদুজলধির পরেও সেই পরিমিত ভূমি

হৃতাসীৎ। লোকালোক ইতি সমাখ্যা যদনেনাচলেন লোকোঽলোকশ্চান্তর্বর্ত্তিনাবস্থাপ্যতে ॥ ২৬ ॥

স লোকত্রয়ান্তে পরিত ঈশ্বরেণ বিহিতঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

চত্বারিংশৎ লক্ষোত্তর-কোট্যষ্টকমিতা প্রাণিবর্জ্জিতা চ জ্ঞেয়া। অতঃ লোকালোকপর্ব্বতঃ সঃ লোকত্রয়স্য মর্য্যাদারূপঃ ঈশ্বরেণ বিহিতঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

লোকয়ো রন্তরং সার্দ্ধদ্বাদশ কোটিভিঃ পরিমিতং বক্ষ্যমাণমুপপন্নং ভবতি। এতদেব শৈবতন্ত্রেঽপ্যুক্তং। কোটিদ্বয়ং ত্রিপঞ্চাশল্লক্ষাণিচ ততঃপরং। পঞ্চাশচ্চ সহস্রাণি সপ্তদ্বীপাঃ সসাগরাঃ। ততো হেমময়ী ভূমি র্দ্দশকোট্যো বরাননে। দেবানাং ক্রীড়নার্থায় লোকালোকস্ততঃ পর ইতি। যত্র দশকোটিত্বং পূর্ব্বোক্তভূম্যা সহ দ্রষ্টব্যং সর্ব্বসত্ত্বপরিহৃতা ইতি দেবব্যতিরেকেণেতি দ্রষ্টব্যং দেবানাং ক্রীড়নার্থায় ইত্যুক্তত্বাৎ ॥ ২৬ ॥

লোকত্রয়স্যান্তে পরিতো মর্য্যাদারূপো বিহিতঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমাখ্যা নিরুক্তিঃ অনেন অন্তর্ব্বর্ত্তিনা মধ্যবর্ত্তিনা সতা লোকালোকময়ো দেশঃ অলোক আলোকাভাবময়ো দেশঃ ব্যবস্থাপ্যতে তুল্যপ্রমাণত্বেন জ্ঞাপ্যতে ॥ ২৬ ॥

লোকত্রয়ং ভূর্ভুবঃ স্বস্তদন্তে পরিতোঽষ্ট দিক্ষু ॥ ২৭ ॥

আছে। তথায় বহুবিধ প্রাণী বাস করে। তাহার পর কাঞ্চনময়ী ভূমি; ঐ ভূমি দর্পণের ন্যায় অতীব নির্ম্মল; তথায় কোন সামগ্রী রাখিলে পুনরায় আর তাহার প্রত্যুপলব্ধি হয় না, এই নিমিত্ত ঐ ভূমিতে দেবতা ব্যতীত অন্য কোন প্রাণী অবস্থান করে না। হে রাজন্! উক্ত বর্ষদ্বয়ের মধ্যবর্ত্তী পর্ব্বতের নাম লোকালোক। এই পর্ব্বত, উভয়ের মধ্যস্থলে বিদ্যমান থাকিয়া, লোক এবং অলোক নামক দেশদ্বয়কে পরস্পর পৃথক্ ভাবে নিরূপণ করিতেছে; এই কারণেই তাহার নাম লোকালোক গিরি ॥ ২৬ ॥

পরমেশ্বর এই পর্ব্বতকে ত্রিলোকের প্রান্তভাগে সীমারূপে সংস্থাপিত করিয়াছেন ॥ ২৭ ॥

এই গিরির প্রতিবন্ধকে সূর্য্যাদি ধ্রুবলোক পর্য্যন্ত জ্যোতির্গণের কিরণজাল নিম্নস্থ ত্রিলোকের চতুর্দ্দিকে প্রকাশ করিয়াও কদাচ তাহার পরে গমন করিতে সমর্থ হয় না। ঐ পর্ব্বত অতীব উচ্চ এবং অনেক দূর পর্য্যন্ত বিস্তৃত। এমন কি! ধ্রুবলোকের অপেক্ষাও উচ্চ হওয়ায়, ইহা ত্রিভুবনের সীমারূপেই অবস্থান করিতেছে। হে রাজন্! পণ্ডিতগণ এই প্রকারে নাম

যস্মাৎ সূর্য্যাদীনাং ধ্রুবাপবর্গাণাং জ্যোতির্গণানাং গভস্তয়োঽর্ব্বাচীনাং স্ত্রীন্ লোকানাবিতন্বানা ন কদাচিৎ পরাচীনা ভবিতুমুৎসহন্তে তাবদুন্নহনায়ামঃ। এতাবান্ লোকবিন্যাসো মান-লক্ষণ-সংস্থাভির্বিচিন্তিতঃ কবিভিঃ ॥২৮॥

সতু পঞ্চাশৎ কোটিগুণিতস্য ভূগোলকস্য তুরীয়-ভাগোঽয়ং লোকালোকাচলঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

তেন প্রতিবন্ধকেন সূর্য্যাদিজ্যোতির্গণানাং গভস্তয়ঃ অর্ব্বাচীনাঃ ধ্রুবপদাৎ অপি উচ্ছ্রিতঃ ॥ ২৮ ॥

সঃ চ মেরোঃ একতঃ সার্দ্ধ-দ্বাদশ-কোটিমিতঃ অন্যতশ্চ তাবান্ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

যস্মাৎ প্রতিবন্ধকাৎ সূর্য্য আদির্যেষাং ধ্রুবোঽপবর্গোঽন্তো যেষাং। আবিতন্বানাঃ সমন্তাৎ প্রকাশয়ন্তঃ তৎপরতো গন্তুং ন শক্নুবন্তি তাবদুন্নহনমুৎসেধঃ তদনুরূপ আয়ামশ্চ বিস্তারো যস্য ধ্রুবাদপ্যুচ্ছ্রিতত্বাৎ ত্রিলোকীমর্য্যাদাভূত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

সোঽয়ন্তু লোকালোকাচল স্তুরীয়ভাগ শ্চতুর্থোঽংশঃ। সার্দ্ধদ্বাদশ-কোট্যঃ মেরোরেকত ইতি দ্রষ্টব্যং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি তস্য কিয়ানুচ্ছ্রায়ো বিস্তারশ্চেত্যপেক্ষায়ামাহ যস্মাৎ প্রতিবন্ধকাদ্ধেতোঃ সূর্য্যাদীনাং ধ্রুবান্তানাং গভস্তয়ঃ কিরণা স্ত্রীন্ লোকান্ ব্যাপ্য আবিতন্বানাঃ সমন্তাৎ প্রকাশং বিস্তারয়ন্তঃ পরতো গন্তুং ন শক্নুবন্তি। তাবন্তৌ উন্নহনায়ামৌ উচ্ছ্রায়-বিস্তারৌ যস্য সঃ ধ্রুবাদপ্যুচ্ছ্রিতত্বাৎ ত্রিলোকীমর্য্যাদাভূত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

সতু লোকালোকস্তু ভূগোলকস্য ভূসম্বন্ধাণ্ডগোলকস্যেত্যর্থঃ। সূর্য্যস্যেব ভূবোঽপ্যণ্ডমধ্যবর্ত্তিত্বাৎ খগোলমিব ভূগোলমপি পঞ্চাশৎ কোটি-যোজন-প্রমাণং তস্য তুরীয়ভাগঃ সার্দ্ধ-দ্বাদশ-কোটি-যোজন-বিস্তারোচ্ছ্রায় ইত্যর্থঃ। ভূস্তু চতুস্ত্রিংশল্লক্ষোনপঞ্চাশৎ কোটি প্রমাণা জ্ঞেয়া। যথা মেরুমধ্যান্মানসোত্তর-মধ্যপর্য্যন্তং সার্দ্ধ সপ্ত পঞ্চাশল্লক্ষোত্তর-কোটি-যোজন-প্রমাণং। মানসোত্তর-মধ্যাৎ স্বাদূদক-সমুদ্র-পর্য্যন্তং নবনবতি লক্ষযোজন-প্রমাণং ততঃ কাঞ্চনীভূমিঃ সার্দ্ধ-সপ্ত-পঞ্চাশল্লক্ষোত্তর-কোটিযোজনপ্রমাণা এবমেকতো মেরুলোকালোকয়োরন্তরালং একাদশ-লক্ষাধিক-চতুষ্কোটি পরিমিতং অন্যতোঽপি তথেত্যতো লোকা-

ও আকার এবং পরিমাণের উল্লেখে লোকসমূহের রচনা বর্ণন করিয়াছেন ॥ ২৮ ॥

হে মহারাজ! পূর্ব্বে যে লোকালোক পর্ব্বতের বিষয় বর্ণন করিয়াছি, তাহা পঞ্চাশৎ কোটি যোজন বিস্তৃত ॥ ২৯ ॥

ত্রিলোকগুরু ভগবান্ কমলযোনি জগৎ সংসারের সংরক্ষণ-কামনায়

তদুপরিষ্টাচ্চতসৃষাশাস্বাত্মযোনিনা হখিলজগদ্গুরুণা বিনিবেশিতা যে দ্বিরদপতয়ঃ। ঋষভঃ পুষ্করচূড়ো বামনোঽপরাজিত ইতি সকললোকস্থিতিহেতবঃ॥ ৩০॥

তেষাং স্ববিভূতীনাং মহেন্দ্রাদীনাং লোকপালানাঞ্চ বিবিধবীর্য্যোপবৃংহণায় ভগবান্ পরমমহাপুরুষো মহাবিভূতিরন্তর্য্যাম্যাত্মনো বিশুদ্ধসত্ত্বং ধর্ম্ম-

অন্বয়ঃ।

তস্য লোকালোকস্য উপরিষ্টাৎ চতসৃষু আশাসু দিক্ষু, আত্মযোনিনা স্বতঃসিদ্ধেন, অখিলজগদ্‌গুরুণা স্বামিনা, পরমেশ্বরেণ, সকললোকস্থিতিহেতবঃ ঋষভঃ পুষ্করচূড়ঃ বামদেবঃ অপরাজিতঃ ইতি চত্বারঃ দ্বিরদপতয়ঃ হস্তিশ্রেষ্ঠাঃ বিনিবেশিতাঃ স্থাপিতাঃ॥ ৩০॥

ধর্ম্মাদীনি অষ্টমহাসিদ্ধয়ঃ উপলক্ষণং যস্য তৎ তথা নিজবরায়ুধোপশোভিতৈঃ (নিজানি স্বকীয়ানি বরাণি শ্রেষ্ঠানি আয়ুধানি সুদর্শনাদীনি তৈঃ উপশোভিতৈঃ) নিজৈঃ দোর্দ্দণ্ডৈঃ চ উপলক্ষিতং আত্মনঃ স্বস্য বিশুদ্ধসত্ত্বং সত্ত্বাত্মিকাং মূর্ত্তিং সংধারয়ন্ আবিষ্কুর্ব্বন্, স্বপার্ষদপ্রবরৈঃ

শ্রীধরস্বামী।

আশাসু দিক্ষু যে বিনিবেশিতাস্তে আসতে॥ ৩০॥

তেষাং দিগ্‌গজানাং স্ববিভূতীনাং স্বাংশভূতানাং মহেন্দ্রাদীনাঞ্চ বিবিধবীর্য্যোপবৃংহণায় সকললোকস্বস্তয়েচ ভগবান্ তস্মিন্নাস্তে ইত্যন্বয়ঃ। কিং কুর্ব্বন্ আত্মনঃ স্বস্য বরিশুদ্ধং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকালোকপর্য্যন্তং স্থানং দ্বাবিংশতি-লক্ষোত্তরাষ্টকোটি পরিমিতং লোকালোকাদ্বহিরলোকতঃ এতাবদেব অন্যতোঽপ্যেতাবদেব। যবক্ষ্যতে যোঽন্তর্ব্বিস্তার এতেন হ্যলোকপরিমাণঞ্চ ব্যাখ্যাতং যদ্বহির্লোকালোকাচলাদিতি। একতো লোকালোকঃ সার্দ্ধ-দ্বাদশ-কোটি-যোজন-প্রমাণঃ অন্যতোঽপি স তথেত্যেবং চতুস্ত্রিংশল্লক্ষোনপঞ্চাশৎকোটি-প্রামাণা ভূঃ সাব্ধি-দ্বীপ-পর্ব্বতা জ্ঞেয়া। অতএবাণ্ডগোলকাৎ সর্ব্বতো দিক্ষু সপ্তদশ লক্ষ যোজনাবকাশে বর্ত্তমানে সতি পৃথিব্যাঃ শেষনাগেন ধারণং দিগ্‌গজৈশ্চ নিশ্চলীকরণং সার্থকং ভবেদন্যথা তু ব্যাখ্যান্তরে পঞ্চাশৎ কোটি প্রমাণত্বাদণ্ডগোলক-লগ্নত্বে ততৎ সর্ব্বমকিঞ্চিৎকরং স্যাৎ চাক্ষুষে মন্বন্তরে চ অকস্মাৎ মজ্জনং শ্রীবরাহদেবেনোত্থাপনঞ্চ দুর্ঘটং স্যাদিত্যাদিকং বিবেচনীয়ং॥২১।

যেঽধিনিবেশিতাস্তে আসতে॥ ৩০॥

স্ববিভূতীনাং স্বাংশভূতানাং হস্তিনাং উপবৃংহণং বর্দ্ধনং তদর্থং ধর্ম্মাদ্যুপলক্ষয়তীতি

এই লোকালোক অচলের উপরিভাগে ঋষভ, পুষ্করচূড়, বামন ও অপরাজিত নামে চারিটী দিগ্‌গজ চতুর্দ্দিকে সংস্থাপিত করিয়াছেন॥ ৩০॥

সেই সকল দিঙ্‌নাগ এবং স্বীয় বিভূতিস্বরূপ মহেন্দ্রাদি লোকপালগণের বিবিধ বীর্য্য ও সামর্থ্যের উন্নতিকল্পে মহাবিভূতিপতি সর্ব্বান্তর্য্যামী মহাপুরুষ ভগবান্ বিষ্ণু ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এবং অণিমাদি অষ্টৈশ্বর্য্য

জ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাদ্যষ্ট মহাসিদ্ধ্যুপলক্ষণং বিষক্সেনাদিভিঃ স্বপার্ষদপ্রবরৈঃ পরিবারিতো নিজবরায়ুধোপশোভিতৈ র্দোর্দ্দণ্ডৈঃ সন্ধারয়মাণস্তস্মিন্ গিরিবরে সমন্তাৎ সকললোক-স্বস্তয় আস্তে ॥ ৩১ ॥

আকল্পমেষ এবংগতো ভগবানাত্মযোগমায়াবিরচিতবিবিধ-লোকযাত্রা-গোপীথায়েত্যর্থঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

বিষক্সেনাদিভিঃ পরিবারিতঃ সর্ব্বতঃ সেব্যমানঃ পরমমহাপুরুষঃ মহাবিভূতিপতিঃ অন্তর্যামী ভগবান্ তেষাং দিগ্‌গজানাং তথা স্ববিভূতীনাং নিজাংশভূতানাং লোকপালানাং মহেন্দ্রাদীনাং বিবিধবীর্য্যোপবৃংহণায় অনেকবিধ-পরাক্রমসিদ্ধয়ে সকললোকস্বস্তয়ে তস্মিন্ লোকালোকাখ্যে গিরিবরে সমন্তাৎ আস্তে ॥ ৩১ ॥

আত্মনো যোগমায়য়া বিরচিতা যা বিবিধা লোকযাত্রা তস্যাঃ গোপীথায় রক্ষণায় এষঃ ভগবান্ আকল্পং এবম্ভূতবেশঃ গতঃ প্রাপ্তঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সত্ত্বং তৎসন্ধারয়মাণঃ আবিষ্কুর্ব্বন্। কীদৃশং ধর্ম্মজ্ঞানাদীন্যষ্টমহাসিদ্ধয় শ্চোপলক্ষণং যস্য তৎ। দোর্দ্দণ্ডৈরুপলক্ষিতঃ সন্। মহাবিভূতেঃ পরমৈশ্বর্য্যস্য পতিত্বাদেকয়ৈব মূর্ত্ত্যা সমন্তাদাস্তে ॥ ৩১ ॥

নম্বন্তর্যামিনা অন্তঃস্থিতেনৈব সর্ব্বং কর্ত্তুং শক্যং। কিন্তস্য বহিঃ সমন্তাদবস্থানেনেত্যাশঙ্ক্য তস্যার্থং স্বয়মেব ব্যাচষ্টে 'আকল্পমিতি। আত্মনো যোগমায়য়া বিরচিতা যা বিবিধলোকযাত্রা তস্যা গোপীথায় রক্ষণায়। এষ ভগবানেবম্ভূতং আকল্পং বেশং গতঃ লীলয়া প্রাপ্ত ইতি সমন্তাদাস্ত ইত্যস্যার্থঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাদৃশং শুদ্ধসত্ত্বং ধারয়মাণঃ সকললোক-স্বস্তয়েচ ॥ ৩১ ॥

ননু কিং তস্যৈতাবতা প্রয়াসেনেত্যতঃ সকললোকস্বস্তয় ইত্যেতৎ স্বয়মেব ব্যাচষ্টে আকল্পং কল্পপর্য্যন্তং এবমনেন প্রকারেণ গতঃ লোকালোকং প্রাপ্তঃ আকল্পং বেশং প্রাপ্ত ইতি বা। আত্মনো যোগমায়য়া বিরচিতা যা বিবিধলোকযাত্রা তস্যা গোপীথায় রক্ষণায় তস্যৈব শক্ত্যা রচিতং বিশ্বং স চেন্ন পালয়েত্তর্হি কঃ পালয়েদিতি ভাবঃ ॥ ৩২ ॥

ও মহাসিদ্ধিতে পরিশোভিত, বিষক্সেনাদি পার্ষদগণে পরিবেষ্টিত এবং শঙ্খ, চক্র, গদা ও পদ্মাদি শ্রেষ্ঠ আয়ুধোপশোভিত চতুর্ভুজ বিশুদ্ধ সত্ত্বোপবৃংহিত বিগ্রহ ধারণে তত্রত্য জীবসমূহের শান্তির বাসনায় এই গিরিবরের সর্ব্বত্র স্বয়ং বিরাজ করিতেছেন ॥ ৩১ ॥

স্বকীয় যোগমায়ার দ্বারা বিরচিত বিবিধ লোকযাত্রার সুরক্ষণ বাসনায় ভগবান্ কেবল লীলাচ্ছলেই এই সকল বেশ-রচনা স্বীকার করিয়াছেন ॥ ৩২ ॥

যো হন্তর্বিস্তার এতেন হ্যলোক-পরিমাণঞ্চ ব্যাখ্যাতং যদ্বহির্লোকালোকাচলাৎ ॥ ৩৩ ॥

ততঃ পরস্তাদ্‌যোগেশ্বরগতিং বিশুদ্ধামুদাহরন্তি ॥ ৩৪ ॥

অণ্ডমধ্যগতঃ সূর্য্যো দ্যাবাভূম্যো র্যদন্তরং । সূর্য্যাণ্ডগোলয়োর্মধ্যে কোট্যঃ

অন্বয়ঃ ।

যঃ অয়ং অন্তর্বিস্তারঃ (মেরুং আরভ্য একতঃ লোকালোকপর্য্যন্তঃ সার্দ্ধদ্বাদশকোটি-যোজন-লক্ষণঃ উক্তঃ এতেনৈব অলোকস্যোবাপি পরিমাণং ব্যাপ্তং জ্ঞেয়ং) যঃ অসৌ লোকালোকাদ্বহিঃ অণ্ডকটাহপর্য্যন্তঃ দেশঃ তথা লোকালোকাৎ বহিঃ সমানসূত্রেণাণ্ডকটাহপর্য্যন্তঃ তমাপ অষ্টদিক্ষু সার্দ্ধদ্বাদশ-কোটিযোজন-পরিমিতা ভূমিঃ জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

ততঃ অলোকাৎ পরস্তাৎ বিশুদ্ধাং (দ্বিজপুত্রস্যানয়নে অর্জ্জুনস্য শ্রীকৃষ্ণেন প্রদর্শিতাং) যোগেশ্বরগতিং (যোগেশ্বরাণাং আবরণাষ্টকং ভিত্ত্বা ভগবৎপদং গন্তৃণাং গতিং বৃদ্ধাঃ উদাহরন্তি ॥ ৩৪ ॥

দ্যাবাভূম্যোঃ যদন্তরং সন্ধানরূপং অন্তরীক্ষং তথা চ সূর্য্যাণ্ডগোলয়োঃ মধ্যে সর্ব্বতঃ

শ্রীধরস্বামী ।

অলোক-পরিমাণমাহ মেরোরেকতঃ সার্দ্ধদ্বাদশকোট্যঃ ॥ ৩৩ ॥

ততো লোকালোকাৎ অলোকাদ্বা পরস্তাৎ বিশুদ্ধাং দ্বিজপুত্রস্যানয়নেহর্জ্জুনস্য শ্রীকৃষ্ণেন প্রদর্শিতাং ॥ ৩৪ ॥

বিস্তারেণোক্তং ব্রহ্মাণ্ডমানং সর্ব্বতোহপি নিরূপয়তি অণ্ডমধ্যগত ইতি। কিন্তন্মধ্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অলোক-পরিমাণঃ দ্বাবিংশতি লক্ষোত্তরং কোট্যষ্টকং বহিঃ সর্ব্বদিক্ষু ॥ ৩৩ ॥

যোগেশ্বরাণাং আবরণাষ্টকং বিভিদ্য মুমুক্ষূণাং যথা নারদাদীনাং ॥ ৩৪ ॥

বিস্তারেণোক্তং অণ্ডগোলকমানং ঊর্দ্ধাধোহপি নিরূপয়তি অণ্ডমধ্যগত ইতি কিন্তন্মধ্যং

হে নরনাথ ! লোকালোক নামে বর্ষদ্বয়ের প্রসঙ্গক্রমে অলোক বর্ষকে যে মধ্যভাগে বিস্তৃত বলিয়া বর্ণন করিয়াছি, তাহাতেই তাহার পরিমাণ সার্দ্ধ-দ্বাদশকোটি যোজন বলিয়াই উক্ত হইয়াছে। ঐ বর্ষ লোকালোক অচলের বহির্ভাগে এবং সুমেরুর এক পার্শ্বে বিদ্যমান আছে। ইহা অণ্ডকটাহ পর্য্যন্ত অষ্টদিকে বিস্তৃত ভূমিকেই লক্ষ্য করিতে হইবে ॥ ৩৩ ॥

সে যাহা হউক, এই অলোক বর্ষের পর যোগেশ্বরগণের গন্তব্য অপূর্ব্ব স্থান বিদ্যমান আছে বলিয়া কবিগণ বর্ণন করিয়া থাকেন। দ্বিজপুত্রের আনয়ন উপলক্ষে ভগবান্ শ্রীকৃষ্ণ এই বিশুদ্ধ স্থান শ্রীমান্ অর্জ্জুনকে প্রদর্শন করাইয়াছিলেন ॥ ৩৪ ॥

স্যুঃ পঞ্চবিংশতিঃ ॥ ৩৫ ॥

মৃতেঽণ্ড এষ এতস্মিন্ যদভূত্ততো মার্ত্তণ্ড ইতি ব্যপদেশঃ। হিরণ্যগর্ভ ইতি যদ্ধিরণ্যাণ্ডসমুদ্ভবঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

সমানসূত্রে পঞ্চবিংশতিকোটিযোজনানি স্যুঃ ॥ ৩৫ ॥

যৎ যস্মাৎ মৃতে অচেতনে, এষ এতস্মিন্ অণ্ডে এষঃ সূর্য্যঃ ভূতসৃষ্টিসময়ে বৈরাজরূপেণ প্রবিষ্টঃ অভূৎ ততঃ মার্ত্তণ্ডঃ ইতি ব্যপদেশঃ অস্য অভূৎ। যৎ যস্মাৎ চ হিরণ্যাণ্ডসমুদ্ভবঃ (হিরণ্ময়ে প্রকাশবহুলে অণ্ডে সম্যক্ তৎপ্রকাশকতয়া ভবন্তি বর্ত্ততে ইতি তথা) ততঃ হিরণ্যগর্ভঃ ইতি ব্যপদেশঃ আস ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তদাহ দ্যাবাভূম্যোঃ পূর্ব্বোত্তর-কপালয়োর্যদন্তরং] মধ্যস্থানং সর্ব্বতঃ পঞ্চবিংশতি কোট্যঃ স্যুঃ ॥ ৩৫ ॥

অণ্ডমধ্যাবস্থানে কারণং তন্নামনির্ব্বচনেনাহ। মৃতে অচেতনে। এষ সূর্য্যো বৈরাজরূপেণ যস্মাৎ প্রবিষ্টঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদাহ দ্যাবাভূম্যোঃ ভুবর্লোক-ভূর্লোকয়োর্যন্মধ্যং অতঃ সূর্য্যশ্চ অণ্ডগোলকস্য তয়োর্মধ্যে সূর্য্যাদূর্দ্ধগোলকপর্য্যন্তং যথা পঞ্চবিংশতি কোট্যঃ তথা অধোগোলক-পর্য্যন্তঞ্চেত্যর্থঃ। উপপত্তিস্তু পরিষ্টাদ্ব্যাখ্যেয়া ॥ ৩৫ ॥

অণ্ডমধ্যাবস্থানে কারণং তন্নামনির্ব্বচনেনাহ। মৃতে অচেতনে। এষ সূর্য্যোঽভূৎ প্রবিষ্টঃ ততো মার্ত্তণ্ডঃ স এব ক ইত্যত আহ হিরণ্যগর্ভ সমষ্টি-জীব-সূক্ষ্মোপাধিরূপঃ যদ্যত এব হিরণ্যাণ্ডস্য তদীয়-স্থূল-দেহস্য সম্ভবঃ সম্যগ্বিদ্যমানতা ॥ ৩৬ ॥

হে ভারত! পূর্ব্বে বিস্তৃতরূপে ব্রহ্মাণ্ডের বর্ণন করিয়াছি, এক্ষণে ঊর্দ্ধাধো লোকের বর্ণন করিতেছি, শ্রবণ কর! ব্রহ্মাণ্ডের মধ্যদেশে অর্থাৎ স্বর্গ ও ভূমির অন্তরে দিবাকর সূর্য্যদেব বিরাজ করিতেছেন। সূর্য্যদেবও অণ্ডগোলকের অন্তর্ব্বর্ত্তী পরিসরের পরিমাণ সর্ব্বতোভাবে পঞ্চবিংশতি কোটি যোজন ॥ ৩৫ ॥

এই অচেতন অণ্ডগোলকে ভূতসৃষ্টিকার্য্যে ভগবান্ সূর্য্যদেব বৈরাজ মূর্ত্তিতে প্রবিষ্ট হইয়াছিলেন বলিয়া তিনি মার্ত্তণ্ডনামে অভিহিত হইয়াছেন। এতদ্ব্যতীত তিনি হিরণ্ময় অণ্ড হইতে স্বয়ং সমুদ্ভূত হওয়ায়, হিরণ্যগর্ভ নামে অভিহিত হইয়াছেন ॥ ৩৬ ॥

হে রাজন্! সূর্য্যের প্রভাবেই পূর্ব্বাদি দিক্‌সমূহ, অন্তরীক্ষ, স্বর্গ, আকাশ, পৃথিবী ও তাঁহার বিভাগ সমূহ পরিলক্ষিত হইতেছে। এতদ্ব্যতীত ভোগ

সূর্য্যেণ হি বিভজ্যন্তে দিশঃ খং দ্যৌর্মহী ভিদা।
স্বর্গাপবর্গৌ নরকা রসৌকাংসি চ সর্ব্বশঃ॥ ৩৭॥
দেবতির্য্যঙ্মনুষ্যাণাং সরীসৃপ্‌খগবীরুধাং।
সর্ব্বজীবনিকায়ানাং সূর্য্য আত্মা দৃগীশ্বরঃ॥ ৩৮॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে সমুদ্রদ্বীপবর্ণনং বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

অন্বয়ঃ।

প্রাচ্যাদি দিশঃ, খং অন্তরীক্ষং, দ্যৌঃ স্বর্গঃ, মহীভিদা পৃথিবীগতঃ তদবান্তরভেদঃ অপি সূর্য্যেণ এব হি বিভজ্যন্তে সর্ব্বং সিদ্ধতি চ। স্বর্গঃ সুখস্থানং, অপবর্গঃ মোক্ষস্থানং, সত্য-লোকাদি, নরকাঃ দুঃখস্থানানি, রসৌকাংসি অতলাদীনি, সর্ব্বশঃ সর্ব্বোঽপি ব্যবহারঃ তেনৈব সিদ্ধতি॥ ৩৭॥

কিঞ্চ দেবাদিসর্ব্বপ্রাণিনিকায়ানাং সূর্য্যঃ এব আত্মা অন্তর্যামী দৃগীশ্বরঃ নেত্রাধিষ্ঠাতা চ॥ ৩৮॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে বিংশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ সূর্য্যেণৈব বিভজ্যন্তে দিশঃ। খমন্তরীক্ষং ভিদা অন্যোঽপি বিভাগঃ। স্বর্গাপবর্গৌ ভোগ-মোক্ষদেশৌ রসৌকাংসি অতলাদীনি॥ ৩৭॥

উপাসনার্থমাহ দেবাদীনাং সূর্য্য আত্মা দৃগীশ্বরঃ নেত্রাধিষ্ঠাতা চ॥ ৩৮॥

॥ * ॥ ইতি পঞ্চমে বিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভিদা অন্যোঽপি বিভাগঃ স্বর্গাপবর্গৌ ভোগ-মোক্ষ-দেশৌ রসৌকাংসি অতলাদীনি॥ ৩৭॥
সূর্য্য আত্মা আত্মত্বেনোপাস্যঃ॥ ৩৮॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
বিংশোঽধ্যায়ঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

স্থান স্বর্গাদি এবং সত্যলোকাদি অপবর্গপ্রদ মোক্ষস্থান, দুঃখপ্রদ নরক এবং অতলাদি সর্ব্বপ্রকার লোক এক সূর্য্যের উপলক্ষেই সম্যক্ বিভক্ত বলিয়া পরিলক্ষিত হইতেছে॥ ৩৭॥

দেবতা, তির্য্যগ্‌যোনি, মনুষ্য, সরীসৃপ, খগ ও বীরুধাদি যাবতীয় প্রাণি-সমূহের বিবিধ নিবাসভূমির সার ও সর্ব্বস্বরূপে এক সূর্য্যদেবই বিরাজ করিতেছেন। তিনি জীবমাত্রেরই নেত্রাধিষ্ঠাতা। অতএব সূর্য্যদেবের উপাসনা করা জীব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য॥ ৩৮॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত বিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

শ্রীশুক উবাচ ॥

এতাবানেব ভুবলয়স্য সন্নিবেশঃ প্রমাণ-লক্ষণতো ব্যাখ্যাতঃ। এতেনহি দিবো মণ্ডলমানং তদ্বিদ উপদিশন্তি ॥ ১ ॥

যথা বিদলয়োর্নিষ্পাবাদীনাং। তে অন্তরেণান্তরীক্ষং তদুভয়-সন্ধিতং ॥

অন্বয়ঃ।

এতাবান্ ইতি ভুবলয়স্য (ভুবঃ পর্য্যঙ্ক স্থিতানাং দেশানাং সমষ্টিভূতস্য) সন্নিবেশঃ রচনাবিশেষঃ প্রমাণতঃ পঞ্চাশৎ-কোটি-যোজন-বিস্তারতঃ কবিভিঃ ব্যাখ্যাতঃ। এতেন হি মানেন দিবঃ মণ্ডলমানং তবিদঃ প্রমাণবিদঃ উপদিশন্তি ॥ ১ ॥

যথা নিষ্পাবাদীনাং করগুকাদীনাং দ্বিদলানাং (যথা দ্বিদলয়োঃ মধ্যে একস্য মানেন অপরস্য অপি মানং উপদিশ্যতে তথা) তে অন্তরেণ তয়োর্মধ্যে তদুভয়সন্ধিতং (তাভ্যাং ভূগোল-

শ্রীধরস্বামী।

এবমধ্যায়-বিংশত্যা ভূমর্য্যাদা নিরূপিতা।

অতঃপরং দ্যুমর্য্যাদা পালনং ত্রিভিরুচ্যতে ॥

একত্রিংশে রবেঃ কালচক্রেণ ভ্রমতোঽন্বহং।

স্বগত্যা রাশিসঞ্চারৈর্লোকযাত্রা নিরূপ্যতে ॥ * ॥

এতাবান্ বিস্তারেণ কোট্যঃ পঞ্চাশৎ উৎসেধেন পঞ্চবিংশতিঃ ॥ ১ ॥

দ্বিদলয়োর্মধ্যে যথৈকস্য মানেনাপরস্য মানমুপদিশ্যতে তদ্বৎ। তেঽন্তরেণ তয়োর্মধ্যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এক বিংশে রবেরুক্তং রাশিগত্যায়নাদিকং।

উদয়াস্তমনাদীনাং ব্যবস্থাচ গতের্মিতিঃ ॥ * ॥

এতেন ভূগোলকমানেন ॥ ১ ॥

নিষ্পাবঃ শুকশিম্বী তদাদীনামিত্যতদ্গুণ-সংবিজ্ঞান-বহুব্রীহিণা কলায়াদীনামিত্যর্থঃ।

শুকদেব বলিলেন, হে রাজন্! বলয়াকারে পরিবেষ্টিত স্থানসমূহের সংস্থান-বিশেষে উপলক্ষিত পৃথিবী-মণ্ডলের পরিমাণ অর্থাৎ পঞ্চাশৎ কোটি যোজন বিস্তৃত এবং পঞ্চবিংশতি কোটিযোজন উন্নত পরিমাণ এবং আকারের বিষয় আপনার নিকট বর্ণন করিলাম। এই ভূমণ্ডলের পরিমাণ অবলম্বনে তত্ত্ববিদ্ পণ্ডিতগণ স্বর্গমণ্ডলের পরিমাণও নিরূপণ করিয়া থাকেন ॥ ১ ॥

ফলত নিষ্পাব অর্থাৎ দ্বিদল চনকাদির মধ্যে একদলের পরিমাণ নিরূপিত হইলে যেমন অপর দলেরও পরিমাণ এবং আকার সহজে নিরূপিত

আভাস।

এক বিংশতি অধ্যায়ে নিরন্তর কালচক্রে ভ্রমণশীল সূর্য্যের গতি অনুসারে রাশি-সঞ্চার ও তদ্দ্বারা লোকযাত্রার নিরূপণ ॥

যন্মধ্যগতো ভগবাংস্তপতাং পতিস্তপন আতপেন ত্রিলোকীং প্রতপত্যবভাসয়-ত্যাত্মভাসা॥ ২॥

অন্বয়ঃ।

দ্যুগোলাভ্যাং উপর্য্যধো ভাগে উভয়তঃ সংলগ্নং অন্তরীক্ষং অস্তি ইতি তদ্বিস্তারঃ অপি তাবান্ এব যদস্য অন্তরীক্ষস্য মধ্যগতঃ ভগবান্ তপতাং প্রকাশবতাং চন্দ্রাদীনাং, পতিঃ তপনঃ সূর্য্যঃ, আতপেন উষ্মণা ত্রিলোকীং প্রতপতি প্রতাপয়তি আত্মনঃ স্বান্তস্থস্য ভগবতঃ ভাসা ত্রিলোকীং অবভাসয়তি॥ ২॥

শ্রীধরস্বামী।

তদুভয়সন্ধিতং তাভ্যামুভয়তঃ সংলগ্নং॥ ২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং যথা দ্বয়োর্দলয়োর্মধ্যে একস্য মানেনাপরস্য মানমুপদিশ্যতে তথৈব ভূগোলক-খগোলকয়োর্বিস্তারেণ তুল্যমেব মানমিত্যর্থঃ॥

তে অন্তরেণ তয়োর্মধ্যে অন্তরীক্ষং লক্ষদ্বয়-প্রমাণং তদুভয়-সন্ধিতং তাভ্যামুভয়তঃ সংলগ্নং। যস্য অন্তরীক্ষস্য মধ্যগতঃ॥ ২॥

হয়, সেইরূপ এক পার্শ্বস্থ ভূমণ্ডলের পরিমাণ ও আকার নিরূপিত হওয়ায় অপর পার্শ্বস্থ দ্বিতীয় দলস্থানীয় স্বর্গমণ্ডলেরও পরিমাণ এবং আকার সহজে অনুমিত হইয়া থাকে। এতদুভয়ের মধ্যবর্ত্তী অন্তরীক্ষ লোক উভয় পার্শ্বে স্বর্গমণ্ডল ও ভূমণ্ডলের দ্বারা সীমাবদ্ধ। সুতরাং এতদ্দ্বারা অন্তরীক্ষ লোকেরও পরিমাণ অনায়াসে অনুমিত হইতেছে। অর্থাৎ উভয়পার্শ্বস্থ দলদ্বয়ের অনুরূপই ইহার পরিমাণ অবশ্য স্বীকার্য্য। এই অন্তরীক্ষের মধ্যস্থলে বিদ্যমান থাকিয়া, প্রকাশক জ্যোতিবিশিষ্ট যাবতীয় চন্দ্রাদি জ্যোতিষ্কগণের জ্যোতিঃপ্রদ তপনরূপী ভগবান্ সূর্য্যদেব স্বীয় অন্তরস্থ ভগবান্ নারায়ণের অপূর্ব্ব দীপ্তির প্রভাবে দীপ্তিমান্ থাকিয়া, স্বীয় অংশু-মালার বিস্তারে এই ত্রিভুবনকে অবভাসিত করিতেছেন॥ ২॥

সূর্য্যের পরিভ্রমণের পথরূপে মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ এবং মীন নামক দ্বাদশ রাশি মালাকারে পরস্পরে সংবদ্ধ থাকিয়া, পৃথিবী হইতে অনেক দূরে অবস্থান করিতেছে। সূর্য্যদেব এই দ্বাদশ রাশির সমসূত্র পথে পরিভ্রমণ করিলে, পৃথিবীতে এক সম্বৎসর কাল অতীত হয়। সুতরাং রাশির উচ্চতা ও নীচতা নিবন্ধন গতির তারতম্যে ভূমণ্ডলে উত্তরায়ণ, দক্ষিণায়ন ও বিষুব সঞ্জক গতির পরিচয় হইয়া থাকে। অর্থাৎ মকর, কুম্ভ, মীন, মেষ, বৃষ ও মিথুন রাশিতে সূর্য্য

স এব উদগয়ন-দক্ষিণায়ন-বৈষুবত-সংজ্ঞাভির্মান্দ্য-শৈঘ্র্য-সমানাভির্গতিভিরারোহণাবরোহণ-সমস্থানেষু যথাসবনমভিপদ্যমান-মকরাদিষু রাশিষহোরাত্রাণি দীর্ঘ-হ্রস্ব-সমানানি বিধত্তে ॥ ৩ ॥

যদা মেষতুলয়োর্ব্বর্ত্ততে তদাহোরাত্রাণি সমানানানি ভবন্তি ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সঃ এবঃ সূর্য্যঃ যথাসবনং যথাকালং, আরোহণাদিস্থানেষু মকরাদিরাশিষু অভিপদ্যমানঃ প্রাপ্তঃ সন্ উদগয়ন-দক্ষিণায়ন-বৈষুবত-সংজ্ঞাভিঃ মান্দ্যশৈঘ্র্য-সমানাভিঃ অহোরাত্রাণি দীর্ঘ-হ্রস্ব-সমানানি বিধত্তে ॥ ৩ ॥

মেষতুলয়োঃ সমান-স্থানয়োঃ বৈষুব-তৎ-সংজ্ঞয়া সমানগত্যা বর্ত্ততে প্রচলতি; অত্যন্ত-বৈষম্যাভাবাৎ তদা অহোরাত্রাণি সমানানি ভবন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

উদগয়নাদিসংজ্ঞাভিঃ মন্দ-ক্ষিপ্রসম-গতিভি র্যথাকালমারোহণাদিস্থানেষু আরোহণাদ্যভিপদ্যমানঃ মকরাদিষহোরাত্রাণি দীর্ঘহ্রস্বসমানানি বিধত্তে ॥ ৩ ॥

তৎ প্রপঞ্চয়তি যদেতি অত্যন্তবৈষম্যাভাবাৎ সমানানীত্যুক্তং। সর্ব্বথা সাম্যন্ত্বেকস্যৈবাহোরাত্রস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সঃ সূর্য্যঃ মান্দ্যশৈঘ্র্যে স্বার্থষ্যঞ্জস্ত উদগয়ননাম্ন্যা মন্দয়া গত্যা আরোহণ-স্থানে যথা-সবনং সময়মনতিক্রম্য অভিপদ্যমানশ্চলন্ মকরাদিষু ষট্সু রাশিষু অহানি ক্রমেণ দীর্ঘাণি রাত্রীস্তু হ্রস্বা বিধত্তে দক্ষিণায়ন-নাম্ন্যা ক্ষিপ্রগত্যা অবরোহণে কর্কটাদিষু ষট্সু রাশিষু অহোরাত্রান্ হ্রস্বদীর্ঘান্ বিধত্তে। বৈষুবত-সংজ্ঞয়া-উত্তরায়ণ দক্ষিণায়ন-মধ্যবর্ত্তিন্যা সমানয়া গত্যা মেষতুলয়োঃ অহোরাত্রান্ সমানান্ বিধত্তে অভিপদ্যমানশ্চলন্ ॥ ৩ ॥

যখন অবস্থান করেন, অর্থাৎ মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে আরোহণ গতিতে উচ্চ রাশিতে সূর্য্যের পরিভ্রমণ কালের নাম উত্তরায়ণ; এই কয় মাসে পৃথিবীতে দিনমান ক্রমশ দীর্ঘ এবং রাত্রির মান ক্রমশ হ্রাস হইয়া থাকে এবং এই ছয় রাশিতে উচ্চতা নিবন্ধন সূর্য্যের গতিও মন্দ হয়। পরে ক্ষিপ্র গতিতে অবরোহণ ক্রমে কর্কটাদি (কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু অর্থাৎ তদুপলক্ষিত শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ ও পৌষ এই ছয় মাসে সূর্য্যের গতিকে দক্ষিণায়ন বলা যায়। এই সময়ে পৃথিবীতে দিনমান ক্রমশ হ্রাস হইয়া রাত্রির পরিমাণ উত্তরোত্তর দীর্ঘ হইয়া থাকে। এই উভয় অয়নের মধ্যবর্ত্তী মেষ ও তুলা রাশিতে সূর্য্যের অবস্থান কালে অর্থাৎ বৈশাখ ও কার্ত্তিক মাসে দিবারাত্রি সমান পরিমাণে থাকে এবং সূর্য্যের গতিও সম হয়। ৩ ॥

যদা বৃষভাদিষু পঞ্চসু রাশিষু চরতি তদাহান্যেব বর্দ্ধন্তে। হ্রসতি চ মাসি মাস্যেকৈকা ঘটিকা রাত্রিষু ॥ ৫ ॥

যদা বৃশ্চিকাদিষু পঞ্চসু রাশিষু বর্ত্ততে তদাহোরাত্রাণি বিপর্য্যয়াণি ভবন্তি ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বৃষভ-মিথুনয়োঃ অহ্নাং বৃদ্ধিঃ কর্কটাদিষু হ্রাসঃ ॥ ৫ ॥

বৃশ্চিকাদিষু পঞ্চসু যদা বর্ত্ততে তদা অহোরাত্রাণি বিপর্য্যয়াণি (অহানি ন্যূনানি রাত্রয়ঃ অধিকাঃ) ভবন্তি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি বৃষভমিথুনয়োরেবাহ্নাং বৃদ্ধিঃ কর্কটাদিষু হ্রাসঃ তথাপি রাত্র্যপেক্ষয়া অধিকত্বাৎ বর্দ্ধন্ত ইত্যুক্তং। এবং রাত্রিবৃদ্ধাবপি দিনাপেক্ষয়া হ্রসতীত্যুক্তং। একৈকেতি স্থূলদৃষ্ট্যোক্তং বৃদ্ধিহ্রাসয়োঃ প্রতিমাসং বৈষম্যাৎ ॥ ৫ ॥

বিপর্য্যয়াণীতি অহানি ন্যূনানি রাত্রয়োঽধিকা ইত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতৎ প্রপঞ্চয়তি যদেত্যাদিনা অত্যন্ত-বৈষম্যাভাবাৎ সমানানীত্যুক্তং। সর্ব্বথা সাম্যং ত্বেকস্যৈবাহোরাত্রস্য ॥ ৪ ॥

যদ্যপি বৃষভ-মিথুনয়োরেবাহ্নাং বৃদ্ধিঃ কর্কটাদিষু হ্রাস স্তদপি রাত্র্যপেক্ষয়া অধিকত্বাদ্বর্দ্ধন্ত ইত্যুক্তং। এবং রাত্রিবৃদ্ধাবপি দিনাপেক্ষয়া হ্রসতীত্যুক্তং বস্তুতস্ত মকরাদিষু অহ্নাং বৃদ্ধি-প্রক্রমঃ কর্কটাদিষু হ্রাসপ্রক্রম ইত্যগ্রে স্পষ্টং বক্ষ্যতে। একৈকেতি স্থূলদৃষ্ট্যোক্তং বৃদ্ধি-হ্রাসয়োঃ প্রতিমাসং বৈষম্যাৎ ॥ ৫ ॥

বিপর্য্যয়াণীতি অহানি ন্যূনানি রাত্রয়োঽধিকা ইত্যর্থঃ ॥ ৬ ॥

কারণ মেষ ও তুলারাশি সমান-স্থলে পরস্পরের অভিমুখে বিদ্যমান থাকায়, সূর্য্যের গতি বিষুব অর্থাৎ সম হয়। সুতরাং বক্রগতির অভাবে পৃথিবীতে দিবা এবং রাত্রির পরিমাণও তুল্যরূপ হইয়া থাকে ॥ ৪ ॥

বৃষ ও মিথুন রাশিতে অর্থাৎ জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে দিবাভাগের পূর্ণ বৃদ্ধি; কিন্তু সম্বৎসরের মধ্যে বৃষ মিথুন কর্কট সিংহ ও কন্যা এই পঞ্চ রাশিতে সূর্য্যের ভোগকালে দিবার পরিমাণ অধিক থাকে; কিন্তু প্রতি মাসে এক এক ঘটিকা করিয়া ক্রমশ হ্রাস হইয়া যায় এবং রাত্রির পরিমাণ ক্রমশ বৃদ্ধি হইতে থাকে। এইরূপে বৃশ্চিকাদি পঞ্চরাশিতে ভোগকালে দিবারাত্রির পরিমাণ বিপরীত হইয়া যায়। অর্থাৎ দিবার পরিমাণ ক্রমশ ন্যূন ও রাত্রির পরিমাণ ক্রমশ দীর্ঘ হইয়া যায় ॥ ৫ ॥ ৬ ॥

যাবদ্দক্ষিণায়নমহানি বর্দ্ধন্তে যাবদুদগয়নং রাত্রয়ঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

উত্তরায়ণাৎ দক্ষিণায়নপর্য্যন্তং যাবদুদগয়নসঞ্জয়া মন্দয়া গত্যা আরোহণ-স্থানেষু মকরাদিষু ষট্সু রাশিষু প্রচলতি তাবদ্দিনানি বর্দ্ধন্তে রাত্রয়স্ত পূর্ব্বরাত্র্যপেক্ষয়া উত্তরোত্তরা হ্রসন্তি। যাবদুদগয়নং ইতি, দক্ষিণায়নাৎ উদগয়নপর্য্যন্তং যাবৎ দক্ষিণায়ন-সঞ্জয়া ক্ষিপ্রগত্যা অবরোহণ-স্থানেষু কর্কটাদিষু ষট্সু রাশিষু প্রচলতি তাবৎ পূর্ব্বরাত্র্যপেক্ষয়া উত্তরোত্তর-রাত্রয়ঃ বর্দ্ধন্তে পূর্ব্বাপেক্ষয়া ক্রমশঃ হ্রসন্তি চ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তাত্ত্বিকং বৃদ্ধিহ্রাসকালমাহ যাবদিতি ॥ ৭ ॥

এবং মন্দাদিগতিভিঃ নবকোটয় ইতি মেরোরুভয়তো মানসোত্তরস্যাৰ্দ্ধবিস্তারেণ পঞ্চদশ লক্ষাধিক কোটিত্রয়-পরিমিতেনেদং পরিমণ্ডলমানমূহ্নেয়ং। এবং পঞ্চদশভি-র্ঘটিকাভি রিত্যাদিষপি ত্রৈরাশিকগণিতেন তত্তন্মানমূহ্নেয়ং। অত্রাপেক্ষিতো বিশেষ-পুরাণান্তরাদেব গম্যঃ। তত্রারোহণাদি-স্থানানি বায়ুপুরাণে দর্শিতানি। সর্ব্ব-গ্রহাণাং ত্রীণ্যেব স্থানানি দ্বিজসত্তমাঃ। স্থানং জারদ্গবং মধ্যং তথৈরাবতমুত্তরং। বৈশ্বানরং দক্ষিণতো নির্দ্দিষ্টমিহ তত্ত্বত ইতি। তদেব মধ্যমোত্তর-দক্ষিণ-মার্গত্রয়ং প্রত্যেকং বীথীত্রয়েণ ত্রিধা বিভিদ্যতে। ত্রিভিস্ত্রিভি রশ্বিন্যাদি নক্ষত্রৈর্নাগবীথী ঐরাবতী চেত্যুত্তরমার্গে বীথীত্রয়ং। আর্ষভী গোবীথী জারদ্গবীচেতি বৈষুবতে মধ্যমমার্গে বীথীত্রয়ং। অজবীথী মৃগবীথী বৈশ্বা-নরী চেতি দক্ষিণমার্গে বীথীত্রয়ং। তদপ্যুক্তং তত্রৈব। অশ্বিনী কৃত্তিকা যাম্যা নাগবীথীতি শব্দিতা। রোহিণ্যাদ্রা মৃগশিরো গজবীথ্যভিধীয়তে। পুষ্যাশ্লেষা তথাদিত্যা বীথী চৈরাবতী স্মৃতা। এতাস্তু বীথয়স্তিস্র উত্তরো মার্গ উচ্যতে। তথা দ্বে চাপি ফল্গুন্যৌ মঘা চৈবার্ষভী মতাঃ হস্তশ্চিত্রা তথা স্বাতী গোবীথীতি তু শব্দিতা। জ্যেষ্ঠা বিশাখানুরাধা বীথী জারদ্গবী মতা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাবদ্দক্ষিণায়নমিতি উত্তরায়ণাদ্দক্ষিণায়নপর্য্যন্তমিত্যর্থ এবমগ্রেঽপি ॥ ৭ ॥

উত্তরায়ণ কাল হইতে আরম্ভ করিয়া দক্ষিণায়ন-প্রবৃত্তির পূর্ব্বাবধি কালে সূর্য্যদেব মন্দগতিতে মকরাদি উচ্চ রাশি-ষট্কে যখন আরোহণ করিতে থাকেন, তখন দিবার পরিমাণ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইতে থাকে এবং রাত্রির পরিমাণ ক্রমশ হ্রাস হইতে থাকে। আবার উত্তরায়ণের পর দক্ষিণায়নের সমাপ্তি পর্য্যন্ত অর্থাৎ শ্রাবণ হইতে পৌষ পর্য্যন্ত নিম্নস্থ কর্কটাদি রাশি-ষট্কে ক্ষিপ্র-গতিতে সূর্য্যের অবরোহণ কালে পূর্ব্ব পূর্ব্ব রাত্রির অপেক্ষা উত্তরোত্তর রাত্রির পরিমাণ পরিবর্দ্ধিত হইতে থাকে; এবং দিনমান ক্রমশ হ্রাস হইয়া যায় ॥ ৭ ॥

এবং নবকোটয় এক-পঞ্চাশল্লক্ষাণিচ যোজনানাং মানসোত্তর-গিরি-পরিবর্ত্তনস্যোপদিশন্তি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

মেরোঃ উভয়তঃ সমানসূত্রে মানসোত্তরাভ্যন্তর-বিস্তারস্য পঞ্চদশলক্ষাধিক-কোটিত্রয়-যোজনস্য উক্তত্বাৎ কিঞ্চিদধিক-তত্রিগুণীকৃত্য এব মানসোত্তর-গিরিপরিবর্ত্তনস্য তন্মণ্ডলস্য যোজনানাং নবকোটয় একপঞ্চাশৎ লক্ষাণি উপদিশন্তি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

এতাস্ত বীথয়স্তিস্রো মধ্যমো মার্গ উচ্যতে। মূলাষাঢ়োত্তরাষাঢ়া চাজবীথ্যভিশব্দিতা। শ্রবণঞ্চ ধনিষ্ঠাচ মার্গী শতভিষক্ তথা। বৈশ্বানরী ভাদ্রপদে রেবতী চৈব কীর্ত্তিতা। এতাস্ত বীথয়স্তিস্রো দক্ষিণো মার্গ উচ্যতে ইতি। যাম্যা ভরণী। আদিত্যা অদিতিদেবতাকা পুনর্ব্বসুঃ। মার্গী মৃগবীথী। এবং স্থিতে উত্তরায়ণে ধ্রুবেণ যুগাক্ষ-কোটি-নিবদ্ধ-বায়ু-পাশদ্বয়াকর্ষণে রথস্যারোহণং তদাভ্যন্তর-মণ্ডলপ্রবেশো গতিমান্দ্যঞ্চেতি। দিনবৃদ্ধিঃ রাত্রি-হ্রাস ইতি। দক্ষিণায়নে চ পাশপ্রসারণাদবরোহণে বহির্ম্মণ্ডল-প্রবেশো গতিশৈঘ্র্যঞ্চেতি অহোরাত্রয়োঃ বিপর্য্যয়ঃ। বৈষুবতে তু পাশসাম্যাৎ। সমস্থানে মধ্যম-মণ্ডল-প্রবেশো গতি-সাম্যঞ্চেত্যহোরাত্রয়োঃ সাম্যমিতি। তথাচ পুরাণান্তরং। আকৃষ্যেতে যদা তৌতু ধ্রুবেণ সমধিষ্ঠিতৌ। তদাভ্যন্তরতঃ সূর্য্যো ভ্রমতে মণ্ডলানি তু। ধ্রুবেণ মুচ্যমানেন পুনরশ্মি-যুগেন তু। তথৈব বাহ্যতঃ সূর্য্যো ভ্রমতে মণ্ডলানি চ ইতি। তদেতদুক্তং যদা মেষতুলয়ো-রিত্যাদিনা ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবকোটয় ইতি মেরোরুভয়তো মানসোত্তরস্যান্তর্বিস্তারো য স্তস্য পরিমাণং পঞ্চদশ লক্ষাধিক-কোটিত্রয়ং সূর্য্যরথবর্ত্তনশ্চ লক্ষদ্বয়মিত্যেবং সপ্তদশ-লক্ষোত্তর-কোটিত্রয়েণ ত্রিগুণী-কৃতেনৈতৎ পরিমণ্ডলমানমূহ্যেয়ং ॥ ৮ ॥

মেরুর উভয় পার্শ্বে সমসূত্রে বিস্তৃত মানসোত্তর পর্ব্বতের পরিবর্ত্তনে সূর্য্যদেব মন্দ, শীঘ্র ও সমান গতিতে যে স্থানকে পরিক্রমণ করিয়া থাকেন, তাহার পরিমাণ নবকোটী একপঞ্চাশৎ যোজন, এইরূপ বহুদর্শী বিচক্ষণ পণ্ডিতগণ নিরূপণ করিয়া থাকেন। অর্থাৎ মেরুর উভয় পার্শ্বস্থ মান-সোত্তরের অন্তর্ব্বর্ত্তী সমসূত্রে বিস্তীর্ণ পঞ্চদশ লক্ষাধিক তিন কোটি যোজন স্থান এবং সূর্য্যরথের পরিমাণও প্রস্থে দুই লক্ষ যোজন স্থান ; এতদ্দ্বারা সপ্ত

আভাস।

আরোহণ ও অবরোহণ গতির পরিচয়-প্রসঙ্গে বায়ুপুরাণে উক্ত হইয়াছে যে, সমস্ত গ্রহেরই তিনটী করিয়া স্থান নির্ণীত হইয়াছে। যথা উত্তরে ঐরাবতী, দক্ষিণে বৈশ্বানরী এবং মধ্যে জারদ্গবী। উত্তরে মৃদু, মধ্যে মন্দ এবং দক্ষিণে তীব্র গতিতে দিবাকর গমন

তস্মিন্নৈন্দ্রীং পুরীং পূর্ব্বস্যাং মেরোর্দেবধানীং নাম দক্ষিণতো যাম্যাং সংযমনীং নাম পশ্চাদ্বারুণীং নিম্লোচন্তীং নাম উত্তরতঃ সৌম্যাং বিভাবরীং নাম ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তস্মিন্ মানসোত্তরপর্ব্বতে মেরোঃ পূর্ব্বস্যাং দিশি দেবধানীং নাম ঐন্দ্রীং, দক্ষিণস্যাং যাম্যাং সংযমনীং নাম, পশ্চাৎ বারুণীং নিম্লোচন্তীং নাম উত্তরতঃ সৌম্যাং বিভাবরীং নাম পুরীং উপদিশন্তি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

উদয়াস্তাদিকং বক্তুমাহ। তস্মিন্ মানসোত্তরে মেরোঃ পূর্ব্বত ঐন্দ্রীং পুরীং উপ-দিশন্তীত্যনুষঙ্গঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেরোঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্যাং দিশি যন্মানসোত্তরং তস্মিন্নৈন্দ্রীং পুরীমুপদিশন্তীত্যনুষঙ্গঃ ॥৯॥

দশ লক্ষোত্তর তিন কোটি যোজন বিস্তৃত স্থানের তিন গুণ পরিমাণ সূর্য্যের গতি নিরূপিত হওয়ায়, উক্ত নব কোটি এক পঞ্চাশৎ যোজনের উল্লেখ করা হইয়াছে ॥ ৮ ॥

উক্ত মানসোত্তরে সুমেরুর পূর্ব্বদিকে ইন্দ্র-সম্বন্ধিনী দেবধানী নামক পুরী, দক্ষিণ দিকে যম-সম্বন্ধিনী সংযমনী নামক পুরী, পশ্চিমদিকে বরুণ-সম্বান্ধনী নিম্লোচন্তী নাম্নী পুরী এবং উত্তর দিকে চন্দ্রসম্বন্ধিনী বিভাবরী নাম্নী পুরী বিদ্যমান রহিয়াছে, এইরূপ ঋষিগণ নিরূপণ করিয়া থাকেন ॥ ৯ ॥

আভাস।

করিয়া থাকেন। অর্থাৎ মধ্যম, উত্তর এবং দক্ষিণাদি প্রত্যেক মার্গত্রয়ে ত্রিবিধ বীথীতে নক্ষত্রগণ অবস্থান করিতেছে। অশ্বিন্যাদি তিন তিন নক্ষত্রের সমবায়ে নাগবীথী, গজবীথী এবং ঐরাবতী নামক বীথীত্রয় উত্তর মার্গে অবস্থান করে। সেইপ্রকার মধ্যপথ বৈষুবতেও আর্ষভী, গোবীথী এবং জারদ্গবী নামক তিন বীথী এবং অজবীথী, মৃগবীথী ও বৈশ্বানরী নামক বীথীত্রয় দক্ষিণমার্গে অবস্থান করে। তন্মধ্যে অশ্বিনী, কৃত্তিকা ও যাম্যা অর্থাৎ ভরণী, এই নক্ষত্রত্রয়ের মিলনে নাগবীথী, রোহিণী আর্দ্রা ও মৃগশিরায় গজবীথী, পুষ্যা অশ্লেষা ও আদিত্যা অর্থাৎ পুনর্ব্বসুতে ঐরাবতী বীথী বলা হয়। এই তিনটী বীথী উত্তর মার্গে। উত্তরফাল্গুনি ও পূর্ব্বফাল্গুনী এবং মঘার মেলনে আর্ষভী, হস্তা চিত্রা ও স্বাতীর সমবায়ে গোবীথী এবং জ্যেষ্ঠা, বিশাখা ও অনুরাধার সমবায়ে জারদ্গবী বীথী বলা যায়। এই তিনটি বীথী মধ্যম মার্গে অবস্থান করিতেছে। মূলা, পূর্ব্বাষাঢ়া এবং উত্তরষাঢ়ার একত্রাব-স্থানে অজবীথী; শ্রবণা, ধনিষ্ঠা ও শতভিষার মেলনে মৃগবীথী; পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ এবং রেবতীর একত্রাবস্থানে বৈশ্বানরী বীথী। এই বীথীত্রয় দক্ষিণ মার্গে অবস্থান করে।

তাসূদয়-মধ্যাহ্নাস্তময়-নিশীথানি ভূতানাং প্রবৃত্তিনিবৃত্তি-নিমিত্তানি সময়-বিশেষেণ মেরো শ্চতুর্দ্দিশং ॥ ১০ ॥

তত্রত্যানাং দিবসমধ্যগত এব সদাদিত্যস্তপতি ॥ ১১ ॥

অন্বয়ঃ।

মেরোঃ চতুর্দ্দিশং তাসু পুরীষু উদয়-মধ্যাহ্নাস্তময়-নিশীথানি ভূতানাং প্রাণিনাং কর্ম্মসু ব্যবস্থয়া প্রবৃত্তি-নিবৃত্তি-নিমিত্তানি সময়-বিশেষেণ কালবিশেষেণ ভবন্তি ইতি ॥ ১০ ॥

মেরৌ তু সদা মধ্যাহ্ন এব ইত্যাহ তত্রত্যানাং মেরুস্থানাং প্রাণিনাং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তাসু পুরীষু উদয়াদীন্যুপদিশন্তি চতুর্দ্দিশমিত্যুক্তেঃ যে মেরোর্দ্দক্ষিণে দেশে তেষামৈন্দ্রী-মারভ্য পূর্ব্বোদয়ঃ। যে পশ্চিমে তেষাং যাম্যামারভ্য যে উত্তরে তেষাং বারুণীমারভ্য। যে পূর্ব্বে তেষাং সৌম্যমারভ্য ॥ ১০ ॥

তত্রত্যানাং মেরুস্থানাং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাসু পুরীষু উদয়াদীন্যুপদিশন্তি। চতুর্দ্দিশমিত্যুক্তে র্যে মেরোর্দক্ষিণে দেশে বর্ত্তেরন্ তেষামৈন্দ্রীমারভ্য পূর্ব্বোদয়ঃ যে পশ্চিমে তেষাং যাম্যামারভ্য যে উত্তরে তেষাং বারুণীমারভ্য যে পূর্ব্বে তেষাং সৌম্যামারভ্য অতএব সর্ব্বেষাং দ্বীপবর্ষাণাং মেরুরুত্তরতঃ স্থিত ইতি বৈষ্ণবোক্তিঃ ॥ ১০ ॥

তত্রত্যানাং মেরুস্থানাং সব্যেনেতি নক্ষত্রাভিমুখতয়া স্বগত্যা মেরুং বামতঃ প্রকুর্ব্বন্নপি প্রদক্ষিণাবর্ত্ত-প্রবর্ত্তক-প্রবাহাখ্য-বায়ুনা ভ্রাম্যমাণ-জ্যোতিশ্চক্রবশাৎ প্রত্যহং দক্ষিণতঃ করোতি। অতশ্চক্র-গতি-বশাদতিদূরতঃ ভূসংলগ্নস্যেব দর্শনমুদয়স্ততঃ আকাশমধ্যমারূঢ়স্যেব

সুমেরুর চতুর্দ্দিকস্থ এই সকল পুরীতে সময় বিশেষে সূর্য্যদেবের উদয়, মধ্যাহ্ন, অস্ত এবং নিশীথ কাল হইয়া থাকে। এবং তন্নিবন্ধন প্রাণিগণের প্রবৃত্তি ও নিবৃত্তির নিয়ামক কালরূপের দ্বারা বিহিত কর্ম্মসমূহেরও ব্যবস্থা হইয়া থাকে ॥ ১০ ॥

পরন্তু যে সকল প্রাণী সুমেরুতে অবস্থান করিতেছেন, দিবাকর মধ্যাহ্নের

আভাস।

এই চক্রের উত্তর ভাগে ধ্রুবলোকের আকর্ষণে বায়ুপাশে নিবদ্ধ সূর্য্যরথ ক্রমশ আরোহণ করে; সুতরাং তৎকালে দিবাকরের রথগতি মন্দ হয় এবং দিনমান বৃদ্ধি হয়। মধ্যমণ্ডলে অবস্থান কালে, পৃথিবীর সমস্থানে থাকায় সূর্য্যের গতির সমতা হয় এবং দিবারাত্রি সমভাবে থাকে। দূরতা নিবন্ধন আকর্ষক বায়ুপাশের শৈথিল্যে সূর্য্যরথ দক্ষিণে অবরোহণ করিতে থাকে; সুতরাং গতি ক্রমশ দ্রুত হয় এবং উত্তরায়ণের বিপরীতে দিনের পরিমাণও অল্প হইয়া রাত্রিমান বৃদ্ধি হইয়া থাকে ॥ ৮ ॥

সব্যেন চলন্ দক্ষিণেন করোতি ॥ ১২ ॥

অন্বয়ঃ।

নক্ষত্রাভিমুখতয়া স্বগত্যা মেরুং বামতঃ কুর্ব্বন্ অপি দক্ষিণাবর্ত্ত-প্রবাহাখ্য-বায়ুনা ভ্রাম্যমাণ-জ্যোতিশ্চক্রবশাৎ প্রত্যহং দক্ষিণতঃ করোতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সব্যেনেতি নক্ষত্রাভিমুখ-স্বগত্যা মেরুং বামতঃ কুর্ব্বন্নপি প্রদক্ষিণাবর্ত্ত-প্রবর্ত্তক-প্রবহাখ্য-বায়ু-ভ্রাম্যমাণ-জ্যোতিশ্চক্রবশাৎ প্রত্যহং দক্ষিণতঃ করোতি। অতশ্চক্রগতিবশাৎ অতি দূরতো ভূলগ্নস্যেব দর্শনমুদয়ঃ। আকাশমারূঢ়স্যেব দর্শনং মধ্যাহ্নঃ। ভূমিং প্রবিষ্টস্যেব দর্শনমস্তময়ঃ ততোঽতীব দূরগমনে নিশীথ ইতি। সমুদ্রতীরস্থ-দৃষ্ট্যাচ অদ্ভ্যো বা এষ প্রাতরুদেত্যপঃ সায়ং প্রবিশতি ইতি শ্রুতিব্যবহারো ন বস্তুতঃ। তদুক্তং বৈষ্ণবে উদয়াস্তমনে চৈব সর্ব্বকালন্ত সম্মুখে। দিশাস্বশেষাসু তথা মৈত্রেয় বিদিশাসুচ। যৈর্যত্র দৃশ্যতে ভাস্বান্ স তেষামুদয়ঃ স্মৃতঃ। তিরোভাবঞ্চ যত্রৈতি তত্রৈবাস্তমনং রবেঃ। নৈবাস্তমনমর্কস্য নোদয়ঃ সর্ব্বদা সতঃ। উদয়াস্তমনাখ্যংহি দর্শনাদর্শনং রবেঃ। শক্রাদীনাং পুরে তিষ্ঠন্ স্পৃশত্যেব পুরত্রয়ং। বিকোণৌ দ্বৌ বিকোণস্থ স্ত্রীন্ কোণান্ দ্বে পুরে তথেতি। অতএব তত্রৈবোক্তং। সর্ব্বেষাং দ্বীপবর্ষাণাং মেরুরুত্তরতঃ স্থিত ইতি যতো যত্র যঃ পশ্যতি সৈব তস্য প্রাচী তস্যাচ বামতো মেরু স্তিষ্ঠতীতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দর্শনং মধ্যাহ্নঃ ভূমিপ্রবিষ্টস্যেবাদর্শনমস্তময়ঃ। ততোঽতি-বিদূর-গমনে নিশীথ ইতি অতএব সমুদ্রতীরস্থদৃষ্ট্যাচ অদ্ভ্যো বা এষ প্রাতরুদেত্যপঃ সায়ং প্রবিশতীতি শ্রুতিরপি ব্যবহারতো নতু বস্তুতঃ ॥ ১১ ॥ ১২ ॥

ন্যায়, নিরন্তর তাঁহাদিগকে তাপ দান করিতেছেন; কখনই তাঁহাদের অদৃশ্য হয়েন না ॥ ১১ ॥

নক্ষত্রের অভিমুখে স্বীয় গতি বশত মেরুকে বামে রাখিয়া সূর্য্যদেব গমন করাতে, প্রদক্ষিণাবর্ত্তের প্রবর্ত্তক প্রবাহ-বায়ুর বেগে জ্যোতিশ্চক্র স্বয়ংই ভ্রমণ করিতে থাকে; সুতরাং তদুপলক্ষে সূর্য্য প্রত্যহ মেরুকে এক বার স্বীয় দক্ষিণে করিয়া থাকেন। অতএব চক্রগতি অনুসারে অতি দূরে ভূমি-সংলগ্ন ভাবের ন্যায়, সূর্য্যের প্রতীতিই তাঁহার উদয়; আকাশে আরোহণই মধ্যাহ্নকাল এবং ভূমিতে প্রবিষ্ট হওয়াই সূর্য্যের অস্তকাল; এবং অতি দূরে গমনই নিশীথকাল। অতএব সমুদ্রের তীর হইতে দর্শন করিলে, সূর্য্য যেন জলমধ্যে প্রবেশ করিতেছেন এবং তাহার বিপরীত দিকে জল হইতেই যেন উত্থিত হইতেছেন বলিয়া শ্রুতি যে পরিচয় দিয়া থাকেন,

যত্রোদেতি তস্য সমান-সূত্র-নিপাতে নিম্লোচতি যত্র কচন স্যন্দেনাভিতপতি তস্য হৈষ সমান-সূত্রনিপাতে প্রস্বাপয়তি। তে তত্র গতং ন পশ্যন্তি যেঽমুমনুপশ্যেরন্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যত্র উদেতি তস্য সমানসূত্রনিপাতে অস্তং যাতি। যত্র মধ্যাহ্নং করোতি তস্য সমান-সূত্র-নিপাতে নিশীথং করোতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

যথোক্তমুদয়াস্তমনাদিনিয়মং দর্শয়তি যত্রোদেতীত্যাদিনা। স্যন্দেন স্বেদোদ্গমেন প্রস্বাপয়তি নিশীথং করোতি। যে হস্তমনুপশ্যেরন্ প্রস্বাপ-সমান-সূত্রস্থাঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদয়াস্তময়-মধ্যাহ্ন-নিশীথানাং বর্ষভেদেন ব্যবস্থামাহ যত্রেতি। যৈ র্যত্র দৃশ্যতে তান্ প্রতি স তেষামুদয়ঃ স্মৃত ইতি বৈষ্ণবোক্তেঃ সূর্য্যস্য প্রথমদর্শনমেবোদয়ঃ। নিম্লোচত্যস্তং গচ্ছতি উদয়ানন্তর ত্রিংশদ্ঘটিকান্তে স্যন্দেন আকাশ-মধ্যস্থঃ সন্ প্রস্বেদোদ্গমেন তস্য দেশস্য সমান-সূত্রপাত-বিষয়ীভূতে দেশে ত্রিংশদ্ঘটিকানন্তরং গতঃ সন্নিতি শেষঃ প্রস্বাপয়তি নিশীথং করোতি যে অস্তং উদয়ঞ্চ অনুপশ্যেরন্ তে জনা স্তত্র গতং সূর্য্যং ন পশ্যন্ত্যতএব স্বপতি তেন চ মেরোর্দিক্ চতুষ্টয়ে স্থিতেষু মধ্যে যদা যত্র সূর্য্যস্যোদয়ো দৃশ্যতে তদৈব তস্মাৎ পূর্ব্বে বর্ষে মধ্যাহ্নঃ পাশ্চমে বর্ষে নিশীথঃ উত্তরবর্ষে নিম্লোচো জ্ঞেয়ঃ। এবং মধ্যাহ্ন-দর্শন-সময় এব পূর্ব্ববর্ষে নিম্লোচঃ পশ্চিমবর্ষে উদয়ঃ উত্তরবর্ষে নিশীথশ্চ জ্ঞেয়ঃ। অস্তদর্শনসময় এব পশ্চিমবর্ষে মধ্যাহ্নঃ পূর্ব্ববর্ষে নিশীথঃ উত্তরবর্ষে উদয়শ্চ জ্ঞেয়ঃ। তদেবং সর্ব্ববর্ষস্থা অপি মেরোর্দক্ষিণ-দেশ-স্থানে বাত্মনো মন্যমানাঃ স্ববর্ষে সূর্য্যস্যোদয়ে মধ্যাহ্নম্লোচান্ পশ্যন্ত এবান্যেষু বর্ষেষু তান্ পূর্ব্বোক্ত-বিবেকেন জানন্তীতি সংক্ষেপঃ। বিষ্ণুপুরাণে ত্বিতোঽপি বিশিষ্যোক্তং। শক্রাদীনাং পুরে তিষ্ঠন্ স্পৃশত্যেষ পুরত্রয়ং। বিকর্ণৌ দ্বৌ বিকর্ণস্থ স্ত্রীন্ লোকান্ দ্বে পুরে তথেতি। অস্যার্থঃ। শক্রাদ্যন্যতমস্য পুরে তিষ্ঠন্ পুরত্রয়ং যুগপৎ স্পৃশতি দ্বৌ বিকর্ণৌ কোণৌচ। তথাহি শক্রপুরে তিষ্ঠন্ শক্রদিগ্বর্ষে মধ্যাহ্নং দক্ষিণদিগ্বর্ষে উদয়ং উত্তরদিগ্বর্ষে অস্তমনং করোতীতি পুরত্রয়স্পর্শঃ। অগ্নিকোণবর্ষে প্রথমং যামমীশান-

---

তাহা ব্যবহারত সত্য হইলেও পরিভ্রমণ-গতিতেই সূর্য্যের উদয় ও অস্তের বিষয়ই ব্যখ্যাত হইয়াছে ॥ ১২ ॥

দিবাকর যেখানে উদিত হন, তাহারই সমসূত্র স্থানে পরপার্শ্বে অস্ত যান ; মধ্যাহ্নকালে যেখানে প্রাণিগণকে স্বেদাদির উদ্গমে উত্তাপ দান করিয়া থাকেন, তাহারই সমসূত্র বিপরীত স্থানে সূর্য্যের অবস্থিতি কালে পূর্ব্ব স্থানে অর্দ্ধ রাত্রি হওয়ায় তত্রত্য প্রাণিগণকে তিনি নিদ্রিত রাখেন। অতএব অস্ত গমনের পর হইতে উদয়াবধি প্রাণিগণ সূর্য্যকে আর দেখিতে পায় না ॥ ১৩ ॥

যদাচৈন্দ্র্যাঃ পুর্য্যাঃ প্রচলতি পঞ্চদশভি র্ঘটিকাভি র্যাম্যাং সপাদ কোটিদ্বয়ং যোজনানাং সার্দ্ধ-দ্বাদশ-লক্ষাণি সাধিকানি চোপযাতি এবং ততো বারুণীং সৌম্যামৈন্দ্রীঞ্চ পুনঃ ॥ ১৪ ॥

তথান্যেচ গ্রহাঃ সোমাদয়ো নক্ষত্রৈঃ সহ জ্যোতিশ্চক্রে সমভ্যুদ্যন্তি সহ-বাভিনিম্লোচন্তি ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যদা ইন্দ্রপুর্য্যাঃ প্রচলতি সূর্য্যঃ তদা পঞ্চদশ-ঘটিকাভিঃ সংযমনীপাদোনত্রয়োদশ লক্ষ-যোজনাধিক-সপাদ-কোটিদ্বয়ং যোজনানি যাতি ॥ ১৪ ॥

এবং বারুণীং সৌম্যাং ঐন্দ্রিং চ তথা অন্যে সোমাদি গ্রহাঃ নক্ষত্রৈঃ সহ জ্যোতিশ্চক্রে উদ্যন্তি নিম্লোচন্তি চ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

সাধিকানি পঞ্চবিংশতি সহস্রাধিকানি ॥ ১৪ ॥

সহবা সহৈব। যদ্যপি বস্তুতঃ সূর্য্যস্যাপি নক্ষত্রৈঃ সহৈবোদয়াস্তময়ৌ তথাপি তস্য তৎ সাহিত্যাদর্শনাৎ সোমাদীনামেব তৎসাহিত্যমুক্তং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কোণবর্ষে তৃতীয়ং যামং করোতীতি বিকর্ণদ্বয়স্পর্শঃ। বিকর্ণস্থঃ অগ্ন্যাদ্যন্যতমকোণস্থঃ সন্ ত্রীন্ কোণান্ দ্বে পুরে দ্বে দিশৌচ স্পৃশতি। তথাহি অগ্নিকোণে তিষ্ঠন্ অগ্নিকোণবর্ষে মধ্যাহ্নং নৈঋতকোণ-বর্ষে উদয়ং ঈশানকোণে অস্তমনং করোতীতি কোণত্রয়স্পর্শঃ। তথা দক্ষিণদিগ্বর্ষে প্রথমো যামঃ পূর্ব্বদিগ্বর্ষে তৃতীয়ো যামঃ ইতি পুরদ্বয়স্পর্শশ্চ। এবমন্যেষু কোণেষু পুরেষ্বপি দ্রষ্টব্যং ॥ ১৩ ॥

সাধিকাদি পঞ্চবিংশতি সহস্রাধিকানি ॥ ১৪ ॥

সহ বা সহৈব ॥ ১৫ ॥

দিবাকর ইন্দ্রপুরীকে পরিত্যাগ করত পঞ্চদশ ঘটিকায় যমরাজের সংযমনী পুরীতে সওয়া দুই কোটি পঞ্চ বিংশতি সহস্রাধিক দ্বাদশ লক্ষ যোজন অবসর স্থান অতিক্রম করত ভ্রমণ করিয়া থাকেন ॥ ১৪ ॥

এবং ঐ প্রকারে তথা হইতে বরুণলোক এবং চন্দ্র-সম্বন্ধিনী পুরীতে পরিভ্রমণ করত পুনরায় ইন্দ্রপুরীতে প্রত্যাবর্ত্তন করেন। হে রাজন্! এই প্রকারে সোমাদি অন্যান্য গ্রহগণও নক্ষত্রগণের সহিত জ্যোতিশ্চক্রে উদিত হন এবং তাহাদের সহিত অস্ত হইয়া থাকেন ॥ ১৫ ॥

হে মহারাজ! এই প্রকারে দিবাকরের বেদময় রথ এক মুহূর্ত্তের মধ্যে পূর্ব্বোক্ত ঐন্দ্র্যাদি পুরী চতুষ্টয়ের চতুষ্পার্শ্বে চৌত্রিশ লক্ষ অষ্ট শত যোজন

এবং মুহূর্ত্তেন চতুস্ত্রিংশল্লক্ষ-যোজনান্যষ্ট-শতাধিকানি সৌররথ স্ত্রয়ীময়োঽসৌ চতসৃষু পরিবর্ত্ততে পুরীষু॥ ১৬॥

যস্যৈকং চক্রং দ্বাদশারং ষণ্নেমি ত্রিনাভি সম্বৎসরাত্মকং সমামনন্তি॥ ১৭

তস্যাক্ষো মেরোর্মূর্দ্ধনি কৃতো মানসোত্তরে কৃতেতরভাগো যত্র প্রোতং রবিরথচক্রং তৈল-যন্ত্র-চক্রবৎ মানসোত্তরগিরৌ পরিভ্রমতি॥ ১৮॥

অন্বয়ঃ।

এবং ত্রয়ীময়ঃ অসৌ সূর্য্যরথঃ মুহূর্ত্তেন অষ্ট শতাধিক চতুস্ত্রিংশল্লক্ষ-যোজনানি চতসৃষু পুরীষু পরিবর্ত্ততে॥ ১৬॥

যস্য দ্বাদশারং (দ্বাদশাঃ মাসাঃ অরাঃ যস্য তৎ) ষণ্নেমি (ষট্ ঋতবঃ নেময়ঃ যস্য তৎ) ত্রিনাভি (ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ঃ যস্য তৎ) তথা একং চক্রং সম্বৎসরাত্মকং সমামনন্তি; তস্য রথস্য অক্ষঃ মেরোঃ মূর্দ্ধনি কৃতোত্তরভাগঃ মানসোত্তরে কৃতেতরভাগঃ; যত্র প্রোতং রবিরথ-চক্রং তৈল-যন্ত্র-চক্রবৎ মানসোত্তরগিরৌ পরিভ্রমতি॥ ১৭॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ত্রয়ীময় ইত্যুপাসনার্থং॥ ১৬॥

দ্বাদশ মাসা অরা যস্য। ষট্ ঋতবো নেময়ো যস্য। ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ো যস্য॥১৭॥

কৃত ইতর ভাগো যস্য মানসোত্তরগিরৌ লক্ষার্দ্ধাদুপরি বায়ুবদ্ধভূমাবিতি দ্রষ্টব্যং চক্রং বা তাবদুচ্ছ্রিতমিতি মন্তব্যং অন্যথা অযুত-মাত্রোচ্ছ্রায়ত্বান্মানসোত্তরস্য মেরোশ্চ চতুরশীতি সহস্রোচ্ছ্রায়ত্বাদক্ষস্য সাম্যানুপপত্তেঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রয়ীময় ইত্যুপাসনার্থং॥ ১৬॥

যস্য রথস্য দ্বাদশমাসা অরা যস্য। ষট্ ঋতবো নেময়ো যস্য। ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ো যস্য॥ ১৭॥

মেরোর্মূর্দ্ধনি মূর্দ্ধাধঃ প্রদেশে ইত্যর্থঃ। তৈলযন্ত্রীয়াক্ষস্য দৃষ্টেঃ। মানসোত্তরে লক্ষার্দ্ধাদুপরি বায়ুবদ্ধভূমাবিতি শ্রীস্বামিচরণাঃ। ততো মানসোত্তরস্যাযুতমাত্রোচ্ছায়ত্বাৎ ষষ্টি-সহস্রো পরিবর্ত্তমানঃ সচ কিঞ্চিন্ন্যূন সপ্তপঞ্চাশল্লক্ষাধিক-কোটি-প্রমাণঃ॥ ১৮॥

ভ্রমণ করিয়া বেড়ায়॥ ১৬॥

দিবাকরের রথের এই গতি-চক্রকে এক সম্বৎসর বলিয়া গণনা করা যায়। দ্বাদশ মাস এই চক্রের দ্বাদশ অরা; ছয়টী ঋতু ইহার ছয়টী নেমি এবং চারি মাস করিয়া এক এক ভাগে এইরূপ তিন ভাগই ইহার তিনটী নাভি। এই রথ চক্রের অক্ষের এক ভাগ সুমেরুর মস্তকে এবং অন্য ভাগ মানসোত্তর পর্ব্বতে স্থাপিত আছে। এই মানসোত্তরে স্থাপিত হওয়াতেই সূর্য্যরথ তৈল-যন্ত্র-চক্রবৎ অহরহঃ পরিভ্রমণ করিয়া থাকে॥ ১৭॥ ১৮॥

তস্মিন্নক্ষে কৃতমূলো দ্বিতীয়োঽক্ষ স্তুর্য্যমাণেন সম্মিতস্তৈলযন্ত্রাক্ষবদ্ধ্রুবে কৃতোপরিভাগঃ॥ ১৯॥

রথনীড়স্তু ষট্ত্রিংশল্লক্ষযোজনায়তস্তত্তুরীয়-ভাগ-বিশাল স্তাবান্ রবিরথ-যুগঃ। যত্র হয়াশ্ছন্দো নামানঃ সপ্তারুণযোজিতা বহন্তি দেবমাদিত্যং॥ ২০॥

অন্বয়ঃ।

তস্মিন্ অক্ষে চক্রপ্রান্তে কৃতমূলঃ নিবদ্ধপূর্ব্বভাগঃ প্রথমাক্ষঃ। দ্বিতীয়ঃ অক্ষঃ সার্দ্ধ-সপ্তত্রিংশৎ সহস্রাধিকৈকোন-চত্বারিংশৎ-লক্ষ-যোজন-মানেন সম্মিতঃ তৈলযন্ত্রাক্ষবৎ ধ্রুবে কৃতোপরিভাগঃ (কৃতঃ বায়ুপাশেন নিবদ্ধঃ উপরিভাগঃ যস্য তাদৃশঃ) আস্তে॥ ১৯॥

রথনীড়স্তু (নীড়ঃ উপবেশস্থানং) ষট্ত্রিংশল্লক্ষ-যোজনায়তঃ তত্তুরীয়ভাগঃ নব-লক্ষ-যোজন-বিশালঃ তাবান্ রবিরথযুগঃ যত্র অরুণেন যোজিতাঃ গায়ত্র্যাদি-ছন্দোনামানঃ সপ্তহয়াঃ অশ্বাঃ সূর্য্যং বহন্তি॥ ২০॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ অক্ষে চক্রপ্রান্তে কৃতমূলঃ নিবদ্ধপূর্ব্বভাগঃ প্রথমোঽক্ষো মেরু-মানসোত্তরায়তঃ সার্দ্ধসপ্তলক্ষাধিক-সার্দ্ধকোটি-প্রমাণ স্তস্য তুর্য্যমানেন সার্দ্ধসপ্তত্রিংশৎ সহস্রাধিকোন-চত্বারিংশল্লক্ষ-মানেন ধ্রুবে কৃতঃ বায়ুপাশেন বদ্ধ উপরিভাগো যস্য॥ ১৯॥

নীড় উপবেশস্থানং। গায়ত্র্যাদি ছন্দোনামানঃ। অরুণেন যোজিতাঃ সন্তো দেবং বহন্তি॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মিন্নক্ষে চক্রপ্রান্তবর্ত্তিনি কৃতমূলঃ নিবদ্ধ-পূর্ব্ব-ভাগো দ্বিতীয়োঽক্ষঃ। তুর্য্যমানেন প্রথমাক্ষস্য চতুর্থাংশ-প্রমাণেন সপ্ত-ত্রিংশৎ-সহস্রাধিকোনচত্বারিংশল্লক্ষমানেন সম্মিত ইত্যক্ষোঽয়ং লবণ-সাগর-সমান-সূত্রপাতে প্রথমাক্ষপ্রদেশে গ্রথিত ইতি জ্ঞেয়ং। দ্বিতীয়াক্ষস্য প্রথমাক্ষাদল্পপ্রমাণত্বাৎ ধ্রুবে কৃতঃ বায়ুপাশেন নিবদ্ধ উপরিভাগো যস্য সঃ॥ ১৯॥

রথস্য নীড়োঽন্তর্গৃহং ষট্ত্রিংশল্লক্ষযোজনোচ্ছ্রিতো নবলক্ষ-যোজন-বিস্তারঃ। চক্রাচ্চত্বারিংশৎ সহস্রোপরিতনে স্থানে নীড়মধ্যে সূর্য্য উপবিষ্টো জ্ঞেয়ঃ। গায়ত্র্যাদি ছন্দোনামানঃ অরুণেন সারথিনা যোজিতাঃ॥ ২০॥

সূর্য্যরথের দুই অক্ষ; তন্মধ্যে প্রথম অক্ষটী সুমেরু ও মানসোত্তর পর্য্যন্ত বিস্তৃত; তাহার পরিমাণ এক কোটি সার্দ্ধ সপ্ত পঞ্চাশৎ লক্ষ যোজন। দ্বিতীয় অক্ষের পরিমাণ তাহার চতুর্থাংশ; অর্থাৎ চত্বারিংশৎ লক্ষ সার্দ্ধ সপ্ত ত্রিংশৎ সহস্র যোজন; এবং তৈল-যন্ত্রের ন্যায় বায়ুপাশে নিবদ্ধ হওয়ায়, ধ্রুবলোকে তাহার উপরিভাগ সংলগ্ন রহিয়াছে॥ ১৯॥

রথ-মধ্যস্থ উপবেশন-স্থান নীড়ের পরিমাণ ছত্রিশ লক্ষ যোজন আয়ত; এবং উচ্চে তাহার চতুর্থাংশ। এবং রথ যুগের অর্থাৎ জোয়ালের পরিমাণও

পুরস্তাৎ সবিতুররুণঃ পশ্চাচ্চ নিযুক্তঃ সৌত্যে কর্ম্মণি কিলাস্তে ॥ ২১ ॥

তথা বালিখিল্যা ঋষয়োঽঙ্গুষ্ঠপর্ব্বমাত্রাঃ ষষ্টিসহস্রাণি পুরতঃ সূর্য্যং সূক্তবাকায় নিযুক্তাঃ সংস্তুবন্তি ॥ ২২ ॥

তথান্যেচ ঋষয়ো গন্ধর্ব্বাপ্সরসো নাগা গ্রামণ্যো যাতুধানা দেবা ইত্যেকৈকশো গণাঃ সপ্ত চতুর্দ্দশ মাসি মাসি ভগবন্তং সূর্য্যমাত্মানং নানানামানং

অন্বয়ঃ।

যত্র রথে সৌত্যে সারথ্যে কর্ম্মণি নিযুক্তঃ অরুণঃ সবিতুঃ পুরস্তাৎ অপি পশ্চাৎ প্রত্যঙ্মুখঃ আস্তে ॥ ২১ ॥

সূক্তবাকায় সুভাষিতায় নিযুক্তাঃ অঙ্গুষ্ঠপর্ব্বমাত্রাঃ ষষ্টি সহস্রাণি বালিখিল্যাঃ ঋষয়ঃ সূর্য্যং পুরতঃ সংস্তুবন্তি ॥ ২২ ॥

তথা অন্যে মুনয়ঃ গন্ধর্ব্বাপ্সরসঃ নাগাঃ গ্রামণ্যঃ যাতুধানাঃ দেবাঃ ইতি একৈকশঃ চতুর্দ্দশঃ

শ্রীধরস্বামী।

পুরস্তাৎ স্থিতোঽপি পশ্চাৎ প্রত্যঙ্মুখ আস্তে। যদ্বা যৎ সূর্য্যস্য পুরস্তস্যৈব পশ্চিমত্বাৎ পশ্চাদিত্যুক্তং। অশ্বস্থানঞ্চ বায়ুনোক্তং। সপ্তাশ্বরূপচ্ছন্দাংসি বহন্তে বামতো রবিং। চক্রপক্ষনিবদ্ধানি চক্রে চাক্ষঃ সমাহিত ইতি ॥ ২১ ॥

সূক্তবাকায় সুভাষিতায় ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরস্তাৎস্থিতোঽপি পশ্চাৎ প্রত্যঙ্মুখ আস্তে। অশ্বস্থানং বায়ুনোক্তং। সপ্তাশ্বরূপচ্ছন্দাংসি বহন্তে বামতো রবিং। চক্রপক্ষনিবদ্ধানি চক্রে বাক্ষঃ সমাহিত ইতি ॥ ২১ ॥

সূক্তবাকায় সুভাষিতায় ॥ ২২ ॥

মাসি মাসি একৈকস্মিন্ মাসি দ্বাভ্যাং দ্বাভ্যাং ঋষ্যাদিভ্যাং সপ্ত গণা ভবন্তঃ। একৈকশঃ

ঐরূপ। ঐ রথে গায়ত্র্যাদি সপ্ত ছন্দ নামক সাতটী অশ্ব অরুণ কর্তৃক সংযোজিত হইয়া, ভগবান্ আদিত্যদেবকে নিরন্তর বহন করিতেছে॥ ২০ ॥

অরুণও দিবাকরের রথে সারথ্য কর্ম্মে নিযুক্ত থাকিয়া যদিও সূর্য্যের সম্মুখে উবিষ্ট থাকেন, তথাপি পশ্চাতে পূর্ব্বাভিমুখের ন্যায় অবস্থান করিতেছেন॥ ২১ ॥

অঙ্গুষ্ঠমাত্র পরিমিত দেহবিশিষ্ট বালিখিল্য নামক ষষ্টি সহস্র ঋষিগণ দিবাকরের পুরোভাগে অবস্থান পূর্ব্বক, সুমধুর-বাক্যে ও বিবিধ প্রকারে ভগবান্ দিবাকরের স্তব করিতেছেন॥ ২২ ॥

এতদ্ব্যতীত অন্যান্য ঋষি, গন্ধর্ব্ব, অপ্সরা, উরগ, রাক্ষস, দৈত্য ও দেবতাসমূহ প্রত্যেকে চতুর্দ্দশ শ্রেণী হইলেও দুই ভাগে বিভক্ত হইয়া, সপ্তগণে মাসে

পৃথঙ্‌নামানঃ পৃথক্ কর্ম্মভি র্দ্বন্দ্বশ উপাসতে ॥ ২৩ ॥

লক্ষোত্তর সার্দ্ধ নবকোটি যোজন-পরিমণ্ডলং ভূবলয়স্য ক্ষণেন গব্যূত্যুত্তরং দ্বিসহস্র-যোজনানি স ভুঙ্‌ক্তে ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জ্যোতিশ্চক্রে সূর্য্যরথবর্ণনমেকবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

রাজোবাচ ॥

যদেতদ্ভগবত আদিত্যস্য মেরুং ধ্রুবঞ্চ প্রদক্ষিণেন পরিক্রামতো রাশীনাম-

অন্বয়ঃ।

সপ্তগণাঃ সন্তঃ মাসি মাসি দ্বন্দ্বশঃ উপাসতে ॥ ২৩ ॥

এবং একপঞ্চাশৎ লক্ষাধিক নব কোটি যোজনং ভূবলয়স্য মণ্ডলং; তস্য মণ্ডলস্য ক্ষণেন সঃ সূর্য্যঃ গব্যূত্যুত্তরং দ্বিসহস্র যোজনানি ভুঙ্‌ক্তে ॥ ২৪ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একবিংশোঽধ্যায়ঃ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। অমুষ্য ভগবতঃ আদিত্যস্য যৎ এতৎ অপ্রদক্ষিণং প্রচলিতং

শ্রীধরস্বামী।

একৈকশঃ চতুর্দ্দশঃ দ্বন্দ্বশঃ সপ্তগণাঃ সন্তো মাসি মাস্যুপাসত ইত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

গব্যূতিঃ ক্রোশযুগং সগব্যূত্যুত্তরং যথা ভবতি ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে সোমশুক্রাদেঃ স্থানমাহোত্তরোত্তরং।
তত্তদ্গত্যনুসারেণ ইষ্টানিষ্টে তথা নৃণাং ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈনৈকেন ঋষ্যাদিনা তু চতুর্দ্দশগণা ভবন্তো মাসি মাসি উপাসত ইত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

গব্যূতিঃ ক্রোশযুগং স সূর্য্যঃ গব্যূতি উত্তরং যথাস্যাত্তথা ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একবিংশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
দ্বাবিংশে চক্র-সূর্য্যাদ্যো গতিভেদব্যবস্থিতিঃ।
গ্রহাণাং স্থানমেষাঞ্চেষ্টত্বানিষ্টত্বমীর্য্যতে ॥ * ॥

মাসে সূর্য্যদেবের উপাসনা করিতেছেন ॥ ২৩ ॥

হে নরনাথ! আদিত্যদেব এই প্রকারে ঋষিপ্রভৃতি গণসমূহে পরিবৃত হইয়া, ভূমণ্ডলের নবকোটি এক পঞ্চাশৎ লক্ষ যোজন গমন করত প্রত্যেক ক্ষণে দুই সহস্র যোজন ভ্রমণ করিয়া থাকেন ॥ ২৪ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একবিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ভিমুখং প্রচলিতং চাপ্রদক্ষিণং ভগবতোপবর্ণিতমমুষ্য বয়ং কথমনুমিমীমহীতি ॥ ১ ॥

সহোবাচ ॥

যথা কুলালচক্রেণ ভ্রমতা সহ ভ্রমতাং তদাশ্রয়াণাং পিপীলিকাদীনাং গতিরন্যৈব প্রদেশান্তরেষপ্যুপলভ্যমানত্বাৎ। এবং নক্ষত্র-রাশিভিরুপলক্ষিতেন কালচক্রেণ ধ্রুবং মেরুঞ্চ প্রদক্ষিণতঃ পরিধাবতা সহ পরিধাবমানানাং তদা-

অন্বয়ঃ।

মেরুং ধ্রুবং চ প্রদক্ষিণং পরিক্রামতঃ রাশীনাং অভিমুখং অপ্রদক্ষিণং প্রচলিতং চ যং এতৎ ভগবতা সর্ব্বজ্ঞেন, ত্বয়া উপবর্ণিতং তৎ বয়ং কথং অনুমিমীমহি অনুমানাত্মকতর্কেণ নিশ্চিতং জ্ঞাস্যামঃ ইতি॥ ১ ॥

সঃ শুকঃ উবাচ। যথা কুলালচক্রেণ ভ্রমতা সহ ভ্রমতাং চক্রবৈপরীত্যেন চলতাং

শ্রীধরস্বামী।

রাশীনামভিমুখং অপ্রদক্ষিণঞ্চ উপবর্ণিতং। সব্যেন চলন্ দক্ষিণেন করোতীতি বদতা অমুষ্য বয়ং কথমনুমিমীমহি এতৎ কথং জ্ঞাস্যামঃ বিরুদ্ধত্বাদিত্যর্থঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বাধ্যায়ে সব্যেন চলন্ দক্ষিণেন করোতীত্যত্র সংশয়ানঃ পৃচ্ছতি যদেতদিতি। প্রদক্ষিণেন পরিক্রমত ইতি প্রত্যহং দৃশ্যমানত্বাৎ। রাশীনামভিমুখস্তু অপ্রদক্ষিণং প্রচলনমমুষ্য ত্বয়া বর্ণিতং এতৎ কথমনুমিমীমহি জ্ঞাস্যামো বিরুদ্ধত্বাদিত্যর্থঃ ॥ ১ ॥

স শুকঃ হ স্পষ্টমুবাচ। সহ ভ্রমতাং চক্রবৈপরীত্যেন চলতাং চক্রবশাৎ স্বতশ্চেতি

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! আপনি বর্ণন করিলেন যে, ভগবান্ আদিত্য মেরু ও ধ্রুবকে প্রদক্ষিণ করত ভ্রমণ করিতে করিতে রাশি সকলের অভিমুখে অথচ অপ্রদক্ষিণ ভাবে প্রচলিত হন; ইহার তাৎপর্য্য আমরা সহজে ধারণা করিতে সক্ষম হইতেছি না। আপনি সর্ব্বজ্ঞ! সকল বিষয়ই সম্যক্ পরিজ্ঞাত আছেন; অতএব যেরূপে আমরা বিশেষরূপে ইহা অবগত হইতে পারি, তদ্রূপ বর্ণন করুন। ॥ ১ ॥

এতৎশ্রবণে শুকদেব কহিলেন, হে রাজন্! কুলালচক্র যে দিকে ভ্রমণ করে, তদাশ্রিত পিপীলিকাসমূহও যদি তদ্বিপরীতে তীব্রবেগে দৌড়াইতে থাকে, তাহা হইলে তাহাদের গতি অন্য স্থান হইতে যেমন সম্পূর্ণ বিপরীত

আভাস।

দ্বাবিংশ অধ্যায়ে জ্যোতিশ্চক্র মধ্যে উত্তরোত্তর সোম শুক্রাদির স্থান এবং তাহাদের গত্যনুসারে মানবগণের ইষ্টানিষ্ট বর্ণিত হইয়াছে॥

শ্রয়াণাং সূর্য্যাদীনাং গ্রহাণাং গতিরন্যৈব নক্ষত্রান্তরে রাশ্যন্তরেচ উপলভ্যমানত্বাৎ ॥ ২ ॥

স এষ ভগবানাদিপুরুষ এব সাক্ষান্নারায়ণো লোকানাং স্বস্তয় আত্মানাং ত্রয়ীময়ং কর্ম্মবিশুদ্ধিনিমিত্তং কবিভিরপি বেদেন বিজিজ্ঞাস্যমানো দ্বাদশধা বিভজ্য ষট্‌সু বসন্তাদিষ্বৃতুষু যথোপজোষমৃতুগুণান্ বিদধাতি ॥ ৩ ॥

অন্বয়ঃ।

পিপীলিকাদীনাং অন্যা এব গতিঃ ভবতি এবং কালচক্রেণ ভ্রমতাং তদাশ্রয়াণাং সূর্য্যাদীনাং গতিঃ অন্যৈব ভবতি ॥ ২ ॥

কবিভিঃ বিচক্ষণৈঃ, বেদেন বিজিজ্ঞাস্যমানঃ বিতর্কমাণঃ, সঃ এব সূর্য্যরূপঃ ভগবান্ বিষ্ণুঃ তত্তৎকালনিয়মেন কর্ম্মণাং বিশুদ্ধেঃ সাদ্‌গুণ্যস্য নিমিত্তভূতং আত্মানং বিভজ্য যথোপজোষং যথাকর্ম্মভোগং ঋতুগুণান্ শীতোষ্ণাদীন্ বিদধাতি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

চক্রবশাৎ স্বতশ্চ গতিদ্বয়মবিরুদ্ধমিতি পরিহারার্থঃ ॥ ২ ॥

তত্তৎকালনিয়মেন কর্ম্মণাং বিশুদ্ধেঃ সাদ্গুণ্যস্য নিমিত্তভূতমাত্মানং বিভজ্য বিজিজ্ঞাস্যমানঃ বিতর্ক্যমাণঃ যথোপজোষং যথাকর্ম্মভোগং। ঋতুগুণান্ শীতোষ্ণাদীন্ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গতিদ্বয়মবিরুদ্ধমিতি বাক্যার্থঃ ॥ ২ ॥

স প্রসিদ্ধঃ এষ কালরূপী ভগবান্ কর্ম্মণাং বিশুদ্ধে নিমিত্তং তেষাং তত্তৎ কালনিয়তত্বাদিত্যর্থঃ। দ্বাদশধা বিভজ্য ঋতুরূপেণ ষোঢ়াচ বিভজ্য যথোপজোষং যথাকর্ম্মভোগং ঋতুগুণান্ শীতোষ্ণাদীন্ ॥ ৩ ॥

বলিয়াই উপলব্ধ হয়, সেইরূপ ধ্রুব ও সুমেরুকে প্রদক্ষিণ করত কালচক্র ভ্রমণ করিলেও, তদাশ্রিত সূর্য্যাদি গ্রহগণের স্ব স্ব গতি অনুসারে নক্ষত্র ও রাশিচক্রে অন্য প্রকার গতি উপলক্ষিত হইবার অসম্ভাবনা কি? এই নিমিত্তই নক্ষত্রান্তরে ও ভিন্ন ভিন্ন রাশিতে গতির বৈচিত্র্য উপলব্ধ হইয়া থাকে ॥ ২ ॥

হে নরনাথ! যে পরম পুরুষ ভগবানের ব্যাপার সম্বন্ধে বেদ শাস্ত্রাদির বিশেষ পর্য্যালোচনার দ্বারা বিবেকিগণ বিশেষ বিতর্ক করিয়া থাকেন, সেই প্রসিদ্ধ কালরূপী আদিপুরুষই লোকসমূহের মঙ্গল-কামনায় কর্ম্মবিশুদ্ধির মানসে স্বীয় বেদরূপ বপুকে দ্বাদশ প্রকারে বিভক্ত করিয়া, সূর্য্যরূপ ধারণ করত ছয় ঋতুতে কর্ম্মসমূহের ভোগানুসারে সেই সেই ঋতুর গুণে শীতোষ্ণাদির ব্যবস্থা করিতেছেন ॥ ৩ ॥

তমেনমিহ পুরুষা স্ত্রয্যা বিদ্যয়া বর্ণাশ্রমাচারানুপথা উচ্চাবচৈঃ কর্ম্মভিরাম্নাতৈ র্যোগবিতানৈশ্চ শ্রদ্ধয়া যজন্তোঽঞ্জসা সমধিগচ্ছন্তি ॥ ৪ ॥

অথ স এব আত্মা লোকানাং দ্যাবাপৃথিব্যোরন্তরেণ নভোবলয়স্য কালচক্রগতো দ্বাদশ-মাসান্ ভুঙ্‌ক্তে রাশিসংজ্ঞকান্ সম্বৎসরাবয়বান্ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

তমেনং আদিত্যরূপং ভগবন্তং ইহ মর্ত্ত্যলোকে বর্ণাচারানুবর্ত্তিনঃ পুরুষাঃ ত্রয্যা বিদ্যয়া আম্নাতৈঃ উচ্চাবচৈঃ সন্ধ্যোপাসনাগ্নিহোত্রাদি-কর্ম্মভিঃ যোগবিতানৈঃ ধ্যানাদিভিঃ শ্রদ্ধয়া যজন্তঃ পূজয়ন্তঃ এব অঞ্জসা অনায়াসেন, আত্মনঃ শ্রেয়ঃ কল্যাণং, সমধিগচ্ছন্তি প্রাপ্নুবন্তি ॥ ৪ ॥

সঃ এব লোকানাং আত্মা সূর্য্যঃ দ্যাবাপৃথিব্যোঃ অন্তরেণ মধ্যে যৎ নভোবলয়ং তস্য মধ্যে যৎ কালচক্রং তদ্গতঃ রাশিভিঃ মেষাদিভিঃ সংজ্ঞা যেষাং তান্ সম্বৎসরস্য অবয়বভূতান্ মাসান্ ভুঙ্‌ক্তে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

বর্ণাশ্রমাচারানুবর্ত্তিনঃ পুরুষাস্ত্রয্যা আম্নাতৈঃ কর্ম্মভিরিন্দ্রাদিরূপং যোগবিতানৈশ্চ ধ্যানাদিভি রন্তর্যামিরূপং পূজয়ন্তঃ ॥ ৪ ॥

স এব স্বগত্যা মানাদি ব্যবহারকারণমিত্যাহ। স এব লোকানামাত্মা দ্যাবাপৃথিব্যোরন্তরেণ মধ্যে যন্নভোবলয়ং অন্তরীক্ষং তস্য মধ্যে যৎকালচক্রং তদ্গতঃ রাশিভির্মেষাদিভিঃ সংজ্ঞা যেষাং চৈত্রাদিসংজ্ঞাস্তু চান্দ্রমাসানাং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুপথা অনুবর্ত্তিনঃ ত্রয্যা আম্নাতৈঃ কর্ম্মভিরেনং সূর্য্যমেব ইন্দ্রাদিরূপং যোগবিতানৈশ্চাষ্টাঙ্গৈরন্তর্যামিরূপঞ্চ যজন্তঃ ॥ ৪ ॥

সূর্য্যগত্যৈব মাসাদি ব্যবহার ইত্যাহ। অথেতি দ্যাবাপৃথিব্যো মধ্যে যন্নভোবলয়ং তস্য কালচক্রগতঃ তৎসম্বন্ধিজ্যোতিশ্চক্রস্থিতঃ ॥ ৫ ॥

এক্ষণে বর্ণ ও আচারানুরূপ কর্ম্মের অনুশীলনকারী মর্ত্ত্য মানবগণ বেদোক্ত কর্ম্মকাণ্ডের দ্বারা ইন্দ্রাদি যে সমস্ত দেবতাগণের অর্চ্চনা করেন বা ধ্যানাদি অষ্টাঙ্গ যোগের অনুশীলনে যে পরমদেবের আরাধনা করিয়া থাকেন, সে সকলই তাঁহার নামান্তর ও রূপান্তর মাত্র। আচারবান্ মানবগণ তাদৃশ আচরণেই পরম শ্রেয়ঃ প্রাপ্ত হন, সন্দেহ নাই ॥ ৪ ॥

এই আদিত্যই লোকসমূহের আত্মা ও সর্ব্বস্ব; সূর্য্যদেব স্বর্গ ও পৃথিবীর মধ্যবর্ত্তী নভোমণ্ডলে বিদ্যমান থাকিয়া, তত্রত্য কালচক্রে অবস্থান পূর্ব্বক দ্বাদশ মাসে দ্বাদশ রাশি ভোগ করিতেছেন। মেষাদি দ্বাদশ রাশির নামেই দ্বাদশ মাস অভিহিত হইয়াছে। এই রাশ্যাত্মক দ্বাদশ মাসই সম্বৎসরের অবয়ব ॥ ৫ ॥

মাসঃ পক্ষদ্বয়ং সপাদর্ক্ষদ্বয়ং দিবানক্তঞ্চেত্যুপদিশন্তি ॥ ৬॥

যাবতা ষষ্ঠমংশং ভুঞ্জীত স বৈ ঋতুরিত্যুপদিশ্যতে সম্বৎসরাবয়বঃ।

অথচ যাবতার্দ্ধেন নভোবীথ্যাঃ প্রচরতি তং কালময়নমাচক্ষতে ॥ ৭ ॥

অন্বয়ঃ।

পক্ষদ্বয়ং মাসঃ ইতি চান্দ্রমানেন; তদেব দিবানক্তং অহোরাত্রং চ পিতৄণাং। সপাদর্ক্ষদ্বয়ং সপাদ-মহানক্ষত্র-দ্বয়ং মাসঃ ইতি তু সৌরেণ মানেন ইত্যুপদিশন্তি ॥ ৬ ॥

যাবতা ষষ্ঠমংশং ভুঞ্জীত সঃ ঋতুঃ। অথচ যাবতা অর্দ্ধং ভুংক্তে অর্দ্ধেন মাসষট্‌কেন প্রচরতি তং কালং অয়নং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

মাসমাহ পক্ষদ্বয়ং মাস ইতি চান্দ্রেণ মানেন। সপাদ নক্ষত্রদ্বয়ং। সৌরেণ দিবানক্তং অহোরাত্রমিতি পিত্র্যেণ ॥ ৬ ॥ ষষ্ঠমংশং রাশিদ্বয়ং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাসএব ক স্তত্রাহ পক্ষদ্বয়ং মাস ইতি চান্দ্রেণ মাসেন দিবানক্তমিতি পৈত্র্যেণ সপাদনক্ষত্রদ্বয়ং সৌরেণ। স্বগম্যস্য নভোমণ্ডলস্য যাবতা দ্বাদশমংশং ভুঙ্‌ক্তে সূর্য্যঃ স কালো মাসঃ অত্রানুক্তোঽপি জ্ঞেয়ঃ ॥ ৬ ॥

ষষ্ঠমংশং মাসদ্বয়ং ॥ অর্দ্ধেন অর্দ্ধং মাসষট্‌কং ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ ॥ ৭ ॥

পৃথিবীকে পর্য্যটন করত চন্দ্রের গতি অনুসারে শুক্ল ও কৃষ্ণ ভেদে যে দুই পক্ষ হয়, তাহাকে এক মাস বলা যায়। শুক্ল পক্ষ পিতৃগণের রাত্রি এবং কৃষ্ণ পক্ষ দিবা। ইহাকে চান্দ্র মাস বলা যায়। কিন্তু সওয়া দুই নক্ষত্রে সূর্য্যের ভোগ-কালকে একটী সৌর মাস বলিয়া পণ্ডিতগণ গণনা করিয়া থাকেন ॥ ৬॥

হে রাজন্‌! ভগবান্‌ আদিত্য যে সময়ের মধ্যে সম্বৎসরের ষষ্ঠাংশ ভোগ করেন, অর্থাৎ দুই রাশিকে অতিক্রম করেন, সেই কালকে একটী ঋতু বলিয়া গণনা করা যায়। অতএব ঋতুও সম্বৎসরের এক অবয়ব। এই প্রকারে দিবাকর যে সময়ের মধ্যে আকাশমণ্ডলের অর্দ্ধাংশ বিচরণ করেন, অর্থাৎ ছয় মাস কাল ভোগ করেন, সেই কালকে অয়ন নামে অভিহিত করা যায় ॥ ৭ ॥

এই প্রকারে আদিত্য স্বর্গ ও পৃথিবীর মধ্যবর্ত্তী নভোমণ্ডলের সমগ্র স্থান যখন সম্পূর্ণরূপে ভ্রমণ করত দ্বাদশ রাশিই ভোগ করেন, সেই কালকে এক সম্বৎসর বলা যায়। কিন্তু সূর্য্যের মন্দ, শীঘ্র ও সম গতি অনুসারে বৎসরকেও সম্বৎসর, পরিবৎসর, ইদাবৎসর, অনুবৎসর ও বৎসর এই পাঁচ নামে অভিহিত

অথচ যাবন্নভোমণ্ডলং সহ দ্যাবাপৃথিব্যো র্মণ্ডলাভ্যাং কার্ৎস্ন্যেন সহ ভুঞ্জীত তং কালং সম্বৎসরং পরিবৎসরমিদাবৎসরমনুবৎসরং বৎসরমিতি। ভানো র্মান্দ্য শৈঘ্র্য সমগতিভিঃ সমামনন্তি ॥ ৮ ॥

এবং চন্দ্রমা অর্কগভস্তিভ্যঃ উপরিষ্টাল্লক্ষযোজনত উপলভ্যমানোঽর্কস্য সম্বৎসর-ভুক্তিং পক্ষাভ্যাং মাসভুক্তিং সপাদর্ক্ষাভ্যাং দিনেনৈব পক্ষভুক্তি-মগ্রচারী দ্রুততর-গমনো ভুঙ্‌ক্তে ॥ ৯ ॥

অন্বয়ঃ।

মান্দ্যাদি-গতিভিঃ দ্যাবাপৃথিব্যোঃ মণ্ডলাভ্যাং সহ সূর্য্যঃ কার্ৎস্ন্যেন নভোমণ্ডলং যাবৎ ভুঞ্জীত তং কালং ভানোঃ এব নিমিত্তাং সম্বৎসরাদিসংজ্ঞাং সমামনন্তি কথয়ন্তি বৃদ্ধাঃ ॥ ৮ ॥

অর্কগভস্তিভ্যঃ সূর্য্যমণ্ডলরূপেভ্যঃ অর্কস্য সম্বৎসরভুক্তিং পক্ষাভ্যাং ভুঙ্‌ক্তে। তস্য মাসভুক্তিং তু সপাদর্ক্ষাভ্যাং সপাদনক্ষত্রদ্বয়েন ভুঙ্‌ক্তে। যদি তু কদাচিদগ্রচারী ভবতি তদা দ্রুততরগমনঃ সন্ একেন এব দিনেন অহোরাত্রাত্মকেন পক্ষভুক্তিং ভুঙ্‌ক্তে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মণ্ডলাভ্যাং সহ ভুঞ্জীত সহ সহি সূর্য্যঃ যদা শুক্লপ্রতিপদি সংক্রান্তি র্ভবতি তদা সৌর-মানেন বর্ষে ষড়্‌দিনানি বর্দ্ধন্তে চান্দ্রমানেন ষট্‌ হ্রসন্তীতি দ্বাদশ-দিন-ব্যবধানাদুভয়োরগ্র-পশ্চাদ্ভাবো ভবতি। এবং পঞ্চবর্ষাণি গচ্ছন্তি তন্মধ্যে দ্বৌ মলমাসৌ ভবতঃ। ততঃ পুনঃ ষষ্ঠঃ সম্বৎসরো ভবতি তদেবমবান্তরভেদেন সম্বৎসরাদি পঞ্চকং সমামনন্তি ॥ ৮ ॥

সোমাদীনামপি স্থানং কার্থ্যকাহ এবং চন্দ্রমা ইতি। অর্কগভস্তিভ্যো মণ্ডলরূপেভ্যঃ সপাদর্ক্ষাভ্যাং সপাদদিনদ্বয়েন ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্যাবাপৃথিব্যোরিতি দ্যুমণ্ডলপৃথিবীমণ্ডলয়োর্মধ্যবর্ত্তিনা নভোমণ্ডলেন তুল্যত্বমেব জ্ঞাপিতং নত্বন্যথাধিক্যং সংবৎসরাদি নামভেদঃ সৌরচান্দ্রাদি-কৃত্যোপযোগিত্বেন তৃতীয়-স্কন্ধ এব বিবৃতঃ ॥ ৮ ॥

চন্দ্রাদীনামপি স্থানং কার্য্যকাহ অর্কগভস্তয়োঽর্কমণ্ডলং ততঃ লক্ষেতি ভূতলাদ্দ্বিলক্ষ ইত্যর্থঃ। সপাদর্ক্ষাভ্যাং সপাদদিনদ্বয়েন দিনেনৈবেতি। যদ্যগ্রচারী কদাচিৎ স্যাৎ তদা দ্রুততরগমনঃ সন্ দিনেনৈব পক্ষভুক্তিং ভুঙ্‌ক্তে অন্যদাতু সার্দ্ধসপ্তঘটিকোত্তরেণ দিনেন ॥ ৯ ॥

করা হয়, এইরূপ পণ্ডিতগণের অভিপ্রায় ॥ ৮ ॥

সূর্য্যমণ্ডলের উপর দিকে একলক্ষ যোজন দূরে, অর্থাৎ পৃথিবী হইতে দুই লক্ষ যোজন উপরে, চন্দ্রমা পরিদৃষ্ট হন। তিনি দুই পক্ষে সূর্য্যের সম্বৎসর; সওয়া দুই দিনে সূর্য্যের এক মাস এবং যখন অধিকতর দ্রুত গতি-বিশিষ্ট হন, তখন এক দিবস অর্থাৎ এক অহোরাত্রে সূর্য্যের এক পক্ষ কাল ভোগ করিয়া থাকেন ॥ ৯ ॥

অথচাপূর্য্যমাণাভিশ্চন্দ্রকলাভিরমরাণামপক্ষীয়মাণাভিশ্চ কলাভিঃ পিতৃণাম-হোরাত্রাণি পূর্ব্বপক্ষাপরপক্ষাভ্যাং বিতন্বানঃ সর্ব্বজীবনিবহপ্রাণো জীবশ্চ একমেকং নক্ষত্রং ত্রিংশতা মুহূর্ত্তৈ ভুঙ্‌ক্তে ।। ১০ ।।

স এষ ষোড়শকলঃ পুরুষো ভগবান্ মনোময়োঽন্নময়োঽমৃতময়ো দেবপিতৃ-মনুষ্য-ভূত-পশু-পক্ষি-সরীসৃপ-বীরুধাং প্রাণাপ্যায়ন-শীলত্বাৎ সর্ব্বময় ইতি বর্ণয়ন্তি ।। ১১ ।।

অন্বয়ঃ ।

চন্দ্রস্য পক্ষভুক্তিং স্পষ্টয়তি। আপূর্য্যমাণাভিঃ চ কলাভিঃ শুক্লপক্ষেণ অমরাণাং অহানি পূজাদিনানি বিতন্বানঃ তথা অপক্ষীয়মাণাভিঃ চ কলাভিঃ কৃষ্ণপক্ষেণ পিতৃণাং অহানি পূজাদিনানি বিতন্বানঃ চন্দ্রমা পূর্ব্বপক্ষাপরপক্ষাভ্যাং সর্ব্বেষাং জীবনিবহানাং প্রাণি-সমূহানাং প্রাণঃ (অতএব জীবনহেতুত্বাৎ) জীবঃ চ সন্ একং একং নক্ষত্রং ত্রিংশতা মুহূর্ত্তৈঃ একদিবস-পরিমিত-কালেন, ভুঙ্‌ক্তে ।। ১০ ।।

যঃ এষঃ ষোড়শকলঃ (দশেন্দ্রিয়াণি পঞ্চমহাভূতানি একং মনঃ ইতি অতএব মনো-নিয়ন্তৃত্বাৎ) মনোময়ঃ দেবাদীনাং প্রাণান্ আপ্যায়নশীলত্বাৎ অন্নময়ঃ অমৃতময়ঃ তথা সর্ব্ব-ময়ঃ পুরুষঃ ভগবান্ ইতি বৃদ্ধাঃ বর্ণয়ন্তি ।। ১১ ।।

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং জীবনিবহানাং প্রাণোঽন্নময়ত্বাৎ অমৃতময়ত্বাচ্চ অতএব জীবনহেতুত্বাৎ জীবঃ ।। ১০ ।। তমেবাহ সএষ ইতি ।। ১১ ।।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আপূর্য্যমাণাভিরিতি শুক্লকৃষ্ণপক্ষাভ্যাং দেবানামহোরাত্রৌ। শুক্লকৃষ্ণপক্ষাভ্যাং পিতৃণামিতি দেব-পিতৃ-পূজার্থং দেবপিত্রোরহোরাত্রব্যবস্থেত্যর্থঃ। ওষধীশত্বেনান্নময়ত্বাৎ প্রাণঃ। অন্নং হি প্রাণিনাং প্রাণা ইতি স্মৃতেঃ। অতএব জীবন-হেতুত্বাদমৃতময়ত্বাচ্চ জীবঃ ।। ১০ ।। মনসোঽধিষ্ঠাতৃত্বান্মনোময়ঃ ।। ১১ ।।

চন্দ্রমণ্ডলের যখন কলাবৃদ্ধি হয় তখন শুক্লপক্ষ এবং দেবতাগণের পূজার দিন বলিয়া পরিগণিত হয় এবং যখন কলাসমূহের হ্রাস হইতে থাকে, তখন কৃষ্ণপক্ষের উপস্থিতিতে পিতৃলোকের পূজার দিবস বলিয়া পরিগণিত হইয়া থাকে। চন্দ্রমা এই পূর্ব্ব পক্ষ ও অপর পক্ষের দ্বারা প্রাণিসমূহের অন্ন, অমৃত ও প্রাণ প্রদানে সর্ব্বময় হইয়া, বিচরণ করিতেছেন। তিনি ত্রিংশৎ মুহূর্ত্তে অর্থাৎ এক দিবারাত্রে এক এক নক্ষত্র ভোগ করিয়া থাকেন ।। ১০ ।।

অতএব পরম পুরুষ নারায়ণই একাদশ ইন্দ্রিয় ও পঞ্চভূতের কারণীভূত ষোড়শকলাস্বরূপ এই চন্দ্রমূর্ত্তিতে জীবের মনোময়, অন্নময় এবং অমৃতময়

তত উপরিষ্টাদ্দ্বিলক্ষ-যোজনতো নক্ষত্রাণি মেরুং দক্ষিণেনৈব কালায়নে ঈশ্বরযোজিতানি সহাভিজিতাঽষ্টাবিংশতিঃ ॥ ১২ ॥

তত উপরিষ্টাদুশনা দ্বিলক্ষযোজন উপলভ্যতে পুরতঃ পশ্চাৎ সহৈবার্কস্য শৈঘ্র্য-মান্দ্য-সাম্যাভির্গতিভিরর্কবচ্চরতি লোকানাং নিত্যদানুকূল এব প্রায়েণ বর্ষয়ংশ্চারেণানুমীয়তে স বৃষ্টিবিষ্টম্ভ গ্রহোপশমনঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

ততঃ উপরিষ্টাৎ উপরি, দ্বিলক্ষযোজনান্তরে অভিজিতা (উত্তরাষাঢ়াশ্রবণাসন্ধৌ অভিজিন্নক্ষত্রং পৃথক্ কল্পিতং তেন) সহ অষ্টাবিংশতিঃ কালায়নে কালচক্রে, ঈশ্বরযোজিতানি নক্ষত্রাণি চন্দ্রমণ্ডলাৎ দক্ষিণেনৈব গচ্ছন্তি। অর্কস্য পুরতঃ পশ্চাৎ সহৈব বা শৈঘ্র্যাদিগতিভিঃ উশনা শুক্রঃ, অর্কবৎ চরতি। সূর্য্যেণ সহ অস্য গতিসাম্যমেব অগ্রপশ্চাদ্ভাব স্তুতিচারবশাৎ। চারেণ ক্রমস্য নক্ষত্রাদ্যতিক্রমেণ বৃষ্টেঃ বিষ্টম্ভঃ স্তম্ভনং যস্মাৎ গ্রহাৎ তৎ উপশময়তি। নিত্যদা লোকানাং অনুকূলঃ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

দক্ষিণেনৈব নতু তেষাং পৃথগন্যা গতিরস্তীত্যর্থঃ। কালায়নে কালচক্রে। উত্তরাষাঢ়াশ্রবণাসন্ধৌ অভিজিন্নক্ষত্রং ফলবিশেষেণ পৃথক্ কল্পিতং। তথাচ শ্রুতিঃ। অভিজিন্নাম নক্ষত্রমুপরিষ্টাৎ আষাঢ়ানামধস্তাৎ শ্রোণায়া ইত্যাদি ॥ ১২ ॥

পুরতঃ সূর্য্যেণ ভোক্ষ্যমাণেন নক্ষত্রে পশ্চাৎ ভুক্তে সহৈব ভুজ্যমানে চারেণ ক্রমস্থনক্ষত্রাদ্যতিক্রমেণ বৃষ্টে বিষ্টম্ভঃ স্তম্ভনং যস্মাৎ গ্রহাৎ তমুপশময়তীতি তথা ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিলক্ষেতি ভূতলাত্তু পঞ্চলক্ষতঃ। দক্ষিণেনৈবেতি তেষাং পৃথগ্‌গত্যভাবাৎ। কালায়নে কালচক্রে সহাভিজিতোত অভিজিন্নাম নক্ষত্রং উপরিষ্টাদাষাঢ়ানাং অধস্তাচ্ছ্রোণায়া ইতি শ্রুতেঃ। উত্তরাষাঢ়া শেষার্দ্ধা শ্রবণাদৌ লিপ্তিকা চতুষ্কেচ অভিজিদিতি জ্যোতিষাচ্চ। লিপ্তিকা দণ্ডঃ ॥ ১২ ॥

দ্বিলক্ষেতি ভূতলাত্তু সপ্ত লক্ষতঃ চারেণ সঞ্চারেণ ॥

বৃষ্টে বিষ্টম্ভ স্তম্ভনং যস্মাত্তমরিষ্টমুপশময়তীতি সঃ ॥ ১৩ ॥

হইয়া অবস্থান করিতেছেন। তিনি দেবতা, পিতৃলোক, মনুষ্য, ভূত, পশু, পক্ষী, সরীসৃপ ও স্থাবর প্রাণিসমূহের তৃপ্তিসাধন করত সর্ব্বময়স্বরূপে বিরাজ করিতেছেন; এইরূপ পণ্ডিতগণ বর্ণন করেন ॥ ১১ ॥

উক্ত চন্দ্র-মণ্ডলের দুই লক্ষ যোজন দূরে অভিজিতাদি অষ্টাবিংশতি নক্ষত্র ভগবান্ কর্ত্তৃক কালচক্রে সংযোজিত থাকিয়া, সুমেরুর দক্ষিণ দিয়া নিরন্তর পরিভ্রমণ করিতেছে ॥ ১২ ॥

উশনসা বুধো ব্যাখ্যাতঃ ॥ ১৪ ॥

তত উপরিষ্টাৎ দ্বিলক্ষযোজনতো বুধঃ সোমসুত উপলভ্যমানঃ প্রায়েণ শুভকৃৎ। যদার্কাদ্ব্যতিরিচ্যতে তত্রাতিবাতাভ্র্ প্রায়ানাবৃষ্ট্যাদিভয়মাশংসতে ॥ ১৫

অন্বয়ঃ।

পুরতঃ পশ্চাৎ সহৈব বা চরতি ইতি অংশেন তুল্যতয়া বুধঃ নিরূপিতঃ ইতি ব্যাখ্যাতঃ ॥১৪

ততঃ উপরিষ্টাৎ দ্বিলক্ষ-যোজনে বুধঃ প্রায়ঃ শুভকৃৎ; যদা অর্কাৎ বিযুজ্যেত তদা অনাবৃষ্ট্যাদিভয়ং আশংসতে সূচয়তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

বুধো ব্যাখ্যাতঃ পুরতঃ পশ্চাৎ সহৈব বা চরতীতি ॥ ১৪ ॥

কিঞ্চিদ্বিশেষমাহ তত ইত্যাদিনা। আশংসতে সূচয়তি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উশনসা বুধো ব্যাখ্যাত ইতি। পুরতঃ পশ্চাৎ সহৈব বা চরতীত্যংশেন তত্তুল্যঃ ॥ ১৪ ॥

দ্বিলক্ষেতি ভূতলাত্তু নবলক্ষ ইত্যর্থঃ ॥ ১৫ ॥

নক্ষত্র-মণ্ডলের দুই লক্ষ যোজন উপরে শুক্রগ্রহ পরিভ্রমণ করিতেছেন; সূর্য্য যখন যে কোন নক্ষত্রকে সম্মুখে ভোগ করেন, শুক্র তখন সূর্য্যেরই পশ্চাতে থাকেন। এক সঙ্গে ভোগ করিবার সময় হইলে, অতিচারী হন; অর্থাৎ ক্রমস্থ নক্ষত্রকে অতিক্রম করত ভোগ করেন। এই শুক্রগ্রহ সূর্য্যের ন্যায়, মন্দ শীঘ্র ও সম গতিতে পরিভ্রমণ করিয়া থাকেন। তিনি সর্ব্বদা লোকগণের শুভ ফলই প্রদান করিয়া থাকেন। তাঁহার সঞ্চারে প্রায় বৃষ্টি হয়। ফলত যে সকল গ্রহ বৃষ্টির স্তম্ভনকারী, শুক্রের সাহায্যে তাঁহাদের সে দোষের উপশম হইয়া থাকে। ১৩ ॥

হে মহারাজ! শুক্রের যেরূপ সংস্থান ও গতি, বুধ গ্রহেরও তাদৃশ জানিতে হইবে। অর্থাৎ শুক্রের ন্যায় কখন অগ্রে, কখন পশ্চাতে এবং কখনও বা একত্রে সূর্য্যের সহিতই সঞ্চরণ করিয়া থাকেন ॥ ১৪ ॥

শুক্রগ্রহের দুই লক্ষ যোজন উপরে এই বুধগ্রহ পরিদৃষ্ট হন। এই বুধগ্রহ লোকসমূহের শুভ-ফলই নিরন্তর প্রদান করিয়া থাকেন। কিন্তু সূর্য্যকে অতিক্রম করিয়া শুক্র যখন গমন করেন, তখন অনাবৃষ্টি, অতিবৃষ্টি প্রভৃতি অশুভ ফলই প্রায় প্রদান করিয়া থাকেন ॥ ১৫ ॥

বুধের উপর দুই লক্ষ যোজন দূরে মঙ্গল গ্রহ দৃষ্ট হন। এই গ্রহ তিন পক্ষে এক এক বার করিয়া সমস্ত দ্বাদশ রাশিকে ভোগ করিতেছেন। কিন্তু যদি ইহাঁর বক্রগতি না হয়, তাহা হইলে সাধারণত অশুভ ফলই প্রদান

অত উর্দ্ধমঙ্গারকোঽপি যোজন-লক্ষদ্বিতয় উপলভ্যমানস্ত্রিভিস্ত্রিভিঃ পক্ষৈরেকৈকশো রাশীন্ দ্বাদশানুভুঙ্‌ক্তে যদি ন বক্রেণাভিবর্ত্ততে প্রায়েণাশুভগ্রহোঽঘশংসঃ ॥ ১৬ ॥

তত উপরিষ্টাৎ দ্বিলক্ষযোজনান্তরগতো ভগবান্ বৃহস্পতিরেকৈকস্মিন্ রাশৌ পরিবৎসরং প্রচরতি যদি ন বক্রঃ স্যাৎ প্রায়েণানুকূলো ব্রাহ্মণকুলস্য। তত উপরিষ্টাদ্‌যোজন-লক্ষ-দ্বয়াৎ প্রতীয়মানঃ শনৈশ্চর একৈকস্মিন্ রাশৌ ত্রিংশতৎ ত্রিংশতৎ মাসান্ বিলম্বমানঃ সর্ব্বমেবাঽনুপর্য্যেতি তাবদ্ভিরনুবৎসরৈঃ প্রায়েণহি সর্ব্বেষামশান্তিকরঃ তত উত্তরস্মাদৃষয় একাদশ লক্ষযোজনান্তর উপলভ্যন্তে য এব লোকানাং শমনুভাবয়ন্তো ভগবতো বিষ্ণোর্যৎ পরমং

অন্বয়ঃ।

ততঃ উপরিষ্টাৎ দ্বিলক্ষ-যোজনে ভগবান্ বৃহস্পতিঃ প্রায়েণ অনুকূলঃ ব্রাহ্মণকুলস্য। একৈকস্মিন্ রাশৌ যদি ন বক্রঃ তর্হি বৎসরং চরতি। ততঃ তস্মাৎ দ্বিলক্ষ-যোজনে শনৈশ্চরঃ প্রতিরাশৌ ত্রিংশৎ মাসান্ ভুঙ্‌ক্তে প্রায়ঃ সর্ব্বেষাং অঘশংসঃ অশান্তিকরঃ ॥ ১৬ ॥

ততঃ উপরি একাদশ-লক্ষ-যোজনান্তরে সপ্তর্ষয়ঃ লোকানাং শং অনুভাবয়ন্তঃ ইচ্ছন্তঃ

শ্রীধরস্বামী।

অঘশংসঃ দুঃখসূচকঃ। যদি ন বক্রেণাতিবর্ত্ততে তর্হি ত্রিভিস্ত্রিভিঃ পক্ষৈঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

লক্ষদ্বিতীয় ইতি ভূতলাদেকাদশলক্ষে। যদি ন বক্রেণেতি পূর্ব্বেণান্বয়ঃ॥ অঘশংসঃ দুঃখসূচকঃ ॥ ১৬ ॥

দ্বিলক্ষেতি ভূতলাত্তু ত্রয়োদশ লক্ষে। যদি ন বক্র ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥

যোজনলক্ষদ্বয়াদিতি ভূতলাত্তু পঞ্চদশ লক্ষে॥

একাদশ লক্ষ ইতি ভূতলাত্তু ষড়্‌বিংশলক্ষ পরমং পদং ধ্রুবলোকং॥ ১৭ ॥

করিয়া থাকেন ৷। ১৬ ॥

বুধের উপর আরো দুই লক্ষ যোজন দূরে ভগবান্ বৃহস্পতি-গ্রহ সঞ্চরণ করিতেছেন। ইনি ব্রাহ্মণ-কুলের নিরন্তর হিতকারী এবং যদি বক্র না হন, তাহা হইলে এক এক রাশিতে এক বৎসর করিয়া ভোগ করেন।।

বৃহস্পতি হইতে দুই লক্ষ যোজন দূরে শনৈশ্চর গ্রহ বিচরণ করত প্রতি রাশিতে ত্রিংশৎমাস করিয়া ভোগ করেন। এই গ্রহ প্রায়ই অশুভের উৎপাদন করে॥

এই শনি-গ্রহের উপর একাদশ লক্ষ যোজন দূরে সপ্তর্ষি-মণ্ডল। ইহাঁরা জনগণের মঙ্গল-বাসনায় ভগবান্ বিষ্ণুর পরম পদকেই নিরন্তর প্রদক্ষিণ

পদং প্রদক্ষিণং প্রক্রামন্তি ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জ্যোতিশ্চক্রবর্ণনে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথ তস্মাৎ পরত স্ত্রয়োদশলক্ষযোজনান্তরতো যত্তদ্বিষ্ণোঃ পরমং পদমভিবদন্তি ॥ ১ ॥

অন্বয়ঃ ।

বিষ্ণোঃ পরং পদং প্রদক্ষিণং প্রক্রামন্তি ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। অথ তস্মাৎ পরতঃ ত্রয়োদশলক্ষযোজনান্তরে বিষ্ণোঃ যৎ পরমং পদং তৎ বদন্তি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

যদি ন বক্রঃ স্যাৎ তর্হি পরিবৎসরং ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাবিংশঃ ॥ * ॥

ত্রয়োবিংশে ধ্রুবস্থানং জ্যোতিশ্চক্রাশ্রয়ং ততঃ।
শিশুমারস্বরূপেণ হরেশ্চ স্থিতিরুচ্যতে ॥ * ॥

যত্তৎ প্রসিদ্ধং বিষ্ণোঃ পদং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাবিংশঃ পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ধ্রুবলোকং ত্রয়োবিংশে প্রাহ বিষ্ণুপদাভিধং।
শিশুমারাকারতয়া জ্যোতিশ্চক্রঞ্চ দর্শিতং ॥ * ॥

ত্রয়োদশেতি ভূতলাদেকোনচত্বারিংশল্লক্ষে ॥ ১ ॥

করিতেছেন ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে মহারাজ! জ্যোতিশ্চক্র মধ্যে যে স্থানে সপ্তর্ষিমণ্ডল বলিয়া নিরূপণ করিলাম, তাহার ত্রয়োদশ লক্ষ যোজন দূরে ভগবান্ বিষ্ণুর সেই প্রসিদ্ধ পরমলোক বিদ্যমান রহিয়াছে, বলিয়া পণ্ডিতগণ বর্ণন করিয়া থাকেন ॥ ১ ॥

আভাস।

ত্রয়োবিংশ অধ্যায়ে জ্যোতিশ্চক্রের আশ্রয়-স্বরূপ ধ্রুবস্থান এবং শিশুমার রূপে ভগবান্ হরির অবস্থিতি বর্ণিত হইয়াছে ॥

যত্র মহাভাগবতো ধ্রুব ঔত্তানপাদি রগ্নিনেন্দ্রেণ প্রজাপতিনা কশ্যপেন ধর্ম্মেণচ সমকাল-যুগ্ ভিঃ সবহুমানং দক্ষিণতঃ ক্রিয়মাণ ইদানীমপি কল্পজীবিনামাজীব্য উপাস্তে তস্য মহানুভাব উপবর্ণিতঃ। স হি সর্ব্বেষাং জ্যোতির্গণানাং গ্রহনক্ষত্রাদীনামনিমিষেণাব্যক্ত-রংহসা ভগবতা কালেন ভ্রাম্যমাণানাং স্থানুরিবাবষ্টম্ভ ঈশ্বরেণ বিহিতঃ শশ্বদবভাসতে ॥ ২ ॥

অন্বয়ঃ।

যত্র মহাভাগবতঃ ধ্রুবঃ সমকালযুগ্ভিঃ (সমকালং এব যুজ্যন্তে ইতি তথা তৈঃ নক্ষত্ররূপৈঃ) অগ্ন্যাদিভিঃ সবহুমানং দক্ষিণতঃ ক্রিয়মাণঃ কল্পজীবিনাং (অবান্তরকল্পে বর্ত্তমানানাং মর্ত্তলোকান্তরীক্ষ-লোকাদি-লোকে জীবতাং) আজীব্যঃ এব ইদানীং আস্তে। তস্য মহানুভবঃ ভগবদারাধন-রাজ্যপালনাদি-রূপঃ (চতুর্থ স্কন্ধে) উপবর্ণিতঃ। সঃ ধ্রুবঃ হি অনিমিষেণ বিশ্রান্তিরহিতেন, অব্যক্ত-রংহসা (অব্যক্তং রংহঃ বেগঃ যস্য তেন) ভগবদ্রূপেণ কালেন ভ্রাম্যমাণানাং সর্ব্বেষাং গ্রহনক্ষত্রাদীনাং জ্যোতির্গণানাং অবষ্টম্ভঃ আশ্রয়স্থানং, ইব ঈশ্বরেণ বিহিতঃ। অতঃ শশ্বৎ নিরন্তরং, এব অবভাসতে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

যত্র ধ্রুব উপাস্তে তিষ্ঠতীত্যন্বয়ঃ। সমকালমেব যুজ্যন্ত ইতি তথাতৈ নক্ষত্ররূপৈঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমকালমেব যুজ্যন্ত ইতি তৈরগ্ন্যাদিভি নক্ষত্ররূপৈঃ ॥

স্থানুরিবেতি শ্লেষেণ কালচক্রেণ চালয়িতুমশক্যত্বাৎ স এবৈকঃ স্থির ইত্যর্থঃ। প্রত্যুত কালচক্রস্যাবষ্টম্ভঃ তেন সর্ব্বে কালচক্রাধীনাঃ। ধ্রুবস্তু কালচক্রমপ্যধীনীকরোতীতি ধ্বনিঃ। নন্বীদৃশী যোগ্যতা তস্য কথমভূত্তত্রাহ ঈশ্বরেণ কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুমপি সমর্থেন বিহিতঃ স্বভক্তোৎকর্ষখ্যাপনার্থমিতি ভাবঃ ॥ ২ ॥

এই পরম লোকে উত্তানপাদ-নন্দন ভাগবতাগ্রগণ্য বিখ্যাত ধ্রুব নক্ষত্ররূপে অবস্থানকারী অগ্নি, ইন্দ্র, প্রজাপতি, কশ্যপ এবং ধর্ম্মাদি লোকপালগণে পরিবৃত হইয়া, অবস্থান করিতেছেন। ধর্ম্মাদি লোকপালগণ কল্পবাসী জীবগণের উপজীব্যরূপে তথায় অবস্থান করিতেছেন এবং ধ্রুবও তাঁহাদের প্রদক্ষিণে পরিতুষ্ট হইয়া, ভগবান্ নারায়ণের নিরন্তর উপাসনা করিতেছেন। এই ধ্রুবের মহিমা পূর্ব্বে যথেষ্ট বর্ণন করা হইয়াছে। অনিমেষ ও অব্যক্ত বেগবিশিষ্ট কালের গতি অনুসারে, যে সমস্ত গ্রহ নক্ষত্রাদি জ্যোতির্গণ গগনমণ্ডলে নিরন্তর পরিভ্রমণ করিতেছে, তাহাদের অবলম্বনার্থ ভূতভাবন ভগবান্ ঐ ধ্রুবকেই বন্ধন-স্তম্ভরূপে সৃষ্টি করিয়াছেন; সুতরাং সকল গ্রহাদিই কালচক্রের অধীন; কিন্তু সেই কালচক্রকে স্বীয় অধীনে রাখিয়া ধ্রুবই নিত্য-

যথা মেধীস্তম্ভ আক্রমণপশবঃ সংযোজিতা স্ত্রিভিঃ সবনৈর্যথাস্থানং মণ্ডলানি চরন্তি এবং ভগণা গ্রহাদয় এতস্মিন্নন্তর্ব্বহি র্যোগেন কালচক্র আযোজিতা ধ্রুবমেবাবলম্ব্য বায়ুনোদীর্য্যমাণা আকল্পান্তং পরিতঃ ক্রামন্তি ॥ ৩ ॥

অন্বয়ঃ।

যথা মেধীস্তম্ভে ধান্যাক্রমণপশবঃ বলীবর্দ্দাঃ কৃষীবলেন সংযোজিতাঃ ত্রিভিঃ সবনৈঃ (প্রাতরাদিকাল-বিভাগৈঃ মেঢ়ীস্তম্ভ নিকট মধ্য দূরবর্ত্তিভিঃ বিভাগৈঃ চ) যথাস্থানং স্ব স্ব স্থান-স্থিতমনতিক্রম্য যথা মণ্ডলানি চরন্তি এবং এতস্মিন্ কালচক্রে অন্তর্বহি র্যোগেন উপর্য্যধস্থানবিভাগেন ঈশ্বরেণ যোজিতাঃ সূর্য্যাদয়ঃ ভগণাঃ ধ্রুবং এব অবলম্ব্য বায়ুনা উদীর্য্যমানাঃ প্রবর্ত্ত্যমানাঃ, আকল্পান্তং মেরুং পরি চংক্রমন্তি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মেধীস্তম্ভে বদ্ধা ধান্যাক্রমণপশবো বলীবর্দ্দাঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধান্যাদ্যাক্রমণপশবো বলীবর্দ্দাঃ খলমধ্য-নিখাত-স্তম্ভো মেঢ়ী তত্র সংযোজিতাঃ কৃষীবলেনেত্যর্থঃ। ত্রিভিঃ সবনৈর্মেঢ়ী-স্তম্ভ-নিকট-মধ্যদূরবর্ত্তিভি র্বিভাগৈঃ যথাস্থানং স্ব স্ব স্থান-স্থিতিমনতিক্রম্য চরন্তি দার্ষ্টান্তিকে ত্রিভিঃ সবনৈরুত্তরায়ণ-বৈষুবত-দক্ষিণায়নৈঃ সময়ৈঃ। অন্তরধোধঃ স্থলং বহিরুপর্য্যুপরিতনং স্থলং তত্র যোগেন স্থিত্যা কালচক্র এব যোজিতাঃ। যথা সপ্তর্ষীণামধোধঃ স্থিত্যা আযোজিতাঃ শনৈশ্চরাদয়ঃ তথা সূর্য্যাদীনামুপর্য্যুপরিস্থিত্যা আযোজিতাঃ সোমাদয়ঃ তত্র তত্র আযোজিতাঃ ঈশ্বরেণৈব বায়ুনা তু উদীর্য্যমাণাশ্চাল্যমানাঃ ॥ ৩ ॥

স্বরূপে নিরন্তর বিরাজ করিতেছেন। ভগবান্ সকলই করিতে পারেন। তিনি স্বীয় ভক্তের উৎকর্ষ খ্যাপনার্থ ধ্রুবকে তাদৃশ ধ্রুবলোক প্রদান করিয়াছেন ॥ ২ ॥

ধান্যাদির আক্রমণার্থ বলীবর্দ্দ-সমূহ যেমন মেধীস্তম্ভে বদ্ধ হইয়া নিকট, মধ্য ও দূরে থাকিয়া নিরন্তর সেই স্তম্ভ কাষ্ঠকেই মণ্ডলাকারে পরিভ্রমণ করে, সেইরূপ সূর্য্যাদি গ্রহ ও নক্ষত্রগণ এই কালচক্রের অন্তর্গত থাকিয়া কীলকস্তম্ভরূপ ধ্রুবকেই অবলম্বন পূর্ব্বক ভ্রমণবেগেই অবস্থান করিতেছে। এবং বায়ুর বেগে বিচালিত হইয়া কল্পান্ত পর্য্যন্ত ধ্রুবের চতুর্দ্দিকেই নিরন্তর পরিভ্রমণ করিতেছে ॥ ৩ ॥

শ্যেনাদি পক্ষিকুল বা জলদরাশি কর্ম্মসহায় বায়ুর আশ্রয়েই যেমন গগণমণ্ডলে ভ্রমণ করে, ভূমিতে পতিত হয় না, সেইরূপ গ্রহাদি জ্যোতির্গণ ভগবদধিষ্ঠিত মায়ার আশ্রয়ে কর্ম্মনির্ম্মিত গতির সাহায্যে নভোমণ্ডলেই নিরন্তর

নভসি যথা মেঘাঃ শ্যেনাদয়ো বায়ুবশাঃ কর্ম্মসারথয়ঃ পরিবর্ত্তন্তে এবং জ্যোতির্গণাঃ প্রকৃতিপুরুষসংযোগানুগৃহীতাঃ কর্ম্মনির্ম্মিতগতয়ো ভুবি ন পতন্তি ॥ ৪ ॥

কেচিদেতজ্জ্যোতিরনীকং শিশুমারসংস্থানেন ভগবতো বাসুদেবস্য যোগধারণায়ামনুবর্ণয়ন্তি ॥ ৫ ॥

যস্য পুচ্ছাগ্রেঽবাক্‌শিরসঃ কুণ্ডলীভূতদেহস্য ধ্রুব উপকল্পিতঃ। তস্য লাঙ্গুলে প্রজাপতিরগ্নি রিন্দ্রো ধর্ম্ম ইতি পুচ্ছমূলে ধাতা বিধাতাচ কট্যাং সপ্তর্ষয়ঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

যথা নভসি বায়ুবশাঃ মেঘাঃ শ্যেনাদয়ঃ পক্ষিণঃ চ পরিবর্ত্তন্তে এবং কর্ম্মসারথয়ঃ (কর্ম্ম সারথিঃ সহায়ঃ যেষাং তে) প্রকৃতিপুরুষসংযোগানুগৃহীতাঃ কর্ম্মনির্ম্মিতগতয়ঃ জ্যোতির্গণাঃ ভুবি ন পতন্তি ॥ ৪ ॥

এতৎ জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রং, শিশুমারসংস্থানেন বাসুদেবস্য যোগধারণায়াং স্থিতং ইতি কেচিৎ অনুবর্ণয়ন্তি ॥ ৫ ॥

যস্য অবাক্‌শিরসঃ কুণ্ডলীভূতদেহস্য পুচ্ছাগ্রে ধ্রুবঃ তদধঃ লাঙ্গুলে প্রজাপতিঃ অগ্নিঃ ইন্দ্রঃ ধর্ম্মঃ ইতি পুচ্ছমূলে ধাতা বিধাতা চ কট্যাং সপ্তর্ষঃ দক্ষিণপার্শ্বে যানি উদগয়নানি অভিজিদাদীনি পুনর্ব্বস্বন্তানি চতুর্দ্দশ নক্ষত্রাণি তানি। দক্ষিণায়নানি পুষ্যাদীনি উত্তরাষাঢ়া-

শ্রীধরস্বামী।

কর্ম্ম সারথিঃ সহায়ো যেষাং ॥ ৪ ॥

ঈশ্বরাধারত্বাৎ পতনশঙ্কৈব নাস্তীতি বক্তুং মতান্তরমাহ কেচিদিতি জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রং যোগধারণায়াং স্থিতমিতি শেষঃ ॥ ৫ ॥

লাঙ্গুলে লাঙ্গুলাগ্রাদধোভাগে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু কথন্তেঽন্তরীক্ষান্ন পতন্তি তত্রাহ নভসীতি কর্ম্মসারথয়ঃ কর্ম্মসহায়াঃ ॥ ৪ ॥

জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রং ॥ ৫ ॥ লাঙ্গুলেঽগ্রাদধোদেশে ॥ ৬ ॥

পরিভ্রমণ করিতেছে; কেহ কাহারও সহিত মিলিত বা সংলগ্ন হইতে পায় না বা ভূমিতেও পতিত হয় না ॥ ৪ ॥

কোন কোন পণ্ডিত বলেন যে, কালচক্রস্থ এই জ্যোতিঃসমূহ শিশুমাররূপে ভগবান্ বাসুদেবের যোগধারণার নিমিত্তই অবস্থিত আছে; সুতরাং ইহাদের কোনরূপে বিশ্লেষ বা পতনের আশঙ্কা নাই ॥ ৫ ॥

এই শিশুমার অধোদিকে মস্তক করত কুণ্ডলীকৃত দেহ হইয়া, সর্পাকারে অবস্থান করিতেছেন। তাঁহার পুচ্ছাগ্রে ধ্রুব; লাঙ্গুলের অধোভাগে প্রজাপতি,

তস্য দক্ষিণাবর্ত্ত-কুণ্ডলীভূত-শরীরস্য যান্যুদগয়নানি দক্ষিণপার্শ্বে নক্ষত্রাণি উপকল্পয়ন্তি দক্ষিণায়নানি তু সব্যে যথা শিশুমারস্য কুণ্ডলাভোগসন্নিবেশস্য পার্শ্বয়োরুভয়োরপ্যবয়বাঃ সমসংখ্যা ভবন্তি। পৃষ্ঠে ত্বজবীথী আকাশগঙ্গা চোদরতঃ ॥ ৭ ॥

পুনর্ব্বসুপুষ্যৌ দক্ষিণবাময়োঃ শ্রোণ্যোরার্দ্রাশ্লেষাচ দক্ষিণবাময়োঃ পাদয়োরভিজিদুত্তরাষাঢ়ে দক্ষিণবাময়ো র্নাসিকয়োর্যথাসংখ্যং শ্রবণ-পূর্ব্বা-

অন্বয়ঃ।

স্তানি চতুর্দ্দশ সব্যে বামে পার্শ্বে চ কল্পয়ন্তি। যথা শিশুমারস্য সর্পবিশেষস্য অজবীথী দক্ষিণমার্গস্য প্রথমঃ ভাগঃ। অতঃ পৃষ্ঠে অজবীথী; উদরে আকাশ-গঙ্গা ॥ ৬ ॥ ৭ ॥

পুনর্ব্বসু পুষ্যৌ দক্ষিণবামশ্রোণ্যোঃ। আর্দ্রাশ্লেষে পশ্চিম-দক্ষিণ-বামপাদয়োঃ। অভিজিদুত্তরাষাঢ়ে দক্ষিণবাময়োঃ নাসিকয়োঃ। শ্রবণাপূর্ব্বষাঢ়ে দক্ষিণ-বাম-নেত্রয়োঃ। ধনিষ্ঠামূলে

শ্রীধরস্বামী।

উদগয়নানি অভিজিদাদীনি পুনর্ব্বস্বন্তানি চতুর্দ্দশ দক্ষিণপার্শ্বে দক্ষিণায়নানি পুষ্যাদীনি উত্তরাষাঢ়ান্তানি চতুর্দ্দশ বামপার্শ্বে ॥ ৭ ॥

তদেব স্থানবিশেষেণ বিভজ্য দর্শয়তি পুনর্ব্বসুপুষ্যাবিত্যাদিনা। পুনর্ব্বসুরুদগয়নস্যান্ত্যং নক্ষত্রং পুষ্যো দক্ষিণায়নস্যাদ্যং। আর্দ্রাশ্লেষে তয়োর্ম্মিরন্তরে অভিজিদুত্তরাষাঢ়ে উত্তর-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদগয়নানি অভিজিদাদীনি পুনর্ব্বস্বন্তানি চতুর্দ্দশ দক্ষিণপার্শ্বে দক্ষিণায়নানি পুষ্যাদীনি উত্তরাষাঢ়ান্তানি চতুর্দ্দশ বামপার্শ্বে। অজবীথী দক্ষিণমার্গস্য প্রথমোভাগঃ ॥ ৭ ॥

অগ্নি, ইন্দ্র এবং ধর্ম্ম; পুচ্ছমূলে ধাতা ও বিধাতা; এবং কটীদেশে সপ্তর্ষি-মণ্ডল অবস্থান করিতেছেন ॥ ৬ ॥

উক্ত শিশুমারের দক্ষিণাবর্ত্তে কুণ্ডলীভূত কলেবরের দক্ষিণ পার্শ্বে অভিজিৎ প্রভৃতি পুনর্ব্বসু পর্য্যন্ত চতুর্দ্দশ নক্ষত্র এবং বাম পার্শ্বে পুষ্যাদি উত্তরাষাঢ়া পর্য্যন্ত চতুর্দ্দশ নক্ষত্র সন্নিবেশিত আছে। শিশুমারের দক্ষিণ পার্শ্বে উত্তরায়ণ এবং বাম পার্শ্বে দক্ষিণায়ন; অথচ উভয় পার্শ্বে শিশুমারের কলেবর-সংস্থান সমান ভাবেই বিন্যস্ত আছে। সুতরাং উত্তরায়ণ ও দক্ষিণায়ন ভেদে নক্ষত্রসমূহেরও উপযুক্তরূপ সন্নিবেশ প্রতীত হইয়া থাকে। শিশুমারের পৃষ্ঠদেশে অজবীথী অর্থাৎ দক্ষিণ পার্শ্বের প্রথম ভাগ অর্থাৎ মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া নক্ষত্রত্রয় বিরাজ করিতেছে। এবং শিশুমারের উদরে আকাশ গঙ্গা শোভা পাইয়া থাকে ॥ ৭ ॥

হে রাজন্! শিশুমারের দক্ষিণ ও বাম পার্শ্বে যে সকল নক্ষত্র বিদ্যমান

ষাঢ়ে দক্ষিণ-বাময়োর্লোচনয়োর্ধনিষ্ঠামূলঞ্চ দক্ষিণবাময়োঃ কর্ণয়োর্মঘাদীন্যষ্ট নক্ষত্রাণি দক্ষিণায়নানি বামপার্শ্ববঙ্ক্রিষু যুঞ্জীত ॥ ৮ ॥

তথৈব মৃগশীর্ষাদীন্যুদগয়নানি দক্ষিণপার্শ্বেষু প্রাতিলোম্যেন যুঞ্জীত ॥ ৯ ॥

শতভিষা-জ্যেষ্ঠে স্কন্ধয়োর্দক্ষিণ-বাময়োর্ন্যসেৎ ॥ ১০ ॥

উত্তরাহনাবগস্ত্যঃ। অধরাহনৌ যমঃ। মুখে চাঙ্গারকঃ। শনৈশ্চর উপস্থে।

অন্বয়ঃ।

দক্ষিণ-বাম-কর্ণয়োঃ মঘাদীনি অষ্ট বামপার্শ্বাস্থিষু তথৈব মৃগশীর্ষাদীনি অষ্ট দক্ষিণবামপার্শ্ববঙ্ক্রিষু প্রাতিলোম্যেন যুঞ্জীত। শতভীষাজ্যেষ্ঠে দক্ষিণ-বাময়োঃ স্কন্ধয়োঃ ॥ ৮ ॥ ৯ ॥

উত্তরাহনৌ অগস্ত্যঃ। অধরাহনৌ নক্ষত্ররূপো যমঃ। মুখে মঙ্গলঃ। উপস্থে শনিঃ। কতুদি বৃহস্পতিঃ। বক্ষসি সূর্য্যঃ। হৃদয়ে নারায়ণঃ। মনসি চন্দ্রঃ। নাভ্যাং শুক্রঃ।

শ্রীধরস্বামী।

দক্ষিণায়নয়োরাদ্যন্তনক্ষত্রে শ্রবণাপূর্ব্বাষাঢ়ে ধনিষ্ঠামূলঞ্চ তয়োরপ্যুত্তরপূর্ব্বে। মঘাদীনি বান্যনুরাধান্তানি দক্ষিণায়নানি অষ্ট তানি বামপার্শ্ব-বঙ্ক্রিষু বামপার্শ্বাস্থিষু ॥ ৮ ॥

মৃগশীর্ষাদীনি প্রাতিলোম্যেন পূর্ব্বভাদ্রপদান্তানি যানি উদগয়নানি নক্ষত্রাণি অষ্ট তানি দক্ষিণপার্শ্বেষু ॥ ৯ ॥

শতভিষাজ্যেষ্ঠে উত্তরদক্ষিণায়নে অবশিষ্টে তে স্কন্ধয়োঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তান্যেব নক্ষত্রস্থানানি বিশেষেণ বিভজ্য দর্শয়তি। পুনর্ব্বসুপুষ্যাবিত্যাদিনা বঙ্ক্রিষু অস্থিষু ॥

আছে, তাহাদের বিশেষ বিশেষ স্থানের নিরূপণ করিতেছি, প্রণিহিত-চিত্তে শ্রবণ করুন্। পুনর্ব্বসু ও পুষ্যা এই দুই নক্ষত্র শিশুমারের দক্ষিণ ও বাম নিতম্বে যথাক্রমে সন্নিবিষ্ট আছে। আর্দ্রা ও অশ্লেষা যথাক্রমে তাঁহার বাম ও দক্ষিণ নাসিকায়; শ্রবণা ও পূর্ব্বাষাঢ়া দক্ষিণ ও বাম নেত্রে; ধনিষ্ঠা ও মূলা যথাক্রমে দক্ষিণ ও বাম কর্ণে এবং মঘা হইতে অনুরাধা পর্য্যন্ত দক্ষিণায়ণ-সম্বন্ধীয় অষ্ট নক্ষত্র শিশুমারের বাম পার্শ্বের অস্থিতে সংযুক্ত হইয়া আছে ॥ ৮ ॥

এই প্রকার মৃগশিরা প্রভৃতি পূর্ব্বভাদ্রপদ পর্য্যন্ত উত্তরায়ণ সম্বন্ধীয় অষ্ট নক্ষত্র তাঁহার দক্ষিণ পার্শ্বে সংলগ্ন হইয়াছে। শতভিষা ও জ্যেষ্ঠা যথাক্রমে দক্ষিণ ও বাম স্কন্ধে প্রতিষ্ঠিত ॥ ৯ ॥ ১০ ॥

উহার উত্তর হনুতে অগস্ত্য, অধর হনুতে যম, মুখে মঙ্গল, উপস্থে শনি, পৃষ্ঠশৃঙ্গে বৃহস্পতি, বক্ষঃস্থলে দিবাকর, হৃদয়ে নারায়ণ, মনে চন্দ্রমা, নাভিতে

বৃহস্পতিঃ ককুদি বক্ষস্যাদিত্যো হৃদয়ে নারায়ণো মনসি চন্দ্রো নাভ্যামুশনা-স্তনয়োরশ্বিনৌ বুধঃ প্রাণাপানয়োা রাহু র্গলে কেতবঃ সর্ব্বাঙ্গেসু রোমসু সর্ব্বে তারাগণাঃ ॥ ১১ ॥

এতদুহৈব ভগবতো বিষ্ণোঃ সর্ব্বদেবতাময়ং রূপমহরহঃ সন্ধ্যায়াং প্রযতো বাগ্‌যতো নিরীক্ষমাণ উপতিষ্ঠেত। নমো নমো জ্যোতির্লোকায় কালায় মায়ানিমিষাং পতয়ে মহাপুরুষায়াভিধীমহীতি ॥ ১২ ॥

অন্বয়ঃ।

স্তনয়োঃ অশ্বিনৌ, প্রাণাপানয়োঃ বুধঃ। গলে রাহুঃ। সর্ব্বাঙ্গেষু কেতবঃ। রোমসু সর্ব্বে তারাগণাঃ ॥ ১০ ॥ ১১ ॥

এতৎ ভগবতঃ সর্ব্বদেবতাময়ংরূপং অহরহঃ সন্ধ্যায়াং বাগ্‌যতঃ নিরীক্ষন্ উপতিষ্ঠেৎ। নমো জ্যোতির্লোকায় কালায় নমো নিমিষাং পতয়ে মহাপুরুষায় ধীমহি ইতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

যমো নক্ষত্ররূপঃ। তথা নারায়ণোঽশ্বিনৌচ। ককুদি গলপৃষ্ঠশৃঙ্গে ॥ ১১ ॥

জ্যোতিষাং লোকায় আশ্রয়ায় কালচক্ররূপায় নমোঽভিধীমহীতি মন্ত্রেণোপতিষ্ঠেত ॥ ১২

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাতিলোম্যেন মৃগশিরারোহিণী কৃত্তিকেত্যেবং ব্যুৎক্রমেণ পূর্ব্বভাদ্রপদান্তানাষ্টদক্ষিণ পার্শ্বাস্থিষু ॥ ৮—১২ ॥

মন্ত্রকৃতাং পূর্ব্বোক্তমন্ত্রং জপতাং পাপাপহং আধিদৈবিকং পরমেশ্বরস্য রূপমিদং নমস্যতঃ স্মরতো বা পুংসঃ পাপং নশ্যেতেত্যন্বয়ঃ। অত্র সূর্য্যমণ্ডলাদষ্টত্রিংশল্লক্ষে ধ্রুবঃ। ধ্রুবাৎ কোটি-যোজনে মহর্লোকঃ মহর্লোকাৎ কোটিদ্বয়ে জনলোকঃ জনলোকাৎ কোট্যষ্টকে তপোলোকঃ। তপোলোকাৎ দ্বাদশকোটিষু সত্যলোকঃ। এবং সূর্য্যাৎ সত্যলোকপর্য্যন্ত-মষ্টত্রিংশল্লক্ষোত্তর-ত্রয়োবিংশতি কোট্যঃ সত্যলোকাৎ দ্বিষষ্টি লক্ষোত্তরায়াং কোটৌ বৈকুণ্ঠ-স্ততোঽণ্ডগোলক ইতি শ্রীবিষ্ণুপুরাণে দর্শিতয়া দৃশা সূর্য্যাৎ পঞ্চবিংশত্যৌ কোটিষু কটাহঃ।

শুক্র, স্তনদ্বয়ে অশ্বিনীকুমার, প্রাণ ও অপানে বুধ, গলদেশে রাহু, সর্ব্বাঙ্গে কেতু এবং সমগ্র রোমকূপে তারাগণ সন্নিবিষ্ট রহিয়াছে ॥ ১১ ॥

হে নরনাথ! শিশুমারের আকার যেরূপে বর্ণিত হইল, তাহাতেই ভূত-ভাবন ভগবানের সর্ব্বদেবময় স্বরূপেরই পরিচয় প্রদান করা হইল। প্রত্যহ সন্ধ্যার সময় প্রযত ও বাগ্‌যত হইয়া ব্যক্তি মাত্রেরই ইহা নিরীক্ষণ করা অবশ্য কর্ত্তব্য। অহো! জ্যোতির্গণের আশ্রয়রূপে বিদ্যমান কালচক্ররূপী দেবাদিদেব সেই মহাপুরুষের প্রতি আমরা বারংবার প্রণাম করি! আমরা সর্ব্বতোভাবে নিরন্তর তাঁহারই চিন্তা করিতেছি ॥ ১২ ॥

গ্রহর্ক্ষতারাময়মাধিদৈবিকং পাপাপহং মন্ত্রকৃতাং ত্রিকালং।
নমস্যতঃ স্মরতো বা ত্রিকালং নশ্যেত তৎকালজমাশু পাপং॥ ১৩॥

॥*॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে শিশুমার-সংস্থানং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥*॥২৩॥*॥

শ্রীশুক উবাচ॥

অধস্তাৎ সবিতুর্যোজনাযুতে স্বর্ভানুর্নক্ষত্রবচ্চরতীত্যেকে॥ ১॥

অন্বয়ঃ।

এতৎ গ্রহর্ক্ষতারাময়ং অধিদৈবিকং সর্ব্বদেবাধিদেবস্য ভগবতঃ বিষ্ণোঃ স্বরূপং ত্রিকালং মন্ত্রকৃতাং মন্ত্রং জপতাং; পাপাপহং এতৎ ত্রিকালং নমস্যতঃ স্মরতঃ বা পুংসঃ তৎকালজং পাপং আশু নশ্যেত॥ ১৩॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥

শ্রীশুকঃ উবাচ। সবিতুঃ অধস্তাৎ অযুতযোজনদূরে স্বর্ভানুঃ রাহুঃ, নক্ষত্রবৎ চরতি ইতি কেচিৎ পৌরাণিকাঃ বদন্তি॥ ১॥

শ্রীধরস্বামী।

মন্ত্রকৃতাং পূর্ব্বোক্তং মন্ত্রং জপতাং॥ ১৩॥

॥*॥ ইতি পঞ্চমে ত্রয়োবিংশঃ ॥*॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং সূর্য্যাল্লক্ষে ভূতলং ততঃ সপ্ত- প্রতি-সহস্রেষু সপ্ত পাতালানি তত স্ত্রিংশৎ সহস্রেষু শেষঃ এবং সূর্য্যাল্লক্ষদ্বয়ে গর্ভোদঃ। সচ লক্ষদ্বয়ন্যূন পঞ্চাবিংশতি কোটি পরিমিতঃ এবং মিলিত্বা ঊর্দ্ধাধঃ পঞ্চাশৎকোটি প্রমাণমণ্ডগোলকমিতি॥ ১৩॥

॥*॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমস্য ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥*॥

সেই ভগবানই যাবতীয় গ্রহ ও নক্ষত্রসমূহের স্বরূপ এবং দেবতাগণের নিয়ামক; যাঁহারা ত্রিকাল-সন্ধ্যা ভগবানের পূর্ব্বোক্ত মন্ত্র জপ করেন, তাঁহারা যাবতীয় পাপ হইতে নিষ্কৃতি লাভ করেন। যে ব্যক্তি ত্রিসন্ধ্যা তাঁহাকে প্রণাম করেন বা স্মরণ করেন, তাঁহার তাৎকালিক পাপ তৎক্ষণাৎই বিনষ্ট হইয়া যায়; সন্দেহ নাই॥ ১৩॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

আভাস

চতুর্ব্বিংশ অধ্যায়ে সূর্য্যের নিম্নদিকে ক্রমশঃ রাহু প্রভৃতির স্থিতি এবং অতলাদি সপ্ত অধোলোকের বর্ণন॥

যোঽসাবমরত্বং গ্রহত্বঞ্চালভত ভগবদনুকম্পয়া স্বয়মসুরাপসদঃ সৈংহি-কেয়ো হ্যতদর্হঃ। তস্য তাত জন্ম কর্ম্মাণি চোপরিষ্টাদ্বক্ষ্যামঃ ॥ ২ ॥

যদদস্তরণে র্মণ্ডলং প্রতপতস্তদ্বিস্তরতো যোজনাযুতমাচক্ষতে দ্বাদশ সাহস্রং সোমস্য ॥ ৩ ॥

অন্বয়ঃ।

স্বয়ং অসুরাপসদঃ (অসুরেষু অপসদঃ অতিনীচঃ) যঃ অসৌ সৈংহিকেয়ঃ সিংহিকায়াঃ পুত্রঃ, রাহুঃ অতদর্হঃ অযোগ্যঃ অপি ভগবদনুকম্পয়া অমরত্বং গ্রহত্বংচ অলভত। হে তাত! তস্য রাহোঃ জন্ম কর্ম্মাণিচ উপরিষ্টাৎ বক্ষ্যামঃ ॥ ২ ॥

যৎঅধঃ প্রতপতঃ তরণেঃ সূর্য্যস্য, মণ্ডলং তৎবিস্তরতঃ যোজনাযুতং আচক্ষতে। দ্বাদশ-সাহস্রং সোমস্য মণ্ডলং তথা রাহোঃ মণ্ডলং বিস্তরতঃ ত্রয়োদশসহস্র-যোজনং আচক্ষতে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

এবং ত্রিভির্দ্যুমর্য্যাদা-পালনং বর্ণিতং তথা।
অধো ভুবনমর্য্যাদা-পালনং ত্রিভিরুচ্যতে ॥
চতুর্ব্বিংশে রবেরর্ব্বাক্ স্বর্ভাণ্বাদিস্থিতিক্রমাৎ।
অতলাদি-বিলস্বর্গ-মর্য্যাদাঃ সপ্তবর্ণিতাঃ ॥ * ॥

সূর্য্যমারভ্য ধ্রুবান্তং সন্নিবেশং নিরূপ্য ইদানীং সূর্য্যাদধস্তাৎ নিরূপয়তি অধস্তাদিতি। স্বর্ভানুঃ রাহুঃ ॥ ১ ॥ অলভত লেভে। সিংহিকায়াঃ পুত্রঃ ॥ ২ ॥

গ্রহণং বক্তুমাহ যদধঃ প্রতপত স্তরণের্মণ্ডলং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যাদধোধঃ স্বর্ভানুসিদ্ধাদীনাং স্থিতিং ভুবঃ।
অতলাদীনি সপ্তাপি চতুর্ব্বিংশেঽবদন্মুনিঃ ॥ * ॥

ন তৎ অমরত্বং গ্রহত্বং চার্হতীতি সঃ ॥ ১ ॥ ২ ॥ গ্রহণং বক্তুমাহ যদধ ইতি ॥ ৩ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! সূর্য্য হইতে আরম্ভ করিয়া ঊর্দ্ধে ধ্রুবলোক পর্য্যন্ত গ্রহাদির অবস্থানের বিষয় বর্ণন করিলাম; এক্ষণে সূর্য্যের অধোভাগের ব্যাপার বর্ণন করিতেছি, শ্রবণ করুন্! সূর্য্যের অধোদিকে অযুত যোজন দূরে রাহুগ্রহ নক্ষত্রের ন্যায় পরিভ্রমণ করিতেছেন ॥ ১ ॥

ঐ রাহু কশ্যপপত্নী সিংহিকার গর্ভজাত পুত্র; একটী নিকৃষ্ট অসুর। দেবত্বলাভের কোনরূপ যোগ্যতা তাহাতে নাই; তথাপি ভগবানের অনুগ্রহে অমরত্ব এবং গ্রহত্ব ঐ অসুর প্রাপ্ত হইয়াছিল। এই রাহুর জন্ম ও কর্ম্মবৃত্তান্ত পরে বর্ণিত হইবে ॥ ২ ॥

রাহুর অভিমুখে কিরণপ্রদ সূর্য্যমণ্ডলের পরিমাণ দশ সহস্র যোজন বিস্তীর্ণ এবং বিপরীতদিকে অবস্থিত চন্দ্রমণ্ডলের বিস্তার দ্বাদশ সহস্র যোজন ॥ ৩ ॥

ত্রয়োদশ সাহস্রং রাহো র্যঃ পর্ব্বণি তদ্ব্যবধানকৃৎ বৈরানুবন্ধঃ সূর্য্যাচন্দ্র-মসাবভিধাবতি ॥ ৪ ॥

তন্নিশম্যোভয়ত্রাপি ভগবতা রক্ষণায় প্রযুক্তং সুদর্শনং নাম ভাগবতং দয়িতমস্ত্রং তত্তেজসা দুর্ব্বিসহং মুহুঃ পরিবর্ত্তমানমভ্যবস্থিতো মুহূর্ত্তমুদ্বিজমান-শ্চকিতহৃদয় আরাদেব নিবর্ত্ততে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

তদ্ব্যবধানকৃৎ (অমৃতপানসময়ে মধ্যপ্রবেশেন তয়োঃ সূর্য্যাচন্দ্রমসোঃ ব্যবধানং করোতি যঃ অতঃ তাভ্যাং সূচনেন ভগবতা শিরশ্ছেদনাৎ তয়োঃ বৈরানুবন্ধকৃৎ যঃ রাহুঃ) পর্ব্বণি অমাবস্যাপৌর্ণমাস্যোঃ সূর্য্যাচন্দ্রমসৌ অভি অভিভবিতুং ধাবতি॥ ৪ ॥

তৎ তস্য রাহোঃ তয়োঃ অভিভবোদ্যোগং নিশাম্য জ্ঞাত্বা তেন ভগবতা ভাগবতং স্বকীয়ং দয়িতং প্রিয়ং সুদর্শনং অস্ত্রং প্রযুক্তং। উভয়ত্র সূর্য্যে চন্দ্রে চ অভিমুখং মুহূর্ত্তং অবস্থিতঃ সন্ উদ্বিজমানঃ ভীতঃ চকিতহৃদয়ঃ রাহুঃ আরাৎ দূরাদেব, নিবর্ত্ততে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অমৃতপানে মধ্যপ্রবেশেন তয়োর্ব্যবধানং করোতীতি তথা। অতএব তাভ্যাং সূচিত-ত্বাৎ বৈরমনুবধ্নাতীতি তথা ॥ ৪ ॥

ভাগবতং চক্রং পরিবর্ত্তমানং পরিভ্রমৎ। অভিমুখং মুহূর্ত্তমবস্থিতঃ সন্ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্ব্বণি অমাবাস্যাপৌর্ণমাস্যোঃ তয়ো র্ভূতলস্থজনচক্ষুষাং ব্যবধানং কর্ত্তুং অমৃতপানে মধ্যপ্রবেশেন তয়োর্ব্যবধানং পূর্ব্বং কৃতবানিত্যতঃ তাভ্যাং সূচিতত্বাৎ বৈরমনুবধ্নাতীতি স যথা ॥ ৪ ॥

উভয়ত্র সূর্য্যে চন্দ্রেঽপি তৎ প্রসিদ্ধং চক্রং পরিবর্ত্তমানং পরিভ্রমৎ দৃষ্ট্বেতি শেষঃ। অভি অভিমুখমবস্থিতঃ সন্ ॥ ৫ ॥

কিন্তু রাহুমণ্ডল তদপেক্ষা বৃহৎ, ত্রয়োদশ সহস্র যোজন। এই রাহু অমৃত-পানসময়ে চন্দ্র ও সূর্য্যের অন্তরালে প্রবিষ্ট হইয়া উভয়ের ব্যবধান করিয়া-ছিল। সুতরাং তদুপলক্ষে উভয়ের প্রতিই রাহুর একটী বিদ্বেষ ভাব চির বিদ্যমান আছে। এখনও সেই শত্রুতার স্মরণে প্রতি অমাবস্যা ও পূর্ণিমা পর্ব্ব উপলক্ষে রাহু যখন চন্দ্র ও সূর্য্যের মধ্যে উপস্থিত হয়, তখনই চন্দ্র বা সূর্য্যের গ্রহণ উপস্থিত হয়। গ্রহণ কিন্তু প্রকৃত রাহুর গ্রাস নহে; কারণ রাহু তৎকালেও উভয় হইতেই অনেক দূরে অবস্থান করে॥ ৪।

রাহুর এই ব্যবহার অবগত হইয়া, ভগবান্ বিষ্ণু সূর্য্য এবং চন্দ্রের রক্ষা-কামনায় স্বীয় প্রিয় অস্ত্র সুদর্শনকে তথায় প্রেরণ করেন। চক্রের তেজঃ

তদুপরাগমিতি বদতি লোকঃ ।। ৬ ।।

ততোঽধস্তাৎ সিদ্ধচারণ-বিদ্যাধরাণাং সদনানি তাবন্মাত্র এব ।। ৭ ।।

ততোঽধস্তাৎ যক্ষ রক্ষঃ পিশাচ প্রেত ভূতগণানাং বিহারাজিরমন্তরীক্ষং যাবদ্বায়ুঃ প্রবাতি যাবন্মেঘা উপলভ্যন্তে ।। ৮ ।।

অন্বয়ঃ।

ইতি এবং তৎ রাহোঃ মধ্যে স্থিত্বা ব্যবধানেন সূর্য্যাচন্দ্রমসোঃ অদর্শনং এব লোকঃ উপরাগং গ্রহণং, বদতি তত্রচ ঋজুবক্রস্থিতিভ্যাং এব সর্ব্বগ্রাসার্দ্ধগ্রাস-ব্যবহারো নহি বস্তুতো গ্রাসঃ যোজনাযুতান্তরত্বাৎ ।। ৬ ।।

তাবন্মাত্রে যোজনাযুতে অধস্তাৎ সিদ্ধানাং সদনানি ।। ৭ ।।

ততো অধস্তাৎ যক্ষাদীনাং বিহারস্থানং অন্তরীক্ষং। অন্তরীক্ষস্য অবধিমাহ যাবৎ মেঘাঃ উপলভ্যন্তে যাবৎ বায়ুঃ প্রবাতি ।। ৮ ।।

শ্রীধরস্বামী।

ইত্যেবমন্তরালে তদবস্থানমুপরাগং বদতি। অত্রচ ঋজু-বক্র-স্থিতিভ্যাং সর্ব্বগ্রাসার্দ্ধগ্রাসৌ নতু গ্রাসোঽস্তি দূরান্তরত্বাৎ ।। ৬ ।। তাবন্মাত্রে যোজনাযুতে ।। ৭ ।।

অন্তরীক্ষং গ্রহহীনং তস্যাবধিমাহ যাবদ্বায়ুঃ প্রবাতি। তস্যাপ্যবধিমাহ যাবন্মেঘাঃ ।। ৮ ।।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদবস্থানমেবোপরাগং বদতি। তত্রচ ঋজুবক্রস্থিতিভ্যাং সর্ব্বগ্রাসার্দ্ধগ্রাসৌ নতু বস্তুতো গ্রাসোঽস্তি অযুতযোজনান্তরত্বাৎ ।। ৬ ।।

তাবন্মাত্রে যোজনাযুতে ।। ৭ ।। ৮ ।।

অতীব দুঃসহ। নিরন্তর ঘূর্ণায়মান তাদৃশ অস্ত্র অবলোকন করিয়া, তদাক্রমণার্থ মুহূর্ত্তকাল রাহু প্রথমত অপেক্ষা করিল; কিন্তু পরিশেষে ভীত ও উদ্বিগ্ন-চিত্ত হইয়া দূর হইতেই পলায়ন করিল ।। ৫ ।।

সূর্য্য এবং চন্দ্রমার মধ্যস্থলে রাহুর অবস্থিতিকেই লোকে গ্রহণ বলিয়া থাকে। প্রকৃত প্রস্তাবে এতদ্দ্বারা উভয়ের অদর্শন মাত্র হয়। রাহুর এই অবস্থিতির ঋজু ও বক্রতা অনুসারে সর্ব্বগ্রাস বা অর্দ্ধগ্রাসাদির ব্যবস্থা হইয়া থাকে। কারণ রাহু অন্ততঃ দশ সহস্র যোজন দূরে নিয়তই থাকেন ।। ৬ ।।

রাহুর দশ সহস্র যোজন নিম্নে সিদ্ধ, চারণ ও বিদ্যাধরগণের বাসস্থান ।। ৭ ।।

তাহার নিম্নে যক্ষ রক্ষঃ পিশাচ এবং প্রেত ভূতগণের বিহারভূমি অন্তরীক্ষলোক। এই অন্তরীক্ষের নিম্নদেশ পর্য্যন্ত বায়ুর প্রবাহ এবং মেঘের উদয়াদি হইয়া থাকে ।। ৮ ।।

ততোঽধস্তাচ্ছতযোজনান্তর ইয়ং পৃথিবী যাবদ্ধংস-ভাস-শ্যেন-সুপর্ণাদয়ঃ পতত্রিপ্রবরা উৎপতন্তীতি। উপবর্ণিতং ভূমের্যথা সন্নিবেশাবস্থানং ॥ ৯ ॥

অবনেরপ্যধস্তাৎ সপ্ত ভূবিবরা একৈকশো যোজনাযুতান্তরেণায়াম-বিস্তারেণোপকৢপ্তাঃ। অতলং বিতলং সুতলং তলাতলং মহাতলং রসাতলং পাতালমিতি ॥ ১০ ॥

অন্বয়ঃ।

পৃথিব্যাঃ উপরি ভূর্লোকাবধিমাহুঃ। যাবৎ হংসাদয়ঃ পার্থিবাঃ বিকারাঃ উৎপতন্তি ইতি তাবৎ ভূর্লোকঃ। ভূমেঃ সন্নিবেশাবস্থানং এতৎবর্ণিতং। ৯।

অবনেঃ (ষোড়শসহস্রযোজন মেরোর্ভূমিপ্রবেশস্য উক্তত্বাৎ তাবান্ ভূকন্দো জ্ঞেয়ঃ) ততঃ অধস্তাৎ যোজনাযুতান্তরেণ যোজনাযুতোচ্চমানেন, আয়ামবিস্তারেণ (কটাহস্য যঃ আয়ামঃ বিস্তারঃ তাবদ্বিস্তারেণ) একৈকশঃ অতলাদি ভূবিবরাঃ সপ্ত উপকৢপ্তাঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

পৃথিব্যা উপরি ভূর্লোকাবধিমাহ। যাবদ্ধংসাদয়ঃ পার্থিবা বিকারাঃ ॥ ৯ ॥

যোজনাযুতান্তরেণ প্রত্যেকমুচ্ছ্রিতাঃ। আয়ামো যঃ কটাহস্য তাবদ্বিস্তারেণ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথিব্যা উপরি ভূর্লোকাবধিমাহ যাবদ্ধংসাদয়ঃ পার্থিবা বিকারাঃ ॥ ৯ ॥

অধস্তাৎ অধোধোঽবয়বেম্বিত্যর্থঃ। ভূবিবরা ভুবো বিবরভূতান্যেবাতলাদীনীত্যর্থঃ। যোজনাযুতান্তরেণ যোজনাযুতাবধাবিত্যর্থঃ। অন্তরমবকাশাবধীত্যমরঃ। ভূতলাদ্‌যোজনাযুতাবধৌ অতলং তস্মাদ্‌যোজনাযুতাবধৌ বিতলমিত্যেবং 'আয়ামবিস্তারেণাপি যোজনাযুতাবধিনা উপকৢপ্তাঃ দৈর্ঘ্য-বিশালতাভ্যাং সমা এবেত্যর্থঃ।' উচ্ছ্রিতত্বং তু যথা সম্ভবং জ্ঞেয়ং ॥ ১০ ॥

কেবল পৃথিবীই ভূলোক নহে। পৃথিবীর উপর হংস, ভাস, শ্যেন এবং সুপর্ণাদি বিহগকুল যতদূর উচ্চে আরোহণ করে, ততদূর পর্য্যন্তই ভূলোকের সীমা অবধারণ করিতে হইবে ॥ ৯ ॥

অবনির মধ্যে সাতটী ভূবিবর বিদ্যমান রহিয়াছে। প্রত্যেকে পরস্পরে অযুত যোজন অন্তরে পরপর সন্নিবিষ্ট; তাহাদের পরিমাণ দৈর্ঘ্য প্রস্থে পৃথিবীরই অনুরূপ। উক্ত সপ্ত বিবরের নাম যথা;—অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল। এই বিবর-সমূহ যথাক্রমে অযুত-যোজন অন্তরে উপর্য্যুপরি সন্নিবিষ্ট রহিয়াছে ॥ ১০ ॥

স্বর্গতুল্য সুসমৃদ্ধিশালী এই সকল বিবরের মধ্যে স্বর্গাপেক্ষা অধিকতর কামভোগ, ঐশ্বর্য্য, আনন্দ, তৃপ্তি এবং বিভূতি সমূহের পরাকাষ্ঠা নিরন্তর বিদ্যমান আছে। তত্রত্য অধিবাসিগণের বাস-ভবন, উদ্যান, ক্রীড়াস্থান, বিহার-

এতেষু বিলস্বর্গেষু স্বর্গাদপ্যধিক-কামভোগৈশ্বর্য্যানন্দ-ভূতি-বিভূতিভিঃ সুসমৃদ্ধ-ভবনোদ্যানাক্রীড়বিহারেষু দৈত্য-দানব-কাদ্রবেয়া নিত্যপ্রমুদিতা-নুরক্ত-কলত্রাপত্য-বন্ধু-সুহৃদনুচরা গৃহপতয় ঈশ্বরাদপ্যপ্রতিহত-কামা মায়া-বিনোদা নিবসন্তি ॥ ১১ ॥

যেষু মহারাজ ময়েন মায়াবিনা বিনির্ম্মিতাঃ পুরো নানামণিপ্রবর-প্রবেক-বিরচিত-বিচিত্র-ভবন-প্রাকার-গোপুর-সভা-চৈত্য-চত্বরায়তনাদিভি র্নাগাসুর-

অন্বয়ঃ।

স্বর্গাৎ অপি অধিকঃ কামভোগঃ ঐশ্বর্য্যানন্দঃ ভূতিঃ প্রভাবঃ চ, বিভূতিঃ সম্পত্তিশ্চ তৈঃ সমৃদ্ধাঃ ভবনাদয়ঃ যেষু তেষু; আক্রীড়ং মিথুনক্রীড়াস্থানং, আবিহারঃ প্রকটবিহারস্থানং যেষু তেষু এতেষু বিলস্বর্গেষু নিত্যপ্রমুদিতাঃ পরস্পরং অনুরক্তাঃ চ কলত্রাদয়ঃ যেষাং তে ঈশ্বরাৎ অতিসমর্থাৎ ইন্দ্রাৎ, অপি অপ্রতিহতঃ কামঃ যেষাং তে তথা; মায়য়া যথেষ্টং বিনোদঃ যেষাং তে দৈত্য-দানব-কাদ্রবেয়াঃ গৃহপতয়ঃ নিবসন্তি ॥ ১১ ॥

কিঞ্চ হে মহারাজ! নানা যে মণিপ্রবরাঃ তেষু যে প্রবেকাঃ মুখ্যাঃ তৈঃ বিরচিতৈঃ বিচিত্রভবনাদিভিঃ তথা বিবরেশ্বরাণাং গৃহোত্তমৈঃ সমলঙ্কৃতাঃ মায়াবিনা ময়েন বিনির্ম্মিতাঃ

শ্রীধরস্বামী।

সামান্যেন বিবরাণি বর্ণয়তি এতেম্বিত্যাদিনা অথাতল ইত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন এতেষু দৈত্যাদয়ো নিবসন্তীত্যন্বয়ঃ। কথম্ভূতেষু অধিকঃ কামভোগশ্চ ঐশ্বর্য্যানন্দশ্চ ভূতিশ্চ সন্ততি বিভূতিশ্চ সম্পত্তিঃ তাভিঃ সুসমৃদ্ধা ভবনাদয়ো যেষু। কথম্ভূতাঃ নিত্যপ্রমুদিতা অনুরক্তাশ্চ কলত্রাদয়ো যেষাং ন প্রতিহতঃ কামো যেষাং। মায়য়া বিনোদো যেষাং ॥ ১১ ॥

কিঞ্চ হে মহারাজ! যেষু ময়েন নির্ম্মিতাঃ পুরশ্চকাসতীত্যন্বয়ঃ। কথম্ভূতাঃ নানা যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সামান্যেন বিবরাণি বর্ণয়তি এতেম্বিত্যাদিনা ভূতিঃ প্রভাবঃ। বিভূতিঃ সংপত্তিঃ। ঈশ্বরাদিন্দ্রাদেরপি ॥ ১১ ॥

যেষু পুরশ্চকাসতীত্যন্বয়ঃ। কীদৃশ্যঃ নানাভূতেষু মণিপ্রবরেষ্বপি যে প্রবেকা মুখ্যাঃ

নিকেতন প্রভৃতি বিবিধ সুখময় পদার্থ সর্ব্বত্র বিরাজিত রহিয়াছে। দৈত্য, দানব এবং নাগপতিগণ গার্হস্থ্য ধর্ম্মাবলম্বনে পরম সুখে তথায় বাস করিতে-ছেন। তাঁহাদের পুত্র কলত্র সুহৃৎ মিত্র ও অনুচরবর্গ নিরন্তর অনুগত থাকিয়া, পরম সুখ অনুভব করিয়া থাকে। অধিক কি! ইন্দ্রাদি লোকপাল-গণের অপেক্ষাও তাঁহারা অপ্রতিহত-প্রভাবে বিষয়সুখ অনুভব করিয়া থাকেন। তাঁহারা মায়াযোগের প্রভাবে আমোদ প্রমোদেই নিরন্তর কালাতিপাত করিয়া থাকেন ॥ ১১ ॥

মিথুন-পারাবত-শুকশারিকাকীর্ণ-কৃত্রিম-ভূমিভি র্বিবরেশ্বর-গৃহোত্তমৈঃ সমলঙ্কৃতাশ্চকাসতি ॥ ১২ ॥

উদ্যানানি চাতিতরাং মন ইন্দ্রিয়ানন্দিভিঃ কুসুম-ফল-স্তবক-সুভগ-কিশলয়াবনত-রুচির-বিটপ-বিটপিনাং লতাঙ্গালিঙ্গিতানাং শ্রীভিঃ সমিথুন-বিবিধ-

অন্বয়ঃ ।

পুর্যঃ যেষু চকাসতি। নাগাশ্চ অসুরাশ্চ মিথুনীভূতাঃ পারাবতাদয়ঃ চ তৈঃ আকীর্ণাঃ সঙ্কুলাঃ কৃত্রিমাঃ ভূময়ঃ যেষু তৈঃ। ভবনানি প্রজানাং গৃহাঃ, গোপুরাণি পুরদ্বারাণি ; সভাঃ রাজোপবেশস্থানানি ; চৈত্যানি দেবালয়াঃ। চত্বরাণি চতুষ্পথাঃ। আয়তনানি প্রবাসিজন-বিশ্রামস্থানানি ॥ ১২ ॥

কুসুমফলস্তবকাশ্চ সুভগকিশলয়ানি চ তৈঃ অবনতাঃ রুচিরাঃ বিটপাঃ যেষাং বিটপিনাং লতানাং অঙ্গৈঃ আলিঙ্গিতানাং শ্রীভিঃ তথা সমিথুনাঃ সস্ত্রীকাঃ বিবিধাঃ বিহঙ্গমাঃ যেষু

শ্রীধরস্বামী।

মণিপ্রবরা স্তেষাং প্রবেকা মুখ্যাঃ তৈর্বিরচিতৈ র্বিচিত্রৈ র্ভবনাদিভিঃ তথা বিবরেশ্বরাণাং গৃহোত্তমৈশ্চ সমলঙ্কৃতাঃ কীদৃশৈঃ গৃহোত্তমৈঃ। নাগাশ্চ অসুরাশ্চ মিথুনভূতাঃ পারাবতাদয়শ্চ তৈরাকীর্ণাঃ কৃত্রিমা ভূময়ো যেষু তৈর্নানাস্বনমিথুনেতি পাঠান্তরে নানাস্বনত্বং মিথুনবিশেষণং ॥ ১২ ॥

উদ্যানানিচ অতিতরামমরলোকশ্রিয়মতিশয়িতানি যেষু চকাসতীত্যন্বয়ঃ। কাভিঃ শ্রীভিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈর্বিরচিতা বিচিত্রা যে ভবনাদয় স্তৈর্গৃহোত্তমৈশ্চালঙ্কৃতাঃ কীদৃশৈঃ নাগাশ্চ অসুরাশ্চ মিথুনভূতাঃ পারাবতাদয়শ্চ তৈরাকীর্ণাঃ কৃত্রিমা ভূময়ো যেষু তৈঃ। নানাস্বন ইতি পাঠঃ সুগমঃ ॥ ১২ ॥

যাসু উদ্যানানি অমরলোকশ্রিয়ং অতিশয়িতানি অতিক্রান্তানি চকাসতীত্যন্বয়ঃ। কাভিঃ

হে রাজন্! ঐ সকল বিবরে পরমমায়াবী ময়দানব কর্ত্তৃক নির্ম্মিত দানবনিকরের অপূর্ব্ব হর্ম্ম্যসমূহ ইতস্ততঃ বিদ্যমান রহিয়াছে। তথাকার ভবন, প্রাচীর, নগর, প্রবেশের দ্বার, সভা, চৈত্য, চত্বর এবং আয়তনাদি স্থানসমূহ উৎকৃষ্ট মণিসমূহে রচিত। বিবরেশ্বরদিগের অট্টালিকার উচ্চ প্রান্তে নাগ ও অসুরকুলের মিথুনীভূত কৃত্রিম মূর্ত্তি সমূহ উৎকৃষ্টভাবে নির্ম্মিত শোভা পাইতেছে। কপোতমিথুন এবং শুক শারিকাদি পক্ষিকুলের কলরবে হর্ম্ম্যসমূহ যেন নিরন্তর জীবন্তের ন্যায় পরিশোভিত রহিয়াছে। এতাদৃশ প্রাকৃতিক শোভায় ভূবিবর-সমূহ যেন সর্ব্বতোভাবে সমলঙ্কৃতের ন্যায় বিরাজ করিতেছে ॥ ১২ ॥

তত্রস্থ বন, উপবন ও উদ্যান সমূহের পাদপরাজি লতাসমূহে আলিঙ্গিত

বিহঙ্গ-জলাশয়ানামমল-জল-পূর্ণানাং ঝষকুলোল্লঙ্ঘন-ক্ষুভিত-নীর-নীরজ-কুমুদ-কুবলয়-কহ্লার-নীলোৎপল-লোহিত-শতপত্রাদি-বনেষু কৃতনিকেতনানামেক-বিহারাকুল-মধুর-বিবিধ-স্বনাদিভিরিন্দ্রিয়োৎসবৈরমরলোকশ্রিয়মতিশয়িতানি ॥

অন্বয়ঃ।

জলাশয়েষু তেষাং অমলজলপূর্ণানাং চ শ্রীভিঃ তথা অতিতরাং মনইন্দ্রিয়ানন্দিভিঃ ঝষকুলোল্লঙ্ঘনেন ক্ষুভিতং যৎ জলাশয়ানাং নীরং তস্মিন্ যানি নীরজাদীনি তেষাং বনেষু কৃতং নিকেতনং যৈঃ তেষাং পক্ষিণাং ; একঃ অখণ্ডঃ, যঃ বিহারঃ তেন আকুলাঃ চ তে মধুরাঃ যে বিবিধাঃ স্বনাদয়ঃ তৈঃ ইন্দ্রিয়োৎসবাঃ তৈঃ চ অমরলোকশ্রিয়ং অতিশায়িতানি উদ্যানানি যাসু তানি চকাসতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কেষাং কুসুমফলস্তবকাশ্চ সুভগকিশলয়ানি চ তৈরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং লতানাং অঙ্গৈরালিঙ্গিতানাং শ্রীভিঃ তথা সমিথুনা শ্চক্রবাকাদি-মিথুন-সহিতাঃ যে বিবিধা বিহঙ্গা স্তদ্‌যুক্তানাং জলাশয়ানাঞ্চ শ্রীভিঃ কীদৃশানাং অমলৈ জলৈঃ পূর্ণানাং পুনরপি কৈরতিশয়িতানি ঝষকুলোল্লঙ্ঘনেন ক্ষুভিতং যজ্জলাশয়ানাং নীরং তস্মিন যানি নীরজাদীনি তেষাং বনেষু কৃতং নিকেতনং যৈস্তেষাং। অর্থাৎ পক্ষিণাং একোঽখণ্ডো যো বিহার স্তেনাকুলাশ্চ তে মধুরাশ্চ বিবিধ-স্বনাদয় স্তৈর্যে ইন্দ্রিয়োৎসবা স্তৈশ্চ। যদ্বা। সমিথুনেত্যাদেরুত্তরেণৈব সম্বন্ধঃ। মন ইন্দ্রিয়ানন্দিভিরিতি স্বনাদীনাং বিশেষণং তত্র নীরজং সামান্যেন কমলং লোহিতং শতপত্রঞ্চ তদ্বিশেষঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুসুমাদিভিরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং শ্রীভিঃ মন ইন্দ্রিয়ানন্দিভি রিতি পুংস্ত্বমার্ষং। তথা সমিথুনা সস্ত্রীপুংসা বিবিধা বিহঙ্গমা যেষু তেষাং জলাশয়ানাং ঝষকুলোল্লঙ্ঘনৈঃ ক্ষুভিতেষু নীরেষু যানি নীরজাদিবনানি তেষু কৃতনিকেতনানাং অর্থাৎ পক্ষিণাং

হইয়া পুষ্প, ফল ও নবীন কিশলয়-ভরে একান্ত অবনত হইয়া পড়িতেছে। দাম্পত্য প্রেমে আবদ্ধ বিহঙ্গমকুলের কাকলি, স্বচ্ছ জলাশয়-সমূহের পবিত্র বারি, তাহাতে আবার মীনাদি জলচরগণের সাময়িক উল্লম্ফনে নিস্তরঙ্গ সরোবরের বক্ষে পুলক সদৃশ চাঞ্চল্য দর্শনে দর্শকমাত্রেরই চিত্তে আনন্দোৎসব হইয়া থাকে, সন্দেহ নাই। কুমুদ, কুবলয়, কহ্লার, নীলোৎপল এবং লোহিত-বর্ণ পদ্মাদি জলজাত পুষ্পসমূহ জলাশয়ের অপূর্ব্ব শোভারই পরিচয় দিতেছে। বিবিধ জলচর পক্ষী তাহাতে আবার বিচরণ করিতেছে। বিহারকালে পক্ষিকুলের মধুর নিস্বনে শ্রবণযুগলের যে কি তৃপ্তি সাধন করে, তাহা বর্ণনাতীত! অহো! ভূবিবরের ঐশ্বর্য্য অমরলোককেও অতিক্রম করিয়াছে ॥১৩॥

তথায় দিবাকরের উদয় না থাকায়, দিবারাত্রি প্রভৃতি কালের বিভাগ

যত্র হ বাব ন ভয়মহোরাত্রাদিভিঃ কালবিভাগৈরুপলক্ষ্যতে। যত্র মহাহি-প্রবর-শিরোমণয়ঃ সর্ব্বতস্তমঃ প্রবাধন্তে ॥ ১৪ ॥

নবা এতেষু বসতাং দিব্যৌষধি-রসরসায়নাশন-পান-স্নানাদিভিরাধয়ো ব্যাধয়ো বলীপলিত-জরাদয়শ্চ দেহবৈবর্ণ্যং দৌর্গন্ধ্যং স্বেদঃ ক্লমো গ্লানিরিতি বয়োবস্থাশ্চ ভবন্তি ॥ ১৫ ॥

নহি তেষাং কল্যাণানাং প্রভবতি কুতশ্চন মৃত্যুর্বিনা ভগবত্তেজসশ্চক্রাপদেশাৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

যত্র হ বাব সূর্য্যাদ্যভাবাৎ অহোরাত্রাদিভিঃ কালবিভাগৈঃ ভয়ং ন উপলক্ষ্যতে। যত্র সর্প-মস্তকস্থ-মণিভিঃ এব তমোনিবারণাৎ প্রকাশঃ ভবতি ॥ ১৪ ॥

এতেষু বিলস্বর্গেষু বসতাং প্রাণিনাং দিব্যৌষধ্যাদি-পানাদিভিঃ আধ্যাদয়ঃ নৈব ভবন্তি ॥ ১৫ ॥

চক্রাপদেশাৎ সুদর্শননাম্নঃ ভগবত্তেজসঃ বিনা কল্যাণানাং মঙ্গলরূপাণাং তেষাং মৃত্যুঃ ন প্রভবতি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অহোরাত্রাদিভি র্ভয়ং তন্নোপলক্ষ্যতে সূর্য্যাদ্যভাবাৎ ॥ ১৪ ॥

ক্লমঃ শ্রমঃ। গ্লানিরনুৎসাহঃ ॥ ১৫ ॥ কল্যাণানাং মঙ্গলরূপাণাং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একোঽখণ্ডো যো বিহারস্তেনাকুলা মধুরা বিবিধা স্বনাদয়স্তৈর্যে ইন্দ্রিয়োৎসবা স্তৈশ্চ। অত্র লৌহিত্যং শতপত্রঞ্চ নীরজাবিশেষো লৌহিত্য-দল-শতপত্রত্বাভ্যাং ॥ ১৩ ॥ ১৪ ॥

এতেষু বসতাং দিব্যৌষধি-রস-রসায়নয়োরশনাদেব হেতোরন্নপানাদিভিরপ্যাধিব্যাধয়ো ন ভবন্তি তথাহি দ্বিবিধা বয়োবস্থাশ্চ ন। তত্র প্রথমা বলিপ্রভৃতয় শ্চরমাঃ। দ্বিতীয়া দেহ-বৈবর্ণ্যাদয়োঽচরমাঃ। ক্লমঃ শ্রমঃ। গ্লানি র্হর্ষক্ষয়ঃ ॥ ১৫ ॥ ১৬ ॥

নাই। সুতরাং তথায় কালভয়েরও কোন সম্ভাবনা নাই। মহাসর্প অনন্তের শীর্ষস্থ সর্ব্বশ্রেষ্ঠ মণির কিরণেই বিলস্থ অন্ধকারের নিবারণ হয়। ১৪ ॥

তত্রত্য অধিবাসিগণ অপূর্ব্ব ওষধি-রস এবং রসায়নাদি পান করিয়া এবং তথাকার জলে স্নান করিয়া, সকল দুঃখ হইতে নিষ্কৃতি লাভ করিয়াছেন। তাঁহাদের কখন মনঃক্লেশ বা শারিরীক দুঃখ উপস্থিত হয় না। রোগ শোক জরা ব্যাধি, দেহের বলী পলিতভাব, বিবর্ণ, দুর্গন্ধ বা স্বেদাদিজনিত ক্লেশের কখন উদয় হয় না। তাঁহারা কখন শ্রান্ত ক্লান্ত বা নিরুৎসাহী হন না; বা বৃদ্ধাবস্থা নিবন্ধন দেহের অসামর্থ্যতাও তাঁহাদের কখন ঘটে না। ১৫ ॥

ভূগর্ভবাসিগণই প্রকৃত মঙ্গলের পাত্র; সুতরাং ভগবানের তেজঃস্বরূপ

যস্মিন্ প্রবিষ্টেঽসুরবধূনাং প্রায়ঃ পুংসবনানি ভয়াদবস্রবন্তি পতন্তি চ। অথাঽতলে ময়পুত্রোঽসুরো বলো নিবসতি। যেন হবা ইহ সৃষ্টাঃ ষন্নবতি র্মায়াঃ কাশ্চনাদ্যাপি মায়াবিনো ধারয়ন্তি ॥ ১৭ ॥

যস্যাচ জৃম্ভমাণস্য মুখতস্ত্রয়ঃ স্ত্রীগণা উদপদ্যন্ত স্বৈরিণ্যঃ কামিন্যঃ পুংশ্চল্য ইতি ॥ ১৮ ॥

যাবৈ বিলায়নং প্রবিষ্টং পুরুষং রসেন হাটকাখ্যেন সাধয়িত্বা স্ববিলাসা-

অন্বয়ঃ।

যস্মিন্ সুদর্শনে প্রবিষ্টে অসুরবধূনাং পুংসবনানি গর্ব্ভাঃ ভয়াৎ স্রবন্তি পতন্তি চ ॥ ১৭ ॥

অথ অতলে ময়পুত্রঃ বলঃ নিবসতি যস্য জৃম্ভমাণস্য মুখতঃ ত্রয়ঃ স্ত্রীগণাঃ উৎপন্নাঃ ;

শ্রীধরস্বামী।

যস্মিন্ ভগবত্তেজসি প্রবিষ্টে পুংসবনানি গর্ব্ভাঃ। আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চম-ষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭ ॥

সবর্ণে রতাঃ স্বৈরিণ্যঃ। কামিন্য স্বসবর্ণেঽপি তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চল্যঃ ॥ ১৮ ॥

বিলায়নং বিলায়তনং। সাধয়িত্বা সম্ভোগসমর্থং কৃত্বা স্বে অসাধারণা বিলাসা স্তৎপূর্ব্বকো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুংসবনানি গর্ব্ভাঃ। আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চমষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭ ॥

স্ববর্ণে রতাঃ স্বৈরিণ্যঃ। কামিন্যস্ত্বসবর্ণেঽপি। তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চল্যঃ ॥ ১৮ ॥

সুদর্শন চক্র ব্যতীত তাঁহাদের উপর মৃত্যুও আধিপত্য বিস্তারে সক্ষম হন না ॥ ১৬ ॥

অহো ! সুদর্শনের প্রতাপ অতীব ভীষণ ! চক্র যখন এই সকল বিলে প্রবেশ করে, তখন গর্ভিণী দৈত্য-বধূগণের গর্ভস্রাবাদি ভয়েই হইয়া পড়ে। চারি মাস পর্য্যন্ত গর্ভের স্রাব এবং পঞ্চম বা ষষ্ঠ মাসে পাত বলিয়া অভিহিত করা যায়। অতলে ময়-দানবের পুত্র মহাসুর বল বাস করিতেছেন; ইনি ষন্নবতি (ছেয়ানব্বই) প্রকার মায়ার সৃষ্টি করিয়াছেন। অদ্যাবধি কোন কোন মায়াবী তাহার মধ্যে কোন কোন মায়ার আশ্রয় করিয়া থাকেন এবং তদনু-সারে রূপাদিও ধারণ করিয়া থাকেন ॥ ১৭ ॥

ঐ মহাসুর বল জৃম্ভণমাত্রেই স্বীয় মুখবিবর হইতে স্বৈরিণী (অর্থাৎ স্ববর্ণে রতা) কামিনী (অসবর্ণে রতা) এবং পুংশ্চলী (অর্থাৎ অতি চঞ্চলা) এই ত্রিবিধ স্ত্রীর সৃষ্টি করিলেন ॥ ১৮ ॥

ঐ সকল নারী উল্লিখিত বিবরস্বরূপ আবাসে প্রবিষ্ট পুরুষকে হাটক

বলোকানুরাগস্মিত-সংলাপোপগূহনাদিভিঃ স্বৈরং কিল রময়ন্তি ॥ ১৯ ॥

যস্মিন্নুপযুক্তে পুরুষ ঈশ্বরোঽহং সিদ্ধোঽহমিত্যযুত-মহাগজবল আত্মানমভিমন্যমানঃ কত্থতে মদান্ধ ইব। ততো বিতলে হরো ভগবান্ হাটকেশ্বরঃ স্বপার্ষদভূতগণাবৃতঃ প্রজাপতিসর্গোপবৃংহণায় ভবো ভবান্যা সহ মিথুনীভূয়াস্তে। ২০ ॥

যতঃ প্রবৃত্তা সরিৎপ্রবরা হাটকী নাম ভবয়োর্বীর্য্যেণ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

স্বৈরিণ্যঃ কামিন্যঃ পুংশ্চল্যঃ ইতি। তাঃ বিলায়নং প্রবিষ্টং পুরুষং হাটকাখ্যেন রসেন ভোগসমর্থং কৃত্বা রময়ন্তি ॥ ১৮ ॥ ১৯ ॥

যস্মিন্ হাটকাখ্যে রসে উপযুক্তে সেবিতে সতি পুরুষঃ আত্মানং অযুতমহাগজবলঃ ইতি অভিমন্যমানঃ মদান্ধঃ ইব কত্থতে। ততঃ অধস্তাৎ বিতলে হাটকেশ্বরঃ ভবান্যা সহ আস্তে ॥ ২০ ॥

যতঃ বিতলাৎ ভবয়োঃ (ভবস্য ভবান্যাঃ চ) বীর্য্যেণ হাটকী নাম সরিৎপ্রবরা প্রবৃত্তা ॥২১

শ্রীধরস্বামী।

হবলোক স্তেনানুরাগযুক্তং স্মিতং তেন সংলাপঃ উপগূহনঞ্চ তদাদিভিঃ ॥ ১৯ ॥

যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে ॥ ২০ ॥　　ভবয়োঃ ভবস্য ভবান্যাশ্চ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিলায়নং স্ববিলরূপমায়তনং সাধয়িত্বা স্বসম্ভোগসমর্থং কৃত্বা ॥ ১৯ ॥

যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে সতি ॥ ২০ ॥ ২১ ॥

রস সেবন করাইয়া আপনাদের সম্ভোগোপযোগী করিয়া লয়; পরে অসাধারণ বিলাসপূর্ণ দৃষ্টির নিক্ষেপে সানুরাগ হাস্য এবং সম্ভাষণ ও আলিঙ্গনাদির দ্বারা স্বেচ্ছানুরূপ ক্রীড়া করিয়া থাকে ॥ ১৯ ॥

সেই হাটকরস পান করিলে, পুরুষগণ আপনাকে অযুত মহাগজের তুল্য বলবিশিষ্ট ও ঈশ্বর-সদৃশ সিদ্ধজ্ঞানে একান্ত অভিমানী হয় এবং মদান্ধের ন্যায় সকলকে অবজ্ঞা করিয়া থাকে। অতলের নিম্নে বিতল নামে বিবর আছে। ভগবান্ হাটকেশ্বর মহাদেব স্বীয় পার্ষদ ভূতাদি প্রমথগণে পরিবৃত হইয়া, প্রজাপতির সৃষ্টিবৃদ্ধির কামনায় ভবানীসহ একত্রে তথায় অবস্থান করিতেছেন ॥ ২০ ॥

হে নরেন্দ্র! এই বিতল নামক ভূগহ্বর হইতে ভব ও ভবানীর বীর্য্যে হাটকী নাম্নী নদী সমুৎপন্না হইয়াছে ॥ ২১ ॥

কোন সময়ে চিত্রভানু নামে হুতাশন বায়ুবেগে পরিবর্দ্ধিত হইয়া যখন

যত্তচ্চিত্রভানু র্মাতরিশ্বনা সমিধ্যমান ওজসা পিবতি। তন্নিষ্ঠ্যূতং হাটকাখ্যং সুবর্ণং ভূষণেনাসুরেন্দ্রাবরোধেষু পুরুষাঃ সহ পুরুষীভি র্ধারয়ন্তি॥ ২২॥

ততোঽধস্তাৎ সুতল উদারশ্রবাঃ পুণ্যশ্লোকো বিরোচনাত্মজো বলির্ভগবতা মহেন্দ্রস্য প্রিয়ং চিকীর্ষমাণেনাদিতের্লব্ধকায়ো ভূত্বা বটুবামন-রূপেণ পরাক্ষিপ্তলোকত্রয়ো ভগবদনুকম্পয়ৈব পুনঃ প্রবেশিত ইন্দ্রাদিষ্ববিদ্যমানয়া সুসমৃদ্ধয়া শ্রিয়াঽভিজুষ্টঃ স্বধর্ম্মেণারাধয়ংস্তমেব ভগবন্তমারাধনীয়মপগতসাধ্বস আস্তেঽধুনাপি॥ ২৩॥

অন্বয়ঃ।

ও তমোগুণের ইতরবিশেষে কর্ম্মকর্ত্তা ত্রিবিধ হওয়ায়, শ্রদ্ধারও বৈচিত্র্য ঘটে; সুতরাং কর্ম্মসমূহের ফলও বিভিন্ন প্রকার হইয়া পড়ে। অর্থাৎ সাত্ত্বিকী শ্রদ্ধার দ্বারা কর্ত্তা সুখী, রাজসী শ্রদ্ধাবলে কর্ত্তা সুখী ও দুঃখী এবং তামসী শ্রদ্ধার প্রভাবে দুঃখী এবং মূঢ়ের ন্যায় কর্ত্তা ভোগ করিয়া থাকে ॥ ২ ॥

ধর্ম্মের বৈপরীত্যে যাহারা অধর্ম্মেরই অনুষ্ঠান করে, তাদৃশ নিষিদ্ধাচারী কর্ত্তারও শ্রদ্ধার তারতম্যে কর্ম্মফল দুঃখেরও তারতম্য হইয়া থাকে ॥ ৩ ॥

আভাস।

বিসদৃশ শ্রদ্ধার নিমিত্ত ফলেরও বৈচিত্র্য ঘটিয়া থাকে। কারণ সৃষ্ট বস্তুমাত্রেই যখন ত্রিগুণময়, তখন গুণের তারতম্যে শ্রদ্ধার ও তারতম্য ঘটিয়া থাকে। অর্থাৎ সাত্ত্বিক শ্রদ্ধার দ্বারা ধর্ম্মেরই সঞ্চয় হয় এবং তৎপ্রভাবে কর্ত্তার সুখোৎপত্তি ঘটে। রাজসী শ্রদ্ধার দ্বারা ধর্ম্ম এবং অধর্ম্ম এই উভয়েরই সঞ্চয় হয়; সুতরাং কর্ত্তাকে সুখ এবং দুঃখ এই উভয়ই ভোগ করিতে হয়। তামসী শ্রদ্ধার দ্বারা কেবল অধর্ম্মেরই উদয় হয়; সুতরাং তৎপ্রভাবে জীবকে দুঃখ এবং মোহই ভোগ করিতে হয়; সন্দেহ নাই। সকলে কিছু সর্ব্বদা একরূপ শ্রদ্ধাবিশিষ্ট হইয়া অবস্থান করিতে পারে না; কাল ও অবস্থা ভেদে সর্ব্ববিধ শ্রদ্ধারই বশীভূত যখন প্রায় সকলকেই হইতে হয়, তখন সকল প্রকারেরই গতি প্রায় সকলকেই ভোগ করিতে হয় ॥ ২ ॥

তন্মধ্যে বেদবিহিত ধর্ম্মকর্ম্মের ফলভূত বিলস্বর্গাদির সুখভোগের ব্যাপার পূর্ব্বেই বর্ণন করা হইয়াছে; এক্ষণে শাস্ত্রের প্রতি দৃষ্টি না করায়, যথেচ্ছ আচরণে উৎপন্ন অধর্ম্মের

যা হ্যনাদ্যবিদ্যাকৃত-কামানাং তৎপরিণামলক্ষণাঃ সৃতয়ঃ সহস্রশঃ প্রবৃত্তা-স্তাসাং প্রাচুর্য্যেণানুবর্ণয়িষ্যামঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অতঃ হি অনাদ্যবিদ্যয়া দেহাদৌ অহংমমাধ্যাসেন কৃতকামানাং কৃতমনোরথানাং, পুংসাং সম্বন্ধিন্যঃ তৎপরিণামলক্ষণাঃ অধর্ম্মফলভূতাঃ সৃতয়ঃ নরকাঃ সহস্রশঃ প্রবৃত্তাঃ পরমেশ্বরেণ বিরচিতাঃ সন্তি তাসাং মধ্যে প্রাচুর্য্যেণ বাহুল্যেন, কাশ্চিৎ প্রধানাঃ ইদানীং বর্ণয়িষ্যামঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

তত্রাপি কারণং দর্শয়ন্নাহ। অনাদ্যবিদ্যাকৃতানাং কামানাং সৃতয়ো নরকগতয়স্তাসাং তাঃ। অথেদানীং তাঃ প্রাচুর্য্যেণানুবর্ণয়িষ্যাম ইত্যন্বয়ঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কারণং দর্শয়ন্নাহ যা ইতি অনাদ্যবিদ্যাসম্বন্ধো জীবস্য কদা কথং বেতি বক্তুমশক্তেঃ অনাদির্যা তমআদি ত্রৈবিধ্যময়ী অবিদ্যা তয়া কৃতানাং জীবসম্বন্ধিত্বেনোপপাদিতানাং কামানাং বাসনানাং যাঃ সৃতয়ঃ কীদৃশ্য স্তেষাং কামানাং পরিণামলক্ষণাঃ তাসাং মধ্যে প্রাচুর্য্যেণ নরকানিতি শেষঃ ॥ ৩ ॥ ৪ ॥

অতএব অনাদি অবিদ্যার প্রভাবে দেহ গেহাদিতে অহং মমতার অনুরোধে মানবগণ কায়মনোবাক্যের দ্বারা যে সকল অধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করে, ভগবান্ তাহার ফলস্বরূপে সহস্র প্রকারের নরক সৃজন করিয়া রাখিয়াছেন। তন্মধ্যে প্রধান প্রধান কতকগুলির বিষয় আমি সম্প্রতি বর্ণন করিতেছি, শ্রবণ কর। ॥ ৪ ॥

রাজা বলিলেন, হে ভগবন্! আপনি সকল বিষয়ই অবগত আছেন। অতএব জিজ্ঞাসা করি! নরক বলিয়া কি কোন দেশ আছে? অথবা দুঃখের অনুভব করাই নরক? সুতরাং তাহা হইলে সর্ব্বলোকেই নরক আছে? বলিয়া অবশ্য

আভাস।

ফলভূত ভোগসমূহের স্থান ও ব্যাপার এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে। শাস্ত্রে নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠানে যেমন অধর্ম্মের উদয় হয়, তাদৃশ কর্ম্মের কর্ত্তাকেও পূর্ব্বের ন্যায় শ্রদ্ধার তারতম্যে বিসদৃশ ফল ভোগ করিতে হয়, সন্দেহ নাই। শাস্ত্রে নিষেধের বিষয় অবগত হইয়াও, প্রমাদ বশত নিষেধ না মানিয়া, যদি তাদৃশ কর্ম্ম করা যায়, তবে প্রমাদের অনুরোধে তমোগুণের অল্পতা স্বীকার করিতে হইবে। প্রমাদ ব্যতীত, ইচ্ছা করিয়া যদি তাদৃশ কর্ম্ম করা হয়, তাহা হইলে দোষের মধ্যমত্ব স্বীকার করিতে হইবে এবং নাস্তিকতা বশত শাস্ত্রকে উপেক্ষা করিয়াই নিরন্তর যদি নিষিদ্ধ কার্য্য করা হয়, তাহা হইলে মোহের পূর্ণত্ব স্বীকার করিতে হইবে। অতএব তাদৃশ কর্ম্ম ফলের পরিণামস্বরূপ সহস্র প্রকারের নরক আছে, বলিয়া গ্রন্থকার বর্ণন করিয়াছেন। ৩ ॥ ৪ ॥

রাজোবাচ ॥

নরকা নাম ভগবন্ কিং দেশবিশেষা অথবা বহিস্ত্রিলোক্যা আহো স্বিদন্তরাল ইতি ॥

ঋষিরুবাচ ॥

অন্তরাল এব ত্রিজগত্যাস্তু দিশি দক্ষিণস্যামধস্তাদ্ভূমেরুপরিষ্টাচ্চ জলাৎ যস্যামগ্নিষ্বাত্তাদয়ঃ পিতৃগণা দিশি স্বানাং গোত্রাণাং পরমেণ সমাধিনা সত্যা এব আশিষ আশাসানা নিবসন্তি ॥ ৫ ॥

অন্বয়ঃ।

রাজোবাচ। হে ভগবন্ সর্ব্বজ্ঞ! নরকাঃ নাম কিং দেশবিশেষাঃ অথবা দুঃখানুভবলক্ষণাঃ ভাববিশেষাঃ সর্ব্বত্রৈব তে সন্তি। উত কিং তে ত্রিলোক্যাঃ বহিঃ সন্তি অহোস্বিৎ তদন্তরালে মধ্যে ইতি ॥

ঋষিঃ উবাচ। ত্রিজগত্যাঃ ত্রিলোক্যাঃ তু অন্তরালে মধ্যে, এব তে সন্তি। ভারতবর্ষাপেক্ষয়া দক্ষিণস্যাং দিশি, ভূমেঃ পাতালাৎ, অধস্তাৎ জলাৎ গর্ভোদকসংজ্ঞকাৎ উপরিষ্টাৎ যত্রিংশৎ সহস্র-যোজনান্তরালং উক্তং তন্মধ্যে এব। যস্যাং দিশি অগ্নিষ্বাত্তাদয়ঃ পিতৃগণাঃ পরমেণ সমাধিনা ভগবন্তং ধ্যায়ন্তঃ ততঃ স্বানাং গোত্রানাং প্রাণিনাং সত্যাঃ আশিষঃ কামভোগান্, আশাসানাঃ নিবসন্তি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী

কিং ভূমাবেব দেশবিশেষা স্ত্রিলোক্যা ব্রহ্মাণ্ডাদ্বহির্ব্বা আবরণেষু মধ্যে অন্তরালে বা ভূমিব্যতিরিক্তে ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূমেঃ সপ্ত পাতালবত্যা অধঃ। জলাদ্গর্ভোদাৎ ॥ ৫ ॥

স্বীকার করিতে হইবে। কিন্তু যদি কোন বিশেষ স্থান বলিয়া স্বীকার করা যায়, তবে তাহা ত্রিলোকের বাহিরে বা তন্মধ্যে, তাহা বর্ণন করুন্! ॥

মহাযোগী শুকদেব বলিলেন যে, ত্রিলোকের মধ্যেই নরক আছে, বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। তবে ভারতবর্ষের দক্ষিণ দিকে পাতালের নিম্নে অথচ গর্ভোদক সংজ্ঞক বারির উপর যে ত্রিংশৎ যোজন পরিমিত অবসর আছে, ইহার অন্তরেই নরকের স্থান নির্ণীত হইয়াছে। সেই দিকে অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ পরমসমাধি অবলম্বনে পরমপুরুষ ভগবানের নিরন্তর ধ্যান করত স্বীয় গোত্রস্থ প্রাণি-সমূহের শুভ কামভোগ প্রদান পূর্ব্বক বাস করিতেছেন ॥ ৫ ॥

যে স্থানে পিতৃগণের অগ্রগণনীয় দিবাকর-নন্দন ভগবান্ যম ভগবন্নিয়মের

যত্র হ বাব ভগবান্ পিতৃরাজো বৈবস্বতঃ স্ববিষয়ং প্রাপিতেষু যথাকর্ম্মাবদ্যং দোষমেবানুল্লঙ্ঘিত-ভগবচ্ছাসনঃ সগণো দমং ধারয়তি। তত্র হৈকে নরকানেকবিংশতিং গণয়ন্তি। অথ তাংস্তে রাজন্নাম-রূপ-লক্ষণতোঽনুক্রমিষ্যামঃ। তামিস্রোঽন্ধতামিস্রো রৌরবো মহারৌরবঃ কুম্ভীপাকঃ কালসূত্রমসিপত্রবনং শূকরমুখমন্ধকূপঃ কৃমিভোজনঃ সংদংশ স্তপ্তশূর্ম্মি র্বজ্রকণ্টক-শাল্মলী বৈতরণী পূয়োদঃ প্রাণরোধো বিশসনং লালাভক্ষঃ সারমেয়াদনমবীচি-রয়ঃপানমিতি ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বৈবস্বতঃ সূর্য্যপুত্রঃ, পিতৃরাজঃ ভগবান্ যমঃ পরেতেষু মৃতেষু, স্ববিষয়ং স্বদেশং দণ্ডস্থানং, প্রাপিতেষু জন্তুষু যথাকর্ম্মাবদ্যং কর্ম্মজন্যং পাপং অনতিক্রম্য দোষং তৎফলরূপং দুঃখং এব দমং দণ্ডং অনুল্লঙ্ঘিতভগবচ্ছাসনঃ (অনুল্লঙ্ঘিতং ভগবচ্ছাসনং যেন তথাবিধঃ) সগণঃ এব ধারয়তি। একাবিংশতিং এব নরকান্ কেচিৎ গণয়ন্তি। অথ তান্ শৃণু তামিস্রঃ ইত্যাদি ॥৬॥

শ্রীধরস্বামী।

কর্ম্মদোষমনতিক্রম্য দোষমেব দমং পাপফলং দণ্ডং করোতি অনুল্লঙ্ঘিতং ভগবৎশাসনং যেন ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ববিষয়ং স্বদেশং। কর্ম্মাবদ্যং কর্ম্মদোষং অনতিক্রম্য। দোষং দমং দণ্ডং। তাদৃশ্যা বিভীষিকয়াপি জীবান্ ভগবত্তোঽন্তর্মুখী কর্ত্তুমিতি ভাবঃ ॥

তামিস্রাদয়ঃ একবিংশতি নরকাঃ ॥ ৬ ॥

একান্ত বশবর্ত্তী থাকিয়া, পঞ্চত্ব প্রাপ্ত প্রাণিগণ স্ব স্ব কর্ম্মানুসারে ফল ভোগার্থ যমরাজ্যে উপস্থিত হইলে, তিনি স্বকীয় কিঙ্কর সহ তাহাদিগকে উপযুক্তরূপ দণ্ডের বিধান করিয়া থাকেন। এই স্থানেই নরকসমূহ আছে। কেহ কেহ নরকের সংখ্যা একবিংশতি বলিয়া উল্লেখ করেন। তাহাদের নাম, রূপ ও লক্ষণের উল্লেখে আমি যথাক্রমে বর্ণন করিতেছি, শ্রবণ করুন্। এই একবিংশতি প্রকার নরকের নাম যথা;—তামিস্র, অন্ধতামিস্র, রৌরব, মহারৌরব, কুম্ভীপাক, কালসূত্র, অসিপত্রবন, শূকর-মুখ, অন্ধকূপ, কৃমি-ভোজন, সংদংশ, তপ্তশূর্ম্মি, বজ্র-কণ্টক-শাল্মলী, বৈতরণী, পূয়োদ, প্রাণ-রোধ, বিশসন, লালাভক্ষ, সারমেয়াদন, অবীচি ও অয়ঃপান ॥ ৬ ॥

এতদ্ব্যতীত ক্ষার-কর্দ্দম, রক্ষোগণ-ভোজন, শূলপ্রোত, দন্দশূক, অবট-নিরোধন, পর্য্যাবর্ত্তন এবং সূচীমুখ নামক অপর সাতটী নরকের উল্লেখে সর্ব্বসমেত অষ্টাবিংশতি নরক বলিয়া কেহ কেহ বর্ণন করিয়া থাকেন। এই

কিঞ্চ ক্ষারকর্দ্দমো রক্ষোগণভোজনঃ শূলপ্রোতো দন্দশূকোঽবটনিরোধনঃ পর্য্যাবর্ত্তনঃ শূচীমুখমিত্যষ্টাবিংশতি নরকা বিবিধযাতনাভূময়ঃ ॥ ৭ ॥

তত্র যস্তু পরবিত্তাপত্যকলত্রাণ্যপহরতি সহি কালপাশবদ্ধো যমপুরুষৈরতি-ভয়ানকৈ স্তামিস্রে নরকে বলান্নিপাত্যতে ॥ ৮ ॥

অনশনানুদপান-দণ্ডতাড়ন-সংতর্জনাদিভি র্যাতনাভি র্যাত্যমানো জন্তু র্যত্র কশ্মলমাসাদিত একদৈব মুর্চ্ছামুপযাতি তামিস্রপ্রায়ে॥ ৯ ॥

অন্বয়ঃ।

মতান্তরেণ পূর্ব্বৈঃ মিলিতান্ অষ্টাবিংশতিং আহ ॥ ৭ ॥

পাপভেদেন তত্তন্নরক-যাতনা-ভেদং প্রপঞ্চয়তি। যঃ পরবিত্তাপত্য-কলত্রাণি হরতি সঃ যমদূতৈঃ পাশবদ্ধঃ তামিস্রে নরকে নিপাত্যতে ॥ ৮ ॥

অনশনানুদপান-তাড়নাদিভিঃ যাতনাভিঃ যাত্যমানঃ পীড্যমানঃ, জন্তুঃ যত্র তামিস্রপ্রায়ে অন্ধকার-বাহুল্যে স্থানে কশ্মলং বহু দুঃখং অসাদিতঃ প্রাপিতঃ সন্ একদৈব মূর্চ্ছাং উপযাতি প্রাপ্নোতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মতান্তরেণ অষ্টাবিংশতিমাহ কিঞ্চেতি ॥ ৭ ॥

পাপভেদেন তত্তন্নরকযাতনাভেদং প্রপঞ্চয়তি যস্ত্বিত্যাদিনা ॥ ৮ ॥

যাত্যমানঃ পীড্যমানঃ একদৈব তদৈব ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতান্তরেণ পূর্ব্বৈ র্মিলিতানষ্টাবিংশতিমাহ কিঞ্চেতি ॥ ৭॥ ৮ ॥

যাত্যমানঃ পীড্যমানঃ তামিস্রপ্রায়েঽন্ধকারবহুলে ॥ ৯ ॥

সকল নরকে পতিত হইয়া প্রাণিগণ বিবিধ যাতনা ভোগ করিয়া থাকে ॥ ৭ ॥

হে নরেন্দ্র ! স্বানুষ্ঠিত পাপ অনুসারে যে প্রাণীর যে নরকে গমন করিতে হয়, তাহার বিষয় আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি, শ্রবণ করুন্ ! যে ব্যক্তি অন্যের ধন, পর-বধূ বা পর-পুত্র হরণ করে, বিকটমূর্ত্তি যমকিঙ্করগণ তাহাকে বিষম কালপাশে বন্ধন করত, তীব্রবেগে তামিস্র নরকে পাতিত করে ॥ ৮ ॥

ঐ নরক অতিশয় অন্ধকারাচ্ছন্ন ; এই নরকে নিপতিত হইয়া, পান ও ভোজনের অভাবে এবং ভীষণ দণ্ড ও তীব্র তাড়নার যাতনায় পাপিগণ একান্ত অবসন্ন হইয়া পড়ে ; এমন কি ! সময়ে সময়ে মূর্চ্ছাপন্ন হইতে থাকে ॥ ৯ ॥

যে ব্যক্তি পতিকে বঞ্চনা করিয়া তাহার বনিতাদি উপভোগ করে, সে দুরাত্মা অন্ধতামিস্র নরকে নিপাতিত হয়। বৃক্ষকে ভূপাতিত করিবার নিমিত্ত লোকে যেমন তাহার মূলদেশ কর্ত্তন করে, সেইরূপ যমকিঙ্করগণ ঐ

এবমেবান্ধতামিস্রে যস্তু বঞ্চিত্বা পুরুষং দারাদীনুপযুঙ্‌ক্তে। যত্র শরীরী নিপাত্যমানো যাতনাস্থো বেদনয়া নষ্টমতির্নষ্টদৃষ্টিশ্চ ভবতি। যথাহি বনস্পতির্বৃশ্চ্যমানমূল স্তস্মাদন্ধতামিস্রং তমুপদিশন্তি ॥ ১০ ॥

যস্ত্বিহ বা এতদহমিতি ভূতদ্রোহেণ কেবলং স্বকুটুম্বমেবানুদিনং প্রপুষ্ণাতি স তদিহ বিহায় স্বয়মেব তদশুভেন রৌরবে নিপততি ॥ ১১ ॥

অন্বয়ঃ।

যস্তু পুরুষং স্বামিনং, বঞ্চয়িত্বা তদ্দারাদীন্‌ উপভুঙ্‌ক্তে সঃ এবং এব বৃশ্চ্যমানমূলঃ বৃক্ষঃ ইব ছিন্নমূলঃ। অন্ধতামিস্রে নরকে বলাৎ নিপাত্যতে ॥ ১০ ॥

এতচ্ছরীরং অহমিতি ইদং ধনাপত্যকলত্রাদি মম ইতি মত্বা যস্তু প্রাণিদ্রোহেণ কেবলং স্বস্য কুটুম্বং এব অনুদিনং প্রপুষ্ণাতি সঃ তদ্দেহং কুটুম্বং চ ইহ বিহায় তদশুভেন প্রাণি-দ্রোহ-জনিত-পাপেন রৌরবে নিপততি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

পুরুষং পতিং বঞ্চয়িত্বা ॥ ১০ ॥

এতচ্ছরীরমহমিতি ইদং ধনাদি মমেতি মত্বা স্বঞ্চ কুটুম্বমেবচ পুষ্ণাতি তেনাশুভেন ॥ ১১

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

পুরুষং পতিং ॥ ১০ ॥

এতচ্ছরীরমহমিতি ইদং ধনাদিকং মমেতি মত্বা ভূতদ্রোহেণেতি। ভূতদ্রোহং বিনা তু কেবলাহংমমকারাভ্যাং ন রৌরবে নিপততীতি বুদ্ধ্যতে ॥ ১১ ॥

পাপাত্মাকে বিবিধ যাতনা প্রদানে বিহ্বল করত ঐ নরককুণ্ডে নিপাতিত করে। জীব নরকে পতিত হইয়া, বিবিধ যাতনা ভোগে এতই অভিভূত হয় যে, তৎকালে তাহার মতিভ্রংশ হইয়া পড়ে; জ্ঞান বিলুপ্ত হইয়া যায়; এই নিমিত্ত ঋষিগণ ঐ নরককে অন্ধতামিস্র নামে অভিহিত করিয়াছেন ॥ ১০ ॥

যে ব্যক্তি দেহকেই আত্মা বলিয়া জ্ঞান করত, দেহের তুষ্টি ও পুষ্টির অনুরোধে অন্য জীবের প্রতি অত্যাচার করে এবং স্বীয় দেহ ও পুত্র কলত্রাদি কুটুম্ববর্গেরই নিরন্তর ভরণ পোষণ করিয়া থাকে, সে কালক্রমে সেই প্রিয় দেহ ও কুটুম্ববর্গকে চিরজীবনের মত পরিত্যাগ করত, ভূতদ্রোহ-নিবন্ধন ভীষণ পাপের প্রভাবে নিজে রৌরব নরকে পতিত হইয়া থাকে ॥ ১১ ॥

ইহলোকে মানব স্বার্থের অনুরোধে যে সকল প্রাণীর প্রতি যেরূপে অত্যাচার করে, মৃত্যুর পর নরককুণ্ডে তাহার যমযাতনা-ভোগকালে ঐ সকল প্রাণী প্রচণ্ড রুরুবেশে তথায় উপস্থিত হইয়া, তাহার প্রতি অনুরূপ অত্যাচারে নারকীকে অত্যন্ত যন্ত্রণা প্রদান করিতে থাকে। হে নরনাথ! মনুষ্যযোনিতে

যে ত্বিহ যথৈবামুনা বিহিংসিতা জন্তবঃ পরত্র যমযাতনা উপগতং তএব রুরবো ভূত্বা তথা তমেব হিংসন্তি তস্মাদ্রৌরবমিত্যাহুঃ ॥ ১২ ॥

রুরুরিতি সর্পাদতিক্রূরসত্ত্বাপদেশঃ ॥ ১৩ ॥

এবমেব মহারৌরবো যত্র নিপতিতং পুরুষং ক্রব্যাদা নাম রুরব স্তং ক্রব্যেণ ঘাতয়ন্তি যঃ কেবলং দেহম্ভরঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অমুনা যে যথৈব বিহিংসিতাঃ তে রুরবঃ ভূত্বা পরত্র যমযাতনাঃ উপগতং তং তথা স্বহিংসানুসারেণ হিংসন্তি ॥ ১২ ॥

রুরুঃ ইতি সর্পাৎ অপি অতিক্রূরস্য সত্ত্বস্য প্রাণিবিশেষস্য অপদেশঃ সংজ্ঞা ॥ ১৩ ॥

যঃ প্রাণিদ্রোহেণ কেবলং দেহম্ভরঃ স্বদেহপোষণপরঃ মহারৌরবে পতিতং তং ক্রব্যাদাঃ ক্রব্যেণ মাংসনিমিত্তেন তং ঘাতয়ন্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

রুরবো ভূত্বা ইতি কর্ম্মাণ্যেব তথা পরিণামং প্রাপ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

অতিক্রূরস্য ভারশৃঙ্গাখ্যস্য সত্ত্বস্য অপদেশঃ সংজ্ঞা ॥ ১৩ ॥

ক্রব্যেণ নিমিত্তেন মাংসাথমিত্যর্থঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রুরবো ভূত্বেতি কর্ম্মাণ্যেব তথা পরিণামং প্রাপ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

অতিক্রূরস্য ভারশৃঙ্গাখ্যসত্ত্বস্য অপদেশঃ সংজ্ঞেতি শ্রীস্বামিচরণাঃ। রুরুশব্দস্য স্বয়ং মুনিনৈব টীকাবিধানাল্লোকেষপ্রসিদ্ধ এবায়মিতি সন্দর্ভঃ ॥ ১৩ ॥

কৃত হিংসাকর্ম্ম সকল ভীষণ রবকারী রুরু নামক দৈত্যরূপ ধারণে নরকে উপস্থিত হইয়া, নারকীর প্রতি পূর্ব্বকৃত হিংসার প্রতিশোধ প্রদান করে ; সেই নিমিত্তই ইহাকে রৌরব নামে অভিহিত করা যায় ॥ ১২ ॥

কালসর্পাপেক্ষাও অতি ক্রূরতম ভারশৃঙ্গ নামে একপ্রকার প্রাণী আছে, তাহারাই রুরুনামে অভিহিত হয় ॥ ১৩ ॥

যে ব্যক্তি এই জীবনে প্রাণিগণের প্রতি হিংসাচরণে কেবল স্বীয় দেহেরই পুষ্টি ও তুষ্টি সাধন করে, সেই এই মহারৌরবে নিপাতিত হয়। তথায় ক্রব্যাদ নামে রুরুগণ তাহার মাংস গ্রহণার্থ বিবিধ যাতনা পাপীকে প্রদান করিয়া থাকে ॥ ১৪ ॥

যে মানব নিরতিশয় কঠোর-হৃদয় হইয়া স্বীয় প্রাণপোষণার্থ পশু পক্ষীকে সজীব অবস্থাতেই রন্ধন করিয়া ভোজন করে, সে নরাধম অতি নির্দ্দয় বলিয়া পরিগণিত হয়। এমন কি! রাক্ষসেরাও তাহাকে নিন্দা করিয়া থাকে।

যস্ত্বিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণো বা প্রাণত উপরন্ধয়তি ॥ ১৫ ॥

তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতমমুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়ন্তি ॥ ১৬ ॥

যস্ত্বিহ ব্রহ্মধ্রুক্ স কালসূত্রসংজ্ঞকে নরকেঽযুতযোজন-পরিমণ্ডলে তাম্রময়ে তপ্তে খলে উপর্য্যধস্তাদগ্ন্যর্কাভ্যামভিতপ্যমানেঽভিনিবেশিতঃ ক্ষুৎপিপাসাভ্যাং দহ্যমানান্তর্ব্বহিঃশরীর আস্তে শেতে চেষ্টতেঽবতিষ্ঠতে পরিধাবতি চ যাবন্তি পশুরোমাণি তাবদ্বর্ষ-সহস্রাণি ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

উগ্রঃ ক্রূরস্বভাবঃ যঃ প্রাণতঃ সজীবান্, পশূন্ পক্ষিণঃ বা উপরন্ধয়তি অপকরুণং নিষ্কৃপং তং তপ্ততৈলে উপরন্ধয়তি ॥ ১৫ ॥ ১৬ ॥

ব্রহ্মধ্রুক্ তাম্রময়ে তপ্তে খলে সমে দেশে, দহ্যমানঃ সন্ তাবৎ বর্ষ-সহস্রাণি আস্তে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

প্রাণপুষ্ট্যর্থং উপরন্ধয়তি পচতি ॥ ১৫ ॥ অপকরুণং নিষ্কৃপং ॥ ১৬ ॥

খলে সমে দেশে ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রব্যেণ নিমিত্তেন মাংসার্থমিত্যর্থঃ। কেবলমিতি ভূতদ্রোহেণেতি শেষঃ ॥ ১৪ ॥ ১৫ ॥

প্রাণত উপরন্ধয়তি সপ্রাণান্ পচতীত্যর্থঃ ॥ ১৬ ॥

পূর্ব্বোক্ত কর্ম্মদোষে যমালয়ে গমন করিলে, যম-কিঙ্করগণ তাহাকে কুম্ভপাক নরকে নিপাতিত করিয়া, তপ্ততৈলে পরিপাচিত করিতে থাকে। ১৫ ॥ ১৬ ॥

যে ব্যক্তি ব্রাহ্মণের বিদ্রোহাচরণ করে, সে কালসূত্র নামক নরকে নিক্ষিপ্ত হয়। ঐ নরক তাম্রময় অতি উষ্ণ অযুত যোজন বিস্তৃত সমতল ভূমি। ব্রাহ্মণদ্বেষী ঐ নরকে স্থাপিত হইয়া, উপরে প্রচণ্ড মার্ত্তণ্ড এবং নিম্নে কালানল সদৃশ বিষম অগ্নির প্রচণ্ড উত্তাপে নিরন্তর সন্তাপিত হইতে থাকে। ক্ষুধা ও পিপাসায় তাহার দেহের অন্তরবাহ্য ভাগ সতত পরিদগ্ধ হইতে থাকে। ঐরূপ যাতনায় পীড়িত হইয়া, নারকী কখন শয়ন, কখন উপবেশন, কখন দণ্ডায়মান, কখন বা ইতস্ততঃ ধাবিত হইয়া বেড়ায়। অহো! পশুর দেহে যত সংখ্যক লোম আছে, তত সহস্র বর্ষ তাহাকে ঐরূপ যাতনা ভোগ করিতে হয়। ইহাতে তাহার ভোগ কাল নিরূপণ করা বড়ই দুঃসাধ্য ॥ ১৭ ॥

যে ব্যক্তি আপদ্‌কাল উপস্থিত না হইলেও, নিজ বেদমার্গকে উল্লঙ্ঘন পূর্ব্বক পাষণ্ড ধর্ম্মের অনুষ্ঠান করে, দুর্দ্দান্ত যমানুচরেরা তাহাকে অসিপত্রবন নরকে নিক্ষেপ করত সর্ব্বদা কশাঘাত করিয়া থাকে। প্রহারের ক্লেশে

যস্ত্বিহ বৈ নিজবেদপথাদনাপদ্যপগতঃ পাষণ্ডঞ্চোপগত স্তমসিপত্রবনং প্রবেশ্য কশয়া প্রহরন্তি তত্র হাসাবিতস্ততো ধাবমান উভয়তো ধারৈস্তাল-বনাসিপত্রৈ শ্ছিদ্যমান-সর্ব্বাঙ্গো হা হতোঽস্মীতি পরময়া বেদনয়া মূর্চ্ছিতঃ পদে পদে নিপততি স্বধর্ম্মহা পাষণ্ডানুগমন-ফলং ভুঙ্ক্তে। যস্ত্বিহ বৈ রাজা রাজপুরুষো বাঽদণ্ড্যে দণ্ডং প্রণয়তি ব্রাহ্মণে বা শরীরদণ্ডং স পাপীয়ান্নরকে-ঽমুত্র শূকরমুখে নিপততি ॥ ১৮ ॥

তত্রাতিবলৈ র্নিষ্পিষ্যমাণাবয়বো যথৈবেহেক্ষুদণ্ড আর্ত্তস্বরেণ স্বনয়ন্ ক্বচিন্মূর্চ্ছিতঃ কশ্মলমুপগতো যথৈবেহাদৃষ্টদোষা উপরুদ্ধাঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

যঃ তু অনাপদি অপি নিজবেদমার্গাৎ অপগতঃ পাষণ্ডং আচারং আশ্রিতঃ তং অসিপত্রবনং প্রবেশ্য যমকিঙ্করাঃ কশয়া প্রহরন্তি; তত্র পাপী অসিপত্রৈঃ ছিদ্যমানসর্ব্বাঙ্গঃ হাহতোঽস্মীতি মূর্চ্ছিতঃ পদে পদে নিপততি॥

যঃ রাজা বা রাজপুরুষঃ বা অদণ্ড্যে দণ্ডানর্হে, দণ্ডং ব্রাহ্মণে বা শরীরদণ্ডং করোতি সঃ শূকরমুখে নিপততি। তত্র ইক্ষুদণ্ডঃ ইব নিষ্পিষ্যমানাবয়বঃ ক্বচিৎ মূর্চ্ছিতঃ কশ্মলং যাতি। যথৈব বেদনয়া ইহ রাজপুরুষৈঃ অদৃষ্টদোষাঃ অদণ্ড্যাঃ উপরুদ্ধাঃ অতঃ তে অপি মূর্চ্ছিতাঃ তথা ॥১৮॥১৯॥

শ্রীধরস্বামী।

স্বধর্ম্মহা স্বধর্ম্মত্যাগী ॥ ১৮ ॥

স্বনয়ন্ রুদন্ কশ্মলং মোহং উপগতো ভবতি। অদৃষ্টদোষা স্তেনোপরুদ্ধাঃ সন্তো যথা কশ্মলং উপগতা স্তদ্বৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

খলে সমে দেশে ॥১৭॥১৮॥ স্বনয়ন্ রুদন্ অদৃষ্টদোষা নির্দ্দোষা উপরুদ্ধা দণ্ডিতাঃ ॥১৯॥

প্রপীড়িত হইয়া যখন ইতস্ততঃ ধাবিত হইতে থাকে, তখন তত্রস্থ অসিতুল্য উভয় পার্শ্বে তীক্ষ্ণধারবিশিষ্ট তালপত্রে তাহার অঙ্গ প্রত্যঙ্গ নিঃশেষে নিকৃন্তিত হইতে থাকে। তখন হায়্! গেলাম্! মলাম্! বলিয়া উৎকট বেদনায় সে পদে পদে মূর্চ্ছিত ও পদস্খলিত হইতে থাকে। অহো! স্বীয় ধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক বেদবিরুদ্ধ পাষণ্ডের আচার অনুশীলনে মানবের এইরূপই ফল ভোগ হইয়া থাকে। যে রাজা অথবা রাজপুরুষ মিথ্যার আরোপে অদণ্ড্য ব্যক্তির প্রতি বিনা কারণে দণ্ডের ব্যবস্থা করেন, কিম্বা ব্রাহ্মণের উপর দেহদণ্ডের ব্যবস্থা করেন, তাঁহারা অতি পাপী বলিয়া পরিগণিত হন এবং তাঁহাদের সেই পাপের জন্য শূকরমুখ নামক নরকে তাঁহাদিগকে নিপতিত হইতে হয় ॥ ১৮ ॥

যস্ত্বিহ বৈ ভূতানামীশ্বর-কল্পিতবৃত্তীনামবিবিক্তপরব্যথানাং স্বয়ং পুরুষো-পকল্পিতবৃত্তি র্বিবিক্তপরব্যথো ব্যথামাচরতি স পরত্রান্ধকূপে তদভিদ্রোহেণ নিপততি ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যঃ তু ঈশ্বর-কল্পিত-বৃত্তীনাং ভূতানাং ব্যথাং করোতি সঃ অন্ধকূপে নিপততি তথা তত্র

শ্রীধরস্বামী।

ঈশ্বরেণ কল্পিতা মনুষ্য-রক্ত-পানাদি-লক্ষণা বৃত্তি র্যেষাং মৎকুণাদীনাং ন বিবিক্তা বিজ্ঞাতা পরব্যথা যৈরবিবেকিভি স্তেষাং। পুরুষেণ ব্রাহ্মণাদিস্বভাবেন বিধিনিষেধপূর্ব্বকমুপকল্পিতা বৃত্তির্যস্য। বিবিক্তা পরিজ্ঞাতা পরব্যথা যেন বিবেকিনা ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরেণ কল্পিতা মনুষ্য-রক্ত-পানাদি-লক্ষণা বৃত্তি র্যেষাং মৎকুণাদীনাং অবিবিক্তা ন জ্ঞাতা

লোকে যেমন রসনিষ্কাশার্থ ইক্ষুদণ্ডকে নিপীড়িত করিয়া থাকে, ঐ নরকে অতীব বলশালী যমপুরুষগণও সেইরূপ পাপবৃত্তির নিষ্কাশার্থ রাজা বা রাজ-পুরুষগণের দেহকে নিষ্করুণভাবে নিপীড়িত করিতে থাকে। তখন পাপিগণ কাতরকণ্ঠে রোদন করিতে থাকে; এবং নিরপরাধে নিগ্রহ করায়, নিরপরাধী যেমন পূর্ব্বে মূর্চ্ছিত ও অবসন্নপ্রায় হইয়াছিল, এক্ষণে ঐ পাপীগণও যাতনায় মূর্চ্ছিত এবং প্রতিক্ষণে অবসন্ন হইতে থাকে ॥ ১৯ ॥

সংসারে বিবেকী ও অবিবেকী ভেদে দুই জাতীয় জীব নয়নগোচর হইয়া থাকে; যাহারা ইষ্টানিষ্ট বা হিংসাহিংসের প্রতি লক্ষ্য না করিয়া, কেবল ভগবৎপ্রদর্শিত পন্থার অনুসরণে স্বীয় জীবিকা নির্ব্বাহ করে, তাহারা অবিবেকী প্রাণী; তাহারা আপনাদের ভোজন উপলক্ষে অন্যের ক্লেশ বা প্রাণবধ নিবন্ধন ব্যথার বিষয় ধারণা করিতে সমর্থ হয় না। যথা ব্যাঘ্র বা দংশ মশকাদি; সুতরাং ইহাদের ভোজন-নিবন্ধন ব্যাপারে কোন দোষ-স্পর্শ হইতে পারে না। কিন্তু আর এক জাতীয় জীব আছে, যাহাদের জীবনোপায় ঈশ্বর কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইলেও, স্বকীয় মনীষাবলে পরব্যথাদির বিচার পূর্ব্বক অন্যের অবাধে কার্য্য করিতে পারে। এই বিবেকসমর্থ ব্যক্তিগণ যদি অন্ধের ন্যায়, আপনাদের বৃত্তি-সঞ্চয়ার্থ পরব্যথাদির বিচার পরিত্যাগ করেন, বা বিবেকহীন জীবের বৃত্তি সংগ্রহে ব্যাঘাত করেন, অথবা তাহাদের নিগ্রহ করেন, তাহা হইলে মরণান্তে তাদৃশ ব্যক্তিকে অন্ধকূপে নিপতিত হইতে হয়, সন্দেহ নাই। ২০ ॥

তত্র হাসৌ তৈস্তৈর্জন্তুভিঃ পশু-মৃগ-পক্ষি-সরীসৃপ-মশক-যূকা-মৎকুণ-মক্ষিকাদিভির্যে কে চাভিদ্রুগ্ধাস্তৈঃ সর্ব্বতোঽভিদ্রুহ্যমাণস্তমসি বিহতনিদ্রা-নির্বৃতিরলব্ধাবস্থানঃ পরিক্রামতি যথা কুশরীরে জীবঃ ॥ ২১ ॥

যস্ত্বিহ বা অসংবিভজ্যাশ্নাতি যৎকিঞ্চনোপনতমনির্ম্মিত-পঞ্চযজ্ঞো বায়স-সংস্তুতঃ স পরত্র কৃমিভোজনে নরকাধমে নিপততি ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তৈঃ পীড্যমানঃ দুঃখং প্রাপ্নোতি ॥ ২০ ॥ ২১ ॥

যঃ তু অকৃত-পঞ্চ-মহাযজ্ঞঃ অসংবিভজ্য চ অশ্নাতি সঃ কৃমিভোজনে নরকে পততি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অভিদ্রুগ্ধা হিংসিতাঃ। বিহতা নিদ্রারূপা নির্বৃতির্যস্য। ন লব্ধমবস্থানং যেন সঃ। তমসি পরিক্রামতি ॥ ২১ ॥

যৎ কিঞ্চন ভক্ষ্যাদিকং উপনতং প্রাপ্তং তদসংবিভজ্য। ন নির্ম্মিতাঃ পঞ্চযজ্ঞা যেন অতএব বায়সৈঃ সংস্তুতঃ সমত্বেন বর্ণিতঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরেষাং ব্যথা যৈস্তেষাং পুরুষোপকল্পিতবৃত্তিরীশ্বরেণৈব বিহিতা নিষিদ্ধ-জীবিকঃ মনুষ্য-স্তান্বিজ্ঞাতান্যব্যথঃ ॥ ২০ ॥ ২১ ॥

যৎ কিঞ্চন ভক্ষ্যভোজ্যাদিকং উপনতং প্রাপ্তং তদসংবিভজ্য বায়সৈঃ সংস্তুতঃ সমতয়া বর্ণিতঃ, বায়সতুল্যো বর্ণিতঃ ॥ ২২ ॥

অজ্ঞানপূর্ণ অন্ধকূপে পতিত হইয়াও, তাঁহার নিস্তার নাই। জীবিত অবস্থায় যে যে প্রাণীর জীবিকায় ব্যাঘাত জন্মাইয়াছিলেন, পশু, মৃগ, পক্ষী, সরীসৃপ, মশক, যূক, মৎকুণ বা মক্ষিকাদি সেই সেই প্রাণী তখন সেই নরকে উপস্থিত হইয়া, পূর্ব্ব দ্রোহকারীর বিদ্রোহাচরণে সর্ব্বতোভাবে প্রবৃত্ত হয়। তখন সেই ঘোর অন্ধকারাচ্ছন্ন নরকে নিপতিত ব্যক্তি সামান্য কথঞ্চিৎ কালের জন্যও নিদ্রা বা নির্বৃতি লাভে সমর্থ না হইয়া, নিকৃষ্ট-দেহধারীর ন্যায় যন্ত্রণায় ইতস্ততঃ ভ্রমণ করিতে থাকে ॥ ২০ ॥

হে রাজন্! এই সংসার-ক্ষেত্রে যখন যে কোন ভক্ষ্য দ্রব্য পাওয়া যায়, সকলকে তাহা বণ্টন করিয়া ভোজন করাই কর্ত্তব্য। যে ব্যক্তি অন্যকে বণ্টন করিয়া না খায়, বা সংগৃহীত দ্রব্যের দ্বারা পঞ্চযজ্ঞের অনুষ্ঠান না করে, ঋষিগণ তাহাকে উচ্ছিষ্ট-ভোজী কাকতুল্য নিকৃষ্ট জ্ঞানে নিন্দা করিয়া থাকেন। ঐ ব্যক্তি দেহান্তে কৃমিভোজন নামক নিকৃষ্ট নরকে নিপতিত হয় ॥ ২২ ॥

অতএব যে ব্যক্তি ভোজন-সামগ্রী বিনা বণ্টনে একাকী সমস্ত ভোজন

তত্র শত সহস্র যোজনে কৃমিকুণ্ডে কৃমিভূতঃ স্বয়ং কৃমিভিরেব ভক্ষ্যমাণঃ কৃমিভোজনো যাবৎ তদপ্রত্তাপ্রহুতাদোঽনির্ব্বেশমাত্মানং যাতয়তি ॥ ২৩ ॥

যস্ত্বিহ বৈ স্তেয়েন বলাদ্বা হিরণ্যরত্নাদীনি ব্রাহ্মণস্যাপহরতি অন্যস্য বানাপদি পুরুষস্তমমুত্র রাজন্ যমপুরুষা অয়স্ময়ৈ রগ্নিপিণ্ডৈঃ সংদংশৈ স্ত্বচি নিষ্কুষন্তি। যস্ত্বিহ বা অগম্যাং স্ত্রিয়ং পুরুষো ঽগম্যং বা পুরুষং যোষিদভিগচ্ছতি ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

তত্র কৃমিকুণ্ডে স্বয়ং অপি কৃমিভোজনঃ কৃমীন্ এব ভুঞ্জমানঃ যাবৎ অসংবিভাগাদি-নিমিত্তং পাপং তাবৎ অনির্ব্বেশং অকৃতপ্রায়শ্চিতং, আত্মানং যাতয়তি পীড়য়তি। অপ্রত্তং অসম্বিভক্তং অপ্রহুতং চ অত্তি অতঃ ॥ ২৩ ॥

যস্তু পুরুষঃ অনাপদি স্তেয়েন বলাৎ বা অপহরতি তং লৌহময়ৈঃ অগ্নিপিণ্ডৈঃ সংদংশৈঃ ত্বচি নিষ্কুষন্তি ছিন্দন্তি। যঃ পুরুষঃ অগম্যাং স্ত্রিয়ং; যা যোষিৎ অগম্যং পুরুষং অভিগচ্ছতি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

কৃমিভোজনঃ কৃমীনেব ভুঞ্জানঃ যাবৎ তৎ যাবন্তি যোজনানি তৎ কৃমিকুণ্ডং তাবন্তি বর্ষাণি যাবদ্বা তৎপাপমিত্যর্থঃ। অপ্রত্তং অসংবিভক্তং অপ্রহুতঞ্চ অত্তীতি তথা সঃ অনির্ব্বেশং অকৃতপ্রায়শ্চিত্তং ॥ ২৩ ॥

নিষ্কুষন্তি ছিন্দন্তি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃমিভোজনঃ কৃমীনেব ভুঞ্জানঃ। অপ্রত্তং অসংবিভক্তং অপ্রহুতং চাত্তীতি তথা সঃ। তৎ পাপং যাবত্তাবদিত্যর্থঃ। অনির্ব্বেশমকৃতপ্রায়শ্চিত্তং ॥ ২৩ ॥

নিষ্কুষন্তি ছিন্দন্তি ॥ ২৪ ॥

করে এবং পঞ্চ যজ্ঞের বিষয় লক্ষ্য না করিয়া কার্য্য করে, যথাযথ প্রায়শ্চিত্তের অভাবে শত সহস্র যোজন বিস্তৃত কৃমিকুণ্ডে নিপতিত হইয়া, কৃমি হইয়া কৃমিভোজনেই প্রাণধারণ করিতে থাকে এবং স্বীয় দেহস্থ মাংসের দ্বারা কৃমিকুলের ক্ষুধার চরিতার্থতা সাধন করিতে থাকে। ২৩॥

যে ব্যক্তি চৌর্য্যবৃত্তির আশ্রয়ে বা বলের প্রকাশে ব্রাহ্মণের হিরণ্যরত্নাদি অপহরণ করে, অথবা বিপদে পতিত না হইয়াও অন্য জাতির ধনাদি অপহরণ করে, মরণান্তে যমপুরুষগণ তাহার গাত্রে অগ্নি-সদৃশ উত্তপ্ত লৌহ-পিণ্ড প্রবেশ করাইয়া দেয়; সাঁড়াশির আকর্ষণে তাহার গাত্রস্থ চর্ম্ম ছিন্ন ভিন্ন করিতে থাকে। যে ব্যক্তি অগম্যা স্ত্রীতে গমন করে বা যে নারী অগম্য পুরুষ-সহবাসে চরিতার্থ হয়—॥ ২৪ ॥

তাবমুত্র কশয়া তাড়য়ন্তস্তিগ্ময়া শূর্ম্ম্যা লোহময্যা পুরুষমালিঙ্গয়ন্তি স্ত্রিয়ঞ্চ পুরুষরূপয়া শূর্ম্ম্যা ॥ ২৫ ॥

যস্ত্বিহ বৈ সর্ব্বাভিগম স্তমমুত্র নিরয়ে বর্ত্তমানং বজ্রকণ্টকশাল্মলীমারোপ্য নিষ্কর্ষন্তি ॥ ২৬ ॥

যে ত্বিহ বৈ রাজন্যা রাজপুরুষা বা অপাষণ্ডা ধর্ম্মসেতূন্ ভিন্দন্তি তে সংপরেত্য বৈতরণ্যাং নিপতন্তি ভিন্নমর্য্যাদা স্তস্যাং নিরয়-পরিখাভূতায়াং নদ্যাং যাদোগণৈরিতস্ততো ভক্ষ্যমাণা আত্মনা ন বিযুজ্যমানা শ্চাসুভিরুহ্যমানাঃ স্বাঘেন কর্ম্মপাকমনুস্মরন্তো বিণ্মূত্র-পূয়-শোণিত-কেশনখাস্থি-মেদো-মাংস-বসা-বাহিন্যামুপতপ্যন্তে ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

যমকিঙ্করাঃ তৌ কশয়া তাড়য়ন্তঃ তিগ্ময়া তপ্তয়া লোহময্যা শূর্ম্ম্যা প্রতিময়া স্ত্রীরূপয়া পুরুষং আলিঙ্গয়ন্তি তথা পুরুষরূপয়া শূর্ম্ম্যা প্রতিময়া, স্ত্রিয়ং আলিঙ্গয়ন্তি। (ব্রাহ্মণী বিধবা মান্যা স্বগোত্রা রাজযোষিতঃ। বর্ণশ্রেষ্ঠাতিনীচাচাগম্যা উক্তা বুধৈঃ স্ত্রিয়ঃ ইতি) ॥ ২৫ ॥

যঃ তু ইহ সর্ব্বাভিগমঃ পশ্বাদীন্ অপি উপগন্তা তং শাল্মলীং আরোপ্য নিষ্কর্ষন্তি ॥ ২৬ ॥

যে তু রাজন্যাঃ রাজপুরুষাঃ বা ধর্ম্মমার্গান্ ভিন্দন্তি তে বিণ্মূত্র-পূয়-শোণিত-কেশ-নখাস্থি-মেদো-মাংস-বাহিন্যাং বৈতরণ্যাং উপতপ্যন্তে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তিগ্ময়া তপ্তয়া শূর্ম্ম্যা প্রতিময়া ॥ ২৫ ॥　　　সর্ব্বাভিগমঃ পশ্বাদ্যুপগন্তা ॥ ২৬ ॥

অপাষণ্ডাঃ সৎকুলীনাঃ সন্তঃ। দ্বিতীয়ান্ত পাঠে সেতুবিশেষণং। নদীং বিশিনষ্টি বিণ্মূত্রেতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তিগ্ময়া তপ্তয়া শূর্ম্ম্যা প্রতিময়া ॥ ২৫ ॥　　　সর্ব্বাভিগমঃ পশ্বাদীনপ্যভিগচ্ছতি ॥ ২৬ ॥

আত্মনা দেহেন ॥ ২৭ ॥

যমকিঙ্করগণ এই উভয় স্ত্রী ও পুরুষকে কশাঘাতে প্রপীড়িত করত, অগ্নি-সদৃশ উত্তপ্ত লৌহময়ী নারীমূর্ত্তি আনিয়া, পাপী পুরুষকে আলিঙ্গন করায় এবং ঐরূপ লৌহময়ী পুরুষ-প্রতিমা আনিয়া, কামুকী নারীকে বলপূর্ব্বক আলিঙ্গন করায় ॥ ২৫ ॥

হে রাজন্! যে ব্যক্তি কামমোহিত হইয়া পশুতে উপগত হয়, যমানুচরগণ তাহাকে নিরয়ে নিক্ষেপ করত, বজ্র ও কণ্টকবিশিষ্ট শাল্মলী বৃক্ষে আরোহণ করাইয়া, তৎসঙ্ঘর্ষণে আকর্ষণ করিতে থাকে ॥ ২৬ ॥

যে নরপতি বা রাজপুরুষ পাষণ্ডের ন্যায় ধর্ম্মমর্য্যাদাকে উল্লঙ্ঘন পূর্ব্বক

যে ত্বিহ বৈ বৃষলীপতয়ো নষ্টশৌচাচার-নিয়মা স্ত্যক্তলজ্জাঃ পশুচর্য্যাং চরন্তি তে চাপি প্রেত্য পূয়বিণ্মূত্রশ্লেষ্ম-লালাপূর্ণার্ণবে নিপতন্তি তদেবাতি-বীভৎসিতমশ্নন্তি ॥ ২৮ ॥

যে ত্বিহ বৈ শ্বগর্দ্দভপতয়ো ব্রাহ্মণাদয়ো মৃগয়া-বিহারা অতীর্থেচ মৃগান্ নিঘ্নন্তি তানপি সম্পরেতাল্লক্ষ্যভূতান্ যমপুরুষা ইষুভির্বিধ্যন্তি ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

যে তু ইহ বৃষলপতয়ঃ নষ্টশৌচাচারাঃ তে বিণ্মূত্র-শ্লেষ্ম-মল-পূর্ণার্ণবে পতন্তি তদেব বীভৎসিতং কুৎসিতং অশ্নন্তি ॥ ২৮ ॥

যেতু ইহ শ্বগর্দভপতয়ঃ মৃগয়া-বিহারাঃ ব্রাহ্মণাদয়ঃ অতীর্থে মৃগান্ নিঘ্নন্তি সম্পরেতান্ মৃতান্, তান্ ইষুভিঃ যমপুরুষাঃ বিধ্যন্তি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

পশুচর্য্যাং স্বেচ্ছাচারং ॥২৮॥ অতীর্থে বিহিতাদন্যত্র। বিধ্যন্তীতি প্রাণরোধো দর্শিতঃ ॥২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিণ্মূত্রেতি নদীবিশেষণং ॥ ২৮ ॥ অতীর্থে বিহিতাদন্যত্র ॥ ২৯ ॥

যথেচ্ছ আচরণ করেন, দেহান্তে যমকিঙ্করগণ তাদৃশ পাপিষ্ঠগণকে ধরিয়া নরকের পরিখাভূত (সীমান্তে অবস্থিত) বৈতরণী নাম্নী নদীতে নিক্ষেপ করে। ধর্ম্মের সীমা অতিক্রম করাতেই সুখের সীমা অতিক্রম করা হয়; সুতরাং নরকের পরিখাভুক্ত হইতে হয়। তাদৃশ বৈতরণীতে জলচর ভীষণ মৎস্যাদি জলজন্তুগণ প্রচুর পরিমাণে বাস করে। অত্যন্ত ক্ষুধার সময়ে তাদৃশ পাপীর কলেবর অকস্মাৎ প্রাপ্ত হইয়া, জলচরগণ ভোজনার্থ চতুর্দ্দিক হইতে আগমন করত তদীয় মাংস ভোজনে প্রবৃত্ত হয়; কিন্তু কি আশ্চর্য্য! তাহাতেও পাপীর প্রাণ বিনষ্ট হয় না। স্বীয় পাপফলেরই অনুসরণে স্রোতরূপে প্রবাহিত বিষ্ঠা, মূত্র, পূয়, শোণিত, কেশ, নখ ও অস্থি, মেদ এবং বসাদিবাহী ভীষণ পাপ-স্রোতে ভাসমান থাকিয়া, তাহারা পারতপ্ত হইতে থাকে ॥ ২৭ ॥

এই সংসারে যে সকল ব্যক্তি কাম-পরতন্ত্রতা-নিবন্ধন শূদ্রা কামিনীতে উপগত হইয়া স্বকীয় বর্ণাশ্রমোচিত শৌচ, আচার ও নিয়মাদি পরিত্যাগ পূর্ব্বক লজ্জায় জলাঞ্জলি প্রদানে পশুর ন্যায় আচরণ করে, তাহারা জীবনান্তে যমলোকে গমন করত পূয়, বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা ও লালাদিতে পরিপূর্ণ অর্ণব-সদৃশ প্রকাণ্ড নরকে নিপতিত হয় এবং ক্ষুধার জ্বালায় সেই সমস্ত নিকৃষ্ট দ্রব্যই ভোজনে প্রাণধারণ করে ॥ ২৮ ॥

মানব-জীবন লাভ করিয়া, যে ব্রাহ্মণ কুকুর ও গর্দ্দভ পালন করত মৃগয়া

যে ত্বিহ বৈ দাম্ভিকা দম্ভযজ্ঞেষু পশূন্ বিশসন্তি তানমুষ্মিন্ লোকে বৈশসে নরকে পতিতান্ নিরয়পতয়ো যাতয়িত্বা বিশসন্তি ॥ ৩০ ॥

যস্ত্বিহ বৈ সবর্ণাং ভার্য্যাং দ্বিজো রেতঃ পায়য়তি কামমোহিত স্তং পাপকৃতমমুত্র রেতঃকুল্যায়াং পাতয়িত্বা রেতঃ সংপায়য়ন্তি ॥ ৩১ ॥

যে ত্বিহ বৈ দস্যবোঽগ্নিদা গরদা গ্রামান্ সার্থান্ বা বিলুম্পন্তি রাজানো রাজভটা বা তাংশ্চাপি হি পরেতান্ যমদূতা বজ্রদংষ্ট্রাঃ শ্বানঃ সপ্তশতানি বিংশতিশ্চ সরভসং খাদন্তি ॥ ৩২ ॥

অন্বয়ঃ ।

যেতু দাম্ভিকাঃ দম্ভযজ্ঞেষু পশূন্ বিশসন্তি তান্ বৈশসে নরকে নিরয়পতয়ঃ যমকিঙ্করাঃ, যাতয়ন্তি ॥ ৩০ ॥

যস্ত কামমোহিতঃ সবর্ণাং ভার্য্যাং রেতঃ পায়য়তি পাপকৃতং তং রেতঃকুল্যায়াং নদ্যাং পাতয়িত্বা রেতঃ পায়য়ন্তি ॥ ৩১ ॥

যে তু দস্যবঃ দস্যুরূপাঃ রাজানঃ রাজভটাঃ বা অগ্নিদাঃ গরদাঃ সন্তঃ গ্রামান্ সার্থান্ পান্থান্, বিলুম্পন্তি পরেতান্ তান্ বজ্রদংষ্ট্রাঃ সপ্তশতানি বিংশতিঃ শ্বানঃ সরভসং সসম্ভ্রমং, বিশসন্তি খাদন্তি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী ।

নিরয়পতয়ো যমপুরুষাঃ ॥ ৩০ ॥ লালাভক্ষ্যমাহ যস্ত্বিহেতি । রেতঃপানং কারয়তি ॥ ৩১ ॥ যমদূতা যে শ্বানঃ সরভসং সসম্ভ্রমং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিশসন্তি ঘ্নন্তি ॥ ৩০ ॥

রেতঃ পায়য়তি বশীকরণ-কর্ম্মণো বিশেষার্থং রেতঃপানং কারয়তি ॥ ৩১ ॥ ৩২ ॥

দ্বারা তৃপ্তি লাভ করে এবং অযথা কালে ও স্থানে যজ্ঞের উদ্দেশ্য ব্যতীত মৃগবধ করে, দেহান্তে তাহাকে যমালয়ে লইয়া যমপুরুষগণ বাণের আঘাতে তাহার দেহকে নিরতিশয় বিদ্ধ করিতে থাকে ।। ২৯ ।।

এ জীবনে যাহারা একান্ত দাম্ভিক হয় এবং দম্ভ-সহকারে যজ্ঞের অনুষ্ঠান করত পশুবলি প্রদান করে, তাহারা বৈশস নামক নরকে গমন করে; এবং যমপুরুষেরা বিবিধ যাতনা প্রদানে তাহার দেহ ছিন্ন ভিন্ন করিয়া থাকে ।। ৩০ ।।

যে ব্রাহ্মণ কামমোহিত হইয়া সবর্ণা ভার্য্যাকে রেতঃপান করায়, মরণান্তে তাদৃশ পাপিষ্ঠকে রেতোনদীতে পতিত হইতে হয়; এবং যমভৃত্যগণ তাহাকে তথায় সেইরূপ রেতই পান করায়, সন্দেহ নাই ।। ৩১ ।।

যে সকল রাজন্যবর্গ বা রাজ-কর্ম্মচারী দস্যুবৎ আচরণে উৎশৃঙ্খল হইয়া

যস্ত্বিহ বা অনৃতং বদতি সাক্ষ্যে দ্রব্যবিনিময়ে দানে বা কথঞ্চিৎ স বৈ প্রেত্য নরকেঽবীচিমত্যধঃশিরা নিরবকাশে যোজনশতোচ্ছ্রায়াদ্গিরিমূর্দ্ধ্নঃ সংপাত্যতে ॥ ৩৩ ॥

যত্র জলমিবস্থলমশ্মপৃষ্ঠমবভাসতে তদবীচিমৎ তিলশো বিশীর্য্যমাণ-শরীরো ন ম্রিয়মাণঃ পুনরারোপিতো নিপততি ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

যঃ তু সাক্ষ্যে দ্রব্যবিনিময়ে দানে বা অনৃতং বদতি সঃ অবীচি-নরকে যোজন-শতোচ্ছ্রায়াৎ গিরিমূর্দ্ধ্নঃ অধঃশিরাঃ নিপাত্যতে ॥ ৩৩ ॥

বীচিঃ তরঙ্গঃ। জলাভাবেন বীচিরহিতত্বাৎ অবীচিমৎ। অত্যুচ্চ-নিপাতনাৎ তিলশঃ বিশীর্য্যমাণ-শরীরঃ পুনঃ পুনঃ আরোপিতঃ নিপাতিতশ্চ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্যবিনিময়ে ক্রয়বিক্রয়াদৌ নিরবকাশে নিরালম্বে ॥ ৩৩ ॥

অবীচি-শব্দার্থমাহ যত্রেতি। বীচিস্তরঙ্গ স্তদ্রহিতত্বাৎ অবীচিঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরবকাশে নিরালম্বে ॥৩৩॥ অবীচি-শব্দার্থমাহ যত্রেতি অবীচিমত্তরঙ্গহীনং তত্র ॥৩৪॥

অগ্নি বা বিষের প্রয়োগে প্রজার প্রাণনাশ করেন, অথবা গ্রামবাসী বা পথিক ব্যবসায়িগণের ধনাদি লুণ্ঠন করেন, মরণান্তে তাঁহাদিগকে বিলক্ষণ ক্লেশ পাইতে হয়। যমকিঙ্করগণ সাত শত বিংশতি কুকুর বিগ্রহ ধারণ করত, বজ্রের ন্যায় অতীব কঠিন দন্তের আক্রমণে তাঁহাদের দেহ ভোজন করিতে থাকে ॥ ৩২ ॥

যদি কোন ব্যক্তি সাক্ষ্য-প্রদান, দ্রব্য-বিনিময় বা দান করিবার উপলক্ষে কোনরূপ অনৃতাচরণ করে, তাহা হইলে তাহাকে অবীচিমৎ নামক নরকে প্রবিষ্ট হইতে হয়; এবং তথায় শত-যোজন উচ্চ পর্ব্বতের শিখরদেশ হইতে যমদূতগণ তাহাকে নিম্নশিরা করিয়া নিরাবলম্বনে নিরন্তর নিক্ষেপ করিতে থাকে ॥ ৩৩ ॥

হে নরনাথ! অবীচিমৎ নামক নরক অতি প্রচণ্ড কঠিন স্থান। নিস্তরঙ্গ সলিলের ন্যায়, তাহার স্থলভাগ বন্ধুরতাশূন্য সমতল কঠিন পাষাণসদৃশ ভূমি। তাদৃশ উচ্চ স্থান হইতে পতনের বেগে পাপীর দেহ তিল-পরিমাণে বিচ্ছিন্ন ও বিশ্লিষ্ট হইয়া ইতস্ততঃ বিকীর্ণ হইয়া পড়িলেও পাপীর প্রাণত্যাগ হয় না। পুনরায় তাহাকে লইয়া যমকিঙ্কর পর্ব্বতোপরি উঠাইয়া বারংবার নিক্ষেপ করিতে থাকে ॥ ৩৪ ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বা বৈশ্য যে কেহ পূর্ব্বোক্ত বর্ণত্রয়ের মধ্যে স্বয়ং মদ্যপান করেন বা স্বীয় পত্নীকে মদ্যপান করান, কিম্বা ব্রতের উপলক্ষে সোমপানের ছলে

যস্ত্বিহ বৈ বিপ্রো রাজন্যো বা সোমপীথস্তৎকলত্রং বা সুরাং ব্রতস্থো বা পিবতি প্রমাদতঃ। তেষাং নিরয়ং নীতানামুরসি পদাক্রম্যাস্যে বহ্নিনা দ্রবমাণং কার্ষ্ণায়সং নিষিঞ্চন্তি ॥ ৩৫ ॥

অথচ যস্ত্বিহ বা আত্মসম্ভাবনেন স্বয়মধমো জন্মতপো-বিদ্যাচার-বর্ণাশ্রম-বতো বরীয়সো ন বহু মন্যেত স মৃতক এব মৃত্বা ক্ষারকর্দ্দমে নিরয়ে অবাক্-শিরা নিপতিতো দুরন্তযাতনা হ্যশ্নুতে ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

যঃ বিপ্রঃ রাজন্যঃ বৈশ্যঃ বা তৎকলত্রং বা প্রমাদতঃ সুরাং পিবতি দেবতান্তরব্রতস্থঃ সন্ অপি তান্ অয়ঃপানে নরকে নিপাত্য উরসি পদা আক্রম্য আস্যে মুখে, বহ্নিনা দ্রবীভূতং লৌহরসং নিষিঞ্চন্তি ॥ ৩৫ ॥

যঃ জনঃ তু আত্মসম্ভাবনেন অহং মহান্ বিদ্যাদিগুণবান্ সর্ব্বশ্রেষ্ঠঃ ইত্যভিজ্ঞানেন জন্ম-তপো-বিদ্যাচার-বর্ণাশ্রমবতঃ বরীয়সঃ সম্মানযোগ্যান্, শ্রেষ্ঠান্ ন বহুমন্যেত স্বয়ং অধমঃ সঃ জীবন্ অপি মৃতকঃ এব। সঃ মৃত্বা ক্ষারকর্দ্দমে লবণপঙ্কে অবাক্শিরা নিপতিতঃ দুরন্তাঃ যাতনাঃ অনবসানদুঃখানি অশ্নুতে ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যো বিপ্রস্তৎকলত্রং বা সুরাং পিবতি অন্যোঽপি বা ব্রতস্থঃ সন্ রাজন্যো বৈশ্যোবা সোমপীথঃ কৃতসোমপান ইত্যন্বয়ঃ তয়োঃ সোমস্থানে ফল-চমস-বিধানাৎ সোমপাননিষেধাচ্চ। তথাচ শ্রুতিঃ। ন্যগ্রোধ স্তিরাহৃত্য তাঃ সংপিষ্য দধিন্যুপসৃজ্য তমস্মৈ ভক্ষ্যং প্রযচ্ছেৎ ন সোমমিতি ॥ ৩৫ ॥　　　　স পূর্ব্বমপি মৃতক এব সন্ মৃত্বা ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোমপীথঃ কৃতসোমপানঃ বহ্নিনা দ্রবং কালায়সং লৌহং ॥ ৩৫ ॥

মদ্যকা সেবন করেন, তাঁহারা মরণান্তে যখন নিরয়ে গমন করেন, তথায় যম-কিঙ্করগণ পদ দ্বারা বক্ষঃস্থল আক্রমণ করত, বহ্নিসংযোগে দ্রবীভূত উতপ্ত লৌহ রাশি তাঁহাদের মুখমধ্যে প্রদান করে। তাঁহারা সেই সুতপ্ত লৌহের দাহে নিতান্ত ক্লেশ অনুভব করিতে থাকে ॥ ৩৫ ॥

যে নরাধম আপনার ঐশ্বর্য্যাদিতে বৃথা অভিমান করত সৎকুল-সম্ভূত বিদ্বান্ তপোনিরত এবং বর্ণাশ্রমোচিত আচার-নিষ্ঠ গুরুতর সম্মানী ব্যক্তিকে অনাদর করে, তাহার মরণই মঙ্গল। তাহার জীবিত অবস্থাকেও মৃতের ন্যায় গণনা করিতে হয়। দেহান্তে ক্ষার-কর্দ্দম নামক নরকে প্রবিষ্ট হইয়া, যমকিঙ্করগণ কর্ত্তৃক তথায় অধঃশিরা হইয়া তাহাকে নিরন্তর নিপাতিত হইতে হয়। তাহাদের আর যাতনার অবধি থাকে না ॥ ৩৬ ॥

যে ত্বিহ বৈ পুরুষাঃ পুরুষমেধেন যজন্তে যাশ্চ স্ত্রিয়ো নৃপশূন্ খাদন্তি তাংশ্চ তাশ্চ তে পশব ইহ নিহতা যমসদনে যাতয়ন্তো রক্ষোগণাঃ সৌনিকা ইব স্বধিতিনা অবদায়াসৃক্ পিবন্তি নৃত্যন্তি গায়ন্তি চ হৃষ্যমাণা যথেহ পুরুষাদাঃ ॥ ৩৭ ॥

যে ত্বিহ বা অনাগসোঽরণ্যে গ্রামে বা বৈস্রম্ভকৈরুপশ্রিতানুপবিস্রম্ভ্য জিজীবিষূন্‌শূল-সূত্রাদিষু প্রোতান্ ক্রীড়নকতয়া যাতয়ন্তি তেঽপি চ প্রেত্য যমযাতনাসু শূলাদিষু প্রোতাত্মানঃ ক্ষুত্তৃড্‌ভ্যাং চাভিহতাঃ কঙ্কবটাদিভিশ্চেতস্ততস্তিগ্মতুণ্ডৈরাহন্যমানা আত্মশমলং স্মরন্তি ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

যে তু ইহ পুরুষাঃ পুরুষমেধেন ভৈরবাদীন্ যজন্তে যাশ্চ কামরূপাঃ স্ত্রিয়ঃ নৃপশূন্ নরমাংসং ভক্ষয়ন্তি তান্ পুরুষান্ তাঃ স্ত্রিয়ঃ, যে পশবঃ ইহ তৈঃ নিহতাঃ তে রক্ষোগণাঃ ভূত্বা পুরুষাদাঃ রাক্ষসাঃ যথা তথা যাতয়ন্তঃ পীড়য়ন্তঃ, সৌনিকাঃ পশুমারককষায়িণঃ, ইব স্বধিতিনা অস্ত্রবিশেষেণ, অসৃক্ অবদায় পিবন্তি হৃষ্যমাণাঃ সন্তঃ নৃত্যন্তি গায়ন্তি চ ॥ ৩৭ ॥

যে তু ইহ অনাগসঃ নিরপরাধান্ পশূন্ বিশ্বাস্য অরণ্যে গ্রামে বা শূলসূত্রাদিষু প্রোতান্ ক্রীড়নকতয়া যাতয়ন্তি তে প্রেত্য শূলাদিষু প্রোতাত্মানঃ সন্তঃ তিগ্মতুণ্ডৈঃ কঙ্কবটাদিভিঃ হন্যমানাঃ আত্মশমলং স্মরন্তি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

পুরুষস্য মেধেন হিংসয়া ভৈরবাদীন্ যজন্তে। যাশ্চ স্ত্রিয়ঃ। তমোরূপা রক্ষোগণা ভূত্বা যথেহ তে পুরুষাদাঃ সন্তঃ পূর্ব্বমনৃত্যন্ তদ্বৎ ॥ ৩৭ ॥

বৈস্রম্ভকৈঃ বিশ্বাসোপায়ৈরুপবিস্রম্ভ্য বিশ্বাস্য ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মসংভাবনেন মিথ্যাহঙ্কারেণ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ বৈস্রম্ভকৈ বিশ্বাসোপায়ৈঃ ॥ ৩৮ ॥

যে সকল ব্যক্তি ভৈরবাদি ভীষণ দেবতার অর্চ্চনার উপলক্ষে নরমাংসের দ্বারা যজ্ঞ করিয়া থাকে এবং যে সকল কামিনী নরমাংস ভোজন করে বা অন্য কোন পশুর মাংস ভোজন করে, জীবনান্তে তাহাদিগকে ভয়ানক নরকে প্রবিষ্ট হইতে হয়। যমালয়ে যমপুরুষগণ পশুঘাতী কষাইয়ের ন্যায় উগ্রমূর্ত্তি ধারণে অগ্রসর হইয়া, তীক্ষ্ণধার অস্ত্রের আঘাতে তাদৃশ নরনারীর কলেবর ছেদন করত রুধিরসেবী রাক্ষসের ন্যায় রক্তপানে আনন্দিত হইয়া নৃত্য করত গান করিতে থাকে ॥ ৩৭ ॥

যে সকল ব্যক্তি গ্রামে বা অরণ্যের মধ্যে জীব জন্তুকে ধরিয়া প্রথমত সদ্ব্যবহারে তাহাদের বিশ্বাস উৎপাদন করত আপনার বশে আনয়ন করে, পরে সূত্রাদিতে বিলক্ষণ বন্ধন করত বা শূলাদিতে বিদ্ধ করত যাতনা প্রদান

যেত্বিহ বৈ ভূতান্যুদ্বেজয়ন্তি নরা উল্বণস্বভাবা যথা দন্দশূকা স্তেঽপি প্রেত্য নরকে দন্দশূকাখ্যে নিপতন্তি যত্র নৃপ দন্দশূকাঃ পঞ্চমুখাঃ সপ্তমুখা উপসৃত্য গ্রসন্তি যথা বিলেশয়ান্ ॥ ৩৯ ॥

যেত্বিহ বা অন্ধবাট-কুশূল-গুহাদিষু ভূতানি নিরুন্ধন্তি তথাঽমুত্র তেষ্বেবোপবেশ্য সগরেণ বহ্নিনা ধূমেন নিরুন্ধন্তি ॥ ৪০ ॥

যস্ত্বিহ বা অতিথীনভ্যাগতান্ বা গৃহপতিরসকৃদুপগতমন্যুর্দিধক্ষুরিব পাপেন চক্ষুষা নিরীক্ষতে তস্য চাপি নিরয়ে পাপদৃষ্টেরক্ষিণী বজ্রতুণ্ডা গৃধ্র কঙ্ক কাক বটাদয়ঃ প্রসহ্যোরুবলাদুৎপাটয়ন্তি ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

যে তু উল্বণস্বভাবাঃ ভয়ঙ্করস্বভাবাঃ নরাঃ ভূতান্ উদ্বেজয়ন্তি হে নৃপ! দন্দশূকাঃ সর্পাঃ, যথা মূষকান্ খাদন্তি তথা পঞ্চাদিমুখাঃ দন্দশূকাঃ তান্ গ্রসন্তি ॥ ৩৯ ॥

যে তু গুহাদিষু (অন্ধবাটঃ নিরুচ্ছ্বাসবিলং কুশূলং ধান্যগর্ত্তং তাদৃশেষু) ভূতানি নিরুন্ধন্তি তান্ তেষু তথাবিধেষু গর্ত্তেষু উপবেশ্য সগরেণ সবিষেণ, বহ্নিনা ধূমেন নিরুন্ধন্তি ॥ ৪০ ॥

যঃ তু গৃহপতিঃ অতিথীন অজ্ঞাতপূর্ব্বান্ অভ্যাগতান্ জ্ঞাতপূর্ব্বকান্ উপগতমন্যুঃ ক্রুদ্ধঃ দিধক্ষুঃ ইব পাপেন চক্ষুষা নিরীক্ষতে পাপদৃষ্টেঃ তস্য অক্ষিণী নিরয়ে বজ্রতুণ্ডাঃ কাকাদয়ঃ বলাৎ উৎপাটয়ন্তি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

বিলেশয়ান্ মূষিকান্ ॥ ৩৯ ॥　　　সগরেণ সবিষেণ ॥ ৪০ ॥

অতিথয়োঽজ্ঞাতপূর্ব্বাঃ। অভ্যাগতাঃ জ্ঞাতপূর্ব্বাঃ। তাম্ পাপেন বক্রীকৃতেন ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিলেশয়ান্ মূষকান্ ॥ ৩৯ ॥ ৪০ ॥　অতিথয়োঽজ্ঞাতপূর্ব্বা অভ্যাগতা জ্ঞাতপূর্ব্বাঃ ॥ ৪১ ॥

করে; জন্তুগণ প্রাণরক্ষার নিমিত্ত প্রাণপনে পলায়নের চেষ্টা করিলেও ঐ সকল নির্দ্দয় লোক তাহাদিগকে লইয়া নিজের ক্রীড়া-সাধনের জন্য যন্ত্রণা দিয়া তাহাদের জীবন পর্য্যন্ত হরণ করে, তাদৃশ ব্যক্তিগণ জীবনান্তে যমলোকে গমন করত শূলাদিতে বিদ্ধ হইয়া, ক্ষুধা ও পিপাসায় জ্বালায় একান্ত অভিভূত হইতে থাকে। এবং কঙ্ক ও বটাদি পক্ষিগণ তীক্ষ্ণতুণ্ডের আঘাতে তাহাদিগকে যখন নিতান্ত ব্যথিত করিতে থাকে, তখন তাঁহারা পূর্ব্বকৃত স্ব স্ব অপরাধের স্মরণে অধোমুখে অবস্থান পূর্ব্বক কেবল যাতনাই সহ্য করে মাত্র ॥ ৩৮ ॥

যে সকল ক্রূরবুদ্ধি উগ্রস্বভাব মানবগণ সাধারণত প্রাণিগণের উদ্বেগ-কারণ হয়, তাহারা দন্দশূক নামক নরকে নিপতিত হয় এবং তথায় সর্পবৎ ক্রূরস্বভাব ঐ সকল জীব পঞ্চমুখ, সপ্তমুখ ক্রূর ফণির আক্রমণে অবসন্ন-প্রায় মূষিকের ন্যায়, সেই নরকার্ণবে দারুণ ক্লেশ অনুভব করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ৩৯ ॥

যাহারা অন্ধকারাচ্ছন্ন নিভৃত গর্ত্তে, ধান্যাগারে বা গুহাদিতে আবদ্ধ করত অন্য প্রাণীকে কষ্ট দেয়, তাহারা যমালয়ে ঐরূপ গর্ত্ত ও নিভৃত এবং সঙ্কুচিত স্থানে আবদ্ধ হইয়া, বিষম যাতনা অনুভব করে ॥ ৪০ ॥

যস্ত্বিহ বা আঢ্যাভিমতিরহঙ্কৃতিস্তির্য্যক্‌প্রেক্ষণঃ সর্ব্বতোভিধিশঙ্কী ব্যয়বিনাশ-চিন্তয়া পরিশুষ্যমাণ-হৃদয়বদনো নির্বৃতিমনবগতো গ্রহ ইবার্থমভিরক্ষতি ॥ ৪২ ॥

সচাপি প্রেত্য তদুৎপাদনোৎকর্ষণ-রক্ষণ-শমলগ্রহঃ শূচীমুখে নরকে নিপততি ॥৪৩

যত্র হ বিত্তগ্রহং পাপপুরুষং ধর্ম্মরাজপুরুষা বায়কা ইব সর্ব্বতোঽঙ্গেষু সূত্রৈঃ পরিবয়ন্তি এবংবিধা নরকা যমালয়ে সন্তি শতশঃ সহস্রশ স্তেষু সর্ব্বেষুচ সর্ব্ব এবাধর্ম্মবর্ত্তিনো যে কেচিদিহোদিতানুদিতাশ্চাবনিপতে পর্য্যায়েণ বিশন্তি ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

যঃ তু ইহ আঢ্যাভিমতিঃ ধনগর্ব্বিতঃ মানী তির্য্যক্‌প্রেক্ষণঃ ব্যয়নাশ-চিন্তয়া শুষ্যদ্বদন-হৃদয়ঃ, অর্থং গ্রহঃ যক্ষঃ, ইব রক্ষতি ॥ ৪২ ॥

সঃ প্রেত্য শূচীমুখে নরকে পততি যত্র বিত্তগ্রহং ধনলুব্ধং পাপব্যাপ্তং পুরুষং বায়কাঃ কন্থাদি-নির্ম্মাণ-কর্ত্তারঃ, ইব সূত্রৈঃ পরিবয়ন্তি সূত্রপ্রোতান্ কুর্ব্বন্তি। হে অবনিপতে! এবং যমালয়ে বহবঃ নরকাঃ সন্তি যেষু এবং উদিতাঃ কথিতাঃ, অনুদিতাঃ চ অধর্ম্মবর্ত্তিনঃ জনাঃ পর্য্যায়েণ পাপানুসারেণ, যথাযথং বিশন্তি ॥ ৪৩ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

আঢ্যাভিমতিঃ ধনগর্ব্বিতঃ অহঙ্কৃতিঃ শ্রেষ্ঠোঽহমিতি মানী তির্য্যক্ প্রেক্ষণং যস্য। সর্ব্বতঃ গুর্ব্বাদেরপি ধনকোরয়িষ্যন্তীতি বিশঙ্কমানঃ। পরিশুষ্যমাণং হৃদয়ং বদনঞ্চ যস্য। অনবগতঃ অপ্রাপ্তঃ ॥ ৪২ ॥ তস্যার্থস্যোৎপাদনাদিভিঃ শমলং গৃহ্নাতীতি তথা ॥ ৪৩ ॥

পরিবয়ন্তি সূত্রপ্রোতান্ কুর্ব্বন্তি ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আঢ্যাভিমতি ধনগর্ব্বিতঃ। অহঙ্কৃতি রহঙ্কারী সর্ব্বতো গুর্ব্বাদিভ্যোঽপি ধনং মে গ্রহীষ্যন্তীত্যভিশঙ্কী ॥ ৪২ ॥ ৪৩ ॥ পরিবয়ন্তি সূত্রপ্রোতান্ কুর্ব্বন্তি ॥ ৪৪ ॥

যে গৃহস্বামী অতিথী বা অভ্যাগত ব্যক্তিকে আদর না করিয়া, অকস্মাৎ ক্রোধে প্রজ্বলিত হন এবং রোষ-কষায়িত-লোচনে তাঁহাদের প্রতি দৃষ্টিপাত করেন, তিনি মরণান্তে যখন যমালয়ে গমন করেন, তখন বজ্রবৎ কঠিন-তুণ্ড-বিশিষ্ট গৃধ্র, কঙ্ক, কাক ও বটাদি পক্ষিবেশধারী যমকিঙ্করগণ সেই পাপ-নয়ন জীবের লোচনকে বলপূর্ব্বক উৎপাটন করিতে থাকে ॥ ৪১ ॥

যে ব্যক্তি ঐশ্বর্য্যমদে মত্ত ও অহঙ্কারী হইয়া সর্ব্বদা কূটদৃষ্টিতে সর্ব্বত্র অবলোকন করে এবং পাছে অর্থ ব্যয়িত বা বিনষ্ট হয়, এই ভয়ে সতত ব্যাকুলচিত্ত হইয়া ম্লানবদনে অশান্তিতেই অবস্থান করে এবং যক্ষের ন্যায় ধন রক্ষা করিয়াই লীলা সম্বরণ করে ॥ ৪২ ॥

তাহারা উপযুক্তরূপ সদ্ব্যয় ব্যতীত ধনের কেবল অর্জ্জন, বর্দ্ধন ও রক্ষণ-রূপ অপরাধে পাপিষ্ট হইয়া, শূচিমুখ নামক নরকে নিপতিত হয় ॥

তথায় তন্তুবায়ের বেশে যমপুরুষগণ ঐ ধন-রক্ষক সঞ্চয়শীল পাপিষ্ঠের সর্ব্বাঙ্গ সূত্রের দ্বারা সর্ব্বতোভাবে সূত্রিত করিয়া, তাহাকে বিষম যাতনা প্রদান করেন ॥ ৪৩ ॥

এইরূপ বিবিধ প্রকারের শত সহস্র নরক যমালয়ে বিদ্যমান রহিয়াছে; এবং এইস্থলে যে সকল পাপের কথা উল্লেখ করা হইয়াছে এবং যাহাদের নাম উল্লেখ

পঞ্চম স্কন্ধের সূচী পত্র।

তথৈব ধর্ম্মানুবর্ত্তিন্ ইতরত্র ॥ ৪৫ ॥

ইহতু পুনর্ভবে তে উভয়শেষাভ্যাং নির্ব্বিশন্তি ॥ ৪৬ ॥

নিবৃত্তিলক্ষণমার্গ আদাবেব ব্যাখ্যাতঃ। এতাবানেবাণ্ডকোষো যশ্চতুর্দ্দশধা পুরাণেষু বিকল্পিত উপগীয়তে যত্তদ্ভগবতো নারায়ণস্য সাক্ষান্মহাপুরুষস্য স্থবিষ্ঠং রূপমাত্মমায়াগুণময়মনুবর্ণিতমাদৃতঃ পঠতি শৃণোতি শ্রাবয়তি ॥ ৪৭ ॥

স উপগেয়ং ভগবতঃ পরমাত্মনোঽগ্রাহ্যমপি শ্রদ্ধা-ভক্তি-বিশুদ্ধ-বুদ্ধির্বেদ ॥ ৪৮

অন্বয়ঃ।

তথৈব ইতরত্র স্বর্গাদৌ, সুখভোগস্থানে বিশন্তি ॥ ৪৫ ॥

ইহ মনুষ্যলোকে পুনর্ভবে স্বল্পকালেনৈব পুন র্জন্মনিমিত্তস্থানে উভয়োঃ ধর্ম্মাধর্ম্ময়োঃ শেষাভ্যাং নির্ব্বিশন্তি ॥ ৪৬ ॥

নিবৃত্তিমার্গঃ আদৌ দ্বিতীয়স্কন্ধাদৌ ব্যাখ্যাতঃ। এতাবান্ এব চতুর্দ্দশধা চতুর্দ্দশ-ভুবন-প্রকারেণ বিকল্পিতঃ ভগবতা রচিতঃ পুরাণেষু গীয়তে। যদেতৎ আত্মমায়াগুণময়ং ভগবতঃ স্থবিষ্ঠং রূপং অনুবর্ণিতং তং আদৃতঃ সাদরঃ সন্ যঃ পঠতি শৃণোতি শ্রাবয়তি চ ॥ ৪৭

সঃ শ্রদ্ধাভক্তিভ্যাং বিশুদ্ধা বুদ্ধিঃ যস্য তাদৃশঃ সন্ উপগেয়ং বেদতাৎপর্য্যবিষয়ং, ঔপনিষদং অগ্রাহ্যং সূক্ষ্মং ভগবতঃ পরমাত্মনঃ যৎ রূপং তত্ত্বং তৎ বেদ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

ইতরত্র স্বর্গাদৌ ॥ ৪৫ ॥ ইহ মর্ত্ত্যলোকে পুনর্ভবে পুনর্জ্জন্মনিমিত্তং উভয়োঃ ধর্ম্মাধর্ম্ময়োঃ শেষাভ্যাং ॥ ৪৬ ॥ আদাবেব দ্বিতীয়স্কন্ধে বৈশ্বানরং যাতীত্যাদিনা ॥ ৪৭ ॥

উপগেয়ং ঔপনিষদং। শ্রদ্ধাভক্তিভ্যাং বিশুদ্ধা বুদ্ধি র্যস্য ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতরত্র স্বর্গে ॥ ৪৫ ॥

ইহ ভারতভূমৌ পুনরপি ধর্ম্মাধর্ম্ময়োর্ভব উৎপত্তি র্যত্র তস্মিন্ উভয়োঃ শেষাভ্যাং ॥৪৬॥

আদাবেব দ্বিতীয়-তৃতীয়াদিষু বৈশ্বানরং যাতীত্যাদিভিঃ ॥ ৪৭ ॥

উপগেয়মৌপনিষদং রূপং গ্রহীতুমশক্যং ॥ ৪৮ ॥

করা হয় নাই, তাদৃশ পাপসমূহের অনুষ্ঠানকারিগণকে এই সমস্ত নিরয়ে ক্রমান্বয়ে নিপতিত হইতে হয় ॥ ৪৪ ॥

কিন্তু পাপবিমুখ ধার্ম্মিকগণ স্বর্গাদিলোকেই গমন করিয়া থাকেন ॥ ৪৫ ॥

ধর্ম্ম বা অধর্ম্মবিশিষ্ট কর্ম্মের ফলে স্বর্গ বা নরকে গমন করিলেই যে তথায় যাবতীয় ভোগের সমাপ্ত হয়, তাহা নহে। পাপ এবং পুণ্যের কিছু কিছু অংশ অবশিষ্ট থাকিতেই তাদৃশ ভোগ সহ জীবগণ পুনরায় জন্ম গ্রহণ করত এই মর্ত্ত্যধামে প্রবেশ করে ॥ ৪৬ ॥

হে রাজেন্দ্র! নিবৃত্তি-মার্গের বিষয় পূর্ব্বে (দ্বিতীয় স্কন্ধে বর্ণন করিয়াছি।) পুরাণাদিতে যে ব্রহ্মাণ্ডকে চতুর্দ্দশ প্রকারে বিভক্ত করিয়া বর্ণন করা হয়, আমি তাহা আনুপূর্ব্বিক আপনার নিকট তদনুসারেই বর্ণন করিলাম। ইহাই সাক্ষাৎ মহাপুরুষ ভগবান্ নারায়ণের গুণময় স্থূলরূপ! ভগবন্মায়ায় বিরচিত এই ব্রহ্মাণ্ডের ব্যাপার যিনি আদরাতিশয়ে পাঠ বা শ্রবণ করেন এবং অন্যকে শ্রবণ করান ॥ ৪৭ ॥

তিনি শ্রদ্ধা ভক্তি এবং বিশুদ্ধ বুদ্ধি লাভে পরমাত্মা ভগবানের পরম

শ্রুত্বা স্থূলং যথা সূক্ষ্মরূপং ভগবতো যতিঃ। স্থূলে নির্জ্জিতমাত্মানং শনৈঃ সূক্ষ্মং ধিয়া নয়েদিতি ॥ ৪৯ ॥

ভূদ্বীপবর্ষ-সরিদদ্রি-নভঃ-সমুদ্র-পাতাল-দিঙ্ নরক-ভাগণ-লোকসংস্থা।

গীতা ময়া তব নৃপাদ্ভুতমীশ্বরস্য স্থূলং বপুঃ সকল-জীবনিকায়ধাম।। ৫০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চম-স্কন্ধে নরকবর্ণনং ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৬ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তশ্চায়ং পঞ্চমস্কন্ধঃ ॥ * ॥

অন্বয়ঃ।

[যথা] স্থূলং শ্রুত্বা তথা সূক্ষ্মং চ শ্রুত্বা স্থূলে রূপে আত্মানং মনঃ, নির্জ্জিতং কৃত্বা শনৈঃ ক্রমেণ সূক্ষ্মং প্রতি ধিয়া বুদ্ধ্যা যতিঃ মনঃ নয়েৎ ॥ ৪৯ ॥

হে নৃপ! ভূদ্বীপ-বর্ষ-সরিদদ্রি-নভঃ-সমুদ্র-পাতাল-দিঙ্-নরক-ভাগণ-লোকসংস্থা ইয়ং ময়া তব সন্নিধৌ গীতা এব। ঈশ্বরস্য ইদং সকলজীব-নিকায়-ধাম স্থূলং বপুঃ তে ময়া অনুবর্ণিতং ॥ ৫০ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষড়্বিংশোঽধ্যায়ঃ। পঞ্চমস্কন্ধঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

যথাবৎ শ্রুত্বা ॥ ৪৯ ॥

কথম্ভূতা সংস্থা সকলানাং জীবনিকায়ানাং ধাম আশ্রয়ভূতং বপুঃ ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ষড়্বিংশঃ ॥ * ॥

পঞ্চমস্কন্ধ-সম্বন্ধি-পদ-ভাবার্থদীপনৈঃ। প্রীয়তাং পরমানন্দ নৃহরির্বালভাসিতৈঃ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবত পদভাবার্থ দীপিকায়াং শ্রীধরস্বামি বিরচিতায়াং পঞ্চমস্কন্ধঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাযথাবৎ স্থূলে রূপে নির্জ্জিতং বশীকৃতমাত্মানং মনঃ ॥ ৪৯ ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

ষড়্বিংশঃ পঞ্চমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সহিষ্ণুতা দিব্যসুধাপ্রবাহান্ সাধূন্ সমাকর্ণ্য জিজীবিষামি।

স্বধাষ্ট্যদুর্ব্বার-ভুজঙ্গদংশস্যাহো গতি র্মে কথমন্যথা স্যাৎ ॥

গুহ্য ইন্দ্রিয়ের অতীত বেদান্তবেদ্য অনুপম ভাব অনায়াসে অবধারণ করিতে সক্ষম হন ॥ ৪৮ ॥

যতিগণ ভগবানের স্থূল ও সূক্ষ্মরূপ যথাক্রমে যেমন শ্রবণ করেন, সেইরূপ স্থূল বিষয়ের চিন্তায় চিত্ত স্থির হইলে, ক্রমশ সূক্ষ্ম বিষয়ে বুদ্ধি-পূর্ব্বক মনের স্থৈর্য্য সাধন করিয়া থাকেন। ৪৯ ॥

হে নরনাথ! পৃথিবী, দ্বীপ, বর্ষ, নদী, পর্ব্বত, সমুদ্র, পাতাল, দিক্-সমূহ নরক, ও অন্তরীক্ষস্থ নক্ষত্রাদি জ্যোতির্গণের বর্ণনে জীবসমূহের আশ্রয়ভূত পরম পুরুষ ভগবানের অদ্ভুত স্থূলদেহের বিষয় আমি সম্যগ্‌ রূপে আপনার নিকট বর্ণন করিলাম ॥ ৫০ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষড়্বিংশতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥ পঞ্চম স্কন্ধ সমাপ্ত ॥